মাননীয় সভাপাল মহাশয়, সমস্ত ভারতবর্ষে এস আর সি রিপোর্ট বের হবার পর থেকে যে আন্দোলন, যে তুমুল সংগ্রাম চলেছে, ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের বিভিন্ন ভাষাভাষী জাতি যে সংগ্রাম চালিয়েছে তার মধ্যে পশ্চিমবাংলাও তার নিজের দাবী নিয়ে সংগ্রাম করেছে যে সংগ্রাম সমস্ত ভারতবর্ষের গণতান্ত্রিক সংগ্রামের মধ্যে সর্বজনস্বীকৃতভাবে এক গৌরবোজ্জ্বল ভূমিকা গ্রহণ করেছে। কিন্তু বাংলাদেশে এত সংগ্রামের পর এত আন্দোলনের পর বাঙ্গালী জাতি কি চায় সে বিষয়ে সমস্ত ভারতবর্ষের দরবারে সুস্পষ্ট করা সত্ত্বেও আজকে যে ড্রাফ্‌ট বিল আমাদের সামনে উপস্থিত করেছেন, সেই ড্রাফ্‌ট বিল বাঙ্গালীকে সন্তুষ্ট করতে পারে নি। বাংলাকে সন্তুষ্ট করতে পারে নি এইজন্য যে, বাঙ্গালী যে আশা করেছিল, যে কামনা নিয়ে আন্দোলন করেছিল—এই বিগত কয়েকমাস ধরে শুধু নয় কয়েক বৎসর ধরে প্রায় ৫০ বৎসর ধরে বাঙ্গালীর যে দাবী ছিল সেই দাবী পরিপূরণ হল না। সেই দাবী ন্যায্য দাবী এবং গণতান্ত্রিক দাবী, সে কথা শুধু যে বাঙ্গালী বলেছে তা নয়, ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের সুধীজন সেই কথা স্বীকার করেছেন। বাংলা যা চেয়েছিল এবং সে যা আজও চায়, বাংলা ভাষাভাষী এলাকাগুলি পশ্চিম বাংলার সঙ্গে সংযুক্ত করে পশ্চিম বাংলার রাজনৈতিক, সামাজিক এবং সর্বপ্রকারের উন্নতিসাধন করা হউক। বিধানবাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন, বক্তৃতার মধ্যে বাঙ্গালী জাতির দুই একটি কথা সেখানে উল্লিখিত হয়েছে। কিন্তু বাঙ্গালী এতদিন ধরে যে আন্দোলন করেছে যে দাবী জানিয়েছে, যে ভাষার ভিত্তিতে পশ্চিমবাংলার সংলগ্ন এলাকা যেখানে বাংলাভাষাভাষী লোকের সংখ্যা বেশি তা পশ্চিমবাঙ্গলার সঙ্গে সংযুক্ত করা হউক। সেই কথা সম্বন্ধে প্রায় উল্লেখই নাই। তাঁর বক্তৃতার মধ্যে দিয়ে ভারত গভর্নমেন্টের বক্তব্যের মধ্যে ও এস আর সি'র সুপারিশের মধ্যেও বার বার বলা হয়েছে, এ্যাডমিনিস্ট্রেশনএর কথা। কি করে শাসনকার্য চালান যাবে সেই দৃষ্টিতেই সমগ্র জিনিসটা তাঁরা চিন্তা করেছেন। বৃটিশ রাজত্বের কথা আলাদা ছিল, কিন্তু এখানে বৃটিশ রাজত্বের কথা বিধানবাবুর দৃষ্টিতেও পরিস্ফুট হয়েছে, তিনিও সেই এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সির কথাই শুধু বলছেন। দেশ স্বাধীন হয়ে যাবার পূর্বে আমাদের ভারত গভর্নমেন্টের আগেকার পুরানো দিনের প্রতিশ্রুতি ছিল ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন, কিন্তু সেটা পরিবর্তন হয়ে গেল। ভাষার ভিত্তিটা হয়ে গেল নগণ্য, অর্থাৎ জাতির উন্নতি ও অগ্রসরের জন্য যেটা প্রধান পথ সেটা হয়ে গেল নগণ্য, প্রধান হয়ে গেল তাদের শাসনকার্য অর্থাৎ কি করে তাদের আমলাতান্ত্রিক সরকারের রাজত্ব চলবে সেটাই হয়ে গেল বড়। সুতরাং এই বিকৃত দৃষ্টি থাকার ফলে যেমন এস আর সি বাংলাদেশের প্রতি অথবা অন্য বহু প্রদেশের প্রতি ন্যায়বিচার করতে পারেন নি এবং বাংলাভাষাভাষী এলাকাগুলিকে পশ্চিম-বাংলার মধ্যে আনতে পারেন নি এবং তার জন্য সুপারিশও করেন নি সেইরকম ভারত সরকার যে বিল আমাদের সামনে উপস্থিত করেছেন তাতেও সেই পুরানো দৃষ্টিভঙ্গির পুনরাবৃত্তি হয়েছে। এবং বাংলাদেশের এবং বাঙ্গালী জাতির যে আকাঙ্ক্ষা তাও পরিপূরণ হয় নি। আমি প্রশ্ন করতে চাই কেন এই বিলের মধ্যে খণ্ডিত পুরুলিয়ার কথা উল্লেখ করা হল। কেন প। [illegible] সমগ্র পুরুলিয়া আসবে না? কেন পুরুলিয়া সার্বভৌমিক আসবে না?

আমরা সকলেই জানি এস আর সি যেটুকু দিয়েছিলেন ভারত সরকার কার প্রভাবে—সেকথা আমরা সকলেই জানি—সেটুকুও বাতিল করে দিয়েছেন। পুরুলিয়াকে প্রথমে খণ্ডিত করলেন, এস আর সি কোন কৈফিয়ত না দিয়েই। চাস থানাকে কেন দেওয়া হবে না? সুধীরবাবু সেকথা আপনাদের বলেছেন। তিনি আরও বলেছেন, চাস থানা এস আর সি না দেওয়ার কোন যুক্তি নাই। তারপর ভারত সরকার নিয়ে এলেন চাণ্ডিল ও পতমদা বাদ দিয়ে। কিন্তু এই বাদ দেওয়ার কারণ কি? কোন কারণ নাই। এবং ভারত সরকার আজ পর্যন্ত কোন কারণও দেখান নি। এই বিলের মধ্যেও তা নেই। এবং এই জিনিসটা রহস্যজনক করে রাখা হয়েছে। ভারত সরকারের জানা ছিল, পশ্চিমবঙ্গ সরকারেরও জানা ছিল যে, এস আর সি রিপোর্টএ সুপারিশগুলিকে কিছু বাদসাদ দিয়ে উপস্থিত করার ফলে পশ্চিম বাংলার ২১শে জানুয়ারি তারিখে হরতাল হয়েছিল। একথা কারও অজানা ছিল না। ভারত সরকার জানেন, ডাঃ বিধানচন্দ্র রায়ও জানেন। কিন্তু তা সত্ত্বেও জনমতের প্রতি কোনরকম শ্রদ্ধা না দেখিয়ে অথচ তাঁরা গণতন্ত্রের বারবার দোহাই দিয়ে থাকেন, জনমত সুস্পষ্টভাবে দেখিয়েছে যে, ভারত সরকার এস আর সি সুপারিশকে বিকৃত করে ও খণ্ডিত করে দিয়েছেন যা পশ্চিমবাংলার লোক কখনও পছন্দ করে না। এসব জানা সত্ত্বেও ভারত সরকার সেই জিনিস উপস্থিত করেছেন। মুখে গণতন্ত্রের কথা বারবার ভারতসরকার জানিয়ে থাকেন, কিন্তু যেখানে জনসাধারণ তাদের মত প্রকাশ করে দিয়েছে সেখানে তারা সেই মতকে গ্রহণ করতে রাজী হল না। গণতন্ত্রের নামে জনমতকে উপেক্ষা করা হয়, প্রত্যেক ব্যাপারেই করা হয়, বর্তমানে এই ব্যাপারেও করা হয়েছে। কিন্তু কিসের জন্য করা হল? সুধীরবাবু সে সম্বন্ধে একটু ইঙ্গিত করে গিয়েছেন। আমি এখানে সুস্পষ্টভাবে বলতে চাই যে, এস আর সি সুপারিশ বেরিয়ে যাবার পর আমরা এই বাংলাদেশে খবর পেলাম যে, টাটা কোম্পানির বড়কর্তারা দিল্লী-কলকাতা দৌড়াদৌড়ি করছেন এবং তাঁরা দিল্লীতে দেখা করতেও গিয়েছেন। সে খবর দিল্লীতে খবরের কাগজে প্রকাশিত হয়েছে। তাঁরা এই কথা বলেছেন যে, জলের যেটা উৎসমুখ সেটা হচ্ছে সেখানে। সুতরাং সেটা পশ্চিমবাংলায় গেলে বিহারে আমাদের সর্বনাশ হবে। কারণ বিহারে জামসেদপুর আছে। কিন্তু কি সর্বনাশ হবে সেটা কেউ জানতে পারল না।

[4-40—4-50 p m.]

কিন্তু সে কথা তাঁরা দিল্লীতে দরবার করেছেন, ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে দরবার করেছেন এবং সেই দরবার যে করেছেন, সে কথা সকলে জানেন: আজকে ডাঃ বিধানবাবু সে কথা অস্বীকার করুন। ডাঃ বিধানবাবুর চিরকালের যে নীতি সে হচ্ছে ধনীরা যদি তাঁর কাছে আসেন, তা হলে তাঁদের কথা তিনি চিরকাল মেনে নেন। এতবড় কায়েমী স্বার্থের বন্ধু ভারতবর্ষে আছে কিনা জানি না, আমাদের বাংলাদেশে ত নেইই। সুতরাং সুধীরবাবু আজকে এ সম্বন্ধে যা দেখিয়েছেন, এত কথার মধ্যে আমি যাচ্ছি না। আমি শুধু বলব বিনা কারণে, শুধু কায়েমী স্বার্থের জন্য, সেই স্বার্থকে অতি সন্তুষ্ট করবার জন্য ভারত সরকার এবং ডাঃ রায় তাই মেনে নিলেন, তা তাঁরা শিরধার্য করে নিলেন; এবং সেই সম্পর্কে কোন কৈফিয়ৎ, কোন কথা দেশবাসীর সামনে দিলেন না। তখন বিধানবাবু প্রজেক্ট ক্যাচমেন্টএর কত কথা বলেছিলেন: আজকে তিনি সেইসমস্ত কথা গিলে ফেললেন। এবং তাঁর সেই কথার অজুহাত ধরে, তার সেই কথা, সেই যুক্তি ধরে টাটাসাহেব জানিয়ে দিলেন আমাদেরও ক্যাচমেন্ট এরিয়া আছে, সেটা ছেড়ে দিতে হবে। সুতরাং ক্যাচমেন্ট এরিয়ায়, ক্যাচমেন্ট এরিয়ায় লড়াই করে বিধানবাবু তোমাদের কথাই মেনে নিয়ে ঐ জায়গা ছেড়ে দিলেন। তারপর দেখুন এক অদ্ভুত ব্যাপার—বাংলাদেশের লোককে কি করে বিধানবাবু বোঝাবেন; তিনি বলুন কি কারণে চাণ্ডিল, পতমদা তিনি বাদ দিলেন? এস আর সি কমিশন "চাস" সম্বন্ধে একটা অবান্তর কথা বলেছেন, কিন্তু চাণ্ডিল, পতমদা সম্বন্ধে সে কথা বলতে পারেন নি। সেখানে তাঁরা বলেছেন যে, এখানে বাংলাভাষাভাষীর সংখ্যা বেশি। সুতরাং কি কারণ ঘটল ভারত সরকার বা ডাঃ রায়ের যে এটা বাদ দিয়ে দিলেন? আমরা তার একমাত্র কারণ দেখছি যে, কায়েমী স্বার্থের কাছে মাথা নত করা; যা ভারত সরকার এবং বিশেষ করে ডাঃ রায় করে থাকেন।

তারপর দ্বিতীয় প্রশ্ন হ'ল এই বিলেতে বাংলাদেশের প্রতি যে অবিচার করা হল, সেই অবিচার ডাঃ রায় কি দূর করলেন? তিনি কি একটা [illegible] জন্য চেষ্টা করলেন? তিনি কি ভাষাকে ভিত্তি করে পশ্চিমবঙ্গ সংলগ্ন এলাকা, যেখানে বাংলা ভাষাভাষী লোকের সংখ্যা বেশী সেই সমস্ত এলাকাকে তিনি বাংলার মধ্যে আনবার জন্য সুপারিশ করেছেন? তাঁর রেজলিউশন অথবা সাজেশন, যাই বলুন, সেটা খতিয়ে দেখুন—সেখানে যে গণতান্ত্রিক দাবী, জনসাধারণের যে ন্যায়সঙ্গত দাবী ভাষাভিত্তিতে প্রদেশ গঠন করা জাতির অগ্রগতির জন্য, সে সম্বন্ধে তাঁর কোন কথা নেই।

তাঁর এই বক্তব্য এখানে তিনি উপস্থাপিত করলেন। সেই বক্তব্য মোটের উপর যেন দাঁড়াচ্ছে এই যে, বাংলাদেশের পক্ষে ওই যে একটু জমি ওটা না পেয়ে বাংলাদেশের অগ্রগতির পথ রুদ্ধ হয়ে গিয়েছে, যেন ওইটুকুর উপর তার সবকিছু নির্ভরশীল, ওইটুকু পেলে সব হয়ে যাবে। তাঁর সাজেশনএর মধ্যে নীতির কোন বালাই নেই, ভাষাভিত্তির নীতি নেই, সংলগ্নতার নীতি নেই, জাতির উন্নতির কোন কথা নেই। অন্যদিকে আছে কায়েমী স্বার্থকে সন্তুষ্ট করবার নীতি। তারপর, তিনি একটা অদ্ভুত, একটা নতুন নীতি উপস্থিত করেছেন এবং প্রচণ্ডভাবে তাঁরা জীগির তুলেছেন সেটা হচ্ছে যে, শাসনকার্যের পরিচালনার লিঙ্ক চাই, যোগ নেই যোগ চাই। আমাদের সুস্পষ্ট কথা হচ্ছে ওই এলাকার যারা বাসিন্দা ডাঃ রায় বলুন যে, তারা বাংলাভাষাভাষী সংখ্যাগরিষ্ঠ এবং নিশ্চয়ই তারা তাই এবং কি মূল ভিত্তির উপর বাংলাদেশ আন্দোলন করেছে যে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করতে হবে সেটা আমাদের পরিষ্কারভাবে বলুন এবং তাতে করে যতখানি এলাকার বাংলাভাষাভাষী আছে ততখানি এলাকার বাংলায় আসা দরকার বা আসবে ততখানি দাবী করুন। তাঁর সে যুক্তি নেই, তাঁর যুক্তি শাসনকার্য পরিচালনার জন্য, যাতায়াতের জন্য ওই এলাকা আমার চাই। তিনি তাঁর দাবীকে দুর্বল করে দিয়েছেন। ভাষার ভিত্তিতে যদি দাবী করতেন তা হ'লে তাঁর দাবী সফল হতে পারত। কিন্তু এখানে তিনি দাবী দুর্বল করেছেন। অবিলম্বে প্রশ্ন উঠবে, এই যে করিডর বা লিঙ্কএর কথা বলেছেন, এত কথা হচ্ছে এ নিয়ে দেখুন পৃথিবীর বহু পুরাতন ইতিহাস আছে, নতুন ইতিহাস আছে, ১৯৩৮-৩৯ সালের ইতিহাস আছে। পোল্যান্ডএর মধ্য দিয়ে দানজিগ করিডর ছিল। হিটলার সেটা দাবী করেন এবং তার জন্য অতবড় মহাযুদ্ধ সুরু হয়ে গেল। কিন্তু বিহার-বাংলার অবস্থা কি সেই অবস্থায় পৌঁছেচে? তারা কি বিবাদমান দুটো আলাদা স্বাধীন রাষ্ট্র যে একটা করিডর বের করে নিতে হবে? মনে পড়ে করিডরের কথা প্রথম ভারতবিভাগের সময় জিন্নাসাহেব বলেছিলেন যে, পূর্ব পাকিস্তান এবং পশ্চিম পাকিস্তানের মধ্যে একটা করিডর থাকা দরকার। সেখানে না হয় বুঝা গেল হিন্দুস্থান-পাকিস্তান দুটো আলাদা রাষ্ট্র—আজগুবি কথা সেখানে উঠতে পারে। কিন্তু বিহার-বাংলা কি বিবাদমান দুটো ইন্ডিপেন্ডেন্ট সভারিন স্টেট? তাই যদি হয়ে থাকে তা হ'লে সেটা কবে থেকে হ'ল? বিধানবাবু বললেন, দেশের ঐক্যের জন্য, উন্নতির জন্য বাংলা-বিহার একত্র করে দিতে হবে। তা হ'লে বুঝব কি যে, তিনি দুটো বিবাদমান রাষ্ট্রের সংযুক্তি চেয়েছিলেন? কিন্তু তখন তো সে কথা বলেন নি। তখন তো খুব উচ্চস্বরে বলেছিলেন, ভারতের ঐক্যে, জাতির ঐক্যে এবং উন্নতির খাতিরে, ন্যাশনাল সিকিউরিটির স্বার্থে বাংলা-বিহারের মিলন দরকার। হঠাৎ কথা উলটে দিলেন। আজ এক কথা জোরের সঙ্গে বলেন, অল-ইন্ডিয়া রেডিওতে বলেন, তার পরের দিন আর একরকম বললেন। এরকম করে ২৪ ঘণ্টার মধ্যে অবস্থার পরিবর্তন হয়ে যায়। সংযুক্তির ব্যাপার নিয়ে কি করেছিলেন সকলেই জানেন। যদি পশ্চিম বাংলার লোক আন্দোলন করে এই গভর্নমেন্টের এবং রুলিং পার্টির চক্রান্তকে পরাস্ত না করত তা হ'লে বাংলা-বিহার এক করে দিয়ে বাংলার সর্বনাশ উনি করতেন।

[4-50—5 p.m.]

তিনি করেছেন কেমন? বিহারের প্রেমের কথা বলে, ভারতবর্ষের ঐক্যের কথা বলে, বিহার এবং বাংলায় কোন পার্থক্য নেই, এমন কি জাতিগত ও ভাষাগত কোন পার্থক্য নেই সেই কথা বলে। সেই কাজের উপক্রমও তিনি করেছিলেন। বাঙালী তাঁর সেই চক্রান্তকে বিপর্যস্ত করে দিয়েছে। তিনি অতি জোরের সঙ্গে ভেবেছিলেন, তিনি যা বলবেন বাংলাদেশ তা মেনে

বে। তিনি জোর করে বলেছিলেন যে, যদি সংযুক্তি প্রস্তাব গৃহীত না হয়—তা হলে তিনি পদত্যাগ করবেন। কিন্তু তিনি কি তা করেছেন? অথচ তিনি বারবার একথা বলেছেন। আমরা তখন বাংলাদেশের বাহিরে ছিলাম। সেই সময় যখন আমরা কাগজে দেখলাম যে, দুটো উপ-নির্বাচনে—শুধু কলিকাতায় নয়, মফঃস্বলে লোক, তাদের মাথা গরম, তারা উত্তেজিত হয়ে পড়ে। তারা আন্দোলন করে, আর তারা এখনও তা করছে। কিন্তু সুদূর খেজুরিতে ক্ষুদ্র গ্রামে, যেখানে গ্রাম্য কৃষকের কাছে এত কথা পৌঁছাতে পারে না, আর হয়ত ৩ দিন, ৪ দিন বা ৫ দিনে একখানা খবরের কাগজ যায়, সেখানেও নির্বাচনে কংগ্রেস শোচনীয়ভাবে পরাস্ত হল। (জনৈক কংগ্রেসী সদস্যঃ জাল হয়েছিল।) হাঁ, এখন ত জাল বলবেনই। আপনারা জিতলে ন্যায়সঙ্গতভাবে হত; আর আমরা জিতলেই জাল হয়। যাই হউক, স্বীকার করলাম না হয় জাল করে বিরোধী পক্ষ জিতেছে। আচ্ছা, আমরা তাই মেনে নিলাম। কিন্তু আমরা তখন ভেবেছিলাম যে, কলিকাতায় পৌঁছালে আমরা হয়ত শুনব বিধানবাবু পদত্যাগ করেছেন, আর হয়ত প্রফুল্লবাবুর বা কালিপদবাবুর শিকা ছিঁড়েছে। কিন্তু এসে দেখলাম বিধানবাবু ঠিক গ্যাঁট হয়ে বসে আছেন, এবং বলেছেন যে, এবার আমি সংযুক্তি প্রস্তাব প্রত্যাহার করছি। সুতরাং বাঙালী জাতির কথা তিনি যত কম বলেন ততই মঙ্গল। আর তাঁর বলে দরকার নেই। বাঙালীজাতি তাঁর শাসকশ্রেণীকে তাঁর কংগ্রেস পার্টিকে চিনেছে। তিনি আজ এক কথা, কাল এক কথা বলেন বলেই এই ভাষাভিত্তিক প্রদেশ গঠনের দাবী যেটা আরও দুর্বার হয়ে উঠতে পারত, আরও সবল হয়ে উঠতে পারত তা হয় নি; এমন কি এখনও যদি তাঁরা চান, এখনও হতে পারে, যদি তাঁরা একটা বৈজ্ঞানিক ভিত্তিতে, গণতান্ত্রিক ভিত্তিতে জাতি যা চেয়েছে তার উপর দাঁড়ান। কিন্তু তিনি জোর করে কিছু বলতে পারেন না। জোর করে কোন আন্দোলন পরিচালনা করতে পারেন না। তিনি কোন গণতান্ত্রিক ভিত্তির উপর দাঁড়াতে পারছেন না।

**Mr. Speaker:** Please speak on your amendment.

**Dr. Ranendra Nah Sen:**

আমি আমার এ্যামেন্ডমেন্টএর উপরই বলছি। আমরা কি দৃষ্টিতে দেখছি, কিভাবে এটা উপস্থাপিত করা উচিত সেটাই এখানে আপনার সামনে আমরা রাখছি। আমরা প্রথমতঃ এ বিষয়ে সুধীরবাবুর সঙ্গে একমত। যে এটা আমরা কোনক্রমেই এ্যাপ্রুভ করি না, আমরা কোনক্রমেই একথা বলব না যে, এ বিল আমরা গ্রহণ করছি; অথবা ডাঃ বিধানচন্দ্র রায়ের প্রস্তাব বা সাজেশন ও মত গ্রহণ করছি। আমরা সেটা গ্রহণ করছি না এবং গ্রহণ করতে পারি না। তার কারণ আমি আগেই বলেছি যে, তিনি একটা নীতির ভিত্তিতে সেটা উপস্থাপিত করতে পারেন নি। সুতরাং আমরা এখানে একটা নীতির প্রতিষ্ঠা করতে চাই, যে নীতির উপর দাঁড়িয়ে আজ মহারাষ্ট্র সংগ্রাম করছে, যে নীতির উপর ভারতবর্ষের আর এক জায়গায়- ত্রিবাঙ্কুর-কোচিনে তাঁরা দাঁড়িয়ে আছেন, যে নীতির উপর দাঁড়িয় অন্ধ্র স্টেট গঠিত হয়েছে, কংগ্রেস পক্ষের বিরোধিতা সত্ত্বেও, যেভাবে দাঁড়িয়ে সমগ্র ভারতবর্ষের জনসাধারণ আন্দোলন করেছে এবং আজও করছে, সেই ভাষাভিত্তিক প্রদেশ গঠনের নীতিতে আমরা দাঁড়াচ্ছি। আমরা বলতে চাই যে, পশ্চিমবঙ্গের সংলগ্ন এলাকা—যেখানে বাঙলাভাষাভাষীর সংখ্যা বেশী সেই এলাকাগুলো যেন আসে। সেইজন্য আমার প্রস্তাবে সুস্পষ্টভাবে দুটো কথা আমরা বলছি যে, আমরা চাই যে, the whole of Purulia sub-district of Manbhum district including Chas thana, Chandil thana and Patamda police-station of Barabhun thana.

এই দাবী করছি। এইজন্য এটা ন্যায়সঙ্গত প্রমাণিত হয়েছে। সমগ্র পুরুলিয়া সাব-ডিভিশনএর প্রত্যেকটি জমি—প্রতিটি ইঞ্চি জমি যে বাংলার জমি তা প্রমাণিত হয়েছে। শুধু অন্যায় প্রমাণিত হয়েছে তা নয়; শেষদিন পর্যন্ত প্রমাণিত হয়েছে—ঐ এস আর সি রেকমেন্ডেশনএর দ্বারা।

তারপরে আমি বলছি যে, বাংলার সংলগ্ন অন্য যেসমস্ত জায়গা, জেলা বা মহকুমা রয়েছে—সিংভূমের ধলভূম, ধানবাদ মহকুমা, সাঁওতাল পরগনার মহকুমা এবং পূর্ণিয়া জেলার শুধু কিষেণগঞ্জ মহকুমা নয়, অন্য যে মহকুমা যেগুলো পশ্চিমবাংলাকে চারিদিকে ঘিরে রয়েছে, সেখানেও আমরা সুস্পষ্টভাষায় বলছি যে সেই সীমানা যেখানে বাঙালীর সংখ্যা বেশি তা

আসুক। কিন্তু সেখানে কতখানি জমি, কোন্ গ্রাম, কি কোন্ থানা অর্থাৎ কোন্ এলাকায় বাংলাভাষাভাষীর সংখ্যা বেশী অর্থাৎ তারা সংখ্যাগরিষ্ঠ—সে সম্বন্ধে না ভারত সরকারের তথ্য আছে, না পশ্চিমবাংলা সরকারের বা বিহার সরকারের তথ্য আছে। বিহার সরকারের আছে সার্বাডিভিশনএর ভিত্তিতে। সুতরাং আমি সেখানে বলছি যে, যেহেতু সেখানে স্পষ্ট তথ্য নাই, অথচ আমাদের ধারণা যে, সেই বিস্তীর্ণ সীমানা অঞ্চলে বাংলাভাষাভাষী বাঙ্গালী জাতি বাস করে। তাদের সেই সীমানা নির্ধারণ করে দেওয়া হউক, ডিমার্কেট করে দেওয়া হউক, একটা বাউন্ডারি কমিশন বসিয়ে যে বাউন্ডারি কমিশন এই পুরুলিয়া সাব-ডিস্ট্রিক্ট যেটা সোজা চলে আসা উচিত; তা ছাড়াও যে বিস্তীর্ণ এলাকার সীমানা ভাষা ভিত্তিতে গ্রামকে একটা ইউনিট হিসাবে গ্রহণ করে, সর্বনিম্ন ইউনিট হিসাবে গ্রহণ করে, সেই বাউন্ডারী কমিশন কাজ করুক এবং ১৫ই আগস্টের মধ্যে বাউন্ডারী কমিশনের সিদ্ধান্ত ঘোষণা করুন এবং সেই সিদ্ধান্ত অনুযায়ী যেটা বাঙালী অধ্যুষিত এলাকা সেটা পশ্চিম বাংলায় অবিলম্বে চলে আসুক। আমাদের বক্তব্য হচ্ছে যে, বাংলার সংলগ্ন এলাকায় যেখানে বাঙালী বেশী আছে সেই এলাকা বাংলাদেশের সঙ্গে আনতে চাই।

আমরা অপরের জমি বা অপরের এলাকা দখল কোন অজুহাত মারফত চেষ্টা করব না। আমাদের কথা হচ্ছে ভাষার ভিত্তিতে পরিষ্কারভাবে ডিমার্কেট ক'রে দেওয়া হউক, এবং ডিমার্কেট করে সেই এলাকা তাতে যদি একটা গ্রামও পশ্চিমবাংলায় আসে আসুক, যদি ১০ হাজার গ্রাম বা একটা সাব-ডিভিশন পশ্চিম বাংলার মধ্যে আসে তা হ'লে আমি বলব অবিলম্বে তাদের পশ্চিমবাংলায় আনা হউক। সেইজন্য আমার সংশোধনীর মধ্যে আমি এইভাবে লিখেছি—

"those Bengali-speaking areas of Kishanganj subdivision of Purnea district and other Bengali-speaking areas of Purnea district adjoining West Bengal and those Bengali-speaking areas contiguous to West Bengal in Dhalbhum subdivision and Santal Parganas and Bengali-speaking areas of Dhanbad subdivision of Manbhum district adjoining West Bengal. Such Bengali-speaking areas shall be determined and demarcated taking village as unit by setting up of a Boundary Commission by the Government of India which shall submit its report by the 15th day of August, 1956".

[5—5-25 p.m.]

(কংগ্রেসপক্ষ হইতেঃ আবার বাউন্ডারী কমিশন?) এখানে কংগ্রেসপক্ষ থেকে এক বন্ধু বললেন, "আবার বাউন্ডারী কমিশন"। বাউন্ডারী কমিশন বসল কবে? অনেকে না জানার ফলে, অজ্ঞানতার ফলে মনে করেন যে, এস,আর,সি,—স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিশন -যেটা হয়েছিল সেটা বাউন্ডারি কমিশন। বাউন্ডারি কমিশন এবং এস, আর, কমিশনের যা টার্মস অফ রেফারেন্স ছিল, তা সমস্ত আলাদা। এস, আর, কমিশনের রিপোর্ট দেখবেন, তার টার্মস অফ রেফারেন্স যা দিয়েছিল, তাতে বাউন্ডারী রিঅ্যাডজেস্টমেন্টএর কথা ছিল না। সেখানে এমন কি ল্যাঙ্গুয়েজ ভিত্তিই যে প্রধান ভিত্তি হবে, সে কথাও তাদের টার্মস অফ রেফারেন্সএ নেই। তাদের শুধু বলা হয়েছে, প্রধানতঃ সেখানে জোর করেছে অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্স, অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিটস অথবা অ্যাডমিনিস্ট্রেটিভ ইউনিটকে অদলবদল। এখানে সেই রিপোর্ট রয়েছে। অতখানি আমি বলতে চাই না। প্রথম পাতায় ইন্ট্রোডাকশনএর মধ্যে সেখানে বলছে—

"The task before the Commission has been set out in paragraph 7 of this Resolution in the following terms:

'The Commission will investigate the conditions of the problem, the historical background, the existing situation and the bearing of all important and relevant factors thereon. They will be free to consider any proposal relating to such reorganisation. The Government expect that the Commission would, in the first instance, not go into the details, but make recommendations in regard to the broad principles which should govern the solution of this problem, and if they so choose, the broad lines on which particular States should be reorganised, and submit interim reports for the consideration of Government'."

পর সেখানে টার্মস অফ রেফারেন্সএ আরও পরিস্কার ডিটেলস অনেক আছে, আমি সেটার তে চাচ্ছি না। কিন্তু বাউন্ডারি কমিশন যদি হয়ে থাকে, বাউন্ডারী কমিশন নিছক একটা ীতির ভিত্তিতে বাউন্ডারী (সীমানা) নির্ধারণ ক'রে দেন এবং সেই সীমানা নির্ধারণ ক'রে দেবার রে সরকার সেটাকে সেই সেই প্রদেশের সঙ্গে যুক্ত ক'রে দেন। সুতরাং স্টেটস রিঅর্গ্যানি. কমিশনকে বাউন্ডারী কমিশন মনে করাটা ভুল হবে। কারণ, বাউন্ডারী ছাড়াও বাউন্ডারীর বাইরে বহু জিনিস তাদের করতে হয়েছে এবং বাউন্ডারী অনেক জায়গায় তাঁরা করেনও নি, কেন না তাদের টার্মস অব রেফারেন্সএর মধ্যে সেটা পরিস্কার ছিল না। সেটা অন্যত্র তাঁরা বলেছেন। সুতরাং আমরা বলতে চাই, যেটা আমাদের সংশোধনী প্রস্তাবের মধ্যে এনেছি, সেই ভিত্তিতে যদি বাউন্ডারী কমিশন হয়, তা হ'লে যে যে এলাকা পশ্চিমবাংলার প্রাপ্য সেই সেই এলাকা এবং সেখানকার লোক, তাঁরা পশ্চিমবাংলায় অবিলম্বে চ'লে আসবেন এবং তাতে আমাদের বিশ্বাস ডাঃ বিধানচন্দ্র রায় যেটুকু দাবি করেছেন যুক্তিহীনভাবে, তার চেয়ে অনেক বিশাল ভূখণ্ড, অনেক লক্ষ অধিবাসী আমাদের পশ্চিমবাংলার সঙ্গে সংযুক্ত হবে। আজকে একটা অবাস্তব, অযৌক্তিক কথা তিনি ব'লে তাদের যে আসবার সম্ভাবনা ছিল, সেই সম্ভাবনা আজকে দূরে চ'লে যাওয়া কেন, শেষ হয়ে যাচ্ছে। প্রসঙ্গত আমি বলতে পারি যে, ধলভূমের যেটুকু সংখ্যাতত্ত্বের ভেতর দিয়ে আমরা যেতে পেরেছি, ধলভূম পশ্চিমবাংলার সংলগ্ন, ধলভূমের একটা বিস্তীর্ণ এলাকা পশ্চিমবাংলার সংলগ্ন হ'তে পারে, এ সম্বন্ধে কোন সন্দেহ নেই। বাউন্ডারী কমিশন বসলে পর সেইরকম এলাকা পশ্চিমবাংলার মধ্যে আসবে, কিন্তু বিধানবাবুর বিলের মধ্যে সেই ধলভূমের কোন উল্লেখ নেই এবং মানভূমের যে এলাকা পশ্চিমবাংলায় সংলগ্ন এইরকম বহু জায়গা আছে। আমি দু'-একটা নাম ব'লে দিতে পারি। ছোট আলমোড়া নামে একটা স্টেশন আছে, তার আশেপাশে গ্রামগুলি হচ্ছে বাংলাভাষাভাষী। আমি কিছুদিন আগে সেখান থেকে একটা কাজে যাচ্ছিলাম, সেখানে সবাই বাঙ্গালী। এইরকম বহু এলাকা আছে যেগুলি আসতে পারে এবং আমরা মনে করি, তার ভিত্তিতে দাঁড়ালে পর লক্ষ লক্ষ বাঙ্গালী, যারা আজকে সীমানার বাইরে বাস করছে, তাঁরা আসতে পারবেন, তাঁরা বাংলার সঙ্গে সংশ্লিষ্ট হ'তে পারবেন, একমাত্র যদি আমরা একটা বৈজ্ঞানিক ভিত্তিতে, গণতান্ত্রিক ভিত্তিতে দাঁড়াই। আর তা যদি না করা হয়, তা হ'লে পর অন্য যুক্তি দেখিয়ে, অন্য অজুহাত দেখিয়ে ভারত-সরকারের পক্ষে সেটা খণ্ডন করা সম্ভব হবে, কায়েমী স্বার্থের ক্ষেত্রে হস্তক্ষেপ করা সম্ভব হবে এবং তার ফলে যেমন ক'রে পুরুলিয়াকে তাঁরা বিসর্জন দিয়েছেন, ধলভূম কিম্বা অন্যান্য যেসমস্ত জায়গা আজকের দিনে বাংলার আসবার সম্ভাবনা ছিল, সেগুলি যেমন ক'রে তাঁরা বিসর্জন দিয়েছেন, তেমন ক'রে তাঁরা যেটুকু দাবি করেছেন কিষাণগঞ্জ সম্বন্ধে, সেটাও নষ্ট হয়ে যাবে, অস্বীকৃত হবে। সুতরাং সেদিক দিয়ে আমি বলছি যে, আমাদের যে দাবি সেই ভিত্তির উপর দাঁড়িয়ে আজকে পশ্চিমবাংলার জনসাধারণ শুধু নয়, অ্যাসেম্বলিতেও তার ভিত্তিতে একটা প্রস্তাব পাস হওয়া উচিত—এই আমার বক্তব্য।

[At this stage the House was adjourned for 15 minutes.]

[*After adjournment.*]

[5-25—5-35 p.m.]

**Sj. Hemanta Kumar Basu:**

মাননীয় স্পীকার মহোদয়, যে বিল আমাদের সামনে উপস্থিত করা হয়েছে, এই বিলের জন্য বাংলাদেশের জনসাধারণের মধ্যে যে আশা-আকাঙ্ক্ষা জেগেছিল এবং বাংলা গভর্নমেন্ট এই বিল সম্বন্ধে যে আচরণ, যে নীতি সে সম্বন্ধে লোকের মনে যে আশা জেগেছিল, সেটা হচ্ছে বাংলা-বিহারের একীকরণের যে চক্রান্ত তা বিফল হবার পর বাংলার জনমতের উপর শ্রদ্ধা রেখে বাংলা গভর্নমেন্ট বিহারের বাংলাভাষাভাষী অঞ্চলকে বাংলার মধ্যে অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব আনবেন, বাংলার জনমতকে যথোপযুক্ত শ্রদ্ধা দেখাবেন। কিন্তু দুঃখের বিষয় যে, তারা জনমতের কোন ধারই ধারেন না, জনমতের কোন কথাই তারা শোনেন না, শুনতে চান না। এত বড় বিরাট আন্দোলনে যে জনমত প্রকাশিত হ'ল, দুটি নির্বাচনে যে জনমত প্রকাশিত হ'ল, যে কারণে, যে উদ্দেশ্যে এই আন্দোলন হ'ল, সেই কারণ, সেই উদ্দেশ্যকে তারা মানতে চাইলেন

না। কংগ্রেস মেমোরেন্ডাম যা দেওয়া হয়েছিল, তাতে তারা যা বলেছেন, আমরা বিরোধীপক্ষ বিহারের যে যে অংশ আমরা দাবি করছি তারাও তার চেয়ে কোন অংশ কম দাবি করেন নি। বাংলা গভর্নমেন্ট যে দাবি করেছিলেন, যে সংশোধিত দাবি করেছিলেন, আজকে তারাও সেই দাবির উপর দাঁড়াতে চাইছেন না। এই শোচনীয় অবস্থায়, এই দুরবস্থার মধ্যে আজ বাংলাদেশ নিপীড়িত হচ্ছে। কাজেই এই অবস্থায় আমরা যারা জনসাধারণের মতকে শ্রদ্ধা করি, তাদের আজ কর্তব্য হচ্ছে, করণীয় হচ্ছে, জনসাধারণ দৈনন্দিন যে দাবি নিয়ে সংগ্রাম করেছে, সেই দাবিকে আমাদের সংশোধিত প্রস্তাবগুলির মধ্যে প্রতিধ্বনিত করা। ডাঃ রায় যে প্রস্তাব নিয়ে এসেছেন, সেই প্রস্তাবের মধ্যে স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিশন যা বলেছে সেটা পর্যন্ত তারা চাইলেন না। চাইলেন যা সেটা হচ্ছে দার্জিলিংএর সঙ্গে একটা সংযোগসূত্র স্থাপন করবার জন্য কতকটা জায়গা। কাজেই এইসব বিবেচনা ক'রে যখন নূতন ক'রে ইতিহাস লেখা হবে ভারতবর্ষের ইতিহাস, বিভিন্ন রাষ্ট্র ভাষার ভিত্তিতে পুনর্গঠন করার জন্য, তাতে এই কথাই লেখা থাকবে যে, এই সরকার ডাঃ রায় বাংলাদেশকে গড়বার যে সুযোগ পেয়েছিলেন সেই সুযোগ তারা অবহেলায় হারিয়েছেন। এর পূর্বে এই সম্পর্কে যেসমস্ত আলোচনা হয়েছিল সেই সমস্ত আলোচনার মধ্য দিয়ে আমরা দেখিয়ে দিয়েছি যে, আমাদের মানভূম, ধলভূম, সাঁওতাল পরগনার যে দাবি তা কতদূর যুক্তিযুক্ত এবং সমীচীন। আমরা সেন্সাসএর সাহায্য নিয়ে, ইকনমিক ফ্যাক্টরএর সাহায্য নিয়ে এস,আর,সি, রিপোর্টএর আলোচনায় দেখিয়ে দিয়েছি, আমাদের দাবি কতদূর যুক্তিযুক্ত।

তারা যে খনিজ পদার্থ হারাবেন তাতে আমরা দেখিয়ে দিয়েছি তাতে তাদের বিশেষ কোন ক্ষতি হবে না। অ্যাডমিনিস্ট্রেশনএর দিক থেকে বাংলার কন্টিগুয়াস এরিয়া যদি বাংলার মধ্যে আসেও তা হ'লেও বিহারের ক্ষতি হবে না। কাজেই অর্থনীতির দিক থেকে, অ্যাডমিনিস্ট্রেশনএর দিক থেকে, কোন দিক থেকেই তাঁদের কোন প্রকার ক্ষতি হবে না। কিন্তু তবুও যেসমস্ত জায়গায় বাঙ্গালীরা, ধলভূমের বাঙ্গালীরা, মানভূমের বাঙ্গালীরা, সাঁওতাল পরগনার বাঙ্গালীরা, তারা সকলেই সমস্বরে তাদের দাবিদাওয়া জানিয়েছে, তারা বহু লোকের কাছে, বাংলা গভর্নমেন্টের কাছে, বিভিন্ন দলের কাছে, ভারত গভর্নমেন্টের কাছে, বহুবার গিয়েছে এবং তাদের সব যুক্তির যুক্তিযুক্ত দাবি জানিয়েছে। কিন্তু দুঃখের বিষয় কোন দিক থেকেই, বাংলা গভর্নমেন্টই হউক, ভারত গভর্নমেন্টই হউক, কেউ তাদের ন্যায্য দাবির যৌক্তিকতা স্বীকার করতে প্রস্তুত নন। কাজেই এইসব বিবেচনা ক'রে ডাক্তার রায়ের যে প্রস্তাব সেই প্রস্তাবকে গ্রহণ করা আমাদের পক্ষে কোনমতেই সম্ভব নয়। বাংলাদেশের স্বার্থকে, বাংলাদেশের দাবিকে, বাংলাদেশের জনমতকে সম্পূর্ণভাবে দাবিয়ে দিয়ে, তার প্রতি কোনরকম শ্রদ্ধা না দেখিয়ে, তাঁর এই সংশোধনী প্রস্তাব আমাদের সামনে আনা হয়েছে। তিনি বারবার যেসব কথা বলেছেন, ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন, রাজ্য গঠন সম্পর্কে তা তিনি বারবার পরিবর্তন করেছেন, তা তুলে নিয়েছেন। এবং শেষকালে বাংলার যে ন্যায্য দাবি - বিহারের বাংলাভাষাভাষী অঞ্চলের উপর যে দাবি—সেই দাবিকে সম্পূর্ণভাবে অগ্রাহ্য ক'রে এই বিল এনেছেন। ১৮৭৪ সাল থেকে বৃটিশ সাম্রাজ্যবাদ তাদের সাম্রাজ্যিক প্রয়োজনে বাংলাকে নানাভাবে বিভক্ত করেছেন। কিন্তু যখনই বাংলাকে বিভক্ত করতে চেয়েছেন তখনই বাংলার তদানীন্তন নেতৃবর্গ তার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছেন। কিন্তু সেই প্রতিবাদে বৃটিশ গভর্নমেন্টের কাছে কোন ফল হয় নি। সেইজন্য তারা আশা করেছিলেন যে, কংগ্রেস গভর্নমেন্ট বা কংগ্রেস যে নীতি বারবার প্রতি অধিবেশনে গ্রহণ করছিলেন সেই নীতিকে অনুসরণ ক'রে ভারতবর্ষের রাজ্যগুলিকে ভাষার ভিত্তিতে পুনর্গঠিত করবেন। কিন্তু সেই নীতিতে কাজ হ'ল না। ধর কমিশন হ'ল, পট্টভি, বল্লভভাই, পণ্ডিত জওহরলাল নেহরু মিলে একটা কমিটি করলেন। তাঁরা ভাষার ভিত্তি স্বীকার ক'রেও আদার ক্যাটির প্রভৃতি নিয়ে এলেন। এইভাবে গত ৫০ বৎসর ধ'রে যে নীতি গৃহীত হয়েছিল সেই নীতি তারা পরিত্যাগ করলেন। কিন্তু ভারতবর্ষের জনসাধারণ, যে নীতি তাদের মধ্যে আশা-আকাঙ্ক্ষা জাগিয়েছিল, সেই নীতি তারা পরিত্যাগ করতে চায় নি। তার ফলে আজ বাংলাদেশে বিরাট অসন্তোষের সৃষ্টি হয়েছে। মহারাষ্ট্র দেশে বিরাট অসন্তোষের সৃষ্টি হয়েছে। কিন্তু দুঃখের বিষয়, বর্তমান গভর্নমেন্ট জনসাধারণের স্বার্থের প্রতি কোন প্রকার দৃষ্টি না দিয়ে সম্পূর্ণ অগ্রাহ্য ক'রে যাচ্ছেন। তাঁদের হাতে ক্ষমতা আছে, ক্ষমতার মোহে

তাঁরা অন্ধ হয়ে জনমতকে গ্রাহ্য করতে চান না। আমরা দেখিয়েছি যে, মানভূম ইতিহাসের দিক থেকে, ঐতিহাসিক তথ্যে একটা বড় ব্যাপার—ঘটনার দিক থেকে আমরা দেখিয়েছি, [illegible] দিক থেকেও আমরা দেখিয়েছি এবং বাংলা ও বিহার পাশাপাশি অংশ হিসাবেও আমরা দেখিয়েছি। এবং সেই [illegible] জন্য জনসাধারণের যে মত সেদিক থেকেও আমরা দেখিয়েছি যে সেই অঞ্চলগুলি বাংলার মধ্যে আনবার যুক্তিযুক্ত কারণ রয়েছে। ধানবাদ ও মানভূমের জনসংখ্যার অধিকাংশই বাঙ্গালী এবং বাংলাভাষায় যারা কথা বলে তাদেরই সংখ্যা বেশি। ধানবাদে, যে ধানবাদ একটা বিশেষ ইন্ডাস্ট্রিয়াল টাউন, সেখানেও খনিজ পদার্থ আছে। ভারতবর্ষের সর্ব অঞ্চলের লোক সেখানে বাস করে, চাকরি করে, যেমন কলকাতা শহরে, যদিও বাঙ্গালীর সংখ্যা বেশি। এবং কলকাতা বিহার থেকেই একটা বড় শহর। নানারকম কাজ এখানে পাওয়া যায়। এর চতুর্দিকে নানারকম শিল্প-কারখানা আছে, সুতরাং বহু লোক এসে এই কলকাতায় কাজ করে। সেইরকম ধানবাদ শহরেও ভারতবর্ষের বহু স্থান থেকে বহুলোক এসে কাজ করে। কিন্তু কমিশন অনেক সময় বলেছেন যে, তাঁরা ডিস্ট্রিক্ট ইউনিট হিসাবে বিচার করেছেন। তাঁরা আবার একথাও বলেছেন, ডিস্ট্রিক্ট ইউনিট বাদ দিয়ে সাবডিভিশন হ'ক, থানা হ'ক, সেই হিসাবে বিচার করেছেন। মানভূম জেলায় যখন বাংলা চলে এবং সারা জেলারই যখন বাঙ্গালীর সংখ্যা বেশি তখন তার যে বিশেষ শহর ধানবাদ, সেই ধানবাদ কেন বাংলার মধ্যে আসবে না তার কোন যুক্তিযুক্ত কারণ নাই। কাজেই সেদিকে থেকে আমরা ধানবাদকে পুরোপুরি দাবি করি।

[5-35—5-45 p.m.]

ধানবাদে যে কয়লা আছে, সে সম্বন্ধে মন্তব্য ক'রে কোল কমিশনার্স রিপোর্ট বলছে যে, সেখানে আর মাত্র ২৫ বৎসর কয়লা পাওয়া যাবে, তার বেশি আর পাওয়া যাবে না। আর সেই কয়লা থেকে যে ট্যাক্সের বেনিফিট, সেটা সেখানকার লোক্যাল বোর্ড, ডিস্ট্রিক্ট বোর্ড, তাঁরাই পেয়ে থাকেন। কাজেই এইসমস্ত দিক বিবেচনা ক'রে দেখা যাচ্ছে যে, মানভূমেতে যে জনসংখ্যা সেই জনসংখ্যায় ১৮৮১ সালে বাঙ্গালী ছিল ৭৮·৫ পারসেন্ট, আর হিন্দী ছিল ১০·৪ পারসেন্ট। ১৮৯১ সালে বাঙ্গালী ছিল ৭৬·১ পারসেন্ট, আর হিন্দী ছিল ১০·২ পারসেন্ট। তারপর ১৯০১ সালে বাঙ্গালীর সংখ্যা ছিল ৮২·৪ পারসেন্ট আর হিন্দীর সংখ্যা ছিল ১২·৫ পারসেন্ট। ১৯১১ সালে বাঙ্গালী ছিল ৬২·৫ আর হিন্দীর ছিল ২১·৩। তারপরে ১৯২১ সালে বাঙ্গালী ছিল ৬০·৮ পারসেন্ট আর হিন্দীর সংখ্যা ছিল ১৮·৬; এবং ১৯৩১ সালে বাঙ্গালীর সংখ্যা ছিল ৬৭·৫ আর হিন্দীর সংখ্যা ১৭·৮ পারসেন্ট ছিল। কিন্তু ১৯৫১ সালে হঠাৎ মস্ত জাম্প হয়ে গেল। বাঙ্গালীর সংখ্যা দেখানো হ'ল ৫৭·৩ পারসেন্ট আর হিন্দীর সংখ্যা ৪১·৯ পারসেন্ট। ১৯৫১ সালের যে সেন্সাস সেই সেন্সাস সম্বন্ধে দেখতে পাচ্ছি একটা স্ট্রাইকিং ভেরিয়েশন রয়েছে। এটা আমি গতবার যে আলোচনা হয়েছিল তখন আমি উদ্ধৃত করে বলেছি যে, বিহার গভর্নমেন্ট, বাংলা গভর্নমেন্ট এবং কমিশন, তাঁরা সেই রিপোর্টকে সন্দেহের চক্ষে দেখছেন, তা গ্রহণ করতে পারছেন না।

কাজেই সেইদিক থেকে ১৯৩১ সালের যে সেন্সাস, সেই সেন্সাস ৬৭·৫ আর ১৭·৮। সুতরাং সেদিকে থেকে মানভূম জেলাটা সম্পূর্ণ বাংলাদেশের ভিতর আসা উচিত, সে বিষয়ে কোন দ্বিমত নেই। তবে এস, আর, কমিশন কেন যে এটাকে বাংলার মধ্যে দিলেন না, তার কোন যুক্তি বা কারণ দেখা যায় না বা তার যেসমস্ত কারণ আমরা দেখছি তা সম্পূর্ণ সমর্থনযোগ্য নয়।

তারপরেতে ধলভূম সম্বন্ধে। সেখানে দেখা গিয়েছে এস, আর, কমিশন, তাঁরা নিজেরাই স্বীকার করেছেন যে, সেখানে বাঙ্গালীর সংখ্যা বেশি। কিন্তু জামসেদপুরের পাশে সাকচি বলে একটা গ্রাম এবং আরও ১০-১৫টি গ্রাম, [illegible] নিয়ে সংগঠিত হয় জামসেদপুর। সেখানে বেশির ভাগই বাঙ্গালীর বাস। জামসেদপুরে যে ফ্লোটিং পপুলেশন, সেটা যদি বাদ দেওয়া যায়, তা হ'লে বাঙ্গালী ও হিন্দী পপুলেশনএর বিশেষ কোন তারতম্য থাকে না। যেহেতু ধলভূম রুর্যাল এরিয়া ও সেখানে বাঙ্গালীর সংখ্যা অত্যধিক বেশি। কাজেই সেইদিক

থেকে সমস্ত ধলভূমটা বাংলার প্রাপ্য সে বিষয়ে সন্দেহ নেই। তাঁরা বলছেন যে, বিহার অর্থনৈতিক দিক থেকে দুর্বল হয়ে পড়বে, বিহারের অত্যন্ত ক্ষতি হবে। কিন্তু বর্তমানে বাংলাদেশের কি অবস্থা, সেটা সকলের চিন্তা করা দরকার। প্রতি বছর বাংলাদেশের বাজেটে ১০ কোটি থেকে ১৫ কোটি টাকা ঘাটতি হচ্ছে এবং যথেষ্ট দেনা ক'রে চালাতে হচ্ছে। কাজেই বাংলার যে অর্থনৈতিক পরিস্থিতি সে সম্বন্ধে কোন বিবেচনা এস, আর, কমিশন করলেন না। কাজেই যেখানে আমাদের ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করার দাবি করতে হবে এবং যেসমস্ত অংশে বাঙ্গালীর সংখ্যা বেশি, সেইসব অংশ এবং সেখানকার যেসব শিল্পদ্রব্য, খনিজ দ্রব্য, খনি, যাই থাক, তা সবই বাংলাদেশে আসা উচিত। এ সম্বন্ধে আমাকে আর ফ্যাক্টস অ্যান্ড ফিগার্স দেখাতে হবে না। কারণ এস, আর, কমিশন স্বীকার করেছেন যে, বাঙ্গালীর সংখ্যা বেশি, তবুও তারা ধলভূমকে, জামসেদপুর সহ বাংলাকে দিতে পারলেন না। কাজেই এস, আর, কমিশনের অযৌক্তিক নীতি ও মনোভাবের বিরুদ্ধে বাংলার জনমত এত প্রবল হয়ে উঠেছে।

সাঁওতাল পরগনার আমরা দাবি করেছি জামতাড়া, পাকুড় এবং সাহেবগঞ্জ ছাড়াও রাজমহল। এখানে বলা হয়েছে, যদি এই সাঁওতাল পরগনার রাজমহল বাংলাকে দিয়ে দেওয়া হয় তা হ'লে ১০০ মিলিয়ন টন কয়লা থেকে বিহার বঞ্চিত হবে। আমরা দেখিয়েছি যে, বিহার তার অন্যান্য জায়গা থেকে ১০ হাজার মিলিয়ন টন কয়লা পেয়ে থাকে। কাজেই এই ১০০ মিলিয়ন টন থেকে বঞ্চিত হ'লেও বিহারের কোন ক্ষতি হবে না। কাজেই বলি, আমাদের যে কথা অর্থাৎ ভাষার ভিত্তিতে রাজ্য গঠন করা সেইভাবে কাজ করতে হবে। দেখেছি এতে অর্থনীতিক দিক থেকে বিহারের কোন ক্ষতি হয় না। সেদিক থেকে জামতাড়া এবং পাকুড়, যেটা সম্পর্কে এস,আর,সি, স্বীকার করেছেন যে, সেখানে বাঙ্গালীর জনসংখ্যা বেশি। এমন কি রাজমহল, সায়েবগঞ্জ বাদ দিয়েও সেখানে বেশি। তাতে আমার মনে হয় সাঁওতাল পরগনার আমাদের দিকে আসা উচিত এবং আমি সেই দাবি করছি।

[5-45—5-55 p.m.]

সেন্সাস রিপোর্ট অফ ১৯৩১, পেজ ২৪০ দেখুন। তাতে বলেছে—

"The Santal Parganas are the scene of a tug of war between Hindusthani and Bengali. Although the number of persons speaking Hindusthani as mother tongue is only some four times as great as the number speaking Bengali, the latter is more current among the original people of the district. In the subdivision of Dumka, for instance, Hindusthani is the mother tongue of about 180,000 persons and Bengali only of 46,000; but yet 14,864 Santals speak Bengali as a subsidiary language and 1,842 speak Hindusthani. Again, it is noteworthy that taking the district as a whole 4.2 per cent. of Hindusthani speakers have acquired the use of Bengali also, whereas only 1 per cent. of the Bengali speakers have acquired the use of Hindusthani. The influence of Bengali is predominant in the subdivision of Jamtara and Pakur. In Godda and Rajmahal, Hindusthani is the dominant language. In Deoghar and Pakur there is little to choose between the two. Four/fifths of Santal Parganas have come from the Bengal districts of Birbhum and Rajshahi."

এবং তারা যে ভাষা ব্যবহার করে তার বেশির ভাগই বাংলাভাষা। কাজেই এদিক থেকে বিবেচনা করলে পাকুড়, জামতাড়া এবং সাহেবগঞ্জ বাদে রাজমহলের সবটাই বাংলার প্রাপ্য তাতে আর সন্দেহ নাই। কাজেই এইসমস্ত বিবেচনা ক'রে আমাদের দাবি যে ন্যায়সঙ্গত ও যুক্তিযুক্ত একথা সকলেই স্বীকার করবেন। আর বাংলার জনমত যদি গ্রহণ করা হয় তা হ'লে বাংলা ও বিহার একীকরণের সম্বন্ধে যে জনমত প্রকাশিত হয়েছে, তাতেই ব্যাপারটা উপলব্ধি হ'তে পারবে। যদি বাংলার জনমত নিয়ে ডাঃ বিধানচন্দ্র রায় এই অ্যামেন্ডমেন্ট আনতেন তা হ'লে এটা অন্যরকম হ'ত। কিন্তু দুঃখের বিষয় বাংলার জনমত তিনি গ্রহণ করেন নাই। বাংলার জনমতের প্রতি তিনি কোন শ্রদ্ধা দেখাবেন না, তাই তিনি তাঁর নিজের মন মতন এই সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন। কাজেই এই সংশোধনী প্রস্তাবের বিরোধীতা করা ছাড়া আমাদের উপায় নাই, এবং বাংলাদেশের জনসাধারণও যে এ প্রস্তাব গ্রহণ করবে না এবং তারা যে এই

াবের তীব্র বিরোধীতা করবে, তাদের সেই বিরোধীতাও শীঘ্রই আবার প্রকাশিত হবে। জেই আমি আগেও বলেছি এবং এখন আবার বলছি—আসুন, আপনারা কংগ্রেস ও বিরোধী সকলে মিলে বাংলার যা নাকি ন্যায্য দাবি, সেই দাবি সম্বন্ধে বিবেচনা করে বাংলার সাধারণ প্রতিনিধিরা এবং গভর্নমেন্ট সকলের ঐক্যমতের যে দাবি ছিল, যা নাকি কংগ্রেস যোরান্ডামএ স্বীকার করেছিলেন সেই সমস্ত দাবি আজ সকলে একযোগে সমর্থন করি। ইটে যদি করা যায় তাহ'লেই প্রকৃত প্রস্তাবে বাংলার জনমত গ্রহণ করা হবে। মানভূম, সিংভূম, ওতাল পরগনা ছাড়াও যে বিল এনেছেন সে বিলে আসামের কথা নাই। সে বিলে গোয়ালপাড়া ছাড়ের কোন কথাই নাই। কাছাড় এবং গোয়ালপাড়ায় বাংলাভাষাভাষীর সংখ্যা অধিক। ৯৩১ সালের সেন্সাসে বেশি দেখা গেছে। গোয়ালপাড়ায় ধুবড়ী থানায় যে আজ বাঙ্গালীর খ্যা অত্যধিক বেশি, একথা সকলেই স্বীকার করেছেন। আর গোয়ালপাড়ায় যেভাবে াসামীর সংখ্যা বাড়ানো হয়েছে ১৯৩১ সালের পরে, এস,আর,সি, কমিশন পর্যন্ত তাতে সন্দেহ প্রকাশ করেছেন। কাজেই আমার মতে একটা প্রস্তাব উপস্থিত করা হ'ক ভারত গভর্নমেন্টের কাছে। তাঁরা এই দুটোকে এর সঙ্গে একত্র ক'রে আর একটা বিল আনুন, হয়ত তাতে এক বছর দেরি হবে এবং নির্বাচন এক বছর পিছিয়ে দিতে হবে, যদিও সেটা আমরা মোটেই চাই নে। কিন্তু ভারতবর্ষের ও বাংলার পরিস্থিতি বিবেচনা ক'রে এই যে প্রস্তাবটা দিচ্ছি, যে আসামের গোয়ালপাড়া ও কাছাড়, আর বিহারের যেসমস্ত অঞ্চল বাংলার প্রাপ্য, সেইগুলি ইনক্লুড ক'রে এই বিলের পরিবর্তন করা হ'ক—এই কথা ভারত গভর্নমেন্টকে জানানো হ'ক। আমরা সকলে একমত হয়ে এইটে করতে পারি। কিন্তু দুঃখের বিষয়, আমাদের বাংলা গভর্নমেন্ট তাতে রাজী নন। তাঁরা সর্বদা প্রকাশ ক'রে থাকেন যে, এখানকার জনমতের প্রকৃত প্রতিনিধি তাঁরাই। তাই যদি হয় তা হ'লে জনগণের প্রকৃত মতানুসারে কেন তাঁরা এই বিলটার সংশোধন করাচ্ছেন না? জনমত যদি ডাঃ রায়ের আনীত প্রস্তাব গ্রহণ করে তবেই তাঁর পক্ষে এই রকমের প্রস্তাব উত্থাপন সমীচীন হবে, অন্যথায় নয়। এইসমস্ত দিক বিবেচনা ক'রে ডাঃ রায়ের যে প্রস্তাব তার আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করছি, এবং আমাদের আনীত প্রস্তাব গ্রহণ করবার জন্য সদস্যদের আহ্বান করছি।

[5-55—6-5 p.m.]

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আজ বাংলাদেশ এবং বাঙ্গালী জাতির সামনে খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন এসেছে এবং এজন্য এই বিল সম্বন্ধে আমাদেরও গভীর চিন্তা ক'রে কাজ করতে হবে। এমন কোনরকম কাজ করা আমাদের নিশ্চয় উচিত হবে না যাতে ভবিষ্যৎ বংশধরগণ এবং বাঙ্গালী জাতি আমাদের নিন্দাবাদ করতে পারে। কাজেই আজ আমাদের এ বিষয়ে বিশেষ চিন্তা করার প্রয়োজন আছে। আজ থেকে দু' বৎসর পূর্বে এই অ্যাসেম্বলিতে মাননীয় শঙ্করপ্রসাদ মিত্র মহাশয়—অবশ্য তখন তিনি মন্ত্রী হন নি—তিনিও পশ্চিমবাংলার বহু সমস্যার কথা উল্লেখ ক'রে এবং প্রায় ৪০ লক্ষের মত উদ্বাস্তু আগমনের জন্য পশ্চিমবাংলার সীমানা নির্ধারণ করার প্রয়োজন আছে এইসমস্ত কথা বলেছিলেন। এইসমস্ত কারণের ভিত্তিতে পশ্চিমবাংলার বহির্ভূত, আসাম ও বিহারের অন্তর্ভুক্ত বঙ্গভাষাভাষী অঞ্চল সেদিন দাবি করা হয়েছিল। কিন্তু আজ পরম দুঃখের কথা, বাংলাদেশের সেইসব সমস্যার বিন্দুমাত্র সমাধান হয় নি, অথচ তাঁরা এই ক্ষমতায় আসীন থাকা সত্ত্বেও সেই কথা তাঁরা নিজেরা ভুলে গিয়ে আজ পশ্চিমবাংলার পৃষ্ঠে ছুরিকাঘাত করছেন।

যাই হ'ক, মহারাষ্ট্রের দাবি আদায় সম্বন্ধে সেখানের কংগ্রেস এবং অন্যান্য দল দলমত-নির্বিশেষে সঙ্ঘবদ্ধ হয়ে স্বৈরাচারী ভারত সরকারের অবিচারমূলক সিদ্ধান্তের বিরুদ্ধে সংগ্রাম করছেন, কিন্তু দুর্ভাগ্যের কথা যে পশ্চিমবাংলার ক্ষমতায় আসীন কংগ্রেসী মন্ত্রিবর্গ, তাঁরা বাংলাদেশের এই অনাচারের বিরুদ্ধে প্রতিবাদ করা দূরের কথা, তাঁদের নিকট অবনত মস্তকে স্বীকার করেছেন। এমনকি কমিশন যেটুকু দিয়েছিলেন, তার এক বিরাট অংশকে তাঁদের চরণে পুষ্পাঞ্জলি দিয়ে এসেছেন। তারই প্রতিবাদে গত ২১এ জানুয়ারিতে সারা বাংলাদেশে সর্বাত্মক হরতাল প্রতিপালিত হয়েছে। আপনি শুনলে আশ্চর্য হবেন, মাননীয়

স্পীকার মহাশয়, সেদিনেই গত ১৫ই জানুয়ারি তারিখে বাঁকুড়াতে একটি জনসভা হচ্ছিল তার অন্যায়ের প্রতিবাদে। বাঁকুড়ার কংগ্রেস এবং কংগ্রেস সদস্য যাঁরা আজকে এই বিধানসভায় উপস্থিত রয়েছেন, তাঁদেরও স্বাক্ষরিত একটি প্রচারপত্র বিলি হয়েছিল যে, আগামী ১৬ই জানুয়ারি তারিখে কংগ্রেস কর্তৃপক্ষের অবিচারের বিরুদ্ধে কংগ্রেসের পক্ষ থেকে বাঁকুড়ায় একটি জনসভা আহ্বান করা হয়েছিল। আমরা শুনে আশ্চর্য হলাম—"এ কি কথা শুনি আজি মন্থরার মুখে"! কারণ বাঁকুড়ার কংগ্রেসী কর্মীরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে সংগ্রাম করবেন। কিন্তু পরে দেখা গেল যে, সবই ভুয়া। তার কারণ এই যে, তার তিন দিন পরেই ১৮ই জানুয়ারি তারিখে বাঁকুড়ায় ছিল মিউনিসিপ্যাল নির্বাচন এবং সেই নির্বাচনে জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্যে তাঁরা এই জনসভার আহ্বান করেছিলেন। কিন্তু বাঁকুড়ার জনসাধারণ তাঁদের এই অপপ্রচারে বিভ্রান্ত হয় নি, তারা নির্বিচারে কংগ্রেসের বিরুদ্ধে সংগ্রাম ক'রে তাদের অধিকসংখ্যক আসন থেকে পরাভূত করেছেন। কি দুর্ভাগ্যের কথা! কারণ যারা সেই সময় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে সংগ্রাম করবার জন্য ঘোষণা করেছিলেন, ১৮ই জানুয়ারির পর তাঁদের আর দেখতে পাওয়া যায় নি। এবং যখন যে প্রস্তাব ডাঃ রায় ক'রে থাকেন, তাঁরা তার পূর্বাপর বিবেচনা না ক'রেই মুক্তকচ্ছ হয়েই সমস্তই অনুমোদন করেন। উনি বললেন, "ইউনিয়ন", ও'রা বললেন, "কেয়াবাৎ, কেয়াবাৎ"। তিনি বললেন, "মার্জার", এ'রা বললেন, "বহুৎ আচ্ছা, বহুৎ আচ্ছা"। তিনি বললেন, "রি-ইউনিয়ন", ও'রা বললেন, "আরও ভাল, আরও ভাল"। আবার সেইসব যখন প্রত্যাহার হয়ে গেল তখন বললেন, এটা আমরা জানতাম, তবে বাঙ্গালীর কতদূর ক্ষমতা সেটা আমরা পরীক্ষা ক'রে দেখছিলাম। কিন্তু পরীক্ষার সময় রয়েছে, পরীক্ষার একটা ক্ষেত্র রয়েছে। যেখানে আজকে আমাদের ভারত সরকারের বিরুদ্ধে সংগ্রাম ক'রে কার্য উদ্ধার করতে হবে, সেখানে ন্যায়নীতি এবং সঙ্ঘবদ্ধ হয়ে, একমত হয়ে সমস্ত করা উচিত। যদি বাংলাদেশের বিভিন্ন দলের নির্বাচিত সদস্য তাঁরা বাংলার কজকে রিপ্রেজেন্ট না ক'রে নিজের দলকে রিপ্রেজেন্ট করেন, তা হ'লে তাতে বাংলার যে কি অশেষ ক্ষতি হবে সেটা নিশ্চয় সকলে আপনারা উপলব্ধি করতে পারছেন। বাংলার যে মূলগত দাবি, সেই দাবির ন্যূনতম অংশ আমাদের স্বীকৃত হয় নি। যে বিল আমাদের সামনে এসেছে, যার উপর মতামত দেবার ভার আমাদের উপর অর্পিত হয়েছে তাতে আমরা মোটেই সন্তুষ্ট নই এবং যে পর্যন্ত বাংলার পরিপূর্ণ দাবি আদায় না হচ্ছে, বাংলার জনসাধারণ সেই পর্যন্ত সংগ্রাম করবেন এবং আমি বিশ্বাস করি যে, অনতিবিলম্বে সে দাবি আদায় করতে পারবেন। কিন্তু দুর্ভাগ্যের কথা যে, যদি আমরা সমস্ত লোক এক হ'তে পারতাম, তা হ'লে সেটা অতি সহজে হ'ত এবং ত্বরান্বিত করা সম্ভবপর হ'ত।

তারপর প্রশ্ন হচ্ছে কি না বলছেন যে, ভারতবর্ষের নিরাপত্তার খাতিরে এইসব গোলমাল করা চলে না। এবং তারপরে আবার নূতন কথার উৎপত্তি হ'ল যে, ভাষাটা আবার কি? যে কথা তাঁরা ১৯০৪ সাল থেকে আরম্ভ ক'রে স্বীকার করলেন এবং প্রাক-স্বাধীনতা অর্থাৎ ১৯৪৭ সালের আগে পর্যন্ত যে ভাষাটাকে ভিত্তি ক'রে রাজ্যের পুনর্বিন্যাস করা প্রয়োজন—কারণ তাতে মানুষের আত্মার বিকাশ হবে, ভাবের আদানপ্রদান হবে, এমনকি রাজকার্য ও সাধারণ কার্য পরিচালনার জন্যেও ভাষাই মূল ভিত্তি। কিন্তু হঠাৎ জানি না যে কি এক অজ্ঞাত কারণে ১৯৪৭ সালের ১৬ই আগস্ট তারিখে সেই ভাষা উড়ে গেল এবং বর্তমানে লিঙ্গুইজমএর নামে নূতন একটা শব্দ অভিধানে প্রয়োজিত হয়ে গেল। কারণ ভাষা নাকি দেশের সংহতি ও নিরাপত্তার ভয়ানক বিঘ্নস্বরূপ। আবার বাংলার দাবিকে বানচাল করবার জন্যে, উপেক্ষা করবার জন্যে তথ্য দেওয়া হচ্ছে যে, বিহার এবং আসামের এইটুকু অংশ বাংলাদেশে নাই বা গেল—আফটার অল ইট রিমেন্স ইন দি ইন্ডিয়ান ইউনিয়ন। অতএব তাঁদের আমি বিনীতভাবে জিজ্ঞাসা করি যে, পশ্চিমবাংলায় যদি একটু অংশ আসে সেটা কি ইন্ডিয়ান ইউনিয়নএ থাকবে না? বিহার বা আসামে যদি থাকে তা হ'লেই ইন্ডিয়ান ইউনিয়নএ থাকবে, আর এই দুর্ভাগা পশ্চিমবাংলাই এলে সেটা থাকবে না? সুতরাং এর ভেতরে কোন যুক্তি নেই, পরন্তু ভাষাকে বাদ দিয়ে যে রেফারেন্সএর উপর এস,আর,সি, কমিশন গঠিত হয়েছিল সেইসব হচ্ছে—unity and solidarity of India, language and culture and economy.

কিন্তু এর মধ্যে দিয়েও বাংলার দাবিকে পরিপূর্ণ করা যায়, কারণ প[illegible]র সারা ভারতবর্ষের পূর্ব সীমান্তে এবং যার বিরাট সীমানা রয়েছে পাকিস্তানের মধ্যবর্তী এবং বৎসরে প্রায় ২০০ বার পূর্ব পাকিস্তানের বিভিন্ন রকমের লোক পশ্চিমবাংলার পূর্ব ন[illegible]ক আক্রমণ করে। এ ছাড়াও ৪০ লক্ষ উদ্বাস্তু এসেছে। সুতরাং এটাকে শক্তিশালী করার প্রয়োজনীয়তা আছে কিনা সে বিষয়ে প্রত্যেক চিন্তাশীল রাজনীতিকেরই একমত হওয়া উচিত। তা ছাড়া বেকারসমস্যার সমাধানের জন্য আমাদের মুখ্যমন্ত্রী খুব ব্যস্ত হন এবং বিভিন্ন রকমের পরিকল্পনার কথাও বলেন। কিন্তু সেই পশ্চিমবাংলার যদি উদ্বাস্তু এবং বেকার সমস্যার সমাধান করতে হয় তা হ'লে এর পরিসর বৃদ্ধি করার প্রয়োজন রয়েছে। যদি ধানবাদ আমরা আদায় করতে পারতাম, আজ ধলভূম যদি জামসেদপুর সহ পাওয়া যায়, তা হ'লে সেইসব সমস্যার সমাধানে কতটা যে সহায়ক হয় সেটা নিশ্চয় বুদ্ধিমান ব্যক্তিমাত্রেই বুঝবেন। কিন্তু দুর্ভাগ্যের কথা যে, জামসেদপুর চাওয়া তো দূরের কথা, জামসেদপুরের সন্নিকটে যে চাণ্ডিল, এবং পটমদা এস.আর.সি, বাংলাদেশের জন্যে রেকমেন্ড করেছিলেন, সেটাকে তাঁরা দিয়ে এলেন। সেই চাণ্ডিলকে আমরা উন্নত করতে পারতাম। সেখানকার বনজ সম্পদ দেখবার মতন জিনিস, খনিজ সম্পদ আছে, কৃষি-উন্নয়নের সমস্ত সুবিধে রয়েছে এবং নিকটে তার সুবর্ণরেখা নদী। তা ছাড়া, যে টাউনশিপএর জন্যে ডাঃ রায় ব্যস্ত হয়ে যান, তাঁর কল্যাণী, ফুলিয়া ইত্যাদি, সেই চাণ্ডিলকে অবলম্বন ক'রে সুবর্ণরেখার ধারে বিরাট টাউনশিপ গড়ে উঠতে পারত। কিন্তু সেই চাণ্ডিল তিনি দিয়ে চ'লে এলেন, কারণ জল পাবে না। কি দুর্ভাগ্য এবং দুঃখের কথা যে, যেখানে আজ পাকিস্তান এবং ভারতবর্ষের মধ্যে পাঞ্জাবের জলের বিরোধ নিয়ে ওয়াটার ডিসপিউটএর মীমাংসা করতে পারা যায়, আর সেখানে একই ভারতবর্ষের অন্য রাজ্যভুক্ত হয়ে পশ্চিমবাংলায় সেই অংশ এলে বিহারের টাটা নাকি সেই জল পাবে না। অতএব এর চেয়ে অর্বাচীন যুক্তি আর কি হ'তে পারে তা জনসাধারণ এবং আপনারা বিবেচনা ক'রে দেখবেন। সুতরাং আমাদের যে দাবি সেই দাবি পূরণ করার জন্যে আমাদের একমত হ'তে হবে।

একথা আমরা বলছি না যে, যেটুকু আসছে সেটুকু আমরা চাই না, যেটুকু আসছে আসুক, কারণ যেটুকু আমরা চাইব না সেইটুকু আসবে। অতএব তার আমরা বিরোধিতা করছি না, কিন্তু সেটা আসাতে আমরা সন্তুষ্ট নই এবং বাংলার কোন লোকই সন্তুষ্ট নয়। আজ চোখের সামনে দেখে আসুন, ৭ হাজার লোক এবং সর্বশ্রেণীর লোক, তারা ঐ স্ট্র্যান্ড রোডের সামনে দাঁড়িয়ে সারা বাংলার দাবি জানাবার জন্যে এসেছেন। তাঁরা মন্ত্রীত্ব নেবার জন্যে আসেন নি, কিন্তু তাঁরা এই কথাই বলছেন যে, পশ্চিমবাংলার প্রতি অবিচার করা হচ্ছে এবং পশ্চিমবাংলার নির্বাচিত প্রতিনিধিরা এবং পশ্চিমবাংলার কংগ্রেস সরকার একটু শক্ত হোন। কিন্তু দুঃখের কথা হচ্ছে যে, জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্যে পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট ৫০০ বর্গমাইল জায়গা চাচ্ছেন। অর্থাৎ একেবারে সেই গোলামের খাঁড়ার মতন প্রচার করা হবে যে, পশ্চিম-বাংলার গভর্নমেন্ট ও কংগ্রেস কি কখনও বাংলাদেশকে ডুবাতে পারে। এবং পটমদা ও চাণ্ডিল দিয়ে ৫০০ বর্গমাইল জায়গা চাওয়ার ব্যবস্থা করা গেছে। কিন্তু এইসব হচ্ছে বিশুদ্ধ ন্যাকামি, ভণ্ডামী, এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং সেই কথা সুধীর রায়চৌধুরী মহাশয় স্পষ্টভাবায় আপনাদের জানিয়েছেন। তার কারণ কমিশন তার রিপোর্টে এবং বর্তমান যে বিল তাতেও রয়েছে যে, পূর্ণিয়ার কিষেণগঞ্জ সাবডিভিশন দার্জিলিংএর সঙ্গে সংযুক্ত হবে। কিন্তু এর মধ্যে যদি কোন গ্যাপ থাকে তা হ'লে সংযোগ হ'তে পারে না। সুতরাং একটা এরর অ্যান্ড অমিশন, সেটা [illegible]। হ'তে পারে, উইলফুলি বা বাই নেগলেক্টও হ'তে পারে এবং আমার মনে হয় যে এটাকে কেয়ারফুলি ভুল করা হয়েছে, নট বাই নেগলেক্ট; অতএব পশ্চিমবাংলার কংগ্রেস সরকার সেটা দাবি করুন এবং সেটাকে পূরিয়ে নিন। আমরা বলব, আর খুব বুক চাপড়ে সংবাদ-পত্রে প্রকাশিত করা হবে যে, পশ্চিমবাংলার জন্য এই সরকার কি সাংঘাতিক সংগ্রাম করেছেন। এইভাবে পশ্চিমবাংলার জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য ঊর্দ্ধতন কংগ্রেস নেতৃবৃন্দের সঙ্গে এবং ভারত সরকারের সঙ্গে তাঁরা একটা গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছেন ব'লে আমাদের মনে হয়। সুতরাং কোন মতেই পশ্চিমবাংলার প্রতি যে জিনিস করা হয়েছে তাতে আমরা সন্তুষ্ট হ'তে পারি না। আমাদের দাবি অতি সুস্পষ্ট এবং সে দাবি আজকের নয়, যখন এস,আর,সি,র

রিপোর্ট আলোচিত হয়েছিল এবং তার প[illegible] আমরা তীব্র ভাষাতে এবং দ্বিধাহীন চিত্তে আমাদের দাবি জানিয়েছি। আমরা চাই সমগ্র পুরুলিয়া সাবডিভিশন, যদিও পশ্চিমবাংলাকে প্রবঞ্চিত করবার জন্য হঠাৎ রাতারাতি মানভূম জেলাকে ভাগ ক'রে দেওয়া হ'ল, নূতন নাম সৃষ্টি হয়ে গেল—সাব-ডিস্ট্রিক্ট, একথা কখনও শুনি নি। সাব-ডিস্ট্রিক্ট রচিত হ'ল, একটি ধানবাদ এবং আর একটি পুরুলিয়া। কিন্তু তার চাণ্ডিল ও পটমদা বাদ দেবার কোন কারণ থাকে না।

[6-5—6-15 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, এটা নিশ্চিত আপনি জানেন যে, সেই পটমদা এবং চাণ্ডিল থেকে এবং মানভূমের অন্যান্য অংশ থেকে প্রায় ১,১০০ সত্যাগ্রহী লোকসেবক সঙ্ঘ, ৭৬ বৎসরের বৃদ্ধ অতুলচন্দ্র ঘোষ মহাশয়ের নেতৃত্বে পদব্রজে দীর্ঘ পথ অতিক্রম ক'রে কোলকাতায় সত্যাগ্রহ ক'রে তাঁদের দাবি জানিয়েছেন। তার কারণ এই যে, পশ্চিমবাংলার কংগ্রেসী চীফ ঘোষণা করেছিলেন যে, সেই সমস্ত অঞ্চলের লোক নাকি পশ্চিমবাংলায় আসতে চায় না এবং তারই প্রতিবাদে ও তাদের দাবি জানাবার জন্যে দারুণ গ্রীষ্মে দীর্ঘপথ অতিক্রম ক'রে তাঁরা তাঁদের দাবি জানিয়েছেন। অতএব চাণ্ডিল এবং পটমদার অধিবাসীদের প্রতি অবিচার করা হবে যদি আমরা সেই অংশ দাবি না করি। ধানবাদ সম্বন্ধেও সেই একই কথা। ধানবাদের মুক্তি পরিষদ তাঁদের নেতৃত্বে প্রায় দুশো জন সত্যাগ্রহী পদব্রজে কোলকাতায় এসে তাঁদের দাবি জানিয়েছেন। অদূরে ভবিষ্যতে অন্যান্য স্থান থেকেও হয়তো সেইরূপ আন্দোলন শুরু হ'তে পারে। যারা কথায় কথায় বলেন যে, ভারতবর্ষের শান্তি ও শৃংখলা ব্যাহত হচ্ছে এবং আভ্যন্তরীণ উন্নতির জন্যে কোন পীস এবং প্রস্পারিটির প্রয়োজন রয়েছে, কিন্তু শান্ত মানুষকে কারা অহেতুক এই বিপথে নিয়ে যাচ্ছে? অতএব এই সরকারের ভ্রান্তনীতি, কি অবহেলা এবং উপেক্ষাই তার জন্যে দায়ী হবেন, জনসাধারণ নয়। কয়েকটি ক্ষেত্রে পুনঃপুনঃ প্রমাণিত হয়েছে যে, সরকারের ভুলের জন্যেই শান্ত, নিরীহ মানুষ, যারা আজ বহুভাবে বিপন্ন, যাদের সামাজিক জীবন আজ বিপর্যস্ত হয়েছে, আর্থিক অনটনের জন্যে যাদের জীবনযাত্রা নির্বাহ করা দায় হয়ে উঠেছে, তারাও বাধ্য হয়েছে এই আন্দোলনে যোগ দেবার জন্যে। সেজন্য অনুরোধ করব যে, সত্যিই যদি ডাঃ রায় পশ্চিমবাংলার দরদী হন, তা হ'লে আমি খুব আনন্দিত হব। তিনি তাঁর প্রথম উদ্বোধনী বক্তৃতায় বললেন যে, পশ্চিমবাংলার জন্যে মেচী নদীর একটু অংশ পেয়ে গেলেই তার সর্ব সমস্যার সমাধান হয়ে যাবে এবং পশ্চিমবাংলার

Peace, prosperity, happiness, glory and what not.

সমস্তই সুপারলেটিভ ডিগ্রীতে হয়ে যাবে। ডাঃ রায় দাবি করেছিলেন যে, এইগুলি পাওয়ার প্রয়োজন আছে। তখন তাঁরা সমর্থন করেছিলেন, কিন্তু এখন দেখছি কংগ্রেসের ভূমিকা একটু অদ্ভুত। অর্থাৎ আমরা দেখতে পাচ্ছি, কংগ্রেসের এই যে নীতি তা পরস্পরবিরোধী এবং এটাই তাঁরা যুগযুগান্তর ধ'রে চালিয়ে যাচ্ছেন। আজ কংগ্রেসের মধ্যে ইনকনসিসটেন্সি দেখা দিয়েছে। আজ আমি এই কথা বলব যে, পশ্চিমবঙ্গের এই যুগসন্ধিক্ষণে

You can make and unmake the Congress, you can do and undo the Congress.

তাই আপনাকে পুনঃপুনঃ অনুরোধ করব আপনি নিজের হাতে বাংলার মৃত্যুদণ্ড স্বাক্ষর করবেন না।

Don't sign warrant in your own hand..

একটা কথা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে, বিহারের কংগ্রেসী সদস্যদের কোন হুইপ নাই। জানি না, পশ্চিমবাংলার মাননীয় কংগ্রেসী সদস্যদের প্রতি এইরকম কোন নির্দেশ আছে কিনা যে, তাঁরা ব্যক্তিগতভাবে মতামত প্রকাশ করতে পারবেন না।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

নাই।

**Janab A. M. A. Zaman:**

হিন্দু মহাসভার কাছ থেকে আবার কি শুনব?

**Sj. Rakhahari Chatterjee:**

ভূতের মুখে রামনাম আমরা শুনতে চাই না। আমি একটা কথা বলতে চাই। গত ২০-২২ মার্চ তারিখে অখিল ভারত হিন্দু মহাসভার [illegible] সময় আমরা যা বলেছিলাম সেটাই ঠিক। শুধু বাংলার বলে নয়, তখন আমরা এটাও বলেছিলাম যে, মহারাষ্ট্র ও উড়িষ্যার প্রতিও অবিচার করা হয়েছে যার জন্য সমগ্র দেশে অসন্তোষের সৃষ্টি হয়েছে, সারা ভারতবর্ষের জাতিধর্মনির্বিশেষে প্রত্যেকে সংগ্রাম করেছে। [ডিস্টারব্যান্সেস ফ্রম দি ট্রেজারি বেঞ্চেস।] যদি আজ কংগ্রেসের হাতে শাসনক্ষমতা না থাকত তা হ'লে আমরা কিছু বলতাম না। এখন কংগ্রেসই শাসনক্ষমতায় অধিষ্ঠিত আছে, তাঁদের দ্বারা ভারতবর্ষ ও পশ্চিমবাংলার শাসনব্যবস্থা পরিচালিত হচ্ছে। আমি ডাঃ রায়কে সাবধান ক'রে দিচ্ছি, এখনও সময় আছে। যখন বঙ্গ-বিহার সংযুক্তির প্রসঙ্গ উত্থাপিত হয়েছিল, তখন কোন কোন কংগ্রেস সদস্য [illegible] যে, তাঁর এই প্রচেষ্টা ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। কিন্তু আমি বলছি, সেটা কলঙ্কেরই কথা হ'ত। যাই হোক, শেষ মুহূর্তে তা প্রত্যাহার ক'রে তিনি শুভবুদ্ধির পরিচয় দিয়েছেন—মার্জার প্রস্তাব পকেটস্থ ক'রে। মার্জার আন্দোলনে জনসাধারণ যথেষ্ট কষ্টভোগ করেছে। এই সেদিন আপনার জন্মদিবস পালিত হ'ল। অনেক সংবাদপত্রে আপনার কর্মদক্ষতা সম্বন্ধে নানারকম আর্টিকেল ও প্রবন্ধ প্রকাশিত হয়েছে এবং আপনিও সে সময় নিজের সম্বন্ধে অনেক কথা বলেছেন। আজও সময় আছে। আপনাকে আমি অনুরোধ করব, [illegible] বাংলার হয়ে আপনি দাঁড়ান। কংগ্রেস আপনার একার নয়, আমার একার নয়। আপনি যদি প্রকৃতই বাংলার হয়ে দাঁড়ান তা হ'লে আমরাও আপনার সঙ্গে সমবেতভাবে কাজ করব এবং আমি এই দাবি এখানে জানাচ্ছি যে, আসুন, কংগ্রেসী-অকংগ্রেসী সকলে সমবেতভাবে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাই। তা হ'লে বাংলার সত্যই উপকার করা হবে। তা না হ'লে কতগুলি স্তাবক চিৎকার ক'রে আপনার স্তুতি করছে, তাতে বাংলার সর্বনাশসাধনই করা হবে। আমরা স্তাবকতা করি না, ব্যক্তিগত স্বার্থে আমরা এই অ্যাসেম্বলিতে আসি নি। আমরাই আপনার প্রকৃত বন্ধু, আমরাই সত্য কথা বলি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এই যে বিল এনেছেন তাতে অনেক ভুল আছে। অমিশন আছে, অ্যানোম্যালি আছে, বড় বড় হোম মিনিস্টার, আই.সি.এস, অফিসার আছেন, তৎসত্ত্বেও আপনি স্বীকার করেছেন কমিশনের রিপোর্টে ভুল আছে। সুতরাং সংশোধনেরও প্রয়োজন আছে। মানুষমাত্রেরই ভুল হ'তে পারে, টু এর ইজ হিউম্যান। আপনারও ভুল হচ্ছে, যদিও সেটা আপনি বুঝতে পারছেন না। সেজন্য বলছি, এখনও সময় আছে, বাংলার দাবি আদায়ের জন্য দলগত স্বার্থের ঊর্ধ্বে উঠে, আসুন একসঙ্গে একমত হয়ে বাংলার দাবি আদায়ের জন্য প্রস্তুত হই। যদি আন্তরিক ইচ্ছা থাকে, যদি বাংলার কল্যাণ কামনা করেন, তা হ'লে এই দাবি আদায় ভিন্ন তা হ'তে পারে না। আজ চোখের সামনে আমরা দেখছি শিয়ালদহে কয়েকমাস যাবৎ রিফিউজি ঘুরে ঘুরে মরছে। তারা বাংলার বাইরে যেতে চায় না। প্রতিক্ষেত্রেই প্রমাণিত হচ্ছে তারা বিহার ও উড়িষ্যায় অবহেলিত হচ্ছে। যদি বাংলার প্রতি আপনার দরদ থাকে তা হ'লে আসামের গোয়ালপাড়া, ত্রিপুরা এবং বিহারের অন্তর্ভুক্ত পূর্ণিয়া ইত্যাদির জন্য যে প্রস্তাব দিয়েছি তার প্রয়োজন অবশ্যই আছে। মহারাষ্ট্রের ব্যাপারে বলা হয়েছে যে, পাঁচ বছরের জন্য মহারাষ্ট্র কেন্দ্রীয় শাসনাধীনে থাকবে। এজন্য সেখানকার নেতৃবর্গ অপেক্ষা করেন নি। এই ব্যাপার উপলক্ষ্য ক'রে অনেক সদস্য, এমনকি ভারত সরকারের ফাইন্যান্স মিনিস্টারএর মত প্রিভিলেজড পার্সনড ব্যক্তি, স্পীকার, ডেপুটি স্পীকার এবং [illegible] সদস্য পদত্যাগ করেছেন। কিন্তু আপনাকে আমি পদত্যাগ করতে বলব না। কিন্তু পদত্যাগ করতে না বললেও একথা আজ আপনাকে বলব যে, [illegible] জনসাধারণ এর বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করবে। এটা আমি বলব, আপনারাই স্বেচ্ছাকৃত ত্রুটি। [লাফটার।] হাসির কথা নয়, উপহাসের কথা নয়। মহারাষ্ট্র শিক্ষা দিয়েছে। বাংলার জন-সাধারণও প্রস্তুত। মার্জারের সময় কতগুলি ভাড়াটিয়াকে টাকা দিয়ে জনমত সংগ্রহ করা যাবে। তখন কতক লোক স্বার্থের জন্য এটা সমর্থনও করেছিল। আমি আপনাকে পুনঃপুনঃ অনুরোধ করব, সত্যই বাংলার যদি ভাল করতে চান, তা হ'লে আমাদের দাবি আদায়ের জন্য একযোগে

আমাদের সংগে কাজ করুন। তা যদি না করেন তা হ'লে এই দাবি আদায়ের জন্য অ্যাসেম্বলিতে ও বাইরে আন্দোলন করা হবে। আমি আবারও বলছি, হিন্দু মহাসভা ভারতের শান্তি ও শৃংখলা ব্যাহত করতে চায় না। প্রত্যেক লোক ভারতবর্ষের নাগরিক, কিন্তু বাংলার এই যে নগণ্য দাবি, তাকে প্রাদেশিকতা ব'লে উড়িয়ে দিলে চলবে না।

[6-15—6-25 p.m.]

বাংলা বা বাঙ্গালীর সম্বন্ধে কিছু বলতে গেলেই হয় প্রাদেশিকতা; কিন্তু প্রাদেশিকতা ভারতবর্ষে চলেছে কার সংগে? ভারতবর্ষের কন্সটিটিউশনএর প্রথম আর্টিকেলএ আছে—ইন্ডিয়া, দ্যাট ইজ ভারত। আমি বলি তার সংগে অ্যাড করলে হয়—দ্যাট ইজ ইউ,পি, দ্যাট ইজ শ্রী নেহরু। যারা ঘরের কর্তা হন তাদের দায়িত্ব যথেষ্ট। সৌভাগ্যক্রমে আজ শ্রী নেহরু ভারতবর্ষের প্রধানমন্ত্রী, আর যিনি রাষ্ট্রের প্রধান তিনি বিহারের লোক। এ'দের সেই হিসাবে গুরুতর দায়িত্ব এবং এটা এত গুরুতর দায়িত্ব যে, কোন ছেলেখেলার সেখানে প্রশ্ন আসে না। এখানে হৃদয় নিয়ে অগ্রসর হওয়ার একান্ত প্রয়োজন। রাজ্য পুনর্গঠন প্রশ্নটা সাধারণ ব্যাপার নয়, এটা একটা বর্গাদারী বিল নয় যে, দু'দিন পরে আবার একটা অ্যামেন্ডমেন্ট এনে সংশোধন ক'রে নেওয়া যায়। এটা একটা দীর্ঘস্থায়ী ব্যাপার, কঠিন শ্রমের প্রয়োজন। এ সমস্যার সমাধান যখন কেন্দ্রে এবং প্রদেশে কংগ্রেস শাসন চলছে, তখন সহজেই করা সম্ভব, এবং যা করা উচিত ছিল, দুর্ভাগ্যের কথা সেটা আজ কোথাও হচ্ছে না। বিভিন্নভাবে তারা প্রাদেশিকতার প্রশ্রয় দিচ্ছেন, কিন্তু ন্যায়সংগতভাবে সমস্যা সমাধানের পথে চলছেন না। যদি বিহার, ইউ,পি,র যে অংশগুলি দাবি করেছিল সেগুলি যদি তাকে দেওয়া হ'ত তা হ'লে আমরা যেসমস্ত বিহার অঞ্চল দাবি করেছিলাম, তা পেতে পারতাম। বেশি সময় আমি আর নেব না। শেষ মুহূর্তে ডাঃ রায়কে অনুরোধ করছি, যে রেজোলিউশন দিয়েছেন তার সংগে আমাদের অ্যামেন্ডমেন্টগুলি নিয়ে যেন আমাদের ধন্যবাদভাজন হন। তাঁর সেই পূর্ণ প্রস্তাব যদি কেন্দ্রীয় সরকার গ্রহণ নাও করেন তা হ'লে তখন তাঁর সংগে পরামর্শ ক'রে আমরা স্থির করব কিভাবে, কোন্ কর্মপন্থায় আমরা আমাদের দাবি আদায় করতে পারব।

**Sj. Jyotish Joarder:**

মাননীয় সভাপাল মহাশয়, আমার এই যে সংশোধনী প্রস্তাব, এটাকে যেভাবে আজ আমাকে আনতে হয়েছে, এ সম্বন্ধে আরও যারা ভুক্তভোগী তাদের কাছে শুনেছেন। এই যে Bihar and West Bengal (Transfer of Territories) Bill, 1956 এটা যেভাবে রচিত হয়েছে এবং ডাঃ রায় যেভাবে তার উপরে প্রস্তাব এনেছেন তাতে আমাদের আলোচ্য বিষয় অত্যন্ত সঙ্কুচিত হয়ে গিয়েছে।

বাংলার যে দাবি, ভাষাভিত্তিক প্রদেশগঠনের যে দাবি, সেটা শুধু বাংলার নয়, সমগ্র ভারতবর্ষের দাবি—আর এক কথায় সমগ্র পৃথিবীর গণতন্ত্রের দাবি। কাজেই গণতন্ত্র চাই কিনা এই প্রশ্ন এখানে চ'লে আসে। যদি গণতন্ত্র চাই তা হ'লে গণতন্ত্রের দাবিতে নিহিত তথা ভাষার ভিত্তিতে গঠিত একটা যুক্তিসংগত আঞ্চলিক ডিসেন্ট্রালাইজেশনকে আমাদের পক্ষে অস্বীকার করা চলবে না। এটা একটা মৌলিক কথা। সেইভাবে আজ কিন্তু আসামের কথা আলোচনা করতে পাচ্ছি না। যে যুক্তিতে আমরা বলব পুরুলিয়া চাই, মানভূম চাই, সেই যুক্তিতে আমাদের আসামের বিশেষ বিশেষ অঞ্চলের কথা বলতে হ'ত, কিন্তু সেই দাবি এখন আমরা উত্থাপন করতে পারব না। সেইভাবে এই গন্ডীর মধ্যে থেকে এই প্রস্তাবটি রচনা করা হয়েছে এবং তার সংগে সংগতি রক্ষা করতে আমাদের বাধ্য করা হয়েছে একটা অলঙ্ঘ্য ফ্রেমওয়ার্কএর মধ্যে আলোচনা নিবন্ধ করতে। সেইভাবে আমি এই সংশোধনী এনেছি এবং সেটা প'ড়ে শুনাচ্ছিঃ

"The following be added at the end of the paragraph (a) of the Resolution, viz.,—

'(i) as also the whole of Manbhum district including Chas thana, Chandil thana and Patamda police-station of Barabhum;

(ii) whole of Dhalbhum subdivision including Jamshedpur, Bahargora, Chakulia, Ghatsila and Patka;

(iii) Bengali-speaking area of Santhal Parganas, including Dumka, Pakur, Jamtara and Rajmahal;

(iv) Bengali-speaking areas of Purnea; in pursuance of the principles of language, contiguity and wishes of the people'."

ক্তির দিক থেকে প্রথম কথা যে, আজও ডাঃ রায়, যিনি বাংলার মুখ্যমন্ত্রী, তিনি বারবার পট পরিবর্তন ক'রে পরস্পরবিরোধী যুক্তি নিজের বিরুদ্ধে নিজেই না দিতেন এবং সমগ্র রতবর্ষের মধ্যে এমন একটা কলঙ্কের ইতিহাস সৃষ্টি না করতেন তা হ'লে এ বিল অন্য কারে আসত এবং আমরা এই আলোচনা আজ হয়তো অনেক বেশি পরিষ্কারভাবে করতে রতাম। কেন বারেবারে তিনি বিভ্রান্ত হলেন? তবু শেষ পর্যন্ত জিদের বশে সমগ্র বাংলার নুষকে জেলে পাঠিয়েও যখন তিনি বুঝতে পারলেন যে মহা ভুল তিনি করেছেন তখন তার শোধন তিনি করলেন বিহার-বঙ্গ ভুয়া সংযুক্তির প্রস্তাবকে সরাসরি প্রত্যাহার ক'রে। তারপর ই প্রস্তাবটি এমনভাবে কেন আনলেন না যাতে সমগ্র ভারতবর্ষের মধ্যে ভাষার ভিত্তিতে প্রদেশ ঠন করা উচিত, এই মূলনীতি স্পষ্ট হয়ে উঠত এবং তার ফলে বাংলার দাবি পুরাপুরি খানে আলোচনার সুযোগ পাওয়া যেত? ডাঃ রায় স্বীকার করলেন যে, ভুল তিনি করেছেন বং মার্জার প্রোপোজাল প্রত্যাহার ক'রে নিলেন। কিন্তু আজ কেন প্রস্তাবে এটা দেখতে পলাম না যে, বাংলার দাবি মানে এই নয় যে, সে সামান্য কিছু জমি পেলেই খুশি হবে। াঙ্গালীর দাবি একটা বলিষ্ঠ আদর্শের উপর প্রতিষ্ঠিত। ছলে বলে যেভাবেই হোক, কিছু মি হাতের মুঠোয় পেলেই সে নীরব হয়ে যাবে এমন আদর্শের পেছনে বাঙ্গালী কোনদিনই াটে নি। একটা গভীরতর নীতির উপর ভিত্তি ক'রে অর্থাৎ যাতে ভাষার ভিত্তিতে প্রদেশ ঠন করা হয়, এই ছিল বাংলার দাবি। এস.আর.সি.র রিপোর্টে এ-নীতির কোন বালাই দেখলাম না। ওখানে এই কমিশন একবার বলেছেন, ন্যাশন্যাল সিকিউরিটি, একবার বলেছেন, অ্যাডমিনিস্ট্রেশন, আর আবার এক জায়গায় ভাষার কথাও ব'লে গিয়েছেন। কিন্তু ভাষার একটি মৌলিক দাবি যা, গণতন্ত্রে বিশ্বাসী পৃথিবীর মানুষ স্বীকার ক'রে নিয়েছে, সেটা এই কমিশন বললেন না। বিশেষ ক'রে আমাদের সরকার থেকে যে যুক্তি বারবার শুনে আসছি সেটা হ'ল—এইমাত্র ডাঃ রায় আজ তাঁর প্রারম্ভিক ভাষণে যা বললেন—কংগ্রেস একদিন ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের নীতি গ্রহণ করেছিল। কিন্তু সেই সঙ্গে আবার সেই তার পুরানো ঐক্যের কথা, ভারতের সংহতি ইত্যাদির কথার পুনরাবৃত্তি করতে হয়েছে। আমি বলি, দেশের শ্রীবৃদ্ধি, উন্নতি, নিরাপত্তা—সব কিছুর মূলে আমাদের পরস্পর বুঝাবুঝির কথাটা থাকা দরকার। কিন্তু সেই পরস্পর বুঝাবুঝির জন্যেই ভাষার প্রয়োজন সবচেয়ে বেশি, ভাষাকে মেরে ঐক্য প্রতিষ্ঠা সম্ভব হয় না। সে-প্রকার ঐক্য ইট-পাথরের ঐক্য হ'তে পারে, মানুষের উপর জবরদস্তীমূলক একটা ব্যবস্থা নিয়ে তাদের মধ্যে ঐক্যবন্ধন আনা যায় না। সেখানে ঐক্যের বদলে অনৈক্য, শ্রীবৃদ্ধির জায়গায় অকল্যাণের বীজই বপন করা হয়ে থাকে।

[6-25—6-35 p.m.]

এইজন্য আজ গণতন্ত্রের এই যে ভাষাভিত্তিক রাজ্যগঠনের মৌলিক দাবি, যেটা পৃথিবীময় স্বীকৃত হয়েছে, তারই প্রসঙ্গে সংখ্যালঘুর সংরক্ষণের একটা বিরাট প্রশ্ন এসে পড়ে। কথায় কথায় কংগ্রেসী সরকারপক্ষ বলেন সংখ্যালঘুর কথা; আবার সেই সংখ্যালঘুকে তাঁরা নাকি নানারকম রক্ষাকবচ ক'রে দেবেন। সংখ্যালঘুদের জন্য রক্ষাকবচ করতে হবে। কিন্তু ইচ্ছা ক'রে, খামখেয়ালী ক'রে সাধারণ যে গণতন্ত্রবিদিত নীতি তাকে বিকৃত ক'রে যদি সংখ্যালঘুর সৃষ্টি করা হয়, তা হ'লে সেই কার্যের ফলে অলঙ্ঘ্য নীতি লঙ্ঘনজনিত অপরাধের দণ্ডস্বরূপ ভারতবর্ষের সর্বনাশই হবে সূচিত। পৃথিবীর ইতিবৃত্তে আমরা জানি এই সংখ্যালঘুর ইতিহাস কি দারুন! সেটা গত দুই মহাযুদ্ধে প্রমাণিত হয়েছে এবং সেই শিক্ষা আমাদের মনে রাখা উচিত। এই সংখ্যালঘুর ইতিহাস যে কত বড় ইতিহাস তা চিন্তাশীল মানুষমাত্রেই স্বীকার করেন। কাজেই ইচ্ছা ক'রে সংখ্যালঘু সৃষ্টি করতে হবে, এমন কুবুদ্ধি কারও থাকা উচিত নয়। কাজেই বঙ্গ-বিহারের সীমানার যেটুকু আজকের আলোচ্য বিষয়ের মধ্যে নিবদ্ধ

সেইটুকুর সম্বন্ধে চিন্তা ক'রে দেখতে হবে পশ্চিমবাংলার সঙ্গে তার সীমার সংলগ্নতা আছে কিনা, ভাষার ঐক্য আছে কিনা, এবং সেখানে জনগণের ইচ্ছা অনুকূলে আছে কিনা। যদি এই তিনটি জিনিস থাকে তা হ'লেই ভাষাভিত্তিক প্রদেশগঠন করা উচিত; আর কোন দিক দিয়ে প্রশ্ন উঠতেই পারে না এবং নিরাপত্তা বা শ্রীবৃদ্ধির কোন বিপদই ওপথে আসতে পারে না। এক্ষেত্রে বিশেষ ক'রে আমার অ্যামেন্ডমেন্ট, যে অঞ্চলগুলি নাম এনেছি সেগুলি বিশ্লেষণ ক'রে বলতে পারি যে, সারা ভারতবর্ষে অনেক যুক্তি দেখা দিয়েছে। তার মধ্যে সরকারী নির্যাতনের ফলে বোম্বেতে রক্তের যুক্তি, উড়িষ্যার রক্তের যুক্তি—এই যেসব যুক্তির ঢেউ বয়ে গিয়েছে তার থেকে বাংলার যুক্তি স্বতন্ত্র। আমি যে সংশোধনী এনেছি তার প্রত্যেকটি কথার পিছনে যুক্তি আছে, কিন্তু সে যুক্তি দেবার সময় আমি আজকের বিতর্কে পাব না স্পীকার মহাশয় সেকথা জানিয়ে দিয়েছেন। সেইজন্য সভাগৃহের সামনে একটিমাত্র উদাহরণ তুলে ধরব। আমার সংশোধনীতে যেকথা বলা হয়েছে তা প্রথমে নিচ্ছি। ধরা যাক ধলভূম। ধলভূম নিয়ে কথা উঠেছে যে "ধলভূম ইনক্লুডিং জামসেদপুর"; জামসেদপুরের কথা যখন বলা হয় তখন প্রশ্ন তোলা হয়ে থাকে অর্থনৈতিক সঙ্কটের কথা যে তাতে বিহারে অর্থনৈতিক সঙ্কট এসে যাবে। কিন্তু এই সঙ্কটের কথা যাঁরা বলেছেন তাঁরা তাঁদের মনগড়া যুক্তির পিছনে কি মতলব আছে তা প্রকাশ করেন নি। তাঁরা দেশের মানুষের কাছে কতকগুলি বাজে কথার অবতারণা করেছেন মাত্র। কিন্তু আমি বলব জামসেদপুর এবং ভারতবর্ষের আরও যেসব শিল্পকেন্দ্র আছে, এই শিল্পকেন্দ্রগুলির উপরে ট্যাক্সেশন মেজার, সে কেন্দ্রের হাতেই রয়েছে। কেন্দ্র সেই ট্যাক্স যখন বিতরণ করেন তখন বিহারের লোকেদেরই সেইসমস্ত টাকাপয়সা দিয়ে আসেন না। কারণ কেন্দ্র পপুলেশন বেসিসএ সেই ট্যাক্স বিতরণের ব্যবস্থা করেন; তা না হ'লে তো রাজপুতানার মানুষকে মরতে হয় এবং তাদের বাঁচবার অন্য উপায় থাকত না। এইভাবে সমস্ত ভারতবর্ষকে বস্তুত ডেভেলপ করা হচ্ছে কিনা তা স্বতন্ত্র কথা। কিন্তু পাঁচশালা পরিকল্পনা যা রচনা করা হয়েছে তার অর্থ আর যাই হোক, এইটাই তার নৈতিক ভিত্তি। কারণ সমস্ত ভারতবর্ষের শ্রীবৃদ্ধির জন্য পাঁচশালা পরিকল্পনা। সেইজন্য যেখানে উন্নতির অভাব, সেখানে সমগ্র ভারতবর্ষের উন্নতির জন্য কেন্দ্রের হাতে যে ট্যাক্সেশন ক্যাপাসিটি সেই ট্যাক্স বিতরণের অধিকার তা পপুলেশন অনুসারেই দিতে হয়। কাজেই আজকে জামসেদপুরের কথা বা ধলভূমের কথা যদি চিন্তা করতে যাই তা হ'লে দেখতে পাই, এতে যে বিহারের অর্থনৈতিক সঙ্কট আসবে, একথার মধ্যে কোন যুক্তি নাই। তা হ'লে প্রথম কথা এসে পড়ে যে, জামসেদপুরের যে শিল্পের উন্নয়ন সেটা গোটা ভারতবর্ষের শিল্পোন্নয়নের একটা অঙ্গ। সেটা বিশেষ ক'রে বিহারের একটা একাশ্রিত অঙ্গ নয়। সেটা যদি বাংলার অংশেও যুক্ত হয় তা হ'লে তাতে ভারতবাসী হিসাবে বাংলারও যেমন অধিকার বিহারেরও তেমনি অধিকার থাকবে। সেই হিসাবে জামসেদপুর আমি দাবি করেছি এবং ধলভূমও সেই ভাষাভাষী অঞ্চল ব'লে আমরা সেটা দাবি করেছি। অঞ্চল বিচারের একক হিসাবে কেউ বলেছেন ডিস্ট্রিক্টের নিচে নামব না, আবার একদল বলেছেন গ্রাম পর্যন্ত নামব। এই এককের একটা মানদণ্ড নির্ধারণ অবশ্য কর্তব্য। নীতিহীন খামখেয়ালীর পথে এদিকে বেশি দূর অগ্রসর হওয়া যাবে না। সেই এককের সংজ্ঞার দৃষ্টিতে আমরা শুধু দেখব যে, সেটা বাঙ্গালীপ্রধান বা বাঙ্গালী-অধ্যুষিত কিনা। যদি ধলভূম সাবডিভিশনের কথা চিন্তা করি তা হ'লে দেখতে পাই সেটা বাঙ্গালী অঞ্চল এবং ভাষাভিত্তিক প্রদেশগঠনের দিকে সেটা সংলগ্ন অঞ্চল। সে সম্বন্ধে কারও দ্বিমত নাই। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ যিনি নাকি আজ রাষ্ট্রপতি তিনি নিজে সেখানে গিয়ে একবার সভা করেছিলেন এবং হিন্দীতে বলতে শুরু করেছিলেন। কিন্তু কেউ তাঁর কথা বোঝে নি। তখন তাঁকে বাধ্য হয়ে বাংলা-ভাষাতে বলতে হয়। কিন্তু শেষ পর্যন্ত তিনি একটা মন্তব্য করেছিলেন যে, সেখানে হিন্দী প্রচার সম্মেলনের কাজ কিছু হচ্ছে না। এ মন্তব্যের তাৎপর্য বোঝা শক্ত নয়। এমনি সব লজ্জাজনক অপকীর্তির বিবরণ আরও কিছু দেখা যায় জামসেদপুর ও ধলভূম সম্বন্ধে। তাই দেখি শুধু বাংলাকে নিয়ে এমনি একটা ষড়যন্ত্র চ'লে এসেছে। এই ষড়যন্ত্র থেকে মুক্তি পাবার সময় আজ এসেছে। তাই বলছি, অর্থনৈতিক দায়িত্বের কথা তুললে বলতে হয় জামসেদপুরের [illegible] দায়িত্ব যেমন বিহারের তেমনি সারা ভারতবর্ষের। কাজেই জামসেদপুর যদি বাংলায় এসে যায় তা হ'লে বিহারের আনুষঙ্গিক লায়াবিলিটিও ক'মে যাবে পপুলেশন বেসিসএর দিক দিয়ে। সেইজন্য যে অর্থনৈতিক দায়িত্বের কথা তুলেছেন সেটা টেকে না।

তারপরে ধলভূমকে নিয়ে আর একটা বীভৎস ব্যাপার দেখতে পাই। ধলভূম বাংলার সংলগ্ন ভাষাভিত্তিক অঞ্চল এবং জনসাধারণও সেখানে চায় বাংলায় আসতে এবং এস, আর, কমিশন স্বীকারও করেছেন যে, সেটা [illegible] অঞ্চল। তা সত্ত্বেও সেটাকে বাংলাতে যুক্ত হতে দেওয়া হচ্ছে না। অপর দিকে যে খরসোয়ান ও সেরাইকেল্লা উড়িষ্যার অংশ, যা এস, আর, কমিশন না মেনেও পারেন নি যে সেটাকে উড়িষ্যার সঙ্গে যুক্ত ক'রে দেওয়া যেতে পারে। কিন্তু যেহেতু খরসোয়ান ও সেরাইকেল্লা উড়িষ্যাকে দেওয়া হবে না সেইহেতু ধলভূমকেও বিহারের অন্তর্ভুক্ত রাখতে হবে। তা না হ'লে খরসোয়ান ও সেরাইকেল্লার সঙ্গে বিহারের ভৌগোলিক যোগাযোগ থাকে না। কাজেই ধলভূমকেও সঙ্গে সঙ্গে বিহারকে দিয়ে দেওয়া হয়েছে। তা হ'লে বোঝা যায় যে, কেমন তাঁদের যুক্তি। যেহেতু খরসোয়ান ও সেরাইকেল্লাকে উড়িষ্যার হাত থেকে নিতে হবে সেইহেতু ধলভূমকেও রাখতে হবে বিহারের হাতে; সেই একই উদ্দেশ্যে ভাষাভিত্তিক প্রদেশ গঠনের দাবিকে অগ্রাহ্য ক'রে উড়িষ্যাকে খরসোয়ান ও সেরাইকেল্লা থেকে বঞ্চিত করার পিছনে এবং বাংলাকেও ধলভূম থেকে বঞ্চিত করার পিছনে কোন নীতির বালাই নাই। তারপরে সরকারপক্ষ বলেছেন, জামসেদপুরে একটা ফ্লোটিং পপুলেশন ব'লে পপুলেশন আছে। সেটা তো বাংলার সমস্ত ফ্যাক্টরি অঞ্চল ঘুরলেও দেখতে পাওয়া যায়। আজ যে জামসেদপুর প্রসঙ্গে বিহারী বেকার-সমস্যার কথা বলা হয়, সেই বেকার-সমস্যা একটা রাজ্যগত সমস্যামাত্র নয়, সেটা সর্বভারতীয় সমস্যা। বাংলার বেকার, বিহারের বেকার, পাঞ্জাবের বেকার সব একসঙ্গে ভাবাই শ্রেয়। আসল কথা, সারা ভারতবর্ষের যদি বেকার-সমস্যার সমাধান করতে চাই, শিল্পের উন্নয়ন করতে পারলে সে সমস্যার সমাধান হয়। আমরা চাই বিহারের বেকার-সমস্যার সমাধান হউক, পাঞ্জাবের বেকার-সমস্যার সমাধান হউক এবং সমস্ত ভারতের এই সমস্যার সমাধান হউক শিল্পের প্রসার হউক। সেখানে একেকে বঞ্চিত ক'রে অপরকে সম্মুখ করবার কথা উঠবে না। কিন্তু এখানে যে বলা হয়েছে যে, বিহারের এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল ক্ষতিগ্রস্ত হবে—একথাটা কি একটা যুক্তি হ'ল? আমি বলব বাংলায় এসে পরীক্ষা ক'রে দেখুন। এ বিষয়ে আমার চেয়ে ডাঃ রায় বেশি জানেন। এখানে যেসব বৃহৎ ইন্ডাস্ট্রি আছে তাতে বাঙ্গালী কর্মীর সংখ্যা মাত্র শতকরা ৩৭।

[6-35—6-45 p.m.]

শতকরা মাত্র ৩৭ জন বাঙ্গালী। বৃহত্তর শিল্পকেন্দ্র এলেকায় মাত্র ৩৭ জন শতকরা বাঙ্গালী আর অবাঙ্গালী ৬৩ ভাগ। তা হ'লেও এই নিয়ে ঝগড়া করছি না, এই নিয়ে কোন কথা বলছি না। ভারতবর্ষে মানুষ যোগ্যতা নিয়ে কাজ করবে, খাবে-দাবে, তাতে আর কথা কি? যেহেতু একজন অবাঙ্গালী, সেইহেতু বাংলাদেশে কাজ ক'রে খেতে পাবে না এইরকম সঙ্কীর্ণতা বাঙ্গালীর হৃদয়ে কোনদিন আসবে না। তাই বলছি শুধু জামসেদপুরের কথা নয়, গোটা বাংলাদেশের কথাও যদি চিন্তা করি তা হ'লেও দেখব শিল্পাঞ্চলে যেসমস্ত মানুষ কাজেকর্মে নিবদ্ধ আছে সেইসমস্ত মেহনতী মানুষের সংখ্যায় বাঙ্গালী মাত্র ৩৭ জন আর বাকি ৬৩ জনই অবাঙ্গালী। কাজেই এই সম্পর্কে ভয়ের কোন কারণ নাই। জামসেদপুরে ফ্লোটিং পপুলেশন যারা কর্মে নিবদ্ধ আছে তাদের চাকরি চ'লে যাবে জামসেদপুর বাংলায় এলে—এরকম ভয়ের কোন কারণ নাই। সুতরাং গণতন্ত্রের দিক থেকে বিচার ক'রে যেসমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চল বাংলার সংলগ্ন আছে জনসাধারণের ইচ্ছানুযায়ী সেই সংলগ্ন এলেকাগুলি বাংলাকে দিতে হবে। জনসাধারণের ইচ্ছার দিকে লক্ষ্য রেখে আমার সংশোধনী প্রস্তাবে যে কয়টি স্থান দাবি করা হয়েছে সেগুলি বাংলাকে দিতে হবে। এবং তার সঙ্গে আর একটি বিল আনতে হবে। সেই বিলটার উদ্দেশ্য হবে আসামের মধ্যে যেসকল বাংলাভাষাভাষী অঞ্চল প'ড়ে আছে সেই অঞ্চলগুলি বাংলার সঙ্গে যুক্ত করার জন্য আর একটা বিল আনতে হবে। এই দাবি আমি সভাগৃহের কাছে এবং ডাঃ রায়ের কাছে রাখলাম। আমি আবেদন করছি যে, বিশেষভাবে চিন্তা ক'রে দেখেশুনে আমার এই সংশোধনী প্রস্তাব মন্ত্রিমণ্ডলী গ্রহণ করুন—এই দাবি ক'রে আমার বক্তব্য শেষ করছি।

**Sj. [illegible] Kumar Chaudhury:**

মিঃ স্পীকার, স্যার, আমার যে অ্যামেন্ডমেন্ট আছে সেটা হচ্ছে এই—

"(a) That clause 3(1) of the Bill be suitably revised so as to provide that the whole district of Manbhum; the subdivision of Dhalbhum in the district of Singhbhum; the Bengali-speaking areas of the Santal Parganas, Pakur and Jamtara subdivisions"

কিন্তু এ জায়গায় সেমিকোলন পড়ে গেছে

"and the territories comprised in that portion of the Purnea district which lies to the east of the Mechi river up to the point of intersection of the Mechi river with the Mahananda river, and thereafter to the east of the Mahananda river up to the point of intersection of the Mahananda river with the border of the Malda district shall be added to the State of West Bengal".

সুধীর রায়চৌধুরী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটার সঙ্গে অনেক মিল আছে। উনি কতকগুলি থানা পার্টিকুলারলি বলেছেন সেটাকে আমি সমর্থন করি। অপর অনেকেই বক্তৃতা ক'রে গেছেন। পুরানো জিনিসগুলি এখানে বলতে চাই না। আমি কেবল কতকগুলি জিনিস দেখাতে চাই যেগুলি কংগ্রেসের যাঁরা মেম্বার আছেন তাঁরা পূর্বে বলেছিলেন। সেই স্পীচগুলি তাঁরা কি দয়া ক'রে একবার দেখবেন? আমি একটা একটা ক'রে পয়েন্ট রেফার ক'রে যাব। যেমন আমরা ওকালতি করি—বিপক্ষের সাক্ষীদের জবানবন্দী দেখে রেফার করি, তেমন এখানে ও'দের ১৫ জন বক্তা কি বক্তৃতা ক'রে গেছেন, তাঁরা প্রত্যেকে কি কি বলেছেন সেটা আমি দেখিয়ে দেব। [দি অনারেবল ডাঃ অমূল্যধন মুখার্জি: এখানে ওকালতি করবেন নাকি?] এইসব কথাগুলি ব'লে যদি আবার তাঁরা ফেরান, তা হ'লে বড় দুঃখের কথা। শ্রীশঙ্কর মিত্র মহাশয় ব'লে গেছেন—

"firstly, the district of Manbhum: secondly, the subdivision of Dhalbhum in the district of Singhbhum; thirdly, the Bengali-speaking areas of the Santhal Parganas including the catchment area of the river Ajoy; fourthly, the Bengali-speaking areas in the district of Purnea keeping in view the administrative needs and communication requirements of West Bengal; and fifthly, the district of Goalpara in Assam".

আরও আছে সেগুলি বলতে চাই না। তারপর শ্রীযুক্তা মীরা দত্তগুপ্তা বলেছিলেন—

"The inclusion of all Bengali-speaking areas is one which has agitated the minds of Bengalees for many years"

আবেগময়ী ভাষায় তিনি বলেছেন—

"amongst these are Dhalbhum subdivision, the whole district of Manbhum, the Santhal Parganas, specially Dumka, Pakur, Jamtara and Rajmahal, the portion of Purnea district to the east of Mahananda, Goalapara and Cachar districts of Assam and Tripura."

এইসব কথা বলেছেন। আমি শুনতে চাই, কি এমন কারণ ঘটল যার জন্য তাঁরা এটা থেকে ফিরে যাচ্ছেন? জনাব লুৎফল হক বলেছেন, "আমি একথা বলব, প্রথমত বহুদিন থেকে বাংলার দাবি হচ্ছে বাংলার যে এরিয়া বিহার বা উড়িষ্যা, আসামের যেখানেই থাকুক না কেন, তার দাবি ফিরিয়ে দিতে হবে" এই তাঁর স্বীকার। তারপর শ্রীকুমার ব্যানার্জি মহাশয় বলেছেন—

"But, Sir, the Commission has been afraid of the logical sequence of their own theory and so far as Manbhum is concerned they have artificially divided the district into two parts and have taken the cases of Manbhum Sadar and of Dhanbad separately and have maintained that Dhanbad has a majority of Hindi-speaking population. It was their clear duty to have ascertained the extent of the floating population".

তাঁর মত হচ্ছে ধানবাদ, জামশেদপুর, ধলভূম সাবডিভিসনের সমস্তই বাংলাতে আসা উচিত। পূর্ণিয়া সম্বন্ধে তিনি বলেছেন—

"Santhal element in Rajmahal has deeper affinity with Bengali language and culture, etc. Therefore the areas of Rajmahal and Pakur are much more necessary to Bengal from the administrative point of view than they are to Bihar."

তারপর হ'ল বসন্তলাল মুরারকা মহাশয়। তিনি বলছেন—

"At this time of crisis we demand back all Bengali-speaking areas of Singbhum, Manbhum, Santhal Parganas, Purulia, Goalpara, Cachar, etc. That is what was our demand and it was justified."

মহেন্দ্র মাহাতো বলেছেন—তিনি হচ্ছেন মেদিনীপুর জেলাবোর্ডের চেয়ারম্যান—তিনি ঐ কথাই বলেছেন; ধলভূমে অত্যাচার হচ্ছে সবগুলিই তিনি বলেছেন। কিরকম সেখানে অত্যাচার হচ্ছে চিঠি নিয়ে তিনি সব দেখিয়েছেন। তিনি ঐগুলি সবই দাবি করেন। তারপরে নরেন সেন মহাশয় বলেছেন—

"Let us first take the case of Manbhum district. It consists of two sub-divisions, viz., Purulia and Dhanbad. But the Commisison has curiously mentioned each of them as a sub-district, thereby introducing a new factor quite unknown to the administrative history of India. The entire Dhanbad subdivision should also therefore be transferred to West Bengal."

[6-45-6-55 p.m.]

ধলভূম সম্বন্ধে বলেছেন, সেটা আসা উচিত ছিল। এখানে বলেছেন—

"Sir, on linguistic claims the Bengali-speaking areas of Santhal Parganas should be amalgamated with West Bengal. The people of this area, whether tribal or non-tribal, are people of cultural and linguistic homogeneity with West Bengal. The entire Dhalbhum subdivision should, therefore, be transferred to West Bengal."

তারপর হচ্ছে রাখহরিবাবুর বক্তৃতা। তিনিও সেই কথাই বলেছেন। তারপর প্রিয়রঞ্জন সেন মশাই বলেছেন—

"I only say that I have been a student of Singhbhum district and I know Manbhum also. The villages of Dhalbhum that are now in Bihar are villages where the preponderating element of population is Bengalee. Since 1912 there have been systematic attempts to rub out the Bengali character of Manbhum and Singhbhum."

তিনি বলছেন, এগুলি আমাদের মধ্যে আসা উচিত। এমনকি বৈদ্যনাথবাবু পর্যন্ত সেই কথা বলেছেন। পীযূষকান্তি মুখার্জি মশাইও সেই কথাই বলেছেন। তারপর কেশবচন্দ্র মিত্র মহাশয়ও বলেছেন যে,

"Step-motherly treatment meted out to Bengal."

তারপর জগন্নাথবাবু বলেছেন ভাল কথা—

"Evil days have befallen West Bengal. That is why 4½ crores of their very kith and kin speaking the same language have become foreigners to them inhabiting the territories of East Pakistan, and West Bengal is, with a begging bowl, seeking the return of the Bengali-speaking areas such as Purnea, Manbhum, Dhalbhum, Santhal Parganas which had been ceded to Bihar in 1912 as an alternative to the annulment of Bengal partition of 1905."

তাঁর দাবিতে আছে—

"The entire Kishanganj subdivision of the Purnea district and the thanas of Gopalpur, Kadoa, Amur and Katihar of the Sadar subdivision of

**Purnea district, the Jamtara, Dumka, and Rajmahal subdivisions of Santhal Parganas, the whole of Manbhum district, the Dhalbhum subdivision of the Singhbhum district."**

সেগুলি আমরাও দাবি করছি। তারপর আনন্দবাবুর লাস্ট বাট নট দি লিস্ট, তাঁর নাইস স্পীচ দিয়েছিলেন—

"Bengal demanded a part of Bihar and a part of Assam and behind that demand they had good arguments which could have been easily accepted. At first, they said that a district should be treated as a unit. That principle was later on given up. Subdivision was then to be treated as a unit; later a thana area was excluded from a subdivision."

তিনি এখন ভুলে যাচ্ছেন। তিনি বলেছেন—

"Bengal put forward the demand for the entire area of Manbhum and asked for Bengali-speaking areas to be given to Bengal".

এটাই আমরা সাপোর্ট করতে চাই। তারপর গোয়ালপাড়া, পূর্ণিয়া, চাস থানা ইত্যাদি সবই তিনি তখন বলেছেন। এখন কেন বলছেন না? এখন আমার কথা হচ্ছে তাঁরা যেটা বলেছিলেন তাতে স্টিক করুন। তা হ'লে আমাদের বলবার কিছু থাকবে না। যেটুকু আমরা পাচ্ছি সেটুকু নেব না এমন কথা আমরা বলছি না। তাঁরা তাঁদের প্রিভিয়াস স্টেটমেন্টগুলি যেন দয়া ক'রে ভাল ক'রে দেখেন। যাতে চিরকালের জন্য বাঙ্গালীর নাম না ডুবে যায় সেদিকে লক্ষ্য রাখবার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। আজকে প্রধানমন্ত্রীকেও আমি অনুরোধ করছি, আসুন, সকলে একসঙ্গে মিলে দাবি জানাই। কারণ, আজকে পশ্চিমবাংলার নাভিশ্বাস উঠেছে। এই সময় আমি সকলকে বিচার করতে বলছি এবং আমাদের যা ন্যায্য দাবি তা সমবেতভাবে সেন্টারএর কাছে উত্থাপন করতে দাবি জানাচ্ছি। সেন্টার তো বরাবরই আমাদের সঙ্গে স্টেপ-মাদারলি ব্যবহার করছে। এই সময় যদি আমরা একসঙ্গে না দাঁড়াতে পারি তা হ'লে বাংলাকে বিসর্জন দেওয়া হবে। কংগ্রেস প্রতিষ্ঠান ট্রাস্টীস্বরূপ ছিলেন, তাঁদের ট্রাস্টএ সম্পত্তি ন্যস্ত ছিল। এই ন্যস্ত সম্পত্তি আবার আমাদের ফিরিয়ে দেওয়া হোক। বাঙ্গালী বাঁচতে চায়। আজ বাংলার দুর্দিন। আপনারা বাঙ্গালীকে বাঁচতে দিন। ন্যস্ত সম্পত্তি ফিরিয়ে দিন।

## Adjournment.

The House was then adjourned at 6-55 p.m. till 3 p.m. on Thursday, the 5th July, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 5th July, 1956, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 201 Members.

[3—3-10 p.m.]

## Notice of an adjournment motion.

**Sj. Ambica Chakrabarty:**

মিঃ স্পীকার, স্যার, আমি একটা এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম, সেখানে আপনি লিখেছেন "আই উইথহোল্ড কনসেন্ট"।

**Mr. Speaker:** I myself referred to the Minister. He has agreed to make a full statement next week. If after the statement, you still think that discussion is necessary, I shall fix the time next week. So, in that view of the matter, there is no need for adjournment motion.

## GOVERNMENT RESOLUTION.

### Resolution on the Bihar and West Bengal (Transfer of Territories) Bill, 1956.

**Sj. Haripada Chatterjee:** Mr. Speaker, Sir, I apologise to the House for speaking in English. You know, Sir, on principle I prefer to speak in Bengali. Bengali is my mother-tongue. I feel at home when I speak in Bengali. But, Sir, there is one difficulty. Bengali stenography is not yet perfect and we shall have to correct the mistakes that creep into in our speeches and, Sir, time is very short. You, Sir, also have requested me to speak in English and I, therefore, comply with your request.

You know, Sir, I am a much-travelled man. I have travelled all over India in her every nook and corner. I hold that India is one, India is indivisible. Sir, I have been to Amarnath and I have been to Cape Comorin. The other day I had been to the top of the Shinghalila Hill from where you can see without any barrier the everlasting snows. From there I came down direct to Rameshwar and Dhanushkodi. I had been to Dwaraka, I had been to Kamakshya, I had been to Nilachal. Sir, in my early boyhood I travelled with Netaji when he went in search of a *guru*. I toured the whole of Northern India on foot. Sir, the whole Indian panorama is before me and I see that our unity springs from infinite variety and diversity. It is not the dull, grey monotony of the desert, but it is rather like the colourful waters that I saw in the South at Cape Comorin—there the waters meet but they never mingle, every wave is different as if the ocean in million hands was clapping and singing the praise of Mother India. Look at the conception of our unity. When I was in the Himalayas, I saw the temple of Mahadeb and when I went to Cape Comorin I saw the same thing, when I went to Rameshwar I saw the temple of the same great god. This unity our forefathers planned—unity in diversity. You know Parvati of the Himalayas is the eternal virgin at Cape Comorin. But, now, Sir, we are told by our present Delhi leaders—Delhi gods—that those who demand linguistic provinces are creating disunity in the

country. But, Sir, they are working against the urge of history. Our religious unity is of ages, but our political unity is of recent times, as the Poet Rabindranath has said, as even our Pandit Nehru has said in his "Unity of India". That unity has to be tended, that has to be nursed. Sir, if one rides roughshod over the sentiment and solidarity of a province, one will destroy the unity. It is not, Sir, that those who demand linguistic provinces are creating disunity, but those who are opposing it. The Congress so long voiced the sentiment of the people when Congress demanded linguistic provinces. Now, our present rulers have stepped into the shoes of our erstwhile British rulers and in every matter they are imitating them. Sir, I wonder what will be in store for us in future. They divided the country for getting power in their hands and now what are they doing? They are taking every people to task because they want their natural growth. Sir, when the Bengalees are lingualised in the adjacent Bihar Province, they keep their eyes shut, they do not say anything, but when we demand our Bengali-speaking people to join Bengal, they put forward all sorts of pleas. Sir, the Britishers divided Bengal many times. The Britishers had their own objects and aims. They had their own urgency of doing that. They did not like politically-minded Bengal. But what we find is that our present rulers are also doing that even now. They are destroying the unity of India. As Rabindranath has said:—

"তপস্যা বলে একের অনলে বহুরে আহুতি দিয়া
বিভেদ ভুলিল জাগায়ে তুলিল একটি বিরাট হিয়া।
সেই সাধনার সে আরাধনার যজ্ঞশালার খোল আজি দ্বার
হেথায় সবারে হবে মিলিবারে আনত শিরে
এই ভারতের মহামানবের সাগর তীরে।।"

They forget that. Here they are creating new troubles. Even Pandit Nehru is so power-puffed that he also does not realise his mistakes. Sir, to err is human. Even Mahatma Gandhi, when he erred, sometimes admitted that he had committed Himalayan blunders. The difference between Mahatma Gandhi and this world figure, Pandit Nehru, is that if the latter takes something into his head, he will stick to it, he will be very obdurate, he will not rectify his mistakes. He would not allow Andhra to be a separate province, but he had to do it, he had to eat the humble pie when Saint Ramalu gave up his life for the creation of Andhra State. He is doing the same thing in the case of Bombay too. Let Maharashtrians behave first and then he will condescend to give Bombay to them. What sort of dictatorship is this? He made friendship with Chiang-kai-shek, but where is he now? That is because he stood against the urge of history, he is nowhere now.

I hold Pandit Nehru to be at the root of all these troubles. All this plea of security, all this financial viability—all this is nonsense. If it is really so, then why is this principle of forming linguistic provinces applied to the South and to other places but not in our case? What is sauce for the gander should be sauce for the goose as well. But Sir, they are now out—Heroding Herod himself. They have now stepped into the shoes of the Britishers and now they are doing wonderful things.

[3-10—3-20 p.m.]

Sir, I do not blame only Pandit Nehru. This is true of all our U. P. leaders and kings. They think that they are the Prussian Junkers of

**India and they think that they have a right to dictate to the whole of India and whatever they think best we shall have to accept. They will decide in what language we shall speak, they will decide the boundaries of our province.**

**Let me now come down to the brass tacks and let me now examine the doings of the Chief Minister. He is a benevolent patriot as our papers the other day described him as a Bhakta, described him as Jugabatar.** Sir, we meet to discuss again within a few months a very vital problem affecting West Bengal, namely, the question of boundary adjustment. We met in December last to discuss the report of the States Reorganisation Commission, both sides of the House eloquently pointed the incongruities, absurdities, defects and favouritism that the States Reorganisation Commission Report contained. It was amply pointed out that the Commission deliberately refused to apply to West Bengal some of the principles that they themselves had applied elsewhere. It was sufficiently shown that the Commission was highly prejudiced against West Bengal and strongly biased in favour of Bihar. We had hoped that the demand made almost unanimously in this House would be pressed with strength and vigour and justice would be secured for West Bengal. Little did we dream then that disastrous events were to follow and there was going to be a great betrayal at the cost of our own province. In fact, we had an inkling of this when the Government decided not to press any resolution demanding a radical modification of the States Reorganisation Commission recommendations but merely to send up the proceedings. You also made a mistake, Sir, as is generally the case that even our best friends often throw us down. You, Sir, then did not allow us to bring any amendment saying that when the Bill would come, the amendments would be allowed. How can you, Sir, help us now? How in this Bill we can demand Bengali-speaking areas from Assam? All the provinces have brought in amendments but you in your wisdom did not allow it then. I am sorry to say that as the custodian of the privileges of the House, you had thrown us down. Later events outshadowed this small act. In January, Dr. Roy, without any authority whatsoever and even without consulting his Cabinet, suddenly gave up the Chandil Revenue thana as also the Patamda police-station at the request—an astounding request—made by Mr. Ghandy of the Tatas. The plea was that the Dimla Water Reservoir from which the Tatas draw their water-supply should be in Bihar since Jamshedpur was remaining in Bihar. What an unreasonable request! As if West Bengal would have poisoned the water—what an insult to West Bengal! Moreover, has anyone ever heard that the small water-supply of a town requires a huge catchment area? The request should have been turned down at once. Strangely enough, Dr. Roy conceded all on his own, not only the entire Chandil Revenue thana comprising of the two police-stations of Chandil and Ichagarh but also the police-station of Patamda. A glance at the map would have shown that this was entirely unnecessary. If anything was at all to be given for providing a catchment area, then a small portion of Chandil would have been sufficient. But instead it was said

"যা চেয়েছ তার বেশী কিছু দিব—বেণীর সহিত মাথা।"

We would have no objection at all if that would have been Dr. Roy's head but unfortunately it is the head of West Bengal. He had no right to do so. Little did he think that in doing so he is cutting out the only road link between Purulia and Bandwan police-stations, thus turning it into an inaccessible pocket but more about this I shall speak later on.

**Then came the astounding proposal of the merger. Not having been satisfied with constantly giving up what is West Bengal's due, Dr. Roy proceeded to give up West Bengal altogether and**

completely efface the name of West Bengal from the map of India. Sir, words cannot be strong enough to condemn this grossest act of betrayal. There was no logic behind it, no sentiment behind it, no benefit accruing from it, no welfare of Bengal is possible from it. It only opened up before West Bengal a dark and dismal vista of endless suffering and persecution, of constant effacement, of arrested growth and crippled development of economic exploitation and linguistic and cultural oppression. To the young men of West Bengal goes our salutation for resisting this thoroughly evil move by courting imprisonment in thousands. To the electors of North Calcutta goes our homage for inflicting a smashing defeat on the Congress candidate. Dr. Roy had to eat the humble pie and beat a hasty retreat. But where is now his promise to resign in case his merger proposal fell through? Dr. Roy has talked of democracy. He is saying that in giving up his merger proposal he is obeying the wishes of the people. A great democrat as he is, let us ask him: "What happens in really democratic countries"? When the private conscientious opinion of a Minister clashes with the majority view does he not step down? Is it possible in any other country to find a conscience so pliable and stretchable as to follow public opinion even when it clearly conflicts with your strongly expressed public opinion? A conscience indeed! We in this country will have to discover new definitions for these words.

It is not unnatural therefore that against this background we would get nothing or next to nothing. In fact, that has actually happened. The West Bengal-Bihar (Transfer of Territories) Bill seeks to transfer a very small area in Kishenganj and another small bit of territory in Purulia. In the Kishenganj subdivision the area that lies to the east of Mahananda is going to be transferred to West Bengal. Coming lower down the national highway would be the boundary in the Gopal Revenue thana, the national highway remaining in West Bengal. I am, Sir, staggered at the colossal ignorance and the unpardonable flippancy that both the States Reorganisation Commission and the Central Government have displayed in the matter. Do they not know that the Mahananda enters Pakistan Jalpaiguri near Tetulia and if we have to follow this line, we can have no link at all? Were maps never consulted? Did nobody ever seriously apply their mind? Now, Sir, the West Bengal Government comes before us with the proposal that the Mechi River should be the boundary line. We agree, but ask what were the West Bengal Government doing so long? Have they pointed out, before this, the utter incongruity of the whole situation to the Central Government? Would they not get it modified before the Bill was published? Is this a sample of Dr. Roy's much-vaunted pull with the Centre? If so, God save us.

Lower down the West Bengal Government have demanded that not the national highway but the Mahananda should be the boundary line so that there can be an outlet from Malda as well. We support this demand. In fact a road cannot in any sense be a proper boundary. Can smuggling be checked or inter-State crime be prevented when one can evade the law by merely stepping across an unguarded road?

[3-20—3-30 p.m.]

I now turn to the Purulia area. As hinted earlier, Dr. Roy has created an impossible situation for the Bandwan thana by allowing Patamda thana, a Bihar territory, to sit astride the only road connecting Purulia with Bandwan. Again, Sir, maps were never consulted, geography was never considered to be a factor. Have the Government ever examined whether it

geographically possible to construct another circuitous road avoiding [Pa]tamda? I know the answer must be in the negative. Why should not [we b]y demand that the road as also the bit of Patamda, about 30 square miles, [lyi]ng to the east of the road should also come to West Bengal? Dr. Roy [ne]ver examined these factors when he impulsively gave up the entire [Pa]tamda police-station. But this House must demand that there must be proper contiguity with Bandwan.

Sir, this is for the area we have received, but let there be no mistake about the fact that West Bengal will never accept this as final. We welcome what we get now and we must continue to fight for the redress of our just grievances. All the arguments previously advanced in this House about Chas, Dhanbad, Dhalbhum, Santal Parganas, etc., stand. Ours is a just cause and justice cannot be permanently denied except at the permanent peril of the powers that be. History is full of such warnings. Let the high-ups take that lesson. We know they are out to cripple West Bengal. We know railways would be regrouped, even if unnecessary, merely to pamper Uttar Pradesh and to cripple West Bengal; we know the big headquarters would be shifted from Calcutta; we know that Bombay would be the insurance headquarters of India in spite of Dr. Roy's efforts; we know that there would be no Ganga Barrage and Vizag would be developed as an alternative port; we know that justice will be denied to West Bengal by the present Central Government; but we also know that India cannot go on in this fashion except at her own peril. Indian unity must be based on impartial justice. If some parts are denied justice there must arise such dangerous fissiparous tendencies which must split up India into hostile camps. Those who are crying hoarse about Indian unity should not forget this fundamental fact; forced unity based on injustice cannot last long. When I demand that justice should be done to West Bengal I do so not merely for the sake of West Bengal but for the sake of India as well. Those who are out to soft-pedal the claims of West Bengal for pleasing the present gods of Delhi are the worst enemies of Indian unity.

They talk about security. The States Reorganisation Commission says that Assam is a boundary province and, therefore, Assam should be given this and Assam should be given that—they advance all those arguments. I claim that Bengal is the boundary province. In Assam for six months in the year there is no link between Assam and Bengal. If we cannot guard Bengal, then all talk of boundary province should be given up. It is from Bengal that we can guard the honour, dignity and prestige of our country. What is happening in Assam—the Nagas are there—look at their plight. It is Bengal who can guard the whole country. So that argument about Assam being a boundary province fails and it cannot be said that Assam may be given this, Assam may be given that.

About security, again it is the Bengali Rudra and Choudhuri that helped to get justice in Hyderabad; they led the police action there. Also in Kashmir it is the Bengali soldiers that played the best part. Now I ask, if you do this injustice to Bengal, if you do not give to Bengal the areas that the Britishers for political reasons segregated from Bengal, will the Bengali soldiers or the Bengali heroes be there to help you? Will there be no discontent there? For security also I say that justice should be done to Bengal.

Now I come to my amendment. I am told that approving or giving suggestion is not dignified. Sir, I differ from the great P.S.P. leader and also from our Communist leader. I find that resolutions similar to the one

that I tabled were tabled by Sj. Hemanta Kumar Basu and others—the same language is there—also by Sj. Jyotish Joardar and others. They are also right because it is the approval and the suggestion that help us. Under Article 3 that is the only constitutional procedure. We cannot demand but we can only suggest. We should follow Article 3. We are not opposing the Bill that the Government have brought in. If the Leftist parties do it, I will think about it; but as an independent member I am not opposing it. They have not done justice to Bengal; they say Bihar has rejected it; and if Bengal rejects it, the *status quo* of Bengal only will be maintained and we will be caught in the trap. Let us accept what we are getting and let us make further demand of territory. I do not know what the Leftist parties will do; if they oppose it, I will consider what is to be done.

Then I come to my amendment. There I have asked for the whole of Dumka. Sj. Sudhir Chandra Ray Chaudhuri did not demand the whole of Dumka but I have demanded it. In the West Bengal Government memorandum (before the States Reorganisation Commission on page 55) they have also demanded the whole of Dumka. I have done some consequential changes which are necessary.

In my amendment I say that "the territories specified to be transferred from the Purnea district be attached to the Darjeeling district up to the point of intersection of the Mechi river with the Mahananda river and the remaining portion of the Purnea district so transferred be attached to the West Dinajpur district of West Bengal". This is necessary from the administrative point of view. You cannot attach the whole thing to the Darjeeling district—you cannot attach to that district territories which are about a hundred miles away—that will create administrative difficulty. So I would say that my amendment is a good amendment. If the Leftist parties come to one decision I will consider what is to be done.

[3-30—3-40 p.m.]

**Dr. Hirendra Kumar Chatterjee:** On the last occasion when we had the discussion on the States Reorganisation Commission Report the entire discussion of the House was reported to the Centre. This time also will the speeches be reported to the Centre?

**Mr. Speaker:** Yes.

**Sj. Subodh Banerjee:**

মাননীয় স্পীকার মহাশয়, এই রেজোলিউশনটা মাননীয় মুখ্যমন্ত্রীর রেজোলিউশন এবং বিষয়টাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সুতরাং মাননীয় মুখ্যমন্ত্রীর এই বিধানসভায় উপস্থিত থাকা অত্যন্ত প্রয়োজন। এই যুক্তি টেঁকে না যে তিনি তাঁর ঘরে বসে সবকিছু শুনছেন, কারণ তা হলে আমরাও সকলে বাইরে গিয়ে বসে হাউসএর ডেলিবারেশন শুনতে পারি। সুতরাং আপনাকে আমি অনুরোধ করব, আপনি যেন এই ব্যবস্থা করেন যাতে মুখ্যমন্ত্রী মহাশয় এই হাউসএ বসে আমাদের আলোচনা শোনেন, তারপর তিনি তাঁর জবাব দিবেন।

**Mr. Speaker:** I will communicate your desire to the Chief Minister. It is not obligatory that the Chief Minister should stay here. The Minister concerned, the Revenue Minister, Mr. Sankar Prasad Mitra, is here.

**The Hon'ble Sankar Prasad Mitra:** Rarely in the history of this Legislature have there been moments so full of serious and momentous deliberations. The Bihar and West Bengal (Transfer of Territories) Bill has come up for our consideration and we are expected to express our views thereon within a specified period. The resolution which has been moved

the Hon'ble the Chief Minister merely seeks to point out the defects, consistencies and incongruities in some of the provisions of the Bill in der that they may serve the purposes for which they are intended. ause 3(1)(a) of the Bill has been taken out of paragraph 652 at page 177 the Report of the States Reorganisation Commission. The Commission in ragraphs 633 at page 172, 646 at page 175 and 650 at page 176 of its eport have emphasised over and over again that this area was being commended for transference to West Bengal for purposes of geographical mpactness and physical integration of administrative units which are vital their real political and administrative integration. It may be hat the Commission was proceeding on the basis of maps which are in xistence showing the Mechi, the longest tributary of the Mahananda as he Mahananda itself, and thought that by using the language they had ased the geographical compactness which they desired would be ensured. The framers of this Bill may have also been under the same impression because in clause 3(2) it is provided that the area concerned shall be includ-ed in and form part of the district of Darjeeling. But there is one authoritative map after another showing the course of the river Mechi lowing down from the south-western tip of the Darjeeling district and having its confluence with the Mahananda in the district of Purnea. Unless therefore it is categorically provided that the territories comprised in that portion of the Purnea district which lies to the east of the Mechi river up to the point of its intersection with the Mahananda would also be transferred to West Bengal, the desired result may not be achieved parti-cularly in view of the fact that the Bill contains no provision for actual delimitation of the new boundary after a detailed survey as envisaged by the States Reorganisation Commission in paragraph 652 at page 177 of its Report. In clause 3(1)(b) it is indicated that the national highway in the Gopalpur thana will be the western boundary of the area proposed to be transferred to West Bengal in that clause. It is well known, Sir, that of all the features of geography made to serve as boundaries between different administrative units, a road is the least suitable boundary on *inter alia* the following grounds: Firstly, a road is the economic lifeline of the area through which it passes; secondly, a road draws traffic from both sides of its alignment, brings these areas closer to each other and integrates them into one economic whole; thirdly contiguous areas on both sides of a road must have a common economic existence and a common administration to sustain it until such areas on one side of a highway reach the geographical barriers of a river or a mountain or until they come within the greater traffic attractions of another highway in the opposite direction, fourthly, a road would raise immense problems of boundary protection and proper arrangements against varied offences. Sir, apart from a national highway being a most unsatisfactory boundary for a bare solution of West Bengal's communication difficulties in the northern areas and for a rational redistribution of territories and reintegration of administrative units along these areas, the area east of the Mahananda from its confluence with the Mechi till it touches the border of Malda should also be transferred to West Bengal. The highway which has been given to us provides no outlet at all from the district of Malda.

Some of our friends opposite have been pleased to express the view that the theories of contiguity and compactness are unsound. If the areas concerned, they urge, are not Bengali-speaking areas, let them remain in Bihar. The other groups in the opposition do not support this stand. Be that as it may, Sir, the States Reorganisation Commission thought that this compactness was absolutely essential and we seek to implement their desire.

Mr. Speaker, Sir, so long I have been expressing our views on the territorial provisions of the Bill as they stand. But time and again have we urged through resolution unanimously adopted in this House, through debates in this House and in the different memoranda that were submitted both to the Government of India and to the States Reorganisation Commission that we have larger claims on the State of Bihar on cultural, linguistic, economic and administrative grounds; for the safety and security of India and for rehabilitating the ever increasing number of refugees from Eastern Pakistan, vast masses of humanity uprooted from the soil of their birth and seeking shelter in strange and unaccustomed surroundings.

[3-40—3-50 p.m.]

West Bengal's economy has become severely constricted and West Bengal cannot withstand any more pressure. India cannot progress, Sir, if one of her component parts goes down. It is thus not merely a problem for West Bengal, it is in fact an all-India problem. Time and again have we stated that the barest minimum demands of the people of West Bengal so far as the State of Bihar is concerned are as follows:—

Firstly, the district of Manbhum;

secondly, the subdivision of Dhalbhum in the district of Singbhum;

thirdly, the Bengali-speaking areas of the Santhal Parganas including the catchment areas of the river Ajoy; and

fourthly, the Bengali-speaking areas in the district of Purnea keeping in view the administrative needs and communication requirements of West Bengal.

As our minimum demand includes the entire district of Manbhum it is unnecessary to dilate upon the point with regard to the Purulia-Bandwan Road within the Patamda police-station. The Bill we are now considering concedes to us only a fraction of the barest minimum that we ask for. We accept, Sir, what has been given to us, but such acceptance is not and cannot be a bar to the State of West Bengal or her people adopting all possible peaceful, legitimate and constitutional means for the fulfilment of their hopes and aspirations, their just, fair and reasonable demands.

Considering, Sir, the repeated representations we have already made over a considerable length of time, no further resolution is called for, nor is a Boundary Commission necessary, because our claims and the grounds on which we make those claims are far too well known to the ultimate arbiters of our destiny in this regard. It is our fervent appeal to the Indian Parliament, the supreme law-making body in our land, to appreciate the difficulties we are confronted with, to visualise the tremendous sacrifice we have made for the freedom and independence of India, to scrutinise in the context of justice and fair-play the claims that we have put forward and to consider our case with sympathy and understanding.

To the Government of India we say that 'you have shown an example in conformity with our culture, heritage and traditions to the rest of the world in the matter of readjustment of boundaries of the component parts of the Union of India by peaceful and democratic methods'. Difficulties have arisen only in respect of a few States in Northern India. Having regard to the vastness of the country and the colossal multitude of our population the achievements of the Central Government indeed

deserve high praise and approbation. We appeal to them to obviate the few hindrances that still remain for a final and lasting solution of this problem to ensure once and for all the unity and integrity of this vast sub-continent.

Lastly, Sir, we accord to the people of areas already recommended for transference a most hearty and cordial welcome and invite them to give us their fullest support and co-operation in our giant efforts to reconstruct the shattered economy of ours and to build up a happy and prosperous State of West Bengal.

**Mr. Speaker:** Mr. Ghosh, are you pressing your motion?

**Sj. Canesh Chosh:** No, Sir.

**Mr. Speaker:** Then are you speaking in support of the motion of Dr. Ranen Sen?

**Sj. Canesh Chosh:** Yes.

**Mr. Speaker:** That will be mentioned.

**Sj. Canesh Chosh:**

মিঃ স্পীকার, স্যার, কমিউনিস্ট পার্টির পক্ষ থেকে ডাঃ রণেন সেন যে সংশোধনী পেশ করেছেন আমি তার সপক্ষে বলছি। শ্রী সেনের সংশোধনী সম্পর্কে আমি এইটুকু আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। (২) নম্বর প্যারাগ্রাফে যেখানে বলা হয়েছে—

"those territories transferred to West Bengal from Dhalbhum subdivision and Santhal Parganas shall be included in and form part of the Midnapore district."

এই জায়গাটাতে একটু ভুল আছে। এই জায়গাটা একটু সংশোধন ক'রে নিয়ে বলা হবে—

"those territories transferred to West Bengal from Dhalbhum subdivision should be included in and form part of the Midnapore district and those from Santhal Parganas should be included in and form part of the Birbhum district.

মিঃ স্পীকার, স্যার, এটা আপনি শুনলেন?

**Mr. Speaker:**

হ্যাঁ।

**Sj. Canesh Chosh:**

কি বললাম আমি? (লাফটার।)

**Mr. Speaker:** I have heard it. Please continue your speech.

**Sj. Canesh Chosh:**

মিঃ স্পীকার, স্যার, কমিউনিস্ট পার্টি সমষ্টিগতভাবে ভারতবর্ষের শান্তি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ কল্যাণ কামনা করে এবং এই লক্ষ্য অর্জনের জন্য আপোষহীন সংগ্রাম করে, করছে এবং চিরকাল ক'রে যাবে।

ভারতের এবং ভারতের জনগণের শান্তি, সমৃদ্ধি ও সর্বাঙ্গীণ কল্যাণ অপরিহার্যভাবে নির্ভর করে ভারতের বিভিন্ন জাতিসমূহ ও ভারতের রাজ্যগুলির সমৃদ্ধি ও কল্যাণের উপরই। ভারতের অভ্যন্তরে বিভিন্ন জাতিসমূহের আশা-আকাঙ্ক্ষা নিষ্পেষিত ক'রে বিভিন্ন রাজ্যের প্রগতির প্রতিবন্ধকতা ক'রে এবং এক কথায় ভারতীয় জনগণের কোন বড় অংশকে বিক্ষুব্ধ এবং অসন্তুষ্ট রেখে সর্বভারতীয় কল্যাণ ও শান্তির কথা চিন্তা করা অসম্ভব। এই [illegible] সম্বন্ধে নিশ্চয়ই সকলে একমত এবং আশা করি এর বিপক্ষে কারও বিশেষ কিছু বলবার নেই।

কংগ্রেস সরকার এবং কংগ্রেসের নেতৃত্ব জাতির সমস্যা সম্পর্কে আজ যে দৃষ্টিভঙ্গি ও নীতি গ্রহণ করেছেন এবং তা কাজে পরিণত করতে চেষ্টা করছেন তার ফল গুরুতর হবে। তার ফলে ভারতের অশুভ ও অকল্যাণই ঘটছে; এবং ভারতীয় জনসাধারণের একতা ও শক্তিই দুর্বল হচ্ছে ও বিভিন্ন জাতিসমূহের মধ্যে কলহ ও তিক্ততাই সৃষ্টি হচ্ছে এবং সেই তিক্ততা স্থায়ী হচ্ছে।

ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের বৈজ্ঞানিক ও দীর্ঘকালের গৃহীত নীতি পরিত্যাগ ক'রে কংগ্রেস নেতৃত্ব যে সময় থেকে "প্রশাসনিক সৌকর্য" অর্থাৎ "অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্স"এর উপর জোর দিয়ে বলেছেন—

"The homogeneity of language should enter into consideration only as a matter of administrative convenience."

এটা এস, আর, সি, রিপোর্ট থেকেই পাওয়া গিয়েছে। সেইদিন থেকেই ভারতের বিভিন্ন জাতি-সমূহের মধ্যে অন্তর্বিরোধ ও কলহ এবং তিক্ততা নূতনভাবে সৃষ্টি হয়েছে। আজ তাই আমরা দেখতে পাচ্ছি, কেরালার সাথে তামিলনাদের, তামিলনাদের সাথে অন্ধ্রের, অন্ধ্রের সাথে উড়িষ্যার, উড়িষ্যার সাথে বিহারের, বিহারের সাথে বাংলার এবং বাংলার সাথে আসামের ও মহারাষ্ট্রের সাথে গুজরাটের—এমনি ক'রে প্রায় পাশাপাশি প্রতিটি জাতি এবং উপজাতির মধ্যে অন্তর্কলহ শুরু হয়েছে। এর ফলে ভারতের শক্তি এবং একতা কি বৃদ্ধি পাচ্ছে? না হ্রাস পাচ্ছে?—এ প্রশ্নের উত্তর দেওয়া নিষ্প্রয়োজন।

[3-50—4 p.m.]

অথচ আমরা আশ্চর্য হয়ে দেখি "ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের নীতি" বর্জন ক'রে "প্রশাসনিক সৌকর্যের নীতি" গ্রহণ করবার সময় কংগ্রেসের উক্ত নেতৃত্বই অর্থাৎ জে,ভি,পি, কমিশন ঘোষণা করেছিলেন যে,

"it becomes incumbent upon us therefore to view the problem of linguistic provinces in the context of today. This context demands, above everything else, the consolidation of India and her freedom".

অন্তর্কলহে নিযুক্ত কোন জাতির স্বাধীনতা শক্তিশালী করবার কথা এবং সেই দেশকে সমৃদ্ধির পথে সুসংগঠিত ও সুসংহত করবার কথা চিন্তাই করা যায় না।

আজ কংগ্রেস নেতৃত্ব যদি যথার্থই

"Consolidation of India and her freedom"

এর কথা চিন্তা করেন এবং এই কাজকেই সর্বোচ্চ মূল্য দেন, তা হ'লে তাঁদের ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের নীতি পুনঃগ্রহণ করতেই হবে। এবং যে নীতি ভারতীয় জাতিসমূহের মধ্যে কলহ ও অন্তর্দ্বন্দ্ব সৃষ্টি করে, ভারতীয় একতাকে দুর্বল করে, ভারতের স্বাধীনতাকে সুসংহত করার পথে বাধা জন্মায়, বিভিন্ন জাতিসমূহের অবাধ উন্নতি ও প্রগতির পথে অন্তরায় সৃষ্টি করে, তা বর্জন করতেই হবে। ব্যাপক জনসাধারণের কল্যাণের এই একমাত্র কষ্টিপাথরেই ভারতের জনগণ যাচাই ক'রে দেখবে—কংগ্রেস সরকার এবং কংগ্রেস নেতৃত্ব ভারতীয় জনগণের যথার্থ কল্যাণ কামনা করেন, না বিভিন্ন জাতিসমূহের মধ্যে কলহ ও বিভেদ সৃষ্টির ভিত্তিতে কংগ্রেস শাসন দীর্ঘস্থায়ী করার বিষয় প্রধানতম লক্ষ্য ব'লে মনে করেন।

দুঃখের বিষয়, এস, আর, কমিশন কংগ্রেস নেতৃত্বের সঙ্কীর্ণ দৃষ্টিভঙ্গির প্রভাব কাটিয়ে জাতির সর্বাঙ্গীণ কল্যাণ, একতা ও সংহতির প্রকৃত পথ দেখতে পান নি। তাই এস, আর, কমিশনএর রিপোর্টএর সিদ্ধান্তের ভিতরও বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গির ভিত্তি নেই, আছে "প্রশাসনিক সৌকর্যে"র অর্থাৎ "অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্স"এর সুবিধাবাদী নীতির উপর জোর। বিভিন্ন জাতির মধ্যে, বিশেষ ক'রে বাংলা ও বিহারের মধ্যে স্থায়ী শান্তি এবং সৌহার্দ্য প্রতিষ্ঠার ইঙ্গিত নাই, আছে তাদের মধ্যে কলহ ও তিক্ততা দীর্ঘস্থায়ী করবার ও বৃদ্ধি করবার পরামর্শ।

"Administrative Convenience", "Corridor to provide for geographical contiguity" "facilities for implementation of flood control-cum-irrigation projects"

প্রভৃতি জাতীয় সমস্যার পরিপ্রেক্ষিতে অবৈজ্ঞানিক, ক্ষতিকর ও [illegible]। যুক্তির পথ আশ্রয় না ক'রে এস, আর, কমিশন যদি "ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠন নীতি"র ভিত্তিতে বাংলার সংলগ্ন বিহারের সমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চল পশ্চিমবাংলা রাজ্যের অন্তর্ভুক্তির পরামর্শ দিতেন এবং যেসমস্ত ব্যক্তিদের বিচার ও নিরপেক্ষতার উপর সকলের শ্রদ্ধা ও বিশ্বাস আছে সেইরূপ কয়েকজন ব্যক্তিদের দ্বারা গঠিত একটি হাই-পাওয়ার্ড কমিশনএর উপর ঐসমস্ত বাংলা-ভাষাভাষী এলাকা সুনির্দিষ্ট করে দেবার ভার এবং দায়িত্ব দিবার পরামর্শ দিতেন তা হ'লে সুনিশ্চিতভাবে সীমানা সংক্রান্ত বিষয়ে বাংলা ও বিহারের মধ্যে কলহের চির অবসান হ'ত।

কিন্তু দুঃখের বিষয়, এস, আর, কমিশন এই বৈজ্ঞানিক পথ গ্রহণ না ক'রে কংগ্রেস সরকার ও কংগ্রেস নেতৃত্বের নির্দেশিত কলহ, বিদ্বেষ ও বিভেদের পথই গ্রহণ করেছেন।

পশ্চিমবাংলার কংগ্রেস ও পশ্চিমবাংলার কংগ্রেস সরকার পূর্ণিয়া জেলার পূর্বাঞ্চলের বাংলা-ভাষাভাষী এলাকাসমূহের পশ্চিমবাংলায় অন্তর্ভুক্তির দাবির উপর জোর না দিয়ে "প্রশাসনিক সৌকর্য"র অর্থাৎ অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএর উপর বিশেষ জোর দিয়ে করিডর দাবি করেছেন। অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএর কোন মূল্য নেই একথা আমরা বলি না; নিশ্চয়ই একটি রাজ্যের বা রাষ্ট্রের শাসনকার্যের সুবিধার জন্য ছোটখাট অ্যাডজাস্টমেন্ট বা রি-অ্যাডজাস্টমেন্টএর প্রয়োজন হয়। কিন্তু অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএর যুক্তি দিয়ে গণতন্ত্রের মূলনীতির বিরোধিতা করা যায় না বা ভিন্ন-ভাষাভাষী জনসাধারণের কোন বড় অংশের উপর অপর কোন রাজ্যের শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া যায় না। কিন্তু এই পূর্ণিয়া জেলার ঐ এলাকা অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএর ভিত্তিতে দাবি করার ফলে কি দাঁড়িয়েছে? ঠিক এর জবাবে বিহারের কংগ্রেসী প্রধানমন্ত্রী শ্রীশ্রীকৃষ্ণ সিংহ বলেছেনঃ

"Part of the demand is based on what has been described as West Bengal's need to have a corridor linking Darjeeling and Jalpaiguri with the rest of that State. The nature of the demand itself bears unmistakable resemblance to Hitler's demand for a linguistic Prussia across the Polish corridor and when Hitler made his demand he had obviously a more plausible cause—Poland was a foreign country."

এর কোন সন্তোষজনক উত্তর বাংলার কংগ্রেস সরকার দিতে পেরেছেন কি আজ পর্যন্ত? কংগ্রেসের একজন মুখ্যমন্ত্রী কংগ্রেসের অপর এক মুখ্যমন্ত্রীর দাবিকে হিটলারের দাবির সঙ্গে তুলনা করেছেন। এতে বাংলার শাসনের এবং বাংলার মন্ত্রীদের গৌরব বাড়ে নি। আমরা এতে অপমান বোধ করি। এর কোন সন্তোষজনক যুক্তি আজ পর্যন্ত কংগ্রেস সরকারের তরফ থেকে আসে নি। এর উত্তরে গতকাল ডাঃ রায় মৃদুস্বরে বলেছেনঃ

"the portion of the territory to the east of Mechi and where Mechi meets the river Mahananda is vitally necessary to the very existence of the State of West Bengal."

বিহার কি একটা বিদেশী রাষ্ট্র? বিহার কি একটা স্বাধীন রাষ্ট্র যে বিহারের ভিতর দিয়ে যেতে গেলে অসুবিধা হয় এবং বিহার ঐটুকু জায়গা না দিলে বাংলা বেঁচে থাকতে পারে না। এইরকম যুক্তি দেওয়ার ফলে হিটলারের নাম ক'রে গালাগালিই শুনতে হয়। এতে তাঁদের অর্থাৎ মন্ত্রীদের অপমান বোধ না হ'তে পারে, কিন্তু বাংলার জনসাধারণ এতে অপমান বোধ করে। কিন্তু আমরা যদি এই দাবি করতাম যে, পূর্ণিয়া জেলার পূর্বাঞ্চলের বাংলা-ভাষাভাষী অঞ্চল পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত হবে, তা হ'লে শ্রীকৃষ্ণ সিংহ কি একথা বলতে পারতেন? আজকে দক্ষিণবঙ্গ থেকে উত্তরবঙ্গে যেতে গেলে কেন্দ্রীয় সরকারের ট্রেনে ক'রেই যেতে হয়, এটায় কি আপত্তির কারণ? কলিকাতা থেকে মেদিনীপুর যেতে গেলে কেন্দ্রীয় সরকারের সাহায্যই নেওয়া হয়; কলিকাতা থেকে মুর্শিদাবাদ যেতে গেলেও কেন্দ্রীয় সরকারের সাহায্য নিতে হয়। সেখানে আপত্তি আসে না। তা হ'লে কলিকাতা থেকে বিহারের মধ্য দিয়ে যেতে আপত্তি আসবে কেন? বিহার কি একটা ভিন্ন স্বাধীন রাষ্ট্র? তা হ'লে সেখানে আপত্তি আসবে কেন? ঠিকই শ্রীকৃষ্ণ সিংহ ডাঃ বিধানচন্দ্র রায়কে জবাব দিয়েছেন। একই ভারত ইউনিয়নের মধ্যে দুইটি ভগিনী রাজ্যের পরস্পর এই প্রকার যুক্তিদ্বন্দ্বের শক্তি খুবই দুর্বল।

বিহারের বাংলা-ভাষাভাষী এলাকা সমূহের পশ্চিমবাংলায় অন্তর্ভুক্তির উপর সমধিক জোর না দিয়ে অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএর ভিত্তিতে বাংলার কংগ্রেস সরকার বিহারের ও বাংলার সীমানা পুনর্নির্ধারণের দাবি করেছেন।

ঠিক এই ভিত্তিতেই বিহারের মুখ্যমন্ত্রী শ্রীকৃষ্ণ সিংহও অনুরূপ দাবি করেছেন—

"On grounds of administrative convenience we could demand the transfer to Bihar not only of the districts of Jalpaiguri and Darjeeling but also parts of Malda, Dinajpur and Birbhum districts."

এখন ঠেলা সামলান। এদিকে অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএ করিডর চাই, ওদিকে অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্সএ জলপাইগুড়ি, দার্জিলিং চাই, এমনকি মালদহ, বীরভূম, বাঁকুড়া চাই। এইজন্যই আমরা তরবারির ঝঞ্ঝনা শুনি, মেলামেশার কথা শুনি না। কেন্দ্রীয় সরকার কেন এর ভিতর হস্তক্ষেপ করেন না? এ কেমন কেন্দ্রীয় সরকার? তাঁরা দুটো ভগিনী রাজ্যের ঝগড়া মেটাতে পারেন না? জনসাধারণের মধ্যে কলহ-বিদ্বেষ চিরস্থায়ী হ'তে যাচ্ছে, এখানে কেন্দ্রীয় সরকারের কর্তব্য কি? তাঁরা কিরকম কেন্দ্রীয় সরকার তা বুঝি না।

[4—4-10 p.m.]

কংগ্রেস কেন্দ্রীয় সরকার ব'লেই বোধ হয় এইরকম হয়; এবং এইরকম হওয়া একটি আকস্মিক ঘটনা নয়। এ ঘটনা একটি সুনির্দিষ্ট পরিকল্পনার শেষ ফল। এই দাবি ও প্রতিদাবির শেষ কোথায় তা আমরা জানি না, কিন্তু এর পরিণতি কি ভয়াবহ তা আমরা ভালভাবেই জানি এবং সেই পরিণতির কথাই চিন্তা ক'রে আমরা উদ্বিগ্ন হয়ে আছি। এক কংগ্রেস ব্যতীত বাংলার সমস্ত গণতন্ত্রপ্রিয় রাজনৈতিক দল ও স্বদেশের প্রকৃত কল্যাণকামী ব্যক্তিসমূহ দাবি করেছেন বাংলার সংলগ্ন বিহারের সমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চলসমূহ পশ্চিমবাংলার অন্তর্ভুক্ত হোক। জাতীয় সমস্যা সমাধানের এই-ই হচ্ছে একমাত্র নীতি যা বৈজ্ঞানিক এবং গণতন্ত্রসম্মত। আর এই নীতি এবং দৃষ্টিভঙ্গি সম্পর্কে একমাত্র কংগ্রেস ব্যতীত বাংলার অন্যান্য রাজনৈতিক দলসমূহের ভেতর কোন বিরোধ বা মতভেদ নেই। স্পষ্টতই একমাত্র কংগ্রেস ব্যতীত বাংলার সমস্ত গণতন্ত্রপ্রিয় রাজনৈতিক দলসমূহই বিহারের জনসাধারণের সাথে বাংলার জনসাধারণের স্থায়ী সৌহার্দ্য ও সম্প্রীতি কামনা করে এবং সেই সম্প্রীতি প্রতিষ্ঠার জন্য বদ্ধপরিকর। তাই আমরা এমনকিছু দাবি করি না বা এমন কোন যুক্তির অবতারণা আমরা করি না যার ফলে সেই সৌহার্দ্য ক্ষুণ্ণ হ'তে পারে বা বাংলা ও বিহারের জনসাধারণের মধ্যে কলহ ও বিদ্বেষ সৃষ্টি হ'তে পারে। বাংলা ও বিহারের জনসাধারণের মধ্যে বিভেদ সৃষ্টি করবার ও তাদের মধ্যে কলহ চিরস্থায়ী ক'রে রাখবার এক সুকৌশল ও বিষময় নীতি কংগ্রেস নেতৃত্ব, কংগ্রেস সরকার এবং এস, আর, কমিশন নিয়েছেন। কিন্তু তা ব্যর্থ করার জন্য আমরা কমিউনিস্ট পার্টি এবং অন্যান্য সমস্ত গণতন্ত্রপ্রিয় দলসমূহ প্রস্তাব করেছি যে, নিঃসন্দেহে যা জানা গেছে সেই মানভূম জেলা এবং ধলভূম, সাঁওতাল পরগনা, পূর্ণিয়া প্রভৃতি জেলা ও মহকুমার পশ্চিমবাংলার সংলগ্ন যেসমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চল আছে সেগুলোর জন্যে সর্বজনমান্য ও সকলের আস্থাভাজন ব্যক্তিদের নিয়ে গঠিত একটি নিরপেক্ষ কমিশনএর হাতে সেইসমস্ত এলাকা নির্দিষ্ট ক'রে দেবার ভার দেওয়া হউক। এইভাবে কোন নিরপেক্ষ এবং বিশ্বাসভাজন কমিশন দ্বারা বিহারের সংখ্যাগরিষ্ঠ বাংলাভাষী এলাকাসমূহ সুনির্দিষ্ট ক'রে না দিলে বিহার থেকে বাংলায় হস্তান্তরিত কোন কোন এলাকায় সংখ্যাগরিষ্ঠ অবাঙ্গালীদের উপর বাঙ্গালীদের অন্যায্য প্রভুত্ব স্থাপনের আশঙ্কা থেকে যাবে। এই আশঙ্কাকে এড়িয়ে যাবার জন্যই একটি নিরপেক্ষ কমিশন দ্বারা বাংলা-ভাষাভাষী অঞ্চলসমূহ নির্দিষ্ট ক'রে দেবার দায়িত্ব দেওয়া উচিত। এইভাবে একবার যেসমস্ত এলাকায় সংখ্যাগরিষ্ঠ সংখ্যায় বাংলা-ভাষাভাষী ব্যক্তি আছে সেইসমস্ত এলাকা-সমূহ নির্দিষ্ট হয়ে যাবার পরে বিহার আর বাংলার পক্ষ থেকে যুক্তিযুক্তভাবে কোন দাবি অথবা প্রতিদাবি উঠবে না এবং সীমানা পুনর্নির্ধারণের বিষয়ে আর কোন কলহ থাকবে না।

এস, আর, কমিশন অবৈজ্ঞানিক ভিত্তিতে যেসব নির্দেশ দিয়েছেন তার ফলে কলহ বেড়ে গেছে। আজ বাংলা ও বিহারের পক্ষ থেকে দাবি ও প্রতিদাবি উঠেছে। বাংলার কংগ্রেস ও সরকারের পক্ষ থেকে করিডরের ভিত্তিতে পূর্ণিয়া জেলার খানিকটা অংশ দাবি করা হয়েছে।

আবার ঠিক প্রতিপক্ষ থেকে বাংলা সরকারের এই দাবির বিরুদ্ধে পূর্ণিয়ায় সত্যাগ্রহ আন্দোলন আরম্ভ হবার কথা উঠেছে। আমরা যথার্থই উৎকণ্ঠিত মনে ভাবছি, এই দাবি ও প্রতিদাবির শেষ কোথায়। অথচ আমরা যদি ঠিকভাবে জানতে পারি, কোন্ কোন্ এলাকায় বাংলা-ভাষাভাষী জনসাধারণ আছে এবং সেইসমস্ত এলাকাকে বাংলার ভেতরে অন্তর্ভুক্ত করবার আমরা যদি দাবি করি, তা হ'লে যুক্তিযুক্তভাবে শ্রীকৃষ্ণ সিংহের বিরোধিতা করবার কোন ভিত্তি থাকবে না। অতএব যদি তখনও তাঁকে আমাদের এই দাবির প্রতিদ্বন্দ্বিতা করতে হয় তা হ'লে তাঁকে অন্ধকার পথের আশ্রয় নিতে হবে। তখন তাঁকে যেতে হবে সেন্সাস কমিশনএর রিপোর্ট বিকৃত করার পথে। তাঁকে অত্যাচারের লগুড় নিয়ে যেতে হবে, বাংলা-ভাষাভাষী জনসাধারণকে জোর ক'রে ভয় দেখিয়ে লেখাতে বাধ্য করা হবে যে, 'আমরা বাংলা-ভাষাভাষী নই'। এ ছাড়াও অন্যায়ভাবে বিহারে বাঙ্গালী স্কুলসমূহকে বন্ধ ক'রে দিয়ে এবং সেইসব জায়গায় হিন্দী স্কুল চালিয়ে বাঙ্গালীর ছেলেদের জোর ক'রে হিন্দীভাষা শিখিয়ে শ্রী সিংহকে বলতে হবে যে, 'এখানে হিন্দী-ভাষাভাষী বেশি'। অতএব করিডরএর দাবি করলে হিটলারের নাম ক'রে গালাগালি শুনতে হবে। কিন্তু "বাংলা-ভাষাভাষী অঞ্চলসমূহ বাংলার সাথে যুক্ত করা হোক" —এই দাবি যদি করা হয় তা হ'লে প্রতিপক্ষকে আত্মরক্ষার পথে যেতে হবে, প্রতিপক্ষকে মিথ্যার আশ্রয় নিতে হবে। তাই আমরা বলেছি এবং বাংলার সমস্ত গণতন্ত্রপ্রিয় পার্টিসমূহ তাই এই দাবি করেছে যে, ভাষার ভিত্তিতে এলাকা পুনর্নির্দিষ্ট করা হোক। অর্থাৎ সংলগ্ন এলাকা-সমূহ, যেখানে বেশি লোক বাংলা ভাষায় কথা বলে, সেইসমস্ত এলাকাসমূহ শুধু বাংলায় আসুক। "অ্যাডমিনিস্ট্রেটিভ কনভিনিয়েন্স"এর কথা ব'লে বিরাট এলাকার বাংলা ভিন্ন অন্য ভাষাভাষী জনসাধারণকে বাংলার মধ্যে আনবার দাবি আমরা করি না। আমরা চাই না যে, হিন্দী-ভাষাভাষী কোন এলাকা বাংলার অন্তর্ভুক্ত হোক, কারণ যে গণতান্ত্রিক ও গৌরবময় লক্ষ্য নিয়ে আজ বাংলার জনসাধারণ সংগ্রাম করছে সেই লক্ষ্যের তা হ'লে বিরোধিতাই করা হবে এবং অদূর ভবিষ্যতে পশ্চিমবাংলা রাজ্যের মধ্যে বাঙ্গালীদের বিরুদ্ধে, বাংলা সরকারের বিরুদ্ধে হিন্দী-ভাষাভাষী সংখ্যালঘিষ্ঠদের সেই সংগ্রাম আরম্ভ করবার ভিত্তি পত্তন করা হবে।

সেজন্য কমিউনিস্ট পার্টি একটি নিরপেক্ষ বাউন্ডারি কমিশনএর প্রস্তাব দিয়েছে। সমগ্র পুরুলিয়া জেলা সম্বন্ধে সন্দেহের কোন অবকাশ নেই। কিন্তু অন্যান্য এলাকা সম্পর্কে প্রতিবাদের সম্ভাবনা আছে ব'লে সুনির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়। কোন এলাকা সম্পর্কে সঠিক পরিচয় একমাত্র সেন্সাস রিপোর্ট থেকেই পাওয়া সম্ভব; এবং বিগত সেন্সাস রিপোর্ট যেমন আদৌ নির্ভরযোগ্য নয় ঠিক তেমনি বিগত সেন্সাস রিপোর্টসমূহে থানার ভিত্তিতে ভাষাভাষীর পরিসংখ্যা নেই। এই অবস্থায় ধলভূম বা সাঁওতাল পরগনা অথবা পূর্ণিয়া জেলার কোন এলাকা সম্পর্কে সুষ্ঠুভাবে কোন দাবি জানানো ঠিক নয়। তাই কোন বিশেষ এলাকা সম্পর্কে নির্ভুল ভিত্তি ভিন্ন কোন দাবি জানালে তার বিরুদ্ধে প্রতিবাদ উঠবার সম্ভাবনা থাকে। তাই বাংলা-বিহারের সর্বাঙ্গীণ কল্যাণের জন্য এবং বাংলা ও বিহারের জনসাধারণের মধ্যে বিভেদ ও কলহের চির অবসানের জন্য ও তাদের মধ্যে সৌহার্দ্য চিরস্থায়ী করার জন্য আমাদের প্রস্তাব যে, সমগ্র পুরুলিয়া জেলাকে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করা হোক। এ ছাড়া ধলভূম, সাঁওতাল পরগনা, পূর্ণিয়া জেলার অন্তর্গত এবং পশ্চিমবাংলার সংলগ্ন সমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চলসমূহ পশ্চিমবাংলা রাজ্যের অন্তর্ভুক্ত করা হোক এবং একটি নিরপেক্ষ কমিশনএর হাতে এইসমস্ত অঞ্চল নির্দিষ্ট ক'রে দেবার দায়িত্ব দেওয়া হোক।

**Dr. Srikumar Banerjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই অকুণ্ঠ স্বীকৃতি জানাব যে, এই বিলের বিতর্ক আলোচনায় যোগ দিয়ে আমি কোন উৎসাহ অনুভব করছি না। এটা সর্ববাদীসম্মত যে, এই বিলে বাংলাকে যেটুকু অংশ দেওয়া হয়েছে, এটুকু বাংলার ন্যায়সঙ্গত দাবি, তার অত্যন্ত একটা নগণ্য অংশ। এবং আমাদের আশা-আকাঙ্ক্ষা, আমাদের যা ইচ্ছা, তার সঙ্গে তুলনাতে এই যেটুকু দেওয়া হয়েছে সেটুকু অত্যন্ত অকিঞ্চিৎকর। আমরা যখন ভাষাভিত্তিক প্রদেশগঠনের দাবি জানাই এবং বাংলা সরকারই হোক বা প্রাদেশিক কংগ্রেস কমিটি হোক কিংবা আমাদের বিধানসভার সভ্যরা হোক, আমরা যখন দাবি জানাই অতিরিক্ত ভূখণ্ডের জন্য তখন সেই দাবি

আকস্মিক ভাবাবেগপ্রসূত নয়, সেই দাবির পেছনে যুক্তি ছিল, সেই দাবির পেছনে তথ্য ছিল এবং সেই যুক্তি এবং তথ্য অবলম্বনীয়। সুতরাং আমাদের যে যুক্তি, সেই যুক্তি শাশ্বত, চিরন্তন, তার কোন পরিবর্তন নেই। যে যুক্তির বলে আমরা দাবি করেছিলাম সেই যুক্তির কোন খুঁত বের হয় নি। সুতরাং সেই যে যুক্তি, তার সম্বন্ধে আমাদের কোন মতের পরিবর্তন ঘটবে না। আমাদের পরিস্থিতির যে পরিবর্তন ঘটেছে, তার সংগে সামঞ্জস্য রক্ষা ক'রে এখানে যে নূতন প্রস্তাবটা আনা হয়েছে সেটা করা হয়েছে সেদিক থেকে। সুতরাং আমাদের যাঁরা বিরোধী বন্ধু, তাঁরা তাঁদের বক্তৃতাপ্রসংগে আমাদের যে প্রথম বক্তৃতার কথা উল্লেখ করেছেন, আমরা তার জন্য তাঁদের অভিনন্দন জানাচ্ছি। এইজন্যই জানাচ্ছি যে, সেই [illegible] আমাদের কোন পরিবর্তন হয় নি। তাঁরা একবারের জায়গায় যদি পঞ্চাশ বার সেগুলি উল্লেখ করেন তা হ'লেও আমরা বলব যে, সেই যুক্তি আমাদের স্থির আছে, অবিচল আছে, সেই যুক্তি সম্বন্ধে আমাদের কোন ভাবের পরিবর্তন কিংবা চিত্তের পরিবর্তন হয় নি।

[4-10—4-20 p.m.]

স্পীকার মহাশয়, এখন আমাদের এই প্রশ্নের উত্তর দিতে হবে যে, আমাদের যুক্তিতে এবং মনোভাবে যদি কোন পরিবর্তন না হয়ে থাকে তা হ'লে আজ যেভাবে এই বিল উপস্থিত করা হয়েছে সেই বিলে সমর্থন জানাচ্ছি কেন। এটা আমাদের বন্ধুরা, তাঁরা বিরোধীপক্ষের হোন অথবা তাঁরা কংগ্রেসীপক্ষেরই হোন, তাঁরা জানেন যে, পূর্ব পূর্ব উপলক্ষে যখন এই বিষয় অবতারণা করা হয়েছিল তখন এই সম্বন্ধে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয় নি, তখনও আমাদের আশা ছিল যে, এইসমস্ত যুক্তি প্রয়োগের ফলে চূড়ান্তভাবে তাঁদের প্রভাবিত করতে পারবে।

[Interruption.]

**Dr. Srikumar Banerjee:** Sir, will you ensure for me a quiet atmosphere? Why should they interrupt me? I did not interrupt them.

**Mr. Speaker:** I will try to help you.

**Dr. Srikumar Banerjee:**

তখন পর্যন্ত ইংরাজীতে যাকে বলে ফ্লুইড কন্ডিশন সেই অবস্থাটা ছিল। তখন প্রতি রাজ্যকে আহ্বান করা হয়েছিল তাঁদের যুক্তিতর্ক জানাবার জন্য, তখন প্রত্যেক রাজ্যকে বলা হয়েছিল তাঁরা যে যুক্তিতে তাঁদের দাবি উপস্থিত করেন সে যুক্তি প্রতিষ্ঠা করার জন্য। এবং তখন পর্যন্ত আমাদের আশা ছিল যে, এই যুক্তিতর্কের ব্যাপারটা বিশেষভাবে প্রণিধান ক'রে ভালভাবে চিন্তা ক'রে দেখে সেই যুক্তি অনুসারে সীমানা নির্ধারণ কমিশনএর যা সিদ্ধান্ত সেটা গৃহীত হবে। এটা সকলেই জানেন যে, স্তর অনুসারে আমাদের রণনীতি বা স্ট্র্যাটেজি পরিবর্তন হয়। যখন যে স্তরে যে যুক্তির প্রয়োজন সেই যুক্তি প্রয়োগ করা উচিত। আমাদের প্রস্তাবে সেজন্য ছিল যে, পূর্ব পূর্ব উপলক্ষে এই বিষয় যখন বিধানসভায় আলোচনা হয়েছিল তখন আমরা আমাদের মতামত এবং আমাদের দাবির সমর্থনে যে যুক্তি তা আমরা উপস্থিত করেছি দ্বিধাহীনভাবে, দ্বন্দ্বহীনভাবে, অবিসম্বাদীভাবে। আজকে অবস্থার পরিবর্তন ঘটেছে এইজন্য যে, কেন্দ্রীয় সরকার আমাদের যুক্তিতর্কে কোনরূপ গুরুত্ব আরোপ না ক'রে একটা বিল গ্রহণ করেছেন এবং সেই বিল চূড়ান্তভাবে আমাদের কাছে এসেছে। এখন আমাদের ভেবে দেখতে হবে যে, এই চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে আমাদের কোন্ নীতি গ্রহণ করা প্রয়োজন। কোন্ নীতি গ্রহণ করলে আমরা সত্যিকারের কাজ করতে পারব এবং ভবিষ্যতে আমরা যে পরিবর্তন আশা করি সেই পরিবর্তনের পথ সুগম করার জন্য সেই সিদ্ধান্ত সম্বন্ধে আমাদের কোন্ নীতি গ্রহণ করা প্রয়োজন।

মাননীয় স্পীকার মহাশয়, একটা কথা আমরা উত্তেজনার মুহূর্তে ভুলে যাই। সেটা হচ্ছে বাংলাদেশ স্বয়ং স্বতন্ত্র নয়। বাংলাদেশ সর্ব ভারতেরই একটা অংশ। যদি সর্ব ভারতের সহানুভূতি ও সহযোগিতা হ'তে বঞ্চিত হয়ে আমরা কেবল নিজেদেরই দাবি উপস্থিত করি তা হ'লে আমরা শক্তি সঞ্চয় করতে পারব না—যে শক্তির বলে আমাদের দাবি চূড়ান্তভাবে গৃহীত হ'তে পারে। সুতরাং আমাদের বক্তব্য হচ্ছে এই যে, আজকে কেন্দ্রীয় সরকার যে বিল আমাদের

সামনে উপস্থিত করেছেন সে বিলটা সম্বন্ধে কি মনোভাব পোষণ করলে পরে সর্ব ভারতের সঙ্গে আমাদের যে সম্পর্ক এবং সর্ব ভারতে আমাদের যে বিশিষ্ট স্থান আছে এবং অন্যান্য প্রদেশের সঙ্গে এবং কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের যে আদর্শ সম্পর্ক সেটা কি ক'রে রক্ষিত হ'তে পারে সেদিকে লক্ষ্য রেখে চলতে হবে; এবং ভবিষ্যতেও এই প্রশ্নটার পুনর্বিবেচনার দ্বারা যাতে আমরা শক্তি সঞ্চয় করতে পারি এবং যাতে এই প্রশ্নটার উপর ন্যায়সঙ্গত এবং অনুকূল সিদ্ধান্ত গৃহীত হয় সে বিষয়ে আমরা চেষ্টা করতে পারি।

যাঁরা মনে করেন যে, একেবারেই দেশের ভাগ্য নির্ধারিত হয়ে গেল আমি তাঁদের দলে নাই। আমার কথা হচ্ছে এই যে, এই যে সিদ্ধান্ত আমাদের সামনে উপস্থিত হয়েছে সে সম্পর্কে তিনটা মনোভাব গ্রহণ করা সম্ভব। আমি বিশেষ ক'রে ভেবে দেখেছি এই তিনটা মনোভাব ছাড়া চতুর্থ কোন পন্থা নাই। প্রথম হচ্ছে, বাংলাদেশের মন্ত্রিমণ্ডলীকে যদি সমগ্রভাবে এই ইস্যুর উপর পদত্যাগ করতে হয় তা হ'লে কি অবস্থা দাঁড়াবে। দ্বিতীয় হচ্ছে, আমরা জনবিক্ষোভের পথে যাই নি—যে গণবিক্ষোভে বোম্বে শহরে, যে জনবিক্ষোভে উড়িষ্যায় হিংসাত্মক কার্যপ্রণালী গৃহীত হয়েছে—এটা সত্যই আনন্দের বিষয়, বাংলাদেশের জনসাধারণ এবং বাংলার নেতৃবর্গ তাঁদের ন্যায্য দাবি স্বীকৃত না হ'লেও তার প্রতিবাদে জনবিক্ষোভ প্রদর্শন করে নি, গণতান্ত্রিক এবং নিয়মতান্ত্রিক বিধি ছাড়া অন্য কোন উপায়ে তারা বিক্ষোভ প্রদর্শন করে নি। এবং তৃতীয় হচ্ছে, এই যে নির্বাচন, এই নির্বাচনের ভিতর দিয়ে যদি আমরা আমাদের শক্তি বৃদ্ধি করতে পারি, যে নির্বাচনের ভিতর দিয়ে ভারতবর্ষের পটভূমিকা অনেকটা পরিবর্তিত হ'তে পারে, সেই নির্বাচনের ভিতর দিয়ে যদি আমরা এমন একটা আবহাওয়া সৃষ্টি করতে পারি যাতে শুধুমাত্র বাংলাদেশের নয়, অন্যান্য যে যে রাজ্যের প্রতি অবিচার করা হয়েছে সেই সেই রাজ্যের প্রতি অনুষ্ঠিত অবিচারের কথা বিবেচনা ক'রে তার প্রতিকারের ব্যবস্থা করতে পারি, তা হ'লে একমাত্র এই সমস্যার সমাধান হ'তে পারে। আমি এক এক ক'রে এই তিনটা সম্ভাবনার বিষয়ই বিশ্লেষণ ক'রে আপনাদের সামনে রাখতে চাই।

প্রথম হচ্ছে, সকলেই যদি মন্ত্রিমণ্ডলী এবং বিধানসভার সমস্ত সদস্য এই ব্যাপারে পদত্যাগ করতেন তা হ'লে কি হ'ত। ভারতের অন্যান্য দেশে বিক্ষোভ হয়েছিল এবং হয়ত কোন কোন রাজ্যের মন্ত্রিমণ্ডলীর মধ্যেও কেউ কেউ পদত্যাগপত্র পেশ করেছিলেন। কিন্তু পদত্যাগপত্র পেশ করলেও তা গৃহীত হয় নি, শেষ পর্যন্ত তাঁদের রাজ্যের শাসন পরিচালনা করতে হয়েছিল। দ্বিতীয় হচ্ছে এই যে, আমাদের দেশীয় সরকারের সঙ্গে যদি আমাদের বিরোধ হয়, যদি তাঁদের সঙ্গে আমাদের মতানৈক্য উপস্থিত হয় তা হ'লে তাঁদের সম্বন্ধে কোন্ নীতি প্রয়োগ করা হবে বর্তমানে সেটাই আমাদের বিশেষভাবে চিন্তা করা দরকার। বৈদেশিক শাসন আমলে আমাদের বিক্ষোভ প্রদর্শন করতে হয়েছে। তখন যে নীতি আমরা গ্রহণ করেছি, সে নীতি আমাদের দেশীয় সরকারের সঙ্গে বিরোধের ব্যাপারে প্রযোজ্য নয়। আমরা হরতাল করেছি এবং অন্যান্য বিক্ষোভাত্মক আচরণ করেছি যখন আমরা বৈদেশিক শাসকের বিরুদ্ধে সংগ্রাম করেছিলাম। কিন্তু আমার মনে হয় যে, বর্তমান সময়ে আমাদের ন্যায্য দাবি যতই উপেক্ষিত হোক না কেন, তাতে আমাদের হৃদয়ে যতই বিক্ষোভ জাগরিত হোক না কেন, বৈদেশিক সরকারের সঙ্গে ব্যবহারে আমরা বিক্ষোভ প্রদর্শনের যে প্রণালী অবলম্বন করেছিলাম, স্বদেশীয় সরকারের সম্বন্ধে সেই বিক্ষোভপ্রণালী অবলম্বন করা যুক্তিযুক্ত নয়। এবং আমি সেজন্য বলব যে, আমাদের দীর্ঘ সময় সংগ্রামের জন্য প্রস্তুত হ'তে হবে। আজকে আমাদের উদ্দেশ্য সিদ্ধ হ'ল না, আমাদের দাবি মঞ্জুর হ'ল না এই যুক্তির উপর নির্ভর ক'রে উত্তেজিত হয়ে যদি আমাদের সমস্ত শাসনব্যবস্থা ভেঙ্গেচুরে ফেলবার চেষ্টা করি, দেশের শান্তি ব্যাহত করি, দেশের মধ্যে বিশৃঙ্খলার স্রোত প্রবাহিত করি, তা হ'লে আমাদের যেটুকু লাভ হবে, ক্ষতি হবে তার চেয়ে অনেক বেশি।

[4-20—4-30 p.m.]

সুতরাং লাভ ও ক্ষতি এই দুটোর হিসাব খতিয়ে আমাদের দেখতে হবে যে, আমাদের এখন কোন্ নীতি গ্রহণ করার প্রয়োজন। আমার সেজন্যে মনে হয় যে, বাংলাদেশের মন্ত্রিমণ্ডলী যে পদত্যাগ করেন নি তার কারণ হচ্ছে যে আমাদের দেশের দেশীয় যে উচ্চতম সরকার অর্থাৎ

কেন্দ্রীয় সরকার তার বিরুদ্ধে বিক্ষোভ জ্ঞাপন করার সেটা নিয়মসম্মত পন্থা নয় এবং দেশের তাতে লাভের তুলনায় ক্ষতি বেশি হবে ব'লে তাঁরা এই এক্সট্রীম স্টেপ গ্রহণ না ক'রে বিচারবুদ্ধির পরিচয় দিয়েছেন। শ্রী দেশমুখের পদত্যাগের কথা উত্থাপন করা হয়েছে। তিনি বারে বারে নানা কারণে পদত্যাগের প্রস্তাব করেছিলেন। তাঁর পদত্যাগে সমস্ত মন্ত্রিসভার পতন হয় নি কিংবা তাঁর সঙ্গে সঙ্গে অন্যান্য কেন্দ্রীয় সরকারের মন্ত্রীরা পদত্যাগ করেন নি। এখানে একজন মন্ত্রী পদত্যাগ করতে পারেন, কিন্তু সকলে যদি পদত্যাগ না করেন তা হ'লে যেরকম উদ্দেশ্যে বিক্ষোভ প্রদর্শন ক'রে আমরা সফল করতে চেয়েছি সে উদ্দেশ্য সফল হ'ত না।

[Noises and disturbances]

এর পর কথা হচ্ছে, যাঁরা হিংসাত্মক কার্যপ্রণালী এই দাবির সমর্থনে প্রয়োগ করতে চান তাদের সম্পর্কে। আমরা দেখেছি হিংসাত্মক কার্যকলাপ অনুষ্ঠিত হয়েছিল (শ্রীজ্যোতি বসুঃ পুলিস করেছিল।), আমরা দেখেছি পুলিস-স্টেশন ভস্মীভূত হয়েছে, আমরা দেখেছি ব্যাপকভাবে বোম্বেতে রক্তপাত হয়েছে, কিন্তু শেষ পর্যন্ত দেখা গেল যে সেসমস্ত রক্তপাত, সেইসমস্ত বিশৃঙ্খলা, তাতে দেশের কোন উপকার হয় নি এবং তাতে শেষ পর্যন্ত দাবির পথ যে এগিয়েছে এ বলা যায় না। আমাদের মনে হচ্ছে যে, হিংসাত্মক পদ্ধতি বাংলার জনসাধারণ অনুসরণ করেন নি। আমি তার জন্য তাঁদের প্রশংসাই করি এবং হিংসাত্মক পথ অনুসরণ দ্বারা এর যে কোনরকম সমাধান হ'ত না এটা সুনিশ্চিত। তারপর আর একটি কথা হচ্ছে আমরা আমাদের বিরোধীপক্ষের বন্ধুদের এই কথাটা বলতে চাই যে, আমরা এই যে আসন্ন নির্বাচন যেটা আসছে সেই নির্বাচনের দ্বারা আমরা জনমত সুষ্ঠুভাবে নির্ধারিত হবার একটা সুযোগ পাব। আমার বিরোধীপক্ষের বন্ধুরা যদি তাতে সংখ্যাগরিষ্ঠতা লাভ করেন এবং আমাদের দেখিয়ে দেন কি বলিষ্ঠ নীতি দিয়ে বাংলার প্রতি অবিচারের প্রতিকার করতে প্রস্তুত হয়েছেন, তা হ'লে তাঁদের আমি অভিনন্দন জানাব। তা হ'লে দাঁড়াচ্ছে এই যে নির্বাচনের দিন এটা পিছিয়ে যাচ্ছে না, তার ফলে দেশের লোক যারা তারা তাদের মতামত প্রকাশ করবার সুযোগ পাবে যে, আমাদের বাংলা এবং বিহারের মধ্যে যে সীমানা নির্দিষ্ট হ'ল তাতে কংগ্রেস-পক্ষের লোক যে ভূমিকা গ্রহণ করেছেন তার দিকে তাদের সমর্থন নেই। তা হ'লে বিরোধীপক্ষের লোক সংখ্যাগরিষ্ঠতা লাভ করবেন এবং সেক্ষেত্রে তাঁরা কিভাবে বাংলার প্রতি অবিচারের প্রতিকার করেন এটা আমরা দেখব।

[Interruption.]

**Mr. Speaker:** At every sentence you are shouting. You do not understand the importance of this debate. You are not at all serious about this Bill. That is not the way to conduct this very important debate.

**Dr. Srikumar Banerjee:**

মিঃ স্পীকার, স্যার, আমাদের কথা হচ্ছে যে, আমরা এটা এইভাবে গ্রহণ করছি। এই যে প্রস্তাবটি আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে এটা আমরা গ্রহণ করছি এইভাবে যে, এটাতে যদি আমরা আপত্তি করি তা হ'লে যেমন হরিপদবাবু বলেছেন তেমনি হয়ত আমরা ফাঁদে পা দিতে পারি, কেন না, এটা সুনিশ্চিত যে বিহার বিধানসভায়-এর বিরুদ্ধে আপত্তি গৃহীত হবে। আমরা যদি এই বিলের বিরুদ্ধে আপত্তি গ্রহণ করি তা হ'লে এমন হ'তে পারে যে, বাংলা এবং বিহার উভয়েরই এই বিলে আপত্তি থাকার দরুন এই বিলের পরিবর্তন করা হবে কিনা, সেটা আবার কেন্দ্রীয় সরকারের নতুন বিবেচ্য বিষয় হয়ে দাঁড়াবে। তা ছাড়া, আমরা যেসমস্ত নতুন দাবি করেছি সেইসমস্ত দাবি এই বিলের সম্পর্কে উপস্থাপিত করা উচিত কিনা সেটা বিবেচ্য। ধরুন, আমরা সকলে মিলে এরকম একটা দাবি করি যাতে এই বিলের স্কোপকে অনেকখানি অতিক্রম ক'রে যায় তা হ'লে কেন্দ্রীয় সরকার সেটা পুনর্বিবেচনার জন্য আবার সময় নিতে পারেন। কিন্তু আমাদের সময় এত সংক্ষিপ্ত যে, যদি আমরা কেন্দ্রীয় সরকারকে সেই অবস্থায় আসবার সুযোগ দিই তা হ'লে বাংলাদেশের সমূহ ক্ষতি হবে, কোনরকম উপকার হবে কিনা বলা যায় না। আমরা প্রকাশ্যভাবে ঘোষণা করছি যে, যেটুকু

আমরা বিলে গ্রহণ করছি সেটা শুধু ফার্স্ট ইনস্টলমেন্ট হিসাবে। আমরা বাংলার যে সামগ্রিক দাবি তা প্রত্যাহার করছি নে, বাংলার যে দাবি তা যুক্তির উপর সুপ্রতিষ্ঠিত, সেই দাবির বিন্দুমাত্র আমরা কমাচ্ছি না। কিন্তু আমার কথা, এটি প্রথম ইনস্টলমেন্ট। আমরা জানি, রণনীতির পরিবর্তন হয়—এটা ও'রা স্বীকার করুন বা নাই করুন। পাথরের দেওয়ালে মাথা ঠুকলে মাথা ভাঙতে পারে, কিন্তু তাতে পাথরের দেওয়ালের কিছু হবে না। আমি বিরোধী-পক্ষকে অনুরোধ করছি তাঁরা স্থিরচিত্তে বিবেচনা করুন। এই নির্বাচনের মারফৎ হয়ত অনেক পরিবর্তন আসবে। আমাদের দাবির প্রতি যাঁরা সহানুভূতিশীল, তাঁদের সংখ্যাগরিষ্ঠতা যদি অর্জন করা যায়, যদি মহারাষ্ট্র থেকে, পাঞ্জাব থেকে, যদি পশ্চিমবঙ্গ থেকে, যদি উড়িষ্যা থেকে নির্বাচনের মারফৎ লোকসভাতে এরকম লোক যায় যারা প্রাদেশিক অবিচারের প্রতিকার করতে বদ্ধপরিকর এবং যারা বিশেষভাবে বাংলার দাবির প্রতি সহানুভূতিশীল, তা হ'লে আমাদের উপর যে অন্যায় হয়েছে তার প্রতিকার করা বাস্তবিক সম্ভবপর হবে। সেদিক থেকে আমরা আশা করছি অনেক পরিবর্তন হবে,—নীতি পরিবর্তন হবে, ব্যক্তির পরিবর্তন হবে। আজকে যাঁরা বিরোধী কালকে তাঁরা বিরোধী না হ'তে পারেন, সহানুভূতিশীল হ'তে পারেন। আমরা যদি তাই এই বিলটি গ্রহণ করি এবং এই বিলের ভিত্তিতে নতুন নির্বাচন হয় তা হ'লে মনে হয় অবস্থার এমন পরিবর্তন হবে যার সুযোগ আমরা নিতে পারব এবং যার ফলে বাংলার ন্যায্য দাবি গৃহীত হবার একটা সম্ভাবনা থাকবে। সেজন্য অনুরোধ জানাচ্ছি, যদিও এই বিল আমাদের যেটুকু দিয়েছে সেটা দাবির তুলনায় হয়ত অতি নগণ্য, তথাপি যতটুকু পাচ্ছি ততটুকু যেন গ্রহণ করি এবং তাকে ভিত্তি ক'রে নতুন আন্দোলন চালাই। হয়ত দীর্ঘ আন্দোলনের প্রয়োজন হবে বিশ বছর ধ'রে আন্দোলন আমাদের এজন্য চালাতে হবে।

[4-30—4-40 p.m.]

এই অন্যায়ের প্রতিকার করতে গেলে কেবল বিধানসভায় ব'সে ব্যঙ্গবিদ্রূপ করলে চলবে না, ব্যঙ্গবিদ্রূপ করলে বাংলার প্রতি অন্যায়ের প্রতিকার হবে না। যদি বিরোধী বন্ধুগণ মনে ক'রে থাকেন যে, ব্যঙ্গবিদ্রূপের দ্বারা তাঁরা দেশের মস্ত উপকার করছেন তা হ'লে তাঁরা অত্যন্ত ভ্রান্ত এবং এই তাঁদের ভ্রান্ত ধারণা যত শীঘ্র বর্জন করেন ততই ভাল। আমি তাদের আহ্বান করব, অত্যন্ত ধীর মস্তিষ্কে এবং ভবিষ্যৎ সংগ্রামের দিকে লক্ষ্য রেখে ভবিষ্যৎ সংগ্রামের পটভূমিকারূপে আজ যে বিল আনা হয়েছে যদি এই বিলে আমরা কেউ সন্তুষ্ট নই, কংগ্রেসপক্ষের সদস্যরা এই বিলে সন্তুষ্ট নন, প্রাদেশিক সরকার সন্তুষ্ট নন এবং বিরোধী বন্ধুরাও সন্তুষ্ট নন। এই বিলকে যদি কেবল জাম্পিং বোর্ড ব'লে বিবেচনা করেন এবং এতে যে সুযোগটা দিয়েছে সেই সুযোগ গ্রহণ ক'রে যদি আবার আন্দোলন চালান, আবার নূতন বিক্রমে নূতন সংহতির সহিত আন্দোলন চলে, তা হ'লে ভবিষ্যতে আমাদের প্রতি অবিচারের প্রতিকার হবে। এবং সেই আশা নিয়ে, এই বিল আমাদের সেই আশা পূর্ণ করবার একটা ধাপ মাত্র ও এই কথা ব'লে আমি বন্ধুদের কাছে ধৈর্য, তিতীক্ষা, সহানুভূতি ও আদর্শবাদের প্রার্থনা জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

**Sj. Subodh Banerjee:**

মাননীয় স্পীকার মহাশয়, প্রথমেই ব'লে রাখি—রাজ্য সীমানা নির্ধারণের বিজ্ঞানসম্মত যে নীতি—ভাষা, ভৌগোলিক সংলগ্নতা এবং জনসাধারণের ইচ্ছা—এই তিনটের কোনটাই রাজ্য পুনর্গঠন কমিশন, উচ্চ ক্ষমতাসম্পন্ন কংগ্রেস কমিটি এবং পশ্চিমবাংলা সরকার কেহই গ্রহণ করেন নাই। সেদিক থেকে কি রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশ, কি আলোচ্য বিলের ধারাগুলি, বিজ্ঞানসম্মত নয় এবং সামাজিক বিজ্ঞানের সুষ্ঠু দৃষ্টিভঙ্গির উপর তারা প্রতিষ্ঠিত নয়। প্রথম কথা, আমি আমার সংশোধনী প্রস্তাবে যে জায়গাগুলি চেয়েছি তার ভিত্তি হ'ল [illegible] এবং রাজ্য পুনর্গঠনের যা ভিত্তি হওয়া উচিত তাই, অর্থাৎ ভাষা, ভৌগোলিক সংলগ্নতা ও জনগণের ইচ্ছা। পূর্ণিয়ার যে অংশ সরকারপক্ষ চেয়েছেন এবং তার সপক্ষে

যে যুক্তি দিয়েছেন, সেই যুক্তির সঙ্গে আমি একমত নই। কিন্তু আমার কাছে যে তথ্য আছে তাতে আমার স্থির বিশ্বাস যে, ঐ অঞ্চলটাতে বাংলা-ভাষাভাষী লোকসংখ্যা বেশি। তার ভিত্তিতেই আমি দাবি করি, পূর্ণিয়ার ঐ অঞ্চল পশ্চিমবঙ্গের সঙ্গে সংযুক্ত হোক। এ ছাড়াও অন্যান্য কতকগুলি জায়গা আমার সংশোধনী প্রস্তাবে দাবি করেছি। তার সপক্ষে যেসমস্ত যুক্তি দেওয়া যেতে পারে তা একটি একটি ক'রে বলছি। আমি দাবি করেছি যে, পুরুলিয়া সারা ডিস্ট্রিক্ট গোটাটা পশ্চিমবাংলার সঙ্গে সংযুক্ত করা হোক। রাজ্য পুনর্গঠন কমিশন যে সুপারিশ করেন তাতে চাষ থানাকে বাদ দেওয়ার যে যুক্তিগুলি দিয়েছেন তার একটি যুক্তিও টেঁকসই নয় এবং চাষ থানা বাদ দেওয়ার কোন যুক্তিই নেই। তাঁদের প্রথম যুক্তি ছিল যে, চাষ থানা পুরুলিয়া সাব-ডিস্ট্রিক্টের সঙ্গে সংলগ্ন নয়, ধানবাদ সাব-ডিস্ট্রিক্টের সঙ্গে সংলগ্ন; এটা ভৌগোলিক তথ্যের দিক থেকে অসত্য। চাষ থানা পুরুলিয়া সাব-ডিস্ট্রিক্টেরই সঙ্গে সংলগ্ন। সেখানকার অধিবাসীর অধিকাংশই বাংলা-ভাষ্যভাষী। এদিক থেকে চাষ থানাকে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত করা দরকার। বুঝলাম না, পশ্চিমবঙ্গ সরকার কেন সে দাবি করলেন না। শুধু যে দাবি করলেন না তা নয়, তাঁরা টাটা কোম্পানিকে আর একটা রেভেনিউ থানা এবং আর একটা পুলিস-স্টেশন দান ক'রে দিলেন। দেবার যুক্তি হ'ল টাটার জলের প্রয়োজন। এ যুক্তি যুক্তিহীনের যুক্তি। টাটার জলের প্রয়োজন হ'লে সে জল যদি বাংলাদেশে থাকে তা হ'লে টাটা কোম্পানির চলত না? পণ্ডিত জওহরলাল থেকে আরম্ভ ক'রে গোবিন্দবল্লভ পন্থের মতন কংগ্রেস নেতারা গালভরা কথা বলেছেন যে, তাঁরা নাকি

Separatist tendency, fissiparous tendency র

লক্ষণ দেখছেন ভাষাভিত্তিক রাজ্যগঠনের দাবিতে। কিন্তু আমরা সেই তথাকথিত কংগ্রেসী নেতাদের জিজ্ঞাসা করি বাংলাদেশে ঐ জলের আধার থাকলে টাটা কোম্পানির কি সর্বনাশ হ'ত? তাতে কি টাটা কোম্পানির কাজ চলত না? টাটা কোম্পানি কি সোনাই ও ময়ূরভঞ্জ থেকে আকরিক লোহা আনে না? টাটা কোম্পানি কি উড়িষ্যার উপর আকরিক লোহার জন্য নির্ভর করে না? আকরিক লোহার ক্ষেত্রে অন্য রাজ্যের উপর নির্ভর করলে যদি ক্ষতি না হয় তা হ'লে জলের জন্য বাংলার উপর নির্ভর করলে কি ক্ষতি হবে? তাতে কি সর্বনাশ হবে? টাটার কোন ক্ষতিই হবে না যদি এর জলাধার পশ্চিমবাংলায় থাকে, বরং পণ্ডিত নেহরু প্রভৃতিরা যে কথা বলছেন তার দ্বারা বিভেদের সৃষ্টি করছেন। ভারতীয় ঐক্যের কথা তাঁরা বলছেন, অথচ পশ্চিমবঙ্গে টাটার জলাধার আনার কথা উঠতেই তাঁরা 'গেল, গেল' ব'লে চিৎকার করেছেন। এটা কি ঐক্যের দৃষ্টিভঙ্গি? যাঁরা ঐক্যের কথার আড়ালে পশ্চিমবাংলার দাবি অস্বীকার করছেন তাঁরাই বিভেদের মনোভাব সৃষ্টি করছেন। যাঁরা বিলের মধ্যে বাংলার দাবিগুলি অস্বীকার করেছেন তাঁরা নিজেরাই ভারতবর্ষের ঐক্যকে নষ্ট করেছেন। ভারতবর্ষের প্রকৃত ঐক্য কোথায় সে সম্বন্ধে তাঁদের একেবারেই ধারণা নাই। যে কথা বলছিলাম—টাটা কোম্পানিকে তাঁরা যে চাণ্ডিল ও পটমদা দিয়ে দিয়েছেন তার পিছনে কোন্ যুক্তি আছে? কোন যুক্তি নেই। আমরা দেখেছি যে, রাজ্য পুনর্গঠন কমিশন তাঁদের সুপারিশের ক্ষেত্রে কয়েকটি নীতির কথা বলেছেন, যার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন তাঁরা করতে যাচ্ছেন। সেগুলি হচ্ছে অর্থনৈতিক সমতা (ইকনমিক ভায়েবিলিটি) এবং প্রশাসনিক সুবিধা (অ্যাডমিনিস্ট্রেটিভ কন্সিডারেশন)। আমি জিজ্ঞাসা করি চাষ, চাণ্ডিল এবং পটমদা থানা বাংলায় এলে কোন্ অর্থনৈতিক সমতা রক্ষিত হ'ত না? কোন প্রশাসনিক অসুবিধাও দেখা দিত না। তা হ'লে ঐ থানাগুলি ছেড়ে দেবার একমাত্র যুক্তি এই দাঁড়ায় যে, বিধানবাবু টাটা-বিরলার মত বড় বড় পুঁজিপতিদের সন্তুষ্ট করতে চান পশ্চিমবাংলার স্বার্থ বিসর্জন দিয়ে। তা ছাড়া আর কোন যুক্তি নাই এটা বুঝতে এতটুকু কষ্টও হয় না।

তারপরে ধানবাদ সাব-ডিস্ট্রিক্টের কথা। আমার কাছে যে হিসাব আছে তাতে দেখছি যে, ধানবাদ সাব-ডিস্ট্রিক্টের মধ্যে বোলিয়াপুর, নির্সা, চিরকুণ্ডা, গোবিন্দপুর এবং তুণ্ডির পুলিস-স্টেশনগুলি বাঙ্গালী অধ্যুষিত। এই অঞ্চলগুলি পশ্চিমবঙ্গে কেন আনা হবে না? না আনার কি যুক্তি থাকতে পারে? আমাদের যুক্তি ভাষা, ভৌগোলিক সংলগ্নতা ও জনগণের ইচ্ছা মেনে নিলে এ অঞ্চলগুলি এখনই পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত হওয়া উচিত। এই ভিত্তি

মেনে নিলে বৈজ্ঞানিক যুক্তিবিচারও গ্রহণ করা হয়। এগুলি অনতিবিলম্বে পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত হওয়া উচিত। কিন্তু কংগ্রেস দল এবং কংগ্রেসী সরকার এই নীতি গ্রহণ করেন নি। তাঁরা গ্রহণ করেছেন প্রশাসনিক সুবিধা এবং অর্থনৈতিক সমতার যুক্তি। তর্কের খাতিরে যদি ধরে নেই—যদিও তা মানা অবৈজ্ঞানিক—তা হলে কি দাঁড়ায় দেখা যাক। বোলিয়াপুর, নির্শা, চিরকুন্ডা, গোবিন্দপুর ও তুন্ডি থানাগুলিকে পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত করলে বিহারের অর্থনৈতিক সমতা কি নষ্ট হয়ে যেত? এগুলির একটাও কয়লা উৎপাদন করে না। ধানবাদের যে কয়টা থানা কয়লা উৎপাদন করে তার মধ্যে এগুলি পড়ে না। বাগমারা, কাটরা, ঝরিয়া এবং কেন্দুয়াডিহি এই চারটা থানায়ই কয়লা উৎপাদন হয়। শেষোক্ত চারটা থানা পশ্চিমবঙ্গে যদি অন্তর্ভুক্ত হয় তা হলে বিহারের অর্থনৈতিক সমতা ক্ষুন্ন হবে এ যুক্তি উঠতে পারে; তাই আমি তর্কের খাতিরে ঐ থানাগুলিকে ছেড়ে দিলাম। ঐ চারটি থানা ছাড়া বাকি যে অঞ্চলগুলি আছে, যেগুলি কৃষি উৎপাদনকারী অঞ্চল, সেই অঞ্চলগুলি যদি বাংলাদেশের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়, তা হলে বিহারের অর্থনৈতিক সমতা—শিল্প এবং কৃষির মধ্যে সমতা—ক্ষুন্ন হয় না; বরং তাতে পশ্চিমবাংলার অর্থনীতি -শিল্প ও কৃষির মধ্যে সমতা—আরও শক্তিশালী হয়। তা ছাড়া প্রশাসনিক সুবিধার দিক থেকেও যদি দেখেন, তা হলে দেখবেন যে, ঐ অঞ্চলগুলি বর্ধমান জেলার সঙ্গে সংলগ্ন। সুতরাং সেদিক দিয়েও কোন অসুবিধা নেই। সুতরাং সরকারের নীতি অর্থনৈতিক সমতা ও প্রশাসনিক সুবিধার নীতি আনলেও বোলিয়াপুর, নির্শা, চিরকুন্ডা, গোবিন্দপুর ও তুন্ডি ধানবাদ মহকুমার থানাগুলির পশ্চিম-বাংলার সঙ্গে যুক্ত করার পক্ষে যুক্তি রয়েছে। আমাদের নীতি মানলে তো সেগুলি আসতে বাধ্য, সরকারের নীতি যদি গ্রহণও করি তা হলেও ঐ জায়গাগুলিকে পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত না করার কোন যুক্তি খুঁজে পাওয়া যায় না। অথচ তবুও কেন সেগুলিকে বিহারে রাখা হচ্ছে তার কোন কারণ আজ পর্যন্ত দেওয়া হয় নি; পশ্চিমবাংলা সরকারের তরফ থেকেও এ বিষয়ে কিছু দাবি করা হয় নি।

[4-40—4-50 p.m.]

তারপর ধলভূমের কথা। কে না জানে যে ধলভূম মহকুমা বাংলা-ভাষাভাষী অঞ্চল। গোটা ধলভূমের কথা যদি ধরি, তা হলে দেখা যাবে যে, যেখানে বাংলা-ভাষাভাষী অধিবাসীর সংখ্যা মোট জনসংখ্যার শতকরা ৫৭·২ ভাগ সেখানে হিন্দী-ভাষাভাষীর শতকরা হিসাব হচ্ছে ১৪·৮। এই যুক্তিবলেই গোটা ধলভূম পশ্চিমবাংলায় আসা উচিত ছিল। সরকারের বক্তব্য হচ্ছে যে, জামসেদপুর বাংলায় চলে এলে বিহারের বড়ই অর্থনৈতিক ক্ষতি হবে। সেটা তর্কের খাতিরে মেনে নিলেও প্রশ্ন থাকে বাকি যে চারটা থানা রইল সেগুলি কেন পশ্চিম-বাংলার সঙ্গে যুক্ত হল না? বহরাগোড়া, চাকুলিয়া, ঘাটশিলা এবং পটকা এই চারটি থানা হচ্ছে কৃষি-অঞ্চল। ধলভূমের এই চারটা থানায় মোট জনসংখ্যার শতকরা ৬৮ ভাগ হচ্ছে বাংলা-ভাষাভাষী লোক। সুতরাং এই চারটি থানা কেন পশ্চিমবাংলায় আসবে না? এইসব অঞ্চল যদি পশ্চিমবাংলার সঙ্গে যুক্ত করা হয়, তা হলে বিহারের অর্থনীতির কোন ক্ষতি হয় না এবং প্রশাসনিক কোন অসুবিধারও সৃষ্টি হয় না। বরং সেগুলি বাংলাদেশের সঙ্গে এলে বাংলাদেশের সুবিধা হবে। এইসব যুক্তি আমি সরকারের যুক্তির প্রতিযুক্তি হিসাবে বলছি; রাজ্য পুনর্গঠনের যুক্তি হিসাবে আমি এগুলি মানি না। আমি মানি ভাষা, ভৌগোলিক সংলগ্নতা এবং জনগণের ইচ্ছাকে। রাজ্য পুনর্গঠনের নীতি হিসাবে একটাও টেঁকে না।

তারপর সাঁওতাল পরগনার দুটি মহকুমা—জামতাড়া এবং পাকুড়। দেখা যাচ্ছে সেখানকার বাংলা-ভাষাভাষী লোক হিন্দীভাষী লোকের চেয়ে অনেক বেশি। একথা অবশ্য ঠিক যে, সাঁওতাল পরগনার এই মহকুমাগুলিতে সাঁওতাল-ভাষাভাষী সবচেয়ে বেশি। এবং ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠন করলে ঐ সাঁওতাল-ভাষাভাষী অঞ্চলগুলিকে নিয়ে একটা আলাদা রাজ্য পুনর্গঠন করা প্রয়োজন। কিন্তু আমার জিজ্ঞাস্য যে, যখন সরকার তা করছেন না, তখন কোন্ যুক্তির বলে হিন্দী-ভাষাভাষীর সঙ্গে ঐ অঞ্চলগুলিকে লাগিয়ে রেখে দেওয়া হচ্ছে? সাঁওতালীদের সাবসিডিয়ারি ল্যাংগুয়েজএর কথা যদি ধরেন তা হলে তাদের মধ্যে ৮৭ জন বাংলা ভাষায় কথা বলে, হিন্দী তো অধিকাংশ বলতেই পারে না। এই যেখানে অবস্থা সেখানে যদি যুক্তির কোন বালাই থাকে তা হলে তাদের স্বভাবতই বাংলার সঙ্গে যুক্ত করা দরকার। হয় সাঁওতাল-ভাষাভাষী অঞ্চলগুলিকে নিয়ে একটি সাঁওতালী রাজ্য গঠন করুন তা

না হ'লে তাদের স্বভাবতই বাংলার মধ্যে এনে দিতে হয়। সুতরাং মোটামুটিভাবে বললে, যে থানাগুলোর আমি নাম করেছি—আমি আবার নাম করছি—মহানন্দা ও মেচি নদীর পূর্বপাড়ের পূর্ণিয়ার অংশ, গোটা পুরুলিয়া সাব-ডিস্ট্রিক্ট, ধানবাদ সাব-ডিস্ট্রিক্টএর বেলিয়াপুর, নির্শা, চিরকুন্ডা, গোবিন্দপুর, তুন্ডি থানাগুলি, ধলভূম মহকুমার বাহারগোড়া, চাকুলিয়া, ঘাটশিলা এবং পটকা থানাগুলি, সাঁওতাল পরগনার জামতাড়া এবং পাকুড় মহকুমা—এগুলির পশ্চিম-বাংলায় আসা সম্বন্ধে কোন সন্দেহের অবকাশ নেই। এইগুলি অধিক সংখ্যক বাংলা-ভাষাভাষী লোকের দ্বারা অধ্যুষিত এবং এইগুলিকে বাংলার সংগে অন্তর্ভুক্ত করলে বিহারের অর্থনৈতিক সমতা নষ্ট হয় না এবং কোন প্রশাসনিক অসুবিধাও হয় না। অতএব যে যুক্তির বলে বাংলার দাবিকে উপেক্ষা করার অপচেষ্টা করেছেন, ভারত সরকার, কংগ্রেস এবং স্টেটস রিঅর্গানাইজেশন কমিশন—সেগুলো একটুও টেঁকে না। আমি জানি যে, এ ছাড়াও আরও বহু অঞ্চল আছে যেগুলি বাংলা-ভাষাভাষী অঞ্চল; কিন্তু তার হিসেব আমি পাই নি। আমি যা জানি না, তার দাবি আমি করি নাই। যেগুলির হিসেব আমার কাছে আছে সেগুলিই আমি উপস্থাপিত করেছি। আমার দাবির বাইরে অন্যান্য যেসব বাংলা-ভাষাভাষী অঞ্চল, সেগুলি স্থির করার জন্যে একটি বাউন্ডারি কমিশন গঠন করা হোক। যেটার সম্বন্ধে আমাদের কোন সন্দেহ উঠতে পারে না সেটা কেন আমরা দাবি করব না?

সর্বশেষে আমি আর কয়েকটি কথা বলব। আমার আগে পণ্ডিতপ্রবর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় বক্তৃতা দিলেন। কিন্তু তাঁর বক্তৃতাকে চাপলে সব ধোঁয়া হয়ে উড়ে চ'লে যাবে, কিছুমাত্র সারবস্তু তা হ'তে মিলবে না। তিনি কতকগুলো "যদি" স্থাপন করেছেন—যদি এটা হয়, যদি ওটা হয় ইত্যাদি। ইংরাজীর অধ্যাপক তিনি; তিনি সেক্সপীয়ারের

"It is a great peacemaker"

কথাটা জানেন। তাই বোধ হয় এত 'যদি'র আশ্রয় নিয়েছেন—যদি এটা হয়, যদি ওটা হয়, যদি সেটা হয়। তাঁর সব বক্তব্যটা "যদি"র উপর নির্ভর করছে। "যদি" দিয়ে কোন সমস্যার সমাধান চলে না। রাজ্য পুনর্গঠনের ব্যাপারে কি করতে হবে তা পরিষ্কার ক'রে দ্ব্যর্থহীন ভাষায় বলতে হবে। "সংগ্রাম আমাদের করতে হ'তে পারে"- একথা বললে হবে না। সংগ্রাম কংগ্রেস করবে কি না তা বলুন। ভেগ টার্মসএ বলবেন না, ঢাকাঢাকি না ক'রে খোলাখুলিই বলুন যে, কংগ্রেস বাংলা রাজ্যের ন্যায়সংগত দাবি আদায়ের জন্যে সংগ্রাম করতে প্রস্তুত আছেন কিনা। এবং যদি থাকেন তা হ'লে সেই সংগ্রামের রূপ কি সেটাও পরিষ্কার ক'রে বলতে হবে। ডাক্তার ব্যানার্জি বলেছেন যে, অবস্থার পরিবর্তনের সংগে দাবির পরিবর্তন হয়। নিশ্চয়ই হয়। কিন্তু আমি জিজ্ঞাসা করি, অবস্থার কোন্ পরিবর্তন হয়েছে? প্রথম যখন

States Reorganisation Commission

এর কাছে স্মারকলিপি পেশ করা হয় তখন যে অবস্থার উপর ভিত্তি ক'রে দাবি উপস্থাপিত করা হয়েছিল, ঠিক সেই অবস্থা আজও রয়েছে। অবস্থার নূতনত্বের মধ্যে হয়েছে যে সেই দাবি কেন্দ্রীয় সরকার স্বীকার করে নি। দাবি স্বীকার করে নি ব'লে কি দাবি ছেড়ে পিছিয়ে আসতে হবে? আজ যদি বিলের ধারা সম্বন্ধে কোন প্রতিবাদ না করা হয়, আমাদের ন্যায়-সংগত দাবি উত্থাপিত না করে বিলে যা দেওয়া হয়েছে শুধু সেটুকুতেই সন্তুষ্ট হন তা হ'লে কংগ্রেসের বড়কর্তারা পরে বলবেন, "তোমরা যে আরও চাও তার প্রমাণ কৈ?" কোন কিছু দাবি না করলে না হয় বলা যেত যে, আপনারা আপনাদের মনের কথা বলেন নি পাছে ডিসিপ্লিন ভঙ্গ হয় এই ভয়ে কিন্তু তা তো নয়; আপনারা পূর্ণিয়ার একটা অংশ যেখানে দাবি করেছেন সেখানে অন্যটার বেলায় দাবি তুলতে কেন আপত্তি করা হচ্ছে? আপনারা কি স্থির নিশ্চিত যে পূর্ণিয়ার যে অংশটা দাবি করেছেন কেন্দ্রীয় সরকার সেটা গ্রহণ করবেন। পশ্চিমবঙ্গের জনসাধারণের আর আর যা দাবি আছে সেগুলি বিলের মধ্যে অন্তর্ভুক্ত করা না হ'লে ভবিষ্যতে বলা হবে বাংলাদেশের বিধানসভা সেসব তো চায় নি; তখন কর্তৃপক্ষ বলতে পারবেন যে, যেটুকু বিলে দেওয়া হয়েছে সেইটুকুই সন্তুষ্ট চিত্তে বাংলা গ্রহণ করেছে, তার বেশি তার দাবি নেই। এই রাজ্যসরকার যদি কোন দাবি না করতেন তা হ'লে বুঝতাম যে, তাঁরা

উড়িষ্যাতে লড়াইএর পথ খোলা রাখলেন। কিন্তু তাঁরা বিহারেই দাবি করেছেন, যদিও অন্য দাবি করেন নি। এর দ্বারা আমাদের উপরকার আন্দোলনের ক্ষেত্রে চরম বিশ্বাসঘাতকতা করা হয়েছে। কেন্দ্রীয় সরকার ও কংগ্রেসকে পরে বলার সুযোগ দেওয়া হচ্ছে যে, বাংলার প্রতিনিধিরা যা যা দাবি করেছিলেন তার সবই দেওয়া হয়েছে—অবশ্য যদি আদৌ কিছু দেওয়া হয়। আমি মনে করি তাঁকবতে যদি কংগ্রেস লড়াই করতে চান—অবশ্য তাঁরা লড়াই করবেন না আমি জানি, কারণ গদির লোভ, মন্ত্রিত্ব আঁকড়ে রাখাই তাঁদের উদ্দেশ্য—তা হলে পুরো দাবি করা দরকার। পরিবর্তিত অবস্থার মধ্যে দেখা যাচ্ছে যে, যাঁরা বিরোধী-পক্ষ ছিলেন, তাঁদের অনেকেই ব্যক্তিগত স্বার্থের খাতিরে কংগ্রেস দলে চলে গিয়েছেন। এঁদের জন্য বাংলার দাবি ছাড়া যেতে পারে না। বাংলাদেশের সাধারণ মানুষ তাদের দাবির জন্য লড়াই করবে। তাই আমি বলতে চাই, বাংলাদেশের প্রতিনিধি হিসাবে বাংলার প্রতি বিশ্বাসঘাতকতা না ক'রে বাংলার সমস্ত দাবি আদায়ের জন্য এই বিলের সংশোধন দাবি করা আমাদের উচিত—কেন্দ্রীয় সরকার দিন ভাল, না দেন লড়াই ক'রে আদায় করা হবে।

[4-50—5 p.m.]

**Sj. Narendra Nath Sen:** Mr. Speaker, Sir, the Radcliff award left a gap between the northern and southern portions of North Bengal and gave us an area with a body having a head without a neck and shoulder, having no connecting link with the trunk, the southern portion and having no means of communication with the rest of West Bengal. The States Reorganisation Commission admitted this difficulty and in paragraph 633 of its report said "The northern districts of the Presidency Division have become less easily accessible from Calcutta and West Bengal is now the only Part A State which is geographically not a compact and integrated unit". But unfortunately its recommendation, at least so far as this area is concerned, is inconsistent with this finding. The recommendation, contained in paragraph 652 of the Report, viz., that (i) the portion of the Kishengange subdivision which is to the east of the river Mahananda and (ii) a portion of the Gopalpur Revenue thana contiguous to the territory mentioned above and extending down to the national highway in this thana should be transferred to West Bengal, still leaves this area in the same position without any geographical link between Darjeeling, Jalpaiguri and Cooch Behar in the north and Maldah and West Dinajpur in the south and still keeps the northern portion disconnected from the rest of the State. Obviously, it could not have been the intention of the Commission and it must have been due to some mistake somewhere. As the Bill that has been sent for our views does not cover this defect, the Government resolution that is before us seeks to rectify this defect and to effect consequential changes in the Bill. The area lying between the national highway in Gopalpur thana and the Mahananda river to the north of Maldah district as contained in the resolution is also a necessary connecting link between Maldah and Gopalpur thana and also for the ownership of the national highway by the West Bengal Government and for construction of feeder roads to Maldah and West Dinajpur. The portion of the Purnea district as contained in the resolution is absolutely necessary for having an integrated North Bengal, having easy means of communication with the rest of the State.

Sir, my esteemed friends, Sjs. Sudhir Chandra Ray Chaudhuri, leader of the P.S.P. and Jnanendra Kumar Chowdhury, leader of the N.D.P., very kindly mentioned my speech delivered in December last while discussing the States Reorganisation Commission Report. I am very thankful to both of them for their kind appreciation of my speech. I support this resolution not because I have given up what I claimed in my speech

then but because I feel, and strongly feel, that unless the defects and lacunae as mentioned above are pointed out and sought to be rectified, West Bengal will have to go without any means of communication between her northern and southern areas.

Sir, as early as in 1948, late Shri Nalini Ranjan Sarkar, the then Finance Minister of West Bengal, made a demand before the Constituent Assembly on behalf of the West Bengal Government for transfer to West Bengal of an area of about 16,000 square miles from Bihar and Assam. The State Government also submitted a demand before the States Reorganisation Commission for transfer of about 11,840 square miles from Bihar and Assam involving a population of about 5.7 millions. This was the minimum demand that could be made on very justifiable reasons for solving the manifold problems of this border State which has been reduced to the position of the smallest of all Part A States. There is no doubt that West Bengal is in need of sufficient additional lands for her development and also for meeting her very pressing needs, the most important of which is the vast problem of rehabilitation of millions of unfortunate refugees who have been compelled to seek shelter in this State. These refugees naturally and very reasonably want to be resettled in congenial environments suitable to their habits and mode of living. They also want to live as close to their kith and kin as possible so that they may continue to live with their culture, association and social life as before. It was one of our main reasons for demanding the retransfer of the contiguous Bengali-speaking areas to West Bengal. We can not expect them to go to South India or the Punjab and adapt themselves to the South Indian or Punjabi mode of living. They would very naturally like to live as Bengalees with Bengali culture and Bengali association.

[5—5-20 p.m.]

Displacement from their ancestral home is not due to any sin on their part but is the result of the partition and we owe it to ourselves to see to their proper resettlement. Unfortunately the reasonable demand of West Bengal has been ignored in many respects and only an area of about 3,200 square miles from Bihar has been recommended for transfer to West Bengal. This decision of the Central Government has been incorporated in the Bill before us.

Sir, I am not in favour of rejection of this proposed transfer because it does not cover our entire demand. I am for having whatever we have got, however small it may be and then press for more.

Sir, it is true that the people of West Bengal have been groaning under a sense of grave injustice done to her in this respect, but still West Bengal is the only State where the discontented people carried on their agitation in a peaceful and non-violent manner. I would earnestly appeal to the Central Government and the Indian Parliament yet to do justice to her rightful claims.

Sir, to the leaders of Bihar, I earnestly appeal for a better sense. To them the retransfer of the areas demanded is not a question of "not an inch of land without war" but is a sacred commitment of their leaders who were the makers of present Bihar. To them it is a sacred task of redeeming the pledges given by the revered leaders like Dr. Satchidananda Sinha, Deep Narayan Sinha, Md. Fakruddin, Parmeswarlal, Nand Kishore Singh, Krishna Sahay, Brojo Kishore Prasad and others who made Bihar what she is today. Will they honour their sacred pledges which their departed souls expect them to do or will they trample them under their feet with scorn and

disdain? Discontented areas like Dhalbhum and Dhanbad subdivisions and the portion of Purulia subdivision retained by them, the people of which constantly feel that they are being suppressed at every stage of life, will not add to their prosperity. It will on the other hand add to their gracefulness if they agree to the retransfer of these areas to West Bengal where they originally belonged. I appeal to them for reconsideration of their attitude.

[At this stage the House was adjourned till 5-20 p.m.]

[*After adjournment*]

[5-20—5-25 p.m.]

**Sj. Lalbehari Das.**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার সীমা নির্ধারণ সম্পর্কে যে বিতর্ক সৃষ্টি হয়েছে, তাতে আমি একটা জিনিস লক্ষ্য করছি যে, কি কংগ্রেস, কি সোস্যালিস্ট, কি কমিউনিস্ট, তাঁরা বাংলার যে অন্যতম দাবি সে সম্পর্কে প্রায় একমত। কিন্তু অত্যন্ত আশ্চর্যের বিষয় ও অত্যন্ত পরিতাপের বিষয় যে, আমাদের ন্যূনতম দাবিটুকু আমাদের যে সরকার এবং বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়, তাঁরা এটা কেন আদায় করবার জন্য যে চেষ্টা করা দরকার, সেটা করছেন না। এটা অত্যন্ত পরিতাপের বিষয়। যখনই সেইরকম কোন চেষ্টা করবার কথা হয়েছে, তখনই আমরা দেখেছি কংগ্রেসপক্ষ, সরকারপক্ষ নীরব থেকে গিয়েছেন। এবং তাঁরা যদিও বাইরে আস্ফালন করেছেন কিন্তু কার্যত কিছুই করেন নি এবং কেন্দ্রীয় সরকারের চাপের ভিতর তাঁরা আত্মসমর্পণ করেছেন। ইতিপূর্বে শ্রদ্ধেয় শ্রীকুমার বাবু যে যুক্তিতর্কের অবতারণা ক'রে বলেছিলেন যে, "এখানে আমাদের কি বলবার বা করবার আছে; আমাদের কেন্দ্রীয় সরকার থেকে যখন সিদ্ধান্ত করা হয়েছে, এটা মেনে নিতেই হবে"—এইরকম ধরনের যে একটা অসহায়তার ভাব ফুটে উঠেছে, সেটা আমরা কিছুতেই মেনে নিতে পারি না। বোম্বেতে, যেখানে কংগ্রেস সরকার তাঁদের দাবি আদায় করবার জন্য তাঁরা প্রস্তুত হচ্ছেন এবং চাপ দিচ্ছেন সেখানে আমাদের সরকার কিছু করবার নেই বলছেন—এটা অত্যন্ত পরিতাপের বিষয়; এটা আমরা ডাঃ রায়ের কাছে আশা করতে পারি নি।

সরকারপক্ষ, বিশেষ ক'রে কংগ্রেসের বন্ধুরা এই যে ভূমিকা তাঁরা দেখিয়েছেন, সেটা অত্যন্ত লজ্জার বিষয়। কারণ তাঁরা এমন একটা অবস্থা সৃষ্টি করেছেন যে আমরা কেন্দ্রীয় সরকারের কৃপার পাত্র, করুণার পাত্র। এইটুকু ছাড়া আমাদের আর অন্য কোনরকম ধারণা করা সম্ভবপর নয়। আমরা কি বাস্তবিক করুণার পাত্র, কৃপার পাত্র; আমাদের দাবির কি কোন যৌক্তিকতা নেই? আমাদের যে দাবি এবং তার পিছনে যেসমস্ত যুক্তি রয়েছে সে সম্পর্কে আমি বিস্তৃতভাবে বলতে চাই না; কারণ এ সম্পর্কে এ নিয়ে বহু আলোচনা ইতিপূর্বেই হয়ে গিয়েছে। কিন্তু বাস্তব তথ্য ও যুক্তি থাকা সত্ত্বেও যখন আমরা দেখতে পাই যে, এ সম্পর্কে কিছুই করা হচ্ছে না অর্থাৎ সরকারপক্ষ থেকে কিছুই করছেন না তখন এটা ধারণা করতে পারি যে নিশ্চয়ই এর পিছনে কোন গূঢ় অভিসন্ধি আছে। এবং সেই অভিসন্ধি নিয়ে তাঁরা কাজ ক'রে চলেছেন এবং যার জন্য আমরা ব'লে থাকি যে, কেন্দ্রীয় সরকার বাংলা এবং বাঙ্গালীর বিরুদ্ধে একটা ষড়যন্ত্র, একটা অবিচার, অন্যায়-অত্যাচার, জবরদস্তি চালাচ্ছেন। এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় ও কংগ্রেসপক্ষ এটা সমর্থন করছেন—এটা আমরা কখনও সমর্থন করতে পারি কি?

[5-25—5-35 p.m.]

আমরা দেখেছি যে, কিভাবে বাংলার ন্যায্য দাবিকে নস্যাৎ ক'রে দিয়ে বাংলাদেশকে অবলুপ্ত করবার একটা ষড়যন্ত্র হচ্ছে। আমাদের পরম সৌভাগ্য যে, বাংলা সেই ষড়যন্ত্রের বিরুদ্ধে বিদ্রোহ করেছে এবং বিশ্বাসঘাতকতাকে পর্যুদস্ত ক'রে দিয়েছে। আমি এই কথা বারবার ক'রে বলতে চাইছি যে, কেন্দ্রীয় সরকারের হাতেই সিদ্ধান্ত নেবার ভার আছে তা আমরা জানি। কিন্তু তা সত্ত্বেও আমাদের দাবি কেন আমরা উত্থাপন করব না। আমাদের দাবির পিছনে যখন যুক্তি রয়েছে, অখণ্ডনীয় তথ্য রয়েছে, সেইসমস্ত যুক্তি ও তথ্য উপস্থিত করা সত্ত্বেও কেন

কেন্দ্রীয় সরকারের কাছে যাবার সময় পশ্চিমবঙ্গ সরকার হাত জোড় ক'রে তার কাছে দাঁড়িয়ে থাকবে ভিক্ষুকের মতন? এবং যাই তাঁরা দেবেন সেইটুকু মাথায় ক'রে নিয়ে ঊর্দ্ধবাহু হয়ে নৃত্য করতে করতে ফিরে আসতে হবে—যেমন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় করেছেন। এ অত্যন্ত লজ্জার কথা। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় নিজেকে শক্তিমান ব'লে জাহির করেন, কিন্তু তাঁর যে শক্তির পরিচয় প্রকাশ পায় অসহায় কৃষকদের উপর, সে শক্তির পরিচয় তো দেখছি না বাংলার ন্যায্য দাবি আদায় করবার বেলায়!

আজ এই যে কেন্দ্রীয় সরকারের বিলটা এসেছে আমাদের কাছে, সে বিলে বাংলাদেশের প্রতি এতটুকু সুবিধা তো করা হয়ই নাই, বরঞ্চ বাংলার ন্যায্য দাবিকে পদদলিত ক'রে বাংলাকে, বাঙ্গালীকে অপমানিত করা হয়েছে। এই বিলের প্রতি ছত্রে একটা করুণার ভাব, একটা অবজ্ঞা অবহেলার ভাব রয়েছে। এবং তাঁরা যেটুকু দিচ্ছেন, তা দ্বারা, যে উদ্দেশ্যে দিচ্ছেন সে উদ্দেশ্য যে সাধিত হবে না, একথা পরিষ্কার জেনেই এই বিল তাঁরা এনেছেন। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন—এই বিলে ভুল রয়েছে। সে ভুল ইচ্ছাকৃত নয়, অনিচ্ছাকৃত। কিন্তু এতদিন হয়ে গেল, এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকার কেন সে সম্পর্কে নীরব রয়ে গেলেন। যেখানে এ নিয়ে দেশের খবরের কাগজে ও দেশের জনগণের মধ্যে যথেষ্ট আলোড়ন চলেছে তবু কেন্দ্রীয় সরকার এ সম্পর্কে নীরব রয়েছেন কেন? সুতরাং আমরা এটা ধ'রে নেব যে, এ ভুল ইচ্ছা ক'রেই করা হয়েছে এবং আমি আরও বলছি যে, এর পিছনে একটা অভিসন্ধি রয়েছে। সে অভিসন্ধিটা কি? এই উদ্দেশ্য ভুল, বাংলার উত্তর অংশ থেকে দক্ষিণ অংশের বিচ্ছিন্ন রাখার যে ভুল, সে ভুল কেন্দ্রীয় সরকার সংশোধন না করার একটা উদ্দেশ্য হচ্ছে, সুযোগ দেবেন তাঁরা আমাদের মুখ্যমন্ত্রীকে এই বাহাদুরি দেখাবার যে—দেখ তোমরা, আমি কেমন আদায় ক'রে এনেছি। সমস্ত বাংলার মধ্যে যোগাযোগের যে অভাব ছিল, সে অভাব পূরণের পথ আমি আদায় করতে পেরেছি। সকলে আমরা তো দেখতেই পাচ্ছি, বাংলার বরাতে কেন্দ্রীয় সরকারের প্রতিটি কাজের পিছনে বিশেষ একটা কিছু মতলব রয়েছে। প্রথমে আমরা দেখেছি যে, বাংলাকে বিহারের সঙ্গে মিলিয়ে দেবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে তাঁরা প্ররোচিত করেছেন। তাঁদের সে উদ্দেশ্য যখন সিদ্ধ হ'ল না, তাঁদের উদ্দেশ্যসিদ্ধির পথে যখন বাধা এসে গেল, তখন তাঁরা এমন একটা বিল আনলেন যাতে নাকি পশ্চিমবঙ্গের দক্ষিণাংশের সহিত উত্তরাংশের যোগাযোগ না হ'তে পারে। এই কথা আমি বলছি—এটা তাঁরা ইচ্ছা ক'রেই করেছেন। এর পিছনে যে মতলব রয়েছে তাতে সন্দেহ নাই। নচেৎ কেন তাঁরা এতদিন পর্যন্ত এ সম্পর্কে নীরব রয়েছেন? বাংলার দাবিকে নস্যাৎ ক'রে দিয়ে, বাংলাকে বঞ্চিত করবার যে মনোভাব কেন্দ্রীয় সরকারের প্রতি কাজের মধ্য দিয়ে দেখতে পাচ্ছি, এই বিলের মধ্যেও তা পরিষ্কার প্রকাশ পেয়েছে। বাংলা যাতে ঐক্যবদ্ধভাবে নিজেদের দাবি, নিজের অতি ন্যায্য দাবি নিয়েও লড়াই করবার সুযোগ না পায় সেইজন্য বারবার দেখি যে এইসব মতলব করা হয়েছে যে, বেদম হয়ে যাতে আমরা শেষ পর্যন্ত বলতে বাধ্য হই—থাক, আর দরকার নাই, আমরা যেটুকু পেলাম সেইটুকুই যথেষ্ট। কিন্তু আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি, তিনি তাঁর নিজের বুকে হাত দিয়ে কি বলতে পারেন এবং অন্যান্য মন্ত্রী যাঁরা আছেন তাঁরাও কি নিজেদের বুকে হাত দিয়ে বলতে পারেন যে, একথা সত্য নয়? এটা বিশেষ ক'রে আজ বাংলার জনমত জানাতে চাইছে এবং বাংলার জনমত যে কি তা পরিষ্কারভাবে সকলেই জানতে পেরেছেন। আমরা এই আশা করেছিলাম, বাংলা-বিহার মিলনের যে প্রস্তাব উঠেছিল সেটা যখন তুলে নিতে তিনি বাধ্য হলেন তখন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বাংলার যা নাকি ন্যূনতম ন্যায্য দাবি, সেটা আদায় করবার জন্য চেষ্টা করবেন। কিন্তু আমরা যা দেখতে পাচ্ছি এবং বুঝতে পাচ্ছি তাতে দেখা যাচ্ছে তিনি সেদিকে কোনরকম চেষ্টাই করেন নাই। তিনি সম্পূর্ণভাবে ক্ষমতা-পরায়ণ কেন্দ্রীয় সরকারের অবিচারের কাছে আত্মসমর্পণ করেছেন। আমাদের জিজ্ঞাস্য—তিনি বাংলার যা নাকি ন্যূনতম দাবি—বাংলার সমস্ত দল যে দাবি সম্পর্কে একমত—সেই দাবিটাকে একটা প্রস্তাবের আকারে কেন তিনি কেন্দ্রীয় সরকারের কাছে উত্থাপন করেন নাই?

এই বিল সম্পর্কে তিনি কতকগুলি সাজেশন দিয়েছেন। সেই সাজেশনএর আমি তীব্র বিরোধিতা করছি। সেসব সাজেশন অত্যন্ত হালকা ও দুর্বল এবং আমাদের দাবিকে নষ্ট করবার একটা প্রচেষ্টামাত্র। এখন আমি এই সভার সকলের কাছে, বিশেষ ক'রে কংগ্রেস দলের

বন্ধুদের কাছে, এই আবেদন জানাচ্ছি—আমাদের সরকারের যে ফাঁদ পাতা হয়েছে সেই ফাঁদে যেন পা না দেন এবং অবস্থাটা বেশ ভাল করে তাঁরা বুঝতে চেষ্টা করুন এবং বাংলার ন্যূনতম দাবি আদায় করবার জন্য যা কিছু করা দরকার সেইটে করুন। আমি এই বিলের বিরোধিতা করছি এবং আমাদের নেতা শ্রীযুক্ত সুধীর রায়চৌধুরী মহাশয় যে সংশোধনী প্রস্তাব এনেছেন, সেই প্রস্তাবে যা দাবি করা হয়েছে তাকে আমরা ন্যূনতম দাবি বলেই মনে করি। সেই দাবি যাতে পেতে পারি, আসুন, সকলে মিলে সেই দাবি যাতে আদায় করতে পারি তার জন্য যেন চেষ্টা করি।

[5-35—5-45 p.m.]

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, it is not certainly very pleasant for us to criticise and to make adverse comments on the thoughts, actions and recommendations of the Central Government, the Congress High Command, the Government of West Bengal and the Congress of West Bengal on so many occasions in the matter of readjustment of the boundaries of West Bengal. Sir, I can understand the step-motherly attitude of the Central Government or the Congress High Command because they are not well-disposed to Bengal. They do not like that this famished, emaciated, truncated and moth-eaten Bengal should be resuscitated or should be revitalised, because they know that if Bengal finds her own and if Bengal becomes self-sufficient economically and from other points of view then the leadership of India will pass at once into the hands of Bengal. What happens in Bengal, Sir, that causes them to shudder.

This reminds us of one of the immortalised lines of poet Rabindranath

"হোথা বারবার বাদ্‌শাজাদার,
তন্দ্রা যেতেছে ছুটি।"

What happens in Bengal makes them shudder, makes them afraid. Therefore, Sir, it is a moot point on their part to see that Bengal is not resuscitated or Bengal does not find her own. What pains me very much is why this Government, our own Government, Dr. Roy's Government should be a party to all this bungling on the part of the Central Government or for the matter of that the Congress High Command. Sir, we have great respect for Dr. Roy as a personality, he is certainly a great one. We have love for him. I must confess that in the context of Bengal's claim for readjustment of her boundaries, he has not been able to prove his mettle, he has not been able to conduct himself worthily. Of course, I recall with much pleasure the scene that on the other occasion on the floor of this Assembly we were at one, we were united in voicing the grievances, in voicing the demands of West Bengal in the matter of territories which should be incorporated in West Bengal. Congressmen and non-Congress men, Ministers and non-Ministers, all of us were one and made a united demand as regards our claims and, Sir, we thought that this memorable event should have a salutary effect on the Congress High Command or on the Central Government. But to our astonishment we have been sadly disillusioned. We criticised the States Reorganisation Commission in the matter of their recommendations. We said that it was very much partial to Bihar, to Assam and it was very much unfair so far as West Bengal was concerned. We thought that wiser counsels would prevail, that the Central Government would rectify the mistakes and injustices that have been done to West Bengal by the States Reorganisation Commission. But in spite of that they have cut down from the very slender recommendations of the States Reorganisation Commission even. Not only have they taken out the Chas thana but they have also taken out certain other thanas from the

Manbhum district. This is a matter very much to be regretted, but as I have already said we understand their point of view but why should it be that this Government, or Dr. Roy's Government, should be a party to this? Well, Sir, I accept the Bill so far as it goes. I accept, the motion moved by Dr. Roy so far as it goes but it is too incomplete, its scope is too short and too meagre for the purpose of Bengal. Let there be no mistaken impression anywhere that we are simply satisfied with what has been proposed to be given in this Bill or what has been proposed to be rectified by Dr. Roy's amendment. We must, therefore, reiterate our demand that even now we stick to our old demand, our just demand, that the greater portions of the Santhal Parganas including the Rajmahal subdivision, the Dumka subdivision, the Pakur subdivision, the Jamtara subdivision, are the whole of the Manbhum district, the whole of the Dhalbhum subdivision and the entire eastern tracts of the Purnea district which lies first east to the Mechi river and then east to the Mahananda river up to the point where this river intersects the Malda district should come to West Bengal from Bihar. We must also make it clear that this our claim is just and legitimate. We want the Cachar district and the Goalpara district from Assam. We want Tripura and we also want the Andaman and Nicobar Islands and we will put it to the Central Government or, for the matter of that, to the Congress High Command that we will leave no stone unturned to get within Bengal those territories whatever may be the consequence. We will make every sacrifice which may be necessary for the achievement of this just and legitimate demand of West Bengal.

I thought, Sir, that instead of moving a simple amendment like this as Dr. Roy has moved he should have incorporated in his suggestions that all these tracts of land, all these territories that have been just now mentioned by me should be incorporated in the Bill at least so far as Bihar is concerned. There should have been another clause in the Bill that those tracts of Assam also which have been just now mentioned by me should be incorporated in West Bengal and this is a just demand of Bengal. I must say, Sir, because he has omitted all these tracts and territories from his motion, that will weaken our case and the Central Government would think that Bengal is satisfied with what small thing has been proposed to be given in the Bill that is before us for our consideration.

Now, Sir, in this connection I should say something about an amendment that has been moved by my learned Communist friend Shri Ranen Sen. I would submit that I do not agree with certain portions of that motion. It has been suggested in that amendment that there should be a Boundary Commission to ascertain what really are predominantly Bengali-speaking areas in Purnea as also in Dhanbad as also in Santhal Parganas and those tracts or territories only, taking the village as a unit, which are predominantly Bengali-speaking should be added to Bengal. I would beg to submit that this would make confusion worse confounded. This would lead us to unexpected results, results which would not be for the good of West Bengal. Of course, in this connection the name of Danzig has been mentioned, the fact of Mr. Jinnah's demand for a corridor through the northern tracts of Hindusthan connecting Western Pakistan and Eastern Pakistan has been mentioned. I would beg to submit that Poland and Germany were two sovereign States; East Pakistan and Hindusthan also are two sovereign States. Therefore those things do not bear any comparison with the state of things that exist between the two component parts of the same Sovereign Unit, I mean Bharat or the Indian Union. Therefore, my submission is that from the administrative point of view we must have a corridor connecting the northern head of Bengal with its southern leg, and, as has been made clear by some honourable members

[illegible]re, these portions which are sought to be given in the Bill and which should have been sought to be amplified by the motion of Dr. Roy, those are predominantly Bengali-speaking. So this stands the test of language also. Even if it did not stand the test of language like that, still in order to provide a link connecting the two parts of Bengal, from the administrative point of view also, we must get this eastern region of the Purnea district. Supposing the village is taken as unit, ludicrous results will follow. Supposing that on the contiguous west of West Bengal, in Purnea there is a village which is predominantly Bengali-speaking, according to Sri Sen's theory we will get that village; but if just to the west of that village there are some 10 villages which are not predominantly Bengali-speaking but are predominantly Hindi-speaking, then according to that test we are not going to have these 10 villages. But if still further to the west there are 100 villages which are predominantly Bengali-speaking; according to that test we are going to have those 100 villages. Then there will again be the difficulty of link, there will again be the difficulty of corridor. How can these hundred villages be administered over the head of those 10 villages which are predominantly Hindi-speaking? They must remain in the womb of Bihar. Therefore was I saying that Sri Sen's theory would lead us to some unnecessary complications, and therefore most respectfully do I beg to differ from that motion.

[5-45—5-55 p.m.]

Now, Sir, as I have already submitted, these our claims from every point of view—from the point of view of language, from the point of view of economic sufficiency, from the point of view of linguistic affinity, from the point of view of rehabilitation of our unfortunate Hindu brothers from across the border, from the point of view of making Bengal a self-sufficient and powerful unit in order to be able to guard as an eternally watchful sentinel of the eastern border of Hindusthan and it is vitally necessary that all these portions that have been mentioned by me should be incorporated in the State of West Bengal. You know, Sir, that we have the problem of refugee rehabilitation. I think that it is the most pressing problem and it is the most pressing reason why all these Bengali-speaking areas should be incorporated with Bengal because you know, Sir, that refugees have come, they will be coming till the last Hindu leaves the border. There is an incessant flow of them even now. You know what ugly scenes have been created at the Sealdah Station by these unfortunate refugees who have flocked there. Now, Sir, they have got to be rehabilitated. Where are they to be rehabilitated? I must say that they cannot be rehabilitated anywhere outside Bengal. We have the lessons of history. They were sent to Bihar, they were sent to Uttar Pradesh and some other places in inhospitable atmosphere amongst cold, hostile and unsympathetic neighbours and therefore these poor Hindu refugees have come back. They could not strike their roots there. They had to come back disappointed from these places. Even after this if we hope that they can be rehabilitated anywhere outside West Bengal, then I must say that we must be living in the fools' paradise. After all, it is our duty, it is our concern, it is our responsibility to rehabilitate our distressed brothers here amongst us within the precincts of West Bengal. If we get the contiguous Bengali-speaking areas which are now in Bihar and which are now in Assam and if we also get the Andaman and Nicobar islands, then we may have some hope of ultimately settling them here in the midst of Bengali culture and in the midst of Bengali neighbours. Therefore all these areas we should get.

It is stated, Sir, that there would be some unnecessary bickerings between Bihar and West Bengal if all these portions are ceded to Bengal.

Well, I must say, the powers that be, the arbiters of our fate, that is, the Central Government, should take courage in both hands and they should do strict justice. Strict justice has its own merit and it satisfies even the person against whom it goes. You know, Sir, when in a contested case one of the contending parties loses the case and the decision is against him, he may for the time being be dissatisfied with the judgment, but if he feels that his case was a weak one and if he feels that the judgment was a right, equitable and just one, then certainly, sooner rather than later, he will reconcile himself to that decision and there will be no rancour left in him.

Bihar knows and must know that Bengal's claim is just and that Bihar's claim is unjust. All their wrath is stage-managed, it is hollow and it is unsubstantial. Therefore, if strict and even-handed justice is dealt out by the Cenrtal Government in this matter, then Bihar will per force have to be satisfied. Therefore, I should say that the Central Government has committed a great blunder in not being able to deal even-handed justice as between the different contending parties. They have been partial to the Gujratis as against the Mahratis, in the Punjab, they have been partial to the Akali Sikhs as against the entire body of Hindus for the purpose of their own, they have been partial to Bihar as against Bengal and Orissa. This is not strict justice. This is not how the destinies of the people have got to be decided. Therefore, my submission is that strict justice should have been done.

Again, I should say that much of our time and energy have been wasted over a bankrupt idea that emanated from Dr. B. C. Roy—I mean the merger proposal, the merger of Bengal with Bihar. Well, it took a long time—and in the meantime much sweat, much labour, much difficulty had to be undergone by all these people, in the matter of *satyagraha* by courting jail, imprisonment and so on and so forth—before Dr. Roy could be persuaded to see to the incorrectness of his idea. If that energy and that effort were directed to strengthen our hands for the incorporation of these tracts with West Bengal, I would beg to submit that our case would have advanced to a great extent by now. Much valuable time, much effort and much energy have been lost.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় স্পীকার, স্যার, গত সেপ্টেম্বর মাসে কমিশন রিপোর্ট প্রকাশ করেছিলেন। প্রায় দশ মাস হ'ল; এই দশ মাসে পর্বত মূষিক প্রসব করেছে। গত ডিসেম্বর মাসে যখন এখানে আলোচনা হয়েছিল সেই আলোচনার সময় দেখা গিয়েছে কংগ্রেসী বন্ধুদের সঙ্গে বিরোধী-পক্ষের দৃষ্টিভঙ্গীর তফাৎ ছিল না। আজকে কিন্তু দেখা গেল যে শ্রীকুমারবাবুর বক্তৃতায়, শঙ্করবাবুর বক্তৃতায় এবং নরেনবাবুর বক্তৃতায় সুর অনেক নরম—যেন বাদলা হাওয়ায় তাঁদের মনোভাব একটু ড্যাম্প মেরে গিয়েছে। সেদিন তাঁদের বক্তৃতায় দেখা গিয়েছিল "গরম গরম পাঁপড় ভাজা"র অবস্থা, আর আজকে যেন সব হয়ে গিয়েছে, ময়ান দেওয়া "বালুসাই", অর্থাৎ তাঁদের মধ্যে পূর্বেকার ভাবের অভাব হয়েছে। এর কারণ হচ্ছে, আমার মনে হয়, কোন একটা শক্তি, কোন এক ব্যক্তি পিছনে থেকে ইনফ্লুয়েন্স এক্সার্ট করছেন যার জন্য তাঁরা তাঁদের মনের কথা মাত্র কিছু বলতে পারছেন আর কিছু বলতে পারছেন না। গত ডিসেম্বর মাসের ৮ই তারিখের বক্তৃতায় আমি যা বলেছিলাম সেটাই দেখছি আজ প্রমাণিত হচ্ছে। আমি সেদিন নিজেই জানতাম না যে, আমি ভবিষ্যদ্বাণী করতে শিখেছি। সেদিন আমি বলেছিলাম,

I do not know as yet what lies in the pocket of the Chief Minister hereafter, whether it is an after-piece comedy or not.

জানুয়ারি মাসের ২২ তারিখে ডাঃ রায়ের পকেট থেকে সেই আফটার-পিস কমেডি মার্জারমূপে দেখা দিল। এই মার্জারএর ব্যাপারে আমি তাঁদের একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই। গত বাজেটের সময় যখন মার্জারএর প্রস্তাব বাংলাদেশের জনসাধারণ.ক আতঙ্কিত

করেছিল তখন বাংলাদেশের লোক বলেছিল, "মার্জার পরিত্যাগ করুন", তখন মুখ্যমন্ত্রী বাংলাদেশের কথা শোনেন নি। বাংলা গভর্নমেন্টের পক্ষ থেকে "কথাবার্তা" নামক এক পুস্তিকা প্রচারিত হয়। এই পুস্তিকার পৃষ্ঠায় তিনি কোথা কোথা থেকে [illegible] পেয়েছিলেন সেটা পড়ে শোনাচ্ছিঃ নয়াদিল্লী থেকে শ্রীমতী মৃদুলা সরাভাই, বোম্বাই থেকে শ্রী এস, কে, পাতিল, বোম্বাইএর শস্য-ব্যবসায়ী সংঘের পক্ষ থেকে শ্রী খেমজী এম [illegible], অমৃতসর, পাঞ্জাব, পেপসু ও হিমাচল প্রদেশের মহাপাঞ্জাব সমিতির কয়েকটি পরিষদের সদস্যবৃন্দ, উত্তর কেরালা থেকে শ্রীদুর্লভজী খেতানী, মজঃফরপুর ক্লাব রোডের শ্রীমহেশ্বরপ্রসাদ সিংহ, এম,পি, পাটনা থেকে কুনকুন সিংহ লেনের শ্রী ডবলিউ, সি, আর, শর্মা, নয়াদিল্লী থেকে রাজ্যসভার সদস্য আহমেদ হোসেন, বোম্বে থেকে ডাঃ জি, বি, দেশমুখ কটকের তেলেঙ্গা বাজারের উৎকল সমিতির পক্ষ থেকে ও বিহারের মুখ্যমন্ত্রী ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ প্রভৃতি তাঁকে অভিনন্দন জানিয়েছেন। এইসব দেখে আমার একটা কথা মনে পড়ছে। বাংলার একটা কথা আছে—ঘর জ্বালানে পর ভোলানে। আমাদের মুখ্যমন্ত্রী সম্বন্ধে ঠিক তাই বলা চলে। দেশের লোক অভিনন্দন জানাতে কার্পণ্য করল কিন্তু অন্যান্য রাজ্য থেকে অভিনন্দন আসতে লাগল তাঁর এই অভিনব প্রস্তাবের তারিফে। মাদ্রাজ থেকে রাজাগোপালাচারী এক বিবৃতিতে বললেন যে, "এই 'মার্জার' প্রস্তাব হ'ল ঠিক আগুনের উপর জল"। কিন্তু প্রকৃতপক্ষে দেখা গেল আগুন বাড়ল, বাংলাদেশে আগুন নিভল না। তার প্রমাণ হচ্ছে, ফেব্রুয়ারী ও মোহিত মৈত্রের ইলেকশন। তারপর কিন্তু রাজাগোপালাচারী মহাশয় চুপচাপ মেরে গেলেন, আর কোন স্টেটমেন্ট দেন নি। যখন রণেনবাবু একটা কমিশনের কথা বললেন তখন কালীপদবাবু তাতে বলেছিলেন, "আবারও কমিশন"; কিন্তু কমিশনের কোনই দরকার হ'ত না যদি আপনারা কোন প্রকার অমিশন না করতেন। গত ডিসেম্বর মাসে শঙ্করবাবু, নরেনবাবু যদি কংগ্রেস পার্লামেন্টারি পার্টির মধ্যে দিয়ে তাঁদেরই দাবি সম্বন্ধে একটা প্রস্তাব এনে মুখ্যমন্ত্রীকে সেটা গ্রহণ করতে বাধ্য করতে পারতেন এবং ডিমক্রেটিক ওয়েতে দিল্লীতে সেই রেজোলিউশন পাঠাতেন তা হ'লে আজকে তাঁদের মুখ্যমন্ত্রীর এই ফাঁদের মধ্যে পড়তে হ'ত না।

[5-55—6-5 p.m.]

আমরা জানি তারপর মুখ্যমন্ত্রী একবার শ্রীঅতুল্য ঘোষকে সঙ্গে ক'রে দিল্লী গিয়েছিলেন এবং পরে শ্রীযুত শঙ্কর মিত্রকে সঙ্গে ক'রে নিয়ে গিয়েছিলেন। আমরা জানতে চাইছি, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট মেমোরেন্ডামএ যে দাবি মুখ্যমন্ত্রী করেছিলেন সেই দাবি মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলার সরকারের তরফ থেকে বা বাংলাদেশের কংগ্রেস পার্টির তরফ থেকে সেই দাবিটা সেখানে কি পেশ করেছিলেন? এখানে শ্রীকুমারবাবু একটা "চুক্তির" কথা বলেছেন, কিন্তু মেমোরেন্ডামএ বাংলার দাবি সম্বন্ধে যে উক্তি করা হয়েছিল তার মূল্য কি দাঁড়াল? আপনারা জানেন ডিসেম্বর মাসে আমাদের অ্যাসেম্বলি ডিবেট শেষ হবার আগেই কংগ্রেস হাই কমান্ড তাঁদের অ্যাওয়ার্ড দিয়ে দিয়েছিল।। এক্ষেত্রে এখানে বক্তৃতা করার কি মানে হয়? কংগ্রেস হাই কমান্ড ডিমক্রেসির কোন ধারই ধারেন না। আমাদের কথা শুনবার আগেই দিল্লীতে হাই কমান্ডএর ক'জনে ব'সে আমাদের অদৃষ্ট নির্ধারিত করেছিলেন। এখানে লেজিসলেচার ডেকে একটা তামাসা করেছিলেন, এ আলোচনা করার কোন মানে হয় না। ডিমক্রেসির অভিনয়ও বোধ হয় এর চেয়ে ভাল। তবুও কোন কোন কংগ্রেসী বন্ধু লেজিসলেচারএ সেদিন যা বলেছিলেন সেজন্যে কৃতজ্ঞতা জানাচ্ছি। কোন্খানে যে কংগ্রেসী বন্ধুদের পিছুটান আছে তা আমরা জানি। সেখানে যে তাঁদের মেরুদণ্ড ভেঙ্গে শির নত হয়ে আছে এ'রাও তা জানেন, আমরাও তা জানি। আমি আপনাকে বলি, আজকে বিধানবাবুর যে অ্যামেন্ডমেন্ট তার সঙ্গে তাঁর যা নিজের বক্তব্য, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের যে অ্যামেন্ডমেন্ট ছিল, যা বিধানবাবু দাখিল করেছিলেন, সেটা দেখুন। আজকে ভারতের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু ভাষার ভিত্তিতে রাজ্যগঠনের দাবিকে বলেন, "ট্রাইবালিজম"। অথচ

On November 7, 1947, the Prime Minister, Mr. Nehru, speaking on behalf of the Government accepted the principle underlying the demand for linguistic provinces.

একথা বিধানবাবুর মেমোরেন্ডাম থেকেই আমি তুলেছি। অতএব যদি ট্রাইবালিজম, নিঃ বলেন আজকে সৃষ্টি হয়ে থাকে তবে সেটার জন্যে শ্রীনেহরুই নিজে দায়ী। আজকে যদি ভাষা-ভিত্তিক রাজ্যগঠনের দাবি করায় আমরা "রবার্স" হয়ে থাকি তা হ'লে শ্রীজওহরলাল নেহরু নিজে "আলেকজান্ডার"। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সেই মেমোরেন্ডামএর নয় নম্বর পাতায় বিধানবাবু বলেছিলেন—

So consistently had the Congress and the political leaders of India supported the movement of linguistic provinces that the general masses of people all over India came to believe that one of the immediate changes that independence was to bring to India would be the fulfilment of their demand for linguistic provinces.

শ্রীনেহরু এবং কংগ্রেসী কর্তারা আজকাল বলতে শুরু করেছেন যে, ভাষাভিত্তিক রাজ্যগঠন করতে গেলে নাকি ন্যাশন্যাল সলিডারিটি নষ্ট হবে। এই সম্পর্কে বিধানবাবুই তাঁর মেমোরেন্ডামএ তার উত্তর দিয়েছেন। ১৫নং পাতায় তিনি লিখেছেনঃ—

It is however important to recognise that the unity of India is not the external unity based on dead, colourless uniformity. The fundamental unity of India is one which coexists with the superficial variety and diversity that is manifest in the languages, races, cultures and traditions of its peoples.

তাঁর এই উক্তির জন্য তাঁকে আমরা ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু মেমোরেন্ডামএ এই কথা বলা সত্ত্বেও তারপরেই সব উলটে গেল। সায়েন্টিফিক কথায় বলে "এভোলিউশন", তা না হয়ে বিধানবাবুর হ'ল "ইনভোলিউশন"। আপনি জানেন, মিঃ স্পীকার, স্টেটস রিঅরগানাইজেশন কমিশনএর সামনে মুখ্যমন্ত্রী যে মেমোরেন্ডাম দিয়েছিলেন তার সঙ্গে একটা ম্যাপও দিয়েছিলেন এবং সেই ম্যাপএ যেসমস্ত দাবি করেছিলেন পরে একের পর এক তার সবই ছাড়তে আরম্ভ করলেন। যে দাবি প্রথম করা হয়েছিল তার পিছনে নিশ্চয়ই যুক্তি ছিল। সেই যুক্তি কি ক্রমে ক্রমে সব বাষ্পে পরিণত হয়ে গেল?

**Mr. Speaker:** Dr. Chatterjee, now you come to the point. For ten minutes you have been speaking absolutely irrelevantly.

**Dr. Hirendra Kumar Chatterjee:** I don't think so, I am strictly keeping to the subject and I shall keep within the time-limit.

যাই হোক, লিঙ্গুয়িস্টিক প্রভিন্স গঠন সম্বন্ধে মুখ্যমন্ত্রী নাকি বলেছেন—

I have never subscribed to the idea of linguistic distribution of provinces.

কিন্তু তাঁর মেমোরেন্ডামএ কি বলেছেন শুনুনঃ—

Unless the representatives of the people speak the same language, live the same cultural life, move about in the same social environment and generally participate in the beliefs, and attitudes of the people whom they seek to represent they can never correctly reflect their will. In this context the language and culture are vital factors which cannot be ignored in reorganising the States".

তা রায় হাজরা রোডে মিঃ চ্যাটার্জির বাড়ির মিটিংএ বললেন যে—

He never subscribed to the idea of linguistic provinces.

অথচ তাঁর মেমোরেন্ডামএ বলেছেন অন্য রকম। হাজরা রোডে ওই কথা না ব'লে চলে না, কারণ তখন মার্কারএর প্যাঁচ তাঁর মগজটিকে পেয়ে বসেছে। তাই বলতে হ'ল—

**I have never subscribed to the idea of linguistic provinces.**

তিনি [illegible] হয়েছে, হয়ত যেখানে [illegible] করতে আরম্ভ হয়েছে, তাই [illegible] কি বলেন [illegible] তা ঠিক থাকে না। তিনি লিখেছেন [illegible] পেজ ১৭—

That the people comprised within the area of any particular State should, as far as possible, be born and brought up within the same cultural milieu is implicit in the democratic principle of Government by the people, and for the people.

এই সম্বন্ধে আমাদের শ্রদ্ধেয় শ্রীমতী মীরা দত্তগুপ্তা বলেছেন—

Division on linguistic basis will not make for disunity. It will indeed put our national unity on the surest and most solid foundation. We shall divide so that we may unite in a fraternal Commonwealth of our diverse nationalities—a voluntary association of our nationalities forming a monolith of our Great Indian Union.

Dr. Srikumar Banerji বলেছিলেন—Sir, I fail to find how the readjustment of provincial boundaries would have the effect of jeopardising the security and safety of India. So, Sir, it is a bogus issue which has been raised just to lead to the impression that any transference of territory which may be justified by the impartial application of the standards of judgment will have the effect of jeopardising the security and solidarity of India.

আজকে শ্রীকুমারবাবু বলছেন স্টেটএর কথা—"যদি আমরা এইটুকু না নিই তা হ'লে সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের বঞ্চিত করতে পারেন"। সেখানে বলবার কথা হচ্ছে, এই শ্রীকুমারবাবুই বলেছিলেন প্রসিডিং অফ হাউস, পেজ ৮৮-এ আছে—

Sir, it is not politic on our part, it is not dignified on our part to alter our demands at every stage. All those demands which could be justly maintained which are tenable by arguments must be adhered to, whether they are rejected or not. The fear of a possible rejection ought not to detract us from what we consider to be our course of justice. In that view of the case I should suggest to the Government of West Bengal that they should take note of the feeling inside the Assembly, they should take note of the predominant feeling not only amongst the members of the Opposition but amongst the members of the Congress party also to modify their note to the Central Government in such a way that the voice of the Assembly and the voice of the people outside the Assembly are properly reflected in the note that they present before the Central Govrnment.

শ্রীকুমারবাবু গত ডিসেম্বর মাসে এই কথা বলেছিলেন। আর আজ জানি না, তাঁর সে যুক্তি, সে মনোভাব কোথায় গেল। কি ত্রাসের ভাব তাঁর মনে এল, তিনি আজ বলছেন, "সেন্ট্রাল গভর্নমেন্ট যদি সবটুকু থেকে বঞ্চিত করে" সেজন্যে আজকে ও'র যুক্তি হ'ল "সেন্ট্রাল গভর্নমেন্ট যখন একেবারে বঞ্চিত না ক'রে কিঞ্চিৎ দিয়েছে তখন 'নেই মামার চেয়ে কানা মামা ভাল' হিসাবে সেইটা নেওয়া ভাল"। তিনি তাঁর স্পীচএ ডিসেম্বর মাসে এক জিনিস বলেছিলেন, আজকে তিনি পিছিয়ে যাচ্ছেন। আর একটি কথা আমি ব'লে যাব। আপনারা মার্ক করবেন, আসাম হোক, বিহার হোক, সেখানকার সরকার তাঁদের মেমোরেন্ডামএ যা দাবি করেছিলেন তা থেকে এক ইঞ্চিও নড়েন নি। আজকে যদি আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী তাঁর মেমোরেন্ডামএ যা দাবি করেছিলেন সেই দাবি অক্ষুণ্ণ রাখতেন, তা হ'লে অবস্থা অন্যরূপ দাঁড়াত। কিন্তু বাংলাদেশের ব্যাপার অদ্ভুত; মেমোরেন্ডামএ তিনি এবং কংগ্রেস পার্টি যে ডিমান্ড করেছিলেন, সেই কথা কি রাখতে পেরেছেন?

[6-5—6-15 p.m.]

এই দশ মাসের মধ্যে তাঁদের দশ দশা হয়েছে। মুখ্যমন্ত্রীরও দশ দশা হয়েছে এবং আমরা দেখেছি সেই অবস্থা। আমরা জানি, আজকে তিনি যে [illegible] এনেছেন সে অ্যামেন্ডমেন্ট আসলে তাঁর [illegible] নয়। সেটা আগে থেকে নয়াদিল্লীর কর্তাদের অ্যাপ্রুভড না হলে পর মুখ্যমন্ত্রী মহাশয় তা এখানে আনতেন না, আনতে সাহস করতেন না। এই ত্রুটি, যেটা

তাঁর অ্যা ামেন্ড মারফৎ সংশোধন করতে যাচ্ছেন, সেটা কি ডিসেম্বর মাসে তাঁর চোখে পড়ে নি। জিওগ্রাফিটা তো তখনও তাঁর সঙ্গে ছিল। তিনি তখনই তো বলতে পারতেন যে এখানে এই জিনিসটার ভুল হচ্ছে। আসল কথাটা তা নয়। তিনি আজকে এই [illegible] মুভ ক'রে, এই ভুল দেখিয়ে জনসাধারণকে বলবেন, "আমি ফাইট ক'রে এটা আদায় করলাম!" আমরা পড়েছি যে, গোবিন্দবল্লভ পন্থ মহাশয় অমৃতসর কংগ্রেসের অধিবেশন কালেই ব'লে ফেলেছিলেন:—

Union of Bihar and Bengal is a settled fact.

কিন্তু বাংলাদেশ এই সেটল্ড ফ্যাক্টকে আনসেটল্ড করেছে খেজুরীতে এবং উত্তর-পশ্চিম কলিকাতায়। আমার বন্ধুরা দেখেছেন পন্থজীর এই সেটল্ড ফ্যাক্ট সম্বন্ধে বাংলাদেশ কি করেছে। বাংলাদেশ এর পরেও দেখাবে যে কি ক'রে এই সেটল্ড ফ্যাক্টটা [illegible] করতে হয়। আজকে আমি এখানে বন্ধু বসন্তলাল মুরারকাকে দেখতে পাচ্ছি না। তিনি ডিসেম্বর মাসে যে কথা বলেছিলেন সে কথা তাঁকে স্মরণ করিয়ে দিচ্ছি। বসন্তলাল মুরারকা মহাশয় বলেছিলেন যে, "ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট অনুরোধ করবে যে, সমস্ত বাংলা-ভাষাভাষী অঞ্চল আমাদের ফিরিয়ে দেওয়া হউক"। বিরোধীপক্ষ এর চেয়ে বেশি কি করেছেন? তাঁরা কি এর চেয়ে বেশি কিছু চেয়েছেন? ল্যাংগুয়েজ অ্যান্ড কালচারএর উপর বেস ক'রেই বিধানবাবু মেমোরেন্ডাম তৈরি করেছিলেন। অবশ্য সেই মেমোরেন্ডাম আমাদের দেখাবার ইচ্ছা তাঁর ছিল না। জোর ক'রে তাঁর হাত থেকে বার ক'রে নিতে হয়েছিল। সেই মেমোরেন্ডামএ যা বলেছেন তা তিনি রাখতে পারেন নি। আমরা জানি, বৃদ্ধ ও শিশুর সাইকোলজি প্রায় একই ধরনের। মন স্থির থাকে না, চপলতাই তাদের বৈশিষ্ট্য। মুখ্যমন্ত্রী বৃদ্ধ, তাঁরও তাই হয়েছে। তিনি কথার ঠিক রাখতে পারেন না। কিন্তু আমি অনুরোধ করব আমার শিক্ষক মহাশয়কে যে, ভবিষ্যতে এইরূপ চপলমতি না হয়ে, বাংলাদেশের জনসাধারণের যে মত তাই মেনে নিয়ে যেমন মার্জারএর যে প্রস্তাব তিনি ড্রপ করেছেন, তেমনি বাংলাদেশের যে দাবি অর্থাৎ ল্যাংগুয়েজ ও কালচারএর উপর ভিত্তি ক'রে প্রদেশগঠন, সেইটা তিনি মেনে নিন এবং তাঁর এই বৃদ্ধ বয়সে এই ৭৫ বৎসর বয়সে অন্তত একবার দেখান যে তাঁর মেরুদণ্ড কিছুমাত্রায় আছে এবং তিনি জনমতকে মান্য করেন।

**Sj. Priya Ranjan Sen:**

আজকে স্টেটস রিঅরগানাইজেশন কমিশনএর সিদ্ধান্তের উপর আমরা আলোচনা করছি—সেই আলোচনাটা যে সিদ্ধান্তের উপর গৃহীত হয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্টের দ্বারা বাস্তবিক যেটা সেন্ট্রাল গভর্নমেন্ট গ্রহণ করেছেন আমরা সেই জিনিসটাই গ্রহণ করছি এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে প্রস্তাব এনেছেন সেটা সেই সিদ্ধান্তের পরিপূরক হিসাবে, তাতে যে কয়টা টেকনিক্যাল ভুল আছে সেগুলি মেনে নিয়ে আমরা গ্রহণ করছি; আমরা মানে কংগ্রেস পার্টির লোকেরা। কিন্তু একটা কথা আমাদের সকলের মনে জাগে যে লিংগুয়িস্টিক ডিস্ট্রিবিউশন অফ স্টেটসএর জন্য কংগ্রেস এতদিন ধ'রে যে সংগ্রাম করেছে হঠাৎ তা কি ক'রে বদলাবে? স্বাধীনতা পাওয়ার পর এক বছরের মধ্যে জে.ভি.পি. কমিশন নিযুক্ত হবার পরে দেখা গেল, আমাদের যারা নেতা, যাদের হাতে দেশের শাসনব্যবস্থা—প্র্যাকটিক্যাল অ্যাডমিনিস্ট্রেশন, কাজে এসে তাঁরা বলছেন, লিংগুয়িস্টিক বেসিসএ দেশ ভাগ করা চলবে না, নূতন প্রদেশ গঠন করা চলবে না। এই সিদ্ধান্ত তাঁরা করেছেন। জয়পুর কংগ্রেসে এই কথা জোর ক'রে তাঁরা বলেছেন—

"we feel that the present is not an opportune time for the formation of new provinces. It would unmistakably retard the process of consolidation of our gains, dislocate our administration, economic and financial structure, let loose, when the State is in a formative stage, forces of disruption and disintegration and seriously interfere with the progressive solution of her economic and political difficulties."

এতে সই করেছিলেন তিনজন—পণ্ডিত নেহরু, সর্দার প্যাটেল এবং পট্টভি সীতারামিয়া। আমরা পূর্বকালের সূত্র ধ'রে সে কথা প্রাণে প্রাণে গ্রহণ করতে পারি নি, এখনও গ্রহণ করতে পারলুম না। তবু আমরা বুঝেছি যে যাঁদের হাতে প্র্যাকটিক্যাল অ্যাডমিনি[illegible] তার

ছিল তাঁরা কঠিন সমস্যায় পড়েছেন এবং এটা অর্থাৎ লিংগুইস্টিক প্রিন্সিপল কঠোর পরিহার করা চলবে না। থিওরিতে এতদিন ধরে গ্রহণ করার পর যে জিনিসটা ভাল বলে মনে হয়েছিল, সেই জিনিসটা কাজে পরিণত করা যেতে পারে না। কিন্তু তাঁদের দৃষ্টি ছিল নূতন স্টেট করা সম্বন্ধে বলেছিলেন, নূতন স্টেট করা চলবে না। কারণ দাবি তখন যাঁরা জানিয়েছিলেন তাঁরা দক্ষিণ ভারতের লোক; বাংলার চেয়েও বেশি জোর দিয়েছেন দক্ষিণ ভারত থেকে, কেরল থেকে, মহারাষ্ট্র থেকে। বাংলা-বিহার, বাংলা-আসাম ও বিহার-উড়িষ্যার সীমা সম্বন্ধে তাঁরা মোটেই কান দেন নাই। বরং তাঁরা বলেছেন—

"we are not concerned with what might be called petty adjustments of provincial boundaries such as are demanded in parts of North India."

কিন্তু এ সত্ত্বেও তাঁদের ভাষাভিত্তির প্রতি মন দিতে হ'ল—ইচ্ছায় হোক, অনিচ্ছায় হোক। প্রকৃতপক্ষে অন্ধ্রকে নিয়ে যখনই স্বতন্ত্র প্রদেশ গঠন করা হয় তখনই তা করতে হ'ল। তখন সকলেই বলেছিলেন, নূতন স্টেট গঠন করলে পর, নূতনভাবে দেশ গঠন করলে পর অনেক প্রকার অসুবিধার সৃষ্টি হবে। দেশের ঐক্য ব্যাহত হবে। দেশকে নূতনভাবে ভাগ করতে গেলে ভেস্টেড ইন্টারেস্ট যাদের আছে তারা বাধা দেবে, গণ্ডগোলের সৃষ্টি করবে। সেইজন্য এ বিষয়ে আন্দোলন হ'তে লাগল। কংগ্রেসের মধ্যেও আন্দোলন হ'তে লাগল। হায়দ্রাবাদ সেশন অফ দি কংগ্রেস, ১৯৫৩ সালের জানুয়ারিতে ওয়ার্কিং কমিটি থেকে এবং কল্যাণী কংগ্রেস, ১৯৫৪ সালে ঘোষণা করলেন যে, এইসমস্ত দেশ ভাষাভিত্তিক হোক বা না হোক, নূতন ক'রে যে দেশ গঠন করা হবে, তার জন্য একটা কমিশন বসবে। কমিশনের নামও তাঁরা ক'রে দিলেন এবং সেই কমিশনের ফল আমরা এখন দেখছি। সে কমিশন লিংগুয়িস্টিক ব্যাপারটাকে একেবারে উড়িয়ে দিতে পারেন নাই। তাঁরাও বলেছেন ল্যাংগুয়েজএর দিকটাকে একেবারে বাদ দিলে চলবে না,

Language will be one of the factors.

আমরা জানি, স্বদেশী যুগে অ্যাডমিনিস্ট্রেশনএর সুবিধার জন্য কার্জন সাহেব বাংলাকে দু'ভাগ করেছিলেন। সুতরাং অ্যাডমিনিস্ট্রেশন কথাটার মূল্য কি? কিন্তু অ্যাডমিনিস্ট্রেশন কথাটাকে বাদ দিলেও ইকনমিক কথাটাকে বাদ দিতে পারি না। কিন্তু যাঁরা আজ ন্যাশন্যাল প্ল্যানিং ওয়ার্ক আউট করছেন তাঁরা যদি বলেন যে, আমাদের হাতে যে দায়িত্ব আছে তাতে আমাদের এই জিনিসটায় অসুবিধা হচ্ছে, তা হ'লে আমরা ল্যাংগুয়েজ জিনিসটা বড় ক'রে দেখতে পারি না।

[6-15—6-25 p.m.]

আজকে সেজন্য ল্যাংগুয়েজএর কথা যতই আমরা মনেপ্রাণে অনুভব করি না কেন, বাঙ্গালী মাত্রই করে, কারণ আমরা ছেলেবেলায় এই কথারই প্রতিধ্বনি করেছি—"বাংলা ভাষা, মোদের গরব, মোদের আশা"। এবং এই কথাও প্রতিধ্বনি করেছি—"জননী বঙ্গভাষা, এ জীবনে চাহি না অর্থ, চাহি না মান, যদি তুমি দাও তোমার ও দুটি অমল ধবল চরণে স্থান"। ল্যাংগুয়েজ আমাদের নিজেদের আদরের বস্তু—এটা ঠিক; কিন্তু রাজ্যশাসন, দেশশাসন, ভারতের সংহতি ইত্যাদির কথা আমাদের কাছে খেলার বা বিলাসের কথা নয়। যেখানে আমাদের ও বন্ধুদের মধ্যে দৃষ্টিভঙ্গির তফাৎ কোথায় লোকে জিজ্ঞাসা করেন সেই দৃষ্টিভঙ্গির তফাৎ এইখানে। ভারতের সংহতি আমাদের সবচেয়ে বড় কাম্য, নেহরুর নেতৃত্ব আমাদের অবহেলার সামগ্রী নয়। সেজন্যে নেহরুর কথা এবং ভারতের সংহতির কথা মনে করে আমরা আমাদের দাবির অতি অল্পাংশ পূরণ হয়েছে, তবুও এ অল্পাংশ বিষয়ে কোন সন্দেহ নেই এবং সেই পূরণে আমাদের কোন পক্ষই যে খুব খুশি আছেন এ কথাও নয়। তা গ্রহণ করার কথা এইজন্য ভাবছি যে, আমাদের সকলকে নিয়ে চলতে হবে, যুদ্ধ ক'রে নয়, কেন্দ্রের সঙ্গে লড়াইএর মনোভাব আমাদের নেই। তা হ'লে এক কথায় বলব, যে কথাটি এস,আর,সি, রিপোর্টএর ১·৯৫ প্যারাগ্রাফেও রয়েছে—

"It is the Union of India that is the basis of our nationality. It is in that Union that our hopes for the future are centred. The States are but the limbs of the Union."

অতএব প্রথমে এই কথাটি মেনেও আমি একটু অদলবদল করে বলব—

"The States are but the limbs of the Union. It is the strength and the stability of the Union and its capacity to develop and evolve that should be the governing consideration of all changes in the country. The limbs must be healthy and any element of weakness in them should be eradicated."

কিন্তু বাংলাদেশ এখনও প্রবলেম প্রভিন্স হয়ে রইল, বাংলাদেশের অভাব পূরণের জন্য যতখানি জমি দেওয়া উচিত ছিল, বাংলাদেশের বিকাশের জন্য সেটা দেওয়া হয় নি—এই কথাও আমরা নিশ্চয় বলব। আর সেই সঙ্গে আর একটা বলছি যে, এস,আর,সি,র যা রেকমেন্ডেশন ছিল, তাতে হস্তক্ষেপ করাটা ইন্ডিয়া গভর্নমেন্টের উচিত হয় নি। এস, আর, কমিশন আমাদের যা সুপারিশ করেছিলেন সেই সুপারিশ আমাদের যাঁরা প্রভু, ইন্ডিয়ান পার্লামেন্ট —ভয়েস অফ দি পিপল—তাঁদের প্রেজুডিস ক'রে না দিয়ে তাঁদের সামনে যদি এটা রাখা হ'ত তা হ'লে ভাল হ'ত। কারণ তা না হ'লে বাস্তবিকপক্ষে আমরা কোথায় গিয়ে থামব। বলেছি যে, আমাদের লড়াইএর মনোবৃত্তি নেই, আমরা দিল্লীর বিরুদ্ধে কোন অভিযান করতে চাই না। কিন্তু একথাও ঠিক যে, একটা জায়গা যা আছে আমাদের সর্বোচ্চ জায়গা, সেটা হ'ল হাউস অফ পার্লামেন্ট এবং সেই পার্লামেন্টএ যদি এগুলোর বিচার হ'ত, মাঝামাঝি একটা বিচার না হ'লে, মাঝামাঝি একটা সিদ্ধান্ত না হ'লে আমাদের আর কিছু বলবার থাকত না। সেজন্য আমাদের সামনে যে প্রস্তাব আছে সেই প্রস্তাব গ্রহণ করব, কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমাদের কেন্দ্রীয় শাসনকর্তাদের সম্বন্ধে এই অভিযোগ বাদ দিতে পারি না যে, তাঁরা অনর্থক হস্তক্ষেপ ক'রে জিনিসটাকে গোলমাল ক'রে দিলেন। অর্থাৎ জনাব ফজল আলি, পণ্ডিত কুঞ্জরু এবং পানিক্কর সাহেব আমাদের জন্য যা সুপারিশ করেছিলেন সেই সুপারিশের বিচার হ'ত, এবং আমাদের সুপারিশের বিচার হবেই, সুবিচার হওয়া তো পরের কথা। যাই হোক, আমরা সেটা গ্রহণ করতে বাধ্য এবং আমরা যুদ্ধের কথা, লড়াইএর কথা ভাবব না, কিন্তু সকলের সংহতি, ঐক্য যে চাই, সেটা বরাবরই বলতে থাকব।

**Sj. Bibhuti Bhushan Ghose:**

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, রাজ্য পুনর্গঠন কমিশনের কাছ থেকে যে অবিচার আমরা পেয়েছি, সেই অবিচারের প্রতিকার করবার জন্য আমরা এই হাউসের কাছে একটা সর্বসম্মতিক্রমে প্রস্তাব রেখেছিলাম যাতে ক'রে বাংলার প্রতি একটা সুবিচার হয়। ভারতবর্ষের স্বাধীনতার পূর্বে যে দৃষ্টি দিয়ে, ভারতকে শাসন করবার মনোভাব নিয়ে যে রাজ্য পুনর্গঠন করা হয়েছিল, তার মধ্যে শাসনতান্ত্রিক এবং সামরিক গুরুত্বের উপরই বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছিল। ভারতের জাতীয় কংগ্রেস জনসাধারণের মাঝে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের দাবিকে বহুবার তুলে ধরেছিল এবং তাদের অকাট্য যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছিল তদানীন্তন সাম্রাজ্যবাদী সরকারকে যে, ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনই হচ্ছে একমাত্র মূল দাবি। সেদিন ইংরাজ আমাদের কথা শোনে নি; কিন্তু ১৯০৫ সাল থেকে আজ ১৯৪৬ সাল পর্যন্ত আমরা বরাবর যে সংগ্রাম ক'রে এসেছি, তাতে ক'রে আমরা স্পষ্টভাবে জনসাধারণকে এই কথা ব'লে এসেছি—কংগ্রেস স্পষ্ট ক'রে জনসাধারণকে এই কথা ব'লে এসেছে যে, ভাষার ভিত্তিতে প্রদেশগঠনই হচ্ছে মূল দাবি। ১৯৪৭ সালে স্বাধীনতা পাবার পর শাসকশ্রেণী কংগ্রেসী সরকার যখন ক্ষমতা হাতে পেলেন, তখন হঠাৎ তাঁদের এই জ্ঞান প্রস্ফুটিত হ'ল যে—না, ভাষা-টাষা কিছু নয়, ভারতীয় ঐক্য, ভারতীয় সংহতি, তার অর্থনৈতিক, তার প্রশাসনিক এই সমস্তের পরে ভাষাকে স্থান দেওয়া উচিত। কিন্তু ১৯৫৩ সালে মাদ্রাজে শ্রীরামালুর আত্মত্যাগের ভেতর দিয়ে ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন হয়েছিল সেদিন এই প্রশ্ন ওঠে নি। আজকে তাঁরা বলছেন, ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন অবৈজ্ঞানিক, সেদিন এই অবৈজ্ঞানিক চিন্তাধারা তাঁদের ছিল না। বাংলার উপর যে অত্যাচার, অবিচার, অনাচার চলছে, তা সমস্ত কিছুই বাংলা নীরবে সহ্য ক'রে এসেছে। স্বাধীনতা সংগ্রামের অবদানের দাঁড়িপাল্লায় সমগ্র ভারত যদি একদিকে এবং বাংলাকে আর একদিকে দাঁড় করানো হয়, তা হ'লে আমার মনে হয়, স্বাধীনতার অবদানে বাংলার দিকটাই ঝুঁকে পড়বে। কিন্তু তা সত্ত্বেও কমিশন বাংলার উপর ঘোরতর অবিচার করলেন। বিহার যখন সূচাগ্র জায়গা বিনা যুদ্ধে দেব না—এই আওয়াজ তুলেছিল, তখন

এখানকার কংগ্রেস খুব দস্তোক্তি করেছিলেন। আমরা মনে করেছিলাম যে সত্যই বুঝি কংগ্রেস বাংলার জনমতের মূল্য দেবে, কিন্তু পরে দেখলাম যে তারা জনমতের কোন মূল্যই দেন না। তাই আজ সকলে রাস্তা পরিস্কার করার জন্য নেমেছেন—গত নির্বাচনের ফলাফলেই আমরা তা দেখেছি। আমরা মনে করেছিলাম যে, কংগ্রেস এবং সরকার তাদের ন্যায্য দাবিদাওয়া নিয়ে সংগ্রাম শুরু করবে। কিন্তু ডাঃ রায় এখানে যে প্রস্তাব নিয়ে এসেছেন, তাতে কেবলমাত্র যেন ভিখারীর মত কেন্দ্রীয় সরকারের অনুগ্রহপ্রার্থী হিসাবে একটা সংযোগ রক্ষা করার জন্য তিনি তাদের কাছে আবেদন করেছেন যে, এটা ভুল হয়েছে। এই ভুলটাকে তিনি পরিস্কার ক'রে দেবার জন্য আজকে আবেদন করেছেন। আমি জিজ্ঞাসা করতে চাই যে, আবেদন-নিবেদন করার পালাটা কি আজও শেষ হয় নি? বাংলা যেভাবে নিগৃহীত হচ্ছে, সেই নিগ্রহের পালা কি আজও শেষ হয় নি? ওধারে যাঁরা বসে আছেন তাঁদের সকলের মুখেই শুনছি—হ্যাঁ, আমাদের দাবি আছে, নিশ্চয়ই আমরা একথা বলব। শ্রদ্ধেয় প্রিয়রঞ্জন সেন মহাশয় বললেন—হ্যাঁ, আমাদের দাবি আছে, আমরা সেটা বলব। কিন্তু কোথায় বলবেন, কার কাছে বলবেন, কবে বলবেন?

[6-25—6-35 p.m.]

এই যে বিল নিয়ে আসা হয়েছে তাতে আমার মনে হচ্ছে, যাঁরা রক্ষক তাঁরাই ভক্ষক। সুতরাং এ'দের কাছে ব'লে কিছু ফল হবে না। আজকে তাঁরা যা বলছেন তা জনসাধারণকে ধাঁওতা দেওয়া ছাড়া আর কিছুই নয়। শ্রদ্ধেয় শ্রীকুমারবাবু বললেন, আমাদের অবস্থার সঙ্গে খাপ খাইয়ে চলতে হবে। আমরা জানি তিনি অবস্থার সঙ্গে খাপ খাইয়ে চলতে পারেন এবং তাতে তিনি অভ্যস্ত। যাই হউক, তিনি এখানে উপস্থিত নেই, সেইজন্য আর বিশেষ কিছু বলব না। আমার বক্তব্য হচ্ছে, আজ এমন কি হ'ল যার ফলে ডাঃ রায় এখানে কাকুতি মিনতি ক'রে বলছেন যে, কেন্দ্রীয় সরকারের প্রস্তাবে যে ভুল আছে সে ভুল সংশোধন ক'রে আজকে এই প্রস্তাব বা সাজেশন এই হাউসে রেখেছেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, বাংলার জাগ্রত জনমত এর বিরুদ্ধে। একবার এই জাগ্রত জনমতের কাছে তাঁকে নতি স্বীকার করতে হয়েছে মার্জার বিল প্রত্যাহার ক'রে নিয়ে। কাজেই আমি বলতে চাই, সরকারের তরফ থেকে কমিশনের কাছে যে দাবি রাখা হয়েছিল তাতে তিনি জোর ক'রে বলতে পারতেন—এই হচ্ছে আমাদের জনমতের দাবি, এর এক ইঞ্চি কম করতে পারব না, নচেৎ পদত্যাগ করব। কিন্তু তা তিনি করবেন না তা আমরা জানতাম। কারণ তাঁর খেলা আমরা অনেক দেখেছি। সেইজন্য যখন মার্জার প্রস্তাব গৃহীত হ'ল না তখন পদত্যাগ করলেন না। শ্রীকুমারবাবু বললেন যে, পদত্যাগ না করা সমীচীন হয়েছে। আমরা মনে করি সেটা সমীচীন হয় নি, শোভন হয় নি। সেইজন্য ডাঃ রায় যে সংশোধনী প্রস্তাব এনেছেন তাতে বাংলার উপর অবিচার হয়েছে তিনটি কারণেঃ প্রথম কারণ হচ্ছে এস.আর.সি. যে দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করেছেন এবং সরকারও যে দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার করছেন তা পক্ষপাতদুষ্ট এবং আগেকার সেই বৃটিশ শাসকগোষ্ঠীর মনোভাব দ্বারাই প্রভাবিত। দ্বিতীয় কারণ হচ্ছে, এস.আর.সি. যে অংশটুকু দিয়েছিলেন তা থেকে আবার কেন্দ্রীয় সরকার কেটে নিয়েছেন। আর তৃতীয় কারণ হচ্ছে, এই অবিচারের ষড়যন্ত্রের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকার ও পশ্চিমবঙ্গ কংগ্রেসের যোগসাজস আছে। এই কারণগুলির জন্যই বাংলার দাবি আজ অবহেলিত ও উপেক্ষিত হয়েছে। আমরা জানি, পুরুলিয়ার চাষ থানা বাদ দেওয়া হয়েছে। শ্রদ্ধেয় সুধীরবাবু বলেছেন, সেখানে তারা মাত্র ১০ বর্গমাইল চেয়েছিল, কিন্তু ডাঃ বিধানচন্দ্র রায় তাদের ২১৪ বর্গমাইল দান-খয়রাত করেছেন। আমি তাঁকে জানাতে চাই তাঁর দান করবার কোন অধিকার নাই। ডাঃ রায়ের ব্যাঙ্কে যা আছে, তাঁদের নিজস্ব সম্পত্তি, তিনি যাকে খুশি দান করতে পারেন; কিন্তু বাংলার সম্পত্তি দান করবার অধিকার তাঁকে কেউ দেয় নি। তাঁর বক্তব্য মধ্যে এটা পরিস্কার ক'রে জানাতে বলছি। তিনি যে সংশোধনী প্রস্তাব দিচ্ছেন তা যদি গৃহীত না হয় তা হ'লে তিনি কি করবেন? যদিও তাঁর এই সংশোধনী প্রস্তাব আমরা মেনে নিতে পারি না। তিনি ভিক্ষার ঝুলি হাতে নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে দয়া ভিক্ষা করছেন। যদি কেন্দ্রীয় সরকার বাংলাদেশের প্রতি অনুগ্রহ না করেন এবং করুণা ক'রে ভিক্ষা না দেন তা হ'লে তার বিরুদ্ধে বলবার কিছু নেই। কোন আত্মমর্যাদাসম্পন্ন সরকার বা ব্যক্তি যদি মনে করে যে তার দাবিদাওয়া ন্যায্য এবং ন্যায়সঙ্গত এবং তারা যদি তাদের প্রতি এই অন্যায় অনুষ্ঠানের প্রতিবাদ করে এবং যদি সেই প্রতিবাদ গৃহীত হয়ে তার

প্রতিকারের কোন ব্যবস্থা না হয় তা হ'লে আমরা মনে করি সেটা অপমানজনক ব্যাপার। কংগ্রেস যে ধরনের প্রস্তাব রেখেছে এবং ডাঃ রায় যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন, সে প্রস্তাবের মধ্যে এতটা দীনতা ফুটে উঠেছে যে পশ্চিমবঙ্গের জনসাধারণের দাবি তা দ্বারা পূরণ হ'তে পারে না। অবশ্য একথা ঠিক, পশ্চিমবঙ্গের জনসাধারণ ন্যায্য দাবি আদায়ের জন্য কংগ্রেসের দিকে কিংবা বিধান সরকারের ক্যাবিনেটের দিকে তাকিয়ে নাই। আজকে খেজুরী ও নর্থ ওয়েস্ট ক্যালকাটা, ইলেকশনএর দিকে তাকালেই আমরা বুঝতে পারব। আমরা জানি, বাংলার জনমত তাদের ন্যায্য দাবিদাওয়া আদায় করবার জন্য প্রস্তুত হচ্ছে। আমি ডাঃ রায়কে সাবধান ক'রে দিচ্ছি, বাংলার জনমতের প্রতি শ্রদ্ধা দেখিয়ে বাংলার জনসাধারণের যে ন্যায্য দাবি—ভাষার ভিত্তিতে প্রদেশগঠন এবং আমাদের ফরওয়ার্ড ব্লকের নেতা শ্রদ্ধেয় হেমন্তবাবু যে প্রস্তাব এনেছেন—সেটা সমর্থন ক'রে দাবি জানান। আমি আবার ডাঃ রায়কে সাবধান ক'রে দিচ্ছি যে, বাংলার জাগ্রত জনমতের ন্যায্য দাবি অগ্রাহ্য করবেন না এবং তাকে রোধ করবার ক্ষমতা আপনার নাই ও কেন্দ্রীয় সরকারেরও নাই। আগ্নেয়গিরি নিয়ে খেলা করবেন না। আসুন, আমরা সমগ্রভাবে দলমতনির্বিশেষে সকলে এক হয়ে কেন্দ্রীয় সরকারের এই ঘোরতর অবিচারের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে, অবহেলার বিরুদ্ধে একসঙ্গে সংগ্রাম শুরু করি।

[6-35—6-45 p.m.]

**Sj. Janardan Sahu:**

মাননীয় স্পীকার মহাশয়, অবস্থা দেখে প্রথমেই বলছি সাবধান বাঙ্গালী, সাবধান ভারত-বাসী। ভারতবাসী সাবধান হবে এই কারণে, যদি ন্যায় ও সত্য রক্ষা না হয় তা হ'লে ভারত বিপন্ন। আর বাঙ্গালী সাবধান বলছি এই কারণে যে, বাঙ্গালী যদি এই সময় একতাবদ্ধ না হয় তা হ'লে বাঙ্গালী বিপন্ন। আরেকটা কথা বলি। কোন কোন সাধক বলেন—যা আছে ব্রহ্মাণ্ডে তা আছে দেহভাণ্ডে।

এই বিশাল ভারতের যাঁরা নেতৃত্ব করবেন তাঁদের দায়িত্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ, সুতরাং তাঁদের যা কিছু করণীয় তা খুব বিবেচনা ক'রে করা উচিত। এত বড় বিশাল দেশ ভারতবর্ষকে নিয়ে সমন্বয় করবার জন্য দায়িত্ব তাঁদের উপর ন্যস্ত। তাঁদের সমন্বয় করতে গেলে যা যা করা দরকার তার মডেল তৈরি ক'রে গিয়েছেন সর্বত্যাগী আর্য ঋষিরা। তার আদর্শ হবে একান্নবর্তী সংসারের আদর্শ। অর্থাৎ একান্নবর্তী সংসারের যিনি কর্তা হবেন, তাঁকে অত্যন্ত সাবধানের সঙ্গে সংসার চালাতে হবে। সে নিজের ছেলেমেয়েদের না খাইয়ে কখনও খাবে না; পরকে সেবা ক'রে সন্তুষ্ট ক'রে তাকে চলতে হবে। এই আদর্শ আর্য ঋষিরা স্থির ক'রে গিয়েছেন। রাজ্যের ডেভেলপমেন্ট যত রকম হ'তে পারে তার মধ্যে সবচেয়ে বড় ডেভেলপমেন্ট হচ্ছে গৃহের শান্তিরক্ষার কাজ। এই শান্তি বজায় থাকলে সেখানে অনেক কাজ হ'তে পারে। এখন যিনি রাষ্ট্রপতি হবেন তিনি এইভাবে কাজকর্ম করবেন। কোথায় কি গুণাগুণ হবে সেটা দেখা দরকার। এখন আমাদের বর্তমান সময়, আমাদের দেশ বিভাগ হয়েছে, আমাদের রাষ্ট্রের কর্ণধার পণ্ডিতজী ও রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ, তাঁদের উচিত তাঁরা এখন আমাদের নিয়ে সর্বদিক দেখে চলবেন। কোথায় কার কি অসুবিধা হচ্ছে সেটা দেখা উচিত। কিন্তু তা কি তাঁরা করেছেন? যখনই যেখানে বাংলার প্রশ্ন উঠেছে, সেখানে সব উলটা দেখছি। যিনি এস, আর, কমিশনের চেয়ারম্যান ছিলেন তিনি একজন হাইকোর্ট জাজ, তিনি জীবনে অনেক ন্যায়বিচার করেছেন, অথচ তিনি বললেন, বাংলার এই দাবিতে মত দিতে পারবেন না। পণ্ডিতজী, রাষ্ট্রপতি, তাঁরা যদি চান যে রাষ্ট্রকে শাসন করবেন, তা হ'লে কোথায় কি বিপদ সমস্ত কিছু দেখতে হবে। তাঁদের বোঝা উচিত ছিল কোথায় গোলমাল হ'তে পারে। যেমন গৃহের কর্তা গৃহের শান্তি-রক্ষার চেষ্টা করেন তেমনি তাঁরা যখন সমস্ত রাষ্ট্রকে রিঅরগানাইজ করতে যাচ্ছেন তখন ভারতবর্ষের কোন্ প্রদেশে কোথায় কি বিপদ হ'তে পারে সেটা তাঁদের সূক্ষ্ম বুদ্ধিতে বোঝা উচিত ছিল এবং যাতে ভারতবর্ষের সর্বত্র শান্তি রক্ষা করা যায় তার জন্য চেষ্টা করা উচিত ছিল। কিন্তু তা না ক'রে ও'রা বলে দিলেন—

**Merger of Bengal and Bihar is a settled fact**

এটা তো জবরদস্তির কথা। এটা সাম্যের যুগ, এখন আর এটা চলবে না। এখন বাঙ্গালীর কথা কি তোমরা ভাব? আজ বাঙ্গালী বিপন্ন। একান্নবর্তী পরিবারে একজন বিপন্ন হ'লে সকলে মিলে সাহায্য করবার চেষ্টা করে। কিন্তু এখানে হচ্ছে কি? এখানে বাঙ্গালী আজ বিপন্ন; এখানে দলে দলে রিফিউজি আসছে। তখন তার প্রতি সহানুভূতি দেখানোর কথা কেউ ভাবল না। ইংরাজ যখন সদর্পে আমাদের দেশ শাসন করত তখন হোম রুল ইন ইন্ডিয়ার বিরুদ্ধে বাঙ্গালী শ্রীকৃষ্ণদাস পাল প্রতিবাদ ক'রে দাঁড়ান। তারপর ১৮৮৫ সালে ডবলিউ, সি, ব্যানার্জি, যিনি বাঙ্গালী, তিনি কংগ্রেস প্রতিষ্ঠানের প্রথম প্রেসিডেন্ট হন। তারপর বঙ্গভঙ্গ আন্দোলনে বাঙ্গালী যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছিল - প্রথম, ক্ষুদিরাম ফাঁসী গেল, তারপর "বাঘা যতীন" জীবনদান করে। ইংরাজ গভর্নমেণ্ট বলেছিল—আমরা এদেশের গভর্নর হয়ে বসে থাকব। কিন্তু গত আগস্ট আন্দোলনের সময় দেখা যায় যে, তমলুক ও কাঁথির বাঙ্গালীরাই ইংরাজ গভর্নরএর বিরুদ্ধে লড়াই ক'রে নিজেদের স্বরাজ প্রতিষ্ঠা করেছিল। সেদিনও বাংলাদেশে যখন বুলগানিন আসেন তখন বাঙ্গালীরাই কীর্তি দেখিয়েছে। রেড ক্রস যেমন পৃথিবীর মধ্যে একটি শ্রেষ্ঠ সেবা-প্রতিষ্ঠান, তেমনি বাংলাদেশের রামকৃষ্ণ মিশন ভারতবর্ষের মধ্যেও শ্রেষ্ঠ সেবা-প্রতিষ্ঠান। আজকে সেই বাঙ্গালীর প্রতি এত অবিচার কি ক'রে হ'তে পারে, বুঝি না। আপনি এসব কেন ঠিক করলেন না? আপনি হুমকি দিলে তো চলবে না। এই যে বিল এসেছে, কেন্দ্রীয় সরকার যেটা দিচ্ছেন, তা গ্রহণ করব এবং পরে আবার এর জন্য আন্দোলন করব- এটা ঠিক নয়। এর দ্বারা ঝগড়া, অশান্তি বাড়ানো হচ্ছে। আজ একটু নেব, নিয়ে চুপ ক'রে থাকব, তারপর আবার মাথা চাড়া দিয়ে উঠব - এ নীতি ঠিক নয়, ভাল নয়। এ কি শান্তিপ্রিয় গুহের উদ্দেশ্য? যাতে পূর্ণ শান্তি আসে, সেই ব্যবস্থা ওঁরা যদি করেন, তখনই রাষ্ট্রপতি রাজেন্দ্রপ্রসাদ ও পণ্ডিত নেহরুর নাম জগদ্বিখ্যাত হয়ে যাবে। আজ আমাদের দেশকে যাঁরা পরিচালনা করছেন, তাঁদের উচিত দেখা, যেন কোথাও গোলমাল না হয়। আজ এই স্টেট রিঅর্গানাইজেশন নিয়ে এত হৈ চৈ হচ্ছে, যা মোটেই বাঞ্ছনীয় নয়। ইউ,পি, বিহার, এত বড় শহর তারা ইচ্ছা করলেই একটু জায়গা ছাড়তে পারে; কিন্তু তা তারা ছাড়বে না। শ্রীহট্ট কার জন্য চ'লে গেল? আসামে বাঙ্গালী নেগলেক্টেড, যার ফলস্বরূপ আসাম গভর্নমেণ্ট তাকে ছেড়ে দিল। আসামের উন্নতির জন্য সেখানে বাঙ্গালী গিয়েছে কাজ করতে, তবুও সেখান থেকে বাঙ্গালীকে সরিয়ে দেওয়া হচ্ছে। সেখানে বাঙ্গালীর অবদান কম নয়, কিন্তু তা সত্ত্বেও বাঙ্গালী সেখানে আজ নির্যাতিত, অবহেলিত, সেই বাঙ্গালী আজ মরতে বসেছে। যে বাঙ্গালী এত কাজ করেছে তার উপর কেন এত নির্দয়? আজ বাঙ্গালী এত বিপন্ন কেন, সেটা চিন্তা করবেন না এটা কেমন কথা? আমি তাই মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করছি, তিনি খুব শক্তিশালী, তাঁর টাকা পয়সার অভাব নেই, সম্মানও তিনি যথেষ্ট পেয়েছেন। তিনি যদি আরও বেশি সম্মান পেতে চান তা হ'লে বেরিয়ে আসুন, এবং এসে স্পষ্ট কথা বলুন যে বাংলার জন্য এই চাই, তাকে সম্পূর্ণভাবে সব দাও। তিনি তা যদি আদায় করতে না পারেন তা হ'লে আসুন আমার আশ্রমে চ'লে। সেখানে সাধনা ক'রে আপনার শক্তিকে আরও বাড়িয়ে নিন। আমরা চাই মন্ত্রিমহাশয় আসুন। আপনি আর এই সুযোগ ছাড়বেন না। তিনি কখনও কখনও বলেছেন—

I am first a Congressman then a Bengalee

কিন্তু আমি বলছি তাঁর শেষের দিন এগিয়ে আসছে এবং সেইসব শেষের দিন তাঁকে বাংলা ভাষাতেই কথা বলতে হবে - ইংরাজীতে হবে না, কংগ্রেসী ভাষাতেও হবে না। আমি তাঁকে অনুরোধ করছি—আসুন, আমরা সবাই একসঙ্গে সকলে মিলে বাংলার যে দাবি, সেটাকে একসঙ্গে পেশ করি।

স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এবং আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের মাধ্যমে ভারতের প্রধানমন্ত্রী ও রাষ্ট্রপতির নিকট আবেদন জানাই—এখনও ভাবুন সেই বিক্রমাদিত্য রাজার আদর্শের কথা। কয়েক বছর আগেও ম্যাট্রিকুলেশন ক্লাসে ছাত্রদের পড়ানো হ'ত "জাজমেন্ট সীট অফ বিক্রমাদিত্য"। শিশুর মত মন না হ'লে সে কখনও রাষ্ট্রের কল্যাণ দেখতে পারেন না ব'লে তাদের একটা গল্প পড়ানো হ'ত। তাতে এই কথাই লেখা আছে যে, শিশুর মত সরল

মন না হ'লে ন্যায়বিচার করা সম্ভব নয়। অতএব তাঁরা আসুন, ন্যায়বিচার করুন; বাঙ্গালীর প্রতি যেন অবিচার না করেন সেদিকে লক্ষ্য রাখুন। বাঙ্গালী জাতিকে ধ্বংস করবেন না; অহিংসার ভাব বাঙ্গালীর প্রতি ব্যবহার করুন; হিংসার ভাব বাঙ্গালীর উপর থেকে সরিয়ে দিন—এই আমার অনুরোধ।

[6-45—6-55 p.m.]

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

মাননীয় স্পীকার সাহেব, বাংলার আর কংগ্রেসের সমাধি রচনার বিল আমাদের সামনে এসেছে। আমরা তাকে এমনভাবে নিচ্ছি যাতে ক'রে এই দুটো কথা এর মধ্য দিয়ে প্রকাশিত হয়ে উঠেছে। বাংলা চেয়েছিল বাঁচবার জন্য, আর সেই উদ্দেশ্যেই বাংলা চেয়েছিল রাজ্য পুনর্গঠন। এটা বাংলার আজকের কথা নয়—একথা ডাঃ রায় ব'লে গেছেন এবং তিনি যে Memorandum States Reorganisation Commission এর সামনে উপস্থাপিত করেছিলেন তার প্রত্যেকটা পাতার মধ্যে এই কথাই বলেন। আমি শুধু ৮এর পৃষ্ঠার খানিকটা এখানে তুলে ধরছি—

Undoubtedly one of the most important factors in this regard is linguistic and cultural homogeneity. The principle has been recognised not only in India for a very long time but it has been recognised all the world over. We have noted more elaborately later how this principle came to be recognised by the British authorities even at the turn of the present century.

শুধু এখানে ব'লেই ক্ষান্ত হন নি। তার পরেও বলেছেন—

The Indian National Congress emerged in a new shape in the early twenties of the present century under the leadership of Mahatma Gandhi. Since then it has tried to develop a line of thinking in consonance with the good of the masses and it has accepted the linguistic principle from the very beginning. But the principle was there from earlier times in Congress circles. We have described how the early pioneers of the Congress, such as Surendra Nath Banerji, emphasised this principle. As we have shown later, the Congress too in passing resolutions on the Bengal partition of 1905 lent support to this principle. But the Resolution passed at the session of Indian National Congress held in Calcutta gave clearer emphasis on the principle when it thanked the King "for the creation of a separate province of Bihar and Orissa under a Lieutenant-Governor in Council and prays that in readjusting the provincial boundaries the Government will be pleased to place all the Bengali-speaking districts under one and the same administration.

আজ পণ্ডিত জওহরলাল নেহরু শাসনে ব'সে বলছেন যে, এ জিনিস কিছুতেই প্র্যাকটিক্যাল হতে পারে না। কিন্তু তাঁর পিতা পণ্ডিত মতিলাল নেহরু বলেছিলেন—

What principles should govern this redistribution? Partly geographical and partly economic and financial but the main consideration must necessarily be the wishes of the people and the linguistic unity of the area concerned. .......A democracy must be well informed and must be able to understand and follow public affairs in order to take an effective part in them. It is inconceivable that a democracy can do this if a foreign language is largely used. It becomes essential therefore to conduct the business and politics of a country in a language which is understood by the masses. If a province has to educate itself and do its daily work through the medium of its own language, it must necessarily be a linguistic area.

তিনি অল পার্টিজ কনফারেন্স অফ ১৯২০তে এই কথা বলেছিলেন।

শুধু এখানে নয়; নেতাজী সুভাষচন্দ্র—যাঁর পার্টিতে আমি বিলং করি—সেই মার্ক্সবাদী ফরওয়ার্ড ব্লকের নেতা—তাঁর বক্তব্য এখানে রয়েছে।

On this basis, Sj. Subhas Chandra Bose pleaded, at this time, for the transfer of the Bengali-speaking areas in Bihar and Assam to Bengal. The Supplementary Report of the Committee of All Parties Conference, 1928, also contains this resolution: "The said Committee shall......resettle the boundaries of Assam and Bengal, Bihar and U.P., Hindusthani, Kerala and Karnataka in accordance with the principles recommended by the Committee.

কমিটি রিপোর্টের ৪৭ পাতায় বলেছেন যে, লিঙ্গুইস্টিক বেসিসই আজকে একমাত্র সলভ করবার রাস্তা ; এ ছাড়া অন্য কোন রাস্তা নেই। তার পরে কনক্লুশনএ তাঁরা নিজেদের যে বক্তব্য রেখেছিলেন সেখানে বলেছেন—

The linguistic principle thus has come to be recognised as one of the most important principles in the fixation of State boundaries. It has not only been recognised to be so in India whenever there has been any discussion on the readjustment of State boundaries, but it has been recognised all the world over. In fact it is bound to be so. Language is the greatest vehicle of expression and interchange of thought and feeling. Culture essentially develops round language and homogeneity grows through this synthesisation of language and culture. It any State, thus, must be a more or less homogenous unit, the greatest single test would ordinarily be the homogeneity of language.

সরকার যেকথা তাঁদের মেমোর‍্যান্ডামএর মধ্যে দিয়েছেন সেখানে পেজ ৮তে উল্লেখ করা হয়েছে—মর্টফোর্ড রিপোর্ট এবং সাইমন কমিশন রিপোর্ট - তাতে বলা হচ্ছে—

Clause 22—Condemn the organisation of the Government of India as it then was. Both expressed satisfaction with the existing provinces and recommended a realignment of the boundary and reorganisation of the States on a linguistic basis.

শুধু তাই নয় ; বলা হয়েছে পপুলেশন ডিম্যান্ড হিসাবে ক্লজ ২০তে—

While this was the opinion of the rulers themselves regarding their handiwork the people of the country have always been still more vehement in their denunciations on the satisfactory character of the provinces as they existed under the British regime. The people were not content, however, by merely asking for reforms, they wanted the new units to be organised on a linguistic basis.

—ইত্যাদি অনেক কিছু আছে।

**Mr. Speaker:** So long you have read from Congress documents. Now read your own documents.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

দাঁড়ান না স্যার! এখানে ত কংগ্রেসের সমাধি আগে রচনা করি। যে কংগ্রেস ঘোষণা করেন যে, আমাদের লিঙ্গুইস্টিক বেসিস ছাড়া অন্য কোন পথ নাই, সেই কথা তাঁরা লিখেছিলেন এবং সারা বিশ্বের সামনে উপস্থাপিত করলেন। আর আজকে সেই কংগ্রেস বলছে যে, আমরা যেটুকু পেয়েছি তাতে খুসী হয়েছি। এ ছাড়া আমাদের আর কোন উপায় নাই। এখন নেহরু সাহেব আমলাতন্ত্রের কাছে মাথা বিকিয়ে দিয়েছেন এবং যারা পুঁজিপতি তাদের কাছেও মাথা বিকিয়ে দিয়ে আছেন, এবং তাঁরা যে দিল্লীর দরবারে আসন পেয়েছেন তাও ব্রিটেন-চরণ ভরসা করে রয়েছে। সুতরাং আজকের দিনে এ্যাডমিনিস্ট্রেশনএর কথাই বড় হয়ে দেখা দিল, প্রশাসনিক ব্যাপারই তাঁর কাছে বড় হয়ে দেখা দিল এবং সেইজন্য তিনি বললেন প্রশাসনের খাতিরে যে এ ছাড়া অন্য কোন রাস্তা তাঁর কাছে খোলা নাই, এবং সেই কথা যখনই তাঁর মুখ থেকে বেরুল তখন সেই অমৃতবাণী এখানকার কংগ্রেসী চন্দ্রদের মধ্যে উল্লাসের সঞ্চার করল—এবং কংগ্রেস-পাল শ্রীঅতুল্য ঘোষ মহাশয় জনসাধারণের কাছে যে ঘোষণা [illegible] কংগ্রেসের সভাপতি হিসাবে এবং মুখ্যমন্ত্রী মহাশয় সরকারের কর্ণধার হয়ে যে কথা বলেছিলেন যে,

তাঁরা লিংগুইস্টিক বেসিসএ আমাদের বাংলাদেশের যেসমস্ত অঞ্চল বিহারের সংগে এবং আসামের সংগে যুক্ত হয়ে রয়েছে সেই অঞ্চল যদি ফিরে না পাওয়া যায় তবে তাঁরা সংগ্রাম করবেন। শ্রীঅতুল্য বাবু চেয়েছিলেন বিহারের দিকে অভিযান করতে। আর আজকে আমরা দেখতে পাচ্ছি যে, 'মিউ মিউ' ক'রে তাঁরা বিড়ালের মত নিজের নিজের ঘরের আনাচে-কানাচে ঘুরছেন এবং দিল্লীর দারোয়ানী লগুড়াঘাতের জন্য দেখছি যে, আজকে নানারকম আচরণ করেও আজ নিজেদের টিঁকিয়ে রাখবার জন্য সেন্ট্রালের এক একটা হুমকির কাছে মাথা নত করছেন। আজ বাংলাদেশের কংগ্রেস যে ব্যবহার করছেন তাতে মনে হয়, এখানে যদি প্রকৃত নেতা থাকত, যদি সুষ্ঠু নেতৃত্ব থাকত, বলিষ্ঠ নেতৃত্ব থাকত, তা হ'লে এ জিনিস কিছুতেই হ'তে পারত না। দুঃখের কথা, আজকে বাংলাদেশ থেকে দেশের প্রকৃত নেতার অভাব ঘটেছে এবং সিংহের বদলে শৃগালেরা বিচরণ করছে। তাই আজ কংগ্রেস সরকার সেন্ট্রাল থেকে যে আদেশ আসছে সেইটাই মাথা নত ক'রে মেনে নিচ্ছেন। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন, রেফিউজি প্রবলেম আমাদের দেশে এমন ভয়াবহ রূপ নিয়ে দেখা দিয়েছে যার জন্য আমাদের প্রয়োজন হবে খানিকটা জমি বিহার থেকে আনা, গোয়ালপাড়া থেকে আনা। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি—

"হুজুরেরা নিজের তরে আরাম করেন বন্দী
মজুরেরা তাই বেঁচে যায়,
এমনি খোদার ফন্দী।"

[6-55—7-5 p.m.]

তাঁরা বলেছেন যে, রিফিউজি প্রব্লেম আমাদের দেশের সামনে এমন একটা ভয়াবহ রূপ নিয়ে দেখা দিয়েছে, যার জন্য আমাদের প্রয়োজন হবে খানিকটা জমি বিহারের কাছ থেকে নেওয়ার, গোয়ালপাড়া থেকে নেওয়ার। কিন্তু তাঁরা পিছনের দরজা দিয়ে এই সমস্ত ব্যবস্থা করছেন, তাঁদের সেই সাহস নেই যে, সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে তাঁরা দাবী করেন যে, আমাদের বাঁচবার যে অধিকার, সেই অধিকার আমাদের দিতে হবে [গভর্নমেন্ট বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]। আজ আমরা কি দেখতে পাচ্ছি, তাঁরা আরও দেশের মধ্যে প্রাদেশিকতা ও সাম্প্রদায়িকতার বিষ ছড়িয়ে দিচ্ছেন। কিষাণগঞ্জে সেখানে বাঙ্গালীকে মারা হচ্ছে। বিভিন্ন জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে, বিহারের কংগ্রেসী সরকারের কংগ্রেসী গুণ্ডাদল সেখানে নানাভাবে বাংলা ভাষাভাষী সমস্ত মানুষের উপর অত্যাচার করছে। এর প্রমাণ—অতুল্যবাবু নিজে স্টেটমেন্ট দিয়েছেন এবং বিভিন্ন সরকারী সংবাদপত্রেও তা প্রকাশিত হয়েছে। একথা নূতন নয়। এই যেসমস্ত জঘন্য ব্যাপার করা হচ্ছে, এ করছে কারা? বিভিন্ন প্রদেশে এক-একটি কংগ্রেসী নেতৃত্বের মধ্যে ক্ষমতা লোলুপতার জন্য সে সংগ্রাম আজ সুরু হয়েছে। রাজ্যের অভ্যন্তরে উপ-দলীয় চক্রান্তের মধ্য দিয়েও সেই শকুনি গৃধিনীর লড়াই সুরু হয়েছে। আজকে বাংলাদেশকে কি দেওয়া হয়েছে? কতকগুলি কুষ্ঠ রোগাক্রান্ত অঞ্চল ছাড়া আর কিছুই নয়। আর এ'রা স্বগর্বে বলছেন, আমরা এই অঞ্চলটা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে পেয়েছি—এমন একটা অঞ্চল যেখানে কোনরকম অর্থনৈতিক সুযোগ-সুবিধা নেই। কিষেণগঞ্জ অঞ্চলের বিভিন্ন জায়গায় আমরা জানি যে, বিহারের জনসাধারণের পাকিস্তানের সংগে চোরাই চালানের ব্যবসা ক'রে থাকে। সেই অঞ্চলের কোন দাম নেই, সেই অঞ্চল নিয়ে ও'রা ভাবছেন যে, আমাদের বাংলার পরিধি অনেকখানি বাড়িয়ে দিলাম। এইগুলি ধাপ্পাবাজি ছাড়া আর কিছুই নয়। কিন্তু এই ধাপ্পাবাজিতে দেশের লোক ভুলবে না [কংগ্রেস পক্ষ হইতে তুমুল হট্টগোল]। সেইজন্য তাদের দাবী হচ্ছে আমরা যেটা চেয়েছি—লিংগুইস্টিক বেসিসে আমরা প্রাদেশিক সীমারেখা অংকন করতে চাই। এবং তার জন্য বাংলাদেশে আন্দোলনও হয়েছে। সমস্ত বামপন্থী দলের সংগে দেশের জনসাধারণ সম্মিলিত হয়ে বিভিন্ন ধর্মঘট, হরতালের মধ্যদিয়ে সেকথা প্রকাশ করেছে। আজকের দিনে একথা প্রমাণিত হয়েছে যে, দেশের জনসাধারণ চায় যে, সমস্ত বাংলাভাষাভাষী অঞ্চল যা বিহারের সংগে সংযুক্ত রয়েছে, তা বাংলাকে ফিরিয়ে দিতে হবে। সেজন্য আমাদের কম্যুনিস্ট বন্ধুদের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে, তাই প্রস্তাবে তাঁরা চেয়েছেন পূর্ণিয়ার বাংলা ভাষাভাষী অঞ্চল, সেই প্রস্তাবের মধ্যে চাওয়া

হয়েছে ধলভূমের বাংলা ভাষাভাষী অঞ্চল, সেই প্রস্তাবে চাওয়া হয়েছে মানভূমের অন্তর্গত পুরুলিয়া সাব-ডিভিসনের সমস্ত অঞ্চল, তার সঙ্গে চাষ প্রভৃতি বিভিন্ন থানা। সেন্ট্রাল গভর্ন-মেন্টের এই সমস্ত দিকপালদের যদি কোনরকম বুদ্ধি থাকতো, তাদের মাথায় যদি গোবর না থাকত, তা হলে তাঁরা নিশ্চয়ই এইসব [illegible] চিন্তা করতেন। কিষেণগঞ্জ প্রভৃতি দিতে গিয়ে এমন একটা জিনিস তাঁরা করলেন যে, বাংলাদেশের সঙ্গে সেই অঞ্চলের কোনও যোগাযোগের রাস্তা রইল না। কিছুটা অঞ্চল পাওয়া গেল কিন্তু রাস্তা বন্ধ হয়ে রইল—সেখানে যাবার সুযোগসুবিধা নেই—এইটুকু বুদ্ধিও তাঁদের নেই। ম্যাপ দেখবার মত যোগ্যতা যাঁদের নেই, তাঁরা কি ক'রে সেন্ট্রাল গভর্নমেন্ট চালাবেন? শুধু তাই নয়, পুরুলিয়ার যে অংশ দেওয়া হয়েছে সেখানে দেখতে পাই পুরুলিয়ার সঙ্গে আমাদের যোগাযোগ যেখানে হবে, সেই অঞ্চলটুকু বাদ দিয়ে তাঁরা পুরুলিয়া দিলেন। এটা ঠিক মাথাটা বাদ দিয়ে ধড়টাকে দেওয়ার মত অব্যবস্থা। সুতরাং এই কংগ্রেস সরকারের কাছ থেকে, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বাংলার মানুষ এমন কিছুই পায় নি যাতে তারা সরকারকে অভিনন্দিত করতে পারে। সেইজন্য অত্যন্ত ক্ষোভের সঙ্গে তারা দাবী করছে যে, ভাষার ভিত্তিতে প্রাদেশিক সীমারেখা অঙ্কন করতে হবে।

**Dr. Krishna Chandra Satpathi:**

মাননীয় স্পীকার মহাশয়,

Bengal Bihar (Transfer of Territories) Bill সম্পর্কে পশ্চিমবঙ্গ গভর্নমেন্টএর তরফ থেকে যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে সে সম্বন্ধে আলোচনা করতে গেলে প্রথমেই দুটি কথা মনে পড়ে। প্রথম ভাগে দেখা যাচ্ছে যে, কেন্দ্রীয় গভর্নমেন্ট যে ত্রুটি এই বিল রচনায় করেছেন তার সংশোধনের দিকে দৃষ্টি আকর্ষণ করা হয়েছে এবং দ্বিতীয় বিষয়টি হচ্ছে এই যে, গভর্নমেন্টের উত্থাপিত প্রস্তাবটি অনুমোদন করা।

প্রথমে এই ত্রুটির সম্বন্ধে অনেকে অনেকভাবেই আলোচনা করেছেন, কিন্তু সেই ত্রুটি তখনই আরম্ভ হয়েছে যে, কিষেণগঞ্জ এলাকায় যেসমস্ত অঞ্চল এস, আর, সি, কমিশন দেবার সুপারিশ করেছিলেন তাতে তাঁরা যা ভুল করেছিলেন এবং মানচিত্র পুঙ্খানুপুঙ্খরূপে পর্যবেক্ষণ না করার জন্যে যে ভুল হয়েছিল সেই ভুলই আবার কেন্দ্রীয় সরকার করেছেন। অর্থাৎ মানচিত্রের সঙ্গে কোনরকম সামঞ্জস্য না রেখে বা সেই মানচিত্র পর্যবেক্ষণ না করে। তারপর ঐ অঞ্চলটুকুর জন্যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যে দাবী জানিয়েছেন তাতে আমাদের বিরোধী দলের কারুর কোন অমত নেই। কিন্তু কথা হচ্ছে যে, তার সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গের প্রতি যে অবিচার করা হচ্ছে এই বিলের ভেতর দিয়ে পশ্চিমবঙ্গের ন্যায্য দাবী যা তা এই বিলের অন্তর্গত করা হয় নি সে বিষয়ে উল্লেখ করা দরকা'র ব'লে আমি মনে করি। আমি বুঝতে পারি না যে, পশ্চিমবঙ্গ সরকার কেন সেই সব কথা পরিষ্কার ভাষায় এই প্রস্তাবের মধ্যে তাঁরা আনলেন না। সেজন্য বাধ্য হয়েই আমাদের সংশোধনী প্রস্তাব দিতে হয়েছে এবং তাতে আমরা পরিষ্কার ভাষায় বলতে চেয়েছি যে, বাংলার সংলগ্ন অঞ্চল যা বিহারের নিকট গচ্ছিত ছিল সেই সব অঞ্চল ফেরৎ পাওয়া অবশ্য দরকার। তাতে আমি অন্ততঃ এই কথাই বলতে চাচ্ছি যে, ধলভূম সাবডিভি-শনের জামসেদপুর সহ সমস্ত জায়গা বাংলার ন্যায্য অংশ হওয়া উচিত। এই বিলের মধ্যে মানভূম জেলার যে অংশ দেওয়া হয়েছে তার বাহিরে যেসব অঞ্চল ছিল যেমন ধানবাদ সাব-ডিভিশন, চাস থানা, চান্ডিল থানা, পটোন্ডা পুলিশ স্টেশন এবং বরাভূম থানা ইত্যাদি এই বিলের মধ্যে আসা দরকার। এখানে যেমন [illegible]র সময় মহানদী এবং মেচির ন্যাচারাল বাউন্ডারি ধরে সীমারেখা টানা হয়েছে তেমনি ক'রে এই চাস থানাকে পুরুলিয়া থেকে আলাদা করবার কোন কারণ দেখতে পাই না। কারণ, চাস থানা এবং ধানবাদের মাঝখান দিয়ে যে দামোদর নদী ব'য়ে গেছে সেটা কেন্দ্রীয় সরকার কেন লক্ষ্য করেন নি সেটা আমরা বুঝতে পারি না। এবং পশ্চিমবঙ্গ গভর্নমেন্টের প্রস্তাবে সেই কথা উল্লেখ করা হয় নি।

[7-5—7-15 p.m.]

তারপর সাঁওতাল পরগণার জামতাড়া, পাকুড়, দুমকা ইত্যাদি বাংলায় সংলগ্ন এলাকা বাংলার আসা দরকার। কি কেন্দ্রীয় সরকার, কি পশ্চিমবঙ্গ সরকার, তাঁদের যে মনোভাব প্রকাশিত হয়েছে, তা থেকে

এই কথাই বলতে পারি, এই ধারণার শ্রদ্ধেয় শ্রীকুমার বাবু তাঁর বক্তৃতায় বলেছেন যে, এটা ফাইন্যাল নয়। আমি বলছি এটা কি রাজনৈতিক ফাটকা খেলা নয়? এতে দেশের মঙ্গল হবে না। বিশেষ ক'রে এতে বাংলাদেশকে বিক্ষুব্ধ করা হয়েছে। এতে ভাষার ভিত্তিতে আন্দোলন তীব্র থেকে তীব্রতর হবে এবং এতে কেউই রেহাই পাবে না। যখন এই বিল রচিত হয়েছে তার ইতিহাস একটু যদি অনুসরণ করা যায় তা হ'লে দেখতে পাওয়া যাবে এস, আর, সি'র সুপারিশ দ্বারা যখন বাংলা-বিহারের সীমানা নির্ধারণ করা হয় তখন কোন বিলই রচিত হয় নি। তখন বাংলাদেশে মার্জার, ইউনিয়ন, রি-ইউনিয়ন প্রভৃতির কথা চলছিল। তার বিরুদ্ধে জনমত প্রবলভাবে জানিয়ে দিয়েছিল এবং তারপর যখন মার্জার উইথড্র করা হ'ল তখন

Bengal Bihar (Transfer of Territories) Bill

তৈরি করা হ'ল। এই বিল তৈরি হবার পর বিহারের বিশিষ্ট নেতা তা শুনে কেঁদে ব'লেছিলেন, "হামারা ৫ হাজার বর্গমাইল চালা যাতা হ্যায়।" যেন এই নেতাদের বিহার রাজ্য তাঁদের নিজস্ব সম্পত্তি। যদিও একথা পরিষ্কার ক'রে বলা দরকার যে, বিহারের সঙ্গে আমাদের কোন ঝগড়া নাই। আমাদের ন্যায্য দাবী বাংলার সংলগ্ন অঞ্চলগুলি যেগুলি ফিরে পাবার জন্য বিগত ৫০ বৎসর ধ'রে দাবী করা হয়েছে এবং প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল স্বাধীনতার পর বাংলার প্রতি অনুষ্ঠিত অন্যায়ের প্রতিকার করার সময় বাংলার অঞ্চল ফিরিয়ে দেওয়া হবে তা সত্ত্বেও আজ পর্যন্ত সে প্রতিশ্রুতি পালনের নাম নাই। এবং উল্টে বলা হচ্ছে যে, আমাদের ৫ হাজার বর্গমাইল চ'লে যাবে। এবং কিষেণগঞ্জের নেতারা বলছেন, "বিনা যুদ্ধে নাহি দেবো সুচাগ্র মেদিনী"। সেখানকার অধিবাসীদের সত্যাগ্রহ করার জন্য উত্তেজিত করা হচ্ছে এবং ট্রেন প্রভৃতি আটক করার সংবাদও আমরা পাচ্ছি। এই যেখানে মনোভাব সেখানে আমাদের দেশের নেতারা নিজেদের মত স্থির করতে পারেন না কি করবেন না করবেন। ও'রা বলেছিলেন, লিঙ্গুইস্টিক বেসিসএ প্রভিন্স রিএ্যাডজাস্টমেন্ট হবে, এখন বলছেন, লিঙ্গুইস্টিক বেসিসএ নয়, মাল্টি লিঙ্গুইস্টিক বেসিসএ।

[At this stage the blue light was lit]

Sir, I want five minutes time.

**Mr. Speaker:** You must finish quickly. You are the fifth speaker of your party, you are repeating and wasting time by needless repetitions.

**Dr. Krishna Chandra Satpathi:**

ধলভূম মুক্তি পরিষদের লোকদের উপর কি অমানুষিক নির্যাতন চালান হচ্ছে। এ সম্বন্ধে বাংলা গভর্নমেন্টের প্রতিবাদ জানান উচিত। আমি বিশেষ ক'রে বাংলা গভর্নমেন্টের কর্ণধারদের ও কেন্দ্রীয় সরকারের কর্ণধারদের এই কথা স্মরণ করিয়ে দিতে চাই যে,

they must discover their mind first.

আমি তাদের পরিষ্কার ক'রে জানিয়ে দিতে চাই, এইভাবে দেশের মধ্যে অশান্তি ও বিশৃঙ্খলা আনবার অধিকার তাঁদের নেই। তাঁরা যদি ভেবে থাকেন যে, এই দয়ার দান দিয়ে তাঁরা বাংলাকে সন্তুষ্ট করবেন তা হ'লে খুব ভুল হবে। বাংলাদেশ আজ বিক্ষুব্ধ। এবং বাংলা-দেশের আন্দোলন আজ তীব্র থেকে তীব্রতর হ'তে চলেছে, যাতে তার ন্যায্য দাবী আদায় হ'তে পারে। তারপর আসামের গোয়ালপাড়া, কাছাড় প্রভৃতির কি হ'ল?

**Mr. Speaker:** That is irrelevant to this discussion. No body has tabled any amendment on Assam.

**Dr. Krishna Chandra Satpathi:**

আমি আমার শেষ কথা বলব, বৃটিশ আমলেও আমরা দেখেছি, লর্ড কার্জন থেকে আরম্ভ ক'রে লর্ড মাউন্টব্যাটেন পর্যন্ত সকলেই বাংলার উপর অবিচার, অত্যাচার, অন্যায় ক'রে গিয়েছেন। আবার দেশ স্বাধীন হওয়ার পর থেকে কেন্দ্রীয় সরকারও সেইরকম অবিচার,

অত্যাচার চালিয়ে যাচ্ছেন। সেইজন্য বলছি, বাংলার আজ চরম দুর্দিন, বাংলার স্বার্থের জন্য, দেশের জন্য দলগত পথ ও মত নির্বিশেষে সকলেই যদি বাংলার দাবী আদায়ের জন্য বদ্ধপরিকর না হন তা হ'লে বাংলার জনসাধারণ কখনই ক্ষমা করবে না।

[7-15—7-23 p.m.]

**Sj. Dasarathi Tah:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমরা আবার সেই আলোচনায়ই এসেছি, যা নিয়ে বাংলার বুকের উপর দিয়ে অনেক উপদ্রব ঘটে গেল। মার্জার রদ হয়েছে ঠিক কথা, কংগ্রেসের চিরাচরিত প্রতিশ্রুতি এবং বাংলার যা সুস্পষ্ট দাবী তা বানচাল করবার জন্য হঠাৎ প্রেমের বন্যা প্রবাহিত হ'ল মিলন ও ঐক্যের জন্য। কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের পরিকল্পিত বঙ্গ-বিহার মিলন যার নাম আমি "বিহঙ্গম" দিয়েছিলাম, সেই "বিহঙ্গম" সৃষ্টি হ'ল না। সেটা শুধু একটা উপাখ্যানেই পরিণত হচ্ছে। আমি যে ভবিষ্যদ্বাণী করেছিলাম সেটা ঠিক হয়েছে। আবার আমরা কোথায় ঘুরে ঘুরে এসেছি। সীমানা নির্ধারণ কমিশন হল, এবং যেমনি তার রিপোর্ট প্রকাশিত হ'ল সঙ্গে সঙ্গে চতুর্দিকে বিক্ষোভ দেখা দিল, এবং কংগ্রেসের বন্ধুরাও তখন সেই সুরে সুর মিলিয়েছিলেন। তখন ডাঃ রায় মার্জারের বটিকা দিলেন, যদিও সেই বটিকা তাঁকেই হজম করতে হয়েছিল। এখন যে বিল এসেছে তার সংশোধন করে ডাঃ রায় সেন্ট্রাল গভর্নমেন্টের ভুল ধরেছেন, আমি সেজন্য ডাঃ রায়কে বলছি তিনি যেন নিজের ভুল সংশোধন করেন। টাটা কোম্পানীকে যে ভূখণ্ড দান ক'রে যে ভুল করেছেন তা সংশোধন করুন, কারণ জন্মভূমি দান করা যায় না।

অধ্যক্ষ মহোদয়, আমি দেখছি, আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের যারা অনুসরণকারী তাদের মাথার ঠিক নেই। যদি থাকত, তা হ'লে তাঁর অবাস্তব সংযুক্তি প্রস্তাব আনতে দেওয়া হয় কেন? হয় মাথার ঠিক নেই কিম্বা উদ্দেশ্য ভাল নয়। যদি স্বীকার করেন যে, আমাদের ভুল হয়েছে তা হ'লে তা নিয়ে বিবেচনা করা যায়। কিন্তু তার কোন উচ্চবাচ্য না ক'রে দেশবাসীকে বলা হচ্ছে এখন যা পাচ্ছি তা নিয়ে নি, পরে যা আসবে আবার নেব। আমাদের ডাঃ শ্রীকুমারবাবু এখানে রণকৌশলের কথা বললেন। তাঁর রণকৌশল আমরা দেখেছি। রণকৌশল ক'রে তিনি হিন্দু মহাসভা থেকে এলেন ফরওয়ার্ড ব্লকে, তারপরে আবার রণকৌশল দেখিয়ে সেখান থেকে গেলেন কংগ্রেসে। তিনি কিন্তু একটা সত্য কথা বলেছেন—তিনি বলেছেন এটা প্রথম কিস্তি। স্যার, প্রথম কিস্তি তখন হ'তে পারে, যেখানে জিনিসের সোলেনামা হয় কিম্বা মূলধন ঠিক থাকে এত পাওনা। আজ তাই বলছি আজ যখন সেণ্ট্রাল গভর্নমেণ্ট আমাদের কাছে তাঁদের বিল পাঠিয়েছেন এবং আমাদের সুস্পষ্ট অভিমত জানতে চেয়েছেন তখন কিছুদিন আগে ডাঃ রায় কোনরকম প্রস্তাব বা রেজলিউশন আমাদের কাছে না এনে কতকগুলি জায়গা যে ছেড়ে দিয়েছিলেন সেটা অত্যন্ত অন্যায় কাজ হয়েছিল। আমি আজ তাই ও'দের বলব, বাংলার এই বিপদের দিনে অন্ততঃ সেই কথাটা তাঁরা সকলে স্মরণ করুন এবং স্মরণ ক'রে যে প্রস্তাব শ্রীসুধীরচন্দ্র রায়চৌধুরী মহাশয় এনেছেন সেটা যেন পশ্চিম বাংলার সুস্পষ্ট নির্দেশ ব'লে মনে করেন এবং অধিকাংশ লোকের এই সুস্পষ্ট নির্দেশ যেন গ্রহণ করেন। তাই বলি, সত্যিকারের বাংলাকে ভাল করবার যদি পরিকল্পনা তাঁদের থেকে থাকে তা হ'লে সুধীরবাবুর এই প্রস্তাবটি গোটাগুটি সেখানে নিয়ে যাওয়া উচিত হবে। ডাঃ রায় আগে বলেছিলেন যে, লিঙ্গুইস্টিক বেসিসএ রাজ্য পুনর্গঠন ঠিক হচ্ছে না; কিন্তু অধিকাংশ ক্ষেত্রে লিঙ্গুইস্টিক বেসিস কার্যতঃ মেনে নিতে হয়েছে। যত আটকাল এই বাংলার ব্যাপারে এবং আরও ২।৩টে জায়গার ব্যাপারে। লিঙ্গুইস্টিক বেসিসএর কথা আমরা বার বার ব'লে এসেছি। প্রাকস্বাধীনতা দিনে কংগ্রেসে যেসমস্ত প্রতিশ্রুতি, যেসমস্ত ম্যানিফেস্টো তা'র মধ্য দিয়ে, এমন কি সঙ্গীতের মাধ্যমেও এই লিঙ্গুইস্টিক বেসিসকেই বরাবর সমর্থন জানিয়ে এসেছেন, তাকেই বড় ক'রে দেশের লোকের সামনে ধ'রেছেন। আজ যদি হঠাৎ সেই জিনিসগুলি গায়েব করেন, তার মত বেদনাদায়ক আর কিছুই নেই। কিন্তু জনগণ এত সহজেই অন্যায়কে মেনে নেয় না। এই যে মার্জার প্রপোজাল এসেছিল, যার গুণগান বক্তৃতায়, বড় বড় কাগজে কলমে, বড় বড় ধনিকের মুখে শুনতে শুনতে দেশের লোকের

কাল ঝালাপালা হয়ে গিয়েছিল, যার সফলতার জন্যে স্বার্থান্বেষী মহলের প্রচেষ্টার শেষ ছিল না, সেখানে বাংলার জনমত এমন অবস্থার সৃষ্টি ক'রে তুলল যে সে প্রস্তাব ভূতলশায়ী হয়ে গিয়েছে। সমগ্র ভারতবর্ষের স্বার্থে বাংলা সবচেয়ে বেশী স্বার্থত্যাগ করেছে, তাকে ভাগ করে পাকিস্থান সৃষ্ট হয়েছে, সেই হিসাবে অন্ততঃ ভারতবর্ষের পূর্ব সীমান্ত হিসাবে তাকে বাঁচানোর দায়িত্ব কেন্দ্রীয় সরকারের ছিল। একজন বক্তা বলেছেন, কেন্দ্রীয় সরকারকে চটিয়ে আমরা বাঁচি কি করে। আমি বলি আমরা অন্যায়ভাবে কাউকে চটাতে চাই নে, আমরা চাই আমাদের ঠিকমত-ভাবে —তোমাদের স্বীকৃতি অনুযায়ী যা পাই সেইটুকু দাও—তাতে তোমরা ইচ্ছা করলে চটতে পার। এস, আর, সি, যাই করুক, আসল যা কিছু তিনি হলেন পণ্ডিত নেহরু—সমগ্র ভারত-বর্ষের ৫১টি জেলার উপরে তিনি ব'সে। তিনি যদি একটু চোখ রাঙিয়ে বিহারকে বলতেন বাংলার অবস্থা আজ অতি করুণ, অতি শোচনীয়, তার দাবী মিটিয়ে তাকে বাঁচাতে হবে, তার জন্য যদি প্রয়োজন হয় আমার প্রদেশের পূর্বদিক থেকে কিছু জায়গা তোমাকে দিচ্ছি তা হ'লে গোলমাল মিটে যেত, বাংলার বাঁচবার পথ হ'ত। জোরগলায় পণ্ডিত নেহরুর কাছে এই দাবী গিয়ে জানাতে কেন এ'রা পারলেন না? তাঁকে চটাবার এবং সামনে গিয়ে দাঁড়াবার সাহস খুব কম লোকেরই আছে বর্তমান কংগ্রেসে। যেখানে ডাঃ রায়ের সামনে গিয়ে কথা বলতে এ'দের সাহস হয় না, তখন এদের কাছ থেকে কি প্রত্যাশা করা যায়? আজ যে অবস্থার সৃষ্টি হয়েছে তা দেখে দেশের লোকের মনে কি প্রতিক্রিয়া দেখা দিচ্ছে সেটা বিশেষক'রে বিবেচনা করার জন্য আমি প্রত্যেককেই অনুরোধ করছি। আজকে বলা হচ্ছে কেন্দ্রীয় সরকার চ'টে যাবে এবং চ'টে গেলে আর বেশী দেবে না। কিন্তু একথা অতি সত্য যে, আজ যেটুকু পাচ্ছি তা যদি শ্রীঅতুল ঘোষ মহাশয়ের নেতৃত্বে হাজার হাজার মানুষের অভিযান কলকাতা পর্যন্ত না হ'ত এবং বাংলায় যদি আন্দোলন না হ'ত সেটুকুও পেতাম না। বর্তমান সরকার তো বাঁশীর সুরকে চান না, বাঁশকেই বেশী বিশ্বাস করেন। আমি বলি এখনও যদি জনমতকে চিনে না থাকেন এবার অন্ততঃ চিনুন। শ্রীকুমার বাবু বলেছেন, সামনে ইলেকশন—সুতরাং তখন জনমত ভাল-ভাবে প্রকাশ পাবে। আমি বলি এই তো সেদিন ইলেকশন হয়ে গেল তাতে কি পেলেন? ইচ্ছা করলে জনমতের আরও প্রকাশ এখনই পেতে পারেন, এই তো সেদিন আমাদের শ্রদ্ধেয় সত্যেন বসু মহাশয় স্বর্গতঃ হলেন, তাঁর সেই শূন্য আসনের জন্য দেরী না ক'রে এখুনি নির্বাচনের ব্যবস্থা ক'রে দেখুন জনমত কি বলেন। আমি শেষবার বলব—আজ এইটুকু নিয়ে যদি সন্তুষ্ট থাকি প্রথম কিস্তি পাওনা মনে করে তা হ'লে বাংলার সর্বনাশ হয়ে যাবে, বাংলার ইতিহাস কলঙ্কিত হবে।

**Mr. Speaker:** From the lists of speakers that have been furnished to me by different parties I am very much hopeful that we shall be able to keep to the programme of finishing the debate tomorrow and taking the vote at 7 p.m. but to be absolutely on the safe side and in view of the fact that the proceedings and decisions should reach Delhi by the 10th of July I propose to call the House tomorrow at 2 p.m.

## Adjournment.

The Assembly was then adjourned at 7-23 p.m. till 2 p.m. on Friday, the 6th July, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 6th July, 1956, at 2 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 13 Deputy Ministers and 207 Members

[2—2-10 p.m.]

## GOVERNMENT RESOLUTION

### Resolution on the Bihar and West Bengal (Transfer of Territories) Bill, 1956

**Dr. Atindra Nath Bose:** Mr. Speaker, Sir, much as I would have liked to address the House in my mother-tongue, I am constrained to use a foreign language because my voice is to reach outside the limits of this House to our representatives in the Parliament. So, I have to use a foreign language.

**Mr. Speaker:** Your foreign language is good and you can express yourself better in that language.

**Dr. Atindra Nath Bose:** I have to express myself in a language which is understood by them.

Sir, I concede that this issue which is now before us is a very delicate issue. I agree that sentiment and excitement may not pay although there is much reason for sentiment and excitement. I tried, Sir, to appreciate the official viewpoint on this subject. I closely followed the resolutions and the speeches delivered in the House and tried to pick up whether there was any consistency in principle and in policy behind the official standpoint. This subject, Sir, came before the House on five occasions. First, we discussed the issue of reorganisation of States on the 7th August, 1952, when a non-official resolution, sponsored by the Official Party, was brought before this House which was moved by Sj. Sankar Prasad Mitra and supported by Dr. Bidhan Chandra Roy. Next, this issue came before us on the 7th May, 1953, when the same resolution was placed before this House with slight modification by Dr. Bidhan Chandra Roy. Next, in December last year this issue came before us when we discussed the report of the States Reorganisation Commission. This issue came on the fourth occasion in February this year when the issue of merger figured prominently in the budget debate and, last of all, from day before yesterday it has come before us when we are discussing the question of adjustment of territories between Bengal and Bihar. On the first occasion, when the resolution was moved by Sj. Sankar Prasad Mitra, no specific demand was made about the territories. A demand or rather a plea was made for increasing the area of West Bengal and diminishing the area of Bihar in compliance with the provision of Article 3 of the Constitution of India. No specific reference was made as to the territories sought for. But Sj. Mitra referred to a memorandum which was drawn up and submitted by the late Nalini Ranjan Sarker and lent his wholehearted support to the demands incorporated in that memorandum. It runs like this: "(a) In the Ganges valley, portions of Kishanganj and Sadar in the district of Purnea, determined by the river Mahananda, should be included in West

Bengal. Most of the Bengali-speaking population of Bihar in the Ganges valley is found on the eastern bank of the river Mahananda which rises and ends in Bengal but passes through two subdivisions of the district of Purnea in Bihar. The Mahananda is, therefore, really a Bengal river. (b) In the valley of Bhagirathi, the subdivisions of Rajmahal, Pakur, Dumka, Jamtara and Deoghar in the district of Santal Parganas should be included in West Bengal. The Hindi-speaking population in this valley constitutes less than 17 per cent. of the total population. (c) In the Damodar valley, the subdivisions of Sadar and Giridih in the district of Hazaribagh and the subdivision of Sadar in Manbhum should be included in West Bengal. (d) In the Subarnarekha valley, the subdivision of Dhalbhum in the district of Singhbhum and the States of Kharswan and Seraikela should be included in West Bengal."

Sir, the demand set forth from this side of the House is much more modest than the demand which was placed by the late Nalini Ranjan Sarker and which was supported by Shri Sankar Prasad Mitra in 1952. In support of this memorandum the mover of the resolution, i.e., Shri Mitra, says, "I propose, Sir, that negotiations be started forthwith with the authorities concerned on this basis. The Parliament may have thought it fit to reject our demand this time but given tenacity, patience and perseverance on our part, we shall succeed." Where is that tenacity, patience and perseverance now? Dr. Bidhan Chandra Roy, who seconded this motion, says, "My friend Shri Sankar Prasad Mitra has already quoted from a memorandum which is now public property published by my friend Shri Nalini Ranjan Sarker, the then Finance Minister of this Government, and in that memorandum he argued the question of extension of territories on a financial basis but since that memorandum was written and published things have taken a very different shape which strengthens the argument which Shri Nalini Ranjan Sarker and the Cabinet on the basis of that memorandum had accepted." So although no specification was given in the resolution of the territories asked for, it is clearly stated in the speeches that the Official Party wanted to incorporate for Bengal areas much more in size than what we are asking for now. Then in another resolution which was brought before this House and passed on 7th May, 1953, the same demands were reiterated, only the reasons of the demands were further amplified. It was stated in the motion that "in order to arrive at a solution of linguistic and administrative problems as also of the problem of rehabilitation of refugees from East Pakistan and to ensure protection of Bengali culture and heritage among the Bengali-speaking people of Bihar, the said Assembly urges upon the Government of India to invite the President to recommend the introduction of a Bill in Parliament to increase the area of West Bengal and to diminish the area of Bihar in compliance with the provisions of Article 3 of the Constitution of India."

[2-10—2-20 p.m.]

But here also there is no specific description of the territories asked for. On the next occasion when the States Reorganisation Commission Report was before us, Dr. Roy refused to formulate a resolution in spite of the uniform tenor of the speeches on both sides of the House and chose to send a babel of tongues consisting of 248 pages to Delhi which nobody cared to read.

On the fourth occasion when the merger proposal was mooted before the country the whole party overnight swallowed their words and joined in a chorus to liquidate the State of West Bengal and to throw it within the precincts of Bihar. Now on the fifth occasion they have come forward

with a very modest and half-hearted plea for a thin corridor to link the two parts of West Bengal. My point is this, Sir, that all through from the very beginning of the life of this Assembly they have shirked the issue, they have refused to categorically state their demand and they have thrown out all Opposition amendments which were placed in this House which were meant to specify the territories which were asked for. Either the Opposition amendments were thrown out or the movers were persuaded to withdraw their amendments so as to send a unanimous resolution to Delhi.

Some of the members on the other side have sought to justify this on grounds of tactics. Sir, this is amazing tactics. This tactics is bewildering. Some of them have even used military languages. My revered Professor. Dr. Srikumar Banerjee, has tried to explain this as a temporary retreat as if they are an army on the march. Sir, I have very little knowledge of military science but this much I hope to know that an army whether in advance or in retreat has an objective in sight, a target to reach. What is their target? What is their objective? Professor Banerjee has said that this is the first instalment. Then what is the full demand? Have they ever stated that officially and sent it to Delhi? They are in a game of politics and they do not know their cards. That is why these stalwarts on the other side, eloquent speakers like Shri Sankar Prasad Mitra, Shri Narendra Nath Sen, Dr. Srikumar Banerjee and Professor Priya Ranjan Sen have all been so halting in their speeches. Professor Sen said that their fundamental difference in outlook from ours lies in that they are not out to fight the Union Government. They are not out to fight Bihar and jeopardise the unity of India. Nor are we. We are not out to fight the India Government. But did the Union Government ask West Bengal to surrender Chandil and Patamda to Bihar? Who authorised Dr. Roy to surrender these two areas? Is there any other instance where a State has been so very generous to sacrifice territories which have been recommended for it by the States Reorganisation Commission? This is amazing charity. Charity is always good but provided you do it with your own money. Charity becomes theft if you do it with public money and with public property.

How slipshod was the work of the States Reorganisation Commission is evident from their report about the corridor between the two parts of West Bengal While they made unequivocal recommendations for a corridor they did not provide for it. Possibly they had not consulted an authentic map. Almost every member on this side of the House pointed out this gross omission during the States Reorganisation Commission debate. But still Dr. Roy refused to incorporate it in a resolution. If now he has thought that a corridor is necessary, that the recommendation of the States Reorganisation Commission requires further clarification, why did not he bring the resolution at that time when it would have obtained a better hearing from Delhi? Why this belated resolution? Did he not know that a book consisting of 248 pages of speeches will not be read by anyone? Even a cursory glance into this book would have revealed to anyone this gross anomaly that while a corridor is recommended it is not provided.

If the States Reorganisation Commission had no map before them, I am doubtful whether our rulers here had got any map themselves when they framed this resolution which is now before us. There is a road on the south-western borders of Purulia, namely, Bandwan-Purulia road which connects two portions of the Purulia subdivision which are going to be transferred to West Bengal. Part of this road which connects two portions

of Purulia runs through Bihar. There is very little possibility of constructing an alternative motorable road because the intervening space between Bandwan and Purulia is hilly. Possibly they had not a map to show that the surrender of Chandil which is Bengali-speaking involved the surrender of this road—Purulia-Bandwan road—which connects two parts of ceded Bihar.

Professor Priya Ranjan Sen has appealed to us in the name of unity and national security. It fails our intelligence to understand how the unity of India will be affected by readjustment of boundaries, by transfer of some square miles of territory from Bihar to West Bengal. If unity of India is not affected by carving out the State of Andhra out of Madras, if the unity of India is not affected by cutting Bombay from Maharashtra and making it a separate city State, unity of India will be affected by transferring of a few square miles of territory from Bihar to West Bengal! We cannot understand this logic. About national security I must repeat for a few minutes what I said on a previous occasion during the States Reorganisation Commission debate although I apprehend you may, Sir, possibly warn me for repetition. Repetition is necessary if we have to knock some logic into the heads on the other side. In page 33 of the States Reorganisation Commission report we find "while the primary responsibility for defence arrangements must be that of the Central Government considerable burden regarding security arrangements must be borne by the State.

It is, therefore, important that a border State should be a well-administered, stable and resourceful unit, capable of meeting the emergent problems arising out of military exigencies. This means that normally it would be safer to have on our borders relatively larger and resourceful States rather than small and less resilient units".

[2-20—2-30 p.m.]

Again in page 34, "It seems clear to us that, when a border area is not under the direct control of the Centre, small units and multiplicity of jurisdictions would be an obvious handicap from the point of view of national security."

It is exactly this multiplicity of jurisdictions on the Indo-Pakistan border of India which is perpetuated by the readjustment of boundaries. The Assam Railway link is not only a vital artery of communication for West Bengal; it is also the main line of supply along the entire eastern frontier. It is a line of 450 miles, mostly single track. Under the present boundary arrangements a train running from Calcutta will have to enter the jurisdiction of Bihar at Pakur; its cargo will be unloaded and subjected to checking at the crossing of the Ganges; and then it will pass through Bihar territory till it reaches West Bengal again at Falkhola. It is necessary for defence logistics, for national security, that police, contractors and labour force along this vital Bengal-Bihar route on the frontier must be under the control and administration of a single State. So far for military security.

In Bihar we find that the official party has tried to move with the Opposition. No like attempt has been made here.

Then we find no safeguard provided for the linguistic minorities which was so strongly recommended by the States Reorganisation Commission.

**Mr. Speaker:** It is in the main Bill.

**Dr. Atindra Nath Bose:** How do we know that it is adequately provided there? It is the persecution of linguistic minorities which has caused this present upheaval for linguistic States. Whatever be the readjustment of

boundaries, there will be vast bi-lingual belts between Bihar and West Bengal and between West Bengal and Assam. The persecution of minorities in these two neighbouring States has been a proverbial story. There are domiciliary qualification, language test and various other requirements for recruitment to the Public Service Commission. Bengali schools are fast dying out in the border areas of these two States. All the safeguards provided in our Constitution have been ineffective. What is needed is not mere prescription of certain safeguards but suitable agencies for the enforcement of these safeguards, but nothing of these we find in the Bill.

These bring us to the question of the domination of Hindi lingualism which was raised by Sj. Sudhir Chandra Ray Chaudhuri and which provoked laughter on the opposite side. Friends opposite exclaimed "what a discovery"! It was not our discovery. It was Sj. Atul Gupta who first made this discovery when the proposal of West Bengal-Bihar merger was mooted. It was the same Sj. Atul Gupta who was quoted as an authority by Sj. Sankar Prasad Mitra in his resolution of 1952. So please laugh after you have thought and remember that those who laugh last laugh best.

I shall cite a few instances to substantiate this point. Our President Babu Rajendra Prasad at the Hindi Sahitya Sammilan which was held in Patna in 1949 rebuked the sponsors of the Hindi Sahitya movement because they had not Hindised the people of the bordering areas. Then again in 1956 after the merger proposal was before the country another Hindi Sahitya Sammilan which was inaugurated by the same revered Babu Rajendra Prasad passed a resolution that the one language of the united States of Bengal and Bihar will be Hindi; there will be no place for Bengali. That is why Seraikela and Kharswan, although Oriya-speaking, have been denied to Orissa. That is why the Bengali language has no place in the Bihar Legislative Assembly. That is why the popular *tushu* song cannot be sung in Bihar. That was the motive behind the merger proposal, whose main schemer was Babu Jagjivan Ram, and that is why the present fury after the abandonment of the merger proposal against Dr. Roy in Delhi and throughout Hindi States.

Sir, we claim to live in a democracy, but on this issue of States reorganisation, at every step the Government are running counter to public opinion. But still they do not hesitate to use public funds, the Publicity Department or the radio to propagate their chosen antics. A few months ago when they held a conference at Nandigram of the Congress Party which was meant primarily to advocate this cause of merger of West Bengal and Bihar, they issued two posters.

[At this stage the red light was lit.]

Sir, I shall take two minute' more of your time to bring before the House certain serious things. In the posters which were circulated to draw crowds in that conference I find the name of our revered Speaker of this House. I find the name of the Deputy Chairman of the Upper House. In this poster headed

"মেদিনীপুর জিলা কংগ্রেস রাষ্ট্রিক সম্মেলন"

appears the name of Sj. [illegible]la Kumar Mukherjee; in another poster appears the name of Dr. Protap [illegible]andra Guha Roy, Deputy Chairman of the Upper House.

**Mr. Speaker:** How [illegible] that relevant to this present Bill?

**Dr. Atindra Nath Bose:** Because it is connected with the question of merger. This was a conference held to push forward the proposal of merger and merger has relevancy in connection with linguistic redistribution of

States. This poster also contains the name of Dr. J. N. Mukherji, the Administrator of the Board of Secondary Education. This is the democracy in which we are living and it does not behove them to advise us about peaceful, constitutional and lawful methods.

[2-30—2-40 p.m.]

**Sj. Ananda Gopal Mukherjee:**

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী যে প্রস্তাব এখানে এনেছেন সেই প্রস্তাবটা সমর্থন করবার জনাই আমি দাঁড়িয়েছি। [ডিসটার্বান্সেস ফ্রম দি অপোজিট বেঞ্চেস] বাংলাদেশ এতদিন ধরে যে দাবী পূরণ করবার জন্য আন্দোলন করে এসেছে, বাংলাদেশের সেই দাবীর দরুণই পার্লামেন্ট স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিশন অ্যাপয়েন্ট করেছিলেন। বাংলাদেশের পক্ষ থেকে বাংলাদেশের কংগ্রেস, বাংলাদেশের গভর্নমেন্ট, বাংলাদেশের জনসাধারণের দাবী এবং তার পিছনে যে যুক্তি আছে তা সমস্তই উত্থাপন করেছিলেন স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিশনএর সামনে।

তাঁদের বিচারে বাংলাদেশের দাবী বহুলাংশে গ্রহণযোগ্য হলেও সম্পূর্ণভাবে তাঁরা তা গ্রহণ করতে পারেন নি এবং তাঁরা বাংলাদেশকে বিহারের কিয়দংশ দেবার প্রস্তাব করেছিলেন। তারপর উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি এই সম্বন্ধে পুনর্বিবেচনা করে বাংলাদেশকে তার থেকে কিছু জায়গা বাদ দিয়ে খানিকটা জায়গা আবার দিয়েছেন। ঠিক এই পরিস্থিতির মাঝে নতুন প্রস্তাব বাংলার মুখ্যমন্ত্রী এবং বিহারের মুখ্যমন্ত্রী এনেছিলেন। এই প্রস্তাব ভাল কি মন্দ বিচারের দায়িত্ব জনসাধারণের হাতে ছিল। সেদিন জনসাধারণ যেভাবে এই প্রস্তাব সম্বন্ধে তাঁদের মতামত দিয়েছেন তার সম্বন্ধে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যাই বলুন না কেন, আমি ব্যক্তিগতভাবে বলব যে, বাংলা এবং বিহারের এই যে সমস্যা এ যদি স্থায়ীভাবে সমাধান করতে হয়, ভারতবর্ষের স্বাধীনতার ভিত্তিকে যদি দৃঢ় করতে হয় তা হ'লে সেই প্রস্তাব সর্বাঙ্গসুন্দর ছিল। জনসাধারণের মতামত মেদিনীপুর এবং কলকাতার ইলেকশনএ ফুটে উঠেছে—এই প্রস্তাব তাঁরা গ্রহণ করছেন না। সেদিক থেকে বিচার করে হোক আর উপযুক্ত সময় নয় বলেই হোক আজকে বাংলার প্রধানমন্ত্রী সেটা তুলে নিয়েছেন। যখন এই প্রস্তাব উঠেছিল আমার বিরোধী পক্ষের বন্ধুদের জনসাধারণের কাছে বলতে শুনেছি যে, কেন্দ্রীয় সরকার বা কংগ্রেস হাই কম্যান্ড বাংলাকে কোন জায়গা বিহার থেকে দেবেন না ঠিক করেই বাংলার জনসাধারণের সামনে এই প্রস্তাব দিয়ে একটা ধাপ্পা দিচ্ছেন। সেদিন অবশ্য তাঁদের এই ভাঁওতা দেওয়ার সুযোগ ছিল, কারণ, তখন কোন বিল আসে নি। আজ যখন বিল এসেছে তখন আমার বিরোধী পক্ষের বন্ধুদের বলতে শুনছি যে, তাঁদেরই চাপে এই বিল এল। আমরা জানি, তাঁরা যেকথা বলছেন, সেকথা যে অভ্রান্ত এ ধারনা তাঁদের নেই। আমি বলি আজ এই বিলে যে অংশ পশ্চিমবাংলাকে দেওয়া হয়েছে তা নিয়ে পশ্চিমবাংলা সন্তুষ্ট নয়। বাংলাদেশ কংগ্রেসএর মেমোরান্ডামএর মাধ্যমে, গভর্নমেন্ট মেমোরান্ডামএর মাধ্যমে তার সত্যিকারের দাবী সেদিন উত্থাপন করেছিল। আমরাও সেই দাবীর পিছনে আছি। যে এলাকা বাংলাদেশ পেয়েছে সেই এলাকা আমরা প্রথম পেতে চাই। কিন্তু এই কথা বলতে হচ্ছে যে, বিরোধী পক্ষের বন্ধুরা বাংলার দাবীকে সমর্থন না করে, বাংলার নেতার পিছনে না দাঁড়িয়ে, নিজেদের সমস্ত শক্তি লাগিয়ে দেন এই ইস্যুতে [illegible]কংগ্রেসকে হেয় করা যায় কি করে। তাঁরা জানেন না, তাঁদের এই আচরণ বাংলাদেশের শ[illegible]তি এবং সুনামকে নষ্ট করেছে। আমাদের বিরোধী পক্ষের নেতা শ্রীসুধীরচন্দ্র রায়চৌধুরী [illegible] বললেন যে, লক্ষ লক্ষ বাংলার [illegible] মত ডাঃ রায়ও সেন্টারএর পদানত হতে [illegible]য়েছেন। এতে আমি বিস্মিত হয়েছি, কারণ, ডাঃ রায়ের বিরুদ্ধে একথা বলবার সুধ[illegible]র পক্ষে কারণ থাকতে পারে, কিন্তু বাংলার জনসাধারণ সেন্টারএর পদলেহন করে এটা [illegible] নিন্দনীয় কথা। আমি তাই বলি বাংলার লক্ষ কেরাণীকুলের যদি আত্মমর্যাদা জ্ঞান থাকে [illegible] হ'লে [illegible] উক্তির তাঁরা সম্পূর্ণ প্রতিবাদ জানাবেন। নিজেকে ভুলে গিয়ে, কি [illegible]ছেন তা মনে না রেখে এই-ভাবেই শুধু ওরকম উক্তি করা কারও পক্ষে সম্ভব হতে পারে। [illegible] তাঁরা আজকে চেয়েছেন এই সুযোগে বাংলার জনমতকে বিভ্রান্ত করে কিভাবে নিজের পথে আন[illegible]। বাংলার জনসাধারণের

সমস্ত কল্যাণ উপেক্ষা করে আজ তাঁরা নিজেদের দলগত স্বার্থকে দাঁড় করিয়ে এইভাবে এগিয়ে যেতে চাইছেন। আজ যদি তাঁরা স্থিরমস্তিষ্কে বিচার করতেন কি পরিস্থিতি আজ দাঁড়িয়েছে এবং তাঁদের দাবী ন্যায়সঙ্গত এখানে আনতেন তা হ'লে জানতেন যে, আজকে যা বলছেন তা এখানে বলার নয়। আমরা সেদিন যেকথা বলেছি তার পিছনে আমরা আজও দাঁড়াই। যে দাবী প্রস্তাব আকারে ডাঃ রায় এনেছেন তাকে আমরা সমর্থন করছি এবং একথাও জানি এই সমর্থনের পিছনে বাংলাদেশ থাকবে। এই প্রসঙ্গে ২।১টা কথা বলি। যখন সুধীরবাবুর কাছ থেকে ওই উক্তি শুনলাম তখন ভেবেছিলাম বিরোধী দলের সকলেই ওইজাতীয় উক্তি করবেন। কিন্তু বিরোধী পক্ষের রাখহরি চ্যাটার্জি মহাশয়কে বলতে শুনলাম যে, বাংলার প্রধানমন্ত্রীর উপর তাঁর অখণ্ড আস্থা আছে। তিনি বলেছেন, যদি তিনি শক্ত হয়ে দাঁড়ান সমস্ত কিছুই তিনি করতে পারেন। আমার মনে হয় রাখহরিবাবু যেকথা বলেছেন তার যুক্তি আছে। আমি তাই বলি, বাংলার প্রধানমন্ত্রীর পিছনে আপনাদের সমস্ত শক্তি নিয়ে দাঁড়ান, বাংলার দাবী পূরণ হবে।

[2-40—2-50 p.m.]

**Sj. Amarendra Nath Basu:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে বিষয় নিয়ে এখানে আলোচনা হচ্ছে, সেই বিষয় নিয়ে কাল সারা বাংলায় হরতাল পালিত হবে। কাল ৭ই জুলাই হরতাল হবে, এই বিলের মাধ্যমে বাংলাকে যেটুকু অংশ ছেড়ে দেওয়া হচ্ছে তার প্রতিবাদে আমি এই কথা জানাতে চাই যে, বাংলা এতে সন্তুষ্ট হয় নি। হতে পারে শ্রীআনন্দগোপাল মুখার্জি মহাশয়ের মত আর জন-কয়েক হয়ত কংগ্রেসের মধ্যে আছেন, তাঁদের সংখ্যা বেশি নয়- ইঁহারা পরিপূর্ণ সন্তুষ্টি লাভ করতে পারেন কিন্তু বাংলার অগণিত জনসাধারণ একেবারে অসন্তুষ্ট। আমি কালকে শ্রীশঙ্কর মিত্র মহাশয় যে বক্তৃতা দিয়েছেন, তা শুনেছি ; তিনি বৈধ আন্দোলনের বিরুদ্ধে কিছু বলেন নি। আর একজন কংগ্রেসের বক্তা তিনিও জানিয়ে দিয়েছেন যে, দীর্ঘমেয়াদী আন্দোলন তাঁদের মনের মধ্যে আছে। জানি না তাঁরা এককভাবে কি আন্দোলন করবেন। দীর্ঘমেয়াদী আন্দোলনের কথা এঁদের মনের মধ্যে আছে। কিন্তু আমরা ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করতে চাই এবং তার জন্য নূতন অবস্থায়, হরতালকে সামনে নিয়ে যে আন্দোলন সুরু করছি, তখন আমরা প্রথমেই দেখছি যে, বর্তমান কংগ্রেস সরকার তার বিরুদ্ধে দাঁড়াবার জন্য উঠে পড়ে লেগেছেন।

আমি কংগ্রেস সরকারকে একটা কথা জানিয়ে দিতে চাই যে, শান্তিপূর্ণভাবে কি করে হরতাল করতে হয় তা সংযুক্ত বামপন্থী দল দুটো হরতালের মধ্য দিয়ে দেখিয়ে দিয়েছে। দুটো হরতালের মধ্য দিয়ে তারা দেখিয়ে দিয়েছে যে, এখানে বাঙালী-বেহারী ঝগড়া হয় নি, সমস্ত লোক আনন্দের সঙ্গে হরতাল পালন করেছিল। আমি তাঁদের অনুরোধ করব তাঁরা যেন খুঁচিয়ে ঘা না করেন, তাঁরা যেন হরতালকে বানচাল করবার চেষ্টা না করেন। যদি করেন তবে সে দায়িত্ব তাঁদের, এবং তার যে ফল সে ফল তাঁদেরই ভোগ করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই বিল যা আমাদের সামনে এসেছে তার বিরুদ্ধে বিরোধী পক্ষের বহু সদস্য তাঁদের মত জানিয়েছেন। আমি অতি সংক্ষেপে দু-চার কথায় আমার বক্তব্য রাখব। ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করার আন্দোলন স্বাধীনতার জন্য যে কংগ্রেস যখন সংগ্রাম করেছিল সেই কংগ্রেসের আন্দোলন। সেই কংগ্রেসের পুরোভাগে কারা ছিলেন? মহাত্মা গান্ধী, লোক-মান্য তিলক, লালা লাজপত রায়, দেশবন্ধু চিত্তরঞ্জন, পণ্ডিত মতিলাল নেহরু, বিঠলভাই প্যাটেল, নেতাজী সুভাষচন্দ্র প্রমুখ ভারতবর্ষের শ্রেষ্ঠ নেতারা। আমি জিজ্ঞাসা করি বর্তমান কংগ্রেসে যাঁরা আছেন তাঁদের বিদ্যাবুদ্ধি, তাঁদের দেশপ্রেম কি এতই উচ্চে উঠেছে যে, এইসব মহামান্য নেতাদের যা আকাঙ্খা ছিল, যা সঙ্কল্প ছিল তা একেবারে নস্যাৎ করে দিতে পারেন?

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় ঐ মহাপুরুষেরা ভারতবর্ষকে স্বাধীন করে তাকে গড়বার জন্য ইচ্ছা প্রকাশ করেছেন, সেবা দ্বারা ভারতবর্ষকে নূতন রূপ দেবার জন্য তাঁদের প্রাণে আকাঙ্খা ছিল। শুধু শাসনের নামে শোষণ করবার জন্য তাঁরা ভারতবর্ষের স্বাধীনতা

চান নি। তাঁরা অগণিত মানুষের জীবনে সুখ এনে দেবার জনাই স্বাধীনতা চেয়েছিলেন। সেইজন্যই সংকল্প নিয়েছিলেন—ভাষাভিত্তিক প্রদেশ গঠন করব। কারণ ভাষাভিত্তিক প্রদেশ গঠন না করলে মানুষ গড়া সম্ভব নয়। আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রসঙ্গে ও'দের কাছ থেকে বার বার শুনতে পাই, সেই পরিকল্পনাকে সফল করবার জন্য নাকি সকল লোককেই আহ্বান করবেন। আমি বলব যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল করবার জন্য আপনাদের এই যে আগ্রহ এটা যদি সত্য হয় তার সাথে সাথে কি বাংলার তথা ভারতবর্ষের প্রতিটি মানুষকে শিক্ষিত করে কাজের উপযোগী তাদের সেই শিক্ষাসম্পদকে ভালভাবে কাজে লাগিয়ে তাদের দ্বারা নূতন ভারত গড়ার চেষ্টা না করলে কি সেটা সার্থক হয়? যদি পঞ্চবার্ষিকী পরিকল্পনা সফল করতে চান তা হ'লে তার প্রথম কাজ হ'ল ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করা। সেদিকে মন না দিয়ে যদি ভারতের শতকরা ৮০ ভাগ মানুষকে নিরক্ষর রেখে বেকার সমস্যা সমাধানের জন্য আপনারা বৃহৎ বা ক্ষুদ্র ক্ষুদ্র কোন শিল্পের উন্নয়নে চেষ্টা করতে যান তাহলে সম্পূর্ণ ব্যর্থ হবেন। সেইসব দিকে নজর রেখে এবং যাঁরা ভারতবর্ষের জননেতা ছিলেন তাঁরা ভাষার ভিত্তিতে রাজ্য গঠন করবার কথা বলে গিয়েছেন, আজ আমরা সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই ভারতবর্ষের প্রদেশগুলিকে গড়তে বলব।

কাল আমার বন্ধু শ্রীগণেশ ঘোষ আপনাদের দেখিয়ে দিয়েছেন যে, ভাষাভিত্তিক রাজ্য গঠন করবার মত না নিয়ে আপনারা যেভাবে কার্য করছেন তা দ্বারা ভারতবর্ষময় কলহের সৃষ্টি করছেন। প্রায় প্রতিটি প্রদেশকে প্রদেশান্তরের সঙ্গে বিবাদ করতে লাগিয়ে দিচ্ছেন। আজকের কাগজে পড়ে দেখলাম—বিহার বিধানসভায় সেখানকার একজন কংগ্রেস সদস্য বাংলার মুখ্যমন্ত্রীকে বলেছেন—কাপুরুষ। পরে অবশ্য সেখানকার অধ্যক্ষ মহাশয়ের অনুরোধে সে উক্তি প্রত্যাহার করেছেন। এই যে বিবাদ, এ বিবাদ সত্য সত্যই মেটানো যায় যদি নিরপেক্ষভাবে, এস আর সি যেভাবে জোড়াতালি দিয়েছেন সেভাবে নয়, নিরপেক্ষভাবে তদন্ত করে প্রত্যেকটা প্রদেশ যে ভাষাভাষী তার দিকে নজর দিয়ে, ভাষাভাষীদের প্রকৃত সংখ্যা নির্ণয় করা। শ্রীগণেশ ঘোষ মহাশয় যখন বলেছিলেন—এই যে কলহ হতে চলেছে, প্রদেশে প্রদেশে এই কলহ কিভাবে শেষ হবে? আমার তখন মনে হল এই কলহ শেষ হবার একটা পথ আছে। যখন ইংরেজ এদেশে ছিল তখন তারা বলত, ভারতবর্ষে হিন্দু-মুসলমানে যে ঝগড়া এই ঝগড়া যতক্ষণ না মিটছে ততক্ষণ আমরা কিছুই করতে পারছি নে। মহাত্মা গান্ধী প্রমুখ ভারতের নেতারা তখন বলেছেন—এই ঝগড়া অতি সহজে মেটে, যদি ইংরেজ এদেশ থেকে চলে যায়, এবং আমাদের ঝগড়া আমাদেরই মেটাতে দেয়।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় প্রদেশে প্রদেশে এই যে ঝগড়ার ভাব, কাড়াকাড়ির ভাব—এ এখনি শেষ হয়ে যায় যদি আজ কংগ্রেস সরকার স্বেচ্ছায় গদি ছেড়ে দেয়। (জনৈক কংগ্রেস সদস্যঃ আহা! হা!) আমার বন্ধু বড় জোর গলায় বলে গেলেন বিধানচন্দ্র রায় মহাশয়কে, উচ্চ প্রশংসা করে তাঁর পিছনে সকলেই যেতে প্রস্তুত—যদি তিনি সেইভাবে দাঁড়ান। আমার সে ভরসা নাই। আমি বিশ্বাস করি না তিনি সেইভাবে দাঁড়াতে পারবেন। আমি সেইজন্যই বলি যদি সেইভাবে দাঁড়াতে না পারেন তবে তিনি চলে যান। নূতন বাংলায় নূতন লোকেরা তাদের দেশ গঠন করবে এবং তার মধ্য দিয়ে তারা নিশ্চয়ই বাংলার যা দাবী-দাওয়া তা মেটাতে পারবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাল আমার শ্রদ্ধেয় বন্ধু রণেন সেন মহাশয় যে সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন আমি তা সমর্থন করি। আমি সমর্থন করি এইজন্য, শ্রীপ্রিয়রঞ্জন সেন মহাশয় যে বলেছেন ঝগড়া বিবাদের কথা, আমরা সে ঝগড়া চাই না, আমরা শান্তি চাই। দাবীদাওয়া নিয়ে ঝগড়া ত অনেকদিন হল, তবু দাবীদাওয়ার এই লড়াই ত শেষ হতে দেখছি না। আমরা যে দাবীদাওয়ার কথা বলি, বিহারের সমস্ত দল মিলে তার বিরোধিতা করে শুনেছি। একটিমাত্র পার্টি—[illegible] পার্টি সেখানে আছে, তারাই মাত্র আমাদের দাবী সমর্থন করে, আর সকলেই বিহার থেকে একটুকরো জমিও দিতে চায় না। মুস্কিল হচ্ছে এই যে, আমরাও আমাদের প্রাণের কথা বিহারের মানুষকে বুঝাতে পারছি নে, বিহারের লোকেরাও তাদের প্রাণের কথা আমাদের বোঝাতে পারছে না। আজ রণেনবাবুর প্রস্তাব

সমর্থন করতে আমি এই কথা বলব। এখানে সুধীরবাবু, হেমন্তবাবু প্রভৃতি সুনির্দিষ্টভাবে যে দাবীদাওয়ার কথা বলেছেন, তারা হয়ত পরিপূর্ণভাবেই বিশ্বাস করেন যে, সেই দাবী করা উচিত এবং সেই দাবী করার যুক্তি আছে। কিন্তু বিহারের মানুষকে ও বাংলার কংগ্রেস ও কংগ্রেস সদস্যদের সকলে বসে শান্তিতে আলোচনার মধ্য দিয়ে এই কাজটা শেষ করবার জন্য আমি বলব। ঐ যে বাউন্ডারি কমিশনের কথা বলেছেন, সেটা উপযুক্তই হয়েছে। তার মধ্য দিয়ে এক মাস কি দেড় মাসের ভিতর অত্যন্ত কঠিন কাজও সহজে হতে পারে।

[2-50—3 p.m.]

সেইজন্য রণেনবাবু যে প্রস্তাব করেছেন আমি আশা করব কংগ্রেসের মধ্যে অনেক বন্ধু আছেন, তাঁরাও এটা অনুভব করছেন যে, রণেনবাবুর প্রস্তাবটা ভাল। তাঁরা আর একটু এগিয়ে আসুন—এগিয়ে এসে আলোচনা করুন—আলোচনার মাধ্যমে এই প্রস্তাব গ্রহণ করবার মত মন নিয়ে তাঁদের পার্টি, তাঁদের মুখ্যমন্ত্রীকে রাজী করান, করে এই একটা প্রস্তাব যদি বাংলাদেশ থেকে গ্রহণ করতে পারেন তা হ'লে আমি বলব সত্যই কিছু ভাল হবে। আজ বক্তব্য শেষ করবার আগে আমি একথা বলব, বাংলাদেশকে আমরা গড়তে চাই। বাংলাদেশকে গড়বার জন্য যে আন্দোলন আমরা করেছিলাম, তার মাঝে এসেছিল সংযুক্তির প্রস্তাব। ভাষার ভিত্তি আন্দোলনকে নিয়ে, সংযুক্তিকে নাকচ করে দেবার আন্দোলনকে নিয়ে যে আন্দোলন এখানে হয়েছিল, সেই আন্দোলনকে জয়যুক্ত করবার জন্য যাঁরা সত্যাগ্রহ করে কারাবরণ করেছিলেন দুটি নির্বাচনে ভোট দিয়ে এবং অন্যান্য সকল রকম সাহায্য দিয়ে যাঁরা কংগ্রেস প্রার্থীকে পরাজিত করে আমাদের প্রার্থীকে জিতিয়ে সংযুক্তি বন্ধ করতে পেরেছিলেন, তাঁদের সকলকে আমি অভিনন্দন জানাই [কম্যুনিস্ট বেঞ্চ হইতে টেবিল চাপড়ানি]।

আর একটা কথা আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব যে, সংযুক্তি তিনি যখন করতে চেয়েছিলেন তার বিরুদ্ধে যখন জনমতকে গ্রহণ করে নিয়ে আর সংযুক্তির পথে তিনি এগুলেন না, তখন তাঁর বোঝা উচিত ছিল যে, যারা এই সংযুক্তির বিরুদ্ধে আন্দোলন করছে, তারা এটা চায় যে, বাংলাদেশকে তারা বিহারের সঙ্গে যুক্ত করতে চায় না, বাংলাদেশকে তারা গড়তে চায়। বাংলাদেশের যেসব বঙ্গভাষাভাষী লোক আজ বিহার এলাকায়, আসাম এলাকায় আছে, তারা অন্য প্রদেশে থেকে বাংলাভাষা ভুলে যেতে বসেছে—তাদের নিয়ে তিনি সত্যিকারের বাংলা গড়ে তুলুন, যে বাংলা নিজের ভাষার মাধ্যমে শিক্ষা পাবে, যে বাংলায় সরকারী এবং বেসরকারী কাজ বাংলাভাষায় হবে, যে বাংলার শ্রী ও সমৃদ্ধি গড়ে উঠে ভারতবর্ষের ঐক্য বজায় রাখবে সত্যিকারের মহাভারত গড়বার চেষ্টা করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্দেশে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**Sj. Naresh Nath Mookerji:** Mr. Speaker, Sir, we have before us today a momentous issue. It is a momentous issue because it calls for from us on this side of the House an important decision. It is also at the same time a momentous issue because we at the same time wish to extend to the people of Bengal an appeal for a clear and correct understanding of the ideal and the policy of the Congress Party in Bengal at the present moment. Sir, ever since the publication of the States Reorganisation Commission's Report the people of Bengal have been confused. This confusion has been made worse by the propaganda of our friends opposite—the Communist Party and their camp-followers. Sir, I wish to declare here and now and most emphatically that the Congress Party in Bengal are not satisfied with the award that has been made in respect of Bengal. There are no two opinions about it. We have made demands in the past. Today we are approving certain award which we are doing as a first instalment. Sir, we wish to make that perfectly clear. I am not going to believe that the people of Bengal are so gullible that they will for one moment feel that the Congress Party are going to sell their interests for party reasons. I do not, Sir, for a moment believe that the people of Bengal today are feeling that the Communist Party's propaganda against

the Congress Party has got any foundation. But I know that for party reasons, my friends opposite and their associates are likely to do anything but that something, Sir, must not go to an extent which is likely to damage the interests and feelings of the people of Bengal in such a way that they will not only be confused but they will be frantic. Sir, is there anybody in Bengal today who believes that the demands that have been made by the Congress Party have been met? No. Do we say or have we said that the award that has been made in respect of Bengal is a happy award? No. The point is, Sir, we have asked for nearly 13,950 square miles but today we are getting only 3,820 square miles, that is, nearly one-third of our demand. (VOICE FROM THE OPPOSITE BENCHES: First instalment.) Yes, it is the first instalment. Sir, the point is how we are going to achieve the full demand that we have made in the past. Are we going to retaliate against the Centre? Is that going to bring happiness and peace to the people of Bengal? Is there any guarantee that by fighting against the Centre and resorting to open rebellion we are going to get for the people of Bengal their demands which we also consider are the minimum demands of the people of this province?

[3—3-10 p.m.]

Sir, I have no faith in that kind of method. Sir, in the past I revolted sometimes against the decision of the Congress. Sir, I am one of those persons who had been expelled from the Congress on account of this. But after having freedom we cannot now revolt against the Congress. We revolted then because we were impatient and we felt that it was necessary in order to hasten our freedom that we should take some action. But, Sir, are we placed in that situation today? Sir, today what is the position of Bengal? Bengal is now part and parcel of India, Bengal has to depend for her economic development on the Centre. We are indebted to the Centre for the economic uplift of the people of Bengal as a whole. We cannot afford to be rash in our action, neither can we afford to rush into any kind of frenzy of that nature by propaganda and instigation from the Communist Party. The Congress Party of Bengal have always earned the faith of the people, they have the confidence of the people of Bengal. This is not the case today or yesterday but for the last half a century and I think the Congress Party have been able to deliver to the people of Bengal their just claims for freedom, their just claims for better and more happy life and today are we going to take lessons from the Communist Party as if they are the custodian of the welfare and well-being of the people of Bengal? If there is any person in Bengal who is going to be misguided into such a belief, I am very sorry that I must change my opinion of the people of Bengal. People of Bengal, I am sure, will not accept from the Communist Party any misguiding propaganda of that nature. Sir, I want to remind once more here that the Communist Party during the war, when we were fighting for freedom, did not come out to help us but they helped the British Government. [Interruptions and Noise.]

**Mr. Speaker:** Mr. Mukherji, please confine yourself to the subject-matter of the debate.

**Sj. Naresh Nath Mookerji:** Sir, this fact is not unknown to anybody. Sir, it pains me to hear that the Congress today is being accused of selling the interest of the people of Bengal for a mass of pottage. We are also told that Dr. B. C. Roy has been promised the Presidency of the Republic of India and that is why he is playing into the hands of the Centre. Sir, let me declare here that this kind of nefarious propaganda is not in the

interest of Bengal as a whole. We may take it that what we have got now is the first instalment. Let me assure the people of Bengal, Sir, that we will leave no stone unturned to see that the interest of Bengal is properly looked after. But the procedure and the method of doing so must be left to us. I do not feel that there is anybody today who doubts what I have said. Sir, I know that it is necessary to get the redistribution of the boundaries of Bengal on the basis of language. It is an accepted principle and this principle has been accepted in redrawing the boundaries of other provinces. Personally I feel that language should not be the only basis for the redistribution of boundaries. It, in my opinion, may not be helpful to the Indian nation as a whole. I may be wrong, but the fact remains that it is never going to be a salutary basis for the people of India as a whole. We have put forward the claim as regards the Bengali-speaking areas and this claim is not going to be shelved. This claim will be constitutionally fought out and in a peaceful way and not in a militant way, not in a way which will completely ruin the case of Bengal, which will create discord between the Centre and ourselves so that our claim will be lost. I think at this stage we should support the resolution which Dr. Roy has brought and I do support it. He has asked for the much-needed corridor to Darjeeling and he has asked for it very clearly, as in his opinion this thing has been inadvertently omitted. I also agree with him that this was not deliberate as there was no sense in giving any portion of Kishenganj without any link to Darjeeling. On account of this absence of any link—this disintegration—Darjeeling has suffered very much.

With these words, Sir, I support the motion of Dr B. C. Roy wholeheartedly

**Dr. Kanai Lal Bhattacharjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি হেমন্তবাবু যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেটা সমর্থন করতে উঠেছি। গত দুইদিন ধরে এই সভায় দুই পক্ষের সদস্যবৃন্দের বক্তৃতা শুনলাম। এটা একটা অত্যন্ত আশ্চর্যের ব্যাপার যা আমাদের কানে ঠেকল সেটি হচ্ছে বিরোধীপক্ষ থেকে আমরা যেসমস্ত সংশোধনী প্রস্তাব এনেছি তার বিরুদ্ধে যুক্তি দিতে কিম্বা একটি কথা বলতেও কংগ্রেসপক্ষে কোন সদস্যকে শুনলাম না। তাঁরা একটা যুক্তির কথাই বলছেন যে, ভারতবর্ষের ইউনিটির জন্য, ঐক্যের জন্য আজকে এই প্রস্তাবটা দূরে সরিয়ে রাখা উচিত। কিন্তু কি করে ভারতের ঐক্য ব্যাহত হচ্ছে সে সম্বন্ধে কোন যুক্তিই আমাদের সামনে তাঁরা পেশ করলেন না। শুধু এইটুকু বললেন যে, বিরোধীপক্ষ থেকে বিহারের যেসমস্ত অঞ্চল বাংলার সঙ্গে যুক্ত করার জন্য দাবী জানান হয়েছে সেই সমস্ত সংশোধনী প্রস্তাবের পিছনে তাঁদের সমর্থন আছে। কিন্তু আমি আশ্চর্য হয়ে যাচ্ছি আজকে আমরা এই হাউস থেকে সেইরকমভাবে একটা সর্বসম্মত প্রস্তাব কেন গ্রহণ করতে পারছি না। মাননীয় স্পীকার মহাশয়, গত ডিসেম্বর মাসে যখন এস আর সি সম্বন্ধে আলোচনা হয় তখন আমাদের বিরোধী পক্ষ থেকে এই দাবী উঠেছিল যে, আসুন আমরা সকলে মিলে সর্বসম্মতিক্রমে একটা সর্বসম্মত প্রস্তাব এই সভা থেকে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়ে দিই, কিন্তু সেকথায় তখন কর্ণপাত করা হয় নি।

[3-10—3-20 p.m.]

যার ফলে হয়েছে কি, বাংলার জনসাধারণের মতামত এই সভা যে মতামতকে সমস্ত পৃথিবীর সামনে তুলে ধরবে, সেই মতামত সুষ্ঠুভাবে প্রকাশ করবার সুযোগ পেল না যে বাংলা কি চায়। আজ বাংলা কি চায়, সেটা ভারতবর্ষ বা পৃথিবীর জনসাধারণ জানতে পারল না। তারই জন্য আমাদের যে দাবী সেটা এখানে রাখা হয়েছে। কংগ্রেসের বিভিন্ন নেতৃবৃন্দ আমাদের কাছে শোনালেন তাঁরা এস আর সি-র কাছে তাঁদের দাবী, মেমোরান্ডামএর মারফৎ পেশ করেছিলেন। কিন্তু এস আর সি তাঁদের সেই দাবী গ্রাহ্য করেন নি। তার মানে

অংশ বাংলাদেশকে দিয়েছে, এবং এই ⅓ অংশ কি করে পাওয়া যেতে পারে সে সম্বন্ধে তাঁরা বড় বড় উপদেশ শোনালেন। এখানে কংগ্রেস পক্ষের মেম্বর শ্রদ্ধেয় নরেশ মুখার্জি মহাশয় এই কথা শোনালেন যে, বাই ভায়োলেন্ট মীনস অথবা দেশের মধ্যে অশান্তি সৃষ্টি করে আমাদের এই দাবীদাওয়া পাওয়া যেতে পারে না। আমি তাঁকে জিজ্ঞাসা করতে চাই, বাংলাদেশ যেভাবে শান্তিপূর্ণ অবস্থার মধ্যে দিয়ে তাদের দাবী সমস্ত ভারতবর্ষের কাছে পেশ করেছে, আজকে ভারতের অন্য কোন প্রদেশ সেইভাবে করতে পারে নি। বাংলাদেশ ভারতের মধ্যে ইতিহাস সৃষ্টি করেছে এবং আজকে এই যে শান্তিপূর্ণ আন্দোলন করছে এবং জনসাধারণের মতামত সেই আন্দোলনের মধ্য দিয়ে পরিচালনা করছে বামপন্থী দলগুলি। আজকে বাংলার দাবী ঐক্যবদ্ধভাবে যদি কেউ তুলে ধরে থাকে, শান্তিপূর্ণভাবে যদি তুলে ধরে থাকে, তা হ'লে সম্পূর্ণরূপে স্বীকার করতে হবে যে এটা বামপন্থী দলরাই করেছে। তাঁরা মুখে যতই বলুন না কেন যে, বাংলার জনসাধারণকে বামপন্থী দল ভায়োলেন্সএ উস্কানি দিচ্ছে, একথা কেউ বিশ্বাস করবে না। আমি তাঁদের কাছে জানতে চাই, তাদের দাবীগুলি শান্তিপূর্ণ উপায়ে আদায় করবেন, না, কনস্টিটিউশন্যাল উপায়ে, না, কিভাবে আদায় হবে সেটা স্পষ্ট করে হাউসের সামনে বলুন। আজকে আমরা বা এই সভা তার মতামত একটা প্রস্তাব মারফং দিল্লী সরকারের কাছে পাঠাব। সুতরাং সেই প্রস্তাব এমন হওয়া উচিত যার ভিতর দিয়ে অন্তত দিল্লী এবং ভারতবর্ষের জনসাধারণ বুঝতে পারবেন—হাঁ, বাংলার জনসাধারণ তাঁদের নির্বাচিত প্রতিনিধিদের মারফত এই প্রস্তাব পাঠিয়েছে। আজকে আমরা যদি ডাঃ রায়ের প্রস্তাব গ্রহণ করি এবং এই সংশোধনী প্রস্তাবগুলি যেগুলি এসেছে, সেগুলি যদি আমরা গ্রহণ না করি, তা হ'লে ভারতবর্ষের মানুষ জানবে যে, বাংলার বিধানসভা আজকে যে প্রস্তাব পাঠিয়েছে, সেই প্রস্তাবের মারফং আজকে বাংলার জনসাধারণের দাবী প্রস্ফুটিত হয়ে উঠেছে। সেইজন্য আমার সভার কাছে আবেদন, আজকে যদি সমস্ত সংশোধনী প্রস্তাবগুলি গ্রহণ করা না হয়, যদি শুধু ডাঃ রায়ের প্রস্তাব গ্রহণ করা হয়, তা হ'লে বাংলার জনসাধারণের যে মত সেটাকে সম্পূর্ণ রূপ দেওয়া হবে না। যার জন্য আমরা বামপন্থী দলগুলি বাধ্য হয়েছি এই তৃতীয় হরতাল আহ্বান করতে। কারণ হচ্ছে, প্রথম দুইটা হরতালের মধ্যে দিয়ে বাংলার জনসাধারণ জানিয়েছে যে, এস আর সি রিপোর্ট তারা গ্রহণ করে নি এবং সংযুক্তি প্রস্তাবও তারা মানে নি। আজকে এই তৃতীয় প্রস্তাব ভারতের জনসাধারণের কাছে এই সভার মারফত দেখাতে চাচ্ছে যে, বাংলার জনসাধারণকে যেটুকু ইন্ডিয়া গভর্নমেন্ট দিয়েছে, তার চেয়ে একটুখানি বেশী নিয়েই তারা সন্তুষ্ট থাকতে চায় না। সেই জিনিসটা আজকে প্রমাণ করবার জন্যই হরতালের মারফত জনসাধারণের যে আসল দাবী, সেগুলি তুলে ধরবার জন্য, আজকে হরতাল ডাকবার প্রয়োজন হয়েছে। এই হরতালের মারফত বাংলার জনসাধারণ জানিয়ে দেবে যে, বাংলার জনসাধারণের উদ্দেশ্যে যে প্রস্তাব এই হাউস থেকে পেশ করা হচ্ছে, সেই প্রস্তাবে তাদের সব দাবী নাই, তার চেয়ে তাদের আরও বেশি দাবী আছে। বাংলার প্রত্যেকটি রাজনৈতিক ও বামপন্থী দল, তাদের বিভিন্ন দাবী সংশোধনী প্রস্তাবের মারফত আজকে তাদের হাউসের সামনে পেশ করেছে এবং তার পিছনে জনসাধারণ আছে। তাই কালকে হরতালের মারফত বাংলার জনসাধারণ প্রমাণ করিয়ে দেবে—আজকে সংখ্যাগরিষ্ঠের সুযোগ নিয়ে যাই করুন না কেন, বাংলার জনসাধারণ সেটা সম্পূর্ণ গ্রহণ করবে না। তারা তাদের দাবী জানিয়ে সংগ্রাম করে যাবে, তাদের দাবী পূরণের জন্য আন্দোলন করে যাবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Janab Kazi Zainal Abedin:**

মাননীয় সভাপাল মহাশয়, এখানে কত জিনিস আলোচনা হচ্ছে এবং হয়েছে। আজকে যে আলোচনা চলছে তা থেকে দেখতে পাচ্ছি যে, আলোচ্য বিষয়টা কি এইটি প্রথম জিনিস জানবার। কিন্তু এই আলোচ্য বিষয়টি নিয়ে মহা ভুল হয়ে গেল। এখানে একটা জিনিস সেন্টার থেকে পাঠিয়ে দেওয়া হয়েছে সেটা আমাদের বিবেচনার জন্য, সাজেশন বা অপিনিয়ন দেবার জন্য। যে জিনিসটা আছে যেটা ড্রাফ্‌ট বিল ফর্মএ হাউসএর কাছে এসেছে সেই বিলটাই আমাদের আলোচ্য বিষয়। কিন্তু এই বিলের মধ্যে যে ফাঁক রয়েছে সেটা সংশোধন করবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী একটা প্রস্তাব এনেছেন। তিনি এতে যাই ইনএ্যাক্কিউরেসি যে ভুল আছে সেটা দেখাতে চান এবং

প্রস্তাব আকারে সেটি হাউসএর সামনে এনেছেন। আমার মনে হয় এখন এই হাউসএর সামনে যে বিলটা আছে সেই বিলটাকে সংশোধন করবার ক্ষমতা আমাদের নেই। এই বিলটার মধ্যে যে ত্রুটি-বিচ্যুতি একটু রয়েছে সেটা অন্য প্রস্তাব আকারে দেখিয়ে দিয়েছে। অর্থাৎ পুরুলিয়া-কিষাণগঞ্জের যে রাস্তা ছিল এই বিলের মধ্য দিয়ে সেটা পাই নে। বিহারের সাহায্য ছাড়া আমরা কোনরকম-ভাবেই ওই যোগাযোগ রক্ষা করতে পারি না। সেজন্যে মেচি নদীর পূর্বাঞ্চল যেখানে গিয়ে মেচি নদী মহানন্দার সঙ্গে মিশেছে পশ্চিমবাংলার অন্তর্ভুক্ত করবার জন্যে বলেছেন। বিলে সেটা নেই। সেই ভুল সংশোধন করবার জন্য আমাদের মুখ্যমন্ত্রী একটা প্রস্তাব এনেছেন। সে সম্বন্ধে আমাদের মতামত এবং ওই বিল সম্বন্ধে আমাদের মতামত এই হাউসএর আলোচ্য বিষয় হয়ে থাকবে।

[3-20—3-30 p.m.]

এখানে যে আলোচনা হয়েছে তা আমি সবই শুনেছি—স্বপক্ষেও শুনেছি, বিপক্ষেও শুনেছি। কিন্তু বিরোধী পক্ষের যেসব আলোচনা হল তাতে লক্ষ্য করলাম তাদের যা দাবী ছিল তা ক্রমশঃ কমে এসেছে। আমরা আমাদের দাবী কিছু কমাই নি। কিন্তু বিরোধী বন্ধুগণের যে দাবী আগে ছিল তার চেয়ে এখনকার দাবী কম ; পূর্বে তাঁদের যে দাবী ছিল তাতে গোয়ালপাড়া পর্যন্ত আসামের ভূখণ্ড ও সাগরের মধ্যস্থ নিকোবর ও আন্দামান দ্বীপপুঞ্জ তার অন্তর্ভুক্ত ছিল। এ তিন দিনের আলোচনায় আন্দামান নিকোবরের উল্লেখ নাই। কিন্তু আমাদের যা মূল দাবী তা এখনও আছে।

এখন আমাদের পয়েন্ট অব ইস্যু যা আমাদের সামনে এসেছে মাত্র তারই সম্বন্ধে আমাদের মতামত জানাতে হবে। আমরা আর সব নিয়ে যাই বলি না কেন আমাদের কাছে যে ড্রাফ্‌ট বিল এসেছে সেই ড্রাফ্‌ট বিলের বাইরে যাবার কোন ক্ষমতা নাই এবং এই ড্রাফ্‌ট বিলের মধ্যে যে ভুল আছে, যে ত্রুটি আছে—সেইটে সংশোধন করে সেন্টারের কাছে পাঠানো উচিত। এখন প্রশ্ন হচ্ছে, আমরা এই বিল সমর্থন করব, না, রিজেক্ট করব—এই দুটো জিনিস আমাদের সামনে। এখন আমরা যদি এতে সমর্থন না দি, তা হ'লে যা দিয়েছেন কেন্দ্রীয় সরকার সেটুকু থেকেও আমাদের বঞ্চিত হতে হবে। আমরা বলছি যে, আমাদের দাবী আমরা ত্যাগ করি নি ; আমাদের দাবী যতক্ষণ পর্যন্ত সম্পূর্ণভাবে পূর্ণ না হবে ততক্ষণ পর্যন্ত আমরা কোনমতেই বিশ্রাম গ্রহণ করব না। আমরা একথাও বলছি না যে, আমরা ভিক্ষাস্বরূপ কিছু গ্রহণ করব। এটা হচ্ছে ডেমোক্র্যাটিক ফর্ম অফ গভর্নমেন্ট—সুতরাং আমাদের এই বাংলাদেশ ভারতবর্ষেরই একটা অংশ। আমরা জানছি, এস আর সি রিপোর্টে যা ছিল উচ্চ ক্ষমতাবিশিষ্ট নেতারা তাকে কমিয়ে দিয়েছেন, তা সত্ত্বেও বলব—যেটুকু আমাদের আসছে সেটুকু আমরা সর্বান্তকরণে সমর্থন করছি। এবং সমর্থন করে আমাদের যা দাবি আছে তা সব ত্যাগ করছি না।

আর একটা কথা আমার বিরোধী বন্ধুদের বলব—তাঁরা ভাষার উপরেই খুব জোর দিয়েছেন, কিন্তু তাঁরা ওদিকে আন্দামান ও নিকোবরও দাবী করেছিলেন। অথচ সেগুলি সম্পূর্ণ বাংলাভাষাভাষী অঞ্চল নয়। তা হ'লেই দেখতে পাচ্ছি, শুধু ভাষাই নয়, আরও কতকগুলি জিনিস দেখতে হবে। শুধু বাংলা ভাষাভাষী হলেই যে-কোন অঞ্চল বাংলায় অন্তর্ভুক্ত হতে পারে না। বাংলার একটি কৃষ্টি আছে, বিহারেরও একটা কৃষ্টি আছে, বোম্বাইয়ের একটা কৃষ্টি আছে। সেখানে বোম্বেতে বা মাদ্রাজে যারা বাংলাদেশ থেকে গিয়ে কাজ করেন, সেইজন্য বাঙালী অধিবাসীদের যদি একটা পকেট সেখানে থাকে সেই পকেটের অধিবাসীদের অধিক-সংখ্যক লোক বাঙালী বলে কি আমরা সেটা চাইতে পারি? সুতরাং আমার কথা হচ্ছে এখন আমরা যতটা পাচ্ছি তা গ্রহণ করে আমরা সঙ্কল্প গ্রহণ করব যতদিন পর্যন্ত না আমাদের পূর্ণ দাবী গ্রাহ্য হয় ততদিন পর্যন্ত বিরত হব না।

সর্বশেষে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে বলব, তিনি বাংলাদেশে এমনভাবে ঠাণ্ডা মেজাজে গভর্নমেন্ট পরিচালনা করছেন যে, এ নিয়ে এত আন্দোলন সত্ত্বেও তিনি বাংলাদেশের লাগাম ধরে আছেন। তাঁর মত লোককে বিরোধী বন্ধুরা পদত্যাগ করতে বলছেন, তা করলে এখানে রক্তগঙ্গা বইবে। আপনারা শান্ত হোন, যেভাবে চলতে হয় চলুন, নইলে আপনাদের কোন মঙ্গলের সম্ভাবনা নাই।

**Sj. Nripendra Gopal Mitra:**

মাননীয় স্পীকার মহাশয়! আমি পূর্বেও বলেছি, আবার বলছি যে, ডাঃ রায়ের মনোগত অভিলাষ যাই হউক এবং আমাদের ইউনিয়ন গভর্নমেন্টের অভিসন্ধি যাই থাক, আর আমাদের স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিটির যাই কেন না মতলব থাক, আমাদের নিজেদের দলগত মত যাই হোক না কেন, বাংলার মাটিতে তার দ্বারা সমস্যা সমাধান হবে না। বাংলার মাটি যেমন বিচিত্র তেমনি পিচ্ছিল, আর তেমনি বেয়াড়া। আমরা যদি আজ ডাঃ রায়ের সমালোচনা না ক'রে তাঁকে সমর্থনই দিই এবং কংগ্রেসেরও সমালোচনা না ক'রে তাঁদেরও যদি সমর্থন দিই তাহ'লেও বাংলার জনসাধারণ সেটা গ্রহণ করবে না। বাংলার মাটিতে কোন মতের বায়নাক্কা চলবে না। বাংলা যদি সত্যই বুঝে থাকে যে, আজকে যে দাবী করা হচ্ছে সে দাবী ন্যায্য, তা হ'লে সেই পথে তারা সাড়া দেবে। আজকে যদি ডাঃ রায়ের দাবী তারা ন্যায্য ব'লে মনে করতে পারে তা হ'লে পর সেখানেও তাদের পূর্ণ সমর্থন থাকবে। আমাদের কথায় তখন তারা চলবে না। কারণ বাংলায় স্বতন্ত্রভাবে এক একটা ভুল কেউ কেউ করতে পারে কিন্তু বাংলার জনসাধারণ কোনদিন ভুল করে নি, আজও করবে না; আমরা যদিও বলে থাকি যে, বাংলার জনসাধারণ পলিটিক্যালি কন্সাস নয়; কিন্তু বাংলার জনসাধারণ পলিটিক্যালি কন্সাস না হ'লেও তারা কারেক্টলি সমস্ত বিষয়ের মীমাংসা করেছে, এবং তা [illegible] অনেক জায়গায় করেছে। তা যদি না হত তা হ'লে ডাঃ রায় কি দেশের মহান নেতা সুরেন্দ্রনাথ ব্যানার্জিকে ইলেকশনএ পরাজিত করতেন? যদি তা না হত তা হ'লে কি বিগত জেনেরাল ইলেকশনএ ৩৮ পার্সেন্ট ভোট নিয়ে কংগ্রেসকে বাড়ী ফিরতে হত? তা যদি না হত তা হ'লে আজকের দিনে যে সামান্য দুটো উপ-নির্বাচন সেদিন হয়ে গেল তাতে কংগ্রেসকে শোচনীয় পরাজয় বরণ ক'রে নেবার প্রয়োজন হ'ত না। কাজে কাজেই আমার মনে হয় শ্রীযুক্ত বন্দ্যোপাধ্যায় যে বলেছেন (জনৈক সদস্যঃ কে বন্দ্যোপাধ্যায়?) আমাদের শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন যে আমাদের অন্যথা তিনটা মাত্র পথ খোলা আছে (জনৈক সদস্যঃ 'আমাদের'?) হাঁ, তিনি আমাদের ত বটেই, তিনি আমাদের সঙ্গেই আছেন। সেই ৩টা পথের একটি হ'ল মন্ত্রিমণ্ডলীর পদত্যাগ করা; আর একটা হচ্ছে কোন রকম আন্দোলন না ক'রে শুধু চেয়ে চেয়ে যাওয়া; আর তৃতীয়টা হচ্ছে, ইলেকশনের মারফত নিজেদের মত প্রকাশ করা। এতে তিনি বলেছেন যে, পদত্যাগ করা সমীচীন হবে না; আন্দোলন করাও একেবারে সমীচীন নয়; তবে আমরা জানি না যে, আন্দোলন না করলে কি ক'রে বুঝব যে, আমাদের দাবীতে সত্য কতটুকু আছে; তবে তিনি যখন বলেছেন, তিনি জ্ঞানবৃদ্ধ মানুষ, কাজেই তা মেনে নিই। তবুও বলি, জনসাধারণের কাছেই যদি বিচারের কথা হয় তা হ'লে এভাবে তাড়াহুড়া ক'রে কিছু করবার দরকার কি? জনসাধারণের মতামত নিয়ে করলেই ত হ'ত। সেজন্য এত তাড়াতাড়ি রাতারাতি করবার প্রয়োজন কি? আমি বুঝতে পারি না, বাংলার জনসাধারণ তাদের তীব্র অভিযোগ জানিয়েছে যে, এটা গ্রহণ করা যায় না সে জিনিসটা জোর ক'রে চাপাবার প্রয়োজন কি? কেউ কেউ বলছেন এটা ফার্স্ট ইনস্টলমেন্ট। এই ফার্স্ট ইনস্টলমেন্টএর কথা কেন আসে? ফার্স্ট ইনস্টলমেন্টএর পরে লাস্ট ইনস্টলমেন্ট কি ক'রে আদায় করবেন সে সম্বন্ধে কোন যুক্তিযুক্ত পন্থা জনসাধারণের কাছে তোলেন নি; শুধুমাত্র ফার্স্ট ইনস্টলমেন্টএর কথাই বলেছেন। মনে হয় এটা সামনে ইলেকশন রয়েছে ব'লে পাছে তাতে অসুবিধা হয় সেইজন্য এই ফার্স্ট ইনস্টলমেন্টএর কথা বলছেন। ফার্স্ট ইনস্টলমেন্ট আবার কি? ইউনিয়ন গভর্নমেন্ট ত কংগ্রেসী গভর্নমেন্ট; বিহার সরকারও কংগ্রেসী এবং বাংলা সরকারও কংগ্রেসী। কাজেই এখানে ফার্স্ট ইনস্টলমেন্ট, লাস্ট ইনস্টলমেন্টএর কথা আসে কেন?

তাঁদের এই ব্যবসাদারী বুদ্ধি কেন? তাঁরা আমাদের ন্যায়সঙ্গত দাবীকে কেন মেনে নেবেন না তা আমি কিছুতেই বুঝতে পারি না। যদি তাঁরা সত্যই মনে করে থাকেন যে, আমাদের দাবী ন্যায্য দাবী, তা হ'লে সেটা কেন তাঁরা মেনে নেবেন না? কংগ্রেস যে দাবী আবার পরে করবে, সেই দাবী আজকে করে তার স্বীকৃতি নিতে তাঁরা ভয় পাচ্ছেন কেন, ইউনিয়ন গভর্নমেন্টই বা তা দিতে দ্বিধা করছেন কেন? যদি ইউনিয়ন গভর্নমেন্টের সত্যিই বাংলাকে আরও বিস্তৃত করবার ইচ্ছা থাকে, তা হ'লে একেবারে সরাসরি তাঁরা দিলেন না কেন? এখানে ত কোন হারজিতের প্রশ্ন নেই—এখানে প্রশ্ন হচ্ছে একজনের প্রয়োজনে আর একজনকে পাশে এসে

দাঁড়াতে হবে, একজনের চাহিদা যদি ন্যায্য হয়, তবে আর একজনকে স্বার্থত্যাগ করে তা মেনে নিতে হবে। দুই জনের মধ্যে যদি ভাব না হয়, তা হ'লে ইউনিয়ন গভর্নমেন্টের সংহতি কিভাবে রক্ষিত হবে তা বুঝতে পারি না।

[3-30—3-40 p.m.]

**Sj. Kali Mukherjee:**

মাননীয় সভাপাল মহাশয়, যে বিহার এ্যান্ড বেঙ্গল (ট্রান্সফার অব টেরিটরিজ) বিল, ১৯৫৬, এখানে উপস্থাপিত করা হয়েছে, সে সম্পর্কে আমি আমার মতামত আপনার মাধ্যমে জানাতে চাই। আমরা মোটামুটি দেখেছি যে, বহু সংশোধনী প্রস্তাব আপনার সমক্ষে উপস্থাপিত করা হয়েছে। সংশোধনী প্রস্তাব করবার, বিধান অনুসারে, আমাদের বোধ হয় কোন অধিকার নেই। আমরা মতামত প্রকাশ করতে পারি মাত্র, সংশোধন শুধুমাত্র হাউস অব দি পিপিল বা লোকসভা করতে পারেন। মতামত অনেকে ব্যক্ত করেছেন। ১১টি সংশোধনী প্রস্তাব বিরোধীপক্ষ দিয়েছেন এবং এর মধ্যে অনেক প্রস্তাব পরস্পরবিরোধী। আপনি বোধ হয় লক্ষ্য করেছেন যে, অনেকে বঙ্গভাষাভাষী অঞ্চলের উপর জোর দিয়ে বক্তৃতা করেছেন, বিশেষ করে সুধীরচন্দ্র রায়চৌধুরী মহাশয় বলেছেন যে, বহু জায়গায় বাংলা ভাষা বলে এবং বেশীসংখ্যক বাংলা বলেন বলে অনেক জায়গা দাবী করেছেন। আবার বিরোধী পক্ষের একদল কমুনিস্ট পার্টি তাঁরা দাবী করেছেন যে, সত্যই বাংলা ভাষা বলে কিনা, তার জন্য নূতন করে একটা কমিশন বসানো হোক। বিরোধী পক্ষ যে দাবী করেছেন, সেটা সমস্ত জিনিসটাকে ভণ্ডুল বা বানচাল করবার দাবী এবং যা কিছু এই বিলে উপস্থাপিত করা হয়েছে, তাও যাতে না পাওয়া যায় তার জন্য দাবী। আমরা দেখলাম বাঁচিতে সর্বদলীয় সম্মেলন করে সত্যাগ্রহ সুরু হচ্ছে এর থেকে কমুনিস্ট পার্টিও বাইরে নেই। [বিরোধী পক্ষ হইতে তুমুল হট্টগোল] কাজেই আমি আপনার মারফত অনুরোধ করব যে, এই দল যে বক্তৃতা আপনার মারফত করেছেন, তা না করে, তাঁরা বাংলাদেশের সব থেকে উপকার করতেন যদি বিহারে তাঁদের যে কাউন্টার পার্ট বা তাঁদের দলের যে আর এক অংশ, সেই অংশকে তাঁরা নিরস্ত করতে পারতেন তা হ'লে সত্যিকারের বাংলাদেশের পক্ষে উপকার হোত। [কংগ্রেস পক্ষ হইতে বেঞ্চ চাপড়ানি]।

সুধীরবাবু সব থেকে বেশি আক্রমণাত্মক বক্তৃতা করেছেন, সুধীরবাবুর দলের কাউন্টার পার্টরা বিহার পি এস পি বাংলাকে আক্রমণ করেছেন, বাংলাদেশ সম্পর্কে যা নয় তাই বলছেন এবং শুধু তাই নয় সত্যাগ্রহের জন্য সেখানকার এসেম্বলির পি এস পি পার্টির লীডার দলবদ্ধভাবে আন্দোলন করবার চেষ্টা করছেন। এই পরিস্থিতির মধ্যে আমরা এই বিল আলোচনা করছি। এই বিল আলোচনা করছি এমন সময় যে সময় একদিকে বিরোধী পক্ষের অন্তর্দ্বন্দ্ব এবং অন্যদিকে বিরোধী পক্ষেরা নিজেদের মধ্যেই বিলকে কন্ট্রোভার্সিয়াল ইসু হিসাবে দেখে নিজেরা একমত হতে পারেন নি, ভিন্ন ভিন্ন ভাবে এ্যামেন্ডমেন্ট আমাদের সামনে উপস্থিত করেছেন এবং ভিন্ন ভিন্নভাবে তাঁদের দৃষ্টিভঙ্গি দিয়ে এই জিনিস দেখিয়েছেন। এ ছাড়া অন্যদিকে আমাদের ভারতবর্ষের এক অংশে, আমাদের পাশে যে দল এখানে বিরোধিতা করছেন তাঁদেরই আর এক অংশ বাংলার উপর আক্রমণ করবার জন্য তৈরি হচ্ছেন। সুতরাং এই পরিস্থিতিতে অত্যন্ত ধীর ঠাণ্ডা মাথায় আমাদের এটাকে আলোচনা করতে হবে। আমি আপনার মারফত বলতে চাই যে, বিহার অঞ্চলের যেসব জায়গা আমরা আজ থেকে নয়,, বহুদিন থেকে দাবী করে আসছি তার মূল ভিত্তি ছিল ভাষা। সেজন্য আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি যে, সবচেয়ে বেশি উঁচু এবং বড় কথা যে, যে বিষয়বস্তুর উপর কোন রাষ্ট্র গঠিত হওয়া উচিত তা প্রধানত এবং প্রথমত ভাষা ও সংস্কৃতির উপরই হওয়া উচিত, তারপরে অন্যান্য জিনিসের উপর প্রেফারেন্স দিয়ে নির্ভর করা উচিত। সেই হিসেবে শ্রদ্ধেয় নলিনীরঞ্জন সরকার মহাশয় বিহার থেকে ১৬ হাজার স্কোয়ার মাইল জমি দাবী করেছিলেন, পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটি ১৬ হাজার ১০০ বর্গমাইল দাবী করেছিলেন এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট ১১ হাজার ৮৪০ বর্গমাইল দাবী করেছিলেন। তাঁরা এইসব চেয়েছিলেন এইজন্যে যে, যেখানে যথেষ্ট জনশক্তি বা যাদের মধ্যে বেশীর ভাগ লোক বাংলা ভাষায় কথা বলেন কেবলমাত্র তাঁদেরই তাঁরা বাংলাদেশে আনতে চেয়েছিলেন। এইজন্যেই চেয়েছিলেন যে, বাঙ্গালী একটা জাতি হিসেবে যদি বড় হয়,

বাঙ্গালী তার ভাষা এবং কৃষ্টির ভিত্তিতে যদি একটা বিরাট আকারে শক্তি ধারণ করতে পারে তা হ'লে সারা ভারতবর্ষও শক্তিশালী হবে, সারা ভারতবর্ষে আরও বেশি ঐক্য বাড়বে এবং উন্নতিলাভ করতে পারবে। কিন্তু আমি এই কথা বিশ্বাস করি না যে, ঐক্যের নাম করে ভাষাকে নিম্নস্তরে ফেলে দিলে সেই দেশ বড় হতে পারে। সর্বত্র সেই ভাষাকে বড় করেই দেশ গড়ে উঠেছে। সমস্ত এস, আর, সি, রিপোর্টএ এই মূল কথা গৃহীত হয়েছে। যাই বলুন না কেন, বাস্তব ক্ষেত্রে সমস্ত দক্ষিণ ভারত, মধ্যভারত এমন কি পশ্চিম ভারতেরও বহু স্থানে যেখানে যেখানে সম্ভব হয়েছে নূতন রাষ্ট্র ভাষার উপর ভিত্তি করেই গড়ে তোলা হয়েছে। কাজেই এই জিনিস, আমাদের দেশের সরকারকে যা আজ সুপ্রতিষ্ঠিত হয়েছে, তাদের বোঝাতে হবে, বোঝাবার চেষ্টা করতে হবে। এস, আর, সি, রিপোর্টএ পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিম বাংলার কংগ্রেসের দাবী সম্পর্কে উল্লেখ আছে, কিন্তু দুঃখের বিষয় যে, বিরোধীপক্ষে যে কেউ কিছু দাবী দিয়েছিলেন সে কথার কোন উল্লেখ আমরা রিপোর্টে পাই নাই। কাজেই বলা সম্ভব নয় যে, তাঁরা কি চেয়েছেন, কি চাইছেন। আমরা অনেকে খবরের কাগজে দেখেছি যে, কম্যুনিস্ট পার্টি দার্জিলিং জেলাকে বাংলাদেশ থেকে কেটে অন্যত্র দেবার চেষ্টা করছেন। আপনি জানেন, আপনার এখানে যে বক্তৃতা হয়েছে এবং কম্যুনিস্ট পার্টি যখন দার্জিলিং জেলাকে বাংলা থেকে ছেঁটে বের করে নেবার চেষ্টা করেছিল তখন সারা দার্জিলিং জেলাবাসী তার বিরোধিতা করেছিলেন, বাংলাবাসী তারা বিরোধিতা করেছিল। আজও কিষেণগঞ্জ সম্পর্কে তাঁদের মতামত সেই একই রকম। তাকেও বের করে দেবার চেষ্টা হচ্ছে।

[3-40—3-50 p.m.]

বাংলাদেশ বিরোধিতা করেছিল ও করছে। আজও কিষেণগঞ্জ সম্পর্কে কম্যুনিস্টদের মতামত তাই। কিন্তু তাঁরা এ্যামেন্ডমেন্ট যা দিচ্ছেন এবং যে বক্তৃতা দিচ্ছেন তা এ্যাসেম্বলির জন্য নয়, নয়াদিল্লীর জন্য নয়, সেগুলির একমাত্র উদ্দেশ্য হচ্ছে কিভাবে তাদের কন্সটিটুয়েন্সিতে একটা ফল্‌স এক্সপেক্টেশন ও একটা এক্সাইটমেন্ট জাগিয়ে তোলা যায়, যাতে করে আগামী নির্বাচন বৈতরণী পার হতে পারবেন। তাঁদের প্রত্যেকের বক্তৃতার ভাষার কারুকার্য ইলেকশন ম্যানিফেস্টোরই নামান্তর। অর্থাৎ জনসাধারণকে ভুল বুঝিয়ে কোন রকমে আবার এ্যাসেম্বলিতে আসার জন্য চেষ্টা করা। এজন্যই আপনার মারফতে কয়েকটা কথা বলা দরকার যাতে জনতাকে বিভ্রান্ত করবার সুযোগ বিরোধীপক্ষ না পান। তাঁদের কার্যকলাপ, তাঁদের অতীতের অ্যান্টিসিডেন্টস—তাঁরা অতীতে যাসব কীর্তিকাণ্ড করে এসেছেন সেগুলি মনে রেখে যাতে জনসাধারণ তাদের ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করতে পারেন। আমরা যা দাবী করেছিলাম এবং আমাদের সেই দাবীর উপর ভিত্তি করে যা চেয়েছিলাম তা ন্যায্য ও ন্যায়-সঙ্গত আমাদের দাবী ছিল ভাষা ও সাংস্কৃতিক ভিত্তির উপর প্রদেশ গঠন। অবশ্য এটা ঠিক যে, ভাষা ও সংস্কৃতির কথা যখন আমরা ভাবব তখন ভারতের ঐক্য ও নিরাপত্তার কথাও ভাবা উচিত। আমরা অর্থনৈতিক ও শাসনতান্ত্রিক ও অন্যান্য উন্নয়নের যেসব কর্মপন্থা গ্রহণ করেছি তাও ভাবা উচিত। কিন্তু প্রশ্ন হচ্ছে, কাকে প্রেফারেন্স দেওয়া হবে? আমি বলব, সেটা ভাষা ও সংস্কৃতি। আমরা যে জমি দাবী করেছিলাম, যে জনসংখ্যা দাবী করেছিলাম বাংলার সঙ্গে আনবার জন্য তার প্রতি পূর্ণমাত্রায় বিচার হয় নি একথা কংগ্রেসের সব সদস্য উল্লেখ করেছেন। আমরা পেয়েছি নলিনীবাবু যা দাবী করেছিলেন তার এক-পঞ্চমাংশ, কংগ্রেস যা চেয়েছিল তার এক-চতুর্থাংশ এবং ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট যা চেয়েছিল তার এক-তৃতীয়াংশ। তা ছাড়া এস, আর, সি, যে প্রস্তাব দিয়েছিলেন তার থেকেও, দুঃখের বিষয় আমরা ৬০০ বর্গমাইল কম পেয়েছি। আমরা দাবী করেছিলাম ৬·৭ মিলিয়ন, কিন্তু আমরা পেয়েছি ১·৩ মিলিয়ন। এই যে অবস্থা তার জন্য কেউ যে সুখী তা মনে করি না। এবং এটাও মনে করি না যে, এটা সঙ্গত ও সন্তোষজনক কাজ হয়েছে। কিন্তু এখানে প্রশ্ন হচ্ছে মেথডএর, কি মেথডএ কাজ করলে, কোন পন্থায়, কোন রাস্তায় গেলে আমাদের ন্যায্য দাবী পরিপূরণ হবে। আমরা কোর্টে যাই, প্রথমে নীচের কোর্টে যাই, তারপরে জজসাহেবের কোর্টে যাই, তার পরে হাই কোর্ট ও সুপ্রীম কোর্টএ যাই। আমরা মনে করি যে, বিচারপদ্ধতি এখানেই শেষ। তারপর বিচার যেমনই হোক, সেই বিচার আসামী ও ফরিয়াদী উভয়পক্ষ গ্রহণ করে। সেইরকম

এস, আর, সি,র কাছে আমরা আমাদের যুক্তি মৌখিক হোক, লিখিতভাবে হোক, সাক্ষী-সাবুদ দিয়ে হোক, আমাদের দাবী প্রমাণ করার চেষ্টা করেছি। এস, আর, সিএর সুপারিশে যা পেয়েছে তা দিয়েছে। তারপর সারা ভারতবর্ষের সব থেকে যে হাইয়েস্ট অথরিটি—আমাদেরই প্রতিষ্ঠিত গভর্নমেন্ট, আমাদেরই নির্বাচিত শ্রেষ্ঠ ব্যক্তি পণ্ডিত নেহরু যাঁকে আমরা প্রধানমন্ত্রীরূপে প্রতিষ্ঠিত করেছি—তাঁদের কাছে বিচার চেয়েছি এবং তাঁরাও বিচার করে দিয়েছেন। তাঁদের যা ডিসিশন সেটা সঙ্গত হোক, আর অসঙ্গত হোক, যে-কোন গণতান্ত্রিক দেশের, প্রজাতান্ত্রিক দেশের তা গ্রহণ করা উচিত। আমরাও গ্রহণ করেছি, তাই এ বিল আমাদের এই সভার সামনে এসেছে। হাইয়েস্ট কোর্টএর যা ডিসিশন, সর্বোচ্চ আদালতের যা বিচার হোল, যে সিদ্ধান্ত হোল তাই আমরা গ্রহণ করেছি। এ ছাড়া গণতান্ত্রিক রাষ্ট্রে আইনসম্মত আর কোন ক্ষমতা নাই। তারপর হল অন্য পন্থা। প্রথমত আমরা শান্তিপূর্ণভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে আমাদের ন্যায়সঙ্গত পাওনা আদায়ের চেষ্টা করব। সেই নীতি অবলম্বন করেই আমাদের এগিয়ে যেতে হবে এবং তার জন্য সুষ্ঠু গণতান্ত্রিক আন্দোলন করতে হবে। আমাদের অনেক বন্ধু বলেছেন যে, এটা আমরা ফার্স্ট ইনস্টলমেন্ট হিসাবে গ্রহণ করেছি। কিন্তু আমি মনে করি যে, ভারতবর্ষের বর্তমান পরিস্থিতিতে—বর্তমানে পৃথিবীতে যে দাবানলের যাত্রায় চলছে, তাতে স্টেটস রিঅর্গ্যানিজেশন কমিটি, আমাদের সরকার ও হাইয়েস্ট অথরিটি আমাদের যেটুকু দিয়েছেন তাই শান্তিপূর্ণভাবে গ্রহণ করতে হবে। আর যদি সেটা গ্রহণ না করি এবং নিয়মতান্ত্রিক পদ্ধতিতে দাবী আদায়ের জন্য কার্যে ব্রতী না হই তা হ'লে কি অবস্থা হতে পারে, কি বিভীষিকা সৃষ্টি হতে পারে তা আমরা দেখেছি এই স্টেটস রিঅর্গ্যানিজেশনএর ব্যাপারে। আমি পূর্বেও এক বক্তৃতায় বলেছি একথা, আজকে আবার আপনার মাধ্যমে আমার বিরোধী বন্ধুদের সেকথা জানিয়ে দিতে চাই। এবং আমি এও বলতে চাই যে, তাঁরাও বিভীষিকা দেখেছেন। কম্যুনিস্ট পার্টির পোলিট ব্যুরো এই বিভীষিকায় মেতেছিল এবং নির্মজ্জিত হয়েছিল। তাঁরাও তখন এক প্রস্তাব করে বোম্বের ব্যাপারে বলেছিল ক্ষান্ত হও, আর অগ্রসর হইও না। কাজেই আমি মনে করি যে, ভায়োলেন্স করাই যাদের নীতি, ভায়োলেন্সএর উপরেই যাদের বিশ্বাস সেই কম্যুনিস্ট পার্টিই যখন ভায়োলেন্স ত্যাগ করতে বলছেন তখন ভারতবর্ষের বর্তমান পরিস্থিতিতে শান্তিপূর্ণ গণতান্ত্রিক পদ্ধতি ছাড়া অন্য পন্থা গ্রহণ করলে শুধুমাত্র যে ভারতবর্ষের আভ্যন্তরীণ স্বাভাবিক অবস্থাই ব্যাহত হবে তাই নয়; আন্তর্জাতিক ক্ষেত্রেও আমাদের দেশের দুর্নাম হবে এবং পশ্চিমবঙ্গ পাকিস্থানের বর্ডারে পড়ায় এখানে ঘোরতর পরিস্থিতির সৃষ্টি হবে। এবং তা হ'লে বাংলা ও বিহারের একত্রিতভাবে চলা মুস্কিল হবে। বিহারে বাংলার বহু লোক কাজ করেন, আবার এই বাংলা-দেশের কলিকাতা মহানগরীতে বহু বিহারী বাঙ্গালীর সঙ্গে একত্রে পাশাপাশি বাস করে কলকাতাকে সমৃদ্ধিশালী করে তুলেছেন। আজ এই সমস্ত কথা বিচার করে আমাদের একটা সুষ্ঠু কর্মপন্থা গ্রহণ করতে হবে। আজ যদি এমন কোন পন্থা গ্রহণ না ক'রে হিংসাত্মক কার্যাবলী দ্বারা উত্তেজনা সৃষ্টি করি তা হ'লে এক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। শুধু সহরে নয়, সহর ছেড়ে গ্রামাঞ্চলেও ছড়িয়ে পড়বে। কিন্তু আজ আমরা দেখছি এই সভার বিরোধী পক্ষ হিংসা ও উত্তেজনার পথেই যাচ্ছেন। কম্যুনিস্ট পার্টি, প্রজা-সমাজতন্ত্রী পার্টি আজ বিহারে হরতাল করলেন, আবার আগামীকাল কলকাতায় উল্টো উদ্দেশ্যে হরতাল করবেন। বিহারে আন্দোলন চলেছে সূচাগ্র মেদিনীও না দেওয়ার জন্য—দুইধারেই শুধু আন্দোলন ও উত্তেজনা। তা হ'লে আমরা ভারতবাসী হিসাবে দাঁড়াই কোথায়?

আমি আপনার মাধ্যমে বলব, এক দিকে কমিউনিস্ট পার্টি, তারা বলছে বিহারের জমি নিতে হবে। সারা বাংলাদেশে হরতাল করো; আর একদিকে প্রজা-সোস্যালিস্ট পার্টির নেতৃবৃন্দ, তাঁরা বলছেন—সমস্ত বিহারে হরতাল। বিহারের ওঁরা বলছেন, বাংলাদেশকে আমরা এক ইঞ্চিও জমি দেব না। এই পরিস্থিতিতে আজ আমরা যদি সত্যিকারের ভারতের সমৃদ্ধি চাই, পশ্চিমবাংলার সমৃদ্ধি চাই, এবং সমস্ত জনসাধারণ—বিভিন্ন ভাষাভাষীর যাঁরা বাংলায় আছেন, সমস্ত লোককে নিয়ে সমষ্টিগতভাবে, বিশেষ করে শ্রমিক শ্রেণীকে নিয়ে এগুতে চাই এবং শান্তিপূর্ণভাবে আমাদের যে ন্যায্য দাবী তা আমাদের ভারত সরকারের কাছে ভালভাবে রাখতে চাই, এবং ভবিষ্যতে আমাদের ন্যায্য দাবী যদি পেতে চাই তা হ'লে শান্তিপূর্ণ পন্থা

নিয়ে আমাদের কাজে অগ্রসর হতে হবে। হরতালের মধ্য দিয়ে হবে না, হিংসার পথে হবে না, উত্তেজনার মাধ্যমে হবে না ; এবং আগামী নির্বাচনের জন্য এই পন্থা অবলম্বন যাঁরা করবেন, তাঁরা শুধু নাকের ডগাটুকুই দেখবেন, সমগ্র দেশটাকে দেখতে পাবেন না। তাঁরা সমগ্র দেশটাকে দেখতে চাইছেন না ও বাঁচাতে পারছেন না। তাঁরা নির্বাচনের আশায় অন্ধ হয়ে গিয়েছেন ; এবং আমি মনে করি যে, তাঁরা এটা নির্বাচনী ইস্তাহার হিসাবে ব্যবহার করতে চাচ্ছেন, জনসাধারণের মঙ্গলের জন্য বা বাংলার পল্লীবাসীর কল্যাণের দিকে তাঁরা মনোযোগ দেন নি।

[3-50—4 p.m.]

**Sj. Gangapada Kuar:**

মাননীয় স্পীকার মহোদয়, আলোচ্য বিহার এ্যান্ড ওয়েস্ট বেঙ্গল (ট্রান্সফার অব টেরিটোরিজ) বিল, ১৯৫৬এতে আমাদের তরফ থেকে শ্রদ্ধেয় নেতা শ্রীসুধীরচন্দ্র রায়চৌধুরী যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি তা সমর্থন করে দু'চার কথা বলতে চাই। আজকে যে বিলটি আমাদের সামনে এসেছে এবং যার উপর সরকারী প্রস্তাব আনা হয়েছে এটিকে কেন্দ্রীয় সরকারের বাঙালী জাতির প্রতি চরম উপেক্ষা এবং অবিচারের প্রতীক হিসাবে আমরা গ্রহণ করতে পারি। আমাদের যে ন্যায়সঙ্গত ভাষাভিত্তিক দাবী সেই ভাষাভিত্তিক দাবী এতে চরমভাবে উপেক্ষিত হয়েছে। কমিশনের কাছ থেকে আমরা ন্যায়বিচার আশা করেছিলাম, কিন্তু কমিশন আমাদের নির্মমভাবে বঞ্চিত করেছেন আমাদের ন্যায্য দাবী থেকে। তারপর আমরা আশা করেছিলাম যে, কেন্দ্রীয় সরকার এই কমিশনের রায়কে বাতিল করে এই সমস্যা-জর্জর বাংলাদেশকে তার ন্যায্য দাবী মিটিয়ে দেবেন, কিন্তু কমিশন তাঁদের রায়ে যে জায়গাটুকু দিয়েছিলেন তা থেকে আরও ৬০০ বর্গমাইল কম করে শেষ পর্যন্ত আমাদের দেওয়া হয়েছে। আজকে আমরা আশা করেছিলাম যে, পণ্ডিত নেহরু, মৌলানা আজাদ, কংগ্রেস প্রেসিডেন্ট শ্রী ধেবর এবং পণ্ডিত জি বি পন্থএর মতন সর্বভারতীয় নেতারা সর্বভারতীয় দৃষ্টিভঙ্গি নিয়ে বাংলার সমস্যার দিকে তাকিয়ে বাংলার প্রতি সুবিচার করবেন। কিন্তু আমরা দেখছি একচোখা হরিণের মত বাংলার প্রতি অন্ধ হয়ে আমাদের প্রতি তাঁরা যে রায় দিয়েছেন তাতে ঘোর অবিচার করা হয়েছে এবং এই রায়ে বাংলাদেশের খুব মুষ্টিমেয় ২।৪ জন কংগ্রেসী ছাড়া বাংলার অগণিত জনসাধারণ সন্তুষ্ট হতে পারবেন না এবং শেষ পর্যন্ত তাঁদের ন্যায়সঙ্গত দাবী আদায়ের জন্য তাঁরা আন্দোলন চালিয়ে যাবেন। আমরা প্রথম থেকে জানিয়ে এসেছি যে, সম্পূর্ণ ভাষার ভিত্তিতে, জনগণের ইচ্ছার ভিত্তিতে রাজ্যপুনর্গঠন হোক। শুধু আমাদের নয়, কংগ্রেস পক্ষের অনেক বন্ধুকে গত ডিসেম্বর মাসে যখন এস, আর, সি, রিপোর্টএর উপর আলোচনা হয় তখন ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের দাবীর কথা বলতে শুনেছিলাম। শ্রদ্ধেয়া মীরা দত্তগুপ্তা বলেছিলেন—

There are vested interests, careerists, lovers of power in office who will confuse this issue bringing in other considerations, economic, geographical, etc. All these except linguistic consideration are untenable.

কিছু পূর্বে মাননীয় সদস্য কালী মুখার্জি বলেছেন যে, সবচেয়ে আমদের জোর দেওয়া উচিত ভাষার উপর, কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত কংগ্রেস তরফ থেকে এই ভাষার উপর ভিত্তি করে কোন দাবী জানান হয়েছে বলে আমার মনে হয় না। তাঁরা প্রথম থেকে সেই একই ভুল করছেন, ভাষার সঙ্গে সঙ্গে আরও কতকগুলি ফ্যাক্টস এনে জুড়ে দিয়েছেন। তার ফলে আজকে এই সর্বনাশ হ'ল। ডাঃ রায় বলেছেন যে, আমাদের দাবী কমিশন থেকে শুরু করে কেন্দ্রীয় সরকারের হাই পাওয়ার কমিটি—সকলের কাছেই ভাষার ভিত্তিতে জানিয়েছি। কিন্তু কংগ্রেসের তরফ থেকে কমিশনের রিপোর্ট আলোচনা হবার সময় বা এই যে বিল এসেছে এর মধ্যেও তাঁরা যেভাবে তাঁদের দাবী কেন্দ্রীয় সরকারের কাছে ভাষার ভিত্তিতে জানিয়েছেন তা আমরা জানতে পারি নি। আজকে বলেছেন আমরা আন্দোলন করব। শ্রদ্ধেয় শ্রীকুমারবাবু বলেছেন যে, এই প্রস্তাব গ্রহণ করে তার ভিত্তিতে ভবিষ্যতের যুদ্ধের পটভূমিকা সৃষ্টি করা যেতে পারবে। আজকের দিনে হরতাল যে গণতান্ত্রিক পদ্ধতি তা তাঁরা স্বীকার করেন না। তিনি বললেন আমাদের দাবী আদায় করতে হবে অথচ স্পষ্ট বলেন নি কোন্ তারিখ থেকে

কিভাবে সেই আন্দোলন আরম্ভ করবেন। আমরা জানতে চাই তাঁদের সেই আন্দোলন কবে থেকে কিভাবে সুরু হবে। আমরা বিশ্বাস করি না যে, ডাঃ রায় দাবী আদায়ের জন্য আন্দোলন নতুন করে করবেন। তার কোন উচ্চবাচ্য তো তাঁর কোন কথার মধ্যে পেলাম না। তাঁর ইচ্ছার বিরুদ্ধে দু-চারজন কংগ্রেসী সদস্য আন্দোলনের কথা বললে কার্যতঃ তা যে হবে তা আমরা মনে করি না। ডাঃ রায় যেসমস্ত সাজেশনস এনেছেন তার পরে আর নতুন করে কিছু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আদায় করবার স্কোপ আছে ব'লে আমরা বুঝি না। এই প্রসঙ্গে তিনি যে কথা বলতে চেয়েছেন তার মধ্যে ভবিষ্যতে আন্দোলন করবার কোন ইঙ্গিত আমরা পাই না। জানি না শেষ পর্যন্ত আজকের আলোচনা শেষে এ সম্পর্কে কোন আভাষ দেবেন কি না। তিনি বলেছেন—

"the suggestions I have made in the foregoing paragraphs are aimed at removing the difficulties of the total lack of communications between the two detached parts of West Bengal and thereby ensuring their geographical integration and thus enabling us to devote our uninterrupted attention to welfare and development projects for the peace and prosperity of the people."

এই ব'লে তিনি তাঁর বক্তব্য শেষ করেছেন। এ সম্বন্ধে ভবিষ্যতে যে গণ-আন্দোলন তাঁরা চালাবেন সে সম্পর্কে কোন আভাস দেন নি। সেইজন্য আমরা আজকে কংগ্রেসী বন্ধুদের তরফ থেকে যে আন্দোলনের কথা বলতে শুনি সেটা নিছক ভাঁওতা বলেই মনে করি, এবং আমাদের এই বিশ্বাস আছে যে, আইনসভার বাহিরে দেশের অগণিত জনসাধারণ—যারা নিজেদের বঞ্চিত মনে করছে তাদের ন্যায্য দাবীদাওয়া এ পর্যন্ত আদায় করতে না পারায় তারা বিক্ষোভ প্রকাশ করেছিল। শেষ পর্যন্ত আমাদের এই ভাষাভিত্তিক দাবী আদায় করবার জন্য কংগ্রেসের যে অপপ্রচার তাতে বিভ্রান্ত না হয়ে তারা আন্দোলন চালিয়ে যাবে এবং যে পর্যন্ত দাবী আদায় না হচ্ছে সে পর্যন্ত আন্দোলন চলবে।

আমি মনে করি যে, অন্য যেসমস্ত কন্সিডারেশনএর অবতারণা করা হয়েছে, যদি সেইসব কন্সিডারেশনএর উপর ভিত্তি ক'রে আমাদের দাবী আনি তা হ'লে আমাদের দাবী দুর্বল হয়ে যাবে। সেইজন্য আজকে যেভাবে পশ্চিমবঙ্গ সরকার আমাদের দাবী উপস্থাপিত করেছেন সেই ছিদ্র পথে সেইসমস্ত দাবী উপেক্ষিত হয়েছে। আজকে আমরা এই যে দাবীর ভিত্তিতে আন্দোলন করার কথা বলছি এই আন্দোলন করার সঙ্গে সঙ্গে আমরা ভারতবর্ষের জাতীয় ঐক্য এবং সংহতির কথাও ভাবছি। আমরা মনে করি যে, ভাষার ভিত্তিতে রাজ্যসমূহের পুনর্গঠন না হওয়া পর্যন্ত সত্যকারের জাতীয় অখণ্ডতা এবং জাতীয় ঐক্য প্রতিষ্ঠিত হ'তে পারে না।

আজকে যদি সুবোধ বালকের মত কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্তকে মেনে নেওয়া যায় তা হ'লে ভাইয়ে ভাইয়ের যে অশান্তি এবং যে মনোমালিন্য সেটাকে চিরস্থায়ী করা হবে। সেইজন্য আজ ভবিষ্যতের কথা চিন্তা ক'রে ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের প্রশ্নে দলমত নির্বিশেষে সকলের এই আন্দোলনে যোগদান করা উচিত। কংগ্রেসীদের তরফ থেকে এই আন্দোলনে যোগ দিতে গিয়ে অনেকে বহিষ্কৃত হয়েছেন। কিন্তু বাংলার যে ন্যায়সঙ্গত দাবী সেই ন্যায়সঙ্গত দাবীর উপরে তাঁরা আন্দোলন করেছেন এবং তার ফলে তাঁরা জনসাধারণের আশীর্বাদ লাভ করেছেন। এ পর্যন্ত যে আন্দোলন চলে এসেছে তাতে জনসাধারণ আশ্চর্যজনকভাবে সাড়া দিয়েছে এবং আমরা গত দুটি উপ-নির্বাচনে তার প্রমাণ পেয়েছি। আমাদের বিশ্বাস শেষ পর্যন্ত সর্বশ্রেণীর মানুষের সহযোগিতায় মাধ্যমে আন্দোলন গড়ে উঠবে এবং জয়যুক্ত হবে।

এই ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4—4-10 p.m.]

**Sj. Madan Mohon Khan:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ দুদিনের উপর যে যুক্তিতর্ক আমাদের পক্ষীয় এবং বিপক্ষীয় বন্ধুরা দেখালেন বা বললেন সেটায় একই জিনিস বোঝায় যে, সেন্ট্রাল গভর্নমেন্ট

স: দিতে যাচ্ছেন তাতে আমরা কেহই সন্তুষ্ট নই। আমাদের যা দাবী তা আমাদের বিভিন্ন বক্তার মুখ দিয়ে প্লেস করা হয়েছে। আমাদের কংগ্রেসী বন্ধুরা কেউ কেউ বলেছেন ইন-স্টলমেন্টএর কথা। এটার মানে ঠিক বুঝতে পারলাম না। আজ পণ্ডিত জওহরলাল গোটা পৃথিবীতে নাম করেছেন ব'লে আমরা মনে করি। তিনি আজকে অন্যায় করছেন আমাদের উপর এবং আমরা সেটা মেনে নিচ্ছি—এটা যদি ঠিক হয় তা হ'লে পরে সেকেন্ড ইনস্টলমেন্টএ যখন আদায় করা যাবে তখন প্রমাণ হবে, যে শ্রীজওহরলাল পৃথিবীর কাছে সবচেয়ে বড় নেতা ব'লে প্রমাণিত হ'তে চলেছেন, তিনি তাঁর নিজের (ঘরে) বাংলার উপর অত্যাচার ক'রে বাংলাকে শেখাচ্ছেন? সত্য কথা যে, ইনস্টলমেন্টএর ফার্স্ট, সেকেন্ড, থার্ড—এসব দিকে আমরা যাব কেন? আমাদের পরে যারা এ সভাগৃহে সভ্য হয়ে আসবেন তাঁরা মনে করবেন যে, আমরা এমনই অকর্মণ্য ও অপদার্থ ছিলাম যে, আমাদের ন্যায্য দাবী আমরা আদায় করতে পারি নি। এখানে আমাদের কংগ্রেসী বন্ধুরা বলছেন, যা দিচ্ছে নিয়ে নাও, যদি ঝগড়া কর কিছুই পাবে না। কিন্তু আমরা বাঙালী জাতি কি ভিখারী সেজেছি? আমরা বাঙালী জাতি কখন ভিখারী নই; ভিক্ষার ঝুলি নিয়ে আমরা কারও কাছে যাই না। আমাদের ন্যায্য যা দাবী তা পূরণ করতে হবে—আজ হোক আর কাল হোক। যদি সহজে আমাদের দাবী পূরণ করতে না চান তা হ'লে বাঙালী জাতি, (বাংলার ছেলেমেয়েরা) জানে কি ক'রে ন্যায্য দাবী আদায় করতে হয়।

দ্বিতীয় কথা, আজ এখানে কংগ্রেসী বন্ধুদের স্মরণ করিয়ে দিতে চাই যে, সেণ্ট্রাল গভর্নমেণ্ট অর্থাৎ কংগ্রেস অর্থাৎ শ্রীজওহরলাল নেহরু কি ক'রে বাঙালীদের বঞ্চিত করবার চেষ্টা করেছেন একথা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিতে চাই। আশা করি, এতে আপনাদের কিছু জ্ঞান হবে।

প্রথম হচ্ছে, কলিকাতা সহর থেকে রেলওয়ের যে বড় অফিস ছিল সেটা ভেঙেচুরে দূরে সরিয়ে নিয়ে গিয়েছে। উদ্দেশ্যটা কি? উদ্দেশ্য হচ্ছে, বাঙালী জাতির ছেলেরা আর বাহিরে গিয়ে রেলের চাকরী করতে পারবে না। এটা বাংলাকে ধ্বংস করবার বুদ্ধি।

তারপর আপনারা জানেন, চিড়িয়াখানা থেকে ও বোটানিক্যাল গার্ডেন থেকে কতকগুলি ভাল ভাল জীবজন্তু ও গাছ নিয়ে গিয়েছেন দিল্লীতে, তা আজ পর্যন্ত ফিরিয়ে দিচ্ছেন না। তাঁরা আজ এখান থেকে পোস্টাফিসের মস্ত বড় একটি ব্রাঞ্চ গয়ায় নিয়ে গিয়েছেন। তার মানে কি? মানে বাঙালী জাতিকে ধ্বংস করবার চেষ্টা। আজকে আবার একটা ষড়যন্ত্র চলেছে, কিভাবে এখানকার লাইব্রেরী, যেটা ইম্পিরিয়াল লাইব্রেরী ব'লে পরিচিত ছিল এবং যার এখনকার নাম ন্যাশনাল লাইব্রেরী হয়েছে, তাকেও সেণ্ট্রালে নিয়ে যাবার চেষ্টা চলছে। অথচ এই কলিকাতাই হচ্ছে ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ নগরী; এখানেই লাইব্রেরীর প্রয়োজন সর্বাপেক্ষা বেশী।

আমাদের কংগ্রেসী বন্ধুরা বলছেন যে, আমরা ভারতেরই অংশ। তাই যদি হয়, তা হ'লে আমরা কি অপরাধ করেছি, যার জন্য এখানকার রিসার্চ হাউস যা ছিল সেটাও বাহিরে নিয়ে যাওয়া হ'ল; আর টেস্ট হাউসটাও নিয়ে যাওয়ার চেষ্টা চলছে। আপনারা জানেন, কলিকাতা যে এত বড় সহর গড়ে উঠেছে এ কেবল বড় বাণিজ্যস্থান ব'লে। শ্রীজওহরলাল নেহরু চেষ্টা করছেন যাতে এটা ধ্বংস হয়, যাতে এখানকার ব্যবসা নষ্ট হয়। কেননা গঙ্গায় আজ মাটি পড়ে পড়ে বড় বড় জাহাজ চলাচল করতে পারে না।

আমরা দাবী করে আসছি যে, গঙ্গা ব্যারেজ কর। কিন্তু তাঁরা অজুহাত দেখিয়েছেন যে, পাকিস্তান নাকি বলেছে, তাতে তাদের অসুবিধা হবে; তাই করছেন না। আমার খবর আছে, গঙ্গা ব্যারেজ করবার জন্য পূর্ববঙ্গ সরকার লিখেছেন যে, তোমরা ব্যারাজ কর। কিন্তু শ্রীজওহরলাল বাধা দেওয়ায় গঙ্গা ব্যারাজ হচ্ছে না। সেটা ফার্স্ট ফাইভ ইয়ার প্ল্যানেও হ'ল না, সেকেন্ড ফাইভ ইয়ার প্ল্যানেও হ'ল না। এইসব দেখে আমাদের ধারণা হচ্ছে যে, আমাদের বাঁচবার উপায় হচ্ছে, জোর করে নয়, আইন-শৃঙ্খলা বজায় রেখে আমাদের দাবী আদায় ক'রে নেওয়া। আমাদের বাংলা কংগ্রেসের প্রেসিডেন্ট শ্রীঅতুল্য ঘোষ বলেছিলেন—দিল্লী যাওয়ার

আগের দিন তিনি বলেছিলেন—আমাদের যে দাবী তা সেন্ট্রাল গভর্নমেন্ট যদি না দেয়, তা হ'লে আমরা মার্চ অন বিহার করব (বলে আন্দোলন আরম্ভ কর)। আজ আমরা চাই, কংগ্রেসের শ্রীঅতুল্য ঘোষ আসুন, মার্চ অন বিহার করুন, আমাদের বাংলাদেশবাসী পিছনে থাকবে। আমরা চাই আমরা একযোগ হয়ে দাবী আদায় করব। কিন্তু তাঁরা কেন পিছপাও হচ্ছেন তা বুঝতে পারি না। তাঁদের পিছপাও হওয়ার কোন কারণই নেই। বাঙালী ভিখারী নয়; বাঙালী তার শৌর্যবীর্য চিরকাল দেখিয়ে এসেছে। কাজেই আমি মনে করি এই হাউসের মধ্যে একটা ঐক্যবদ্ধ প্রচেষ্টা হওয়া উচিত, এবং তা করলে পর বাংলা তার পূর্বেকার জায়গাগুলি ফিরে পাবে।

[4-10—4-20 p.m.]

**Sj. Raipada Das:** Mr. Speaker, Sir, it is now crystal clear that West Bengal's legitimate claims have been most unceremoniously turned down. The countrywide protests and demonstrations, the recent crucial by-elections to the House of the People and the State Legislature have had no effect. Bengal's sacrifices for and contribution to the freedom's fight have not been recognised and reflected either in the States Reorganisation Commission's recommendations or in the High Power's modifications. Bengal to all intents and purposes is anathema to the Centre, and why? It is because the men who are running the Centre, in spite of their loud professions to establish a socialistic pattern of society, their propounding and preaching of the principles of Panch Shila to the outside world, are inwardly jealous of Bengal. Even the best and the highest of them are vitiated by this vice. When years ago Subhas, the bogie of the powers that be, and yet the most astute politician India has ever had, was elected President of the Congress a second time, the idolised and much advertised Father of the Nation cried out in dismay "Sitaramayya's defeat is my defeat". For a Bengalee to occupy the pride of place was something the apostle of non-violence and his sacrosanct followers could not brook. As a result of their conspiracy, Subhas could not form a Working Committee and had to resign.

**Mr. Speaker:** That is all irrelevant.

**Sj. Raipada Das:** They are not irrelevant. Please listen to me. The money that was bequeathed to him unasked by Mr. V. J. Patel for foreign propaganda, was immorally seized on the flimsy excuse of a legal flaw by no less a person than Sardarji, the so-called iron man of post-Independence India. Again, if the painful truth is to be told, Subhas whether dead or alive has ever been a thorn on Panditji's side. Bengal's talent, Bengal's leadership, though they have played a major part in the emancipation of India, have never been liked by the Congress oligarchy. Indeed, it might be said that they are afraid of the Bengalees. That is why they do not like that the Bengalees should go together, live together and gather strength. No, on the other hand, as is obvious, the Congress High Command wants to break up the Bengalees, socially, economically and intellectually, if of course that is possible. Or else, how can one explain the glaring injustice that has been done to Bengal in the redistribution of territories between West Bengal and Bihar? Bengal's claim to the Bengali-speaking areas of Bihar has long been recognised by some of the Bihar leaders themselves. The Bihar M. P., Shri Hussain Imam, said in Parliament on August 23rd, 1951, in regard to the case of Bengal "Let us examine the position of Bengal. It was a mighty province with a big population and a long tradition of leadership, and from that it has been reduced to such a position that it does not come in the first five provinces of India, so far as population is concerned. If the Centre is prepared to compensate

Bengal adequately and completely, I believe Bihar would not raise any objection to give something to Bengal which stands so much in need of readjustment of their frontiers and re-equipment of their shattered economy. I believe that it is in the best interests of all concerned that the Centre should behave in a manner, not of a partisan but of an arbitrator". But it is apparent even to a man of the meanest intelligence that the Centre has not played the part of an arbitrator but of a partisan so far as Bengal is concerned. The linguistic principle which had been professed and proclaimed over half a century by the Congress has been given the go-by. No consideration has been shown for geographical contiguity, wishes of the people and the pressing question of their rehabilitation—both economic and mental. Again, there is woeful lack of appreciation of the reality that a border State like Bengal needs for the sake of safety and security to be a well-knit and resourceful unit, capable of meeting all problems. Instead, the obsolete cult of personality, the domination of a particular province and a particular language, and undue desire for concentration of all power in the Centre loom large in the Bill throughout.

Now I come to the actual redistribution of boundaries between West Bengal and Bihar. It has been emphasised by the previous speakers that the areas of Bihar recommended to be ceded to West Bengal are too inadequate to meet her needs. The West Bengal Government has asked for 500 square miles more to provide for a complete link between the two separate parts of West Bengal. But that is hardly enough. The linguistic principle, which is altogether a different thing from linguism and should not be confused with it, must be accepted if the unrest and agitation that has followed in the wake of the redistribution of the country's boundaries has to be stopped. The linguistic principle is not opposed to the cohesion, solidarity and administrative efficiency of the country which is being made a fetish of by the Congress Government. On the other hand, it is the greatest cementing force, and if it were adhered to, much of the bitterness in the land could have been avoided. Is it too much to expect that wisdom will yet dawn on our rulers and they will act in the light of the wisdom gained? Bengal will never be satisfied by anything less than what she has already demanded, viz.—

(1) the whole district of Manbhum including Dhanbad and the four thanas of the Purulia subdivision sought to be excluded by the High Power modifications;

(2) the Dhalbhum Pargana of Singhbhum, including Jamshedpur;

(3) the subdivisions of Pakur, Jamtara, Dumka and Rajmahal in the district of Santhal Parganas;

(4) the entire portion of the Purnea district lying on the east of the Mahananda and the Mechi rivers.

[4-20—5 p.m.]

**Sj. Natendra Nath Das:**

মাননীয় স্পীকার মহাশয়, আজ কংগ্রেসপক্ষের সদস্য শ্রীকালী মুখার্জি মহাশয় বললেন যে, আজ বিহারে পি-এস-পির যারা সত্যাগ্রহ করছে, ভূমি এক ইঞ্চিও তারা দেবে না। আমি জানি না [illegible] এই সুন্দর তথ্য পরিবেশন করেছেন কে? কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে, এই যে ভাষা, ভাষার সংলগ্নতা এবং জনগণের ইচ্ছা, এর বাইরে পি-এস-পির যাবার কোন নীতি নেই, উপায় নেই। ভাষার ভিত্তিতে দেশ গঠিত হোক—এটাই পি-এস-পির নীতি। দুই-একজন যদি এই নীতিভ্রষ্ট হয়ে থাকেন এবং অন্য দলে যোগ দিয়ে থাকেন তার দায়িত্ব পি-এস-পি নিতে পারে না। ভাষার ভিত্তিতে দেশগঠনের নীতিই

আমাদের নীতি। পণ্ডিত মতিলাল যে নীতি নিয়েছিলেন, তাঁর পুত্র জওহরলাল নেহরু সেই নীতি ত্যাগ করলেন। যেমন মরলে-মিন্টো কমিশনের সময় মডারেটরা বলেছিলেন, কমিশন যা দিচ্ছেন তাহাই যথেষ্ট কিন্তু তখন কংগ্রেস বলেছিল, আমরা এতে সন্তুষ্ট হব না। আমরা চাই ভারতবর্ষের পূর্ণ স্বাধীনতা। ঠিক সেই রকম এখনও হয়েছে, শাসনতন্ত্র হাতে পেয়ে পণ্ডিত জওহরলাল নীতিভ্রষ্ট হয়েছেন। তিনি নীতিভ্রষ্ট হয়ে আজ সেই ভাষাভিত্তিক রাষ্ট্র-গঠন পণ্ডিত মতিলাল যা বলেছিলেন—সেটাকে ফেলে দিয়ে আজ পণ্ডিত জওহরলাল ধুয়া তুলছেন অন্যরকম। এবং তার মধ্যে এ্যাডমিনিস্ট্রেটিভ এফিসিয়েন্সি, ন্যাশনাল সিকিউরিটি ইত্যাদি নানা কথা বলে বাংলার দাবীকে চেপে রাখবার ব্যবস্থা করেছেন। যদি কংগ্রেস হাই কম্যান্ড একটু সচেতন হতেন, তা হ'লে বিহারের যে কংগ্রেস নেতারা প্রাদেশিকতার ধ্বনি তুলেছেন, হিন্দী সাম্রাজ্যবাদের ধ্বনি তুলে সেখান থেকে বাঙ্গালী যাতে উৎখাত হয়ে যায়, সেখানে যাতে বাঙ্গালীর ভাষাটা লোপ হয়ে যায় তার ব্যবস্থা করছেন, তাদিগকে সংযত করতেন। বিহার সরকার বাঙ্গলা স্কুল বন্ধ করে দিলেন, বাঙ্গালীর যেসমস্ত পাঠাগার বন্ধ করে দিলেন—কই কংগ্রেস হাই কম্যান্ড তখন দেখলাম না তো একটা হাত তুলে ইঙ্গিত ক'রে বললেন যে, এটা অন্যায় হচ্ছে। আমরা তোমাদের কংগ্রেস থেকে বের ক'রে দিলাম। কই খাতা থেকে তাঁদের নামটা তাঁরা কেটে দিলেন না। আসামে যখন "বঙ্গাল খেদা" আন্দোলন হ'ল, কংগ্রেস হাই কম্যান্ড নীরব হয়ে থাকলেন কেন? তা হ'লে আমি বলব কংগ্রেস হাই কম্যান্ডএর বাঙ্গালিংই এর জন্য দায়ী। আজ পি-এস-পির এ'রা দোষ দেন। আমি তো বলব, বাংলা কংগ্রেসও ভারতীয় কংগ্রেসীর মত সমান অংশে দায়ী। তা না হ'লে বাংলার কংগ্রেস এক দাবী আনে, তার পর আবার বাংলার কংগ্রেসী গভর্নমেন্টএর দাবী সেই দাবীর কম হয় কি ক'রে? আবার তার মুখ্যমন্ত্রী নিজে খানিকটা জায়গা বিলি করেন কি ক'রে? তিনি এখানে রেজলিউশন নিতে দিলেন না কেন? এ একটা কি ষড়যন্ত্র নয়? মাননীয় স্পীকার মহাশয় আমি আপনাদের এটা ভেবে দেখতে বলব, আজ পি-এস-পির দুইজন সভ্য কি করেছে কালীবাবু সেটাই দেখতে পেলেন, কিন্তু কংগ্রেস কি কাণ্ড করেছেন—আজ খবরের কাগজে পড়বেন, সেখানে শ্রীকৃষ্ণ সিংহ মহাশয় ৫ হাজারের জনতা যখন এসে বলছে এক সূচাগ্র ভূমি বাংলাকে দেওয়া চলবে না তাদের সমর্থন জানাচ্ছেন। যদিও বিহার এই দাবীকৃত অঞ্চলের ট্রাস্টি মাত্র। বিহারের তখনকার বড় বড় নেতারা যথা, সচ্চিদানন্দ সিংহ, পরমেশ্বর লাল প্রমুখ বলেছেন, আমরা বাংলাভাষী অঞ্চলের ট্রাস্টি মাত্র; ইংরেজ অন্যায় করেছে, এটা আমরা ফিরিয়ে দেব এবং বাংলার তা ফিরে পাওয়া উচিত। অথচ খণ্ডিত বাংলাকে তারা ফিরিয়ে দিতে চাচ্ছেন না। সেই অন্যায় অন্যায্য দাবী সমর্থন করছে কে—স্বয়ং প্রধান-মন্ত্রী শ্রীকৃষ্ণ সিংহ মহাশয়। তিনি জনতার সামনে বেরিয়ে এসে বলছেন, "কোন চিন্তা নেই, দরকার হ'লে পদত্যাগ করব"। কই, আমাদের ডাঃ রায় সেদিকে তো যেতে পারলেন না? তিনি একবার হুমকি অবশ্য দিয়েছিলেন যে, আমি পদত্যাগ করব, যখন মার্জারের কথা উঠেছিল। আমরা এ পক্ষ থেকে তখন বলেছিলাম, উনি পদত্যাগ করলে বাংলাদেশের অনেক লোক আছে যাকে পাওয়া যাবে এই শাসনযন্ত্র চালাবার জন্য। কই পদত্যাগ তো তিনি করলেন না। আজ আমরা দেখতে পাচ্ছি, বিহারে কংগ্রেস ও বিরোধী পক্ষ সব সমান হয়ে গেছে এক ইঞ্চি জায়গা দেবেন না বলে। আজ যদি আমরা সকলে মিলে বলতে পারতাম, বাংলাদেশে মুখ্যমন্ত্রী বিধান রায় যদি সেই আওয়াজ নিয়ে দাঁড়াতে পারতেন তা হ'লে সমস্ত বিরোধী দল মিলে বাংলার ন্যায্য অংশ দাবী করত—সেই দাবী কিছুতেই তাঁরা প্রত্যাখ্যান করতে পারতেন না। আজ সাহস হ'ত না, বাংলার সম্বন্ধে বাঙ্গালিংএর জন্য। প্রাদেশিক কংগ্রেস কমিটি এক দাবী করেন আর প্রাদেশিক গভর্নমেন্ট আর এক দাবী তুলেন। আবার তার প্রধানমন্ত্রী টাটার আবদার মিটাবার জন্য দান করেন। এই তো অবস্থা। এমন কি তখন এ্যাসেম্বলিতে একটা রেজলিউশন পর্যন্ত নিতে দিলেন না বলে ফল এই দাঁড়িয়েছে। তাঁরা ইচ্ছামত বাংলার দাবীকে উপেক্ষা করছেন। আজ এর বলে কালীবাবু বলেন, ইনস্টলমেন্টও যেটুকু পেয়েছি আবার চেষ্টা করব। কি চেষ্টা তাঁরা করবেন—এ তো ভাঁওতা। আমরা কি বুঝি না সেই কথা। কেন এখন বলতে পারছেন না যে, আমরা এই কাজ করব। আমরা কি অন্যায় কিছু চাইছি। আমরা কেবল চেয়েছি, বাংলা ভাষাভাষী অঞ্চল। যদি এই নীতিটা

জাওহরলাল নেহরু মেনে নিয়ে থাকেন, বড় বড় কংগ্রেস নেতারা মেনে নিয়ে থাকেন—এ'রা কি তাঁদের চেয়ে বেশী পণ্ডিত হয়ে গেলেন যে, সব দাবী ভুলে গিয়ে বাংলার বেলায় বললেন, এ্যাডমিনিস্ট্রেটিভ এক্সিসিয়েন্সি। কই সেটা তো অন্যের বেলায় হ'ল না, দাক্ষিণাত্যের বেলায় হ'ল না, হ'ল বাংলার বেলায়। বাংলাকে বরাবর এইরকম ভুগতে হয়েছে। ইংরেজের আমলে ভুগতে হয়েছে, কংগ্রেসের আমলেও ভুগতে হচ্ছে। আজ বাংলাকে কয়েকটি জায়গা দেওয়া হচ্ছে ভিক্ষে দেওয়ার মত। বলা হচ্ছে এই নিয়ে সন্তুষ্ট থাক। এমন কি বলতে সাহস হচ্ছে না যে, বাকী অংশটুকু আমাদের দরকার। সেটা বলতে কি দোষ ছিল? তাতে কি অপরাধ হয়ে যেত। দেয় দিত, না দেয় না দিত, সেটা তাদের ইচ্ছা। কিন্তু দাবীটা তো করা উচিত ছিল। যদি সকলে মিলে সম্মিলিত দাবী উত্থাপন করতে পারতাম যে, বাংলা ভাষাভাষী অঞ্চল আমাদের পাওয়া উচিত এবং এইরূপ রেজলিউশনএ যোগ করা থাকত, কি ক্ষতিটা আমাদের হ'ত, তা আমি বুঝতে পারছি না। আজ যে বিল এসেছে তার সঙ্গে একটা রেজলিউশন দিতে পারছেন না কেন যেটা বিরোধী পক্ষ চাচ্ছে। আমরা বাংলাভাষাভাষী অঞ্চল চাচ্ছি বাহিরের অঞ্চল তো চাচ্ছি না। কাজেই বাংলার প্রাপ্য দাবী করা হ'ল না কেন? এই দুর্বলতা কংগ্রেস হাইকম্যান্ড জানে, এই ষড়যন্ত্র তারা জানে এবং আমরাও জানি যে, কোথায় এর গলদ। কংগ্রেস বরাবরই এই বাঙ্গলিং করছে। বিহারের জায়গা ছোট হয়ে যাবে। ইউ-পি তো বড় জায়গা, পণ্ডিত গোবিন্দবল্লভ পন্থের দেশ, সে জায়গা থেকে খানিকটা কেটে বিহারকে কি দেওয়া যায় না? তা তাঁরা ছাড়বেন না; শুধু বাংলার বেলায় তাঁরা বলবেন এইটুকু নাও। এই কথা আমরা বুঝতে পারি না। এ'রা আমাদের উপদেশ দেন যে, একটা ইনস্টলমেন্ট পেয়েছি; এটা কি স্প্রিং বোর্ড যে এখান থেকে লাফিয়ে আরেক জায়গায় যাব? আবার বলা হচ্ছে যে, এটা ইলেকশন প্রোপাগ্যান্ডা। আমি অবাক হয়ে যাচ্ছি, সম্প্রতি দুটো ইলেকশনএ হেরেছেন যেটায় আমরা চ্যালেঞ্জ করেছিলাম। এই দুই জায়গায় মার্জারএর সমাধি হয়ে গেল। আনন্দগোপাল বাবু খুব আনন্দ ক'রে বলেছিলেন, কিন্তু আজ তিনি কৈফিয়ত দিতে পারছেন না? বলছেন মুখ্যমন্ত্রী বাংলার জনমতের কাছে নতি স্বীকার করেছেন। বাংলার মুখ্যমন্ত্রী কি সাধে নতি স্বীকার করেছেন; বাংলার জনসাধারণ তাদের দাবী আদায় করে নিয়েছে। তারা বলেছে, তারা কি চায়। দুটো হরতালে এদের চোখ খুলল না। এখন আবার বলছে আবার কেন হরতাল হচ্ছে? গভর্নমেন্ট থেকে সার্কুলার দেওয়া হচ্ছে। আরে এ যে লোকের মনের ব্যাপার। এখানে জোর ক'রে চাপা দেওয়া যায় না। তারা চায় বাংলাভাষাভাষী এক হ'তে। তোমরা যদি তাদের বাধা দেও সে বাধা তারা মানবে না। তারা সত্যাগ্রহ করবে—একবার তারা আন্দোলন করেছিল, সত্যাগ্রহ করেছিল, জেলে গিয়েছিল। তারপর তো আবার জেল গেট খুলে দিতে হয়েছিল। তারপর নির্বাচনের কি ফল দেখতে পেলেন। এখন বলছেন, ইলেকশন প্রোপাগ্যান্ডা। আমরা বরাবরই এক কথা বলেছি, আমরা ভাষাভিত্তিক অঞ্চল চাই। আপনাদেরই ইনফিরিয়রিটি কমপ্লেক্স জেগেছে। আপনাদেরই ইলেকশনএর ভয় হয়েছে। আপনারা জানেন যে, আপনারা বাঙ্গলিং করছেন, আপনারা জানেন যে, আপনারা জনসাধারণের দাবী নিয়ে দাঁড়াচ্ছেন না। সেইজন্য আজ আপনাদের দুরাবস্থা এই হয়েছে।

মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় যেসমস্ত ফিগার দিলেন এবং যা বললেন ১৯৫০ সালের উপর ভিত্তি করে, তা হচ্ছে যে এখন জিনিসপত্রের দাম, বিশেষ করে চালের দাম বেশী বাড়ে নি। কিন্তু ১৯৫০, ১৯৫১, ১৯৫২, ১৯৫৩, ১৯৫৪ সাল— এ সবই একটা এ্যাবনর্ম্যাল অবস্থার কথা, এখানে নর্ম্যাল অবস্থা নেই, কাজেই এই এ্যাবনর্ম্যাল অবস্থাকে তিনি তুলনা করে

দেখালেন যে, ১৯৫০ সাল থেকে সুরু করে ১৯৫৫ সাল অবধি যে দর ছিল, এখন তার থেকে দর কিছুই বাড়ে নি। কিন্তু সত্যসত্যই যে তেল, ডাল, মসলা প্রভৃতির দর বেড়ে গিয়েছে সে বিষয় তিনি কিছু বললেন না।

প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার গুণকীর্তন করতে গিয়ে আমাদের সরকার খুব বড় গলায় বলেছেন যে খাদ্যসমস্যার সমাধান করে ফেলেছেন। তাঁরা তাঁদের মন্তব্যের সমর্থনে অনেক তথ্যও একাধিকবার পরিবেশন করেছেন। কিন্তু বাস্তবক্ষেত্রে আমরা দেখছি, প্রতি বছরই দেশে নিদারুণ খাদ্যাভাব দেখা যাচ্ছে এবং জনসাধারণ দুর্ভিক্ষের কবলে পড়ছে।

পশ্চিমবঙ্গের বর্তমান অবস্থাকে নিশ্চিতভাবেই দুর্ভিক্ষের পূর্বাবস্থা বলা যায়। বাম-পন্থী দলগুলি, তথা জনসাধারণের সঙ্গে সক্রিয় সহযোগিতার পথে যদি সরকার অবিলম্বে সক্রিয় ব্যবস্থা অবলম্বন না করেন, তা হলে দেশে ভয়াবহ আকারে দুর্ভিক্ষ দেখা দেবে।

খাদ্যদ্রব্য ও অন্যান্য নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম বেড়ে গগনচুম্বী হয়েছে. গ্রামের দরিদ্র কৃষক ও কারখানার শ্রমিক তো বটেই, সহরের মধ্যবিত্তদেরও ক্রয় সীমার বাইরে চলে গিয়েছে। খাদ্যসঙ্কটের সঙ্গে যুক্ত হয়েছে পশ্চিমবঙ্গের ব্যাপক অঞ্চলে বন্যা। এরপরে দেশের বেকার-সমস্যা তো আছেই। এই সবকিছু মিলিয়ে জনসাধারণের পক্ষে জীবনধারণ করা প্রায় অসাধ্য হয়ে পড়েছে। নিত্যব্যবহার্য দ্রব্যাদির মূল্য অত্যন্ত অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে।

১৯৩৯ সালের পাইকারী দ্রব্যমানকে ১০০ টাকা ধরলে ১৯৫৫ সালের মে মাসে এটা ছিল ৩৪২, আর ১৯৫৬ সালের মার্চে তা হয়েছে ৩৮৭.৩। অর্থ কেবল খাদ্যদ্রব্যের হিসাবে দেখা যায়, ১৯৫৫ সালের এপ্রিল মাসে খাদ্যের দ্রব্যমান ছিল ২৮৩.৬। ডিসেম্বরের শেষে তা দাঁড়ায় ৩৫১.৬। ১৯৫৫ সালের এপ্রিলে চালের সূচক (ইন্ডেক্স) ছিল ৪০২, আর ১৯৫৬ সালের মার্চে তা দাঁড়িয়েছে ৫৪৫। চালের দর প্রায় সর্বত্র মণপ্রতি ৪।৫ টাকা করে বেড়েছে। কুচবিহারের 'নয়াযুগ' পত্রিকার ২৩শে জুন সংখ্যায় প্রকাশিত হয়েছে - মাথাভাঙ্গায় ২৭ টাকা মণ দরে চাল বিক্রয় হচ্ছে ; এ ছাড়া কাপড়, সরিষার তেল, ডাল, মশলা, খইল প্রভৃতি সবকিছুর দাম অত্যন্ত বেশী বেড়েছে। বহু স্থান থেকেই অনাহার ও অর্ধাহারের সংবাদ আসছে। সুন্দরবনের বহু জায়গায় কৃষক ও নিম্নমধ্যবিত্ত নরনারী পরপর দু-তিন দিন না খেয়ে কাটাতে বাধ্য হচ্ছে। বহু কৃষক নরনারী ভিক্ষার আশায় কলকাতায় এসে ভীড় করছে। কচুর পাতা, গুগলি প্রভৃতি খেয়েও বহু মানুষ কোন রকমে বাঁচবার জন্য আপ্রাণ চেষ্টা করছে। উত্তরবঙ্গে গ্রামের পর গ্রাম—সেখানে বহু মানুষ শুধু কাঁঠাল খেয়ে দিনের পর দিন অতিবাহিত করতে বাধ্য হচ্ছে।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আপনি যে একটা পত্রিকার নাম করলেন, সেটা কি?

**Sj. Hemanta Kumar Basu:**

সেটা "নয়াযুগ"। কাজেই দেখা যাচ্ছে যে, বহু স্থানে আজ মানুষকে অনাহারে বা অর্ধাহারে দিন কাটাতে হচ্ছে। দ্রব্যমূল্য বৃদ্ধি হ্রাসের দিকে সরকার বিশেষ কোন দৃষ্টি দিচ্ছেন বলে মনে হয় না। এ বিষয়ে তাঁদের আত্মসন্তুষ্ট মনোভাব অত্যন্ত নিন্দনীয়। জনগণের প্রতি অবজ্ঞা, প্রতিক্রিয়াশীলদের স্বার্থরক্ষা ও সেই পুরান আমলাতান্ত্রিক কায়দা জিইয়ে রাখবার চেষ্টা এই হ'ল সরকারের নীতি। খাদ্য ও অন্যান্য নিত্যব্যবহার্য দ্রব্যাদির মূল্য এত বৃদ্ধি পেল কেন? এ বিষয়টি গভীরভাবে বিশ্লেষণ করলে আমরা দেখব, প্রধানতঃ (১) সরকারের ভ্রান্ত ঘাটতি বাজেট নীতি বা নোট ছাপাই। (২) রপ্তানি নীতি। (৩) নূতন নূতন কর স্থাপন ও (৪) চোরাবাজারী ও মজুতদারদের সমাজবিরোধী কার্য, এই সঙ্কটের জন্য দায়ী। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার সুরুতে বাজারে চালু নোটের পরিমাণ ছিল ১১৪৪ কোটি টাকা। ১৯৫৬ সালের এপ্রিল মাসে তা দাঁড়ায় ১৫০৯ কোটি টাকা। অর্থাৎ ৩৬৫ কোটি টাকার নোট বাড়তি হয়েছে। এবার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় হিসাব করা হয়েছে ১,২০০ কোটি টাকা বাড়তি নোট ছাপাই হবে। অর্থনীতিবিদদের ধারণা, সরকারী উদ্যোগে বা পাবলিক সেক্টরএর মোট বরাদ্দ ৪,৮০০ কোটি টাকা ব্যয় করতে হলে আরও অন্ততঃ ৪০০

কোটি টাকা নোট ছাপাই করতে হবে। অর্থাৎ মোট ১,৬০০ কোটি টাকার নোট ছাপাই হবে। এ অবস্থায় জিনিসপত্রের দাম যে অগ্নিমূল্য হবে তা তো স্বাভাবিক। নোট ছাপাইয়ের ফলে দরিদ্র জনসাধারণ মূল্যবৃদ্ধির চাপে মারা পড়বে, আর মুষ্টিমেয় ধনী ও ফাটকাবাজের হাতে টাকা গিয়ে জমবে। একটু ভুল ধারণা আছে। নিত্যব্যবহার্য জিনিসের মূল্য বৃদ্ধি পেলে গ্রামের কৃষকের নাকি উপকার হবে। এ ধারণা সম্পূর্ণ ভুল। আর্থিক কারণে, আমাদের দেশের অধিকাংশ কৃষকের পক্ষেই ধান ও অন্যান্য দ্রব্য বেশীদিন ধ'রে রাখা সম্ভব হয় না। মজুতদার ও তাদের দালালরাই মূল্য বৃদ্ধির দরুণ মুনাফা লাভ করে। জনসাধারণের অন্যান্য অংশের ন্যায় কৃষকরাও অত্যধিক মূল্য দিয়ে সব জিনিস কেনে।

সরকারের রপ্তানি নীতি অত্যন্ত ত্রুটিপূর্ণ। দেশে খাদ্যদ্রব্যের উৎপাদন মোটেই উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পায় নি। অথচ দেশের লোককে নিরন্ন ও বিবস্ত্র রেখে বিদেশে খাদ্যদ্রব্য রপ্তানি করা হচ্ছে। ১৯৫৪ সালের এপ্রিল থেকে ডিসেম্বর, এই নয় মাসে ভারতবর্ষ থেকে ৮ কোটি ৭৮ লক্ষ টাকার মসলা, খাওয়ার তেল, ডাল ও চাল রপ্তানি করা হয়েছে। ১৯৫৫ সালের ঐ নয় মাসে সেখানে, ৩১ কোটি ২৪ লক্ষ টাকা মূল্যের এই জিনিসগুলি রপ্তানি করা হয়েছে। কোন রকম কালবিলম্ব না করে এই রপ্তানি নীতির পরিবর্তন চাই।

আমরা দেখছি যে, আজকে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম অত্যন্ত বৃদ্ধি হয়েছে; দেশবাসী করভারে জর্জরিত; তা সত্ত্বেও নূতন নূতন কর বসান হচ্ছে। অতি সম্প্রতি, জলের উপর কর বসেছে, তেলের উপর অন্তঃশুল্ক বসেছে। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে মোট ৪২ কোটি ৪৫ লক্ষ টাকা করধার্য করার ফলেই দেশবাসীকে "ত্রাহি মধুসূদন" ডাকতে হয়েছে। আর এবার দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মোট ৪৫০ কোটি টাকার কর আদায়ের প্রস্তাব করা হয়েছে। অবস্থাটা সহজেই অনুমেয়। আর এই প্রসঙ্গে লক্ষ্যণীয় যে দেশের ধনিক শ্রেণীর উপর করের ভার বেশি ক'রে চাপানর পরিবর্তে, শিল্পোৎপাদনের কাজে তাদের ব্যবহার করার আশায় নানারকম সুবিধা দিচ্ছেন; আর শেষ পর্যন্ত মরণ হচ্ছে দরিদ্র জনসাধারণের। খাদ্য ক্রয়ের উপর ব্যাঙ্ক ব্যবসায়ীদের প্রচুর পরিমাণে টাকা দাদন দিয়ে খাদ্য মজুত ক'রে কৃত্রিম উপায়ে মূল্য বৃদ্ধি ক'রে থাকে এবং তার ফলে দুর্ভিক্ষ সৃষ্টি করে। ব্যবসায় লোকসান হ'লে ব্যাঙ্কের টাকা গেল, আর সেখানে লাভ হ'লে সে টাকা যায় ব্যবসাদারদের পকেটে।

[4—4-10 p.m.]

সাম্প্রতিক হিসাবে জানা যায়, ১৯৫৫ সালের মার্চ মাসে খাদ্যদ্রব্য ব্যবসায় ব্যাঙ্কগুলির মোট দাদনের পরিমাণ ছিল ১১ কোটি ৬৪ লক্ষ টাকা। আর ১৯৫৬ সালের মার্চ মাসে সেই দাদনের পরিমাণ হয়েছে ২৯ কোটি ৬২ লক্ষ টাকা। এই থেকেই বোঝা যায় কি পরিমাণ খাদ্যদ্রব্য অদৃশ্যভাবে মজুত করে রাখা হয়েছে। দেশের এইরূপ পরিস্থিতিতে আমরা খাদ্যসমস্যা সমাধানের জন্য তাই দাবী করি।

কলিকাতা ও শিল্পাঞ্চলে অনতিবিলম্বে বহুসংখ্যক 'ফেয়ার প্রাইস শপ' খোলা হোক এবং তাতে ১৭৷৷০ টাকা দরে চাল দেওয়া হোক। আর সমস্ত প্রকার অখাদ্য চাল সরবরাহ বন্ধ করা হোক। কাপড়, তেল ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের জন্যও ন্যায্যমূল্যের দোকান চালু করা হোক। সরকার থেকে ১৸০ আনা দরে যে সরিষার তেল দেওয়া হচ্ছে তা পর্যাপ্ত নয় এবং তেলের দামও ১৷০ আর বেশী হওয়া উচিত নয়। অবশ্য বাইরে দর দু টাকা আছে। আমরা চাইছি জানুয়ারী মাসে যে দর ছিল ১৷০ থেকে ১৷৴০ সেইটেই ফিক্সড হয়ে ১৷০ হোক।

আমাদের আর একটা দাবী হচ্ছে—শ্রমিক ও কর্মচারীদের মাগ্গী ভাতা বাড়ানো হোক।

আর মফঃস্বল এলেকায় একই ধরনের দোকান খুলে প্রতিটি নিত্যব্যবহার্য দ্রব্য সস্তা দরে দেওয়া হোক।

তা ছাড়া ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ শুরু করা হোক এবং দৈনিক মজুরি কমপক্ষে ২৷৷০ করা হোক। আর গ্রামাঞ্চলে চাষীদের কৃষি-ঋণ, গো-ঋণ ও বীজধান দেওয়া হোক।

মজুতদারদের কঠোর হস্তে দমন করা হোক। সমাজবিরোধী কাজের অপরাধে এখনই মজুতদারদের গ্রেপ্তার করা হোক এবং বেআইনীভাবে মজুত যত ধানচাল প্রভৃতি রয়েছে তা বাজেয়াপ্ত ক'রে জনসাধারণের সহযোগিতায় বণ্টনের ব্যবস্থা করা হোক।

নিত্যব্যবহার্য জিনিসের উপর সাম্প্রতিক চালু করা ট্যাক্স রদ করতে হবে এবং নতুন করে কোন ট্যাক্স ধার্য করা চলবে না।

তা ছাড়া রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জয়েন্ট স্টক ব্যাঙ্ক মারফৎ খাদ্যের উপর দাদন দেওয়া সম্পূর্ণরূপে নিষিদ্ধ করতে হবে। ভবিষ্যতেও যাতে এইরূপ ঘটনা আবার না ঘটে, তার জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে।

প্রচুর পরিমাণে নোট ছাপা বন্ধ করতে হবে এবং দেশের মানুষকে অভাবে রেখে ব্যবসায়ীদের স্বার্থে বিদেশে খাদ্যদ্রব্য প্রভৃতি রপ্তানি করা বন্ধ করতে হবে।

সমগ্র দেশে আজ দুর্ভিক্ষের আশংকা দেখা দেওয়া সত্ত্বেও আমাদের সরকার এ বিষয়ে খুব বেশি সজাগ হয়েছেন ব'লে মনে হয় না। মুষ্টিমেয় 'ফেয়ার প্রাইস শপ' খুলে সামান্য পরিমাণ অখাদ্য কুখাদ্য চাল ১৭৷৷৹ টাকায় দেবার ব্যবস্থা করেই তাঁরা এই সমস্যার সমাধান করতে চান। সেই ১৭৷৷৹ টাকা দরের যে চাল তাঁরা দিচ্ছেন, তার কিছু নমুনা আমি এখানে নিয়ে এসেছি, ছাতুবাবুর বাজার থেকে এ চাল বিক্রয় করা হচ্ছে—এ অতি দুর্গন্ধ ও অপরিষ্কার, এই চাল মানুষের ব্যবহারের যোগ্য ব'লে আমি মনে করি না। তারপর একথা অবশ্য বলব অধিকাংশ লোকই ফেয়ার প্রাইস শপএর দ্বারা উপকৃত হচ্ছে না। টেস্ট রিলিফের কাজ বহুক্ষেত্রেই বন্ধ ক'রে দেওয়া হয়েছে। আর যেখানে আছে, সেখানে মজুরি দেওয়া হচ্ছে অত্যন্ত কম। মজুরি অন্তত ১৷৷৹ টাকা করা হোক শ্রমিক ও কর্মচারীদের মাগ্‌গী ভাতা বৃদ্ধি কিম্বা সাম্প্রতিক ট্যাক্স রদ করতে সরকার গররাজি। মজুতদারদের শাস্তি দিয়ে সমাজবিরোধী কাজ বন্ধ করার জন্য সরকারের কোন চেষ্টা নাই। ভাষাভিত্তিক আন্দোলনকে দমন করবার জন্য কিম্বা আজকের খাদ্য অভিযানকে প্রতিরোধ করাবার জন্য সরকার ব্যাপক পুলিশী ব্যবস্থা করেন, কিন্তু চোরাকারবারী বন্ধ করায় পুলিশ বাহিনীর অক্ষমতার কারণ কি?

খাদ্যের প্রশ্নকে আমরা সকল রকম রাজনৈতিক দলগুলির উর্ধ্বে রাখতে চাই। তাই আমরা প্রস্তাব করছি সর্বত্র সংযুক্ত মূল্যবৃদ্ধি ও দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির কর্মীদের সহযোগিতায় সরকারের পক্ষ থেকে খাদ্য বণ্টনের ব্যবস্থা করা হোক সরকার আমাদের এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। সরকার সদাসর্বদা জনসাধারণের সহযোগিতা আহ্বান করেন, কিন্তু কার্যক্ষেত্রে সকল সময়েই আমলাতন্ত্রের দ্বারা কার্য পরিচালনা করেন।

বন্যাবিধ্বস্ত অঞ্চলে এখনও সর্বত্র প্রয়োজনীয় সাহায্য পৌঁছায় নাই। উলুবেড়িয়া ও সুন্দরবন অঞ্চলে বহু জমি জলমগ্ন রয়েছে কিন্তু সেখানে আজও খাল কেটে জল বের করে দেওয়া হয় নি। উত্তরবঙ্গের জন্যও একটা সতর্কতামূলক বন্যা প্রতিরোধ ব্যবস্থা এখনই অবলম্বন করা উচিত যাতে ব্যাপক আকারে সেখানে আবার বন্যা দেখা না দেয়।

খাদ্যসংকট আজ এত প্রবল হয়ে উঠেছে যে, অন্নের দাবীতে মাইলের পর মাইল হেঁটে গ্রাম থেকে নরনারী আজ বিধানসভার সম্মুখে এসেছেন। কেন তাঁরা এসেছেন? এসেছেন, খাদ্যের দাবীতে, রিলিফের দাবীতে। মধ্যবিত্ত কর্মচারীরা আজ এগিয়ে এসেছেন মাগ্‌গী ভাতার বৃদ্ধি দাবী নিয়ে। এখনও যদি সরকার সচেতন না হন, তবে দেশব্যাপী দুর্ভিক্ষ দেখা দেবে। এবং জনসাধারণকে তখন সরকারের খাদ্যনীতির বিরুদ্ধে তীব্রতর আন্দোলনের পথে অগ্রসর হতে হবে।

**Sjkta. Mani Kuntala Sen:**

মাননীয় সভাপাল মহাশয়, প্রথমেই আমি খাদ্যমন্ত্রী প্রফুল্লবাবুকে ধন্যবাদ দিচ্ছি, কারণ তিনি যেভাবে সমস্যাটিকে উপস্থিত করেছেন তার জন্যে আমি প্রস্তুত ছিলাম না। তিনি যদি বক্তৃতা না দিতেন তা হ'লে সোস্যালিস্টিক প্যাটার্নএর সমাজের সম্পর্কে একটা সুস্পষ্ট ধারণা

হয়ত আমাদের হত না। অবশ্য তাঁদের সোস্যালিস্টিক প্যাটার্ন সম্পর্কে নানা বক্তৃতা থাকলেও আমরা তার একটা অর্থ করে নিয়েছি। কিন্তু ও'দের নিজেদের মুখ থেকে এই ধরনের ব্যাখ্যা জনসাধারণের শোনা উচিত ব'লে আমি মনে করি। উনি ভালই করেছেন এই বক্তৃতা দিয়ে, কারণ যে কথা উনি বলেছেন তা খুবই আতঙ্কের বিষয়। উনি বলতে চান, এই দরবৃদ্ধি এমন একটা কিছু অস্বাভাবিক ব্যাপার নয়, বরং খুবই স্বাভাবিক এবং স্বাভাবিকভাবেই দর বৃদ্ধির দিকে যাচ্ছে। উনি দেখাচ্ছেন, কোরিয়ার যুদ্ধের সময় যে দর বেড়েছিল, সে দর নাবতে নাবতে এসে ১৯৫৫ সালে একেবারে শেষ সীমায় পৌঁছায়। কিন্তু তারপর তখন সকলেই দর নাববার জন্যে আতঙ্কিত হয়েছিল। সুতরাং এখনকার বৃদ্ধি স্বাভাবিক গতিতেই যাচ্ছে। এই হচ্ছে ও'র ব্যাখ্যা। কিন্তু তারপরেই উনি বলেছেন যে, "গন আর দোজ ডেজ"—অর্থাৎ সেই দিন চলে গেছে, যেদিন মানুষ সস্তায় খেত পরত। এখন থেকে ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর কল্যাণে জিনিসপত্রের দাম বাড়তেই থাকবে, লোককে ক্রমশ আরও বেশি খরচ করতে হবে। উনি বলছেন, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর ফলে এই দর-বৃদ্ধি ঘটেছে। আমরা এতদিন ও'দের কাছ থেকে শুনেছিলাম, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিল্প করেন নি, কৃষি করেছিলেন। কিন্তু তখন যেটুকু শিল্প করেছিলেন তার ফলই হচ্ছে এই, তা হ'লে দ্বিতীয় প্ল্যানএ যে শিল্প করবেন তার ঠেলা যে কতদূর পৌঁছবে, তা জনসাধারণের ভাবা দরকার এবং সেটা খুব আতঙ্কের বিষয় হবে ব'লে আমি মনে করি। ও'র বক্তৃতায় উনি আর একটি জিনিস খুব সন্তর্পণে করে গেছেন, সেটি হচ্ছে হোর্ডার্সদের উনি বাঁচিয়ে দিয়ে গেছেন। এ'রা যাদের সরকার, তাদের তো বাঁচান দরকার। অতএব এক ফাঁকে উনি ব'লে গেলেন যে, হোর্ডিং হচ্ছে ব'লে খুব বেশি সংবাদ আমাদের নেই, কিন্তু ধানচালের উপর যে ব্যাংক থেকে টাকা দাদন গেছে সে খবর উনি রাখেন। এটি লক্ষ্য করবার বিষয়। যা হোক, তিনি যেভাবে সমস্যাটাকে দেখেন আমরা তাঁর সঙ্গে মোটেই একমত নই। এ ছাড়া পণ্যমূল্যের ব্যাপারটাও আর প্রফুল্লবাবুর একচেটিয়া জিনিস হবার কথা নয়, হতেও পারে না ; কারণ, এই জিনিস নিয়ে সকলে কারবার করে এবং বাজার থেকে সকলকেই কিনে খেতে হয়। সুতরাং এই জিনিস সম্বন্ধে অভিজ্ঞতা সকলেরই আছে এবং সেই অভিজ্ঞতা থেকে আমরা যতদূর বুঝি বা জানি তাই এখানে উপস্থিত করতে চেষ্টা করব।

এই পণ্যমূল্য বৃদ্ধির আলোচনা করতে গিয়ে প্রথমেই সংবাদপত্র থেকে আপনার কাছে আমি উপস্থিত করতে চাই যে, বাজারে জিনিসের দাম সম্পর্কে তাঁরা কি বলেন। "স্টেটসম্যান" পত্রিকা, অবশ্য এর সঙ্গে ও'রা একমত নাও হ'তে পারেন, গত ১৯এ মে তারিখে বাজার দরের উপর তাঁরা লিখলেন শতকরা ২৬ ভাগ দাম বেড়ে গেছে ; তারা প্রায় গোটা ৫০ আর্টিকেলএর দাম দিয়ে দেখাচ্ছে যে, শতকরা ২৬ ভাগ দাম বেড়ে গেছে। সেইসব দামের ডিটেলসগুলি দিতে বেশি সময় লাগবে ব'লে আমি আর দেব না। "যুগান্তর" পত্রিকা ৮ই জুন তারিখে লিখল- "পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রায় চলতি বছরের গোড়া হইতে রোজকার জিনিসের দাম চড়ার যে লক্ষণ দেখা দিয়াছিল তাহা সরকারের শত প্রতিশ্রুতি এবং সাধু ইচ্ছা সত্ত্বেও জুন মাসের প্রথম সপ্তাহের শেষে, তা শুধু অব্যাহতই রহে নাই মূল্য বৃদ্ধির হার ক্রমে দ্রুতগতি লাভ করে। কলিকাতায় কয়েকজন অসাধু ব্যবসায়ী বৃহস্পতিবার জানান যে, গত ৭ দিনের তুলনায় এখন চাউলের বাজারদর স্বাভাবিকভাবে দু' আনা হইতে চার আনা বাড়িয়া গিয়াছে। প্রফুল্লবাবু অবশ্য চালের দাম এ পর্যন্ত মাত্র সাত পয়সা বেড়েছে দেখিয়েছেন।

[4-10—4-20 p.m.]

"মূল্য সমস্যার এই কুটিল আবর্তকে স্বাভাবিক কৃত্রিম অথবা মনুষ্যসৃষ্ট প্রভৃতি নানাভাবে ব্যাখ্যা করা হইতেছে। ইতিমধ্যে দেশের সাধারণ মানুষ খাইয়া পরিয়া বাঁচিয়া থাকার চেষ্টায় এক প্রাণান্তকর পর্যায়ে আসিয়া হাজির হইয়াছেন। কয়েকটা পরিবারের হিসাব লইয়া সহরের কয়েকটা পরিচিত বাজারের দর যাচাই করিয়া এবং পাইকারী ব্যবসায়ীদের সহিত আলাপ আলোচনা করিয়া দেখা যাইতেছে যে, গত মাস পূর্বের তুলনায় গৃহস্থের বার মুদির দোকান বাবদ শতকরা ২০ হইতে ২৫ ভাগ বৃদ্ধি পাইয়াছে। গত ৩ মাসের মধ্যে সাধারণভাবে বস্ত্রাদির মূল্য শতকরা ১৫ ভাগ বৃদ্ধি পাইয়াছে, তাহার সহিত তাল রাখিতে না পারিয়া ক্রেতাসাধারণের খুব মিহি হইতে মিহি, মিহি হইতে মাঝারি এবং তারপর মোটা কাপড় ব্যবহারের স্বারা

খরচ কমাইবার প্রাণান্তকর চেষ্টা চলিতেছে।" তারপরে মাছ তরকারির কথা আর বলছি না, কারণ সময় লাগবে। (এ ভয়েসঃ মাছ সম্বন্ধে কিছু বলুন) আমার নিজের মাছ নিয়ে কথা বলতে খুব ইচ্ছা ছিল, কিন্তু হেমবাবু এখানে উপস্থিত নেই ব'লে বলে কোন লাভ নেই। উনি মাছ সব জমা রেখে দিয়েছেন, ও কাউকে খেতে দেবেন না। আমরা নূতন বাজার থেকে নিজেরাই কিছু কিছু জিনিসপত্রের দাম সংগ্রহ করেছিলাম এবং তা থেকে আমরা দেখি যে, মিহি চাল যেটা ১৮ টাকা ছিল, এখন সেটা ২৪ টাকা, মাঝারি চাল যেটা ১৫ টাকা ছিল এখন সেটা ২১ টাকা এবং মোটা চাল যেটা ১৩।।০ টাকা ছিল সেটা এখন ১৮ টাকা। আমাদের যা সংখ্যা তাতে আমাদের হিসাবমতে ১৯৫৬ সালের জুন মাসেই শতকরা ২১% বেড়েছে—কয়েকটা বাজারের কলেকশন থেকেই আমাদের এই হিসাব। এর সঙ্গে সঙ্গে এখানে কয়লার হিসাবটা দেবার প্রয়োজন আমি বোধ করি। এটা গভর্নমেন্ট নিজেই বাড়িয়েছেন। বলতে পারি ও'রাই খনি-মালিকদের সঙ্গে কি সলাপরামর্শ করলেন যার ফলে দেখা গেল যে, হঠাৎ কয়লার দাম মণপ্রতি তিন আনা বেড়ে গেল। অন্যান্য জিনিসের সঙ্গে তাল রেখে ও'রা বোধহয় ভাবলেন যে, কয়লার মালিকদেরই কেন লোকসান যাবে, ওদেরও দাম বাড়িয়ে দেওয়া হোক—সেজন্য বাড়িয়েও দিলেন। উনি বললেন তেলের দাম ১৮০ আনা-১৮০ আনায় পাওয়া যাচ্ছে শুনে খুব স্বস্তি বোধ করছি না। কারণ এটা বুঝতে পারছি যে, তেলের ১৮০ আনাই স্থায়ী দাম হয়ে যাবে এবং উনিও তারই আভাস দিলেন যে, ইন্ডাস্ট্রিয়ালাইজেশন হচ্ছে ব'লে জিনিসপত্রের দাম বাড়তেই থাকবে। সুতরাং তেলের দাম যে ওর চেয়ে কমে আসবে সেটা আর ভরসা করতে পারছি না।

ডেপুটি স্পীকার মহাশয়, সম্ভবতঃ আপনার মনে আছে, বিগত বাজেট অধিবেশনের সময় আমরা বিরোধী পক্ষ থেকে পণ্যমূল্যের অস্বাভাবিক বৃদ্ধির দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছিলাম। বিশেষতঃ, খাদ্যমন্ত্রী যখন জাতীয় আয় বৃদ্ধির ফলে দেশের একটা উন্নতির রঙ্গীণ চিত্র দিয়েছিলেন তখন আমরা উপস্থিত করতে চেয়েছিলাম যে, অপরদিকে নিত্যব্যবহার্য জিনিসপত্রের দাম বেড়ে যাওয়ার ফলে সাধারণ মানুষের সংসারের অন্ন কোথায় গিয়ে নেমেছে এবং তার ফলে জীবনযাত্রার মান কি পরিমাণ দুর্দশাগ্রস্ত হচ্ছে। এই পণ্যমূল্য বৃদ্ধিকে একটা আকস্মিক ঘটনা ব'লে আমি মনে করি না। আমরা তখনও এই অস্বাভাবিক ঊর্ধ্বগতির পরিণতি সম্পর্কে যথেষ্ট আশঙ্কা প্রকাশ করেছিলাম এবং বলেছিলাম যে, এটা মোটেই সাময়িক দর বৃদ্ধি নয়। কেবলমাত্র সাময়িক একটা দুর্ভিক্ষ বা খাদ্যসঙ্কট এটা নয় অদূরভবিষ্যতে কোন গুরুতর আর্থিক বিপর্যয় সৃষ্টি হ'তে যাচ্ছে। এই বিপর্যয়ে সমস্ত দেশের মানুষ জড়িত হয়ে পড়তে পারে ব'লে আমরা সেদিন আশঙ্কা প্রকাশ করেছিলাম। স্বভাবতঃই আমরা আশা করেছিলাম যে, পণ্যমূল্য বৃদ্ধি সম্পর্কে ও'রা তখন কিছু বলবেন যে, কেন এই দামটা বাড়ছে এবং এর কারণও জনসাধারণকে জানাবেন। কিন্তু সেদিন এই বিষয়ে জনসাধারণকে ওয়াকিবহাল করার ব্যাপারে ও'রা যে শুধু নীরব ছিলেন তা নয়, তারপরেও এই দীর্ঘদিন পর্যন্তই ও'রা নীরবই থাকলেন। আজকে প্রথম প্রফুল্লবাবু সে বিষয়ে কিছু বললেন। কিন্তু এর আগে পর্যন্ত তিনি কিছু বলেন নি। উনি যে বিবৃতি দিয়েছেন সে সম্পর্কে অবশ্য আমাদের বক্তব্য অন্য রকম। কিন্তু কিছুদিন আগে উনি সংবাদপত্রে একটি বিবৃতি দিয়েছিলেন। সে বিবৃতি যে উনি কিভাবে দিতে পারেন তা আমাদের শুনতে বিস্ময় লাগে। অর্থাৎ "কিছুই হয় নি, কিছু ঘটে নি বা চিন্তার কোন কারণ নেই", এইরকম ধরণের একটি বিবৃতি উনি দিলেন। 'আমরা লক্ষ্য রাখছি, ভয়ের কোন কারণ নেই এবং সব ঠিক হয়ে যাবে' ইত্যাদি। অবশ্য আজকের বিবৃতিতেও তার চেয়ে নূতন কিছু বিশেষ দেখা গেল না। এই ধরনের দায়িত্বহীন হাস্যকর বিবৃতি উনি যে কিভাবে দিতে পারেন সেটা আমাদের পক্ষে ধারণা করা কষ্টকর। কারণ পণ্যমূল্যের বৃদ্ধির পথ ও'রা নিজেরাই তৈরি ক'রে দিয়েছেন, ও'রাই তো পণ্যমূল্য বৃদ্ধির রাজপথ তৈরি করে দিয়েছেন। এর ফলে জনসাধারণের জীবনে সঙ্কট সৃষ্টি হচ্ছে। শুধু তাই নয়। পণ্যমূল্য যদি এইভাবে বাড়তে থাকে তা হ'লে আমরা মনে করি যে, জনসাধারণই শুধু এর সঙ্গে জড়িত হবে বা তারা বিপর্যস্ত হবে তা নয়, যে পরিকল্পনার কথা ও'রা বলছেন, যে শিল্প বিকাশের কথা বলছেন সেই শিল্প বিকাশই বিপর্যস্ত হতে বাধ্য হবে। দেশের উন্নয়ন পরিকল্পনাই পণ্যমূল্য বৃদ্ধির ফলে বিপর্যস্ত হতে বাধ্য।

এইরূপ পণ্যমূল্য বৃদ্ধির কারণ হিসাবে আমরা গত বাজেট অধিবেশনে উল্লেখ করেছিলাম যে, নিত্যব্যবহার্য জিনিস এমন একটিও নেই যার উপর ট্যাক্স বসে নি এবং শুধু ট্যাক্স বললে ভুল হবে, যে এমন একটা জিনিস নেই যার উপরে বিক্রয়কর বসিয়ে সেটা জনসাধরাণের ঘাড় থেকে নেওয়া হচ্ছে না। সেজন্য আমরা বলেছিলাম যে, পণ্যমূল্যের উপর এইরকমভাবে ট্যাক্স বসালে তার একটা অনিবার্য প্রতিক্রিয়া নিশ্চয় দেখা দেবে। সেদিন ডাঃ রায় বলেছিলেন যে, ব্যাপকভাবে সমস্ত জনসাধারণের উপর ট্যাক্সটাকে ছড়িয়ে দেওয়াটাই আমরা উচিত ব'লে মনে করি এবং যত বেশি আমরা ছড়িয়ে দিতে পারব তত বেশি আমাদের আদায়ের সুবিধে হবে এবং কারুর উপর যথেষ্ট চাপও পড়বে না। এই যুক্তি সেদিন মুখ্যমন্ত্রী দিয়েছিলেন, কিন্তু আজ নিশ্চয় তিনি অস্বীকার করবেন না যে, তিনি সেদিন যে দুঃখের বীজ দু' হাতে জনসাধারণের উপর ছড়িয়েছিলেন আজ সেই বীজ মস্তবড় পাহাড়প্রমাণ ওজন নিয়ে গরীব জনসাধারণের উপরেই চেপেছে, মালিকগোষ্ঠীকে আদৌ স্পর্শ করতে পারেন নি—চাপ সৃষ্টি তো দূরের কথা। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অর্থসংগ্রহের জন্য যে পথ ও'রা বাছাই করলেন তার অন্যতম পথ হিসাবে নিলেন করবৃদ্ধি। প্রথম প্ল্যানএ পশ্চিমবাংলা থেকে ৩৬ কোটি ৯ লক্ষ টাকা তোলার বরাদ্দ ছিল এবং বাংলা সরকার তার মধ্যে ১৩ কোটি ৩ লক্ষ টাকা তুলেছেন। এই টাকার অধিকাংশটাই তাঁরা নিত্যব্যবহার্য জিনিসের উপর ট্যাক্স ব'সয়ে তুলেছেন। যদিও পশ্চিমবাংলার নির্দিষ্ট বরাদ্দ যা তা তাঁরা তুলতে পারেন নি, পারবেনও না। কারণ ও'রা টাকা খুঁজছেন দরিদ্র জনসাধারণের শূন্য ভাণ্ডারে এবং ছেঁড়া পকেটে। কিন্তু যারা বিশাল মুনাফা করে পশ্চিমবঙ্গ সরকারকে যেসমস্ত বড় বড় শিল্পপতিরা বছরে ৮০।৯০ কোটি টাকা ক'রে আয়কর ফাঁকি দেয় তাদের ঘাড় থেকে ও'রা টাকা তুলতে যান নি, তাদের গায়ে হাত দিতে চান নি, ট্যাক্স বসাতে যান নি।

এই গেল প্রথমবারের ধাক্কা, সঙ্গে সঙ্গে সুরু হ'ল দ্বিতীয় প্ল্যানের আঘাত। দ্বিতীয় প্ল্যানে মোট বাড়্‌তি ট্যাক্স বসান হবে ৪৫০ কোটি টাকা এবং এর অংশ হিসাবে বাংলা সরকার তুলে দেবেন ২১ কোটি টাকা। তা ছাড়া সরাসরি কেন্দ্রের থেকেও সমপরিমাণ ট্যাক্স বসবে। কিন্তু ট্যাক্স হিসাবে হোক বা বিক্রয়কর হিসাবেই হোক সেটা বাংলার মানুষকেই বহন করতে হবে। উন্নয়নকার্যে অর্থসংগ্রহের জন্য ট্যাক্স বসানোর নীতিগত বিরোধিতা আমরা করি না, কিন্তু কথা হচ্ছে যে, কার উপর এই ট্যাক্স বসবে। বিক্রয়কর সবটাই যে খুচরো ক্রেতাদের উপর পড়বে সেটা তো অনায়াসেই বুঝতে পারা যায়। আমি বলব, সরকারও এটা জানেন বলেই এই বিক্রয়করের উপর দিয়ে তাঁরা টাকাটা তোলা বেশি ক'রে পছন্দ করছেন। কারণ জনসাধারণকে আক্রমণ করতেই তাঁরা বেশি পছন্দ করেন এবং এখান থেকে টাকাটা তোলার পথই তাঁরা করে নিচ্ছেন। অতএব এটা তাঁরা ভালভাবেই জানেন এবং না জেনেশুনে করছেন তা ভাববার কোন কারণ নেই। তেল বা কাপড়ের উপর যে শুল্কের কথা উনি বলেছেন সেই শুল্কের সমস্ত গিয়ে জনসাধারণের ঘাড়ের উপর চাপে—সেটা ও'রা জানেন এবং সেজন্যেই তেল মালিকের উপর বা মিল মালিকের উপর শুল্ক বসে নি এবং তাদেরকে তা আঘাত করছে না। বরং সেই আঘাত কাপড় ও তেল ক্রেতাদের উপরই লাগছে। অর্থসংগ্রহের জন্য সম্পূর্ণ বোঝা ও'রা জনসাধারণের উপরেই চাপাতে চাইলেন, ক্রেতার উপরেই চাপাতে চাইলেন। কিন্তু প্রশ্ন করি, এই ক্রেতারা কারা? যাদের ও'রা ট্যাক্স বহন করবার জন্য বাছাই করলেন, সেই ক্রেতার গোষ্ঠীকে কি ও'রা জানেন না তাদের অধিকাংশই হচ্ছে গরীব মানুষ। যারা ক্রেতা হয়ে বাজারে আসে তাদের বেশির ভাগই হচ্ছে গরীব জনসাধারণ এবং সেই তাদেরই উপর এ'রা ট্যাক্স বসালেন। বেশীর ভাগ রোজগারী মানুষ, রোজগার যাদের ১০০ টাকার নিচে সেই মানুষের উপরেই ট্যাক্স বসানো হ'ল।

[4-20—4-30 p.m.]

পল্লী-অঞ্চলে বেকার এবং আধা-বেকারের যে জনসংখ্যা আছে, তাদের কথা না তোলাই ভাল। কিন্তু এটা কি ও'রা জানেন না যে, যারা এখানকার ক্রেতা, যে জনসাধারণ বাজারে যায় তারা কারা? ডেপুটি স্পীকার মহাশয়, আপনাদেরও জানার কথা, আপনারাও পাড়া-প্রতিবেশী নিয়ে বাস করেন, এই এ্যাসেম্বলির ভেতরে আপনাদের যে চাপরাসী আরদালী, দারোয়ান ইত্যাদি যারা বাজারে যায় তারা ক্রেতা, আপনাদের অফিসে যে কেরাণীরা আছেন, তাঁরাও ক্রেতা,

–কেন্দ্রীয় সরকারের রাইটার্স বিল্ডিংয়ে যে সব কেরানীরা আছেন তাঁরাও ক্রেতা কিন্তু কত টাকা মাইনে তাদের দেন আপনারা কি তা জানেন না এবং কোনদিন কি হিসাব ক'রে দেখেছেন যে, তাদের মাইনের সঙ্গে বাজারের দরের সঙ্গে সঙ্গতি কোথায় আছে? এই কথা ব'লে কি লাভ যে ইন্ডাস্ট্রিয়ালাইজেশনএর জন্য জিনিসের দাম এইরকমভাবে বাড়বে? প্রফুল্লবাবু সেই সঙ্গে সঙ্গে মানুষের ইনকাম চার্টটা ত দেখান নি। সেই ইনকাম চার্টটা যদি আমি আপনার সামনে তুলে ধরি তা হলে দেখবেন যে, মানুষের পরিশ্রমকে শোষণ ক'রে ইন্ডাস্ট্রিয়াল প্রফিট যেখানে শতকরা ৩০ ভাগ বেড়ে গেল এবং ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন যেখানে শতকরা ৪৩ ভাগ বেড়ে গেল, সেখানে যারা ওয়ার্কার তাদের রিয়েল ইনকাম ১৯৩৯ সালেরই থেকে গেল—তা বাড়ে নি। ১৯৪৮ সাল থেকে একমাত্র চা-বাগান এবং জুট ওয়ার্কারদের সামান্য কিছু বেতন বৃদ্ধি ছাড়া আর কোন ক্ষেত্রে বেতন বৃদ্ধি হয় নি। তাদের ইনকাম সেই একই পর্যায়ে থেকে গেল এবং দ্রব্যমূল্য বেড়ে গেল শতকরা ২১ থেকে ২৫ ভাগ। কিসের সমাজতান্ত্রিক সরকার, আর কোন সমাজতান্ত্রিক কাঠামো উনি দেখাতে চাইছেন? জনসাধারণের জীবনে যে দুর্দশা ও'রা সৃষ্টি করেছেন তা থেকে আত্মরক্ষার জন্য শ্রমিক প্রতিষ্ঠানগুলি থেকে শ্রমিকের মাইনে বৃদ্ধির দাবী করা হয়েছে। কারণ তা না হ'লে তাদের সংসার চলে না। খাদ্যমন্ত্রী তাদের জবাব দিয়েছেন যে, দ্রব্যমূল্য কোরিয়ার যুদ্ধকালীন দামে তো এখনও পর্যন্ত পৌঁছায় নি, সুতরাং নূতন ক'রে মজুরি বাড়ানোর কথা ওঠে না। অবশ্য রিজার্ভ ব্যাঙ্কের হিসাব দেখলে দেখা যাবে যে তারা ১৯৫০-৫১ সালে চালের দাম যেভাবে বেড়েছিল ১৯৫৫-৫৬ সালে তার থেকে ঢের বেশী বেড়েছে। কিন্তু এখানে সেকথা বড় নয়। ইংরাজ সরকার একদিন বুভুক্ষু জনতাকে গাছের পাতা দেখিয়ে বলেছিল যে, "যতদিন এদেশে গাছের পাতা আছে, ততদিন আবার দুর্ভিক্ষ কিসের?" এদেশের মানুষ তার জবাব দিয়েছিল সেদিন। আজ প্রফুল্লবাবুও সেই পণ্যমূল্য বৃদ্ধি সম্পর্কে যে হৃদয়হীন উক্তি করেছেন, তারও জবাব তিনি সেই জনগণের কাছ থেকেই পাবেন। স্যার, আরও একটা বিপজ্জনক ঘটনার দিকে আমরা গত অধিবেশনে এঁদের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছিলাম সেটা হচ্ছে উন্নয়ন প্ল্যানের অর্থসংগ্রহের আর একটা দিক। একটা বিরাট পরিমাণ ঘাটতি বাজেট সরকার উন্নয়ন প্ল্যানের জন্য রেখেছেন এবং বাড়তি নোট ছাপিয়ে বাজেটের এই অর্থ পূরণ করা হবে। প্রথম প্ল্যানেই ইতিমধ্যে ৫৬০ কোটি টাকার বাড়তি নোট চালান হয়েছে, দ্বিতীয় প্ল্যানে আরও ১,২০০ কোটি টাকার নোট ছাড়া হবে। ঘাটতি বাজেটে কতটা পর্যন্ত চলতে পারে বা কতদূর গেলে বিপদ হতে পারে সেইসব আলোচনা করতে চাই না। আমি অর্থনৈতিক বিশেষজ্ঞ নই। কিন্তু সাধারণ বুদ্ধি বা অভিজ্ঞতা দিয়ে এর কুফল সম্বন্ধে খানিকটা আন্দাজ করা যায়। তা ছাড়া, দ্বিতীয় প্ল্যানের আলোচনায় শ্রী দেশমুখ নিজেই পার্লামেন্টে বলেছেন যে, "ঘাটতি বাজেট দীর্ঘদিন চালালে মুদ্রাস্ফীতি যে ঘটবে না এমন চিন্তা অবাস্তব। মুদ্রাস্ফীতির রাস্তা খুব পরিষ্কার এবং এর যে উৎসমুখ খুলে দেওয়া হচ্ছে পরবর্তী সময় তাকে রোধ করা কঠিন হতে পারে এবং বস্তুতঃ সেই ঝুঁকিই আমরা নিতে যাচ্ছি" এটা দেশমুখের কথা। দেশমুখ ছাড়াও বিদেশী অনেক বড় বড় অর্থনীতিবিদরাও এত বেশী ঘাটতি বাজেটের চাপ ভারতীয় অর্থনীতি বহন করতে পারবে না বলে আশঙ্কা প্রকাশ করছেন। তা ছাড়া, সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএই তো বলা আছে যে, জাতীয় আয় যেখানে বাড়বে শতকরা ২৫ পারসেন্ট, সেখানে টাকা বৃদ্ধি ঘটবে শতকরা ৬৬ পারসেন্ট। অর্থাৎ জাতীয় আয়ের সঙ্গে টাকা বৃদ্ধির সঙ্গে কোন সামঞ্জস্য থাকবে না। সুতরাং বলা বাহুল্য যে, মুদ্রাস্ফীতি ঘটবে এবং মুদ্রাস্ফীতি ঘটলে যে অবস্থা জনসাধারণের ঘটে সেটা সকলেরই জানা আছে—গভর্নমেন্টও সেটা জানেন। এটা জেনে তাঁরা ট্যাক্স বসিয়েছেন। মুদ্রাস্ফীতির চাপ জনসাধারণের উপর আসবে জেনেও তাঁরা এই ঘাটতি বাজেট চালু করবার চেষ্টা করছেন। ঘাটতি বাজেটের ফল কি হয়, মুদ্রাস্ফীতির ফল কি ঘটে—আমাদের কি বিশ্বাস করতে হবে যে, গভর্নমেন্ট তা জানেন না। মূল্যবৃদ্ধি প্রতিরোধ কমিটির প্রতিনিধিদের সঙ্গে দেখা করবার সময়ে ও'রা মজুতদারদের কথা তোলেন—চালের দর কেন বেড়েছে, পণ্যমূল্যের দর কেন বেড়েছে ইত্যাদি বলে মজুতদারদের কথা সেখানে আনেন। এও তিনি বলেছেন যে, মজুতদার দেখিয়ে দিলে ও'রা ধরতে চেষ্টা করবেন। কিন্তু সেইসব মজুতদার ধরেই বা কি করবেন, কারণ তাদের সাজা দেবার না কি কোন আইন এঁদের হাতে নেই। কিন্তু শুধু মজুতদারের কথা তুলে লাভ কি? আমি

জিজ্ঞাসা করি যে, মুদ্রাস্ফীতির উৎসমুখই যে, এইসব মজুতদারদের প্রবেশপথ তা কি ও'রা জানেন না? ফাইভ-ইয়ার প্ল্যানএই তো বলা হয়েছে, ঘাটতি বাজেট চালু হলে টাকা ধার দেবার ক্ষমতা ব্যাঙ্ক মালিকদের বেড়ে যাবে। একথা তো প্রফুল্লবাবুর না জানার কথা নয়। ব্যাঙ্ক মালিকদের স্বাধীনতা তো ও'রা খর্ব করতে চান না। রিজার্ভ ব্যাঙ্কের মারফৎ তাদের আয়ত্তে রাখতে পারবেন ব'লে ভরসা করেন। কিন্তু সেই রিজার্ভ ব্যাঙ্ককেই ১৯৫৬ সালের জুন মাসে বলতে হল যে, ব্যাঙ্কগুলো ১৯৫০ সালের বাবদ যেখানে ১১ কোটি ৬৪ লক্ষ টাকা দাদন দিয়েছে সেখানে ১৯৫৬ সালে দাদন দিয়েছে ২৪ কোটি ৬২ লক্ষ টাকা। যারা এই টাকা দাদন নিয়েছে প্রফুল্লবাবু তাদের খুঁজে পান নি। ধান চাল মজুদের জন্যই এ টাকা তারা নিয়েছে তাও উনি জানেন না। প্রোডিউসাররাই ব্যাঙ্কে মজুত রেখেছে বলেই উনি জানেন। এত কোটি কোটি টাকার দাদন ব্যাঙ্ক থেকে দেওয়া হ'ল, সেই কোটি কোটি টাকার ধান চাল কেনা হল—ব্যাঙ্ক সেই ধান চাল দেখেই টাকা দেয়, তা না হ'লে তারা টাকা দেয় না। অথচ এই মজুতদারদের উনি ধরতে পারেন নি, তাদের নাম ঠিকানা জানা নেই বলে! অথচ ও'দের মালিকগোষ্ঠীর মুখপত্র "ক্যাপিটাল" ২৮এ জুন লিখল—গত বছরের তুলনায় ব্যাঙ্ক-গুলোর হেফাজতে এবছর চাল জমা বেড়েছে প্রায় ডবল এবং গম জমা বেড়েছে প্রায় শতকরা ৫০ ভাগ। এবং ঐ ক্যাপিটালই লিখছে যে, গত বছরের তুলনায় চালের দাম বেড়েছে প্রায় ৩০ পারসেন্ট, ডালের দাম বেড়েছে ৫০ পারসেন্ট, আর ঘাটতি বাজেটের ফলে ইতিমধ্যে মজুতদারী শুরু হয়েছে এবং গভর্নমেন্টের এটাকে থামান উচিত। এটা কম্যুনিস্ট পার্টি বলছে না, "ক্যাপিটাল" পত্রিকাই বলছে। স্যার, আমরাও এই আশঙ্কাই বরাবর প্রকাশ করেছি। মুখ্যমন্ত্রী মজুতদারদের ঘাড়ে দোষ চাপিয়ে ভাল মানুষ থাকতে চান কিন্তু ও'রাই মজুতদারদের প্রশ্রয় দিচ্ছেন। এখন কারা ব্যাঙ্কমালিক, কিভাবে তাঁরা টাকা দিচ্ছেন, কাকে টাকা দিচ্ছেন তা কি তাঁরা জানেন না ও'রা যে ও'দেরই স্বগোষ্ঠী। তাঁদেরই বিশ্বস্ত ভৃত্য হিসাবে ও'রা এখানে আছেন, সুতরাং তাদের যে চেনেন না, তা ত' নয় এবং তাদের হাতে কত চাল আছে তা যে জানেন না একথা তো বিশ্বাস করবার নয়। আমরা কি সরকার এবং মজুতদারকে আলাদা ক'রে দেখব? সরকারী মুখোসের তলায়ই তো তারা বাজারে আছে এবং সরকার ও মজুতদার তো অঙ্গাঙ্গীভাবে জড়িত। তাই এদের আমরা পৃথক ক'রে দেখি না। মজুতদারদের ও'রা ধরিয়ে দিতে বলছেন।

[At this stage blue light was lit.]

আর স্যার, ৫ মিনিট সময় লাগবে। মজুতদারদের ও'রা ধরিয়ে দিতে বলছেন, কিন্তু ধরিয়ে দিয়েই বা কি হবে? কারণ এই ত সেদিন মজুতদারের চাল রাখা বন্ধ করতে গিয়ে দু'জন কৃষক গুলী খেয়ে প্রাণ দিল। প্রফুল্লবাবুকে জিজ্ঞাসা করি যে, সেই মজুতদার সম্পর্কে ও'রা কি কোন স্টেপ নিয়েছেন? কি স্টেপ নেবেন তাকে কি "ল্যাম্প-পোস্টএর ফাঁসিকাষ্ঠে" ঝোলাবেন? তাদের জন্যে কি শাস্তির বন্দোবস্ত করতে পারেন সেটা ও'দের এখানে দাঁড়িয়ে বলা উচিত। এ'রা সমস্ত দোষ অপরের ঘাড়ের উপর চাপিয়ে দিয়ে রেহাই পান। দাম বাড়ল কেন? কেন্দ্রীয় সরকার যে ট্যাক্স বসিয়েছে, মুদ্রাস্ফীতি ঘটেছে দেশময় ঘটিয়েছেন, অতএব এর জন্যে ও'রা কি করবেন। মজুতদার মজুত করেছে, ও'রা কি করবেন, ইউ-পি গভর্নমেন্ট ইউ-পি থেকে তেলের দাম বাড়িয়েছেন, ও'রা কি করবেন, পাকিস্থানে চাল পাচার হওয়ার জন্যে ও'রা কি করতে পারেন? অতিবৃষ্টি, অনাবৃষ্টি বা বন্যার জন্য ও'রা কি করবেন। পশ্চিম-বঙ্গ সরকারের বৈশিষ্ট্যই দেখছি যে, প্রত্যেকটি ঘটনাকে অপরের কাঁধে চাপিয়ে দিয়ে নিজেরা রক্ষা পাবার চেষ্টা করেন। কিন্তু এই ধরনের বোকা সেজে কোন লাভ নেই, ন্যাকামির একটা সীমা থাকা উচিত। কংগ্রেস দল একটাই, আলাদা ত' নয় এবং আমরা ত কেন্দ্রীয় সরকার আর বাংলা সরকারকে আলাদা করে দেখি না। অতএব ও'দেরই সরকার যেখানে সেখানে বন্দোবস্ত কেন ও'রা করতে পারছেন না? কেন এই কংগ্রেস সরকার মজুতদারদের সায়েস্তা করতে পারবেন না? ও'রা বলেন পাকিস্থানে চাল পাচার হচ্ছে, কিন্তু পাকিস্থানে চাল পাচার হচ্ছে কেন? গত বাজেটের সময় যখন পুলিশের জন্য বেশি অর্থ বরাদ্দ করতে হয়, তখন একটা লম্বা ফিরিস্তি দিয়েছিলেন যে, আমাদের বিশাল বর্ডারএ পাহারা দিতে হয় ব'লেই অনেক বেশি পুলিশের দরকার হয়। কিন্তু হয় সেখানে পুলিশ না দিয়ে টাকা নষ্ট

করেছেন, আর না হয় সেখানে যে পুলিশ দিয়েছেন তারাই সেই চাল খাচ্ছে। অতএব তাঁরা পুলিশের জন্য খরচ নেবেন, চালও পচাব হবে- এটা এ্যাসেম্বলিতে দাঁড়িয়ে বলা যায় না। দে ক্যানট হ্যাভ বোথ ওয়েজ।

স্যার, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হল, দ্বিতীয় প্ল্যান সুরু হচ্ছে। এ'রা ঘোষণা ক'রেছিলেন যে, খাদ্যসংকট প্রায় সমাধান এ'রা করেছেন, কিন্তু দুটো বছর পার না হ'তেই এর মধ্যে খাদ্যের ঘাটতির কথা এ'রা ঘোষণা করছেন। অস্ট্রেলিয়ায় এই বছরেই গমের অর্ডার দিতে হয়েছে : ৩ লক্ষ ৪০ হাজার টন খাদ্য আমদানীর জন্যে অর্ডার তাঁরা দিয়েছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তাঁরা বলেছেন যে, ২৪০ কোটি টাকার খাদ্য আমদানি করতে হবে। প্রথম প্ল্যানে অন্ততঃ খাদ্যসমস্যার সমাধান হবে, যে কৃষিকার্য করেছেন তার দ্বারা অন্ততঃ খাদ্য দিতে পারবেন -একথা ও'রা বলেছিলেন এবং আমরা শুনে একথা বিশ্বাসও ক'রেছিলাম,

[ 4-30—4-40 p.m. ]

কিন্তু আজকে দেখছি তাও নয়। কারণ আবার সেই খাদ্য আমদানী করতে হচ্ছে। এখানে যে বেসরকারী প্রস্তাব তোলা হয়েছিল (যার উনি কদর্থ করার চেষ্টা করেছেন) তার অর্থ ছিল এই যে, যখন চালের দাম নেমে গেল কৃষকের ঘরে চালের দাম যখন নেমে যাচ্ছিল তখন এই কথাই বলা হয়েছিল সরকার যদি কিছু স্টক করেন এবং যদি দুর্দিন আসে তা হলে সেই স্টক দিয়ে দেশকে বাঁচান যাবে। প্রফুল্ল-বাবু কি জানেন না যে, সেই বর্ধিত দর কৃষকরা পায় নি সেই বর্ধিত দর জনসাধারণ পান নি। সেই চাল কিনে যারা বাইরে রপ্তানি দিয়েছে তারা হচ্ছে এই দেশের ব্যবসাদার। গভর্ন-মেন্টের ঘরেও সেই টাকা আসে নি আর কৃষকদের ঘরেও সেই টাকা যায় নি। এই দুর্দিনের বাজারেও তাঁরা ১৯৫৭ সালে ১১ হাজার টন চাল বাহিরে চালান দিলেন, ১৯৫৫ সালে ১ লক্ষ ৯৫ হাজার টন চাল মালিকদের মারফতে তাঁরা রপ্তানি দিয়েছেন। এই টাকাটা কৃষকরা পায় নি, এই টাকাটা মালিকদের ঘরে গেছে। দেশের খাদ্য আমাদের দেশ থেকে চলে গেল, আর খাদ্যসংকটের সময় সরকার খাদ্য দিতে পারছেন না। এবং এই খাদ্যই আবার বাহির থেকে চড়া দরেই সরকারকেই কিনে খাওয়াতে হচ্ছে। দেউলিয়া অর্থনীতি এ ছাড়া আর কাকে বলা যায়। এইভাবে যদি খাদ্যসমস্যার সমাধানের পথে ও'রা চলেন তা হ'লে কিছুই হবে না। স্যার, আজ প্রফুল্লবাবুর বক্তৃতা শুনে আরও পরিষ্কার হ'ল যে, এই সমস্যার সমাধানের জন্য আর কোন পথ জনসাধারণের সামনে নেই, একমাত্র আন্দোলন ছাড়া আর কোন পথ নেই। কারণ সহজে ও'দের কাছ থেকে যে কোন জিনিস পাওয়া যাবে না তা জানি এবং এটাও জানি যে, ও'রা আন্দোলন পছন্দ করেন না। হরতাল বা ধর্মঘট করলে ও'রা তাকে মনে করেন অগণতান্ত্রিক উচ্ছৃংখলতা, কিন্তু ও'রা বলুন কোন্ পথ জনসাধারণের সামনে খোলা আছে? যে জনসাধারণ আজ এখানে জমায়েত হতে যাচ্ছেন, আইনসভার সামনে আসছেন, ২০।৩০ মাইল দূর থেকে যাঁরা পায়ে হেঁটে আসছেন তাদের যদি পকেটে পয়সা থাকত, ঘরে যদি খাবার থাকত, তা হ'লে তারা এইভাবে আসত না। আন্দোলন লোকে কি শখ ক'রে করে, না পেটের দায়ে করে? সেইসব মানুষের কাছে একমাত্র আন্দোলন ছাড়া ও'রা আর কোন্ পথ খোলা রেখেছেন এবং আমাদের ধারণা যে, তুমুল আন্দোলন ছাড়া আর কোন গত্যন্তর নেই। অতএব পণ্যমূল্য বৃদ্ধি যদি রোধ করতে হয়, গভর্নমেন্টের দেউলিয়া নীতিকে যদি পরাস্ত করতে হয় তাহ'লে যে জনসাধারণের মাথার উপরে ও'রা যে বর্তমান বোঝা চাপিয়ে দিয়েছেন সেই বোঝা নামিয়েই জনসাধারণকে বাঁচতে হবে, প্রফুল্লবাবুদের বোঝা নামিয়ে দিয়ে এই জনসাধারণকে বাঁচতে হবে এবং সেই বাঁচার পথে জনসাধারণকে অগ্রসর হতে হবে। আজকে যে জনসাধারণ আইন সভার সামনে পণ্যমূল্য বৃদ্ধির প্রতিবাদ জানাতে আসছেন এ শুধু সেই আন্দোলনের সূত্রপাত, এবং এই আন্দোলন বিরাট, বিশাল ব্যাপক হয়ে উঠলেই ও'দের এই সর্বনাশা নীতিকে, জনসাধারণকে মেরে ফেলার নীতিকে পরাস্ত করা যেতে পারে—অন্য পথে নয়।

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:** Mr. Deputy Speaker, Sir, I associate myself with all that has been said by Sj. Hemanta Kumar Basu and Sjkta. Mani Kuntala Sen.

Sir, I would like to point out an injustice that is being done to the Opposition in such important discussions as these. The Food and Relief Minister was to make a statement. We were given notice of that a few days ago, but until he completed reading out his statement it was not circulated to us. What we gathered from the statement that he read out is that he travelled from Korea to Calcutta; he cited many figures from here and there but we were not given an opportunity to check all that. If we could get those figures a little earlier we could have shown before this House how inconsistent they are when compared with his previous statements on such issues. We hope that in future the Ministers will take the trouble of circulating their statements in time so that the Opposition can get proper opportunity to comment upon the same. It is not that the Minister gave an *ex tempore* speech; he read out a statement; it must have been prepared from before. I want to hear from him why did he not circulate the statement to the members of the Opposition earlier.

About the rise of prices of commodities, he has not placed correct figures before the House. He has given lower figures than what we get at the market. Further, he has no doubt dealt with foodgrains, pulses and mustard oil, but he has not said anything about the increase in prices of cloth and coal. He would of course say that cloth is not a foodstuff and it is not within his purview; but when the question was one of rise of price of essential commodities he should have taken care to deal with these matters. In our view there has been an increase all through in living cost amounting to 25 per cent. over the figure of January this year.

He has referred to a resolution moved by some members of the Opposition when really the price of the crop abnormally came down, but why did he refer to that resolution? Was that resolution accepted by the House? No, it was not. Did he act up to that resolution? No. It was silly of a Minister to refer to a resolution when he did not act up to that. He has told us that the national income has increased, and this he has inferred from applications made to him for cement and steel. Who could make these applications? A common man or a rich man? A rich man who would look up to him for undue patronage. It is the rich men who have applied for cement and steel for further construction of houses—not the poor men—nor even the মধ্যবিত্ত শ্রেণী। So, that cannot be the standard from which he can assess the increase in the national income of the people.

We have a grievance about hoarding and black-marketing. Our Government have all through felt shy to deal suitably with the hoarders and the blackmarketeers. Is it because they are in company with them?

[4-40—4-50 p.m.]

What is there to prevent them to take drastic steps to book the hoarders and to inflict exemplary punishment on the blackmarketeers? They will never do it. They are asking the people to give them information about hoarders. Are they not aware of them? Would they have any effect on them? Is it not a fact that in spite of responsible police officers informing the Minister about incidents of hoarding, he has not taken any steps for reasons best known to him? He must effectively deal with hoarding and black-marketing cases before he can come and say anything in support of his case. We wondered when we found the Food Minister at the Centre making a statement that he would combat the hoarders by fresh and further supplies at higher costs. It

by seizure of the hoarded goods. But what would he do? He would bring in more supplies so that the hoarders might get exasperated. It is funny, it is ridiculous, it is stupid. Sir, there are huge stocks of hoardings. He has enough police strength at his disposal and we hope that he will take immediate steps to hold up those hoarded goods. If he will do it, I can tell you, Sir, the price will come down. It is our Government which by its inefficiency and incompetence has given rise to this situation.

Sir, the Minister has boasted about the opening of fair price shops. He might have provided some of his people with his patronage but those shops are not properly run and proper supplies are not being made through them. Most of the foodgrains that are supplied from these fair price shops are below the normal standard and in some cases are not at all eatable. The fair price shops so far opened are quite inadequate. It is no use opening fair price shops if proper rice is not sold at proper prices through these shops. If you really intend to alleviate the difficulties of the people it won't do by your only saying that "I have opened so many shops". You must keep constant vigilance over those shops. You must see for yourself that proper rice at proper price is sold through those shops. Sir, it is really a calamity for West Bengal that such things should happen so often. It is due to the fact that the Government is not tackling any problem efficiently. They have no control over their own people, I mean, the department. Had it been so things could not have been so worse as they are. They are only looking after their own interest, their election, election propaganda and so forth. The other day we were amused to find that our Irrigation Minister had got himself photographed and published in the newspapers before he actually launched upon a relief work for which he had been to the muffasil only recently. (An Hon'ble Member: Question.) It is no use questioning me. The whole world knows it. That is what is happening. You are there to do your duty. You are being paid by the people for it, not that you are doing anything gratuitously. But why before you take upon the work, you take the newspaper photographer with you and get your picture published in all the newspapers as if you are doing something new, something wonderful? Sir, I can tell this House that food crisis, famine and flood are going to be permanent features in this country, unless you can get rid of the inefficient and ominous Ministers as the Food and Relief Minister appears to be.

**Sj. Haripada Chatterjee:**

সহ সভাপতি মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয়ের বোধ হয় আরামবাগের কথাটা মনে নেই? সেখানকার গ্রামের কথা? এখন কি মাস মনে আছে কি? এখন আষাঢ় মাসের শেষের দিক। চাষীর ঘরে কিছু নেই, তারা কিনে খাচ্ছে। ওই যে পুরাতন দিনের একটা রেজলিউশন পড়ে খুব বাহাদুরী করছেন, দেখাচ্ছেন খাদ্যশস্য দাম বাড়লে চাষীর খুব লাভ। ঐ রেজলিউশনএ ও খাদ্যশস্যের দাম বাড়াতে বলা হয়েছিল। খাদ্যশস্যের দাম বেড়েছে অতএব চাষীর খুব লাভ হচ্ছে, এই বলে দিলেন ভাঁওতা। মনে ভাবছেন ওতেই সব হয়ে গেল। নাটকীয় ভঙ্গীতে বেশ তো বললেন, আজকাল উনি আবার সুন্দর চোস্ত ইংরাজী বলতে পারেন। আজ গরীব চাষীর কথা বিলকুল ভুলে গিয়েছেন। আষাঢ় মাসে চাষীর ঘরে ধান চাল থাকে না। তাকে কিনে খেতে হয়। একথা একেবারে ভুলে গিয়েছেন। খাদ্যশস্যের দাম বাড়লে চাষীর এখন লোকসান। লাভ বড় বড় চো[illegible] যারা খাদ্যশস্য মজুত করেছে। আজকাল উনি অন্য ব্যাপারে থাকেন, অন্যলোকের সঙ্গে সঙ্গ করেন। ও'র গুণগরিমা সবাই জানে। [হাস্য] খাদ্যমন্ত্রীর পরিবর্তনেই সবচেয়ে আশ্চর্য হই, কারণ এক সময় জানতাম উনি একজন জনসাধারণের লোক, কিন্তু এখন ডাঃ বিধানচন্দ্র রায়ের সঙ্গে পরিপূর্ণভাবে ভীড়ে গেছেন। একদিন এখানে আমি বলেছিলাম ও'দের মধ্যে একটি মাত্র পুরুষ আছে, বাকী সব নারী। উনি যদি ছেলে না হতেন তা হ'লে বলতাম সী ইজ ক্যারিয়িং। ব্যক্তিত্ব বলে কোন জিনিস ও'র নেই প্রধানমন্ত্রীর শ্রীচরণে সব সঁপে দিয়েছেন, এই পর্যন্তই থাক, আর কিছু বলব না। প্রবাদমূলা বুদ্ধির দুটো

কারণ—একটা হ'ল ইনফ্লেশন, অন্যটি হ'ল ব্ল্যাক-মার্কেটিং—ইনফ্লেশন সম্বন্ধে এখানে বিস্তারিত আলোচনা হয়েছে। ইনফ্লেশনএর ব্যাপারে ও'রা কিছু করতে পারেন না। ও'র কি ক্ষমতা আছে পণ্ডিত নেহরুর কাছে গিয়ে তাঁর নীতি বদলানর? ডাঃ বিধান রায়েরও তা ক্ষমতার বাইরে। কিন্তু দ্বিতীয় কারণটি অর্থাৎ ব্ল্যাকমার্কেটিং বন্ধ করার কাজটা ত' ও'রা করতে পারতেন। তা কিছুতেই করবেন না। সকলেই জানে ব্ল্যাকমার্কেটিয়ার্সদের সঙ্গে ও'র এখন যোগ—তাদের কাছে টাকা পান, তাদের সঙ্গে থাকেনও। উনি বলতে পারেন খাদ্যমন্ত্রী হিসাবে তিনি ব্ল্যাকমার্কেটিং ইত্যাদি বন্ধ করার জন্য কোন আইন এখানে এনেছেন? প্রফুল্ল ঘোষ মহাশয় একটা আইন এনেছিলেন। সেটা যখন সেণ্টারএ গেল বলা হ'ল এটা ওটা অদল-বদল করুন এবং তাই করে আইনটা পাশ করা হয়েছিল। কিন্তু এ'দের আমলে ১৯৪৯ সালে সেটা রিপীল করা হ'ল, বলা হ'ল ব্ল্যাকমার্কেটিং ধরবার দরকার নেই। আমি যদি বলি তাদের সঙ্গে খাদ্যমন্ত্রী থাকেন এবং এই ব'লে তাঁর বিরুদ্ধে পজিটিভ চার্জ আনি তিনি কি তা অস্বীকার করতে পারবেন? দুইজন ব্ল্যাকমার্কেটিয়ার্স ধরা পড়েছিলেন—নাম করতে নেই—নাম করব না—শ্রীআশুতোষ ঘোষ এবং শ্রীপান্নালাল সরোগী—দুইজনই এখন কাউন্সিলএ গিয়েছেন। একজন কংগ্রেস মেম্বার্স দ্বারা ইলেক্টেড, আর একজন হচ্ছেন নমিনেটেড। তা হ'লে বুঝুন কার সঙ্গে ও'রা রয়েছেন।......

[4-50—5 p.m.]

কি ক'রে তাঁরা ওদের দমন করবেন? ব্ল্যাকমার্কেটিং যদি দমন করতে না পারেন তা হ'লে কি কখন তাঁরা সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা আনতে পারবেন? ব্ল্যাকমার্কেটিয়ার্সদের কার্যকলাপ চাক্ষুষও দেখেছি—আমাদের নদীয়া জেলায় এইসব বড় বড় চোরকারবারীরা সকলে মিলে ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে চাল কিনে রাখছে। পূর্বের দিনে স্বাধীনতা আন্দোলনের সময় তারা আমরা কেউ গেলে ঘরে খিল দিত। এখন আমরা কংগ্রেস ছেড়েছি ওরাই কংগ্রেসে ঢুকেছে। মন্ত্রীগণ মফঃস্বলে গেলে ওদেরই বাড়ীতে ওঠেন খানা খান তাদের সঙ্গে। তাদের সঙ্গে থাকেন, আর তারাই ব্যাঙ্কের টাকায় চাল কেনে। চাষীরা যখন ৫ টাকা ছোলার দর ওঠে তখনই তা বিক্রি করতে বাধ্য হয়, আর ও'রা সেটা বিক্রি করেন ১৫।২০ টাকা যখন দর হয়—এই কিছুদিন আগেও ১০।১২ টাকায় করেছেন, অথচ চাষীরা ৫ টাকার বেশি পায় না। কাজেই এখানে যে কথা বলা হচ্ছে যে, চাষীরা দাম পাচ্ছে না সেটা কি অন্যায় বলা হচ্ছে? আমরা ত তাই বলছি যে, চাষীরা তাদের উৎপন্ন জিনিসের ন্যায্য দাম পাচ্ছে না, সেইজন্যই ত ফিক্সেশন অফ প্রাইসেস-এর কথা বলা হয়েছে। এমন কি কৃষ্ণমাচারী পর্যন্ত বলেছেন, চাষীর উৎপন্ন শস্যের রক বটম প্রাইস ফিক্স করা দরকার। তাই বলছি যে, সব জিনিসের রদবদল করতে হবে। সরকারকে এখন চাষী-দরদী হতে হবে, জনসাধারণের কল্যাণে কাজ করতে হবে। আমি আগে সেন্ট্রাল জুট কমিটিতে ছিলাম। সেখানকার নীতি দেখতাম মিলমালিকদের পক্ষে, পাট-চাষীর পক্ষে নয়। ট্রান্সপোর্ট কমিটিতে ছিলাম, সেখানেও দেখলাম যে কাজ হয় তা পাটচাষীর প্রতিকূলে। আই, জে, এম, এ, অর্থাৎ ইন্ডিয়ান জুট মিলস এসোসিয়েশন টপ প্রাইওরিটিতে রেলের ওয়াগনগুলি দখল করতেন। অথচ জেন্টলমেন্স এগ্রিমেন্ট ক'রে পাট কেনা বন্ধ করতেন। ওয়াগনগুলিও ব্যবহার করতেন না। অন্যদেরও ব্যবহার করতে দিতেন না। তাঁরা এক অর্ডার দিলেন—টপ প্রাইওরিটি সব ওদের, যত ওয়াগন সব ওরা পাবে। ইন্ডিয়ান জুট মিল এসোসিয়েশন পাবে, বেলাররা পর্যন্ত ওয়াগন পাবে না। অন্য কেউও পাবে না। পাট আসতে লাগল স্টেশনে, চাষীরা ঘরে পাট মজুত ক'রে রাখতে পারে না, তাই বিক্রি করার জন্য পাট তারা আনে, কিন্তু কিনবে কে? জেন্টলমেন্স এগ্রিমেন্ট হয়ে গেছে। ওয়াগন ছাড়বে না, অন্যকেও ওয়াগন ব্যবহার করতে দেবে না। ডগ ইন দি মেঞ্জার পলিসি, ছানি নিজে খাবে না, গরুকেও খেতে দেবে না, গরুর নাদায় কুকুর বসে আছে। আমরা সেটার প্রোটেস্ট করেছিলাম; তাতে আমাদের সেন্ট্রাল জুট কমিটি থেকে নাম কেটে দিলেন। নমিনেটেড মেম্বার ছিলাম। গ্রোয়ারদের রিপ্রেজেন্ট করতাম পরের বার আর নমিনেশন দিলেন না। ট্রান্সপোর্ট কমিটিতে যখন প্রোটেস্ট করেছিলাম তখন সেক্রেটারী আমাদের বলেন যে, গভর্নমেন্টের পলিসিই এই যে, টপ প্রাইওরিটি আই, জে, এম, এ, কে দিতে হবে। আই, জে, এম, এ, এইভাবে যতজনেক ক্রিয়েট ক'রে একসঙ্গে চাষীদের ১৫।২০

কোটি টাকা ঠকিয়েছে কিছুদিনের মধ্যে। এই ত কারবার। সুতরাং চাষীকে কিছু দাম দেওয়া হ'ক বললে বড় অন্যায় হয়, না? চাষীর প্রতিনিধি চাষীদের পক্ষে কথা বললে মন্ত্রীরা বিরক্ত হন, প্রতিনিধিকে পুনরায় মনোনীত করেন না। বড়লোকদের জন্যই সরকারী নীতি। সরিষার তেল সম্বন্ধে নিজেরাই স্বীকার করছেন যে, আমরা এক আনা ক'রে বাড়িয়েছি। এক আনা সের প্রতি বাড়ালে ২৷৷০ টাকা মণ প্রতি বাড়ে; কিন্তু সেরে ৷৷৵০ আনা বাড়ে কেন? কি তার ব্যবস্থা করছেন? যারা বাড়ায় তাদের ধরুন; তা না ক'রে উল্টে তাদের সাহায্য করতে যাচ্ছেন—সাবসিডী দিচ্ছেন মিলকে। কেন মিলকে সাবসিডী দেবেন? সরিষা কিনে আনুন না, সেই সরষে সাবসিডী দিয়ে যারা ঘানি চালায় তাদের দিন না। সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা করতে হবে, আরও কত কি করতে হবে। দরিদ্র ঘানিওয়ালাদের বাঁচাতে এটা পারেন না? খাদ্যমন্ত্রী হয়ে ব'সে আছেন! আগে ত' জনসাধারণের কর্মী ছিলেন; তখন ত' পায়ে হেঁটে গ্রামে যেতেন। এখন আর পায়ে হেঁটে চলেন না, মোটর কারে চ'ড়েই চলেন। কাজেই এখন আগের দিনের কথা ভুলে গিয়েছেন। কেন, সরিষা আনুন না, ঘানিওয়ালাদের সাবসিডী প্রাইসএ দিন না, আপনারা মিলকে কেন দেন? কটা মিল আছে? বড় বড় লোককে কেন দেন? তেলামাথায় তেল দেওয়া কেন? ১৷৷০ টাকা তেলের দাম ছিল, এক আনা না হয় বেড়েছে, তাতে সেরকরা দশ আনা বাড়ে কেন? আপনাদের যদি ট্যাক্স আদায় করতে হয় তাদের কাছে করুন। শুধু এক আনা বাড়লে বুঝতাম, দেড় টাকা দর ছিল তাকে এক টাকা ন' আনা করুন, সেখানে দশ আনা বাড়ায় কেন? দাম সেরপ্রতি দু' টাকা দু' আনা ক'রে কেন? নিজে বলছেন সেকথা অথচ প্রতিকার করেন না কেন? না পারেন চ'লে যান। ওখানে আলো ক'রে ৩০ জন ব'সে আমাদের কি চেহারা দেখাচ্ছেন? কি প্রয়োজন ওখানে থাকবার? সব "প্রহারেণ ধনঞ্জয়" করা দরকার। ওখানে ব'সে বাংলাদেশের কি উপকার করছেন! আজ অগণিত বুভুক্ষু নরনারী খেতে পায় না। রেলে চলা যায় না, এমন অবস্থা হয়েছে। ভিখারীর দল বেশী হয়েছে। আমি একবার গিয়েছিলাম থার্ড ক্লাশএ প্যাসেঞ্জার ক'রে, আর ভিখারী ক'রে। দেখলাম একটা কামরায় ভিখারী বেশী প্যাসেঞ্জারের চেয়ে। চারিদিকে যত সব অগণিত ভিখারীর দল। আর এখানে ওঁরা সব ব'সে আছেন ৩০টা মন্ত্রী হয়ে মুখে লম্বা লম্বা বড় বড় কথা। ডেভেলপমেন্ট করবেন বলছেন। কি ডেভেলপমেন্ট করবেন? ডেভেলপমেন্ট করছেন নিজেদের। সব সেলফ ডেভেলপমেন্ট স্কীম। (হাস্য।) মূল্যবৃদ্ধির গোড়ায় যাবেন না। দোকান খুলিয়ে সব কমাবেন!

আজ কয়লার দাম বাড়িয়েছে, কেননা মজুরদের মজুরি বেড়েছে এই অজুহাতে। অথচ মালিকেরা ত' প্রচুর প্রফিট করছে, ডিভিডেন্ড পাচ্ছে সেসবের বেলা কিছু হল না। হাত পড়ল সাধারণ মানুষের উপর। কয়লার দাম বেড়ে গেল, এখন দিতে হবে ক্রেতাদের। এ কি ব্যাপার! দরিদ্র মজুরেরা মজুরি বাড়াবার কথা বলতে পারবে না, মজুরি বাড়াবার কথা বললেই এসে পড়বে ক্রেতাদের উপর। যারা প্রফিট করছে, বড় বড় মাহিনা পাচ্ছে, তারা টাকা কমাবে না। এ জিনিস কতদিন চলবে দেশে আমি তো ভেবে পাই না যে, কতদিনে এই সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা হবে এই চালে চললে? এ যেন ফ্রেন্সদার বনভূমি তৈরি করার ব্যাপার। তিন হাজার বর্গমাইল জমিতে অনাবাদী, অনাবাদের অযোগ্য, পতিত জমিতে। কিন্তু করা হচ্ছে বছরে তিন বর্গমাইল করে, তিন বর্গমাইল ক'রে ক'রে তার মানে এ করতে ১ হাজার বছর হয়ত লাগবে। এই হ'ল কংগ্রেসের সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা, এ যে কতদিনে কত হাজার বৎসরে হবে কে জানে!

আমরা কেবল মন্ত্রীদের দেখি ভাল ভাল ছবি। সভাপাল মহাশয়! এই ছবিখানা দেখুন! সোজ. সাম পিকচার। এ আমার বন্ধুদের ছবি। সরকারী পয়সায় ছাপা। রিলিফের বিবরণ যে ভাবে আছে তাতে ছাপা। জ্ঞানাঞ্জন নিয়োগী ছবি দেখাতেন "মা এই ছিলেন, মা এই হলেন"—তাঁর ম্যাজিক ল্যান্টার্নে, আর আমরা দেখছি আমাদের খাদ্যমন্ত্রী এই ছিলেন, এই হয়েছেন। কেন এই গরীবদের পয়সা এরকম ক'রে নষ্ট করছেন, এইরকম সুন্দর ছবি ছেপে? এ রকম করার কি দরকার? এই পয়সাগুলি রিলিফের কাজে খরচ করলেই হত। এরকম মতিগতি হ'ল কেন? আমার অন্ততঃ উনি বন্ধু লোক। কিন্তু আজকাল ওঁর বাড়ীতে গেলে যদি কখন আমি সেখানে উপস্থিত হই তাঁর সাক্ষাৎ মেলা ভার। দেখি যে কী ভিড়!

কাদের? ঐসব মাড়োয়ারী মাথায় সাদা গান্ধী টুপি নিয়ে ভিড় করছে? এ চলবে কত দিন? কথা হচ্ছে, এই রাইজিং প্রাইসেসএর জন্য সম্পূর্ণ দায়ী সরকার। এখানে সব বাড়াবাড়ি দিয়ে বক্তৃতা দেওয়া হ'ল "টন, টন"—কত সব টন ছিল, এইসব শুনে ত আমাদের পেট ভরে গেল [হাস্য]। চালের দাম যেমন ছিল তেমনি আছে এই বুঝোচ্ছেন, অথচ লোক খেতে পাচ্ছে না। এ যেন ফরাসী বিপ্লবের সময় যেমন রাজারা বলেছিলেন—

people are hungry, let them eat grass messieurs must be happy.

এই মন্ত্রীরাও সেই "ম'সীয়ে"র দল। তাঁরা ছিলেন "ম'সীয়ে", আর এ'রা হলেন "মহাশয়েরা"। এ জিনিস চলবে না বেশী দিন। আজ রিলিফের কথা বলতে গেলে বন্ধু খাদ্যমন্ত্রী সেখানে যে অনাচার করছেন সে কথা এসে পড়ে। সরকারী অর্থ ভোট সংগ্রহের কাজে ব্যবহৃত হয়। এর আগে দৃষ্টান্ত দিয়ে সেসব কথা এখানে বলেছি। সামনে ইলেকশন আসছে আবার সেই খেলা হবে। আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে বলছি, সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা করার কোন ইচ্ছাই এ'দের নেই। আমি ত দলমত নির্বিশেষে সকলের আশীর্বাদপ্রার্থী হয়ে দাঁড়িয়ে স্বতন্ত্র সভ্য হয়েছি। সমাজতান্ত্রিক সমাজব্যবস্থার কাজে সহযোগিতা দিতে গিয়ে দেখি কত গণ্ডগোল। মৎস্যজীবিদের সমবায় করা নিয়ে নদীয়ায় [illegible] খেলা চলছে। লোক্যাল বডিগুলি ছিল না, দেখি একটা সেন্ট্রাল বডি হয়ে গেছে। আমি মৎস্যজীবিদের জন্য একটা কো-অপারেটিভ করতে চেয়েছিলাম। যাতে দরিদ্র মৎস্যজীবিগণ সমবায় সমিতি মারফৎ খাল বিলগুলি বন্দোবস্ত পায় এবং দালালদের হাত থেকে রক্ষা পায় কিন্তু মৎস্যজীবিদের বোগাস সেন্ট্রাল কো-অপারেটিভ তা হ'তে দেবে না। এই সেন্ট্রাল কো-অপারেটিভএর মধ্যে দেখি একটা প্রকাণ্ড দল, তিনি জেলার এক বিশেষ ব্যক্তি তিনিই মৎস্যজীবীদের প্রেসিডেন্ট। আর একজন, নাম ক'রে বলব না, আমার কনিষ্ঠ ভ্রাতার তুল্য, এই হাউসের সদস্য, তিনি তার সম্পাদক। দু'জনের কেউই জীবনে কোনদিন মাছ ধরেন নি, ধরে দিলে খান। এ'রা সব খাল বিল বন্দোবস্ত নিয়ে রাজনৈতিক পেট্রোনেজ বিলি করছেন। এই করে কি সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা হবে? আমার ঐ মৎস্যজীবীদের সমবায় গড়ার ব্যাপারটির কথা কিছু বলি। রেজিস্ট্রী ক'রে দেবার চেষ্টা করলে এখান থেকে প্রথমে মৎস্য বিভাগের ডিরেক্টর গেলেন। তিনি নিজের প্রাইভেট গাড়িতে গেলেন, সরকারী জিপে গেলেন না। বোধ হয় তাতে টি. এ. বেশী হবে। তিনি একবার এনকোয়ারি ক'রে গেলেন। তারপরে এ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার সরেজমিনে নিজে এনকোয়ারি করলেন। এনকোয়ারির পর এনকোয়ারি। তার পরে শুনলাম আমার ওটা রেজিস্ট্রী হবে না। তিনি ঠাট্টা ক'রে আর একজনকে ব'লেছেন যে, হরিপদ বাবু আবার রেজিস্ট্রী করবেন! আমি একজন স্বতন্ত্র সদস্য, ভাল মনে ক'রে প্রকৃত মৎস্যজীবীদের কো-অপারেটিভ তৈরির চেষ্টা করেছিলাম, কিন্তু দেখলাম এখানেও রাজনীতির খেলা ঐ সেন্ট্রাল কো-অপারেটিভএর সুপারিশ না হ'লে কারুর কিছু হবে না। পিছনে কলকাঠি নাড়ছেন কংকরমণি খাদ্যমন্ত্রী যিনি স্বয়ং কো-অপারেটিভএর মন্ত্রী। আরও অনেক ব্যাপার আছে, কিন্তু সেসব কথা আর এখন বলব না।

[5- 5-30 p.m.]

আমার মনে হয়, যদি সকলে মিলে দেশকে তৈরি করতে চেষ্টা করতাম, তবে দেশকে বাঁচাতে পারতাম। আজ দেশের এমন অবস্থা যে, একটা পার্টির পক্ষে সমস্যা সমাধান করা সম্ভব নয়। খাদ্য-সমস্যা, বস্ত্র-সমস্যা, গঠনমূলক কাজের দ্বারা সমাধান করতে হ'লে সকলে মিলে একযোগে কাজ করা উচিত ছিল। কিন্তু তা করা হয় কই। বর্তমানে ক্ষমতা যাদের হাতে আছে—তাদেরই পথ দেখাতে হবে। তা যদি করতেন তা হ'লে নিশ্চয়ই আমরা তা শুনতাম। বাস্তুহারা সমস্যা তাদেরই সমাধান করতে হবে কারণ দেশ ভাগ ক'রে তাঁরাই দেশের সর্বনাশ করেছেন। তারপর যে বন্যা হচ্ছে—তাতে লং টার্ম পলিসি নিলে সেই বন্যা থামাতে পারবেন। এই সমস্ত নদীতে যে ফ্লাড হয় ভারত সরকারের ফ্লাড কমিটি রিপোর্ট যদি পড়ে দেখেন, তা হ'লে দেখতে পাবেন পাহাড় অঞ্চলে ল্যান্ড স্লাইডই হচ্ছে কারণ। আর এই ল্যান্ড স্লাইডএর প্রকোপে এখন যা হচ্ছে তাতে শুধু পশ্চিমবঙ্গ নয় পূর্ববঙ্গও ফিনিশড হয়ে যাবে। যে যমুনায় আগে ২টি জাহাজ স্টীমার বা ডেসপ্যাচ পাশাপাশি যেতে পারত, আমি যখন ঢাকায় ছিলাম ১৯৩০ সালে তখনকার কথা—আর আজকে সেখানে শিয়াল কুকুরে হেঁটে পার হচ্ছে।

দেশ ভাগ ক'রে খোদার উপর খোদকারী করেছেন, ক্ষমতা যাতে নিজেদের হাতে রাখতে পারেন সেইজন্য। কিন্তু সেই দেশ রক্ষা করার জন্য আমরা কি করছি! দেশ ভাগ করলেই দেশ ভাগ হয় না। বন্যা থেকে দেশকে বাঁচাতে হ'লে আজ উত্তর বঙ্গ এক সাথে কাজ করতে হবে। বন্যা বন্ধ না করতে পারলে খাদ্য-সমস্যার সমাধান হবে না। এইবার খাদ্যমন্ত্রীর মেন্টালিটিও পরিবর্তন সম্বন্ধে একটা কথা বলি—একজন ব্ল্যাকমার্কেটিয়ারদের প্রশ্রয়দাতা নামকরা কংগ্রেসীর সঙ্গে আগে আমার আলাপ ছিল- তখন প্রফুল্লবাবু প্রাইভেটভাবে আমাকে বলেছিলেন যে, আমি যদি হরিপদ চ্যাটার্জি হতাম তাহলে তার সংস্পর্শ ত্যাগ করতাম। কিন্তু আজ দেখছি কি তার সঙ্গে তাঁর হরিহর-আত্মা। এই খাদ্যমন্ত্রীকে আমাদের ওখানে নিয়ে যাবার জন্য চারবার চেষ্টা করেছি—উনি চার বার ডেট দিয়েছেন কিন্তু আমি নিয়ে যেতে পারি নি। ভয় করেন সেই বিশেষ ব্যক্তিকে। বলেন যে যাওয়া সম্ভব হয় না। হবে কি করে—এইদিক করবেন, না ঐদিক করবেন! সর্বশেষে বলি সরকার এবং ঐদিকে যাঁরা ব'সে আছেন—তাঁরা যেন দেশের সামনে একটা আদর্শ তুলে ধরেন। আপনারা যে টাকাটা নেন তার যেন সদ্ব্যয় করেন। আপনারা ৩০ জন কেন আরও বেশি মন্ত্রী নেন কিন্তু টাকা নেবেন না। সেই টাকা সংকাজে লাগান—দেশের স্বার্থে লাগান। এম, এল, এ, দের যদি মোটা টাকা না নিয়ে চলে- তা হ'লে আপনাদেরই বা চলবে না কেন? আমরা আপনাদের চেয়ে কম কিসে। সুতরাং সকলে মিলে যদি দাঁড়ান তা হ'লে বেকার-সমস্যা, বন্যা-সমস্যা সকলই সমাধান করতে পারবেন। তা না ক'রে ব্ল্যাকমার্কেটিয়ারদের যদি প্রশ্রয় দেন দু' জনকে যদি কাউন্সিলএ পাঠিয়ে দিয়ে সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা করতে চান—তা হ'লে সেই সমাজতান্ত্রিক সমাজব্যবস্থা ইংরাজিতে যাকে বলে মুন-সাইন সেইরকমই হবে। খাদ্যদ্রব্যের মূল্য হ্রাস করতে হ'লে ব্ল্যাকমার্কেটিংকে কগনাইজেবল অফেন্স করুন, কঠিন হস্তে সমাজবিরোধী কাজ দমন করুন।

[At this stage the House was adjourned for 20 minutes.]

[5-30—5-40 p.m.]

[*After adjournment.*]

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

মিঃ স্পীকার স্যার, আগেকার বক্তারা সবাই বলেছেন চালের দাম বৃদ্ধি সম্বন্ধে এবং জীবন-ধারণের জন্য আবশ্যক ও উপযোগী জিনিসপত্রের দাম বৃদ্ধি সম্পর্কে। আমি তার একটা সামারি ব'লে দিয়ে তারপর আমার নিজের কনস্টিটুয়েন্সি সম্বন্ধে কিছু বলব। চালের দাম সম্প্রতি ৪।৫ টাকা মণপ্রতি বেড়ে গিয়েছে ডাল, মসলা, তেলের দামও চড়ে গিয়েছে। সঙ্গে সঙ্গে তরি-তরকারী, মাছের দামও বেড়ে গিয়েছে। আজ সরকারের সমুদ্রের মাছ কোথায় গেল? সমুদ্রের মাছ যদি আজ আসত, তা হ'লে আজ মাছের দাম কিছুটা অন্ততঃ ক'মে যেতে পারত। তারপর কাপড়ের দামও চড়ে গিয়েছে। আমি কিছুদিন আগে দেখেছিলাম খবরের কাগজে যে, পশ্চিমবঙ্গ সরকার কৈফিয়ৎ চেয়েছিলেন দোকানদারদের কাছে, কেন কাপড়ের দাম চড়ে গেল। কিন্তু এ সম্বন্ধে কি হ'ল শেষ পর্যন্ত এবং পশ্চিমবঙ্গ সরকারের কি অভিমত ও সিদ্ধান্ত হ'ল, তা কিছুই খবরের কাগজে দেখতে পেলুম না। আশা করি, এ সম্বন্ধে কি হয়েছে, মন্ত্রী মহাশয় জানাবেন, পশ্চিমবঙ্গ সরকারের কৈফিয়তের কি উত্তর তারা দিয়েছে।

তারপর দাঁতন-মোহনপুর থানায় (মেদিনীপুর জেলায়) চাল গতবারেও বলেছি, এবারও বলেছি। ১৩৬১ সালে ধান সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছিল এবং ১৩৬২ সালে ধান প্রায় চৌদ্দ আনা নষ্ট হয়ে গিয়েছে। মাত্র একটা ইউনিয়নএ ধান হয়েছে। দাঁতন থানার ১৫টা ইউনিয়নএর লোকসংখ্যা হচ্ছে ৯০,৫২৭, আর মোহনপুর থানার ৫টি ইউনিয়নএর লোকসংখ্যা ৩০,৫৫০। সেখানের অনেক লোক এক বেলাও পেট ভরে খেতে পায় না ও যা তা অখাদ্য কুখাদ্য খাচ্ছে। তার উপর এই যে সম্প্রতি দুর্যোগ হয়ে গেল, এই প্রচণ্ড ঝড়-ঝঞ্ঝা সাইক্লোন তাতে লোকের দুর্দশার আর সীমা পরিসীমা নেই। অবশ্য তাদের ডোল দেওয়া হচ্ছে। কিন্তু এই যে ক্ষতিগ্রস্ত লোক, যাদের ফসল নষ্ট হয়েছে, তাদের অবস্থা দুঃসহ হয়ে দাঁড়িয়েছে। সেখানের শতকরা ৭৫ ভাগ জমিতে ধান বোনা হয়—বাকী জমিতে রোয়া হয়—যাকে ট্রান্সপ্ল্যান্ট বলে। সেইসব ধান নষ্ট হয়ে গেল। আবার যে ধানের বীজ লাগাবে, তারপর থেকে ক্রমাগত বৃষ্টি

হওয়ার জন্য তাও ব্ঝতে পারল না। সেইজন্য সেখানে দারুণ খাদ্যাভাব উপস্থিত হয়েছে। মন্ত্রীমহাশয় বলেছেন যে, সাহায্য করা হচ্ছে কিন্তু তাঁরা সাহায্য করেন ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট এবং প্রেসিডেন্ট পঞ্চায়েৎএর উপর নির্ভর করে। এইজন্য আমি নিজে বলেছিলাম সার্কেল অফিসার যেন নিজে স্টেপ নেন। তিনিও বলেছিলেন—আমি করব, কিন্তু কি করেছেন ভগবানই জানেন। তারপর ২১এ এপ্রিল ১৯৫৬ তারিখে আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে চিঠি লিখেছিলাম যে, দাঁতনএর লোকেরা চাল পাচ্ছে না—চালের দাম অসম্ভব বেড়ে গেছে। দাঁতন একটা বিজনেস সেন্টার সেখানে রেলওয়ে স্টেশন আছে—অনেক কিছু স্ববিধা আছে ধান-চালের দোকান খ্লবার। তার উত্তর পেলাম না। ২১এ এপ্রিল ১৯৫৬ তারিখের চিঠিতে লিখেছিলাম সেখানে প্রত্যেক ইউনিয়ন ইউনিয়নএ এক একটা সরকারী চালের দোকান খ্লুন যাতে কম দামে লোকে চাল পেতে পারে তার চেষ্টা করুন। সেখানে লোকের ঘরে চাল নেই। নিজেরাই খেতে পাচ্ছে না সুতরাং মুষ্টিভিক্ষারও অভাব। সেখান থেকে অনেক লোক না খেতে পেয়ে চলে আসছে—লোক না খেতে পেয়ে মারা যাচ্ছে। আগেরবার আমি বলেছিলাম যে, তিনজন লোক না খেতে পেয়ে মারা গিয়েছে কিন্তু তাঁরা তা অস্বীকার করেছেন। কিন্তু তার পরে দেখলাম যে, টেস্ট রিলিফএর কাজ আরম্ভ করলেন। দাঁতন-মোহনপুরে—এইমাত্র শ্নলাম শ্রীযুত মদনমোহন খাঁর কাছ থেকে—যে টেস্ট রিলিফএর কাজ বন্ধ হয়ে গিয়েছে, কারণ কে দরখাস্ত করেছেন যে, এই সময় টেস্ট রিলিফের কাজ হলে চাষের ক্ষতি হবে। এটা সম্পূর্ণ মিথ্যা কথা। এখানে টেস্ট রিলিফএর কাজ যাতে পুনরায় চালু হয় সে ব্যবস্থা করুন। এবং যারা খেটে খেতে পারেন তাদের সাহায্য দিন—গ্রাচুইটাস রিলিফ, ড্রাই ডোলস দিন—ব্যবসায়ীদের টাকা লোন দিন—বিশেষ ক'রে ছোটখাট ব্যবসায়ীদের অবস্থা খুব খারাপ হয়ে গিয়েছে তাদের ব্যবসা অচল হয়ে গিয়েছে। তারপর মফঃস্বলে ধান যারা পাঠায় সে ধান গরীবরা ভেনে চাল তৈরি করে বিক্রয় করত এবং নিজেরাও খেত। তাদের কাছে ধান পাঠিয়ে তারা যাতে চাল তৈরি করতে পারে, সে কথা যেন সরকার ভাবেন। আর একটা কথা হচ্ছে—এই ধান উপজাত হওয়ার পূর্বে ৪।৫ টাকা এডভান্স দিয়ে সেই ধান কিনে নিচ্ছে—৫ টাকা ম্ল্য দিয়ে সেই ধান কিনে নিচ্ছে। আমরা আরও জানতে পেরেছি যে, পাকিস্থানে গোপনে ধান চাল চলে যাচ্ছে কারণ সেখানে ১ মণে ১৫ টাকা লাভ থাকে। এই লাভের জন্যই পাকিস্থানে চ'লে যাচ্ছে। উড়িষ্যাতে যখন গরুর অভাব হয়েছিল তখন আমি এই সভায় ব'লেছিলাম যে, বাংলাদেশ থেকে বহু চাষের বলদ চালান যেত। এবং সেখানকার বর্ডার পুলিশএর মাসোহারা ২।৩ শত টাকা বন্দোবস্ত ছিল। প্রতি রাত্রে রাত্রে ট্রাক ও লরিতে ক'রে ধান চাল পাচার হচ্ছে। এইগুলি আপনি ভাল ক'রে লক্ষ্য করুন।

**Sj. Sudhir Chandra Das:**

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় যে সাইক্লোনএর বর্ণনা দিলেন ও দুর্দশার সম্পর্কে যে সাহায্যের কথা বলেছেন, সে সম্পর্কে বিশেষ ক'রে আলোচনা করব। আমরা একটা কথা প্রথমেই বলতে চাই যে, আমরা দেখতে পাচ্ছি যে, তিনি বুঝতে চাচ্ছেন যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনা যতই সার্থক হচ্ছে ততই দুর্ভিক্ষ ও বন্যা নিত্য সহচররূপে বাংলাদেশে দেখা দিচ্ছে। এক কাঁথি মহকুমা থেকে প্রতি বৎসর ৯।১০ লক্ষ মণ ধান গভর্নমেন্ট কিনতেন। সেটা চিরদিন সারপ্লাস অঞ্চল ছিল। ৯।১০ লক্ষ মণ ধান গভর্নমেন্ট কিনতেন তা ছাড়া অন্যান্য ব্যবসায়ীরাও ক্রয় করতেন কয়েক লক্ষ মণ। এই কয়েক লক্ষ মণ ধরলে আরও বাড়বে। অথচ এই কাঁথি মহকুমায় গত তিন বৎসর ধ'রে দুর্ভিক্ষ চলেছে। খাদ্যমন্ত্রী মহাশয় জানেন যে, গত বৎসরের আগের বৎসরে ফসল হানি হয়েছিল। তার জন্য টেস্ট রিলিফ কয়েকটি ইউনিয়নএ ৫০ হাজার টাকা ক'রে দিতে হয়েছিল। গত বৎসরেও ফসল হানি হয়েছে সেকথা খাদ্যমন্ত্রী মহাশয় অস্বীকার করেন নি। এটা স্বীকার করা সত্ত্বেও আমাদের বিরোধী দল অর্থাৎ জনতার পক্ষ থেকে ভুখা মিছিল ২১এ জানুয়ারি তারিখে বের করা হয়েছিল।

এ বছরের অবস্থাও খারাপ, পর পর দু' বছর অজন্মা গিয়েছে। বাঁচবার চেষ্টা করতে হ'লে গত বছরের মত টেস্ট রিলিফ ওয়ার্ক আরম্ভ করা হোক—জানুয়ারি মাসে এরকম বলা সত্ত্বেও কোন ব্যবস্থাই অবলম্বিত হল না। এই যে খাদ্যাবস্থায় সরকারের অকর্মণ্যতা খাদ্যমন্ত্রীর প্রতিশ্রুতি ভঙ্গ এইসব মিলে আরও দুরাবস্থার সৃষ্টি করেছে। খাদ্যমন্ত্রীকে গত

বাজেট অধিবেশনে যখন আমরা চাপ দিয়েছিলাম—বলুন সেখানে টেস্ট রিলিফ দেবেন কিনা—তিনি তখন ২১এ মার্চ তারিখে এই সভায় পরিস্কার ক'রে বলেছিলেন যে, তিনি সেখানে টেস্ট রিলিফ, লোন, রিলিফএর কাজ করবেন। তিনি বলেছিলেন—২১এ মার্চ তারিখে টেস্ট রিলিফএর অর্ডার দিয়ে দেওয়া হয়েছে। ম্যাজিস্ট্রেটের কাছে অর্ডার পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু দুঃখের বিষয় সেই অর্ডার কবে দিয়েছেন, কাকে দিয়েছেন তা জানবার কোন উপায় থাকল না, মার্চ গেল, এপ্রিল গেল, মে গেল—টেস্ট রিলিফ আরম্ভ হল না। তারপর অতি কষ্টে ১২ই মে জানতে পারলাম টেস্ট রিলিফ হবে। এবং তিনদিন পর সাইক্লোন হল এবং সেখানে এমনিতেই বহু দুর্দশা চলছিল, সেই দুর্দশাকে আরও অনেক পরিমাণে বাড়িয়ে দিল। দু বৎসর ধান হয় নি, কাঁথি মহকুমা সর্বাপেক্ষা ক্ষতিগ্রস্ত অঞ্চল একথা খাদ্যমন্ত্রী মহাশয়ও স্বীকার করেছেন তাঁর বিবৃতির মধ্যে। কিন্তু এটা স্বীকার করলেও সাইক্লোন যখন চেপে এল তখনও টেস্ট রিলিফ ওয়ার্কএর কাজ হল না বলে কোন কৃষকের ঘরে ধান নাই, খাবার নাই, ভাগচাষী দিন-মজুর, মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত -তাদের খোরাকীর ধান নাই, এমন কি সম্পন্ন গৃহস্থ যারা তাদের ঘরেও মাত্র ৩—৬ মাসের খোরাকী ছিল। গত বছর টেস্ট রিলিফ ওয়ার্ক করা হয়েছিল বলে কাজের মাধ্যমে খাল কাটা হয়েছে, রাস্তা করা হয়েছে এবং এইভাবে কাজের মাধ্যমে সরকারের টাকা ব্যয়ের সার্থকতাও হয়েছে, সঙ্গে সঙ্গে মানুষ কাজ পেয়েছিল এবং তারা খাদ্যও মজুত রাখতে পেরেছিল। কিন্তু এই অবস্থার কথা পুনঃ পুনঃ আলোচনা করা সত্ত্বেও আগে থেকে টেস্ট রিলিফএর কাজ করা হল না, যদি করতেন তা হ'লে সাইক্লোনএ এতখানি দুর্দশাগ্রস্ত করতে পারত না এবং কৃষকের ঘরে ভাগচাষীর ঘরে, নিম্নমধ্যবিত্তের ঘরে দুটি ধান থাকত, তারা খেটে খেতে পেত এবং কিছু কিছু খাদ্য মজুতও রাখতে পারত—এটা সরকারী অকর্মণ্যতার জন্যই এরকম ঘটেছে এবং আমি প্রথমেই খাদ্যমন্ত্রীর কাছে জানতে চাই তিনি যে বলেছিলেন যে, ২১এ মার্চ তারিখে তিনি যে অর্ডার দিয়েছিলেন কে সেই অর্ডার লঙ্ঘন করেছেন, কাকে সেই অর্ডার দিয়েছেন, কেন সেই অর্ডার প্রতিপালন করেন নি, এর জন্য জেলা ম্যাজিস্ট্রেট দায়ী না কে দায়ী তাঁর কাছ থেকে উত্তর দাবী করছি যার জন্য আজ লক্ষ লক্ষ লোক অসহায় অবস্থায় এবং ব্যাপক দুরবস্থার সম্মুখীন হয়েছে। তা ছাড়া সরকারের টাকার অপচয় হয়েছে। টেস্ট রিলিফ ওয়ার্কএর মাধ্যমে কাজ হ'লে ইউনিয়ন প্রতি টাকা কম লাগত এবং ৪০।৫০ হাজার টাকায় লক্ষ টাকার কাজ হ'ত কিন্তু সরকারের দীর্ঘসূত্রতাই অবস্থাকে আরও সঙ্গীণ ক'রে তুলেছে। আরও একটা মারাত্মক ভুল করে বসলেন এই যে, সেটা ঘাটতি এলেকা জানা সত্ত্বেও সেখান থেকে অবাধে ধান চালানের ব্যবস্থা করে দিলেন—যেহেতু কন্ট্রোল উঠে গিয়েছে। কিন্তু তা যদি না করতেন তা হ'লে অবস্থা এত খারাপ হয়ত হ'ত না। সরকারের তথ্যবিভাগ যেটা এত গবেষণা করে তাদের ঐ এলেকা ঘাটতি এলেকা ব'লে স্বীকারোক্তির পরও কি ক'রে সেখান থেকে ধান চালান করতে দিলেন তা বুঝতে পাচ্ছি না। স্বাভাবিকভাবেই মাঘ ফাল্গুন মাসে চাষীরা কম দামে ধান চাল বিক্রি করতে বাধ্য হয় সেকথা পুনঃপুনঃ খাদ্যনীতির ক্ষেত্রে আলোচনা করেছি। সেই সময় স্বাভাবিক বাজার থেকে ধান কিনে রাখুন ঘাটতি অঞ্চল হওয়া সত্ত্বেও সেখানে হাজার হাজার মণ ধান বিক্রি হয় কম দরে একথা আমরা বলেছি, আলোচনা করেছি, কিন্তু খাদ্যমন্ত্রীমহাশয় সেটা কেন করেন নি? আজ খাদ্য যদি মজুত থাকত তা হ'লে এই যে পচা দুর্গন্ধময় চালের নমুনা তার তখনা চিত্র আঁকতে চাইতেন না। যেখানে সাড়ে সতের টাকা দরে চাল দিচ্ছেন যে চাল কেউ খায় না, ফেলে দিচ্ছে, অল্পমাত্র বিক্রয় হচ্ছে সেখানে দশ টাকা মণ দরে চাল দেওয়া যায় কিনা তা বিবেচনা করবেন কি? তাদেরই পক্ষ থেকে চিত্তবাবু বলেছিলেন, দশ টাকা মণ দরে চাল দিলে মানুষ বাঁচতে পারে। আমরা বলেছিলাম ১৪ টাকা ক'রে দিলেও মানুষ বাঁচবে।

আমরা চেয়েছিলাম যে, ১৪ টাকা ক'রেও দাও, ১০ টাকা ত' দূরের কথা, ১৪ টাকা ক'রে দিলে তা হ'লে মানুষ বাঁচবে। সাড়ে সতের টাকা দামে কেনবার ক্ষমতা যেখানে বিন্দুমাত্র লোকের নেই অথচ তথ্য যে প্রকাশ পেয়েছে সেটা বাড়তি বা ঘাটতি অঞ্চলে, সেই তথ্য সম্পর্কে কংগ্রেসপক্ষীয় সদস্যা শ্রীযুক্তা আভা মাইতি—তিনি খাদ্যমন্ত্রী মহাশয়কে বলেছেন কিনা জানি না—তিনি ত' একেবারে মুখর হয়ে উঠেছেন যে, তথ্য বিভাগ ভুল করে জনসাল হয়, ফেব্রুয়ারীতে তথ্য খারাপ করে দিয়েছেন, হিসাব ভুল দিয়েছেন, আমাদের বেশি করে রিলিফ দিতে হবে

এই দাবী করেছিলেন। একথা আমি বলছি—এটা [illegible] সদস্যা সরকারী বৈঠকে প্রকাশ করেছেন। তথ্য খারাপ, তথ্য ভুল এবং তথ্য মিথ্যা—সবই মিথ্যার উপর ভিত্তি ক'রে করা হয়েছে। ১৯৫৫ সালে টেস্ট রিলিফে যে টাকা খরচ করা হয়েছিল সেই কয়েক লক্ষ টাকা, সেই টাকা যদি লোন টাকা আকারে, রিলিফ আকারে দিতে পারতেন, তা হ'লে আমরা বাঁচতাম। কেবল সরকারী কাগজপত্রে দেখতে পাই যে, খাদ্যমন্ত্রী মহাশয় সফরে গেছেন, অজয়বাবু সফরে গেছেন—অজয়বাবুর চিত্র দেখেই ত অস্থির—শ্মশানে হরিশ্চন্দ্রের মত লাঠি নিয়ে দাঁড়িয়ে আছেন। যেরকম চিত্র বেরিয়ে গেল তাতে আমরা ভাবলাম যে, এবারে বুঝি আমরা নিস্তার পেলাম, এবারে খাদ্য নিশ্চয় পাবো যখন সেচমন্ত্রী মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় গেছেন। আবার তাঁদের স্টেটমেন্ট, বিবৃতি বেরুল, তা দু'জনের দু'রকম। একজন বল্লেন যে, ১৫ লক্ষ লোককে এখন রিলিফ দিতে হবে, আর একজন বল্লেন যে, ৩০।৪০ হাজার লোককে দিলেই চ'লে যাবে। ধান নষ্ট হয়েছে, রোয়া চাষ নষ্ট হয়েছে, দরদের অন্ত নেই, বর্ণনা সমস্ত রকম উচ্চসীমা অতিক্রম করেছে। যখন টাকা গেল, রিলিফ কেন্দ্রে তখন হাজার হাজার লোক ১০।১২ মাইল পথ হেঁটে এসে বুভুক্ষু অবস্থায় দাঁড়িয়ে আছে অথচ এক সের চাল পায় নি—ইমারজেন্সি ডোলের এই নমুনা সেখানে প্রকাশ পেয়েছে। ৩১এ, ১লা, ২রা, ৩রা, ৪ঠা ইমারজেন্সি ডোল দেওয়া হয়েছিল কিন্তু কত হাজার হাজার লোক উপস্থিত হয়ে ১ সের চাল পায় নি—ইমারজেন্সি ডোল মানে এই। খয়রাতি সাহায্যের কথা বলেছেন—৫ই জুন থেকে ১৮ই জুন পর্যন্ত ১৫ দিন কোনপ্রকার ইমারজেন্সি ডোল অথবা খয়রাতি সাহায্য এতবড় জরুরি অবস্থা থাকা সত্ত্বেও এক ছটাকও চাল দেওয়া হয় নি। গুদামে কয়েক হাজার মণ চা'ল ছিল, তহবিলে তখন হাজার হাজার টাকা মজুত ছিল কিন্তু এমনই অব্যবস্থা যে হাজার হাজার টাকা, হাজার হাজার মণ চা'ল পেঁছে দেওয়া সত্ত্বেও ১৫ দিন পর্যন্ত ইমারজেন্সি ডোল অথবা খয়রাতি সাহায্য, গ্রাটুইটাস রিলিফ না দিয়ে মানুষকে এমন এক চরম অবস্থায় পেঁছে দেওয়া হয়েছিল যে, তার ফলে কাঁথি থানায় ১৩ নম্বর ইউনিয়নে দক্ষিণ রানিয়া গ্রামে আমীন খান নামে একজন লোক অনশনে মারা গিয়েছে, সে রিপোর্ট আমরা প্রকাশ করেছি। তার বয়স মাত্র ২৪।২৫ বছর ছিল সে খাদ্য যোগাড় করতে পারে নি। সাইক্লোনের পরে ইমারজেন্সি ডোল বন্ধ করার ফলে, গ্রাটুইটাস রিলিফ না দেওয়ার ফলে তার মৃত্যু হল। বাসুদেব বাড়িয়া গ্রামে আদরিণী দাস নামে এক মেয়ে তার ছেলেমেয়েকে খাওয়াতে পারে নি ব'লে সেই দুঃসহ দুঃখ সহ্য করতে না পেরে উদ্বন্ধনে আত্মহত্যা করতে গেলে দেশের লোক জমায়েত হয়ে তাকে টেনে এনেছে। সরকারী কর্মচারীরা তার প্রমাণ ভাল ক'রে নিয়ে গেছে। আজ সেখানকার লোক এই অবস্থার সম্মুখীন হয়েছে। সর্বপ্রকার সরকারী নীতির মধ্যে এমন অব্যবস্থা ছিল, এমন ভ্রান্ত নীতি ছিল যার ফলে টাকা ছিটেফোটা দিলেও যেটুকু উপকার হ'ত সেটুকু টাকা ছিল, তা সম্ব্যয় করলে, বিতরণ করলে হয়ত কিছুটা লোকের উপকার হত, কিন্তু তা থাকা সত্ত্বেও তাঁরা কিছুই করতে পারেন নি। এর চেয়ে নির্লজ্জতা আর কিছু থাকতে পারে না।

[5-40—5-50 p.m.]

তারপর আপনারা জানেন যে, খেজুরীতে দুইজন লোকের প্রাণবলি হয়ে গেছে—বার টাকা সাড়ে বার টাকা ধানের দাম উঠে গেল দুদিনের মধ্যে। আমরা যখন খেজুরীতে নির্বাচনী সভা করছি তখন আমরা সংবাদ পেলাম যে, সাড়ে ন' টাকার ধান তের টাকা হয়ে গেছে—হঠাৎ দাম বেড়ে গেল, কেন বেড়ে গেল? কতক নৌকা একযোগে কাঁথি মহকুমা হতে ধান কিনতে চলে গেছে মিলওয়ালাদের পক্ষ থেকে, তাই দেশবাসী খাদ্য সংগ্রহার্থে ছুটে গেছে এবং চারিদিকে যে মজুত ছিল তা আটকাবার চেষ্টা করেছে এবং নৌকাগুলিকে ঘেরাও করে কম দামে কেনবার জন্য চেষ্টা করছে। খেজুরীতে দুইজন লোক ধান কিনতে চেয়েছিল, তারা সমবেত হয়েছিল কিন্তু জোতদারদের পক্ষ থেকে নৃশংসভাবে তাদের গুলী ক'রে মারা হয়েছে। তাদের নাম হরিপদ ধাড়া এবং বঙ্কিম গিরি, সেকথা আপনারা সকলে জানেন। এই যে দারুন খাদ্যাভাব থাকাসত্ত্বেও লোনএর টাকা নিয়ে প্রহসন করা হচ্ছে। বলা হচ্ছে লক্ষ লক্ষ টাকা দিচ্ছি। অথচ যেখানে দশ হাজার লোকের বাস সেখানে ২।৩ হাজার লোক উপস্থিত থাকা সত্ত্বেও মাত্র ২০০ জন লোককে লোন দেওয়া হয়েছে। যেখানে ৪০ টাকা ক'রে দেবার কথা হয়েছিল সেখানে সেবকালে টাকা পাওয়া যাবে না ব'লে ২০ টাকা ক'রে তাঁদের কর্তব্য শেষ করেছেন। খয়রাতি

সাহায্য মানে মাসে ৮ সের ক'রে চাল দেওয়ার কথা সেখানে ২ সের ক'রে চাল দেওয়া হয়েছে তা পরিবারে ৫।৬।১০ জন লোক যাই থাকুক, ওই হচ্ছে খয়রাতি সাহায্যের নমুনা। কম্বল কাপড় প্রতি ইউনিয়নে ১০।১৫ খানা দিয়ে সেখানে নমঃ নমঃ করে রিলিফএর কাজ শেষ ক'রে দেওয়া হয়েছে। সুতরাং এই যে, রিলিফ দেওয়া হচ্ছে এটা শুধুমাত্র নির্বাচনী প্রচার। কার্যতঃ আর বেশি টাকা দরকার। আমি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি যদি কাঁথির দুর্গত অঞ্চলকে বাঁচাতে চান তা হ'লে অবিলম্বে যেন কয়েক লক্ষ টাকা লোনের ব্যবস্থা করেন। আরও খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা করেন।

**Mr. Speaker:** Your time is up.

**Sj. Sudhir Chandra Das:** Sir, I want five minutes more: It may be taken out of the time of members of our party.

**Mr. Speaker:** All right, the time of your party will be cut down to that extent

**Sj. Sudhir Chandra Das:**

আমি খাদ্যমন্ত্রী মহাশয়কে একটা কথা জানাতে চাই তিনি একটু অন্যমনস্ক হয়ে আছেন, তাঁর বিরুদ্ধে একটা গুরুত্বের চার্জ আছে। তিনি প্রতিশ্রুতি ভঙ্গ করেছেন। আমি কাল কাঁথি থেকে এসেছি। তিনি এক সরকারী বৈঠকে বলে এসেছেন আমিও সেখানে ছিলাম—আমি তাঁকে জিজ্ঞাসা করি এই যে রিলিফ তালিকা করা হচ্ছে সেটা ফেমিন কোড অনুসারে কি? খোঁড়া, কানা, অন্ধ এরাই পাবে, আর কেউ পাবে না এই কথাই মহকুমাশাসক বলেছেন। কিন্তু তিনি বলেছিলেন, ফেমিন কোড নেই, নেই, নেই, তিনি তা একেবারে মন্ত্রের ন্যায় উড়িয়ে দিয়েছিলেন। যেখানে দেড় হাজারের তালিকা করা হয়েছিল সেখানে মাত্র ২০০।২৫০ ক'রে দেওয়ার চেষ্টা হচ্ছে। যেখানে কৃষকদের, ভাগচাষীদের, যাদের ঘরে আজ খাবার কিছুমাত্র ব্যবস্থা নাই সেখানে টেস্ট রিলিফ দেবার কোনই ব্যবস্থা হয় নি। এখানে চার গুণ রিলিফ দেওয়া দরকার. যেখানে ভবিষ্যৎ চাষের ব্যবস্থা নির্ভর করছে, যেখানে বাঁচবার একমাত্র পথ হ'ল আরও রিলিফ দেওয়া সেখানেই লোন টাকা কমিয়ে দেওয়া হচ্ছে, রিলিফ কেটে দিয়ে আর নির্মম খাদ্যনীতি চালাবার চেষ্টা করছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি, তিনি একথা বলেছেন কিনা যে, ফেমিন কোড নেই, তাহ'লে আমি তাঁকে বলব জেলাশাসককে এবং মহকুমাশাসককে বলুন অথবা মডিফিকেশন করুন অথবা লোক পাঠিয়ে বলে দিন যে ফেমিন কোড মানা হবে না। যারা অনশনে থাকবে, দুঃস্থ নিরন্ন কৃষকমাত্রই সাহায্য পাবে। এই অর্ডার পরিষ্কার ক'রে ঘোষণা করে দিন, তা হ'লে যদি লোককে বাঁচাতে পারেন। যদি চাষ চান, যদি মানুষকে বাঁচাতে চান তা হ'লে লোন দিয়ে দুর্গত অঞ্চলকে রক্ষা করুন। তা না হ'লে ১ লক্ষ ২ লক্ষ এইরকম ছিটেফোঁটা দিয়ে যেখানে বেশির প্রয়োজন সেখানে ক'মিয়ে দিয়ে জঘন্য ও নিন্দনীয় ব্যবস্থা চালু রাখতে আমরা দিতে চাই না। তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন টেস্ট রিলিফ সম্পর্কে, ফেমিন কোড সম্বন্ধে তিনি যে উক্তি করেছিলেন সেটা কেউ অমান্য করছে কিনা সেটা আমি আপনার মাধ্যমে জানতে চাই। এই সম্পর্কে তিনি সুস্পষ্ট নির্দেশ দিলে আমরা সুখী হব।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় স্পীকার মহাশয়, বিরোধীপক্ষ থেকে এতক্ষণ ধ'রে আমরা যে বক্তব্য উপস্থিত করছিলাম তা সত্য কিনা তা প্রমাণিত হচ্ছে এতেই যে, আজ হাজার হাজার মানুষ বিভিন্ন গ্রামাঞ্চল থেকে এবং বিভিন্ন সহর থেকেও এ্যাসেম্বলির দিকে এসেছে—[illegible] নিকট কৈফিয়ৎ নেওয়ার জন্য। যে উক্তি তিনি এখানে করলেন, যে মন্তব্য তিনি এখানে খোলাখুলি-ভাবে করলেন এবং সাধারণ মানুষের জীবনের যেকথা তিনি এখানে রাখলেন, যদি তাঁর সৎসাহস থাকে তবে তিনি কেন সেই সাধারণ মানুষের কাছে গিয়ে বলে আসেন—তা হ'লে তার উপযুক্ত জবাব পাবেন। বর্তমানে মূল্যবৃদ্ধির কথায় তিনি সাইক্লোনের ফলে যে ক্ষতি হয়েছে সেকথা উল্লেখ ক'রে আসল যে কথা সেটাই চেপে দিতে চেষ্টা করেছেন। একথা ঠিক যে, কিছু কিছু জায়গায় বন্যা ঝড় ইত্যাদি হওয়ার ফলে অনেক ধানবোন পড়ে গিয়েছে। কিন্তু আমি তাঁকে

জিজ্ঞাসা করতে চাই যে, বাংলাদেশের বিশেষ ক'রে সুন্দরবন অঞ্চলে যেখানে ১৬ কোটি টাকার খাদ্য উৎপাদন হচ্ছে, যেখানে ২ হাজার ২২ মাইল অঞ্চলে বাঁধ রক্ষার জন্য খাদ্য ও অন্যান্য ফসল উৎপন্ন হচ্ছে—সে সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন। আমি প্রথমে দুই-একটি ঘটনা রাখতে চাই। এইসব অঞ্চলে গত ১৯৫২ সাল থেকে দুর্ভিক্ষের আঘাতে এবং সরকারী নীতির ফলে সমস্ত সমাজজীবন বিপর্যস্ত হয়েছে। মাঝে দুই-একটি বছর এইসব অঞ্চলের মানুষ একটু স্বস্তির নিঃশ্বাস ফেলবার চেষ্টা করেছিল। এই যে ২ হাজার ২২ মাইল অঞ্চলে বাঁধ যেটা রক্ষা করার জন্য এ'দের সরকারী হিসাবমতই ১৬ কোটি টাকার খাদ্যোৎপাদন হয় সেটা সম্বন্ধে আমি শুধু দু'-একটি কথা রাখতে চাই। এই বাঁধ রক্ষার জন্য গত বৎসর এ'রা খরচ করেছিলেন ৮৬ লক্ষ টাকা। এ বৎসর এ'রা বলছেন যে, কেন্দ্রীয় সরকারের যে পরিকল্পনা আছে তা থেকে সাড়ে তিন কোটি টাকার মত পাওয়া যাবে এবং তা পাঁচ বছরে খরচ করা হবে। এবং এইভাবে পাকা-পোক্তভাবে গ'ড়ে তোলা হবে। কিন্তু আপনি, মাননীয় স্পীকার মহাশয়, শুনে অবাক হবেন যে, এই বৎসরের জুন মে মাসের ১৫।১৬ তারিখ পর্যন্ত এই বাঁধ রক্ষার জন্য একটি পয়সাও না কেন্দ্রীয় সরকার না পশ্চিমবঙ্গ সরকার ব্যয় করেছেন। ২৫এ মে সরকার অন্য খাত থেকে ২০ লক্ষ টাকা বরাদ্দ করলেন এবং সেই টাকা ২রা জুন বিভিন্ন বিভিন্ন মহকুমায় গিয়ে উপস্থিত হল এবং কয়েক সপ্তাহে ৮৬ হাজার টাকার কাজ সমাপ্ত হ'ল এবং তারপরই বৃষ্টি এল। এবং একজন উপমন্ত্রীও—তিনি এখানে এখন ব'সে আছেন—এস. ডি. ও.কে সঙ্গে ক'রে সুন্দরবনে ঘুরে এলেন। একথা অস্বীকার করবার উপায় নাই যে, যেখানে দশ লক্ষ মানুষের বাস, যেখানে ১৬ কোটি টাকার খাদ্যোৎপাদন হয় তাঁদের হিসাবমত, সেই খাদ্যোৎপাদনের জায়গায় যেটুকু দায়িত্ব সরকারের নেওয়া উচিত ছিল তা তাঁরা এড়িয়ে গিয়ে মাত্র ৮৬ হাজার টাকা খরচ করলেন—তারপরই নামল বর্ষা। অন্য কোন ব্যবস্থা হল না, ঝুড়ি মাটিরও ব্যবস্থা হল না। আমি যতটুকু জানি, সুন্দরবনের বিভিন্ন অঞ্চল ঘুরে আমার যতটুকু অভিজ্ঞতা হয়েছে- সন্দেশখালি, হাড়োয়া, হাসনাবাদ এইসব অঞ্চলের সাধারণ মানুষ বলে বৃষ্টি চাষের পক্ষে আশীর্বাদস্বরূপ; কিন্তু এমনই দুর্ভাগ্য যে, বৃষ্টির জল নদীর জল এবং সরকারী অব্যবস্থার দরুণ এদের জীবনে নেমে এল চরম দুর্গতি। আমি জিজ্ঞাসা করতে চাই, যেখানে পশ্চিমবঙ্গের দশ লক্ষ লোকের জীবন জড়িত সেখানে দায়িত্ব কেন এইভাবে এড়িয়ে যাওয়া হল তার জবাব খাদ্যমন্ত্রী দেবেন কি?

[5-50—6 p.m.]

দ্বিতীয় কথা, যখন বিধ্বস্ত হয়ে গেল সেচ বিভাগের মন্ত্রী এবং রাজস্ব মন্ত্রী উভয়ে মিলে রাইটার্স বিল্ডিংসএর দপ্তরের কর্মচারীদের নিয়ে একটা সম্মেলন হল এবং সেই সম্মেলনের রিপোর্ট বেরুল যে, কোন দায়িত্ব নিয়ে করা হয় নি, তাঁদের মধ্যে মতভেদ, মতপার্থক্য ছিল। অর্থাৎ কার দায়িত্ব থাকবে, কে রেসপন্সিবল থাকবে, সে সম্বন্ধে মতভেদ ছিল। ১৬ কোটি টাকার খাদ্য উৎপাদনের দায়িত্ব কার উপর থাকবে, সে সম্বন্ধে মন্ত্রীদের মধ্যে মতের নাকি মিল হয় নি, সেইজন্য দায়িত্ব নেওয়া হয় নি। ও'রা বলে থাকেন যে, জনসাধারণ আন্দোলন করলে নাকি তাঁদের হিংসা হয়; ও'রা বলেন, জনসাধারণ গণতান্ত্রিক আন্দোলন করলে হিংসা হয়। কিন্তু এই ১৬ কোটি টাকার খাদ্য উৎপাদনের জন্য ব্যয় এবং ১০ লক্ষ মানুষের জীবনমরণের প্রশ্ন নিয়ে তাঁরা যা করলেন, তার বিচার কে করবে, সেটার জবাব একদিন দেশবাসীর কাছে দিতে হবে; এবং দেশবাসীও সেই জবাব চায়। তারপর ও'রা, ও'দের কর্তব্য সম্বন্ধে আরও সমস্ত কথা ঢেকে রাখলেন। বললেন, সাইক্লোনএ তাঁরা বহু টাকা দিয়েছেন, আর ভাববার কিছু নেই। আমি গতকাল বিভিন্ন অঞ্চল থেকে ঘুরে এসেছি, অবশ্য সারা পশ্চিমবঙ্গের সব খবর জানি না; তবে এইটুকু জানি, পশ্চিমবঙ্গের অনেক জায়গা ভীষণ ক্ষতিগ্রস্ত হয়েছে এবারে ফসল হওয়ার ব্যাপারে। ধানচালের অবস্থা অত্যন্ত সাংঘাতিক আকার ধারণ করেছে। কিন্তু উনি যে তথ্য দিলেন যে, এত টাকার কৃষি লোন, টেস্ট রিলিফ প্রভৃতি বিতরণ করা হয়েছে। এটা অত্যন্ত দুঃখের কথা যে, গভর্নমেন্ট বলছেন এইসমস্ত সাহায্য দিয়েছেন, কিন্তু কাল অবধি আমি যেটুকু খবর রাখি, একটা কানাকড়িও কারও কাছে গিয়ে পৌঁছায় নি। এটা বাস্তব কথা তাঁরা রোজ, লিস্ট তৈরি করবেন, তাঁরা গ্রুপ ফটো তৈরি করবেন, তারপর টাকা দেওয়ার ব্যবস্থা। আমার গত বছরের অভিজ্ঞতা যেটা—ধানচাষ হয়ে যাবার পর কৃষিঋণ গিয়ে পৌঁছায়; চাষ হয়ে গেলে পর গরু কেনবার জন্য ঋণের টাকা গিয়ে পৌঁছায়।

অতএব ওঁরা এখানে যে তথ্য দিয়েছেন সেটা কতখানি কার্যকরী হবে সে বিষয়ে আমাদের গভীর সন্দেহ আছে। উনি বলছেন লোন দেওয়া হয়েছে, সস্তায় চালের বন্দোবস্ত করা হয়েছে। কিন্তু গ্রামে ধানচালের কি অবস্থা তার উল্লেখও পেলাম না। গ্রামে হাজার হাজার মানুষ তাদের জমি থেকে উচ্ছেদ হয়ে গিয়েছে জমিদারী দখল বিলের মারফত। এই উচ্ছেদের ফলে সাধারণ মানুষের জীবনে বেকারির চরম অবস্থা এসে গিয়েছে। এটা আমাদের কথা নয়, ও'দেরই প্ল্যানিং কমিশনের রিপোর্টে আছে, এটা একটা বাস্তব জীবনের ঘটনা। আমরা শুধু গ্রামাঞ্চলের যেটুকু সংবাদ, খবর পেয়েছি তা বললাম। অথচ সেই তথ্য নিয়ে একবারও তিনি এখানে রাখেন নি; অর্থাৎ গ্রামের কি শোচনীয় অবস্থা, তা উনি জানেনও না। আমরা গ্রামের সাধারণ লোকের কাছ থেকে যেটুকু খবর পেয়েছি, তাতে দেখছি, এবার সমগ্র বসিরহাট মহকুমায় যে চালের দাম গতবারে ১৬ থেকে ১৮ টাকা ছিল, এই সময়, এবারে সেখানে ২১ থেকে ২২ টাকায় উঠেছে। অন্য দিকে মজুরির হার, যার জন্য অনেক দুঃখ করলেন, চোখের জল ফেললেন, সেটা গতবারে দু' টাকার মতন ছিল, এবারে সেখানে এক টাকা চার আনা এবং সকাল-বেলায় একটা টিফিন বা পান্তা ভাতের ব্যবস্থা। আর চালের দাম গতবারে ১৬ টাকা থেকে ১৮ টাকা ছিল, এবারে সেখানে ২১ টাকা থেকে ২২ টাকা হয়ে গিয়েছে। অন্যান্য জিনিসের ত কথাই নেই। কলকাতায় যা দাম তার চেয়ে তিন, চার গুণ বেশি দাম দিয়ে সেই জিনিস গ্রামের লোককে কিনতে হয়। তার কারণ গ্রামাঞ্চলে সাধারণ লোকের অভিজ্ঞতা কম। দাম বেড়েছে শুনলেই হয়ে গেল; কত কি বেড়েছে তা তারা জানে না। সরষের তেল দু' টাকা ছ' আনা দরে গ্রামাঞ্চলে বিক্রি হচ্ছে। মসলাপাতির দাম আগুনের মত বেড়ে গিয়েছে। কলকাতা অঞ্চলে যেমন সস্তায় চাল দেবার জন্য দোকান খোলা হয়েছে, তেমনি মফঃস্বল সহরেও চালের দোকান খুলে সমস্ত ঠিকঠাক ক'রে ফেলেছেন, এই কথা তিনি বললেন। কিন্তু, কোথায়, কোন জায়গায় কটা দোকান করেছেন বলুন? এইরকম অপ্রিয় সত্য কথা বলবার অধিকার দেশের মানুষ তাঁকে কোথায় দিয়েছে? বলতে হবে, কোথায় তিনি চালের দোকান খুলেছেন। বলুন, বসিরহাটের মহকুমায় কোন্ জায়গায়, কোথায় চালের দোকান খুলেছেন? বাইরের মানুষগুলি আজ এখানে এসেছে, তাদের কাছে গিয়ে ব'লে আসুন, কোথায় কয়টা দোকান খুলেছেন। শুধু ফাঁকা কথাগুলি বললেই হবে না; সেখানকার লোক কি সস্তায় চাল পেয়েছে, তার জবাব দিন। দ্বিতীয়ত, যেসমস্ত চাল ওরা সরবরাহ করবার জন্য ব্যবস্থা করেছেন, তার কিছু কিছু আমি দেখেছি। (এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ: কোথায়, কোথায়?) আপনার নাকের ডগায়, বেশি দালালি করবেন না। গ্রামে চাল দেওয়ার ব্যবস্থাটা দেখুন। ও'রা ডিলার নিযুক্ত করলেন গ্রামে চাল সরবরাহ করবার জন্য। কিন্তু এই সমস্ত ডিলারদের যদি মুনাফা না থাকে তা হ'লে সেখানে, তারা চাল নিয়ে যায় না। সুতরাং সরকার যদি মনে ক'রে থাকেন যে, চালের দাম বাড়ছে, অতএব আমি নিজে সস্তায় চাল দেবো, তাহ'লে পূর্বে চাল প্রোকিওরমেন্টের জন্য তাঁদের যেসমস্ত মেসিনারি ছিল, তাদের নিয়ে গিয়ে সেখানে দোকান খুলে চাল দেবার ব্যবস্থা করুন না। ঐ ডিলারদের হাত দিয়ে চাল যদি পাঠান, তা হ'লে সে চাল গ্রামে কোনদিন পৌঁছাবে না, গ্রামের অগণিত গরীব মানুষ তারা কখনও এই চাল পাবে না। এটা আমি নিজের অভিজ্ঞতা থেকে বলছি। সরকার যদি নিজেন দায়িত্ব নিয়ে চাল সরবরাহ করবার ব্যবস্থা করেন, তবেই গ্রামের লোকেরা চাল পাবে।

তৃতীয়তঃ, কৃষিঋণ ব্যাপারে আজকে ভীষণ অবস্থা দেখা যাচ্ছে। এই কৃষিঋণ দেওয়ার ব্যাপারে তাঁরা যদি আর একটুকু বিলম্ব করেন, তা হ'লে চাষীরা একেবারে নিঃশেষ হয়ে যাবে। তার কারণ, তারা যা কিছু সঞ্চয় করেছিল, তাদের তা সব শেষ হয়ে গিয়েছে। এবার তারা পেটের জ্বালায় তাদের চাষের সাজ-সরঞ্জাম যা কিছু আছে সব বিক্রয় করে দিচ্ছে। এ সম্পর্কে আমার কাছে বহু তথ্য আছে। গত বছর ১০০ টাকায় যে গরু বিক্রয় হ'ত, সেই গরু এখন তারা বিভিন্ন হাটে মাত্র ৫০ টাকায় বিক্রি করছে। জিজ্ঞাসা করলে, তাঁরা উত্তর দেন চাষ কি করে হবে জানি না; আমাদের হাতে চাল নেই, আমরা বাঁচব কি ক'রে, সেইটাই আমাদের কাছে এখন প্রধান সমস্যা। আমি দেখেছি, যে গরু বিক্রি হচ্ছে সেটা চাষের গরু, কৃষকের হালের গরু। তারা চাষের সময় যখন এই গরু বিক্রয় করে, তখন সে নিশ্চয়ই খুব যন্ত্রণায় পড়ে, খুব ব্যথায়, বেদনায় পড়ে—এটা বুঝে দেখুন। তারপর আপনারা লোন বিতরণের কথা বলেছেন। আবার লোনের লিস্ট তৈরি হচ্ছে; এবং সেটা এ ডিপার্টমেন্ট ও ডিপার্ট-

ঘুরেতে ঘুরেতে কবে স্যাংশন হয়ে সেখানে গিয়ে পেঁাছাবে জানি না। এইভাবে যে সেখানে গিয়ে পেঁাছাবে তার কোন স্থিরতা নাই। অতএব আপনারা যেটুকু দেবেন সিদ্ধান্ত করেছেন সেটা যেন ঠিক সময়মত তাদের কাছে গিয়ে পেঁাছায়। চিরকাল যা করছেন, সেইভাবে না করে, অন্য পন্থা ধরুন। সাধারণের কমিটি ক'রে কাজের ব্যবস্থা করুন। বিশেষ ক'রে যে ২০ লক্ষ টাকা আপনারা বরাদ্দ করেছেন, এবং শুনলাম আরও ২০ লক্ষ টাকা নাকি বরাদ্দ হবে, তা নিয়ে আপনারা ঠিকভাবে কাজে অগ্রসর হন। আমি নিজে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখেছি—এর চেয়ে দশ গুণ বেশি কাজ হ'ত, যদি ঠিক সময়মত সেখানে সাহায্য যেত। যে সময় তারা মাটি কাটবে সেই সময় তারা টাকা পায় না; পরে যখন জোয়ারের সময় সব মাটি জলে ধুয়ে যায়, তখন এই টাকা দেবার কোন সার্থকতা নেই, এই টাকা সম্পূর্ণ অপব্যবহার করা হয়েছে।

এই যে ২০ লক্ষ টাকা দিচ্ছেন এবং আরও দেবেন বলছেন; কিন্তু আজ ১০ লক্ষ লোক ধ্বংসের পথে যেতে চলেছে, তার বিচার করবার, তাদের বাঁচানর দায়িত্ব আপনারা নেবেন কিনা? এর জবাব দিতে হবে, তা যদি না দিতে পারেন, তা হ'লে তার জন্য দেশের মানুষ প্রস্তুত থাকুন, এর বিরুদ্ধে সংগ্রাম করবে, এবং আপনাদের জবাব আদায় করবে।

[6-6-10 p.m.]

**Sj. Tarapada Bandopadhyay:**

স্পীকার মহাশয়, দেশে এক দারুণ সঙ্কটের পরিস্থিতি উপস্থিত হয়েছে, তাতে এই কথা বলতে পারা যায় যে, দেশ দুর্ভিক্ষের দ্বারদেশে উপনীত হয়েছে। অথচ মন্ত্রীমহাশয় যখন দেশের অবস্থার কথা বলেন, তখন তা শুনে দেশের এই সংকটজনক পরিস্থিতি ও দেশবাসীর এই দুরবস্থা সম্বন্ধে যে অবহিত হয়েছেন তা বোঝা যায় না। তাঁর সমস্ত বক্তৃতায় আগাগোড়া একটা লঘু পরিহাস ছাড়া আর কিছু নাই। এখানে সেই কথাটা মনে পড়ে- রোম যখন পুড়ছে নীরো তখন বাঁশী বাজাচ্ছে। আজ দেশবাসীর যা কিছু নিত্যব্যবহার্য জিনিস চাল, ডাল, সরষের তেল, কাপড় প্রভৃতির দাম আগুন হয়ে উঠেছে যেটার দাম এক টাকা সেটার দাম দেড় টাকা কি তার চেয়েও বেশী হয়েছে। ওদিকে বেকার সমস্যা বেড়েছে যাদের যে আয় ছিল, তা বাড়ে নি বরং কমেছে। এ অবস্থায় সাধারণ মানুষ যে কি করে দিন গুজরাণ করে, কি করে যে সংসার চালায় তার ব্যবস্থা একটা কিছু করবেন, সকলের সঙ্গে পরামর্শ করে কিসে এই দেশব্যাপী সংকটের নিরোধ করা যায় তার চেষ্টা করবেন না। তিনি নিশ্চিন্তে কলকাতায় ব'সে আছেন, আর পরিহাস করছেন। আমি বলব এর জন্য দায়ী এই অযোগ্য অক্ষম সরকারের নীতি বা দুর্নীতি। এদিকে তাঁদের কোন নীতি নাই, তাঁরা দেশের লোকের উপকারের জন্য কোন নীতি নির্ধারণ করেন না, কি করে দলগতভাবে নিজেদের সুবিধা হবে সেই কাজ করেন। হরিপদবাবু ঠিকই বলেছেন, তাঁরা সকল বিষয়েই রাজনীতি করেন। চাষীদের ধান ধনিকেরা কিনে নিয়েছে, চাষীরা আজ হাহুতাশ করছে, আর চোরাকারবারীরা একটা কৃত্রিম অভাবের সৃষ্টি করে খাদ্যদ্রব্য বিদেশে চালান করছে বা পাকিস্থানে পাচার করছে। এই অবস্থায় সরকার এখনও বসে আছেন। তাঁদের লোক আছে, জন আছে, খাদ্য বিভাগে কত সব কর্মচারী আছে, কিন্তু তাদের কেবল অযোগ্যতাই প্রমাণিত হচ্ছে। পাকিস্থানের আনসার বাহিনী যারা নাকি ১৯৫০ সালে সেখানকার হিন্দুদের উপর অজস্র অত্যাচার করেছিল, যাক সে ইতিহাস বলব না, তারা এখনও বহাল তবিয়তে রয়েছে, এখানকার কর্মচারীরা তাদের হাত থেকে ঘুষ খচ্ছে দু' হাতে, আর সকল জিনিস পাকিস্থানে পাচার করে দিচ্ছে। আর এখানে যারা রয়েছে মুনাফাখোর তাদের গায়েও তারা হাত দিচ্ছে না। সুতরাং কি আর আমরা আশা করতে পারি, যে সরষে দিয়ে ভূত তাড়ানো হবে -সেই সরষের ভিতরেই ভূত। এই মন্ত্রিমণ্ডলী থেকে আরম্ভ করে সকল জায়গায়ই এই। কোথায় যে পরিণতি, কি করে যে এই সমস্যার সমাধান হবে, আমি খুঁজে পাই না। সমাধানের উপায়- প্রথম দফায় বলি, মন্ত্রীমহাশয় সর্বত্র, সকল ক্ষেত্রে হাজার হাজার টন, লক্ষ লক্ষ মণের হিসেব দিয়ে থাকেন, তিনি দিনরাত দেশের ভালো চিন্তা করতে করতে তাঁর শরীর খারাপ হয়ে গিয়েছে। তিনি এবার দেশকে বাঁচাবার জন্য তাঁর নিজেকে রিলিফ করুন এই কর্মভার থেকে। তিনি যতদিন থাকবেন আমি বলব ডাইরেক্টলি এ্যাকিউজ করব তাঁকে, তাঁর মতন অযোগ্য অক্ষম ব্যক্তি এই ডিপার্টমেন্টের কর্ণধার

হয়ে যতদিন থাকবেন ততদিন এই দুর্নীতির আমাদের কোনদিনই নিরাকরণ হবে না। সেইজন্য বলছি, খেটে খেটে তাঁর শরীর খারাপ হয়ে গেছে, দিন কতক বিশ্রাম নিন। তা যদি না করেন—আমি অবশ্য বলতে চাই না—দেশের লোকই তার ব্যবস্থা করবে। ধনঞ্জয়ের যে ব্যবস্থা সে ব্যবস্থার কথা হরিপদবাবু বলেছেন শুনতে কতকটা 'রূঢ়' বটে কিন্তু দেশের যা অবস্থা, সে ব্যবস্থা লোকে বাধ্য হয়েই করবে।

আমি কাটোয়া সাব-ডিভিসনে গিয়েছিলাম, সেখানে অভাব অত্যন্ত বেশী। সেখানে গতবার চার আনা ধান হয়েছিল কিনা সন্দেহ। সেখানে শতকরা ৮০।৯০ জন লোকে অর্ধাশনে দিন কাটাচ্ছে। সেখানে ২।১ জন না খেয়েও মারা গেছে। সেদিন আমি মঙ্গলকোট থানায় গিয়েছিলাম সেখানে শুনলাম সুবল মাঝি বলে একটি লোক না খেতে পেয়ে মারা গেছে। মৃত্যুর রেজিস্টারে চৌকিদারের ত না খেতে পেয়ে মরার কথা লেখার উপায় নাই, তাকে অবশ্যই লিখতে হয়েছে ম্যালেরিয়ায় মারা গেছে। কিন্তু কাটোয়া মহকুমায় আজ ১৫।২০ বছর কোন ম্যালেরিয়া নাই। সেখানে ৮৬ হাজার টাকা দেওয়া হয়েছে তাতে ক'টি লোক সেখানে ঋণ পেয়েছে? আর যারাও পেয়েছে তাদের ঐ ১৫ টাকা ত এক জোড়া কাপড় কিনতেই যায়। সুতরাং আরও বহু টাকা চাই। অন্ততঃ ১০ লক্ষ টাকা দিন। আমি বলছি অচিরেই যদি এই টাকা না পাঠান তা হলে এঁদের দলের লোকও সেখানে মরবে। সেইজন্য আমি বলছি, কর্মচারী সরকারের যাঁরা আছেন এস. ডি. ও সার্কেল অফিসার তাঁরা খোঁজ নিন কার কি অভাব, অভাবের অনুপাতে রিলিফএর ব্যবস্থা করুন, নৈলে দেশের সর্বনাশ হয়ে যাবে।

**Sj. Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, মুল্যবৃদ্ধি এবং দুর্ভিক্ষ প্রতিরোধ কমিটির সম্পাদক এবং আমাদের দলের নেতা হেমন্তবাবু মূল্যবৃদ্ধি সম্বন্ধে আলোচনা করেছেন বলে আমি প্রধানত বিগত কিছুদিন পূর্বে অতিবৃষ্টি এবং ঘূর্ণাবর্তের ফলে যে ক্ষতি হয়েছে সে সম্বন্ধে আলোচনা করব। প্রথমেই আমি বলতে চাই যে এই সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয় যে তথ্য আমাদের কাছে পেশ করেছেন, সেটা ঠিক নয়। সরকারী তথ্য সংগ্রহের ব্যাপারে নানা কাহিনী আমাদের কাছে পরিচিত আছে এবং সেই কাহিনীগুলির মূল কথা হচ্ছে এই যে, সরকার পক্ষ থেকে যেসব পরিসংখ্যান সংগ্রহ করা হয় সেগুলি হয় ভুল তথ্যের উপর, না হয় আন্দাজে কিম্বা ইচ্ছা করে অনাবশ্যকে বিকৃত করে সেগুলিকে প্রকাশ করা হয়ে থাকে। এ ছাড়া যেখানে দরিদ্র জনসাধারণের ক্ষয়ক্ষতির হিসাব দেবার কথা সেখানে সরকারের সাধারণ প্রবণতাই রয়েছে তা সেটাকে কম করে দেখান এবং যেখানে সরকারের কৃতিত্বের কথা রয়েছে সেখানে বেশী করে দেখানোই হচ্ছে আমাদের সরকারের প্রকৃতিগত বৈশিষ্ট্য। এখানেও আমরা দেখছি যে, দেশের যা ক্ষয় এবং ক্ষতি হয়েছে বিশেষতঃ ঘূর্ণিবাত্যা এবং প্রবল বৃষ্টির ফলে, তাকে অত্যন্ত কম করে দেখানোর চেষ্টা করা হয়েছে। আমি অন্যান্য এলাকা সম্বন্ধে খুব বেশী জানি না, কিন্তু হাওড় জেলা সম্বন্ধে আমি আপনার কাছে স্পষ্ট করে তুলে ধরতে পারি যে, এই তথ্যের মধ্যে সত্যের কতখানি অভাব রয়েছে।

যাই হোক, হাওড়া জেলার দুই পাশে মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় এবং আর একদিকে ২৪ পরগনা জেলার ডায়মণ্ড হারবার মহকুমা এবং আলিপুর সদর মহকুমার অনেক ক্ষয়ক্ষতির হিসাব আমরা মন্ত্রীমহাশয়ের স্টেটমেন্টএর মধ্যে দেখলাম। কিন্তু এই দুই অঞ্চলের মধ্যে অবস্থিত হাওড়া জেলার দক্ষিণাংশে ঝড় এবং বৃষ্টির প্রকোপ এত কি করে কম হতে পারে তা আমরা ভাবতে পারি না। হাওড়া জেলা সম্পর্কে মন্ত্রীমহাশয় বলেছেন যে, সেখানে মাত্র ৫৫০টি ডুয়েলিং হাউস ড্যামেজড বা পার্সিয়ালি ডেস্ট্রয়েড হয়েছে এবং মাত্র ২৫০টি পানের বরজ নষ্ট হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয়ের পানের বরজ সম্পর্কে কোন প্রকার ধারণা আছে কিনা আমার সন্দেহ আছে। কারণ যে ঝড় হয়েছিল সেই ঝড়ের সম্বন্ধে যদি কিছুমাত্র ধারণা থাকে এবং পান বরজ সম্বন্ধে যদি কিছুমাত্র অভিজ্ঞতা থাকে তা হলে যে-কোন ব্যক্তি স্বীকার করবেন যে, নিতান্ত আড়ালের মধ্যে যদি না থাকে, গাছপালার রক্ষা-ব্যবস্থার মধ্যে যদি না থাকে তা হলে প্রত্যেকটি পান বরজই পড়ে যাবার কথা। আমি যতদূর জেনেছি তাতে হাওড়া জেলার শতকরা ৮০টি পান-বরজ নষ্ট হয়ে গেছে। আমার

সঙ্গে যদি মন্ত্রীমহাশয় যান তা হলে আমি তাঁকে দেখিয়ে দিতে পারি, আমাদের শ্যামপুর থানার অন্তর্গত নাকোল ইউনিয়নেই অন্ততঃ ৪০০ বৃক্ষ সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। অতএব এখানে যে ড্যামেজ এবং এ্যাফেক্টেডএর সংখ্যা দেখানো হয়েছে তা ঠিক নয়, বহুগুণ বেশীসংখ্যক বৃক্ষ সম্পূর্ণরূপে সবই নষ্ট হয়ে গেছে। এক-একটি গ্রামে যে ১০০ বৃক্ষ নষ্ট হয়ে গেছে, এইরকম গ্রামও আমি দেখাতে পারি। শ্যামপুর থানার বানেশ্বর ইউনিয়নের গড়েপোল গ্রামের নাম আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে পারি। সেখানে বৃক্ষগুলো সম্পূর্ণরূপে নষ্ট হয়ে যাওয়াই নয়, পরে সেইসব বৃক্ষগুলোকে রক্ষা করবার চেষ্টাও ব্যর্থ হয়েছে। কারণ আমরা দেখেছি যে, যদিও প্রাথমিক অবস্থায় বৃক্ষগুলোর গাছগুলি বেঁচে ছিল, কিন্তু পরে সেগুলোকে খাড়া ক'রে তোলার চেষ্টা করার ক্ষেত্রে দেখা গেছে সেগুলির গোড়া পচে নষ্ট হয়ে গেছে।

[6-10—6-20 p.m.]

এইসব ক্ষেত্রে যে ক্ষয়ক্ষতি হয়েছে, সেই ক্ষয়ক্ষতিগুলোকে এইরকম ক'রে হালকা করে দেখার কোন অর্থ আছে ব'লে আমি মনে করি না। বিভিন্ন এলাকায় ঘরবাড়ী সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে। বিশেষ ক'রে যে সময় বৃষ্টিপাত হয়েছে সেটা সম্পূর্ণ অসময় ব'লে আমাদের হাওড়া জেলার বিভিন্ন এলাকায় যেখানে নূতন ক'রে যারা মাটি দিয়ে ঘরবাড়ি তৈরি করেছিল তাদের সেইসমস্ত বাড়িগুলি সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে। আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয় নি এমন কাঁচা বাড়ি নেই ব'লেই আমরা মনে করি অন্ততঃ হাওড়া জেলার দক্ষিণাংশে শ্যামপুর থানা এলাকায়। কিন্তু সেগুলোকে উপযুক্ত স্বীকৃতি আমাদের মন্ত্রী মহাশয় তাঁর বিবৃতির মধ্যে দেন নি। আমতা থানায় বহুদিন এই বৃষ্টির ফলে নূতন পাটের যে চাষ হয়েছিল সেগুলো জলমগ্ন হ'য়ে নষ্ট হয়েছে। আপনি জানেন যে, হাওড়া জেলার বহু এলাকায় পাটের চাষ হয়, কিন্তু সেই পাটের চাষ সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে অন্ততঃ সেগুলোর ৮০ ভাগ সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে। সেগুলোকে পুনরায় নূতন চাষ ক'রে ঐ পাট থেকে যে আয় পাওয়া যেত সেই আয় পাবার কোন সম্ভাবনা চাষীদের নেই। ধান চাষের ক্ষেত্রেও বিরাট বিপর্যয় সৃষ্টি হয়েছে। হাওড়া জেলার বিভিন্ন এলাকায় বিশেষ ক'রে উলুবেড়ে মহকুমার বিভিন্ন থানায় প্রায় ৮০ হাজার বিঘে জমি আজও এমনভাবে জলের নীচে রয়েছে যে সেগুলো থেকে জল নিকাশ হয়ে গেলেও, সেগুলোতে চাষ করা সম্ভব হবে ব'লে আমরা মনে করছি না। আমাদের নেতা নানুবাবু এই নিয়ে সরকারপক্ষের কাছে বহুবার যাতায়াত করেছেন, কিন্তু কোন ফল তিনি লাভ করতে পারেন নি। আমার মনে হয় যে, ঐসব এলাকায় এই বৎসরে চাষ সম্পূর্ণরূপে অসম্ভব হবে। বীজধান নষ্ট হয়ে গেছে ব'লে উলুবেড়ে মহকুমার এস. ডি. ও. মহোদয়ও বীজধান সরবরাহ করবার কথা বলেছেন, কিন্তু সরকারপক্ষ থেকে সেরকম কিছুই ব্যবস্থা করা হয় নি। আউশ ধানও হাওড়া জেলার শতকরা প্রায় ৬০ ভাগ সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। রবি ফসলের কথাই ওঠে না কারণ রবিফসলও সম্পূর্ণরূপে নষ্ট হয়ে গেছে এবং কিছুদিনের মধ্যে রবিফসল নূতন ক'রে তৈরি করবারও কোন সম্ভাবনা নেই। এর ফলে বাজারের দিকে তাকালে যে কোন মানুষই দেখতে পারেন যে, আনাজ, তরি-তরকারীর কিরকমভাবে উচ্চমূল্য হয়েছে। রিলিফ ওয়ার্কএর জন্য আমাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু কিছু হয় নি। এই বিষয়ে উলুবেড়ে মহকুমার এস. ডি. ও. প্রাথমিক তদন্ত করেছেন, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছেও যাওয়া হয়েছিল, রিলিফএর নিশ্চয়তাও তিনি দিয়েছিলেন, সরকারের তথ্যের মধ্যেও দেখলাম রিলিফএর ব্যবস্থা আছে, ঋণদানের ব্যবস্থাও রয়েছে, কিন্তু সেরকম কোনও কাজ আমরা এখনও দেখছি না। দরিদ্র, যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সম্পূর্ণরূপে খয়রাতি সাহায্য করে তাদের রক্ষা করবার চেষ্টা যদি না করা হয়, তাদের চাষের জন্য খয়রাতি সাহায্য এবং যেসব দরিদ্র মানুষদের ঘরগুলি সম্পূর্ণরূপে নষ্ট হয়ে যাওয়ায় তারা বাসচ্যুত হয়েছে, তাদের গৃহনির্মাণের জন্য খয়রাতি সাহায্য এবং অপেক্ষাকৃত যারা অবস্থাবান যারা নিজেদের সামর্থ্যের দ্বারা অন্যের কিছু সাময়িক সাহায্য নিয়ে নিজেরা গুছিয়ে উঠতে পারে তাদের ঋণদানের ব্যাপক ব্যবস্থা করা যদি না হয় তা হলে ভীষণ খারাপ অবস্থার সম্মুখীন তাদের হতে হবে। যদি ঐসমস্ত এলাকাগুলোকে বাঁচাবার ইচ্ছে সরকারের থাকে তা হলে এখুনি তাদের সাহায্য দেওয়া প্রয়োজন।

এরপর আমি উত্তরবঙ্গের কয়েকটি এলাকা সম্বন্ধে আপনার সামনে অল্প একটু আলোচনা করতে চাই। মেদিনীপুর এবং ২৪-পরগনা সম্বন্ধে অনন্যনা সভামহোদয়রা কিছু আলোচনা করেছেন, হাওড়া সম্বন্ধে আমি অল্প কিছু বললাম। উত্তরবঙ্গের কুচবিহার, জলপাইগুড়ি জেলা এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা অত্যধিক ক্ষতিগ্রস্ত হয়েছে। সেখানে বন্যা-বিধ্বস্ত হয়ে বহু নরনারী বিপন্ন হয়েছে। কুচবিহার জেলায় এখনও বর্ষার ঠিক সময় হয় নি, কিন্তু এখনই যেভাবে বর্ষা নেমেছে তার ফলে তোর্ষা নদী একাধিকবার বিপদের সীমা অতিক্রম করেছে। বৈশাখ মাসে কয়েকবার প্রবল বৃষ্টিপাতের ফলে তোর্ষা নদীতে বন্যা অত্যধিক বৃদ্ধি পায়। কালজানি নদীতেও বন্যার ফলে তুফানগঞ্জ সদর এবং সমগ্র দিনহাটা মহকুমা সম্পূর্ণরূপে প্লাবিত হয়ে যায়। এর ফলে জনসাধারণের দুর্গতি অত্যন্ত বৃদ্ধি পায়। সেখানকার বামপন্থী দল, বিশেষ করে সেখানকার ফরোয়ার্ড ব্লক এর নেতৃবৃন্দ এই নিয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেন। অবশেষে দিনহাটা মহকুমার কর্তৃপক্ষ গভর্নমেন্টের তরফ থেকে সেখানকার ২ লক্ষ অধিবাসীর মধ্যে ২৫ হাজার অধিবাসীকে টেস্ট রিলিফএর কাজ দিতে বাধ্য হন। এইভাবে প্রায় সওয়া লক্ষ লোকের জীবিকার ব্যবস্থা করতে সরকার বাধ্য হন। কিন্তু দুঃখের বিষয় যে, পরবর্তীকালে এই টেস্ট রিলিফএর কাজ সম্পূর্ণরূপে বন্ধ করে দেওয়া হয়েছে বলে এই বন্যাবিধ্বস্ত দিনহাটা মহকুমায় দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়েছে। সেজন্য আমি দাবী করি যে সরকার এই জেলাটিকে দুর্ভিক্ষ এলাকা বলে ঘোষণা করে সেখানকার জনসাধারণকে বাঁচাবার চেষ্টা করুন। এই অবস্থাতেও সরকারের সেদিকে কোন দৃষ্টি নেই। আমরা খবর পেয়েছি যে সেখানে সরকারের যা কর্তব্য, সেই কর্তব্যের দিকে দৃষ্টি না দিয়ে তাঁরা সেখানে সন্ত্রাস সৃষ্টি করবার চেষ্টা করছেন। আমরা আরও খবর পেয়েছি যে, দুর্গতদের সাহায্যের দাবীতে আন্দোলন পরিচালনার জন্য একমাত্র দিনহাটা মহকুমায় ২৩ জন ফরোয়ার্ড ব্লক নেতাকে গ্রেপ্তার করা হয়েছে। দিনহাটা মহকুমার তুফানগঞ্জ প্রভৃতি শহরে গ্রামাঞ্চল থেকে দিনের পর দিন এস. ডি. ও. মহোদয়ের কাছে তাদের দুঃখ-দুর্দশার কাহিনী নিয়ে মিছিল আসছে। কিন্তু সেদিকে সরকার পক্ষের কোন দৃষ্টি দেওয়া হচ্ছে না। তোর্ষার বন্যার ফলে কুচবিহার সদর মহকুমার হলদিবাড়ির কাছে টাকামারী ও চাঁপাগুড়ি গ্রাম দুটি সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন হয়ে গেছে। জলপাইগুড়ি জেলাতেও ঐরূপ অবস্থা হয়েছে ডুয়ার্সের যোগাযোগ ব্যবস্থা কিছুকালের জন্য বিচ্ছিন্ন হয়ে গেছে। অতএব এই সমস্তের দিকে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করি এবং দেশের যে প্রকৃত অবস্থা সে সম্বন্ধে সঠিকভাবে অবহিত হয়ে জনসাধারণকে এই সংকট থেকে রক্ষা করবার জন্য সরকারের কাছে আবেদন জানাই।

**Sj. Subodh Banerjee:** Mr. Speaker, Sir,

খাদ্যমন্ত্রী মহাশয়, বর্তমানে মূল্যবৃদ্ধি এবং বন্যা ও বাত্যাবিধ্বস্ত বাংলাদেশের অবস্থা সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন, সেই বিবৃতি সম্বন্ধে কয়েকটি কথা বলে নিয়ে তারপর আমি আমার মেন আলোচনা আরম্ভ করব। মন্ত্রীমহাশয় দেখাতে চেয়েছেন যে, বর্তমান জিনিসপত্রের যে দাম বাড়ছে সেটার মধ্যে অস্বাভাবিকতা কিছু নেই। একটা সুষ্ঠু পরিকল্পনাযুক্ত অর্থনীতির মাঝেই এটা চলেছে আমরাও একথা বলি। পরিকল্পনার ফলেই এই যে দ্রব্যমূল্যের বৃদ্ধি হচ্ছে, একথা আমরাও বলি। তবে এই পরিকল্পনা সুষ্ঠু নয় এই যা কথা। তিনি ১৯৫৩ সালের প্রাইস ইনডেক্স তুলে ধরেছেন। এটা একটা কারসাজি বলব। কারণ তুলনা মূলকভাবে আলোচনা করতে গেলে ১৯৩৯ সালকে বেস ধরে আলোচনা করা দরকার কারণ তখনই স্বাভাবিক অবস্থা ছিল। তারপর ১৯৩৯ সালের পর থেকে যুদ্ধ আরম্ভ হয় এবং তখন থেকেই ভারতের অর্থনীতিতে মুদ্রাস্ফীতি চূড়ান্তভাবে পরিলক্ষিত হয় যার ফলে তার পরের কোন বৎসরকে বেস ধরে তুলনা করা যেতে পারে না। বিশেষ করে ১৯৫৩ সালের বেলাতে ত করাই যেতে পারে না, যেহেতু ১৯৫০ সালে কোরিয়ান যুদ্ধের ধাক্কা সমস্ত ভারতের অর্থনীতিকে আঘাত করেছিল। সুতরাং এই আলোচনা অযৌক্তিক ও অবাস্তব হয়েছে। ১৯৪৮ সাল থেকে যদি হিসাব ধরেন, তা হলে দেখবেন ক্রমশঃ মূল্য বৃদ্ধির দিকে চলেছে। ১৯৫০ সালে যে সময় কোরিয়ার যুদ্ধ আরম্ভ হয়, তখন একটা সাডেন জাম্প পায়। সেই জাম্প যদি ছেড়ে দি— তা হলেও দেখব ১৯৪৮ সাল থেকে আরম্ভ হয়েছে দ্রব্যমূল্য বৃদ্ধি পেতে। কেন দ্রব্যমূল্যের বৃদ্ধি হয় সেটা বুঝা দরকার। মন্ত্রীমহাশয় বলেছেন নোট ছাপাবার

কথা। নোট ছাপালেই সব সময় মুদ্রাস্ফীতি হয় না। এ জিনিস বুঝা দরকার আছে। নোট যা ছাপাবেন—সেই তুলনায় প্রোডাকশন যদি বেড়ে যেত তা হ'লে মুদ্রাস্ফীতি ঘটত না। কিন্তু তা হয় নি। ১৯৫১ সাল থেকে আরম্ভ ক'রে ১৯৫৬ সাল পর্যন্ত অর্থাৎ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৬৫ কোটি টাকার বাড়তি নোট ছেড়েছেন কিন্তু উৎপাদন কি হয়েছে তার কোন হিসাব নেই। স্পীকার মহাশয়, ১৯৪৩ সালে বাংলায় যে বৎসর দুর্ভিক্ষ হয় এবং খাদ্যের অভাব হয় সেই ১৯৪৩ সালের তুলনায় ১৯৫৫ সালের স্বাভাবিক খাদ্যদ্রব্য মোট বেড়েছে—১৩। আর যদি শুধু চাল ধানের কথা ধরেন— তা হ'লে চাল বৃদ্ধি হওয়া ত দূরের কথা—৫ পার্সেন্ট ক'মে এসেছে। ১৯৪৩ সালে যে জায়গায় সূচক ছিল ১০০, সেখানে ১৯৫৫ সালে সূচক হয়েছে ১০৪। গমের সূচক কিছু বাড়ে নি। শুধু বেড়েছে ছোলা এবং অন্যান্য খাদ্যদ্রব্য যেগুলি মানুষের স্টেপল ফুড নয়। সুতরাং উৎপাদন বেড়েছে কিন্তু স্টেপল ফুডএর উৎপাদনের কথা যদি চিন্তা করি যা মানুষ খায়, সেই চাল ও গম তার উৎপাদন বৃদ্ধি পায় নি। ভারত সরকার নোট ছাপাবেন, কিন্তু তার সঙ্গে কমনসুরেট হচ্ছে কিনা প্রোডাকশন সেটা চিন্তা করার দরকার আছে। তা নেই।

[6-20 - 6-30 p.m.]

আমরা দেখছি, ৩৬৫ কোটি টাকা বাড়তি নোট ছাপা হচ্ছে, অন্যদিকে উৎপাদন কমে যাচ্ছে। সেজন্য হু হু করে বেড়ে যাচ্ছে জিনিসপত্রের দাম, মূল্যমান। প্রথম পঞ্চবার্ষিকী প্ল্যানএ ৩৬৫ কোটি টাকা বাড়তি নোট ফাঁপাই করেছেন, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১,২০০ কোটি টাকার কথা বলেছেন। এ ছাড়া আর একটা ফাঁক আছে—গ্যাপ আছে। ৮০০ কোটি টাকার। সে টাকা কি ক'রে আসবে জানি না। ঠিক করেন নি। তবে কিছু টাকা আসবে ট্যাক্সেশন করে আর বাকিটা ইনফ্লেশন দ্বারা। আমরা যদি আধাআধি ধরে নিই ১,২০০ + ২০০ - ১,৪০০ কোটি টাকার নোট ছাপা হবে ৩৬৫ কোটি টাকার উপর। প্রোডাকশন যা বাড়ছে যে ট্রেন্ড তাতে কি দেখছি, দেখছি দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জিনিসপত্রের দাম ৪২ গুণ বেড়ে যাবে। সুতরাং আমি বলব, পরিকল্পনা সুষ্ঠু নয়। উনি বলেছেন, ডেভেলপমেন্ট স্কীম করতে গেলে ইনফ্লেশন কিছু হয়, জানি না এই অর্থনীতি ওকে কে শিখিয়েছে! মার্ক্সের কথা বলব না মার্ক্সের কথা ছেড়ে দিই, কারণ ওতে ওঁদের গায়ে জ্বালা ধরবে। পুঁজিবাদী অর্থনীতিক কথাই বলি, তাঁকে বলি ইন্টারন্যাশনাল যেসমস্ত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পুঁজিবাদী অর্থনীতিক আছেন তাঁরাই ভারতবর্ষের অর্থনীতিক কাঠামো বিচার ক'রে বলেছেন যে, বছরে ২৫।৩০ কোটি টাকার বেশি বাড়তি নোট ছাপানো যেতে পারে না। তার বেশি করতে গেলে ভারতীয় অর্থনীতি ভেঙ্গে পড়তে বাধ্য। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফলে ১২৫ - ১৫০ কোটি টাকার নোট বড় জোর ছাড়তে পারেন। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে জিনিস চলছে, তাতে ৩৬৫ - ১,৪০০ কোটি, অর্থাৎ প্রায় ২,০০০ কোটি টাকার মত বেশী নোট ছাপতে যাচ্ছেন, কি ক'রে অর্থনীতিকে রক্ষা করবেন কোন্ দিক দিয়ে? সুতরাং বুঝা দরকার একদিকে ইন্ডাস্ট্রি বাড়াবার জন্য নোট ফাঁপাই করছেন কিন্তু সঙ্গে সঙ্গে প্রশ্ন হচ্ছে, কোথাও যদি কনসলিডেশন, সলিডারিটি না থাকে তো ইন্ডাস্ট্রি রক্ষা করবে কে? হাওয়ার উপর? বালির উপর? ধপ ক'রে প'ড়ে যাবে। মানুষের পার্চেজিং পাওয়ার, ক্রয়শক্তি যদি না থাকে তা হ'লে ইন্ডাস্ট্রি যা তৈরি করবে, সেই উৎপাদিত মাল ভোগ করবে কারা? ফলে দুদিন পরেই ইন্ডাস্ট্রি লালবাতি জ্বালাবে এই কথা আমার নয়। এর প্রমাণ ওদেরই সংখ্যাতত্ত্ব। গত পাঁচ বছরের হিসাব নিয়ে বাংলাদেশের কথাই বলি, বাংলাদেশে ৫০ কোটি টাকা পেড আপ ক্যাপিটাল সেই রকম কোম্পানি লালবাতি জ্বালিয়েছে, কেন জ্বালিয়েছে? অর্থনীতিতে একটা ভিসিয়াস স্পাইরেল ওয়ার্ক করছে যেটা আপনারা ঠেকাতে পারছেন না। এ ছাড়া ভারতের অর্থনীতির মূলে রয়েছে যাতে জিনিসপত্রের দাম বাড়ে। কেন ট্যাক্সেশন এনকোয়ারি কমিশন বসেছিল, তার কথা বলছি। অবশ্য তারা বলেছে—

**All possible measures should be adopted to impose all practicable restrictions on private consumption.**

মানুষ যাতে ভোগ না করতে পারে তার উপর যথাসম্ভব চাপ দিয়ে রাখা, অর্থাৎ এভাবে ক্যাপিটাল ফর্মেশন হবে—ফান্ডামেন্টাল আইডিয়া। ইন্ডাস্ট্রিকে গড়তে হ'লে মানুষের পার্চেজিং পাওয়ারকে বাড়াতে হবে। মানুষের যদি কনজাম্পশন, ভোগ করবার ক্ষমতা থাকে তা হ'লে বড় বড় ইন্ডাস্ট্রি গ'ড়ে থাকে। ক্রয়শক্তি যদি লোকের কমেই যায়, তা হ'লে যে ইন্ডাস্ট্রি গড়ে উঠবে সে দু'দিন বাদেই উঠে যাবে। সেদিক থেকে বিবেচনা করলে এই যে অর্থনীতিক দৃষ্টিভঙ্গি সেটা একটা ভুল জিনিসের উপর।

[At this stage red light was lit.]

I want five minutes more.

**Mr. Speaker:** You are indulging in high politics.

**Sj. Subodh Banerjee:**

হাই পলিটিক্সএর কথা না ব'লে উপায় নাই স্যার। আমি দেখিয়ে দিচ্ছি এ'রা যে অর্থনীতিক দৃষ্টিভঙ্গি নিয়েছেন সেটা হচ্ছে, যাতে মানুষ ভোগ করতে না পারে। ট্যাক্সেশন এনকোয়ারি কমিশন যে নীতি নির্ধারণ করেছে ভারত সরকার যেটা মেনে নিয়েছে, তার জন্য ইনফ্লেশন মারফৎ দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে হেভি ট্যাক্সেশন মারফৎ মানুষের পার্চেজিং পাওয়ার কার্টেল করা হোক এই হচ্ছে উদ্দেশ্য। এটাই হচ্ছে পুঁজিবাদী অর্থনীতি। তাঁরা মনে করেছেন, মানুষ যদি ভোগ করতে নিবৃত্ত থাকে, তা হ'লেই তার হাতে টাকা জমবে। আচ্ছা ইন্ডাস্ট্রিয়াল গুডস্এর কথা ছেড়ে দিলেও ধরুন, আমার আধ মণ চাল বড্ড দরকার। দাম বাড়লেও আধ মণের জায়গায় ১০ সের করতে পারি না। আধ মণই কিনতে হবে। ক্যাপিটাল ফর্মেশন সেভিংস দ্বারা হওয়া দূরে থাকুক, তাতে দেশের অর্থনীতি ক্ষতিগ্রস্ত হয়ে যাবে। এ জিনিস বুঝা দরকার। এই যে নীতি সমস্তই এক্সপোর্টএর নীতি এই জিনিসগুলির সাফাই গাইবার চেষ্টা করছেন। কি ফানী যে, ইন্ডিয়া গভর্নমেন্টএর স্ট্যাটিসটিক্স পর্যন্ত এ'রা পড়েন না। চাল ডাল ১৯৫৫ সালের তুলনায় ৮ গুণ বেড়ে গিয়েছে। ৪ কোটি ৭১ লক্ষ যেখানে এক্সপোর্ট হয়েছিল সেখানে ৩১ কোটি ২২ লক্ষ টাকার মত রপ্তানি হয়েছে। মানুষ একদিকে খেতে পাবে না, অন্যদিকে মাল পাঠাতে হবে বাজার দখল করতে হবে বিশ্বের বাজারে সাম্রাজ্যবাদী স্বার্থরক্ষার জন্য।

হোর্ডিংএর কথা বলব না। হোর্ডিং নিশ্চয়ই হচ্ছে, সেখানে ফাটকাবাজী হচ্ছে তার জন্য নীতিই দায়ী। রিজার্ভ ব্যাংক জয়েন্ট স্টক কোম্পানি টাকা কেন লাগাচ্ছে? ইচ্ছা করলে তারা একদিনে সে জিনিস কার্টেল করতে পারে-এটা হচ্ছে পঞ্চবার্ষিকী পরিকল্পনার অবশ্যম্ভাবী ফল—এটা যদি রুখতে হয় তা হ'লে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ফ্রেম ওয়ার্ক বদলাতে হবে। খোল নলচে সব ঢেলে সাজতে হবে।

**Sj. Kali Mukherjee:**

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিবৃতি আমাদের সামনে উপস্থাপিত করেছেন এবং তা দ্বারা আমাদের যে আলোচনার সুযোগ দিয়েছেন বিশেষ ক'রে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং সাইক্লোন, বাত্যা, বন্যাবিধ্বস্ত অঞ্চল সম্পর্কে এবং তার রিলিফ সম্পর্কে তার জন্য আমরা তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আমাদের এখানে নানাভাবে নানা আলোচনা হয়েছে অর্থনীতিক দিক দিয়ে আমার পূর্ববর্তী বক্তা সুবোধবাবু অনেক কথা আমাদের সামনে উপস্থাপিত করেছেন। আমি গুটিকয়েক কথা সাধারণ লোকেরা যেভাবে বোঝে—আমরা কোন অর্থনীতি এক্সপার্ট নই ঠিক যেভাবে বুঝি সেই জিনিসই আপনার মাধ্যমে রাখতে চাই। কোন দেশে কোন গণতান্ত্রিক রাষ্ট্রে যদি দ্রুত শিল্পোন্নয়ন হয় এবং তার জন্য টাকা যথেষ্ট টাকা ধার্য করা হয় এবং সেই শিল্পোন্নয়নের জন্য বিশেষ ক'রে ক্যাপিট্যাল গুডসএ সেই টাকা নিয়োগ করা হইয়া থাকে। এর স্বাভাবিক পরিণতি যে বহু ওয়েজ-আর্নার্সরা সেখানে নিযুক্ত হবেন। তা দ্বারা যে ধন উৎপাদিত হয় সেই ধন তখনই দেশের কার্যে নিয়োজিত হয় না। তার স্বাভাবিক পরিণতি বা ফল দাঁড়ায় যে অদূরভবিষ্যতে নয় বেশ কিছুদিন পরে গিয়ে দেশ সমৃদ্ধ হয়ে, দেশ শক্তিশালী হয়। ইহাতে জাতীয় ধন সৃষ্টি হয় ঠিক, কিন্তু তাতে মূল্যবৃদ্ধি বা যাকে আমরা বলি ইনফ্লেশন সেটা হতে বাধ্য। আর আমাদের দেশে ১।২ কোটি টাকা নয়, ১,৪০০ কোটি টাকা

সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর শিল্পে যা খরচ হবে—প্রাইভেট সেক্টরএ এবং পাবলিক সেক্টরএর জন্য তার অধিকাংশ টাকাই ক্যাপিট্যাল গুডসএর জন্য ব্যয় করছেন। এই পর্যন্ত ১,২০০ কোটি টাকা ডিফিসিট ফাইন্যান্সিং হয়েছে এর পরিণতিতে যে ইনফ্লেশন খানিকটা স্বাভাবিক —এটা অস্বীকার ক'রে লাভ নাই। তার উপর পশ্চিমবঙ্গের কোন হাত নাই। এটা বুঝা দরকার।

দ্বিতীয়তঃ দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে এটা অস্বীকার করা চলে না। কিছুদিন আগে গভর্নমেন্ট যে তাঁর রিপোর্ট প্রকাশ করেছেন তাতে তা অস্বীকার করেন নি। তাঁরা বলেছেন—৩রা জুলাই ১৯৫৬ সালের একটা হিসাব বেরিয়েছে অর্থাৎ ১১ই জুন তারিখের গত বছরের সঙ্গে এ বছরের হিসাবে তুলনা করলে দেখা যায় যথেষ্ট পরিমাণ দ্রব্যমূল্য বেড়েছে।

[6-30—6-40 p.m.]

আমি সবটা পড়তে চাই না, মোটামুটি বলা যায়, ৩৪১ যেখানে ছিল গত বৎসর সেখানে ৩৯৩ হয়েছে। অর্থাৎ সমস্ত পণ্যের গড় হিসেব বিশেষ ক'রে তার মধ্যে খাদ্যদ্রব্য বেড়েছে ২৭৭এর জায়গায় ৩৫৬ এবং খাদ্যদ্রব্যের দাম বেড়েছে ২৭৭.৩এর জায়গায় ৩৫৬.৩, খাদ্য-শস্যে ৩১৪এর জায়গায় ৪৬৮। অর্থাৎ গত বৎসরের তুলনায় অনেক বেশি তফাত দেখা যায়। গভর্নমেন্ট তাঁর রিপোর্টে বলছেন যে, ১৫.২ শতাংশ মোটামুটি বৃদ্ধি পেয়েছে। কাজেই মাননীয়া সদস্যা শ্রীমতী কাউল ২৫।৩০ শতাংশ বৃদ্ধি বলেছেন, কিন্তু গভর্নমেন্টের রিপোর্ট অনুযায়ী ততখানি পাওয়া যায় না। যাই হোক, এক বৎসরের মধ্যে এই যে মূল্যবৃদ্ধি আমরা দেখতে পাচ্ছি সেই অস্বাভাবিক মূল্যবৃদ্ধির একটা কারণ আমি আপনার সামনে বলেছি যে, ক্যাপিট্যাল গুডসএ বেশী টাকা খরচ হচ্ছে। দ্বিতীয় কারণ হচ্ছে যে, কনজ্যুমেবেল গুডস আমরা যেভাবে তৈরি করেছি এবং করছি এবং যেভাবে ক্যাপিট্যাল গুডসএ টাকা নিয়োজিত হচ্ছে সেইভাবে আমরা অন্য কিছুতে ব্যয় করছি না। পরন্তু এমপ্লয়মেন্ট কোয়েশ্চেন আমাদের কাছে সবচেয়ে বড় ব'লে আমরা নানাপ্রকারে কটেজ ইন্ডাস্ট্রি আমদানি করবার চেষ্টা করছি, যেমন অম্বর চরখা ক'রে ২০ থেকে ২৫ লক্ষ লোকের রোজগারের চেষ্টা আমরা করছি। এতে ফল হচ্ছে এই যে, কনজ্যুমেবেল গুডস কিছু না কিছু রেস্ট্রিক্টেড হবে। কারণ কটেজ ইন্ডাস্ট্রি হ'লে একদিক দিয়ে যেমন তার যথেষ্ট পরিমাণে কোয়ালিটিজ থাকবে না, যেমনভাবে মেসিনারি গুডসএর থাকে তেমনি আবার কিছু উৎপাদনে রেস্ট্রিকশনও হবে এবং এর সঙ্গে সঙ্গে লোকের টেন্ডেন্সি হচ্ছে যে, ক্যাস ক্রপসএ জিনিস তৈরি করাবে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া স্টেট বাই স্টেট যে হিসাব প্রকাশ করেছেন তাতে দেখা যায় যে, গত বৎসরের তুলনায় এই বৎসরে আমাদের ২.৭ ক্যাস ক্রপসএ ল্যান্ড ট্রান্সফার্ড হচ্ছে যেটা ফুড ক্রপসএ ছিল। সেদিক দিয়ে আমরা দেখছি যে, মোটামুটিভাবে কনজ্যুমেবেল গুডসএর প্রোডাকশনটা অনেকটা পরিমাণে স্ট্যাটিক এবং কটেজ ইন্ডাস্ট্রি দ্বারা আমরা খানিকটা রেস্ট্রিক্টেড হয়েছি। এই গেল সাধারণভাবে সারা ভারতবর্ষে যে পরিস্থিতিতে মূল্যবৃদ্ধি হয়েছে। কিন্তু আন্তর্জাতিক ক্ষেত্রেও মূল্য বৃদ্ধি হয়েছে। সে সম্বন্ধে আজ আমি আপনাদের সামনে অত বড় লম্বা হিসেব প'ড়ে শোনাব না কারণ অত সময় আপনি দেবেন না এবং তা হ'লে মাঝখানে আমাকে ব'সে পড়তে হবে। মোটামুটিভাবে আন্তর্জাতিক ক্ষেত্রে এখনও যুদ্ধের মহড়া রয়েছে ও চলছে ব'লে প্রত্যেক দেশেই লাস্ট ইয়ারএর তুলনায় এই ইয়ারে জিনিসপত্রের দাম যথেষ্ট পরিমাণে বেড়েছে। সুতরাং আমাদের দেশে, অর্থাৎ পশ্চিম বাংলায় আমরা যা করতে পারি সেটা মোটামুটিভাবে আমাদের সামনে ইনএভিটেবল আকারে এসেছে ব'লে তার উপরে আমাদের ততটা হাত নেই। ইকনমিক এক্সপার্ট যাঁরা তাঁরা দেখবেন যে, কিভাবে সেগুলোকে কন্ট্রোল করা যায়। আজই অথবা গতকালের কাগজে আমরা দেখেছি যে, শ্রীযুক্ত কৃষ্ণমাচারী, ইউনিয়ন ইন্ডাস্ট্রিজ মিনিস্টার, বলেছেন যে, এটাকে কন্ট্রোল করা যায় এবং তিনি এটাকে কন্ট্রোল করতে পারবেন ব'লে আশা দিয়েছেন। অতএব যদি কন্ট্রোল হয় তা হ'লে দেশের পক্ষে খুব মঙ্গল হবে। কিন্তু যেটা আমাদের হাতে আছে সেটা হচ্ছে হোর্ডিং বন্ধ করা। আমরা দেখেছি, কোন খাদ্য মালকে হোর্ডিং বা মজুত করার অর্থই হচ্ছে তাকে বেশী দামে বিক্রি করা, স্পেকুলেশনএর উপর ছেড়ে দেওয়া। এটা আমাদের দেশে বরাবরই আছে, আগে যে

ছিল না, তা নয় এবং এজন্যেই বর্ষাকালে আমাদের দেশে জিনিসের দাম কিছু বেড়ে যেতো। কিন্তু এখন এটা একটা বিরাট ব্যবসায়ে পরিণত হয়েছে। আমার কোন বন্ধু বক্তা এই নিয়ে হিসাবও প্রকাশ করেছেন। এখানে আমরা দেখছিলাম চালএর স্পেকুলেটিভ হোর্ডিং হচ্ছে, তেল হোর্ডিং হচ্ছে, এমন কি অয়েল-সীডসও হোর্ডিং হচ্ছে। সম্প্রতি কলকাতার কোন এক বড় হোটেলে মাইন-ওনার্সদের এক সভায় মিনারেল রিসোর্সএর উন্নতির জন্য যে কনফারেন্স হয়ে গেল, তাতে মাননীয় শ্রীঅরুণ গুহ, ইউনিয়ন ফাইন্যান্স মিনিস্টার বলেছেন যে, পশ্চিমবাংলায় বা ইস্টার্ন জোনএ মূল্যবৃদ্ধির প্রধান কারণ হচ্ছে হোর্ডিং এবং উহার উপর স্পেকুলেশন করে মারাত্মক ব্যবসা এবং এই হোর্ডিং যদি বন্ধ করা না যায় এবং মজুত জিনিস যদি জনসাধারণের মধ্যে বিলি করা না হয় তা হলে মূল্যবৃদ্ধি থাকবেই। সেজন্য আমি মনে করি, এই বিষয়ে আমাদেরও একটা করণীয় আছে যে, সবাই মিলে আমরা যদি এটাকে বন্ধ করতে পারি, তা হলেই কাজ হবে। এ ছাড়া আরও কতকগুলি কারণ রয়েছে, তার মধ্যে পূর্ববঙ্গে দুর্ভিক্ষের জন্য সেখানে ৭৫ টাকা করে চালের দাম হয়েছে। এটা খুবই স্বাভাবিক যে, হরিপদবাবু যে কনস্টিটিউয়েন্সি থেকে এসেছেন, সেদিক দিয়ে পাকিস্তানে চাল বরাবরই পাচার হয় এবং যে পরিমাণে সেখানে চাল পাচার হয় তা যদি বন্ধ করা না যায়, তাতে চালের দাম বাড়বেই। তা ছাড়া আমরা ইউনিয়ন করতে গিয়ে দেখেছি যে, ভারত-পাকিস্তান স্টীমার সার্ভিস যেগুলো আছে, যারা আসাম প্রভৃতি স্থানে পাকিস্তান দিয়ে যাতায়াত করে সেই স্টীমার সার্ভিসগুলোর মধ্যে দিয়েই পূর্ব পাকিস্তানে অনেক খাদ্যবস্তু অধিক মূল্যে পাচার হয়। এর মধ্যে একটার নাম আমি করতে পারি, সেটা হচ্ছে আই, জি, এন, এ্যান্ড আর, এস, এন, জয়েন্ট স্টীমার কোম্পানী। এইগুলোকে বন্ধ করবার ব্যবস্থা যদি না করা যায় তা হলে কিছুই হবে না। দুর্ভাগ্যবশতঃ আমাদের দেশে অনেক পূর্ববাংলার ভাইবোনেরা এসে পড়েছেন এবং আমাদেরও দুর্ভাগ্য যে, আমরা যথেষ্ট পরিমাণে তাঁদের জন্য ব্যবস্থা করতে পারি নি। এঁরা ভারতীয় অর্থনীতিতে একটা ভারস্বরূপ এবং এঁদের আসাতে আমাদের এখানে জিনিসের দাম বেড়েছে এবং আনএমপ্লয়মেন্টএর সংখ্যাও বেড়ে গেছে। আর একটা বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই, বিশেষ করে, আসানসোলে কয়লাখনি শ্রমিক ব্যাপারে যা হয়েছে। কোন জায়গায় যদি শ্রমিক মালিক ডিসপিউট হয় এবং সেই ডিসপিউটএর জন্য যদি ট্রাইবুনাল বসে এবং শ্রমিকরা যদি সেই ট্রাইবুনালে মাহিনা বৃদ্ধির এ্যাওয়ার্ড পায় তা হলে যখন এ্যাওয়ার্ড চালু করা হয় তখনও মালিকদের মার্জিন অফ প্রফিট অধিকতর থাকে। অথচ কয়লাখনির মালিকেরা কয়লার দাম ভীষণভাবে বাড়িয়ে দিয়েছেন এবং এই খাদ্যদ্রব্য মূল্যবৃদ্ধির এও একটা কারণ। আমরা দেখেছি, কোন ইন্ডাস্ট্রিতে ঠিক এইরকম ঘটনা ঘটল। আমরা কয়েক দিন ধরে খবরের কাগজে লক্ষ্য করছি যে, কয়লার মূল্যবৃদ্ধির জন্য চেষ্টা হচ্ছে, কারণ কয়লা শ্রমিকরা ৯ বছর পরে তারা সেখানে ট্রাইবুনাল এ্যাওয়ার্ড পেয়েছে। তাদের মাইনে বৃদ্ধি হয়েছে এবং সঙ্গে সঙ্গে কয়লার দাম টনপ্রতি বৃদ্ধি করে দেওয়া হয়েছে। কিন্তু ট্রাইবুনালে কোথাও বলা হয় নি যে, এর জন্য দাম বাড়ানো যেতে পারে। এতে কস্ট অফ প্রোডাকশনও অন্যান্য জিনিসের বেড়ে যাচ্ছে এতে করেই শুধুমাত্র সাধারণ মানুষের ঘাড়েই এই বোঝা চাপছে। এর ফল হবে এখানে আমরা যখন কয়লা এক্সপোর্ট করব, তখন অন্যান্য দেশের সঙ্গে কম্পিটিশনএ পারব না। এই কয়েকটা জিনিস বলে আমি বলব যে, এইজন্যে কয়েকটা চীপ সপ খুলে আমাদের সরকার সমস্যা সমাধানের পথে এগোতে চাইছেন কিন্তু যথেষ্ট পরিমাণে না খুললে আমার মনে হয় যে, সমস্যার সমাধান হবে না। ইনএভিটেবল ইনফ্লেশনএর কথা অনেকেই বলেছেন, এর সঙ্গে সঙ্গে সাধারণ মানুষের রোজগার এডজাস্ট করে দিতেই হবে। তার সঙ্গেও যাতে ওয়েজ স্ট্রাকচারএর ইনক্রিজ করা হয় সেদিকে আমাদের গভর্নমেন্ট দৃষ্টি দেবেন, এই অনুরোধ আমি তাঁকে করব। এখন এই কয়েকটা জিনিস যদি আমরা করতে পারি তা হলে বলতে পারি যে, দ্রব্যমূল্যের কিছুটা কম হতে পারে।

### Demonstration outside the 144 area

**Sj. Jyoti Basu:** Sir, a demonstration of Kishan workers and middle-class people is waiting just outside the 144 area. I would request the Minister who has given a statement to come and make a short statement

before the assembled crowd, because the people, walking 30 miles, have come here and they would benefit by hearing the points from the speech made by the Relief Minister sitting here in the Assembly.

কেন না এখানে ঐ কথা বলছেন, বাইরে গিয়ে বলুন না।

Would he kindly come with us to meet the demonstrators who are there, place before them these facts and about the inevitability or otherwise of the rise of prices and so on?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I regret I cannot oblige my friend.

**Sj. Jyoti Basu:** Why?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Because I cannot.

**Sj. Jyoti Basu:**

কারণটা বলুন।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

যারা হাঙ্গামাকারী তারা কখনও ত্রিশ মাইল পায়ে হেঁটে আসতে পারে না।

**Sj. Jyoti Basu:**

পারে না, কিন্তু পারতে হয় এদের।

[6-40—6-50 p.m.]

**Sj. Madan Mohon Khan:**

মাননীয় সভাপাল মহাশয়, আজকে বাংলাদেশের কি অবস্থা এই দুর্মূল্যতার জন্য হয়েছে তা সকলেই জানেন। সরকার যে তথ্য দিয়েছেন তা যে ভুল সেটা আমাদের অনেকেই দেখিয়ে দিয়েছেন। সরকারের হিসাব কাগজে কলমে থাকে। আমি এখানে একটি থানার কথা বলব - মেদিনীপুর থানার প্রায় এক লক্ষ লোকের ঘরবাড়ী গত ঝড়বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত হয়েছে। গভর্ণমেণ্ট অনুসন্ধান করে যা দেখেছেন তা হ'ল ১,৪০২ গ্রামাঞ্চলে এবং সহরে ১,০২১ এবং তাদের এস্টিমেট হচ্ছে ১৩ লক্ষ ৩৬০ টাকা। এই হ'ল গভর্ণমেণ্টের এস্টিমেট। আপনারা যে টাকা দিচ্ছেন তাতে গ্রামাঞ্চলে যেসমস্ত ঘরবাড়ী পড়ে গিয়েছে তার জন্যে ৫½ হাজার টাকা এবং সহরের ক্ষতিগ্রস্ত ঘরবাড়ীর জন্য ১০ হাজার টাকা এইসব ঘরবাড়ি মেরামতের জন্যে। চিন্তা করুন, এতে ঘর মেরামত হয় কিনা। প্রত্যেক ইউনিয়নে গড়ে ২½ হাজার টাকার বেশী লোন দিতে পারেন নি। মেদিনীপুর থানাতে ৮নং ইউনিয়নএ সবচেয়ে বেশী লোন দিয়েছেন—সেখানে সবচেয়ে বেশী লোকের বাস তাদের ৭ হাজার টাকা অর্থাৎ মাথাপিছু দেড় টাকা ক্যাটেল পার্চেজ এক হাজার টাকা অর্থাৎ প্রতি গরুর দাম এক টাকা হ'লে এক হাজার লোকের একটি ক'রে গরু হ'তে পারে। আর মিডিল ক্লাশে লোন মাত্র পাঁচ হাজার টাকা। এতে কি হবে? গ্রামাঞ্চলের লোকের কি অবস্থা তা ও'রা ভাল ক'রে জানেন, এই লোনএর যদি এই পরিমাণ হয় তা হ'লে তাদের এতে কদিনই বা চলবে আর চাষবাস করবে বা কি করে? এই যে আপনাদের হিসাব এটা যে ভুল তাই দেখাতে এই কথাগুলি বললাম। আমার একটিমাত্র বক্তব্য হচ্ছে যে, আমরা ভুল দেখাচ্ছি কিন্তু আপনারা তা জেনে কিছু করছেন না। এখন কয়েকটি প্রস্তাব আপনাদের কাছে রাখছি, আশা করি এগুলি কার্যকরী করবার চেষ্টা করে দেশকে বাঁচাবার ব্যবস্থা করবেন।

প্রথম কথা এই যে, টেস্ট রিলিফ ওয়ার্ক চালু রাখুন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলেছেন, চাষ আরম্ভ হ'লে টেস্ট রিলিফ ওয়ার্ক বন্ধ করতে হবে। কিন্তু যেসমস্ত জায়গায় চাষ করতে পারছে না, বেকারসমস্যা যেখানে রয়েছে সেখানকার লোক কি করবে? সেখানে রাস্তাঘাট তৈরি ইত্যাদি টেস্ট রিলিফ ওয়ার্ক মারফৎ করুন।

দ্বিতীয় বক্তব্য হচ্ছে এই যে, চালের দাম বেড়েছে। আপনারা মাত্র পাঁচটি দোকান মারফৎ ৩০০ মণ চাল দিয়েছেন ২০ দিন আগে। তার ১০০ মণ বিক্রি হয়েছে। কিন্তু চালটা এত পচা যে, লোকে খেতে পারছে না। আমরা জানতে চাইছি মেদিনীপুর জেলায় যে ভাল চাল ছিল সেটাকে কেন বাইরে চালান দিলেন? যাতে জনসাধারণ ১৫ টাকা দরে চাল এবং ধান সাড়ে আট টাকা ক'রে পেতে পারে তার ব্যবস্থা করতে হবে।

আর একটি কথা হ'ল সিমেন্ট সম্পর্কে। সদরে যাদের পাকাঘর ক্ষতিগ্রস্ত হয়েছে তারা সিমেন্ট পাচ্ছেন না। আপনার সিভিল সাপ্লাই থেকে বলা হচ্ছে যে, সিমেন্ট নেই। তাই বলি, চাল, তেল যেমন পাঠাবেন, তেমনি সিমেন্ট পাঠাবারও ব্যবস্থা করবেন।

**Sj. Haripada Baguli:**

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী আজ আমাদের খাদ্যাবস্থা সম্পর্কে এবং গতবারের সাইক্লোনএ যে ক্ষতি হয়েছে সে সম্পর্কে যে বিবরণ দিয়েছেন তাতে মনে হয় আসল অবস্থার ভয়াবহতা তিনি কম করে দেখিয়েছেন। সাইক্লোন বিপর্যস্ত সেই সাগরদ্বীপে আমি ছিলাম; সেখানে আমাদের চোখের সামনে যে অবস্থা দেখেছি তাতে বলতে পারি যে, ওই অঞ্চলে যেসমস্ত ঘর আছে প্রেসিডেন্সির সবগুলিই ক্ষতিগ্রস্ত হয়েছে। তা ছাড়া, আরও কতকগুলি বিষয় তিনি উল্লেখ করেন নি, তা হ'ল এই যে জমিতে যে ধান বোনা ছিল তা নষ্ট হয়েছে; প্লাবনে পুকুর, মেছোভেড়ি ইত্যাদি ভেসে যাওয়ায় মাছও অনেক ভেসে গিয়েছে। তা ছাড়া, অসময়ে বৃষ্টি হওয়ার জন্যে ঘাস নষ্ট হয়েছে। গরুর খাবার বলতে কিছু নেই। আরও অন্যান্য অঞ্চলেও যথেষ্ট ক্ষতি হয়েছে কাকদ্বীপ থানা, মথুরাপুর, ডায়মণ্ড হারবার এবং আরও কয়েকটি থানার ক্ষতির পরিমাণও খুব কম নয়, হয়ত অপেক্ষাকৃত কম। সরকারী সাহায্য সম্পর্কে যা বলেছেন এবং আমরা যা দেখেছি সাইক্লোনএর কয়েকদিন পরে প্রায় দুই সপ্তাহ পরে টাকা এবং চালে কিছু ডোল দেওয়া হয়েছে; কিন্তু তার পর সমস্ত বন্ধ করা হয়েছে। টেস্ট রিলিফ ওয়ার্ক দেওয়া হচ্ছে, কিন্তু চাষের সময় লোকে যদি চাষ ফেলে টেস্ট রিলিফ ওয়ার্কএ যায় তা হ'লে চাষের ক্ষতি হয়। অথচ খাদ্যাবস্থা সুন্দরবনে অতি শোচনীয় হয়ে উঠেছে। গত কয়েক বছর এই জমিদারি নাম বদলের হিড়িকে বাঁধ মেরামত হয় নি—জমিদারও করে নি গভর্নমেন্ট হাতে নিয়েও করেন নি। বহু জায়গায় বাঁধ ভেঙ্গে লোনা জল ঢুকেছে। গত বছর এই সময় যথেষ্ট বৃষ্টি হয় এবং তার জন্যে যে ক্ষতি হয়, ধানের চাষ কমে গেল। তারপর গত বছর সরকারী কৃষিঋণ ইত্যাদি যা দেওয়া হয়েছিল তা সুন্দরবনের লোকেরা শতকরা ৯০ পার্সেণ্ট শোধ করেছে। কো-অপারেটিভ সোসাইটি শতকরা ৯০ থেকে ৯৩ পারসেন্ট শোধ করেছে এবং খাজনারও শতকরা ৯৮ পার্সেণ্ট দিয়েছে। এই সব দিয়ে সাধারণ ভাগচাষী, কৃষকদের হাতে আর কিছুই নেই। যেসময় ধান তারা বিক্রি করেছে তখন ধানের বাজার দর ছিল ৮ টাকা থেকে ৯ টাকা এবং এখন সেখানে ধানের দর ১৪ টাকা, এবং চালের দাম ২২ টাকারও বেশী হয়েছে।

[6-50—7 p.m.]

যেসময় তারা ধান বিক্রি করেছে, সেসময় ধানের বাজার দর ছিল ৮ টাকা থেকে ৯ টাকা আর এখন যখন তাদের দরকার সেই সময় ধানের দর হয়েছে ১৪ টাকা বা তার বেশী, আর চালের দর হয়েছে ২১ টাকারও বেশী। তাদের হাতে টাকা নাই, তাদের সাধ্য নাই যে ধান কিনতে পারে। আজ পর্যন্ত কোন টাকা দেওয়া হয় নি—কালকের পর্যন্ত খবর জানি। কৃষি-ঋণ বা গরু খরিদ ঋণের কোন টাকা এখনও দেওয়া হয় নি। বহু লোক এখনও পর্যন্ত খড়ের অভাবে অত্যন্ত দুঃখ পাচ্ছে। তাদের যত শীঘ্র সম্ভব টাকা দেওয়া দরকার। এত অল্প টাকা পাঠান হয়েছে যে টাকা ডিস্ট্রিবিউশন করা সম্ভব নয়। তা ছাড়া একটা বিষয়ের উল্লেখ পাচ্ছি না। এই যে এতগুলি স্কুলঘর ভেঙেছে, আর যে ক্ষতির পরিমাণ ২ লক্ষ টাকার মত হবে, এই স্কুলঘর যে কি করে তৈরি হবে সে সম্পর্কেও গভর্নমেন্ট থেকে কোন কথা দেখছি না। ওখানকার যা মোটামুটি ক্ষতি হয়েছে পরিমাণ হিসাব করলে প্রায় ২০।২৫ লক্ষ টাকার মত হবে, কিন্তু সরকার থেকে সাহায্য বাবত দেড় লক্ষ টাকা ধরা হয়েছে, তাও এ পর্যন্ত সকলকে দেওয়া হয় নি। এইসকল ক্ষতি কেবল ২৪-পরগনার ডায়মণ্ডহারবারের কথা নয়,

বসিরহাট মহকুমার দক্ষিণ অঞ্চলের অবস্থাও এইরূপ ; আবার উত্তর অঞ্চলের বহু জায়গায় জল জমে থাকায় এবং জল নিকাশের অভাবে সেখানে আউশ ধান এবং পাট নষ্ট হয়েছে। সেইসব অঞ্চলে যদি আমন ধানের বীজ দিয়ে চাষের চেষ্টা করেন তবে কিছু কিছু ফসল হয়ত পরে হতে পারে। তবে বাঁধ মেরামতের ব্যাপারে ইরিগেশন ডিপার্টমেন্টের এ[illegible]া করা দরকার, কিন্তু সেজন্য রেট বেশী দেওয়া হয় না ব'লে বাঁধ তৈরি হতে পারে না।

**Sj. Kanai Lal Bhowmick:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে বাংলাদেশের আর্থিক সংকটের যে চিত্র দেওয়া হয়েছে, তাতে ইচ্ছা ক'রেই, এই সংকট কমিয়ে দেখাবার চেষ্টা হয়েছে। তার প্রমাণ হিসাবে আমি ২।১টি কথা বলতে চাই।

প্রথম কথা হ'ল সাইক্লোনের পরে মন্ত্রীমহাশয়েরা ঘুরে দেখে এসে যে বিবৃতি দিয়েছিলেন সেই বিবৃতির সঙ্গে আজকের এ্যাসেম্বলির বিবৃতি মিলিয়ে দেখতে অনুরোধ করি। তার সঙ্গে আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টের মন্ত্রীমহাশয়ের বিবৃতিও মিলিয়ে দেখতে অনুরোধ করি। এইভাবে সংকটকে যেভাবে কম ক'রে দেখানো হয়েছে তার উদ্দেশ্য এই যে, তাঁরা জানেন যে, বাংলাদেশের বাস্তব যে ক্ষতি হয়েছে তা যদি আজকে সঠিকভাবে রাখেন তা হ'লে নানারকম সাহায্যের জন্য দাবী আরও অধিক হবে এবং সেইসব দাবীদাওয়া মেটানো তাঁদের পক্ষে কষ্টকর হবে। তারপরে এ পর্যন্ত যেসমস্ত কথা বলেছেন এবং যেসমস্ত কাজ করেছেন তার মধ্যে কোন সামঞ্জস্য নেই। তাঁরা বারবার যেসমস্ত বিবৃতি দিয়েছেন এবং পত্রিকায় যেসমস্ত বড় বড় প্রচার করেছেন তার সঙ্গে তাঁদের কাজের কোন সম্পর্ক নেই। তার একটা প্রমাণ হ'ল এই যে, তাঁরা একটা রিপোর্ট দিয়েছেন যে, তাঁরা ৫০ লক্ষ টাকা মেদিনীপুর জেলার জন্য বরাদ্দ করেছেন। তারপরে তাঁরা বলবার চেষ্টা করেছেন যে, সাইক্লোনের পরে বিভিন্ন জায়গায় তাঁরা দ্রুত রিলিফ দেবার ব্যবস্থা করেছেন। কিন্তু আমরা জানি, জুন মাসের ১২ই তারিখ পর্যন্ত এক একটি ইউনিয়নে তাঁরা মাত্র ২০০ টাকা ক'রে রিলিফ দিয়েছেন। তাতে একটা পরিবারে দৈনিক দেড় পয়সার বেশী রিলিফ পায় না। এক একটা পরিবারে সপ্তাহে দু' টাকা হিসাবে রিলিফ দিয়েছেন, আর পরিবারে ৫ জন ক'রে লোক ধরলে দেখা যায় যে, পৌনে দু' পয়সার বেশী একটা লোক রিলিফ পায় নি। এই ত' তাঁদের রিলিফের নমুনা। ঋণ সম্পর্কে যে হিসাব দিয়েছেন সে সম্বন্ধে আমরা জানি যে, মেদিনীপুরের কাঁথি ও তমলুকের ক্ষেত্রে এক একটা ইউনিয়নে ৫।৬ হাজার টাকার বেশী ঋণ এখনও পর্যন্ত যায় নি। কাঁথি থানার কোন কোন ইউনিয়নে ৮।১০ হাজার টাকার ঋণ গিয়েছে কিন্তু তমলুক মহকুমার প্রত্যেকটি ইউনিয়নে দেখেছি যে, সেখানে ৫।৬ হাজারের বেশী ঋণ যায় নি। ঘাটাল ও সদর মহকুমায় ইউনিয়ন প্রতি ২।৩ হাজার টাকার বেশী ঋণ যায় নি। তার মানে ১০ হাজার লোক যে ইউনিয়নে সেখানে ২ হাজার থেকে ৩ হাজার টাকা ঋণ গিয়েছে এবং সেটা ১০০ থেকে ১৫০ পরিবারের বেশীকে দিতে পারবেন না। মাননীয় সেচমন্ত্রী মহাশয় যখন পরিদর্শন করেছিলেন তিনি তখন সমস্ত চাষীদের প্রতিশ্রুতি দিয়েছিলেন তোমাদের পান-বরোজের লোন দেব ৪৫ টাকা ক'রে। আমি জানি তমলুকের অনেক ইউনিয়নে ৬০০ এর বেশী ঋণের দরখাস্ত পড়েছে, অথচ সেখানে ৬০।৭০ জনের বেশী লোককে ঋণ দিতে পারেন নি। চাষের আগে সমস্ত দ[illegible] ঋণ দেওয়ার কোন নমুনা আমরা দেখতে পাচ্ছি না। যেরকমভাবে ঋণ দিচ্ছেন তাতে চাষীরা অত্যন্ত হতাশগ্রস্ত হয়ে পড়ছে। এই সামান্য পরিমাণ ঋণ ২০।২৫ টাকা ক'রে যা কোন কোন পরিবারকে দিচ্ছেন, তাও সময়মত দিচ্ছেন না এবং অধিকাংশ লোককেই দিচ্ছেন না। এই ত ঋণের নমুনা। মধ্যবিত্তদের যে ঋণ দিচ্ছেন তা আরও সাংঘাতিক। ১০০ টাকা ঋণ দেবেন, তার জন্য ২ একর জমি তাদের বন্ধক রাখতে হচ্ছে এবং তাও আবার রেজিস্ট্রি করতে হচ্ছে। জমির দাম ২ হাজার থেকে ৩ হাজার টাকা পর্যন্ত, সেখানে ঐ মূল্যের জমি রেখে তবে ১০০ টাকা ঋণ দেবেন। আমি অনেক ক'রে ব'লেছিলাম মন্ত্রীমহাশয়কে যে, আপনারা মধ্যবিত্তদের ঋণের পরিমাণ বাড়ান, এক একটা ইউনিয়নে ৫০০ টাকা ঋণ দিচ্ছেন তাতে ৫।৬টা মধ্যবিত্ত পরিবার মাত্র ঋণ পাচ্ছে, অথচ তাদের ২ একর ক'রে জমি বন্ধক রাখতে হয় এবং তা রেজিস্ট্রি ক'রে দিতে হয়। গরুর জন্য যে ঋণ তার জন্য প্রত্যেক ফ্যামিলিকে ৩ একর জমি বন্ধক রাখতে হয়েছে। একটা গরুর জন্য ৮০ থেকে ১০০ টাকা ঋণ পাবে, এবং অধিকাংশ

মধ্যবিত্ত লোক ঋণ থেকে বঞ্চিত হচ্ছে। এই হ'ল ঋণের আসল মূল্য। এমন কি আমরা হিসাব ক'রে দেখি যে, এই এলাকার গত বছরে অনাবৃষ্টির বছরে তাঁরা বিভিন্ন টেস্ট রিলিফের কাজে যে টাকা জানুয়ারি থেকে জুন পর্যন্ত খরচ করেছিলেন এবছর তার সিকি টাকাও খরচ করেন নি। অথচ সেখানে যদি টেস্ট রিলিফ চলে তা হ'লে লোকে কাজ ক'রে সংসার চালাতে পারে। এজন্য আমরা মন্ত্রীমহাশয়কে স্কীম পর্যন্ত দিয়েছি, কিন্তু সেখানে নূতন টেস্ট রিলিফের কাজ করবার কোন ব্যবস্থা হয় নি। তার পরে শুধু ঋণ দেওয়ার সমস্যা নয়। আরও বড় চাষের সমস্যা হ'ল জল বার করবার সমস্যা, যে সমস্যার সমাধান না হ'লে আগামী বৎসরে চাষ হবে না। এর জন্য কৃষিবিভাগ ও সেচ বিভাগের অকর্মণ্যতা আমাদের কাছে পীড়াদায়ক। আমাদের জেলার বিভিন্ন খালের মুখ পরিস্কার ক'রে দিলে এবং কিছু কিছু টেস্ট রিলিফের কাজ দেওয়া হ'লে ২।৩ শত একর জমির জল নিকাশের ব্যবস্থা হ'তে পারে এবং তার ফলে লোকের চাষের ব্যবস্থা হ'তে পারে কিন্তু তাও দ্রুত করতে পারেন নি; অনেক বলা কহার পরে ২।১টা খাল সংস্কার করেছেন বটে, কিন্তু সবগুলোর সংস্কার কাজ করবার জন্য এখনও কিছু করা হচ্ছে না। আমি জানি তমলুকের মির্জাপুরের খাল এবং সোনাখালির মুখটা পরিস্কার করার কথা সেচমন্ত্রী মহাশয়কে বারে বারে জানান হয় এবং তিনি নিজেও এই সমস্যা সম্পর্কে জানেন সেখানে হাজার দেড় হাজার টাকার মত খরচ করলে পর কয়েক শত একর জমির ফসল বেঁচে যেতে পারে, কিন্তু সে বিষয়ে তাঁদের কোন চেষ্টা নাই। এইরকম জিনিস চলেছে। আমাদের মহকুমার ভিতর ময়না, তমলুক প্রভৃতি অঞ্চলে যে পাট নষ্ট হয়েছে তার সম্পর্কে কোন উল্লেখ দেখলাম না। আমি জানি মেদিনীপুর জেলায় ৪০ হাজার একর জমিতে পাট চাষ হয়েছিল, তার মধ্যে ৩০ হাজার একর জমির পাট নষ্ট হয়েছে। জলা জমিতে যে পাট হ'ত তা নষ্ট হয়েছে। উঁচু জায়গায় পাট কিছু কিছু হ'তে পারে। বৃষ্টি-বাদলা যেরকম চলেছে, তাতে পাটের সম্ভাবনা সম্পূর্ণ নষ্ট হয়েছে। দাসপুর ও ঘাটাল অঞ্চলে বোরো চাষ নষ্ট হয়েছে। পাকা ফসল পায় নি। ময়না থানার ১০ হাজার একরের ফসল নষ্ট হয়েছে, তার সম্পর্কে কিছুই বলেন নি। কি ক'রে সেই ক্ষয়ক্ষতি কম ক'রে দেখিয়ে যে লোন দিচ্ছেন তা জাস্টিফাই করা যায়, সেইজনাই কমিয়ে রিপোর্ট দেবার চেষ্টা করছেন। ফলে জনসাধারণের দুর্দশার প্রতিকার করার মনোভাব তাঁর বিবৃতি থেকে দেখতে পাচ্ছি না। সঙ্গে সঙ্গে তাঁরা যেসমস্ত রিলিফে কাপড়চোপড় বিলি করেছেন তা আরও হাস্যকর। এক একটা ইউনিয়নে প্রায় ১০ হাজার লোকের বাস। সেখানে ৩০ খানা কাপড় বিলি হয়েছে। তার মধ্যে ৩ খানা ধুতি, ৪ খানা শাড়ী আর সব প্যান্ট বা ইজের। তাই দিয়ে বলছেন তাঁরা ইমিডিয়েট রিলিফ দিয়েছেন; কিন্তু আপনারা দেখুন বন্যাবিধ্বস্ত লোকদের কিরকম দেওয়া হচ্ছে।

[7--7-10 p.m.]

তাতে তিনি দেখাতে চেয়েছেন -আমরা এখানে একসঙ্গে যোগ ক'রে এত লক্ষ টাকা খরচ করেছি —এইরকম বিভিন্ন রকম হিসাব দিয়ে সমস্ত বাংলাদেশের সামনে একটা জুৎসই ছবি ধরবার চেষ্টা করেছেন এবং সকলকে বুঝাতে চেয়েছেন যে, তাঁরা অবস্থা অনুসারে ব্যবস্থা করতে সচেষ্ট আছেন। কিন্তু বাংলাদেশের সঙ্গীণ অবস্থা দাঁড়িয়েছে—ক্ষেতমজুর থেকে মধ্যবিত্ত সম্প্রদায় পর্যন্ত এবং সাইক্লোনএর ফলে গ্রামগুলি যেভাবে বিধ্বস্ত হয়েছে, ফসল নষ্ট হয়েছে, জিনিসপত্রের দাম বেড়েছে, তার ফলেতে যে অর্থসঙ্কট উপস্থিত হয়েছে, তার প্রতিকারের জন্য সরকারের সদিচ্ছা ও প্রচেষ্টার আমরা কোন নমুনা পাই না। সেইজন্য স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে পরিষ্কারভাবে এখানে বলতে চাই এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বন্যাপ্লাবিত অঞ্চলগুলির জল নিকাশ করলে এখনও বহু পরিমাণ জমি চাষবাস করা যায়। ময়না থানার একটা গভীর অঞ্চল এখন পর্যন্ত জলমগ্ন। সেখানে পাম্পিং মেসিন সাপ্লাই করলে এবং একটা নালা কেটে দিলে অনেক জায়গা চাষ-আবাদ করা যায় এবং ফসল উৎপাদনের ব্যবস্থা করা যায়। তাই করা উচিত। কারণ রিলিফ, টেস্ট রিলিফএর উপর সম্পূর্ণ নির্ভর না করে আগামী বৎসর যাতে ফসল তারা পেতে পারে, সেইরকম ব্যবস্থা করা দরকার। কিন্তু সেইদিকে সরকারের কোন নজর নেই। তারপর রিলিফ সম্পর্কে আর একটা কথা। টেস্ট রিলিফ ছাড়াও লোন ও অন্যবিধ রিলিফ অবিলম্বে বাড়াবার চেষ্টা না করলে আগামী বৎসরের ফসল নষ্ট হয়ে যাবে। যেসমস্ত চাষী চাষ করছে এবং নানাভাবে ফসল বাঁচানর চেষ্টা করছে

তাদের যদি রিলিফ ও লোন দিয়ে সরকার সময়মত সাহায্য করতে না পারেন—মোটামুটি একটা ইউনিয়নএ অন্ততঃ ৩০।৪০ হাজার টাকা দরকার—সেই পরিমাণ লোন যদি না দিতে পারেন, তাহলে সেখানকার জনসাধারণ জীবনমরণ সমস্যার সম্মুখীন হবে। ইতিমধ্যেই লোক মরতে সুরু করেছে। গড়বেতায় একজনের অনাহারে মৃত্যু হয়েছে, দাসপুরে একজন লোক ছেলেকে খেতে দিতে না পেরে অন্য একজন লোককে দিয়ে দিয়েছে। সেইজন্য আমি পরিষ্কার ক'রে এই কথাই বলতে চাই যে, আজ মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলা ছেড়ে দিন। এই সঙ্কট মুহূর্তে মানুষকে বাঁচানর জন্য এগিয়ে আসুন। সময়মত ও আবশ্যকমত যদি লোন ও রিলিফ দিতে পারেন, তা হ'লে এই সঙ্কট থেকে মানুষকে বাঁচাতে পারেন নতুবা শুধু বিবৃতি দিয়ে প্রকৃত অবস্থা ঢাকবার চেষ্টা করলে এই দেশব্যাপী দুর্ভিক্ষ ও অনাহার রোধ করতে পারবেন না, ফলে দেশের মধ্যে ক্ষোভ বাড়বে এবং তুমুল আন্দোলন সৃষ্টি হবে।

**Sj. Janardan Sahu:**

মাননীয় স্পীকার মহাশয়, প্রত্যেক ক্রিয়ারই একটা স্বল্পস্থায়ী বা দীর্ঘস্থায়ী প্রতিক্রিয়া আসে। আজ আমাদের বাংলা যেখানে কৃষিপ্রধান দেশ, বিশেষতঃ মেদিনীপুর জেলা, যেখানে শতকরা ৯৫ জন লোক চাষ ক'রে খায় সেখানে দরিদ্র কৃষকের অবস্থা খারাপ হবার প্রথম কারণ হচ্ছে যে, সেখানে লেভি প্রথার প্রতিক্রিয়া ওখানে এসেছে। মেদিনীপুর জেলার লোকে কখনও ধান বিক্রয় করত না বা ছাড়ত না, তারা জমিয়ে রাখত, কিন্তু লেভি প্রথায় ধান দেওয়ার পর আর এখন ধান নেই। তারপরে খাই খালাসী নিয়মে জমি ফেরত হ'ল, অর্থাৎ গত কয়েকবার দুর্ভিক্ষ প্রভৃতির সময় জমি যাহারা খরিদ করিল অর্ডিন্যান্স করিয়া জমি ফেরত হইল ঐ জমি আর না থাকায় এই সময় অবস্থা খারাপ হয়ে গেল। অবস্থাপন্নেরা জমির খোঁজ করত তারা আর খোঁজপত্র নেয় না। এবং বলে যে, যদি এখন জমি খরিদ করিয়া লওয়া যায়, তা হ'লে দুদিন পরে খাই খালাসী অর্ডিন্যান্সএ ছাড়িয়ে নেবে। দ্বিতীয় জিনিস হয়েছে যে জমিদারের ও অবস্থাপন্ন লোকেদের শেষ হওয়ার পর জমি কারা খরিদ করবে বিক্রয় প্রস্তাব আসিলে যাদের টাকা নেই তাদের জমি খরিদ করতে হবে। মনে করুন, একজন লোকের ৩ বিঘা জমি আছে সে এক বিঘা বিক্রি করলে পূর্বে হয়ত ৫০০ টাকা পেত এবং তার সংসার চলে যেতে পারত, কিন্তু এখন সেই এক বিঘা জমি নেবার টাকাওয়ালা লোক নেই বলে ৫০০ টাকার জমির দাম ৪০।৫০ টাকা তার দাম হচ্ছে। জমিদার বা বড়লোক যখন ছিল তখন গ্রামে অনেক ধান, চাল মজুত ছিল। এবার আমি আমার কনস্টিটিউয়েন্সিতে সংশতমাস মৌজায় গিয়েছিলাম, সেখানে এক মুসলমান ডাকাইতের বাসস্থান ছিল। তাহারা ভাল হইয়াছিল। কিন্তু এখন তারা খেতে পায় না। সেখানে এক বড় জমিদারের ধানের গোলা ছিল। অন্নাভাবের সময় সেখান হইতে ধান পাইত। তারা বলছে যে এইসব জমিদারের বাড়ীতে এখন ধান নেই, আমাদেরও জমি নেই, সুতরাং আমরা কোথা থেকে ধান পাব ও কিরূপে বাঁচিব। অতএব পল্লীগ্রামে গরীব কৃষকের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছে। তারপর আমি আমার নিজের কনস্টিটিউয়েন্সির কথা বলছি যে সেখানে আমার কনস্টিটিউয়েন্সির ১ হইতে ৬ পর্যন্ত ৬টা ইউনিয়নের অবস্থা খুব খারাপ। গত ১৯৫৫ ও ১৯৫৫ সাল দু বছর সেখানে কোন ফসল বৃষ্টির অভাবে হয় নি। আমার মনে হয় যে, এই অঞ্চল শুধু মেদিনীপুর জেলায় নয় সারা বাংলাদেশে এইরকম দুর্ভিক্ষপ্রপীড়িত এরিয়া আর নেই। আমি চ্যালেঞ্জ করে বলছি যে, আমার ৫।৬টা ইউনিয়নের অবস্থা অত্যধিক খারাপ, কারণ, সেখানে এই বছরে যে ধান বোনা হ'ল তা একেবারে হঠাৎ বৃষ্টি হয়ে সব ডুবে গেল। সেখানে আবার অনেক চেষ্টা করে চাষবাস করেছিল, কিন্তু গত শনিবারে ৭ই জুলাই ১৯৫৬ প্রায় ৯ ইঞ্চি বৃষ্টির জন্যে সব নষ্ট হয়ে গেছে। সেই কাঁথি মহকুমায় জলনিকাশের কোন পথ নেই ব'লে সমস্ত ধান ডুবে গেল এবং তার জন্যে কৃষকরা একেবারেই খেতে পায় না। এইসবের জন্যে সেখানে অত্যন্ত খারাপ অবস্থা দাঁড়িয়ে গেছে। গত শনিবারে, ৭ই তারিখে, এত বৃষ্টি হয়েছে যে, তা কল্পনা করা যায় না, চারিদিক একেবারে ডুবে গেছে এবং সেখানকার লোকেদের অবস্থাও খুব খারাপ হয়ে গেছে। ঝড়ে ক্ষতি হয়েছে, লোকে খেতে পায় না এইরূপ অবস্থা সেখানে দাঁড়িয়ে গেছে। এরজন্যে আমরা মিটিং ক'রে গভর্ণমেন্টের কাছে রেজোলিউশন পাঠিয়েছিলাম যে, আমাদের এই অবস্থার জন্য আমাদের সাহায্য দাও; জেলা ম্যাজিস্ট্রেটের কাছে যখন এই অবস্থার কথা বলি

তখন তিনি খুব সহৃদয়তার সঙ্গে বলেন যে, আমি নিশ্চয় আপনার থানাকে দেখব, কিন্তু কিছুই হয় নি। সকলের চেয়ে বিপন্ন এরিয়া ব'লে মন্ত্রীমহাশয়ের কাছে গেলে তিনি খুব আশ্বাস দিয়ে বলেন যে, নিশ্চয় প্রতিকার করব, বর্ধমানের ডিভিশনাল কমিশনারের কাছে যাওয়াতে তিনি বললেন যে, আমি সমস্ত করব, কিন্তু আমাদের পোড়া কপাল যে, আমরা কিছুই পাচ্ছি না। এই হচ্ছে আমাদের অবস্থা। এখানে মন্ত্রীমহাশয়ের কাছে আমাদের নিবেদন যে, আপনি চিন্তা ক'রে দেখুন যে, গত ১৯৪৬ সালে দুর্ভিক্ষের সময় যে সিডিউল কাস্ট লোকেরা মরেছিল, এবার আমি দেখেছি যে, সেই সিডিউল কাস্ট লোকেরা মরছে ও মরবে। কোদমা, বাগদী, হাড়ী, মুচি ইত্যাদি জাতি যারা আছে তারাই খেতে পাচ্ছে না এবং তাদের জমি জায়গা নেই ব'লে তারা না খেতে পেয়ে মরতে বসেছে। সুতরাং আপনি সেই সিডিউল কাস্টদের দিকে নজর রাখুন। গভর্নমেন্টের রেকর্ডএ ছিল যে, তারাই ওবারে মরেছিল। তারা ২।৭ বার যে বীজধান বুনেছিল তাও নষ্ট হয়ে গেছে।

তারপর আমি অজয়বাবুর কাছে নিবেদন করছি যে ১৯৫২ সালে আমার এলাকায় যখন তিনি যান তখন তাঁকে দেখিয়েছিলাম যে, ইছামতী খালটা যদি ৮।১০ হাজার টাকা খরচ করে পরিষ্কার করিয়ে দেন তা হ'লে আমাদের বহু প্রজা অতিবৃষ্টির সময় রক্ষা পাইত। এই যে বৃষ্টি হচ্ছে, তাতে ফসল ভাল হত কিন্তু সেই প্ল্যান করার পর এবং তাহার কার্যে পরিণত করতে দেরীর জন্য বহু হাজার টাকার ফসল নষ্ট হয়ে গেল তার ঠিক নেই। উনি যদি দয়া ক'রে একবার যান, তা হ'লেই তাঁকে দেখাব যে মাত্র কয়েক টাকা খরচ করলে এই বৎসর এইপ্রকার দুর্গতি হ'ত না এবং অনেক ফসলও হ'ত। মন্ত্রীমহাশয় নিজে তাঁর রিপোর্টএ বলেছেন যে, কাঁথি মহকুমা সবচেয়ে বিপন্ন। আমিও বলছি যে এবারে এই ৭ই আশ্বিনের বৃষ্টিতে কাঁথি মহকুমা অত্যন্ত বিধ্বস্ত হয়েছে। আপনি অনুগ্রহ ক'রে চলুন, আমি আপনাকে সমস্ত দেখাব এবং তারপর বলুন যে কাঁথির জন্য কি করবেন, না করবেন। আমার পটাশপুর থানায় যে সমস্ত ইউনিয়ন রয়েছে তার জন্য আপনি যে কথা দিয়েছেন সেই কথা আপনি রক্ষা করুন। আমি আপনার কাছে নিবেদন করছি যে আপনার অফিসারদের বিরুদ্ধে, দেশপ্রাণ পত্রিকার সম্পাদকও এখানে বসে আছেন বারবার অভিযোগ করেছেন এবং চারিদিক থেকে সকলেই বলছেন রিলিফ অফিসার যাঁরা আছেন তাঁরা কিছুই করছেন না। আপনি নিজে সেইসব একটু দেখুন। তা না হ'লে আপনারা বলছেন দেবেন, কিন্তু এরা দিচ্ছে না। এর জন্য জাতীয় সরকারের প্রতি লোকের একটা অসম্মান আসছে। আপনাদের পলিসিটা না হয় স্পষ্ট ক'রে বলুন, কারণ আমাকে যে কথা দিয়েছিলেন সেইসব কথা আজকে আবার না বলছেন। জিনিসটা আমি ঠিক বুঝতে পারছি না বলে লোকে আমাকে বলে যে, তুমি বোকা মাষ্টার কিছু বুঝতে পার না। গভর্নমেন্ট ওসব খালি চাল দিচ্ছে। অতএব কোন্ জিনিসটা যে সত্য, সেটা আপনি দয়া ক'রে বলুন। আর আমার অনুরোধ যে, আপনি দরিদ্র কৃষকদের দয়া ক'রে বাঁচান। কৃষকরা আমাকে বলেছে যে, আমরা যতক্ষণ বাঁচব ততক্ষণ শেষ পর্যন্ত চেষ্টা ক'রে চাষ করব। অতএব আমার নিবেদন এই যে সেটা করুন, অর্থাৎ প্রচুর পরিমাণে তাদের খেতে দিন এবং যে জলে তারা ডুবে আছে সে জল তারা আর দিতে পারবে না। তাদের খেতে দিয়ে চাষ করালে আমরা আর কিছু চাইব না এবং এতে আমাদের দেশের লোক বাঁচবে। আমার নিবেদন যে, আমার থানা অত্যন্ত বিপন্ন এবং আমি আপনাকে বলছি যে, যদি কোন অপরাধ ক'রে থাকি তা হ'লে সেই অপরাধ ভুলে গিয়ে পটাশপুর থানাকে রক্ষা করুন। এ ছাড়া কাঁথি মহকুমাও অত্যন্ত বিপন্ন, কারণ এবারে ৭ই আশ্বিনের বৃষ্টিতে একেবারে শেষ ক'রে দিয়েছে।

[7-10—7-20 p.m.]

**Sj. Dhananjoy Kar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রীমহাশয় যে বিবৃতি দিলেন, তা থেকে আমার মনে হল' যে, তিনি দেশের প্রকৃত অবস্থা জানতে পারেন নি বা জানবার চেষ্টা করেন নি। কারণ ঝড়-বন্যায় যেসমস্ত জায়গা বিধ্বস্ত হয়েছে ব'লে তিনি বলেছেন, তা ছাড়াও তার মধ্যে অনেকগুলি এলাকা আছে, যার কথা তিনি উল্লেখ করতে ভুলে গিয়েছেন বা জানেন না ব'লে বলেন নাই।

যেমন তিনি মেদিনীপুরে সদর ও ডেবরা থানার কথা বললেন কিন্তু কেশপুর ও নারাণগড় সম্বন্ধে কোন কথাই এর মধ্যে উল্লেখ নাই। (বিশেষ ক'রে ঝাড়গ্রাম মহকুমার নামই করেন নি।)

বিশেষ ক'রে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার নাম তিনি একেবারে উল্লেখই করেন নি। ঝাড়গ্রাম মহকুমার দক্ষিণাংশে যে তিনটি থানা আছে, তা খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে—অধিকাংশ ঘরবাড়ী অন্ততঃ কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছেই। এমন গ্রাম নেই যেখানে কিছু কিছু ঘর একেবারে ধ্বংস হয়ে যায় নি, কিন্তু খাদ্যমন্ত্রী মহাশয়ের বিবৃতিতে আমরা দেখলাম না যে, সেইসমস্ত এলাকার নাম তিনি উল্লেখ করেছেন। এর থেকে আমরা মনে করছি যে, তিনি কোনও তথ্যই রাখেন না। তিনি যদি ঠিকভাবে সংবাদ না নেন, তা হ'লে তাঁর পক্ষে কাজ করা কখনই সম্ভবপর হবে না। সেইজন্য আমি তাঁকে বলব যে, তিনি যেন প্রকৃত তথ্য না জেনে এই সমস্ত বিবৃতি দান না করেন। আমি যে তিন থানার প্রতিনিধি হিসাবে এখানে এসেছি সেই তিন থানা সম্বন্ধে আমি বলছি যে, সেখানে ঝড়ের পর চাষের অবস্থা অত্যন্ত শোচনীয় হয়ে দেখা দিয়েছে। চাষীরা জমিতে বীজধান ফেলতে পারে নি, যাও ফেলেছিল তা একেবারে প'চে নষ্ট হয়ে গেছে। আপনারা মনে করছেন গতবারে ধান ভাল হয়েছিল, কাজেই দেশের খাদ্যাবস্থা খুব খারাপ নয়, কিন্তু তা নয়। গত বৎসর অনেক জায়গায় জলাভাবে একেবারে চাষ হয় নি, আর যেখানে কিছু হয়েছিল, সেখানে শেষদিকে, ফসল উঠবার সময়, অতিবৃষ্টির ফলে ফসল বহুলাংশে নষ্ট হয়েছে এবং তার ফলে দেশের খাদ্যাবস্থা খুবই খারাপ ছিল, কিন্তু সরকারের যেন সেদিকে নজর নেই। তারপর চাষীদের অবস্থা আরও শোচনীয় হওয়ার কারণ হচ্ছে—গত কয়েক বছর ধরে দেশের ফসল ভাল হচ্ছিল না এবং সেই কারণে সরকারকে অনেক ঋণ দিতে হয়েছে চাষীদের। কিন্তু গত বছরে ফসল হয়েছে ব'লে সরকার সমস্ত ধান আদায় করেছেন, তার ফলে চাষীদের অবস্থা আরও শোচনীয় হয়ে পড়েছে। যেটুকু ধান তারা পেয়েছিল, তা সমস্তই বিক্রয় ক'রে সরকারের ঋণ শোধ করতে চলে গেছে। এই হচ্ছে সেখানকার অবস্থা।

আর একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, চাষীদের এখন কোন কাজ নেই। দেশের যারা মজুর, তারা কার কাজ করবে? তাদের জন্য কি ব্যবস্থা করছেন? যেসমস্ত শ্রমিক চাষের কাজে লাগত, তারা এখন ব'সে আছে বেকার হয়ে। চাষের কাজ একমাস পিছিয়ে গেছে—এই চাষের কাজের দ্বারা মজুরেরা তাদের সংসারযাত্রা নির্বাহ করত, আজ সেই মজুরদের অবস্থা কি হচ্ছে, তা আপনারা কল্পনা ক'রে দেখুন। তাদের জন্য কোন ব্যবস্থাই করা হচ্ছে না। খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, চাষীদের চাষের সুবিধার জন্য ঋণের ব্যবস্থা করছেন, টেস্ট রিলিফ ওয়ার্ক ক'রে শ্রমিকদের কাজ দেবার ব্যবস্থা করছেন, কিন্তু তা কিভাবে করছেন সেটা যদি এখানে বলি তা হ'লে স্পীকার মহাশয়, আপনি ভালভাবে বুঝতে পারবেন। তাঁরা ঋণ দিচ্ছেন একটা ইউনিয়নে ১০টা গ্রুপকে মাত্র—তার মানে একশ' লোককে দিচ্ছেন। আবার এই একশ' লোক যদি বিভিন্ন পরিবারের হ'ত, তা হ'লে না হয় বুঝতাম যে, একশ'টা পরিবার তা পাচ্ছে, কিন্তু তা নয়। প্রেসিডেন্ট পঞ্চায়েত এই ঋণ দেবার ব্যবস্থা করেন, তিনি গ্রুপ সাজিয়ে দেন। এক একটি পরিবারে তিন-চারটি লোকেরও নাম দেওয়া হয়। হয়ত ২ হাজার পরিবার যে ইউনিয়নে আছে সেখানে ১০ হাজার লোকের বাস—তার মধ্যে একশ'টা পরিবারও ঋণ পাচ্ছে না, এই হচ্ছে ঋণের নমুনা। ২০ টাকার বেশী কোন চাষীকেই দেওয়া হয় না। আবার সে ২০ টাকাও তারা পায় না। সেখানে একমাত্র গ্রুপ তৈরি ক'রে দেবার মালিক হচ্ছেন প্রেসিডেন্ট পঞ্চায়েত। তিনি চাষীদের বলেন যে, তোমরা দেশের মহাজনদের কাছ থেকে যদি টাকা নাও, তা হ'লে টাকায় এক আনা সুদ দিতে হয়—২০ টাকায় ২০ আনা—গভর্নমেন্টের টাকায় এত দিতে হয় না। অতএব আমাকে যদি কিছু দাও তা হ'লে আমি তোমাদের দেবার ব্যবস্থা ক'রে দিই, তা না হ'লে আমি তোমাদের গ্রুপ ক'রে দেব না। এইভাবে চাপ দিয়ে গ্রুপের প্রতি সদস্যের কাছ থেকে ২।৪ টাকা ক'রে আদায় করা হচ্ছে। চাষীরা অভাবগ্রস্ত—অন্য কোথায় তারা টাকা পাবে না, কাজেই যে টাকা তারা পায়, তা থেকেই তারা সেটা দিয়ে বাকি টাকা নিতে বাধ্য হয়। এই হচ্ছে গ্রুপ লোনের ব্যবস্থা।

তারপর এঁরা যে গ্রাই ডোল দিচ্ছেন তা যে সংখ্যক লোককে দেওয়া উচিত সেই সংখ্যক লোককে দেওয়া হচ্ছে না। এক একটা ইউনিয়নে ৫০।৬০ থেকে খুব বেশি হ'লে ১০০ পর্যন্ত

লোককে দেওয়া হচ্ছে, কোথাও ১০০র বেশী লোককে ডোল দেওয়া হচ্ছে না। এই হচ্ছে গ্র্যাচুইটাস রিলিফ ডোল দেওয়ার নমুনা। গ্র্যাচুইটাস রিলিফ ডোল যারা পাবে তার তালিকা প্রস্তুত করার জন্য নাকি এঁরা একটা কমিটি করেছেন ৪ জন লোককে নিয়ে। আমি আগেরবার বলেছিলাম, আজও বলছি যে, এই কমিটি কিছু নয়, লোকাল এম, এল, এ,রা নাকি ঐ কমিটির সদস্য—কিন্তু আমি আমার এলাকার কথা বলছি যে, আমাকে কোন লোক এ বিষয়ে কিছুই জানায় নি। যেসমস্ত লিস্ট তৈয়ারি হয়েছে তার সঙ্গে আমার কোনই সম্পর্ক নাই। আমার মনে হয় একমাত্র পঞ্চায়েৎ ছাড়া আর কোন সদস্যই কিছু জানে না। সার্কেল অফিসারের পরামর্শে এইরূপ নিশ্চয় হয়। না হয় ত এরূপ হওয়ার ত কোন কারণ নাই। কেন এরকম হচ্ছে, মন্ত্রীমহাশয় অনুসন্ধান ক'রে দেখবেন কি? আমি আজ পরিস্কারভাবে আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়কে জানাতে চাই যে, দেশের অবস্থা যদি ভাল করতে হয়, তা হ'লে চাষী যাতে বীজ পায়, তার ব্যবস্থা করুন। চাষীদের যদি বীজধান দিতে না পারেন, তা হ'লে বহু জমি অনাবাদী থেকে যাবে এবং আগামী বছর খাদ্যের সঙ্কট দেখা দেবে এবং তার জন্য দেশে যে দুর্ভিক্ষ অনিবার্য হয়ে দেখা দেবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। শ্রমিকদের জন্য টেস্ট রিলিফ ওয়ার্ক খুলুন, শ্রমিকরা সব বেকার হয়ে ব'সে আছে, কাজকর্ম পাচ্ছে না, তাদের খাটবার কোন কিছু ব্যবস্থা নেই। সেই অবস্থায় আমি বলব যে, যেসমস্ত জলাজমি প'ড়ে আছে, আবাদ হ'তে পাচ্ছে না, সেগুলিতে জলনিকাশের ব্যবস্থা করুন, এবং টেস্ট রিলিফ ওয়ার্ক খুলে শ্রমিকদের বাঁচানর ব্যবস্থা করুন—তা না হ'লে অদূর ভবিষ্যতে যে দুর্ভিক্ষ দেখা দেবে, তখন সেটা আপনাদের কন্ট্রোলের বাইরে চ'লে যাবে ব'লে আমি মনে করি।

**Sj. Bankim Mukherji:**

মাননীয় স্পীকার মহোদয়, যদি সাহায্য দ্রুত এবং পর্যাপ্ত না হয়, তা হ'লে পর সেই সাহায্যের কোন সার্থকতা নেই। বন্যার পর ৬ সপ্তাহ হয়ে গেল এই গভর্নমেন্টের, সরকারের অকর্মণ্যতার পরিচয় হচ্ছে এই যে, এখন পর্যন্ত এই বিবৃতিতে আমরা পেলাম না যে, মোট ক্ষতি কত হয়েছে। অন্যান্য দেশে আমরা অন্ততঃ দেখতে পাই রয়টারের মারফৎ ৩।৪ দিনের মধ্যে একটা ক্ষতির পরিমাণ—ভূমিকম্প বা এইরকম কিছু একটা হলে পর। কিন্তু ৬ সপ্তাহ পরেও আমরা জানতে পারলাম না যে, সত্যি সত্যি ক্ষতি কতখানি হয়েছে এবং কি পরিমাণ হয়েছে এবং গভর্নমেন্টের নীতিও এখনও পর্যন্ত ঠিক নির্ধারিত হয় নি যে এই ক্ষতি হয়েছে এবং এই টাকা বরাদ্দ করা হয়েছে। যদি সরকারী কর্মচারী বা মন্ত্রীদের কাছে যাওয়া যায়—যত টাকাই লাগুক এক কোটি, দু কোটি এবং দ্বিতীয় নীতি হচ্ছে যে, বন্যার পর থেকে প্রচার চলতে লাগল যে, গভর্নমেন্ট একেবারে সর্বপ্রকারে আর্তদের সহায়তা করবার জন্য প্রস্তুত আছেন। এই প্রচারের ফলে যে ক্ষতি হয়েছে তা অসাধারণ। বাংলাদেশের ঐ কাঁথিতে, তমলুকে এর পূর্বে বহুবার বন্যা প্রভৃতি হয়েছে, এমন কি ১৯৪২ সালে যে দুর্বহ বন্যা হয়েছিল, তাতে সেই সময়কার লীগ গভর্নমেন্ট সর্বপ্রকারে বাধা দিয়েছে লোককে সাহায্য দিতে কিন্তু সেই সময় যে সহায়তা পৌঁছেছিল আজ তাও পৌঁছাচ্ছে না। কলকাতায় পাব্লিকের কাছে গেলে পর তাঁরা বলেন, ১ কোটি ২ কোটি টাকা সাহায্য করবার জন্য সরকার প্রস্তুত আছেন এবং সেখানকার আর্তপ্রপীড়িত নরনারী বলেন যে, অন্য সময় বহু স্বেচ্ছাসেবক প্রভৃতি তারা কাপড়, চাল, ঔষধ প্রভৃতি নিয়ে আসত, এবারে কিছুই দেখছি না। যদিও ২।১টা সেবাশ্রম প্রভৃতি গেছে কিন্তু এমন সাধারণভাবে যে, যথেষ্ট কলকাতা থেকে জনসাধারণ গিয়ে পৌঁছায় নি। মেডিকেল অর্গানিজেশন থেকে যাঁরা গেছেন, তাঁরা নিজেরা যদি ঔষধ কলকাতা থেকে নিয়ে যেতে পারেন তা হ'লে পর হ'ত—গভর্নমেন্টের পক্ষ থেকে সেখানে কোন চেষ্টা নেই। একটা হাসপাতাল ছিল কাঁথিতে, সেটা উঠে গেল এবং গভর্নমেন্টের দিক থেকে ঔষধ এই সমস্ত লোককে বিতরণ করবার কোন নীতি নেই এবং সর্বপ্রথম থেকে কি দেখতে পাই, এঁদের নীতি হচ্ছে প্রচারের নীতি। যেদিন সেই ভীষণ বন্যায় সমগ্র বাংলাদেশ আতঙ্কিত হয়ে উঠেছে তার পরের দিন কাগজে দেখতে পাচ্ছি, অমুক মন্ত্রী তমুক মন্ত্রীর ফটো। ও'দের ফটো কেন? ও'দের কি ঘরের চালগুলি উড়ে গেছে না কি হয়েছে? আমরা দেখতে পাই প্রফুল্ল সেন, অজয় মুখার্জি এবং তাঁর সাঙ্গপাঙ্গ প্রভৃতি অন্য যেসব আছে তাদের ফটো ফলাও করে সমস্ত সংবাদপত্রে বেরিয়েছে। বন্যার সঙ্গে তার কি সম্পর্ক আছে, মানুষের

যে করুণ অবস্থা তার সঙ্গে এর কি সম্পর্ক আছে। এর সম্পর্ক হচ্ছে, এ'রা প্রচার ক'রে চলেছেন খবরের কাগজ, সংবাদপত্রের মারফৎ যে আমরা সর্বকিছুই করছি, আমরা যথেষ্ট খরচ করছি।

[7-20—7-30 p.m.]

তিন হপ্তা পরে আমি কাঁথির সাব-ডিভিসনাল অফিসারকে জিজ্ঞাসা করেছিলাম, সর্বসাকুল্যে এপর্যন্ত কত টাকা আপনারা খরচ করেছেন। তিনি বলেছিলেন, কৃষিঋণ, বাস্তুঋণ, এমনি সাহায্য বাবত সবশুদ্ধ—ঠিক বলতে পারছি না—আজ পর্যন্ত ৪০ হাজার টাকার মত। বুঝুন, কাঁথি যেটা নাকি সবচেয়ে বিধ্বস্ত অঞ্চল সেখানকার সাব-ডিভিসনাল অফিসার তিন সপ্তাহে মাত্র ৪০ হাজার টাকা খরচ করতে পেরেছেন। এবং আজ পর্যন্ত ২৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে মেদিনীপুর জেলা ম্যাজিস্ট্রেটের হাতে জুলাই মাসে—এইরকম অবস্থা। আমি তিন সপ্তাহ পূর্বে মন্ত্রীমণ্ডলীকে বলেছিলাম, জুন মাসের মধ্যে যদি কৃষিঋণ দেওয়া হয় তা হ'লেই তার সার্থকতা আছে। আষাঢ়-শ্রাবণ মাস পেরিয়ে যাবে, তখন কি নতুন ক'রে ধান বোনা হবে? অথবা, কৃষিঋণ যদি জুন মাসের মধ্যে দেওয়া হয়, তা হ'লেই তার সার্থকতা আছে, নইলে পর এই অঞ্চলকে আরও দেড় বৎসর খাওয়াতে হবে। এখন পর্যন্ত সেই ঋণ পৌঁছয় নি। আজ দেখছি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে এই অর্ডার দেওয়া আছে যে, তিনি এই ২৫ লক্ষ টাকার থেকে গৃহঋণও দিতে পারবেন। কোন ব্যবস্থাই নাই কত টাকা কৃষিঋণ দিবেন, কত হাজার বিঘায় ঐ ২৫ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। ঐ থেকেই সর্বকিছুই করবেন এইটা হচ্ছে নীতির অভাব। এ'দের আরেকটা নীতি হচ্ছে জনসাধারণের প্রতি আশঙ্কা। আমি জিজ্ঞাসা করি, আপনাদের কতজন সরকারী কর্মচারী আছে পুলিস, চৌকিদার ইত্যাদি সব মিলিয়ে—হাজার-করা একজন পড়ে কি? তাদের দ্বারা আর্তত্রাণ করা কি সম্ভব? তাদের দিয়ে কি সম্ভব হতে পারে অনুসন্ধান করা এটা একটি অসম্ভব ব্যাপার। এই গভর্নমেন্টএর এত কর্মচারী নাই যাতে ক'রে কার কতখানি জমি ক্ষতি হয়েছে, কার বাড়ীর কতটুকু অংশ ধ্বংস হয়েছে, কত টাকা সাহায্য দরকার— সরকারী কর্মচারী মারফৎ এইসব তথ্য সংগ্রহ করতে গেলে এক বৎসরের বেশী সময় লাগবে এবং তাতেও বোধ করি গলদ থাকবে। এ'রা চাইছেন সরকারী কর্মচারীর ভিতর দিয়ে সাহায্য করতে। এর ফলে পঞ্চায়েতের কাছ থেকে লিস্ট আসছে ২ হাজারের, সেখানে সার্কেল অফিসার তা কেটে দিয়ে করলেন ৫০০, তারপর রিলিফ অফিসার করলেন ২৫০। এই যে করা হচ্ছে এটা কি হঠাৎ হচ্ছে? একটা নীতি যদি না থাকে, উপর থেকে যদি একটা নীতি ভিতরে না চালিয়ে দেওয়া হয়, কি অজুহাতে কাটছেন। আমি সাব-ডিভিসনাল অফিসারকে জিজ্ঞাসা করলাম, তিনি বললেন, না, এক জায়গায় ৯৮ জন লোক ছিল, তারা ৬ মাস আগে জাজপুরে চ'লে গিয়েছে, তাদের নাম ঢুকান হয়েছিল, এখন কেউ নেই বলে কেটে দেওয়া হয়েছে। এইভাবে ২ হাজার থেকে ৫০০ লোকের নাম দাঁড়ায়। আমি বলছি ইউনিয়নএর মেম্বার, তাঁরা জানেন না ঠিক খবর, তার চেয়ে সার্কেল অফিসার বেশী জানেন, তার চেয়ে বেশী জানেন রিলিফ অফিসার, যাদের চাক্ষুষ কোন পরিচয়ই নাই। কাটেন কি হিসাবে মন্ত্রীমহাশয় কি উত্তর দিতে পারেন? এইরকমভাবে যেসমস্ত লিস্ট ইউনিয়ন বোর্ড থেকে তৈরি করা হয়েছে সেই লিস্টএ যাদের নাম আছে তাদের নাম কাটেন কোন্ অধিকারে, কোন্ পলিসিতে, কোন্ অজুহাতে? আজ আমরা দেখছি এইভাবে লোকের নাম কেটে দেওয়া হচ্ছে। আমার বাড়ী পড়ে গিয়েছে, আমার নাম কাটেন কোন্ অধিকারে? এটা কি কারণে, রাজনৈতিক কারণে না সমাজনৈতিক কারণে? কারণ হচ্ছে একটা পলিসি: বাইরে বলে দেওয়া আছে, বাইরে প্রকাশ হবে, ২।৩ কোটি টাকা ব্যয় করবেন, আর ভিতরে ভিতরে বলা আছে অফিসাররা নাম কেটে যাবেন। এই আর্তত্রাণ দলমতনির্বিশেষে করাই একমাত্র সম্ভব: দলমতনির্বিশেষে জনসাধারণকে আহ্বান ক'রেই এই কাজ করা উচিত এবং তাতেই যদি তাদের কোন সাহায্য করা যায়। কোন গভর্নমেন্ট এইরকম অবস্থায় কখনও একমাত্র সরকারী কর্মচারীদের নিয়ে কাজ করতে সাহস পায় না, করাও উচিত নয়। কিন্তু এখানকার সরকারের এতখানি মর্মকাতরতা, এতখানি স্পর্শকাতরতা যে তাঁরা ভয়েই অস্থির, যদি এই ত্রাণ প্রভৃতির ভিতর দিয়ে, যদি কিছু লোক প্রভাবিত হয়ে যায় এই ভয়ে তাঁরা নিজেরাও করতে পারেন না, অপরের সহায়তাও নেবেন না। এর ফল হয়েছে কি, ৬ সপ্তাহ হয়ে গেল, বর্ষাও শেষ হয়ে

গেল, এখন পর্যন্ত কৃষিঋণ দেওয়া শেষ হয় নি। এতে কার কতখানি উপকার হবে। বর্ষা শেষ হয়ে যাচ্ছে, আজকেও তাদের বাড়ী হল না। বন্যার পর ক্রমাগত বৃষ্টি চলছে। চার ইঞ্চি আড়াই ইঞ্চি উপর্যুপরি বৃষ্টি চলেছে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে। আমি শুনতে পেলাম গড়বেতা থানা যেটা বন্যাবিধ্বস্ত অঞ্চল নয়, সেখানে অতিবৃষ্টির জন্য ২ হাজার বাড়ী ধ্বসে গেল। বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে খোঁজ নিলে দেখা যাবে অতিবৃষ্টিতে কত বাড়ী ধ্বসে গিয়েছে। সেসমস্ত তথ্য এই সরকারের নাই। কিছুমাত্র সহায়তা নাই। এইরকম একটা জেলায় পেলাম—বজবজ, বিষ্ণুপুর, মহেশতলা, টালিগঞ্জ প্রভৃতি বন্যাপীড়িত জায়গায় গ্রাটুইটাস রিলিফ দেওয়া হয়েছে এক হাজার টাকা। ঘর তৈরির জন্য লোন দেওয়া হয়েছে ৫ শত টাকা। এর কি কোন অর্থ আছে? এবং সেখানে দেখা যাচ্ছে ১১৫টি তাঁবু পাঠিয়েছেন, কেন, ১১৫টা কেন, ১৫টা পাঠালেন না কেন? বেছে বেছে কোন্ কোন্ সৌভাগ্যবান ব্যক্তিকে সেগুলি দান করলেন? লটারী করেছিলেন কি? যেখানে ১১ লক্ষ লোকের মধ্যে এক লক্ষ লোক সেদিন একেবারে গৃহহারা হয়েছিল সেখানে ১১৫ জনকে দান করলেন, এই ১১৫ জন কোন্ কোন্ ভাগ্যবান ব্যক্তি? তারপর শাড়ী প্রভৃতির কথা শুনেছি। ১ হাজার কিংবা ১৩শত পিস পাঠিয়েছেন, এর মানে কি? যেখানে ১৩ হাজার পাঠান উচিত ছিল সেখানে কেন এই ১৩শত পাঠালেন? এক একজন বিশেষ ব্যক্তিকে দেওয়ার কি অধিকার আপনাদের আছে? এই সমস্তের ভিতর দিয়ে দেখতে পাচ্ছি কোনই নীতি নাই। সব সময় প্রাণপণ চেষ্টা যে সরকারী কর্মচারী মারফত ছাড়া হবে না। টেস্ট রিলিফ এ পর্যন্ত ডিস্ট্রিক্ট বোর্ড মারফত কখনও দেন, কখনও দেন না। এর পূর্বে সরকারের তরফ থেকে টেস্ট রিলিফ কিছুটা দেওয়া হয়েছিল এবং কিছুটা ফলও হয়েছিল। এইবার বাজেট অধিবেশনের সময় প্রফুল্ল সেন মশাই কি বলেছিলেন সেকথা কি তাঁর মনে পড়বে যখন আমরা বলেছিলাম এই বৎসর খাদ্যশস্যের মূল্যবৃদ্ধির আশংকা দেখা যাচ্ছে। তখন তিনি বলেছিলেন, আমাদের হাতে এত টন খাদ্য মজুত আছে কোন চিন্তা নাই, এ্যাসেম্বলি প্রোসিডিংস থেকে এই জিনিস ঠিক দেখাতে পারি। তারপরে জুলাই মাসে হঠাৎ দেখতে পেলাম প্রচণ্ড রকম ইকনমিক বাধা চলছে যার কোন অর্থই নেই। তারপর দেখলুম তাঁর এ্যাপোলজিস্ট শ্রীকালী মুখার্জি বলছেন যে, এটা সরকারের হাতের বাইরে। দ্রুত শিল্প প্রসার হলে দ্রুত মূল্যবৃদ্ধি হয়, তা হলে দ্রুত চাকরিও হওয়া উচিত এবং দ্রুত শিল্পপ্রসার হলে পরে দ্রুত অন্নসংস্থানও হওয়া উচিত। কিন্তু বেকারী দিন দিন বেড়ে চলেছে। কেন? সেদিকে তাঁরা কিছুই দেখছেন না। আরেকটা কথা তাঁরা বলতে চান যে, এতে বাংলা-সরকারের কোন হাত নাই, আমি জিজ্ঞাসা করি, গত তিন মাসের বোম্বের প্রাইস ইনডেক্স যা বেড়েছে এবং কলকাতায় যা বেড়েছে তার মধ্যে কি তুলনা হয়? বোম্বের প্রাইস ইনডেক্স গত তিন মাসে দিল্লী কানপুরে কস্ট অফ লিভিং ইনডেক্স যা বেড়েছে আর কলকাতায় যা বেড়েছে তার তুলনা হয়? সেখানে কতটুকু বেড়েছে?

[7-30—7-40 p.m.]

শ্রীকালী মুখার্জি মহাশয় আর একটা কথা বললেন, পৃথিবীর প্রত্যেক দেশে জিনিসপত্রের দাম বাড়ছে। সৌভাগ্যের বিষয় ইউনাইটেড নেশনসএর রিপোর্টটা আজকেই পাওয়া গিয়েছে সংবাদপত্রে; এবং তাতে দেখা যাচ্ছে এ্যাডভান্সড কান্ট্রিতে মাত্র ২ পারসেণ্ট বেড়েছে; এবং সেই জায়গায় আমাদের এখানে যে অবস্থাটা হয়েছে, সেটুকুও দেখা উচিত, চিন্তা করা উচিত এটা পূর্বাঞ্চলে কেন হল? দ্বিতীয়তঃ, শুধু শিল্প প্রসারণের জন্য হওয়া, এ বলা চলে না। যুদ্ধের সময়েতে এদেশে বহু টাকা ব্যয় হয়েছে এবং তার ফলেতে সেই সময় জিনিসপত্রের দামও বেড়েছিল। কিন্তু তখন বেকারি কম ছিল, সমস্ত লোকের অন্নসংস্থানের একটা না একটা উপায় ছিল; এবং সেই যুদ্ধের পরে হিসাব ক'রে দেখা গিয়েছে যে, দু' হাজার কোটি টাকা স্টার্লিং ব্যালান্স পাওনা। কিন্তু সেই যে দু' হাজার কোটি টাকা সমাজদেহ থেকে শোণিতরূপে আহরণ করতে হয়েছিল, তার ফলভোগ করেছে প্রত্যেকটি ভারতবর্ষের মানুষ গ্রামে গ্রামে। এবং আজকে দু' হাজার কোটি টাকা যখন আমাদের উপর ব্যয় করা হচ্ছে, তারও কোন ফললাভ আমরা করছি না। রক্তমোক্ষণ করলে পর, ইংরাজ যা করেছিল, তার ফললাভ ত আমরা পেয়েছি, আর আজ কংগ্রেস কর্তারা যে শুকোজ ইঞ্জেকসন দিচ্ছেন—সরকারী

পরিমাণে দুই হাজার কোটি টাকা, কই তার তো ফলবোধ কিছু করছি না ; এবং এখন সরকার আরও ৪,৮০০ কোটি টাকার ইঞ্জেকসন দেবার ব্যবস্থা করছেন—তাতে তো ফল আরও ভীষণ হবার সম্ভাবনা আছে। কিন্তু আমি মনে করি, কলিকাতার এই যে সম্প্রতি সমস্ত জিনিসের দাম বেড়েছে তার সঙ্গে ঐরকম সারা বিশ্বজগতের অর্থনীতি, সারা ভারতের অর্থ-নীতি (এ ভয়েল: সে কথাতো বলেছেন যে, তাতে ৩০ লক্ষ লোক মরেছিল) তা হ'লে এবার পুনকোজ ইঞ্জেকসনএ আরও ৩০ লক্ষ জন্মান উচিত ছিল নূতন করে। যাই হোক, সেজন্যে সারা বিশ্বনীতি এবং ভারতীয় রাজনীতির সঙ্গে যোগ করবার আজ কোন কারণ নেই। এখানে যে দাম বেড়েছে তার একমাত্র কারণ হচ্ছে এখানকার ব্যবসায়ী প্রভৃতিদের জন্য। নইলে পর একটা জিনিস সরষের তেল সম্বন্ধে যদি আমরা অনুসন্ধান করি, তা হ'লে দেখতে পাব, ঠিক যেদিন দিল্লীতে শ্রীদেশমুখ জানিয়ে দিলেন যে, তেলের ট্যাক্স আড়াই টাকা মণ বাড়ল, তার পরদিনই কলকাতায় হঠাৎ জানা গেল যে, ইউ-পিতে সরষের চাষ এবার কম হয়েছে। সরষের চাষ ত এক মাস আগে হয়ে গিয়েছে, চাষ কাটা হয়ে গিয়েছে, বাজারে এসে গিয়েছে। কিন্তু তেলের দাম বাড়ল, দিল্লীতে যেদিন নন-এসেনসিয়াল অয়েলএর উপর আড়াই টাকা ক'রে ট্যাক্স বাড়ল তার পরের দিন থেকে। আমি এখানে জিজ্ঞাসা করি, আমাদের বাংলা সরকার কি এর জন্য কোন প্রতিবাদ করেন নি? এই নন-এসেনসিয়াল অয়েলএর মধ্যে আমাদের মাস্টার্ড অয়েল আসে কি করে? দক্ষিণ দেশে যাঁরা নারিকেল তেল খান, তাঁরা বাদ গেলেন। তিলের তেল পর্যন্ত বাদ গিয়েছে। কিন্তু পূর্বাঞ্চলের লোক যাঁরা সরষের তেল খান, সেটা কি এসেনসিয়াল অয়েল হল না? কেন তার উপরে কর বসল, তার জন্য কি কোন প্রোটেস্ট আপনারা করেছেন? একথা আপনারা বলেন নি যে, এটা বাংলাদেশের লোকের জন্য একান্ত প্রয়োজন। এবং এখান থেকে যখন কোন প্রতিবাদ হ'ল না, তখন দেখা গেল তার উপর ক্রমে ক্রমে আরও দু'-চার আনা ক'রে দাম বাড়লো। আজ যদি গভর্নমেন্ট এ বিষয়েতে খুব জবর-দস্ত হতেন, জোরাল হতেন, তা হ'লে পর এই দাম কমিয়ে দেওয়া যেত। আমরা চাই এর জন্য একটা ভাল তদন্ত, ভাল রিপোর্ট—ঠিক কি পরিমাণ, কবে দাম বাড়ল, মার্কেটিংএর সময় কত দাম ছিল সরষের, ইত্যাদি। যদি এই তথ্য জানতাম যে, এই ব্যাখ্যা এখানে মন্ত্রীমহাশয় দেবেন ধুলা নিক্ষেপ করবার জন্য আমাদের চোখে যে ইউ.পিতে এই বিষয় সংবাদ নেওয়া হয়েছে, তা হ'লে এর জন্য আমরা প্রস্তুত থাকতাম। এটা একমাত্র কারণ নয় ; এবং কলকাতার তেলের দর বাড়লে পরেও ইউ. পিতে সরষের দর কম ছিল। কিন্তু এখানে ক্রমাগত যখন তেলের দাম বাড়তে লাগল, তারই ধাক্কাতে ইউ. পিতে সরষের দাম বাড়ল। অর্থাৎ ইউ. পিতে সরষের দর বাড়ানর ফলে কলকাতায় সরষের তেলের দাম বাড়ে নি। আসল ব্যাপার হচ্ছে কলকাতায় সরষের তেলের দর বাড়ানর জন্য ইউ. পি-তে সরষের দর বেড়েছে। মন্ত্রীমহাশয় অনুসন্ধান ক'রে দেখবেন, জানবেন আমার তথ্যটা মিথ্যা নয়। এই জিনিসটার পিছনে জোর দিয়ে, যদি গভর্নমেন্ট ভেবে দেখেন, তা হ'লে দেখবেন যে, গভর্নমেন্টের এক্সাইজ ডিউটির দরুন যদি কোথাও সামান্য দু'-চার পয়সা বাড়ান হয়, তা হ'লে তার সঙ্গে সঙ্গে এখানে জিনিসের দাম অত্যান্ত বেড়ে যায়। এর বিরুদ্ধে সরকারের কোন বক্তব্য আছে কিনা? কিন্তু এইরকমভাবে দাম বেড়ে চলেছে, আর একদিকে দেশের লোক বেকার হয়ে, বেকারীর সংখ্যা বেড়ে চলেছে, চতুর্দিকে ছাটাই বেড়ে চলেছে ; এইভাবে ধীরে ধীরে যে ভয়ঙ্কর পরিস্থিতি সমস্ত সমাজে হচ্ছে তার জন্য দায়ী এই গভর্নমেন্টকে হতে হবে। এবং এই গভর্নমেন্ট, আজ তাঁরা যে উত্তর দেবেন, সেই উত্তরের উপর নির্ভর করবে ছয় মাস পরে যা ঘটবে। লোকমত যখন তৈরি হবে তখন কি, সেইসময়, তাদের কাছে এই কথা বলা চলবে? আজ থেকেই জনসাধারণ এই সমস্ত জিনিস অত্যান্ত বিচক্ষণতার সঙ্গে নিরীক্ষণ ক'রে দেখছেন এবং এই সমস্ত কথার জবাবে তাঁরা সন্তুষ্ট হবেন না, এবং তারও ফল আপনারা হয়ত আঁচরে পাবেন ; যদি না ইতিমধ্যে যে কয়মাস সময় আছে, তাতে অন্ততঃ জনসাধারণের হয়ে, তাদের দিকে তাকিয়ে, তাদের সত্যিকার রক্ষা করবার জন্য, তাদের কষ্ট লাঘব করবার জন্য এখনও পর্যন্ত যদি সচেষ্ট না হন।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্বে শ্রীবঙ্কিম মুখার্জি মহাশয় বললেন যে, কলকাতাতে খুব দাম বেড়ে গিয়েছে এবং ওয়ার্কিং ক্লাসএর ইন্ডেক্স দেখলে পরে দেখা যাবে বোম্বে বা অন্য

জায়গায় দাম বাড়ে নি। সে কথার জবাব আমি পরে দেব। আমি এখন এখানে "ইস্টার্ন ইকোনমিস্ট", ৬ই জুলাই সংখ্যা থেকে পড়ে দেখাব।...(শ্রীযুক্ত জ্যোতি বসুঃ সব জায়গায়ই তো কংগ্রেস গভর্নমেন্ট।) উনি তো বললেন, সব জায়গায় বাড়ে নি, ভুল খবর কেন বললেন? ১৯৫৫ সালের নভেম্বর কনজুমার প্রাইস ইন্ডেক্স ফর ওয়ার্কিং ক্লাস, বোম্বেতে ছিল ৩০০ এখন সেটা হয়েছে ৩৫৮। আমাদের কলকাতাতে ছিল ৩১৫ সেটি এখন বেড়ে হয়েছে ৩৩৮—অর্থাৎ ওখানে ২৮ পয়েন্ট বাড়ল আর আমাদের এখানে বেড়েছে ২৩ পয়েন্ট। কাজেই দেখা যাচ্ছে উনি যেসমস্ত কথা বলেছেন সেগুলি ঠিক নয়। ১৯৫৫ সালে আমেদাবাদে ছিল ২১৮, এখন সেখানে ২৩০, দিল্লীতে ১৯৫৫ সালের জুলাইয়ে ছিল ১২৯ আর এখন হচ্ছে ১৪১; কানপুরে ১৯৫৫ সালের শেষের দিকে ছিল ৩৭১ এখন হচ্ছে ৪০৯; কলকাতায় ছিল ৩১৫ এখন সেটা হয়েছে ৩৩৮। কাজে কাজেই বলব উনি নির্ভুল তথ্য দিতে পারেন নি। মাননীয় বঙ্কিম মুখার্জি মহাশয় আর একটা ভুল খবর দিয়েছেন, সে বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছেন যে, স্বাস্থ্যবিভাগ থেকে কিছুই করা হয় নি হাসপাতাল একটা কোথায় নষ্ট হয়ে গেল, পড়ে গেল, তার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হ'ল না। এটা কবেকার খবর জানি না। মাননীয় বঙ্কিমবাবু ওখানে গিয়েছিলেন বটে কিন্তু ১০।১৫ দিন পূর্বে গিয়েছিলেন। আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে শুনেছি সেখানে দশটি নিশেন হাট পাঠিয়েছেন তাতে কন্টাইতে বন্যায় যে হাসপাতালটি নষ্ট হয়েছে তার রোগীদের রাখবার ব্যবস্থা হয়েছে। আরও অনেক ব্যবস্থা আমাদের স্বাস্থ্যবিভাগ করেছেন, তাঁরা ৫,৯৭৭টি ট্যাঙ্ক ডিসইনফেক্ট করেছেন; ১৪০টি ইন্দারা ডিসইনফেক্ট করেছেন এবং ৮,৭১১ জন লোককে রিলিফএর মারফৎ দুধ দেওয়া হয়েছে, আর ৭,৯৩০ জন রোগীকে চিকিৎসা করা হয়েছে। দুঃখের বিষয় এই অঞ্চলে এত কষ্ট, এত দুঃখ-দুর্দশার চিত্র মাননীয় সদস্যরা এঁকেছেন, কিন্তু আমরা সঠিক জানি যে, সেখানে মাত্র ৮টি কলেরার কেস হয়েছিল। অবশ্য, দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, পাঁচটির মৃত্যু হয়েছে। সুতরাং স্বাস্থ্যবিভাগ থেকে কিছু করা হয় নি একথা বলা ঠিক নয়। আর একটি স্বাস্থ্যবিভাগের কৃতিত্বের কথা বলব। বঙ্কিমবাবু বলেছেন রিলিফ যদি তাড়াতাড়ি না দেওয়া হয় তা হ'লে রিলিফএর কোন মূল্যই হয় না। আপনারা জানেন কাঁথি মহকুমায় এক একটা এমন অঞ্চল আছে যেখানে ৭০০ থেকে ৮০০ ফিট খুঁড়ে টিউবওয়েল বসাতে হয়। এরকম ৬০টি ডীপ টিউবওয়েল করা হয়েছে কাঁথি মহকুমায় এবং ৩০টি তমলুক মহকুমায়। মাননীয় বঙ্কিমবাবু বলেছেন যে, সরকার এরকম জোর প্রচার কাজ করছেন যার ফলে জনসাধারণ বেসরকারী কর্মীদের বলছেন মশাই, আপনাদের একটি পয়সাও দেব না, কারণ, সরকার তো কোটি কোটি টাকা খরচা করছেন, সুতরাং আপনাদের আবার পয়সা দেব কেন?

[7-40—7-47. p.m.]

মাননীয় বঙ্কিমবাবু বলেছেন যে, সরকার এমন প্রচারের কল ফেঁদেছেন, এমন সুন্দর প্রচার করেছেন যার ফলে সেখান থেকে জনসাধারণ ও বেসরকারী লোকেরা বলছেন যে, মহাশয়, আমরা আর একটা পয়সাও দেব না। কারণ সরকারই কোটি কোটি টাকা খরচ করছেন; আপনাদের আবার পয়সা দেব কেন? অবশ্য কাঁথি মহকুমা ও তমলুক মহকুমায় অনেক বেসরকারী প্রতিষ্ঠান কাজ করছেন। বঙ্কিমবাবু একটা সঙ্ঘ কাজ করেছে বলেছেন, তার পুরো নামটা বলতে পারেন নি। তার নাম হচ্ছে ভারত সেবাশ্রম সঙ্ঘ—তাঁরা সেখানে কাজ করছেন। আর বঙ্গীয় প্রাদেশিক কংগ্রেস কমিটিও সেখানে অনেক কাজ করেছেন। [বিরুদ্ধ পক্ষ হইতে ও! ও! ধ্বনি ও হাস্য] এতে লজ্জা পাবার বা হাসবার কিছু নেই; সেখানে মাড়োয়ারী রিলিফ কমিটিও কাজ করেছেন। কিন্তু দুঃখের বিষয়, বঙ্কিমবাবু কমিউনিস্ট পার্টির তরফ থেকে কাজ করতে পারেন নি ব'লে তিনি খুব কষ্ট বোধ করছেন। সেইজন্য বলছেন যে, সরকারী প্রচার বিভাগ এমন সুন্দর প্রচার করেছেন যে, তাঁদের সাহায্য করবার জন্য একটি পয়সাও কেউ দিচ্ছে না। মাননীয় বঙ্কিমবাবু আর একটা কথা বলেছেন যে, "বর্ষা শেষ হ'ল", আবার দু সেকেন্ড পরেই বলছেন, "না বর্ষা শেষ হয় নি", এখনও বর্ষা চলছে, এখনও ঘর পড়ছে, এবং সম্প্রতি পড়বেতা থানা থেকে খবর পেয়েছেন যে, অনেক ঘর সেখানে পড়ছে। আর একটা গুরুতর অভিযোগ এই যে, সরকারী কর্মচারীরা এখন পর্যন্ত কোনও তথ্য সংগ্রহ করতে পারলেন না।

এবং তথ্য সংগ্রহের জন্য জনসাধারণের সাহায্য নেওয়া প্রয়োজন। মাননীয় সদস্যগণ জানেন যে, আমাদের প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন বোর্ড আছে, বা পঞ্চায়েত আছে। সেইসব ইউনিয়ন বোর্ডই তথ্য সংগ্রহ করছেন। ২৪-পরগনা জেলার সম্বন্ধে বলতে পারি যে, প্রত্যেক অঞ্চলের তথ্য আমরা পেয়েছি ; কাঁথি এবং তমলুক এলাকার তথ্য ৮।১০ দিনের মধ্যেই আসবে। বন্ধু সুধীর দাস মহাশয় একটা ভয়াবহ চিত্র আমাদের সামনে রেখেছেন। উনি বলেছেন যে, জানুয়ারি মাসে তিনি সতর্ক ক'রে দিয়েছিলেন যে, ভীষণ ব্যাপার হবে, সর্বনাশ হবে। তার পরে তিনি বললেন, দুঃখের সঙ্গে বেদনার সঙ্গে বললেন যে, এতবড় একটা বন্যা হয়ে গেল, ঝড়ো হয়ে গেল, এখনও পর্যন্ত কিছু রিলিফ গিয়ে পৌঁছাল না। গিয়ে থাকে ত ছিটে-ফোঁটা এক পয়সা, আধ পয়সা মাত্র। বঙ্কিমবাবু বলেছেন যে, বেসরকারী সাহায্যও পাওয়া যাচ্ছে না ; এমন প্রচার আমরা করেছি। কিন্তু তথাপি তিনি বলতে পারলেন না যে, একটি লোকও অনাহারে মরে নি (বিরোধী পক্ষ: বলেছেন, অনেকেই বলেছেন)। আমাদের একজন সদস্য কাটোয়া থেকে তিনি বলেছেন অনেক লোক সেখানে মরেছে, বহু লোক মরে যাচ্ছে। তার পরে আবার সেই মাননীয় সদস্য বলেছেন যে, আমরা খবর পেয়েছি ২।৩ জন লোক মরেছে, এবং যেসমস্ত লোকের মৃত্যু ঘটেছে তার শতকরা ৮০।৯০ ভাগ খেতে পাচ্ছে না আজ থেকে নয়, বহুদিন থেকে। বন্ধু হেমন্ত বসু মহাশয় বলেছেন যে, এই যেসমস্ত সমস্যা-বন্যা সমস্যা, খাদ্য সমস্যা সব কিছু সমস্যাই আমরা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে করি। একটু আগে মাননীয় সদস্য শ্রীজ্যোতি বসু মহাশয় এখানে বললেন যে, ৩০ মাইল দূর থেকে এমন সব লোকেরা এখানে হেঁটে এসেছে যারা ৭।৮ মাস খেতে পাচ্ছে না। মাননীয় সদস্যেরা কি বিশ্বাস করেন যে, যারা ৭।৮ মাস খেতে পাচ্ছে না, তারা ৩০ মাইল দূর থেকে হেঁটে আসবে, তারা কি সে শক্তি রাখে? (বিরোধী পক্ষ হইতে বিভিন্ন ব্যক্তি: পারে, পারে, নিশ্চয়ই পারে।)

**Sj. Hemanta Kumar Ghosal:**

বেহায়ার মত বলছেন, পারে কি না পারে, চলুন বাহিরে গিয়ে দেখে আসুন।

[There was interruption from both the Congress and Opposition benches and uproar and noise followed, and many members from the opposition benches simultaneously rose in their seats].

**Sj. Jyoti Basu:**

উনি যা বলেছেন তাতে দাঁড়ায় এই যে, আমি মিথ্যা কথা বলছি যে, ২০।৩০ মাইল দূর থেকে বুভুক্ষু কৃষকেরা এবং মহিলারা পর্যন্ত পায়ে হেঁটে এসেছে। আপনি যদি আমার সঙ্গে আসেন এবং তাদের চেহারা দেখেন ও তাদের সঙ্গে কথা বলেন এবং বোঝেন যে, আমার কথা মিথ্যা তা হ'লে আমি এ্যাসেম্বলিতে এসে আমার কথা উইথড্র করব। কিন্তু প্রফুল্লবাবুকে গরিব লোকের হাঙ্গার নিয়ে এইভাবে ঠাট্টা করবেন না। তাঁর সাহস নেই বাইরে যাওয়ার। পুলিশঘেরা বাড়িতে থাকেন বলে তাঁর মুখে এত বড় কথা শুনতে আমরা রাজী নই। সাহস যদি হয় ত চলুন না আমাদের সঙ্গে--

**Sj. Hemanta Kumar Ghosal:**

উইথড্র করুন, নইলে কথা শুনব না।

[Loud noise and interruptions and uproar.]

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:**

আমি একটা কথা বলছি। উনি বলেছেন যে, যারা ভাল ক'রে খেতে পায় না তারা ৩০ মাইল হেঁটে কলিকাতায় আসতে পারে না। কিন্তু আমি বলছি, ১৯৪৩ সালে যখন ফেমিন হয়েছিল তখন কি উনি দেখেন নি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তখন ত আমরা জেলে ছিলাম, দেখব কি ক'রে?

[Uproar and noise.]

**Mr. Speaker:** If you do not want to listen to the Minister—enough has been said—I have every power to close the debate. It is only a question of contradiction in regard to food. No unparliamentary expression has been used by the Minister.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:**

১৯৪৩ সালে যখন ফেমিন হয়েছিল তখন মেদিনীপুর থেকে পর্যন্ত হাজার হাজার লোক হেঁটে কলিকাতা সহরে এসেছিল-কঙ্কালসার হয়ে মরেছিল। খিদের জ্বালায় ও প্রাণের দায়ে লোক ৩০।৪০ মাইল কেন, আরও অনেক দূর পর্যন্ত হেঁটে যেতে পারে।

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Sj. Sudhir Chandra Ray Chaudhuri:**

যাক, এ নিয়ে তর্ক করতে চাই না, তবে উনি যে ঐখানে দাঁড়িয়ে এইরকম ন্যাকামির কথা বলবেন যা মানুষ ধৈর্য ধরে শুনতে পারে না। সেকথা শুনতে আমরা রাজী নই।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ও'রা শুনতে রাজী না থাকলে আমার জবাব দেবার কি আছে?

[Noise and interruptions.]

**Mr. Speaker:** Very well, the debate is closed. The House stands adjourned till 3 p.m. to morrow.

## Adjournment.

The House was then adjourned at 7-17 p.m. till 3 p.m. on Wednesday, the 11th July, 1956, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Wednesday, the 11th July, 1956, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 195 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[3—3-10 p.m.]

**Suspension of realisation of loans in distressed areas of Bankura district**

*11. **Sj. Probodh Dutt:** Will the Hon'ble Minister in charge of the Food, Relief and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that the people of Saltora, Chhatna and Indpur police-stations of Bankura district are in distress due to the failure of crops this year; and

(b) if so, whether Government consider the desirability of postponing the realisation of loans granted by the Government from this year?

**Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):** (a) Yes.

(b) Suspension of realisation of loans issued by the Relief Department is sanctioned in all cases of genuine hardship.

**Sj. Probodh Dutt:**

এই যে বলেছেন,

"in all cases of genuine hardship".

এই জেনিউন হার্ডশিপটা ডিসাইড করবে কে?

**The Hon'ble Prafulla Chandra Sen:** District Magistrate.

**Sj. Probodh Dutt:**

মন্ত্রীমহাশয় জানাতে পারেন কি যে এর মধ্যে কতগুলি জেনিউন হার্ডশিপ আছে আর কতগুলি নেই?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি নোটিশ চাই।

**Distress in some parts of Bankura Sadar subdivision due to failure of crops**

*12. **Sj. Rakhahari Chatterjee:** (a) Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state if it is a fact—

(i) that there is failure of crops due to drought in some parts of the Sadar subdivision, Bankura district, in 1955; and

(ii) that the cultivators of these areas are in distress?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the steps taken to remove the distress; and

With regard to my friends Shri Ambica Chakrabarty, he is an idealist. He wants to say that even if a man can keep his fruit for nine months in cold storage, that should not be allowed to be sold to the people because it does not contain much vitamin. I am not an expert on that matter. He told me this, and I told him that I would find out from those who are doing the nutritional work in Bangalore to let me know the details about the contents of vitamin if it is stored for three, six or nine months, and so on. But at the same time as far as I am concerned I feel that the poorer classes who cannot afford to pay much need not think in terms of "angur". *Kala, bel, pape* are good enough for all of us, and I myself do not probably take *angur* except once in a year. Why? because it is so expensive. *Kala, bel* and *pape* which contain vitamin can easily be taken by our people. With these words I commend my motion for the acceptance of the House.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Taxes on Entry of Goods in Local Areas (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned till 5-45 p.m.]

[*After adjournment.*]

[5-45—5-55 p.m.]

**The West Bengal *Bargadars* Bill, 1956**

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to introduce the West Bengal *Bargadars* Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal *Bargadars* Bill, 1956, be taken into consideration.

Mr. Speaker, Sir, under section 11 of the West Bengal *Bargadars* Act, 1950, the Subdivisional Officers were appointed appellate officers for hearing appeals against the awards or orders made by the *Bhag Chas* Conciliation Boards. The West Bengal *Bargadars* Act, 1950, was repealed by the West Bengal Land Reforms Act, 1955. Chapter III of the Land Reforms Act, 1955, came into force with effect from the 31st March, 1956. On that date, viz., the 31st March, 1956, the terms of the *Bhag Chas* Conciliation Board established under the *Bargadars* Act expired.

Under section 21(2) of the Land Reforms Act, all proceedings pending before the *Bhag Chas* Conciliation Boards stood transferred to the officer or authority indicated in that section. Section 19(1) of the Land Reforms Act provides that an appeal shall lie to the Munsif having jurisdiction over

the area in which the land is situated against an order under section 17 or section 18 of the Act. The Subdivisional Officers refused to entertain appeals against awards or orders of the *Bhag Chas* Conciliation Boards under the Bargadars Act. The local officers sought Government's instructions in the matter and Government was advised that under the provisions of the law these appeals should be heard by the Subdivisional Officers under the *Bargadars* Act. The views of the law officers were communicated to the local officers on the 11th May, 1956, when the time for filing appeals, viz., 10 days under rule 10 of the West Bengal *Bargadars* Rule, 1950, had expired. As the parties aggrieved by the awards or order of the *Bhag Chas* Conciliation Boards were deprived of their right of appeal an Ordinance was promulgated and the Bill seeks to enact the provisions of the Ordinance with minor alterations.

**Sj. Natendra Nath Das:** On a point of order, Sir, can we move an amendment to an Act which has already been abolished? From the Statement of Objects and Reasons we find that the *Bargadars* Act of 1550 has been abolished by the Land Reforms Act of 1955 with effect from the 31st March, 1956. Therefore, that Act is no longer in existence.

**Mr. Speaker:** This is not an amending Act This is an original Bill—the West Bengal *Bargadars* Bill, 1956.

**The Hon'ble Sankar Prasad Mitra:** We are not amending the *Bargadars* Act at all.

**Sj. Subodh Banerjee:**

মাননীয় স্পীকার মহাশয়, বর্গাদার এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট, ১৯৫৬, বিলের আকারে আমাদের সামনে এসেছে। এ বিলের আসার কারণ ও ইতিহাস ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় আমাদের বললেন। তাঁর কথা থেকে পরিষ্কার হ'ল তাঁর বিভাগ কিরকমভাবে কাজ করছে। আঠার মাসে তাঁদের বছর হয়। তার একটা উদাহরণ আপনাদের সামনে তুলে ধরব। আপনারা জানেন ল্যান্ড রিফর্মস এ্যাক্টে পরিষ্কার কোরে বলা ছিল যে ৩১শে মার্চ তারিখ থেকে সেই আইন চালু হবে, যেহেতু বর্গাদার সংক্রান্ত ব্যাপারটা (বর্গাদার এ্যাক্ট, ১৯৫০) ৩০শে মার্চ পর্যন্ত কার্যকরী থাকবে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে ৩১শে মার্চ ল্যান্ড রিফর্মস এ্যাক্ট চালু হ'ল, তার ৩য় নং পরিচ্ছেদ দ্বারা সমস্ত বর্গাদারেরা পরিচালিত হতে লাগল, কিন্তু মার্চ শেষ হল, এপ্রিল শেষ হল, মে শেষ হল, জুনের শেষাশেষি হ'তে গেল,—ল্যান্ড রিফর্মস এ্যাক্ট ছেপে বেরুল না। বেরুল কবে? বোধ হয় ২০শে জুন ছেপে বেরুল। যখন ছেপে গভর্নমেন্ট সেলস্ অফিসে গেল তখন আমিই প্রথম সেই এ্যাক্ট কিনলাম—তার প্রথম ক্রেতা আমি। তারও শেষ এখানে নয়, কোন এ্যাক্ট ছেপে বেরোবার সঙ্গে সঙ্গে বিচার করা যায় না যদি না তার সঙ্গে রুলসগুলো ছেপে বেরোয়। আজ পর্যন্ত এই ল্যান্ড রিফর্মস এ্যাক্টএর রুলস ছেপে বেরিয়েছে কিনা জানি না। যদি বেরিয়ে থাকে তাহলে কয়েক দিন আগে মাত্র বেরিয়েছে।

**Mr. Speaker:**

হ্যাঁ, বেরিয়েছে।

**Sj. Subodh Banerjee:**

না সেটা, প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্টএর রুলস, বর্গাদার এ্যাক্টএর রুলস তথা সমগ্র ল্যান্ড রিফরমস এ্যাক্টএর রুলস আজও ছেপে বেরোয় নি। ফল হ'ল কি? বর্গাদারেরা আগে ভাগ বোর্ডের কাছে যেত। এখন ভাগবোর্ড নাই, রেভিনিউ অফিসার হয়েছেন। রেভিনিউ অফিসারের কাছে তারা বিবাদ পেশ করলে; রেভিনিউ অফিসারের কাছে গাদার পর গাদা মামলা জমে রইল। আমি একটা উদাহরণ দিই—এক মথুরাপুর থানায় ৩টি ঐ রকম রেভিনিউ অফিসারের কাছে ৩১৩টা কেস্ জমা হয়ে পড়ে রইল। এঁদের কাছে আমি নিজে গেলাম, আমাদের দলের ছেলেরা গেল; বললাম, 'মশায়! বিচার করুন, ধান গাদা হয়ে রয়েছে, বাঁধ

আসবে, ধানগুলো নষ্ট হবে; কিন্তু তিনি হাত জোড় ক'রে বললেন, 'আমি কি করব? আমি রুলস পাই নি, এ্যাক্ট পর্যন্ত পাই নি, দৌড়ে এলাম এ'দের কাছে। এ'দের কাছে বলা সত্ত্বেও কিছু হল না। আপনারা শুনলে অবাক হবেন যে গতবারে চাষীরা যে ধান অগ্রহায়ণ-পৌষ মাসে কেটে গাদা দিয়েছে, আজও তা ঝাড়ার অর্ডার হয় নি। কুমড়োপাড়ায় যান—এগুলো বন্যাবিধ্বস্ত অঞ্চল, সেখানে আপনারা দেখবেন দেড় হাত গাছ হয়েছে গাদার উপরে। সেই গাছশুদ্ধ ধান নিয়ে ডায়মন্ড-হারবারের এস ডি ওর কাছে ডেপুটেশন নিয়ে গেলাম, তাঁকে দেখালাম যে 'দেখুন কি অবস্থা!' তাঁকে বললাম—'কিছু না পারেন—কে কত ফসল পাবে সে কথা পরে বিচার হবে—শুধু আপনি অর্ডার দিন যে ধান ঝাড়া হক এবং সামনের বার যাতে চাষ করতে পারে তার জন্য বীজধান দেবার ব্যবস্থা করুন। তার পরে আইনে যা বলে সেইমত মালিক কতটা ধান পাবে আর বর্গাদার কতটা ধান পাবে এ বিচার পরে করা যাবে। তিনি বললেন—"করব কি মহাশয়! ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জানিয়েছি, কোন জবাব পাই নি।" সমস্ত বিভাগের কার্যের গতি দেখুন। গত বছর ধান গাদা দিয়েছে, মার্চ মাসে আইন পাশ হ'ল, অথচ এই আইনের কপি রেভিনিউ অফিসারদের কাছে গেল না; ৪ মাস হয়ে গেল, অথচ রুলস ফ্রেমড আপ হ'ল না। ফলে একটা কেসও বিচার করা যাচ্ছে না। সমস্ত ধানগুলো নষ্ট হয়ে গেল। আমি এমন কথাও বলেছিলাম যে আপনারা বলছেন বন্যাবিধ্বস্ত অঞ্চলে রিলিফ দেবেন। রিলিফের অনেকখানি কাজ হবে যদি এই ধানগুলো ঝাড়তে দেন, সামনের বারে চাষের ব্যবস্থা করেন এবং ঐ ধানের একটা অংশ তাদের রিলিফ হিসাবে দেন। তারপরে বিচারে ফয়সালা হলে যার যা পাওয়ার সেটা সে হিসাবনিকাশ মত পাবে। তা হয় নি।

[5-55—6-5 p.m.]

এত গেল অরিজিন্যালএর দিক থেকে। এবার আপীলএর কথা শুনুন। বোর্ডের রায়ের বিরুদ্ধে আপীল করতে গেলে ল্যান্ড রিফরমস এ্যাক্ট অনুসারে মুন্সেফদের কাছে আপীল করতে হবে। কিন্তু বারুইপুর এবং আলিপুরের মুন্সেফরা বললেন, "আমরা জানি না যে আমাদের সেরকম কোন ক্ষমতা আছে এবং এ্যাক্টও আমরা দেখি নি।" মিঃ স্পীকার, স্যার, কপাল ভাল যে আমাদের এই বিধানসভার অফিস থেকে এক কপি ল্যান্ড রিফরমস এ্যাক্ট নিয়ে গিয়ে দেখলাম যে "এই ল্যান্ড রিফরমস এ্যাক্টএতে ক্ষমতা আপনাদের দিয়েছে।" তাতে তাঁরা বললেন "সুবোধবাবু, আইন পাশ হয়েছে জানি, কিন্তু যতক্ষণ না আমাদের কাছে কোন ডাইরেকশন আসবে ততক্ষণ কি আইন হয়েছে না হয়েছে আমরা জানি না।" ফলে বর্গাদাররা একবার করে মুন্সেফদের কাছে যায় আর হয়রানি হয়ে বাড়ী ফেরে। তারপর তাদের বললাম, "এস ডি ওরা আগে বিচার করত অতএব এস ডি ওর কাছে যাওয়া যাক।" এজন্যে ডায়মন্ডহারবার এবং আলিপুর সদরের এস ডি ওদের কাছে যাওয়াতে তাঁরা বললেন, সুবোধবাবু, আপনি একজন ভেটরান পার্লামেন্টারিয়ান হিসাবে জানেন যে গত এ্যাক্টএ যে ক্ষমতা আমাদের ছিল সেই ক্ষমতা এখন আর আমাদের নেই। যে এ্যাক্ট বাতিল হয়ে গেছে সেই এ্যাক্টএর ক্ষমতাবলে আমরা কি করব? আমি জিজ্ঞাসা করি রেভিনিউ ডিপার্টমেন্টএর কি মগজ নেই, আই সি, এস, অফিসার, বি, সি, এস অফিসার যাঁরা মোটা মোটা মাইনে খাচ্ছেন তাদের খেয়াল হয় নি যে বর্গাদার এ্যাক্ট নাকচ করবার পর তারা কার কাছে আপীল করবে। অর্থাৎ এটার সম্বন্ধে কি তাদের মগজে এতটুকু খেয়াল ছিল না, অথচ মাইনে নেবার বেলায় ঠিক আছে। আর সাফারিংসএর বেলায় সাধারণ মানুষ কষ্ট ভোগ করছে। তাদের নির্বুদ্ধিতা এবং দূরদৃষ্টির অভাবের জন্য চাষীরা যে ভুগছে সেদিকে তাদের দৃষ্টি নেই। প্রত্যেক আইনে যেমন সেভিং ক্লজ থাকে, সেইরকম এই ল্যান্ড রিফরমস এ্যাক্টএর ক্ষেত্রে তাঁরা কেন কোন সেভিং ক্লজ দেন নি। আগের আইন অনুসারে যেসমস্ত কেস ফাইল হয়েছে তার বিচার আগের অনুসারে হবে—এই জিনিস কেন তাঁরা ল্যান্ড রিফরমস এ্যাক্টএ বলেন নি? ফলে আপীল করার যতটুকু সময় তাদের ছিল তা বহুদিন হল চলে গেল। আমি রাইটার্স বিল্ডিংসএ রঘুবাবুর কাছে গিয়ে সমস্ত বলাতে তিনি কাকে টেলিফোন করলেন, কিন্তু কিছুই হল না। তারপর বিধানবাবুর সঙ্গে এই বিষয়ে আলোচনা করার পর তিনি মেম্বর, বোর্ড অব রেভিনিউর কাছে টেলিফোন করলেন—কিছুই হল না। অবশেষে বন্ধুবর শঙ্করের কাছে গিয়ে বললাম, ভাই এটা অন্ততঃ কর,

তা না হলে [illegible] আর বাঁচান যায় না। সে আমাকে এ্যাস্যুরেন্স দিয়েছিল যে একটা কিছু সে করবে। আই এম থ্যাংকফুল যে সে সেটা করেছে। আমি মন্ত্রীমহাশয়কে কিছু বলব না, বরং আমার বক্তব্য এই বিভাগের বিরুদ্ধে যাদের ১৮ মাসে বছর হয় এবং যাদের দূরদৃষ্টির অভাবের জন্য গরীব বর্গাদাররা এইরকমভাবে সাজা পায়। আজও গত বছরের ধান যাদের গাফিলতির জন্যে নষ্ট হয়ে গেছে এরজন্যে বর্গাদারদের কমপেনসেশন কে দেবে? গাদা গাদা ধান নষ্ট হওয়ার ফলে যেখানে বর্গাদাররা মারা যাচ্ছে সেখানে এর খেসারত কে দেবে? এটা সরকার দেবেন, না তার অধীনে যেসমস্ত আই. সি. এস. বা আই এ. এস. অফিসাররা আছেন তারা দেবেন? এর কৈফিয়ৎ আমি মন্ত্রীমহাশয়ের কাছে চাইব। তাঁর বিভাগকে এরজন্য শাস্তি দেবার জন্য বা এক্সপ্ল্যানেশন চাইবার জন্যে তিনি কি ব্যবস্থা করবেন, তা আমাদের জানাবেন। আমি [illegible] কাছে এই দাবী করব যে তাঁর বিভাগের এইরকম গাফিলতি কেন হল তা তিনি আমাদের কাছে এক্সপ্লেন করুন।

[Sj. Natendra Nath Das rose to speak.]

**Mr. Speaker:** This is a short Bill, you need not speak now. You have tabled no amendment. When the clauses are taken up you can speak.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal *Bargadars* Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

*Clause 1*

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to

*Clause 2*

**The Hon'ble Gopika Bilas Sen Gupta:** Sir, I beg to move that in sub-paragraph (i) of paragraph (*a*) of sub-clause (1) of clause 2, in line 1, after the words "any appeal" the words "or any appliction for revision" be inserted.

I move that in paragraph (a) of sub-clause (1) of clause 2, in line 6, after the words "such appeal" the words "or application for revision" be inserted.

I move that in paragraph (b) of sub-clause (1) of clause 2, in line 1, the words "on or" be omitted.

I move that in sub-clause (1) of clause 2, after the existing proviso, the following further proviso be added, namely:—

> "Provided further that where an order was made by a *Bhag Chas* Conciliation Board before the 31st day of March, 1956, terminating the cultivation of any land by a *bargadar* and such order is after that date reversed on appeal or an application for review by an Appellate Officer, the *bargadar* may, notwithstanding the provisions of sub-section (3) of section 12 of the said Act, apply to such Appellate Officer for an order directing immediate restoration to cultivation of the land by the *bargadar*; no such order shall be made unless such Appellate Officer has given the owner of the land and any person other than the *bargadar*, who may have grown any crop on the land an opportunity of being heard and unless the *bargadar* pays such sum or its equivalent in paddy to the person who may have grown any crop on the land, as the Appellate Officer thinks to be the fair and reasonable cost of growing such crop.".

I move that in sub-clause (2) of clause 2, in line 4, after the word "amendment" the words "or rescission" be inserted.

**Sj. Ajit Kumar Basu:** Sir, I beg to move that the following explanation be added to clause 2(1)(a)(iii), namely:—

"*Explanation.*—Execution of an award or order shall not include an order for eviction from land before, *Baisakh* 1364 B.S.,".

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Sir, I beg to move that the following proviso be added to clause 2(1)(b), namely:—

"Provided that any award or order made on or before the 31st day of March, 1956, by a *Bhag Chas* Conciliation Board or an award or order on appeal therefrom of which execution is not pending shall be executed in the manner as provided in section 20(2) of the West Bengal Land Reforms Act, 1955,".

**Sj. Ajit Kumar Basu:** Sir, I beg to move that in the proviso to clause 2(1), line 3, for the figure and word "30th day" the figures and word "45th day" be substituted.

মিঃ স্পীকার, স্যার, এই যে ওয়েস্ট বেঙ্গল বর্গাদার বিল—তার ক্লজ ২টা আমি একটু সংশোধন করতে চাই। নিশ্চয়ই যেসমস্ত এওয়ার্ড ও অর্ডার আছে, সেগুলি এক্সিকিউশন হওয়া দরকার। কিন্তু এই এওয়ার্ড বা অর্ডার এক্সিকিউসন করার সময় দেশের যারা চাষী, বর্গাদার, তাদের স্বার্থ বার বার ক্ষুন্ন করা হয়েছে। ল্যান্ড রিফরমস এ্যাক্টে তাদের সামান্য অতি কৃপণ হস্তে যে একটুখানি সুবিধা দেওয়া হয়েছে—সেটা যদি কার্যকরী করতে হয়—তাহলে এই যেসব এওয়ার্ড ও অর্ডার যেগুলিতে জমির মালিকদের স্বার্থে এভিকশন বজায় রাখা হচ্ছে—সেই এভিকশন অডার যদি এক্সিকিউট করা হয়—যখন বর্গাদার জমি চাষ আবাদ করছে, জমি তৈরি করছে—তাহলে বর্গাদারদের প্রতি চূড়ান্ত অবিচার করা হবে। সেইজন্য নিশ্চয়ই এইসব এওয়ার্ড অর অর্ডার এক্সিকিউটেড হওয়া উচিত যখন তা বর্গাদারদের পক্ষে যাচ্ছে কিন্তু যখন এইসব এওয়ার্ড ও অর্ডারএর ফলে এভিকসন জমির মালিকদের পক্ষে যাচ্ছে, যেহেতু আজ অনেক দেরী হয়ে গেছে তখন, চাষীরা যখন জমি তৈয়ার করছে, চাষের ব্যবস্থা করার জন্য টাকা পয়সা খরচ করছে, সেই সময় এই এভিকসন এক্সিকিউট না করে -যদি এওয়ার্ডটা এভিকসনএর পক্ষে যায় তাহলেও সেই এওয়ার্ডটার এক্সিকিউশন আগামী বৎসর পর্যন্ত (বৈশাখ, ১৩৬৪ বি এস) স্থগিত রাখা উচিত। এই হচ্ছে আমার এ্যামেন্ডমেন্ট।

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I accept the amendments of Sj. Gopika Bilas Sen Gupta. The reason for the amendment is the provision laid down in section 12A(1) and 12A(2) of the *Bargadars* Act, 1950. We want to protect the applications for revision, if any, made under those sections. So far as Shri Ajit Basu's amendment is concerned the intention of clause 2(1)(a)(iii) of the Bill is to provide for continuance of the application for execution of an award or order pending immediately before the 31st day of March, 1956, so that the execution may be made after that date and during the month of *Baisakh* next, that is, *Baisakh* 1364 B.S. I am opposing it. I take it that he is well aware of the provisions of section 12(3) of the *Bargadars* Act, 1950.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Mr Speaker, Sir, "Provided that any award or order made on or before the 31st day of March, 1956, by a *Bhag Chas* Conciliation Board or an award or order on appeal therefrom of which execution is not pending shall be executed in the manner as provided in section 20(2) of the West Bengal Land Reforms Act, 1955" তাতে এই বিলেতে যেটা আছে সেটা সম্বন্ধে কোন অর্ডার নেই। আমরা section 21(2)—on the appointment of officers or authorities—under this chapter all proceedings pending before any *Bhag Chas* Conciliation Board

**established under West Bengal *Burgadars* Act, 1950, shall stand transferred or the officer or authority having jurisdiction over the area in which the land** to which the proceedings relate is situate.

এখন এটায় প্র্যাকটিক্যাল ডিফিকালটি হয়েছে এবং আমিও জানি যে গোটা কয়েক লোক এই এওয়ার্ড নিয়ে জারী করছে, সাবরেজিস্ট্রারএর কাছ থেকে। সাবরেজিস্ট্রার ভাগচাষ কনসিলিএসন বোর্ডএর প্রেসিডেন্ট। ভাগচাষ বোর্ডের প্রেসিডেন্ট হয়ে তিনি আকটার থারটিএথ এপ্রিল করলেন, সমস্ত দখল দিয়ে দিলেন। সেই ভাগচাষ বোর্ডের প্রেসিডেন্ট হয়েই দখল দিলেন, কিন্তু সেটা সম্পূর্ণ অন্যায় হয়ে গেছে। অর্থাৎ আইনটা তাঁরা কিছুতেই বুঝতে পারছেন না। ভাগচাষ বোর্ড যখন ছিল তখন একটিও এ্যাপ্লিকেসন হয় নি। এবং আরও এ্যানোমেলি হয়েছে কারণ যারা দখল চেয়েছিল তখন ওখান থেকে তাদের একটা একসিকিউটেড ফাইল কিম্বা এওয়ার্ড হয় নি বলে একটা সারটিফিকেট নিয়ে এস, ডি, ওএর কাছে এ্যাপ্লাই করতে হত। ভাগচাষ বোর্ডএর এ্যাক্টএ এইরকম আছে। কিন্তু সেটা না নিয়ে এমন সব কেস হয়ে গেছে যে সেইসব শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে সেই অফিসার সমস্ত দখল দিয়ে বসে আছেন। তাতে স্ট্যাম্প দেওয়া আছে প্রেসিডেন্ট, ভাগচাষ কনসিলিএসন বোর্ড এইরকমভাবে অনেক দখল হয়ে গেছে। তারপরে সেই নিয়ে মারামারি হওয়াতে সেখানে এস ডি ও-এর কাছে কেস হয়েছে এবং সেগুলো সব ইললিগ্যাল হয়ে গেছে। এই এ্যাক্টগুলোকে ভাল করে বোঝাবার জন্যে ও'রা যদি সারকুলার পাঠিয়ে দিতেন তাহলে এইরকম হত না। তা না তিনি তাদের প্রেসিডেন্ট ভাগচাষ কনসিলিএসন বোর্ডএর ছাপ দিলেন। তারপরে আমি যেটা বলছি সেটা হচ্ছে যে যেগুলোকে সেই সময় পর্যন্ত একসিকিউট করা হয় নি সেইগুলো একসিকিউটেড হবে বাই দি রেভিনিউ অফিসার যে অফিসার এ্যাপয়েন্টেড হচ্ছে তার দ্বারাই একসিকিউটেড হোক। এটাই প্রভিসন করা উচিত। কারণ তা না হ'লে অনেকে যারা একসিকিউট করতে গেছে তাদের কোথাও নিচ্ছে না বলে ঘুরে বেড়াচ্ছে এবং তার সেগুলো মোটেই একসিকিউট হচ্ছে না। অতএব এখান থেকে তাকে একটা ক্লিয়ার ডাইরেকসন দেওয়া উচিত। তা না হ'লে হয় এ্যাক্ট এ্যামেন্ড করুন, না হয় তাকে কোন ইনস্ট্রাকসন দিন যে যাদের অফিসার এ্যাপয়েন্ট করা হয়েছে তারা যেন এই এ্যাপিলএর একসিকিউসনটা নেয় এবং সেগুলোকে একসিকিউট করে।

**Sj. Kanai Lal Bhowmick:**

মাননীয় স্পীকার মহাশয়, বর্গাদারদের যেসমস্ত কেস পেন্ডিং আছে বা আপীল হয় নি, সেইসমস্ত কেস যাতে আবার তারা আপীল করতে পারে সেটাই এই বিলে বলা হচ্ছে। আমরা জানি যে এই ৩ মাসের মধ্যে সমগ্র বাংলা দেশে অনেক চাষী এই অসুবিধার জন্য উচ্ছেদ হয়ে গেছে, এবং শুধু যে উচ্ছেদের রায় হয়ে গেছে তা নয়, এইজন্য অনেক একসিকিউসন অর্ডার বেরিয়ে গেছে। ইতিমধ্যে বাঁশবাড়ী দখল নিয়ে অনেক চাষীকে তাদের পজেসন থেকে হটিয়ে দেওয়া হয়েছে এবং সেই জায়গায় মালিকরা চাষাবাদ শুরু করেছে। এই তিন মাসের মধ্যে বিশেষ করে চাষবাসের সময় এই যে তিন মাস দেরী হল এই আইন করতে, তার ফলে বাংলা দেশে বর্গাদারদের যথেষ্ট অসুবিধা হয়েছে। সেইজন্য যেসমস্ত বর্গাদারদের উপর একসিকিউসন অর্ডার হয়ে গেছে এবং যারা পজেসন থেকে সরে গেছে, সেইসমস্ত বর্গাদার যাতে পুনরায় সেই জমি দখল করতে পারে, যাতে পুনরায় এ বছর চাষবাস কোরে সেই জমির ফসল পেতে পারে, সেইজন্য এই বিলের মধ্যে ভাল করে একটা ব্যবস্থা থাকা উচিত ছিল। আমরা দেখছি যে গভর্নমেন্ট পক্ষ থেকে শ্রীগোপীকাবিলাস সেন মহাশয় যে এ্যামেন্ডমেন্ট এনেছেন ৩(এ) -তিনি সেখানে রেস্টোরেসনের কথা বলেছেন বটে কিন্তু এমনভাবে সেই এ্যামেন্ডমেন্ট এনেছেন যে তাতে করে গরীব ভাগচাষীরা কার্যতঃ রেস্টোরেসন পাবে না। এখানে বলা হচ্ছে যে

unless the *bargadar* paid such sum or its equivalent in paddy to the person who may have grown any crop on the land.

অর্থাৎ যেসমস্ত বর্গাদার ইতিমধ্যে এভিকটেড হয়ে গেছে, ইতিমধ্যে পজেসন থেকে চ্যুত হয়ে গেছে, তাদের সেই পজেসন ফিরে পেতে হলে পর তার জন্য আবার টাকা দিয়ে, সেই জমির চাষের খরচ বা ফসল তৈরীর খরচ দিতে হবে। ভাগচাষীরা বর্তমানে যে আর্থিক অবস্থায়

পড়েছেন, বিশেষ করে খাদ্যসংকট এবং সাইক্লোন ও বৃষ্টিপাতের ফলে, তাতে এক্ষণে এইসবের খরচ দিয়ে, নগদ খরচ মিটিয়ে দিয়ে রেস্টোরেসন অর্ডার পাওয়া তাদের পক্ষে অত্যন্ত অসম্ভব হয়ে দাঁড়াবে। সেইজন্য কার্যতঃ এই এ্যামেন্ডমেন্ট চাষীদের জীবনে কোন সুফল আনবে না। সেইজন্য অন্ততঃপক্ষে যাতে বর্গাদাররা পরবর্তী ফসল থেকে তার দাম মেটাতে পারে বা সেই কমপেনসেসন দিতে পারে, সেই ধরণের এ্যামেন্ডমেন্ট আসা উচিত ছিল, যদি সত্যিকার বর্গাদারদের ইমমিডিয়েট রেস্টোরেসন দিতে হয়। কিন্তু সেই ধরনের এ্যামেন্ডমেন্ট আনা হয় নি। আশা করি মন্ত্রীমহাশয় এ বিষয়ে লক্ষ্য করবেন যাতে করে আইনের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে ঐ ধরনের এ্যামেন্ডমেন্ট করা যায়, যাতে চাষীরা ইমমিডিয়েট রেস্টোরেসন পায় এবং এক্ষণে তারজন্য টাকা দিতে না হয়। আশা করি মন্ত্রীমহাশয় এ বিষয়ে ভালভাবে বিবেচনা করে সেইভাবে এখানে এ্যামেন্ড করবেন--তা নাহলে এই বিলের আসল উদ্দেশ্য ব্যাহত হবে বলে আমি মনে করি।

**Sj. Saroj Roy:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা অ্যামেন্ডমেন্ট রাখতে চাই।

**Mr. Speaker:** I allow you to move the amendment on the floor of the House.

[6-5—6-15 p.m.]

**Sj. Saroj Roy:** Sir, I beg to move that for the words beginning with "and unless" in line 12 of amendment No. 3A to clause 2 of the Bill moved by the Hon'ble Gopika Bilas Sen Gupta and ending with the words "such crop" in the last line thereof, the following be substituted, namely:—

"and the Appellate Officer shall allow the *bargadar* six months' time to pay such sum or its equivalent in paddy to the person who may have grown any crop on the land as the Appellate Officer thinks to be fair and reasonable cost of growing such crop".

এখানে এই জিনিসটা রাখতে চাই এজন্য যে, আইনের যেসমস্ত ল্যাকুনা থেকে যাচ্ছে যার ফলে ভাগচাষীরা জমি থেকে উচ্ছেদ হয়ে যাচ্ছে আপনারা যদি তাঁদের সিনসিয়ারলি কোন স্কোপও দিতে চান তাহলেও মাঝখানে একটা বাধার সৃষ্টি হচ্ছে, কারণ আপনারা জানেন বাংলাদেশে এমন কোন বর্গাদার নাই যারা ফসলের বা চাষের মূল্য দিয়ে জমি ফেরত নিতে পারে। সেইজন্য আমি বলছি এ্যাপেলেট অফিসার যাতে এ্যালাউ করেন ৬ মাসের ভিতর মূল্য বা তার সমতুল্য প্যাডি দিতে পারে, কারণ ফসল উঠলে সেই ফসলের থেকে তারা সেটা ফেরত দিতে পারবে। এটা গ্রহণ করলে আইনের দিক থেকে কোন বাধা হবে না। আশা করি এটা গ্রহণ করা হবে।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় সভাপাল মহাশয়, এটা মোটামুটি অভিজ্ঞতা থেকে দেখেছি যে, এই তিন মাস ভিলে করার ফলে ভাগচাষীরা জমি থেকে উচ্ছেদ হয়েছে। এটা অভিজ্ঞতা থেকে দেখেছি বলেই এই এ্যামেন্ডমেন্টটা গ্রহণ করার জন্য অনুরোধ করছি। বিভিন্ন ভাগচাষী বোর্ডে যেসমস্ত কেস পেন্ডিং আছে অথবা অলরেডি এক্সিকিউসন হয়ে গিয়েছে বহু জায়গায়, আমি এটুকু বলতে পারি যে প্রডাকসনএর কজ হ্যামপারড হবে, কেন না, বহু জমি এখনো ডিসপিউটএ আছে। বহু জমি পতিত পড়ে থাকবে এই প্রশ্ন সেটেল না করা হলে। কাজেই আমি এটুকু অভিজ্ঞতা থেকে বলছি যে, প্রডাকসনএর পক্ষেও বটে, এবং ভাগচাষীদের যে ব্যাপকভাবে উচ্ছেদ করা হচ্ছে তা বন্ধ করার জন্যও এই এ্যামেন্ডমেন্টটা গ্রহণ করা উচিত ইমমিডিয়েটলি, কারণ, ভাগচাষীরা

[6-15—6-25 p.m.]

কোথা থেকে দেবে? এই এ্যামেন্ডমেন্ট এ্যাকসেপট করা হলে জমিতে ভাগচাষীদের রাইট থাকবে। এখন যে প্রশ্ন আমাদের সামনে এসেছে সেটা হচ্ছে জমি রেস্টোরেসনএর প্রশ্ন সেদিক থেকে আমি বলছি প্রডাকসনএর কাজ হ্যামপারড করবে না, এবং এই এ্যামেন্ডমেন্টএর পারপাসও সারভড হবে, ভাগচাষীদেরও রাইট থাকবে।

**Sj. Bankim Mukherji:**

মাননীয় সভাধ্যক্ষ মহোদয়, এখানে ব্যাপার হচ্ছে, এই যে এ্যামেন্ডমেন্টটা দেওয়া হয়েছে এটা গভর্নমেন্ট স্বীকার করতে পারবেন কিনা তার উপর নির্ভর করছে। আসল উদ্দেশ্য হচ্ছে, সাধারণতঃ এ্যাপিলগুলি বোশেখ মাসের মধ্যে নতুন বৎসরের আগে এ্যাপীল হয়ে থাকে। কিন্তু এই বৎসর না হওয়ার ফলে চাষ শুরু হয়ে গিয়েছে, কাজেই এই জিনিস জটিল হয়ে গিয়েছে। অর্থাৎ, যদি ধান বোনা হয়ে থাকে তাহলে পর তাকে কমপেনসেসন না দিয়ে বর্গাদারকে ট্রান্সফার করার ফলে এটা কঠিনতম হবে। যতক্ষণ পর্যন্ত মাঠে চাষ ছিল না ততক্ষণ পর্যন্তই এই এ্যাপীলএর কোর্টে নিষ্পত্তি হওয়া উচিত ছিল। কিন্তু এই বৎসর বিভ্রাটের ফলে এই জিনিস হতে পারে নি। এখন প্রশ্ন এই যে, ভাগচাষীরা যারা উৎখাত হচ্ছে যারা এ্যাপীলএর সুযোগ পায় নি, তাদের ইমমিডিয়েট রেস্টোরেসন কি করে দেওয়া যায় তারজন্য এই আইন তৈরী হচ্ছে। আইনে সমস্ত পথ খোলা রাখা দরকার, নইলে গোটা আইনটা অকেজো হয়ে থাকবে। অন পেমেন্ট অর্থাৎ পেমেন্ট করবার পর সে সেই ল্যান্ডএর পজেসন পাবে। কিন্তু এ বছরের অবস্থা ছেড়ে দিলাম, কোন বছর কোন ভাগচাষীর পক্ষে এককালীন এত টাকা হারভেসটিং টাইম ছাড়া কোন সময় দেওয়া অসম্ভব। এই তো হল বাংলা দেশের অবস্থা, অতএব শ্রাবণ, ভাদ্র বা আশ্বিন মাসে যদি ফল বের হয় তখন সে পজেসন নিতে পারে, তাও হয়ত পারে না। কাজেই সেখানে এমন একটা ব্যবস্থা করতে হবে যাতে করে সে পজেসন পায়। এ হতে পারে না আজকে কোর্টএ বিচার হবে আচ্ছা এ বছর তুমি চাষ করলে তোমাকে পজেসন দেওয়া হচ্ছে নেকস্ট ইয়ার। কিন্তু তাও তো বলা হচ্ছে পজেসন পাবে টাকা দাও, টাকা দিতে না পারলে তো সব ভেসে গেল, আসছে বছর পাবে। আমার সেজন্যে ধারণা এইভাবে এ্যাপীলএতে তাকে দেওয়া হচ্ছে পজেসন অব দি ল্যান্ডএর ব্যাপারে, কার্যতঃ অবস্থা একই থাকছে। কিছুই পজেসন থাকছে না, হ্যাঁ এই পজেসন থাকবে যে এই ফসল কাটবার পর ও কিছু ফসলটা কেটে নেবে কিংবা সেই ফসলের কিছুটা কমপেনসেসন দেয়। এখানে যেটা ছিল বর্গাদার পেস অর্থাৎ এখানে পে না করলে হবে না। আমার সেখানে বক্তব্য কোন একটা কিছু পজেসন শ্রীসরোজ রায় যা বলেছেন পেসএর পরে যদি এগ্রিমেন্ট কথাটা রাখা হয় যে পে করল উইদিন এ প্রেসক্রাইবড টাইম আর এগ্রিমেন্ট করল অর্থাৎ প্রাকটিক্যালি সে করবে ফসলটা হারভেসটিং করবার পর। সত্যি সত্যি তখনই সে পে করতে পারে তার আগে নয়, এই হল আর্থিক অবস্থা। শ্রীসরোজ রায়ের যে এ্যামেন্ডমেন্ট তার পারপাস হচ্ছে ৬ মাস চাই মানে এখন থেকে হিসাব করলে পৌষ মাস হবে, তখন হারভেসটিং করবে তখন সে দিতে পারে। সেজন্যে এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করা উচিত। একমাত্র মুশকিল হবে যেটা গভর্নমেন্ট ভাবছেন পে যদি সে না করে আফটার এগ্রিস টু পে তাহলে তার পজেসন সম্বন্ধে আবার কোর্টএ কেস করতে হবে। কিন্তু উপায় কি? কিন্তু এখন যদি তাকে বলা হয় এখুনি দাও সে তাহলে দিতে পারবে না এবং এই আইন অকেজো হবে। সে এগ্রি করবে যদি কোন স্ট্যান্ডিং ক্রপ থাকে তখনও যদি সে না দিতে পারে তবে উপায় কি? কাজেই গভর্নমেন্টএর পক্ষে এটা ভেবে দেখা দরকার রুলসএর ভিতর কি দেবেন তাতে কিছু আসে যায় না যদি এখানে কিছু ইনসার্টসিটি না রাখেন। এখানে তো পরিষ্কার লেখা আছে আনলেস দি বর্গাদার পেস মোর সাম এটা এত সুস্পষ্টভাবে লেখা যে বর্গাদার পে না করলে হবে না, কাজেই ল্যান্ড পজেসন অন্ততঃ ইমমিডিয়েটলি পাচ্ছে না। তাই একে ইমপ্রুভ করতে হলে আমাদের যে সাজেসন যদি মন্ত্রীমহাশয় বুঝে থাকেন তাহলে তিনি নিজেও সাজেস্ট করতে পারেন, কি হলে ভাল হয় অথবা চিফ হুইপকে দিয়ে এই ধরনের একটা এ্যামেন্ডমেন্ট আনতে পারেন। এ থেকে পরিষ্কার হচ্ছে না এবং এই আমার বক্তব্য।

তাই বলি এখনি যদি ব্রেইন ওয়ার্ক থেকে কিছু না বের হয় আজকের দিনের মত এটা স্থগিত থাক কালকে না হয় ধরবেন। আমরা বার বার এরকম অবস্থা দেখেছি। এই ক্লজটা এখন রেখে দিন কাল করবেন, হয় আমাদের এ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন অথবা নিজে একটা এ্যামেন্ডমেন্ট আনুন যেটা যুক্তিযুক্ত হবে। নতুবা মিছামিছি সময় নষ্ট হবে।

**Sj. Provash Chandra Roy:**

মাননীয় স্পীকারমহাশয়, ওয়েস্ট বেঙ্গল বর্গাদার বিল আনা হয়েছে, তার ক্লজ(২)এর পরে যে সাব্-ক্লজ, সেকসন (বি) এরপর আমি একটা ক্লজ (সি) যোগ করতে চাচ্ছি।

**Mr. Speaker:** I only allowed an amendment to the amendment of Shri Gopika Bilas Sen Gupta. I cannot allow any new amendments. You may speak on it, but I won't allow any amendment.

**Sj. Provash Chandra Roy:**

আমি এখানে একটা নতুন ক্লজ এ্যাড করতে চাচ্ছি।

**Mr. Speaker:** No, no.

**Sj. Provash Chandra Roy:**

স্যার, বর্তমানে ল্যান্ড রিফর্ম বিলের মধ্যে যে আইন করা হয়েছে ভাগচাষীদের সম্পর্কে সেখানে এই কথা বলা হয়েছে যে, জমির মালিকরা যদি নিজে চাষ করতে চান, তাহলে তাঁরা বোর্ডের মারফত উচ্ছেদ করবেন, এই নির্দেশ আছে। কিন্তু আমরা জানি এবং প্রত্যক্ষভাবে যা ঘটছে, তা দেখেছি, বহু মালিক, তাঁরা বোর্ড মারফত চাষীদের উচ্ছেদ না করে, গায়ের জোরে লাঠিয়াল দিয়ে জবরদস্ত করে উচ্ছেদ করছেন।

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, he is speaking on something which cannot be the subject-matter of this Bill.

**Sj. Provash Chandra Roy:**

আপনি কাইন্ডলি শুনলে সব বুঝতে পারবেন। যেখানে চাষীরা বোর্ডে গিয়েছেন এবং আগেকার বোর্ডের চেয়ারম্যান যাঁরা ছিলেন তাঁদের উপর ভার দিয়েছেন এই কেসগুলি ডিল করবার জন্য, সেখানে উচ্ছেদপ্রাপ্ত চাষী চেয়ারম্যানের কাছে গেলে, তাঁরা বলছেন আমাদের এইরকম কোন নির্দেশ দেওয়া নেই যে জোর করে কাউকে উচ্ছেদ করলে তাদের সম্বন্ধে আমরা কোন ব্যবস্থা নিতে পারে। এই বলে তাঁরা কোন কেস করছেন না যারা এইভাবে উচ্ছেদ করছেন, তাদের বিরুদ্ধে। সেইজন্য এই ক্লজটা যদি নেন, তাহলে পরে যাদের জোর করে উচ্ছেদ করা হচ্ছে, তারা অথবা যে নতুন বোর্ড তৈরী করছেন, তার চেয়ারম্যান প্রভৃতি তাঁরা সরাসরি এই কেসগুলি গ্রহণ করতে সমর্থ হবেন। আমি সেই ব্যবস্থা করবার জন্য বলছি এবং আমার এই একটি নতুন ক্লজ নেবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

**The Hon'ble Sankar Prasad Mitra:** The amendment of Shri Jnanendra Kumar Chaudhury is unnecessary, Sir, having regard to the provisions already made in clause 2(1)(b) of the present Bill. So far as Shri Kanai Bhowmick's amendment is concerned ... .

**Mr. Speaker:** That is out of order. I have allowed short-notice amendment of Shri Saroj Roy on the floor of the House. It is an amendment to the amendment of Shri Gopika Bilas Sen Gupta.

**The Hon'ble Sankar Prasad Mitra:** The problem that arose was one of giving immediate possession to *Bargadars* who might succeed on appeal. The proviso which has been moved by Shri Gopika Bilas Sen Gupta has been taken out of section 12A(1) of the *Bargadars* Act, 1950. You will see, Sir, that section 12A(1) contemplated much harder cases being cases of forcible eviction. If it is a question of giving immediate possession and there are standing crops on the land we have to find out a method by which immediate possession could be given without in any way affecting any of the fundamental rights guaranteed by the Constitution.

[6-25—6-35 p m.]

If I say for instance that immediate possession would be given no matter whether there are standing crops or not or that compensation for standing crops need not be paid there is the possibility of such a provision being successfully challenged. I gave considerable thought to this matter and I have not been able to find out any other method. But the criticism that has been made, namely, that unless you make some provision here the entire Bill would be meaningless does not seem to be justified at all because if my friends in the Opposition would be good enough to look at this proviso proposed by Sj. Gopika Bilas Sen Gupta it is said here that notwithstanding section 12(3) of the *Bargadars* Act immediate possession may be given under certain circumstances. Section 12(3) clearly lays down that no order made by a Board or an Appellate Officer for the termination of the cultivation of or restoration to the cultivation of any land by a *bargadar* shall be executed except during the month of *Baisakh* of the Bengali year. Therefore, notwithstanding section 12(3), notwithstanding the fact that possession can be given only in the month of *Baisakh* immediate possession can be ordered provided that payment of reasonable compensation is made for standing crops.

The amendments that are now being proposed by Sj Saroj Roy and the suggestion made by Sj Bankim Mukherji would create numerous complications because according to Sj Roy compensation may be made after six months. Supposing the compensation is not paid after six months then all these persons would be evicted and there would be undue harassment of those very persons to whom immediate possession has been given. Similarly, if Sj Bankim Mukherji's suggestion be accepted by me, namely, that he would get immediate possession simply if he agrees to pay the compensation, again, there would be difficulty because if he does not pay according to the agreement there would be again the question of harassment and undue eviction. Finding no other way out and keeping in view the chapter on fundamental rights of the Constitution we thought that this was the best method which could be evolved. In these circumstances, sir, I oppose the amendments of Sj Jnanendra Kumar Choudhury and Sj Saroj Roy and I accept the amendments moved by Sj Gopika Bilas Sen Gupta.

**Mr. Speaker:** I shall put first the short-notice amendment of Sj Saroj Roy moved on the floor of the House.

The motion of Sj. Saroj Roy that for the words beginning with "and unless" in line 12 of amendment No 3A to clause 2 of the Bill moved by the Hon'ble Gopika Bilas Sen Gupta and ending with the words "such crop" in the last line thereof, the following be substituted, namely,

"and the Appellate Officer shall allow the *bargadar* six months' time to pay such sum or its equivalent in paddy to the person who may

have grown any crop on the land as the Appellate Officer thinks to be fair and reasonable cost of growing such crop,"

was then put and lost.

The motions of the Hon'ble Gopika Bilas Sen Gupta that—

in sub-paragraph (i) of paragraph (a) of sub-clause (1) of clause 2, in line 1, after the words "any appeal" the words "or any application for revision" be inserted;

in paragraph (a) of sub-clause (1) of clause 2, in line 6, after the words "such appeal" the words "or application for revision" be inserted;

in paragraph (b) of sub-clause (1) of clause 2, in line 1, the words "on or" be omitted;

in sub-clause (1) of clause 2, after the existing proviso, the following further proviso be added, namely:—

"Provided further that where an order was made by a *Bhag Chas* Conciliation Board before the 31st day of March, 1956, terminating the cultivation of any land by a *bargadar* and such order is after that date reversed on appeal or on application for review by an Appellate Officer, the *bargadar* may, notwithstanding the provisions of sub-section (3) of section 12 of the said Act, apply to such Appellate Officer for an order directing immediate restoration to cultivation of the land by the *bargadar*; no such order shall be made unless such Appellate Officer has given the owner of the land and any person other than the *bargadar*, who may have grown any crop on the land an opportunity of being heard and unless the *bargadar* pays such sum or its equivalent in paddy to the person who may have grown any crop on the land, as the Appellate Officer thinks to be the fair and reasonable cost of growing such crop"; and

in sub-clause (2) of clause 2, in line 1, after the word "amendment" the words "or rescission" be inserted,

were then put and agreed to

The motion of Sj. Ajit Kumar Basu that the following explanation be added to clause 2(1)(a)(iii), namely:—

"*Explanation.*—Execution of an award or order shall not include an order for eviction from land before *Baisakh* 1364 B.S.," was then put and lost.

The motion of Sj. Jnanendra Kumar Chaudhury that the following proviso be added to clause 2(1)(b), namely:—

"Provided that any award or order made on or before the 31st day of March, 1956, by a *Bhag Chas* Conciliation Board or an award or order on appeal therefrom of which execution is not pending shall be executed in the manner as provided in section 20(2) of the West Bengal Land Reforms Act, 1955," was then put and lost.

The motion of Sj. Ajit Kumar Basu that in the proviso to clause 2(1), line 3, for the figure and word "30th day" the figure and word "45th day" be substituted, was then put and lost.

**The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.**

*Clause* 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble*

**The Hon'ble Gopika Bilas Sen Gupta:** Sir, I beg to move that in line 2, the words "on or" be omitted.

The motion was then put and agreed to.

The question that the preamble, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal *Bargadars* Bill, 1956, as settled in the Assembly be passed.

**Sj. Natendra Nath Das:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের ফার্স্ট রিডিংএ বন্ধুবর সুবোধবাবু যা বলেছেন আমি তার প্রত্যেকটি কথা সমর্থন করি। ও'রা যে সমস্ত আইন আজকাল করছেন তাতে যারা বিল ফ্রেম করেন এবং এখানে যাঁরা সমস্ত দায়িত্ব নিয়ে সে বিল পাশ করেন ওঁরা অনেক সময় আমরা বিরোধীপক্ষ যা বলি তা দেখেনও না বা শোনেনও না। তাড়াতাড়ি বিল পাশ করিয়ে নিয়ে যান এবং প্রত্যেক সেসনে আবার তা সংশোধন করতে আসেন। ল্যান্ড রিফর্ম এ্যাক্টে অনেকগুলি এ্যাক্ট এবলিস করা হয়েছে। তার ফলে বহু অসুবিধার সৃষ্টি হয়েছে।

সুবোধবাবু একটা উদাহরণ দেখিয়েছেন যে, বর্গাদার এ্যাক্টের ক্ষেত্রে অসুবিধা হয়েছে। আমি স্যার, আপনার মাধ্যমে আর একটা অসুবিধার প্রতি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেঙ্গল টেনান্সি এ্যাক্ট এবলিস করা হয়েছে অথচ রাইট অফ প্রিএমসনের ভার রেভিনিউ অফিসারের উপর দেওয়া হয়েছে। সে ভার আর সিভিল কোর্টের উপর দেয়া নাই। এদিকে ল্যান্ড রিফর্ম এ্যাক্ট চালু হয়েছে, এখন পর্যন্ত এর জন্য কোন অর্ডিনান্স বা আর কিছু করা হল না। অথচ প্রিএমসনের ব্যাপারগুলি যে রেভিনিউ অফিসার করবেন সে রেভিনিউ অফিসারও এখন পর্যন্ত এপয়েন্টেড হয় নাই। সুতরাং যেমন অর্ডিনান্স হয়েছে বর্গাদার এ্যাক্ট নিয়ে তেমনি বেঙ্গল টেনান্সি এ্যাক্ট নিয়েও করতে হবে। নৈলে যেসব কেস আছে সেগুলি তামাদি হয়ে যাবে—নোটিস দিলে কিন্তু কেস কার কাছে করবে? কাজেই আমরা বুঝতে পারি না কেন যে ওরা এইরকম আইন করেন, যাঁরা করেন তাঁদের এসব বিবেচনা থাকা উচিত। মন্ত্রীমহাশয়ের ডিপার্টমেন্ট একটা আছে, সে ডিপার্টমেন্ট কি করেন জানি না। তাদের একটু দূরদৃষ্টি থাকা উচিত, তা কেন থাকে না? যখন একটা আইন করলেন এবং তার ফলে একজনের ক্ষমতা কেড়ে নিলেন, ভাগচাষ বোর্ডের ক্ষমতা চলে গেল রেভিনিউ অফিসারের কাছে অথচ রেভিনিউ অফিসার এপয়েন্টেড হয় নাই। সুবোধবাবু যা বলেছেন আমি নিজেও তার একজন ভুক্তভোগী। আমি অনেক কেস জানি। কাঁথি থানায় ও এগ্রা থানায় বহু কেস প্লেস অফ থ্র্যাসিং নিয়ে বর্গাদার বোর্ডে কেস করে রেখেছে, কিন্তু তাদের ধান ঝাড়ান হয় নাই; শুধু চব্বিশ-পরগনার কথাই নয়, মেদিনীপুর জেলার কাঁথিতে অনেক কেস আছে যেখানে হাজার হাজার মণ ধান নষ্ট হচ্ছে। এস ডি ওর কাছে গিয়ে কোন ফল পায় নাই, ভাগচাষ বোর্ডের কেস প্রেসিডেন্ট সবরেজিস্ট্রাররা কো-অপারেটিভ অডিটার এখন রেভিনিউ অফিসাররা ছাড়া সাব রেজিস্ট্রাররা আর ও কেস নিতে পারবেন না। এদিকে রেভিনিউ অফিসারের এ্যাপয়েন্টমেন্ট হয়ে ওঠে নাই। এই যে ভ্যাকুয়াম-এর মাঝখানের জন্য কোন ব্যবস্থা ও'রা করলেন না। বোর্ডে কেস থাকা সত্ত্বেও চাষীর কাটা ধান জলে ঝড়ে পচে গিয়েছে, তার বিচার করবার কেউ নাই। এস ডি ও বলছেন আমার কাছে ক্ষমতা নাই, চলে গেছে রেভিনিউ অফিসারের কাছে। এইভাবে কোন বিচার না হওয়ায় বহু ধান নষ্ট হল এবং বর্গাদাররাও ক্ষতিগ্রস্ত হল, এটা হোল আইন কর্তা যারা তাদের দূরদৃষ্টি না থাকার ফলে। আইন কর্তাদের দূরদৃষ্টির

অভাবে দরিদ্র চাষী ও জনসাধারণের এই যে অসুবিধার সৃষ্টি হল তার জন্য দায়ী কে হবে? সুবোধবাবু যা বলেছেন তা বর্ণে বর্ণে সত্য যে, ধান পচে শেষ হয়ে গেছে। দেশে শস্য নাই, দু দু" বৎসর ফসল হয় নাই; সুতরাং দুর্ভিক্ষ দেখা দিয়েছে। মিঃ মিত্র যদি যান আমি দেখাব কত শতশত বিঘার ধান এমনি করে পচে যাচ্ছে। আমি নিজে গিয়ে দেখে এসেছি সেখানকার কী অবস্থা। এ বিষয়ের প্রতিকারের জন্য আই রিকোয়েস্টেড দি দেন মিনিস্টার এবং তাঁকে সব কথা বলে চিঠি লিখেছিলাম এবং মিনিস্টারমহাশয়ের কাছে টেলিগ্রাম পর্যন্ত করেছিলাম কিন্তু কোন উত্তর পাই নি। অবশ্য তার ক'একদিন পরেই ঐ শোচনীয় এ্যাকসিডেন্ট হয়ে তাঁর মৃত্যু হয়ে গেল। আমি আশা করি ভবিষ্যতে এইরকম গোলমাল যাতে না হয় সেই জন্য যখনই আইন প্রণয়ন করতে যাবেন এইসব ব্যাপারের প্রতি যেন লক্ষ্য থাকে।

[6-35—6-45 p.m.]

আমি আশা করি, ভবিষ্যতে তাদের এবিষয়ে দূরদৃষ্টি হবে। তাঁরা যখন একটা আইন প্রণয়ন করেন, যার ফলে পুরান কোন এ্যাক্ট এবলিস হয়ে যায় তার রিপারকাসন দেশে কি হতে পারে কেন তারা সে জিনিস দেখেন না? অতএব, স্যার, আমি এখানে পরিষ্কার জিজ্ঞাসা করতে চাই, কে করবে এই ক্ষতিপূরণ বর্গাদারদের? তারা সারা বৎসরের সঞ্চিত ফসল যেটা অর্জন করতে পারত, সে তারা পেল না, এই দুঃখের দিনে সেই ফসল তাদের মাঝখানে মাঠে পচে গেল। এতে জোতদারদের বিশেষ কিছু ক্ষতি হচ্ছে না - তারা ধনী লোক, তাদের হয়তঃ পাঁচশত বিঘে বা ঐ মত কম বেশী জমি আছে, কিছুটা জমির ফসল নষ্ট হলেও তাদের অসহনীয় বিশেষ কিছু ক্ষতি হয় না। কিন্তু এই দুর্দিনে এই যে গরীব বর্গাদারদের ক্ষতি হলো সেই ক্ষতিপূরণ গভর্ণমেন্ট করবেন না কেন? আমার মনে হয় ল্যান্ড রিফর্ম এ্যাক্ট করার পরে তাদেরই ডিপার্টমেন্টএর অব্যবস্থার ফলে যখন এই ক্ষতি হচ্ছে তখন গভর্নমেন্টেরই ক্ষতিপূরণ করা উচিত - (এ ভয়েস: উহাদের মাইনে কেটে ক্ষতিপূরণ করা হউক।) হ্যাঁ আমিও বলি তাদের মাইনে কেটে তার থেকে ক্ষতিপূরণ করা উচিত। এ বিষয়ে তাদের দায়িত্ব ও দূরদৃষ্টি থাকা উচিত ছিল। আমি আশা করি অনারেবল মিনিস্টারমহাশয় যখন এই সংশোধনী এনে কতকটা প্রতিকারের ব্যবস্থা করছেন তিনি এর পরেও হয়ত দেখবেন এইরকম বহু গোলমাল ও গাফিলতি হবে - তাই আশা করি তার জন্য সময় থাকতে তিনি যেন ব্যবস্থা করেন। শেষ বক্তব্য - বর্গাদারদের এই যে ক্ষতি হল মাননীয় মিনিস্টারমহাশয় সে বিষয়ে অনুসন্ধান করে দেখবেন এবং আবশ্যক ক্ষতিপূরণের ব্যবস্থা করবেন।

**Dr. Srikumar Banerjee:** Mr. Speaker, Sir, there is an apparent difficulty about this Bill which requires further clarification. Sir, this Bill has been brought in because the machinery which was contemplated in the Land Reforms Act was not set on foot in time and so certain processes could not be completed but we have not been told as to what would be the relations between the provisions in the Land Reforms Act and the present Bill. So far as we have been able to follow the law, the Land Reforms Act is the permanent Act to consider cases of this type but because of a lacuna in the Act or because of certain steps not being taken to implement the provisions of the Act, this Bill has been brought in to cover certain cases which would otherwise be subject to default but that does not alter the relative position of the Land Reforms Act and the present Bill which appears to be of a brief and temporary tenure In my mind the best way would have been to amend the provisions of the Land Reforms Act so as to allow more time for appeal or for review or for execution of orders under the provisions of the Land Reforms Act than under this Bill which has no permanent footing whatsoever and which will be cancelled as soon as the provisions put forward in the Land Reforms Act are put into working order. Therefore, Sir, I should like the Hon'ble Minister to explain to us the exact implication of this Bill when it passes into Act *vis-a-vis* the permanent provisions made for consideration of the cases under the Land Reforms Act. The Land Reforms Act holds the field.

**This Act has already been abolished and it is not appropriate to revive this Act for a temporary period just to tide over a temporary difficulty. An amendment should have been made with respect to the Land Reforms Act for giving more time under the provisions of this Act. I should like the Hon'ble Minister to enlighten us as to how this Bill would operate *vis-a-vis* the provisions of the Land Reforms Act.**

**Sj. Saroj Roy:**

মিঃ স্পীকার, স্যার, দুই একটি টুকরো ও বিচ্ছিন্ন বিষয় নিয়ে এই বিলটা আনা হয়েছে, এবং সরকার থেকে একটা এমন প্রচেষ্টা দেখান হচ্ছে যেন ভাগচাষীদের কিছুটা মঙ্গল করা হবে। সেই সূত্রেই আমি নতুন মন্ত্রীমহাশয়কে কয়েকটি কথা বলতে চাই যে গত ৩ বৎসরের এই বিষয়ের ইতিহাস যা এবং যেভাবে আইনগুলি সরকার এনেছেন, তাতে বাংলা দেশের ভাগচাষীরা বেশীর ভাগ সম্পূর্ণভাবে উচ্ছেদ হয়ে গেছে। অবশ্য যে যে জায়গায় ভাগচাষীরা যুক্তভাবে সংগ্রাম করেছে, আন্দোলন করেছে, সেইসব জায়গায় ভাগচাষীরা কোনরকমে টিকে আছে। গভর্নমেন্টের উপরের কর্মচারীদের, স্থানীয় কর্মচারীদের, জোতদারদের ও পুলিসের সহযোগিতাও সারা বাংলাদেশের গরীব ভাগচাষী উচ্ছেদের মূলে অন্যতম কারণ হয়েছে। এই ৩ বৎসরের বাংলা দেশে গ্রামাঞ্চলের প্রধান ইতিহাস হচ্ছে ভাগচাষীর উচ্ছেদের ইতিহাস। আজ মন্ত্রীমহাশয়কে বিশেষভাবে অনুরোধ করব, যখন আজ অবিলম্বে কৃষকদের মধ্যে জমি বণ্টন করছেন না অথচ দেশের প্রডাকসন বাড়ান দরকার, সেইদিকে নজর রেখে যদি আজ যেসব ভাগচাষীকে গত ৩ বৎসর ধরে নানা কারণে বে-আইনীভাবে, অন্যায়ভাবে উচ্ছেদ করা হয়েছে তাদের অন্ততঃ যদি তাদের জমিতে রি-ইনস্টেট করতে পারেন তাহলে সমগ্রভাবে বাংলা দেশের রুরাল ইকোনমি, অর্থনীতিকে কিছুটাও বাঁচান যাবে। কারণ আপনারা জানেন ভাগচাষীরা জমিতে চাষের অধিকার যদি পায়, জমির উপর তাদের আকর্ষণ বাড়ে। জমির উপর মমতা হয়, তাহলে জমির প্রডাকসন তারা বাড়াবেই। সেই দিকে সরকারের নজর দিতে হবে। এটা হচ্ছে একটা দিক, আর একটা দিক হচ্ছে—আজ বাংলা দেশের গ্রামাঞ্চলের বড় সমস্যা হচ্ছে যে বেশীর ভাগ লোকের বাইং পাওয়ার ক্রয় ক্ষমতা, নষ্ট হয়ে গেছে এবং ভাগচাষীদের জমি হস্তান্তরিত হবার ফলে তারা ক্ষেত-মজুরে পরিণত হয়েছে এবং শেষ পরিণাম বেকারে পরিণত হয়েছে, ফলে গ্রামের একটা বড় অংশ সম্পূর্ণ ক্রয় ক্ষমতাহীন হয়ে পড়েছে, পরিণামে গ্রাম্য অর্থনীতি আরও পর্যুদস্ত হয়ে পড়েছে। সেইদিক থেকে আমি বলব আজকে দেশের ফসল উৎপাদন বৃদ্ধির দিক থেকেই হোক, বা সামগ্রিকভাবে গ্রাম্য অর্থনীতিক দিক থেকেই হোক—এই দুই দিক থেকে নজর রেখে যাতে সাধারণ মানুষের আয় বাড়তে পারে সেদিকে অবহিত হোন। যতদিন না কৃষকদের মধ্যে জমি বণ্টন করতে পারেন, ততদিন এ দিকে নজর রাখুন, সেইজন্য পুনরায় একই কথা উল্লেখ করি যে গত ৩ বৎসরের মধ্যে যে সমস্ত ভাগচাষী উচ্ছেদ হয়েছে, তারা যাতে জমিতে রি-ইনস্টেট হয় সেরকম আইন যদি করতে পারেন, তাহলেই দেশের উপকার করতে পারবেন—ভাগচাষীদের বাঁচাতে পারবেন এবং বাংলা দেশের গ্রাম্য অর্থনীতিরও কিছুটা উন্নতি করতে পারবেন, তা না হলে এইভাবে পিসমিল আইন এনে গোলমালই বাড়াবেন, উপকার হবে না। এইজন্য মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি—তাড়াহুড়া না করে এইসব কথা একটু ভেবে দেখুন, অন্ততঃ নিজেরা না পারেন, বিরোধীপক্ষের সঙ্গে সহযোগিতা করে তাদের কাছে উপদেশ, পরামর্শ ও সাজেসন নিন। নতুবা এই রকম বিল এনে ভাগচাষীদের ভাল করার নামে ক্ষতি করবেন না এবং বাংলার গ্রাম্য অর্থনীতি বিধ্বস্ত করবেন না।

**Sj. Narendra Nath Ghosh:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়, এই যে ওয়েস্ট বেঙ্গল বর্গাদারস এ্যাক্ট যেটা নিয়ে অর্ডিন্যান্স করতে হয়েছিল এবং যেটা বিল আকারে আমাদের সামনে এসেছে সেই সম্বন্ধে কয়েকটি কথা বলে আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আগে যে ভাগচাষ বোর্ড ছিল তাতে একজন সাব-রেজিস্টার বা সারকেল অফিসার চেয়ারম্যান হতেন যার সামনে বিচার হত এবং সেই ভাগচাষ বোর্ডের বর্গাদারস রিপ্রেজেনটেটিভস এবং ল্যান্ডওনারস

রিপ্রেজেনটেটিভসও থাকতো যার ফলে অনেকক্ষেত্রে বর্গাদাররা কিছু সুবিধা পেয়েছে। কিন্তু এখন এই ভাগচাষ বোর্ড একটা অর্ডিন্যান্স করে একটা সাব-রেজিস্টারএর উপর ভাগচাষীদের ভাগ্য নিয়ন্ত্রণ করবার সম্পূর্ণ ক্ষমতা দিচ্ছেন এবং এতে আমি মনে করি যে উপযুক্ত পাত্রে সার্বভৌম ক্ষমতা দেওয়া হচ্ছে না। এইজন্য তাঁকে পুনরায় অনুরোধ করবো যে একজনকে সমস্ত বিচারের ভার না দিয়ে একটা বোর্ড করা যায় কিনা সেটা চিন্তা করে দেখবেন।

[6-45—6-55 p.m.]

**Sj. Hemanta Kumar Ghosal:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি এটা বলতে চাই বর্তমানে যে অবস্থা তাতে কিছু কিছু জায়গাতে রেভিনিউ অফিসারএর উপর ভার দেওয়া হয়েছে কিন্তু আগে কিছু কিছু নন-অফিসিয়াল বা ইউনিয়ন বোর্ড বা স্থানীয় লোক নিয়ে বোর্ড করা হত তাতে স্থানীয় লোকের রিপ্রেজেনটেশন খানিকটা হত। কিন্তু এখন এগুলি হওয়ার ফলে কি শুরু হয়েছে? যে যে জায়গায়, এ্যাপয়েন্ট করেছেন সেই সেই জায়গায় শুরু হয়েছে লেন দেনের ব্যবস্থা। কিন্তু এটা চেক করার ব্যবস্থা না করেই রিভিনিউ অফিসারকে লোকাল ডিসপিউট সেটেল করবার জন্য ভাগচাষ বোর্ডের একেবারে সর্বময় কর্তা করে দেওয়া হয়েছে। যার ফলে যেটা শুরু হয়েছে সেটা ব্যাপকভাবে দেখা দিতে পারে বলে মনে করি। এখন একজনের হাতে সমস্ত ব্যবস্থা রেখে দেওয়া হচ্ছে, ফলে বিভিন্নভাবে ইনিলিগ্যালি ভাগচাষীর কাছ থেকে এবং মালিকদের কাছ থেকে টাকা রোজগারের একটা বিশেষ ব্যবস্থা হবে বলে মনে করি—সেটা চেক করা দরকার। সেজন্য মনে করি বোর্ড যেভাবে গঠন করেছিলেন ভাগচাষীদের রিপ্রেজেনটেসন যাতে থাকে যাদের ইনটারেস্ট সার্ভ হবে এবং মালিকদেরও যাতে রিপ্রেসেনটেসন থাকে এভাবের নীতি নিয়ে বিচার পদ্ধতি যদি ঠিক করা হয় তাহলে খানিকটা হতে পারে। নইলে এক তরফা বিচার পদ্ধতি হবে এবং সাধারণভাবে যাদের পাল্লা ভারী, টাকার অংক যাদের বেশী আছে তাদের পক্ষেই বিচার হবে সেইভাবেই বিচার হবে—আমি একটা ওয়ার্নিং দিয়ে রাখছি যেটা শুরু হয়েছে।

দ্বিতীয় কথা হচ্ছে আর একটা ঘটনা আসবে সেটা হচ্ছে ল্যান্ড রিফরম বিল পাশ হবার পর বিভিন্ন নামে সিলিংএর নামে সমস্ত জমি ভাগবণ্টন হয়ে গিয়েছে এবং নতুন করে একটা কৃষকের হাতে যে জমি দেবে সে চাপটা না আসা পর্যন্ত সামনের বছর থেকে যে ঘটনা ঘটবে সেই সিলিং বেনামী হওয়ার ফলে নিজের কালটিভেসনএর নাম করে এই জমিদার জোতদাররা ব্যাপকভাবে এভিকট করবার জন্য এখন থেকেই কনসপিরেন্স শুরু করেছে। কাজেই আর একটু ভালভাবে চিন্তা করে যাতে এই ধরণের এভিকসন না হয় জমি দেওয়ার আগের স্টেজেই তা বন্ধ করার জন্য বিশেষভাবে চিন্তা করতে অনুরোধ করছি।

**Sj. Kanai Lal Bhowmick:**

মাননীয় স্পীকার মহাশয়, এই আইন কার্যকরী করতে গেলে যেসমস্ত অসুবিধা দাঁড়াবে, সেগুলি প্রতিকার করবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের খুব সচেষ্ট হওয়া উচিত। সেইজন্য কয়েকটি কথা আমি এখানে বলতে চাই। প্রথম হল—আপনারা রেভিনিউ অফিসার করেছেন এগ্রিকালচার ডিপার্টমেন্টের ইন্সপেক্টর বা সাব-রেজিস্ট্রারকে। এদের কাছে গেলে পর তারা বলেন যে আমাদের ডিপার্টমেন্টের কাজ যা আছে, তা না সেরে আমরা ঐসব ভাগবোর্ড করতে পারবো না—যার জন্য শত শত কেস বোর্ডে জমে আছে অথচ এইসমস্ত কেসের তারা ফয়সালা করতে পারছে না। তারপর সাইক্লোন প্রভৃতি ব্যাপারে এগ্রিকালচার অফিসারের উপর লোন ডিস্ট্রিবিউসনের আরো কাজ চাপিয়ে দেওয়া হয়েছে যেজন্য বর্গাদারদের ব্যাপারে ফয়সালা করার কাজ অনেক পিছিয়ে গেছে ও যাবে এবং এই আইন পাশ করা সত্ত্বেও এই যেসমস্ত অসুবিধা আছে, এগুলি যদি দূর না হয়, তাহলে শীঘ্র বিচার হবে না, কেসের কোন ফয়সালা হবে না, ইত্যাদি।

দ্বিতীয় অসুবিধা হচ্ছে, রায়ের নকল পাওয়ার ব্যাপারে। সমস্ত জায়গা থেকে অভিযোগ আসে যে রায়ের নকল ঠিক সময় পাওয়া যায় না এবং জোতদার জমিদারদের প্রভাবে এইসমস্ত কোর্টের ক্লার্ক এবং অফিসাররা পর্যন্ত রায়ের নকল ঠিক সময় না দেওয়ার দরুন অনেক আপীল কেসে ঠিক সময়ে আপীল করতে পারা যায় না। যেসময় আছে সেই সময় অতীত হলে পর আপীল করতে পারা যায় না—এইসব অসুবিধা দূর করার জন্য সচেষ্ট হওয়া দরকার।

তৃতীয় নম্বর, আপীল ভাগবোর্ডে রেভিনিউ অফিসারের কাছে কেস ৬ মাস, ৭ মাস, ৯ মাস, পর্যন্ত চলেছে, তার ফয়সালা হয় নি - একজন্য গাদাজাত ধান নষ্ট হয়ে যাচ্ছে। এর একমাত্র কারণ হল রেভিনিউ অফিসারেরা বিচার করতে পারছেন না। আইনে লেখা আছে ২১ দিনের মধ্যে ফয়সালা করতে হবে কিন্তু সেই ২১ দিন ত দূরের কথা—তিন মাস, চার মাস, পাঁচ মাস পর্যন্ত কেস ফয়সালা করা হয় নি।

শেষ কথা, আপনারা রুল তৈরী করেছেন এবং তার মধ্যে যে প্রভিসন রেখেছেন সেগুলি যদি না বদলান, তাহলে গরীব ভাগচাষীর পক্ষে এই আইনের সুযোগ নেওয়া খুবই অসুবিধা হবে। যেমন রুলের মধ্যে করেছেন কোর্ট ফি দিতে হবে, রুলের মধ্যে করেছেন এজেন্টনামা দিতে হবে কিন্তু আমি মনে করি মন্ত্রীমহাশয়ের কাছে যে পর্যন্ত কেসের আপীল করার কথা বলেছেন তাতে রেগুলার কেস করতে হবে। কাজেই যাদের ১০ কাঠা, ১ বিঘা, ২ বিঘা জমি ভাগচাষে আছে তাদের যদি আবার উকিল নিয়োগ করতে হয়, এজেন্টনামা দিতে হয় এইভাবে কেস চালাতে হয়, তাহলে তারপরে সেই জমি ফেরত পাওয়া তার পক্ষে অসম্ভব হয়ে দাঁড়াবে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে, যে রুল করতে যাচ্ছেন বা করেছেন কিছুটা সেগুলিকে যদি না বদলান এবং তার মধ্যে টাকার ব্যাপার এবং অসুবিধার ব্যাপারগুলি যদি ভালভাবে বিচার করে পরিবর্তন না করেন, তাহলে এই আইন কার্যকরী করার দিক থেকে অত্যন্ত অসুবিধা হবে। এই আইনের আসল সুযোগ ভাগচাষী নিতে পারবে না, এর আসল সুযোগ হয়ত জমিদার জোতদারেরা নেবে আইনের মারপ্যাঁচে এবং টাকা পয়সার দিক থেকে। সেজন্য এই ব্যাপারে মন্ত্রীমহাশয়কে সজাগ দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, our friends opposite who have spoken, are proceeding, I am afraid, on a wrong basis, namely, that there were some defects or lacunae in the Land Reforms Act which have been sought to be removed by the Ordinance or by this Bill. I have already stated, Sir, that the Land Reforms Act repealed the *Bargadar's* Act, 1950, and the effect of a repeal has been dealt with under section 8 of the Bengal General Clauses Act, 1899, which says that—"Where this Act or any Bengal Act made after the commencement of this Act, repeals any enactment hitherto made or hereafter to be made, then, unless a different intention appears, the repeal shall not revive anything not in force or existing at the time at which the repeal takes effect; or affect the previous operation of any enactment so repealed or anything duly done or suffered thereunder; or affect any right, privilege, obligation, or liability acquired, accrued or incurred under any enactment so repealed; or affect any penalty, forfeiture or punishment incurred in respect of any offence committed against any enactment so repealed, or affect any investigation, legal proceeding or remedy, in respect of any such right, privilege, obligation, liability, penalty, forfeiture or punishment as aforesaid."

Dr. Srikumar Banerjee has also wanted to know the relationship between the present Bill and the Land Reforms Act, 1955. The relationship is very simple. The Land Reforms Act repealed the *Bargadars* Act, 1950. Ordinarily under the general law, appeals against awards or orders made by *Bhag Chas* Conciliation Boards before the 31st of March, 1956, should have been heard and disposed of by Subdivisional Officers being Appellate Officers under the *Bargadars* Act. The Subdivisional Officers thought that they had no jurisdiction and the Government after obtaining legal opinion

communicated to the local officers that they had jurisdiction and they could entertain the appeals but unfortunately by that time, the time for filing appeals had expired, and that is why it was necessary to promulgate this Ordinance so that aggrieved persons may be relieved. The relationship is this that the Land Reforms Act remains but for purposes of appeals against awards or orders made by *Bhag Chas* Conciliation Boards before the 31st March, 1956, the appeals would be heard and disposed of by Appellate Officers under the *Bargadars* Act and in accordance with the procedure laid down in the *Bargadars* Act. These are two independent provisions altogether. The effect of repeal has been sought to be implemented in the Ordinance and in this Act.

Sir, my friend, Sj. Natendra Nath Das, has also raised questions about amendment of the Bengal Tenancy Act.

[6-55—7-6 p.m.]

To my mind such amendments at the moment are unnecessary but if occasion arises the thing may be considered.

With regard to thrashing, under section 8 of the *Bargadars* Act of 1950 special provisions relating to thrashing were made and in recent Press Note which my friends may have seen the officers concerned have been instructed to pass orders for thrashing in appropriate cases.

Then, Sir, with regard to the revival of the *Bhag Chas* Conciliation Board, I was not then a Minister, but I heard as a private member of the House when the *Bhag Chas* Conciliation Board existed, numerous complaints from friends in the Opposition regarding the working of the *Bhag Chas* Conciliation Boards. Now that the *Bhag Chas* Conciliation Boards have been abolished by the Land Reforms Act they are asking for their revival. Sir, with regard to the other suggestions made by our friends we shall duly consider them but regarding expeditious disposal of appeals instructions have already been sent to local officers and would be sent again.

With these words I commend my motion for the acceptance of the House.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal *Bargadars* Bill, 1956, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956.

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956, be taken into consideration.

Section 16(2) of the West Bengal Premises Tenancy Act provides as follows:—"Where before the commencement of this Act, the tenant, with or without the consent of the landlord, has sub-let any premises either in whole or in part, the tenant and every sub-tenant to whom the premises have been sub-let shall give notice to the landlord of such sub-letting in the prescribed manner within three months of the commencement of this Act and shall in the prescribed manner notify the termination of such sub-tenancy within one month of such termination.". Sir, it was not possible

to publish the West Bengal Premises Tenancy Rules, 1956, till the end of the last month. These rules prescribed the manner in which the notice contemplated by section 16(2) is to be given. To obviate the difficulties of tenants and sub-tenants it is proposed in this Bill to extend the time for giving such notice by another three months.

Then, Sir, section 38 of the Act provides that the Controller shall execute orders passed by him. Section 29 provides for appeal, revision or review of an order made by the Controller. As the question may arise as to who would execute orders by appellate authorities passed under section 29 of the Act, it is provided in this Bill that such orders would also be executed by the Controller.

Then section 26(2) of the Act provides that the State Government may, by notification, appoint any person to be an Additional Controller or a Deputy Controller or a Registrar for any area.

Section 26(4) provides that a Registrar shall exercise such of the functions of the Controller relating to the rent deposited under section 21 as may be delegated to him by the Controller in writing. The volume of work being too heavy the post of a Deputy Registrar had to be created by Government Since the legality of performance of functions by the Deputy Registrar may be questioned it is proposed to insert the words "and a Deputy Registrar" after the word "Registrar" in sub-sections (2) and (4) of section 26 of the Act.

Then section 5 of the Bill seeks to meet the situation created by the judgment of Mr' Justice Guha Roy of the Calcutta High Court in *Pulin Behari vs Nandaram and others* a summary whereof has been reported in "Calcutta Weekly Notes", Volume LX, No. 27 Mr. Speaker, Sir, it is not for me to comment on the correctness of the judgment All that I can say is that another Bench of the High Court thought it necessary to refer the matter to a Full Bench and the Full Bench judgment so far as I am aware has not yet been delivered I believe, Sir, the provisions of the Bill as they originally stood were based on a recent Supreme Court judgment in the case of *The State of Punjab vs Mohar Singh Protap Singh.*

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956, be taken into consideration, was then put and agreed to

**Dr. Hirendra Kumar Chatterjee:** Sir, I had an amendment

**Mr. Speaker:** That amendment is out of order.

**Dr. Hirendra Kumar Chatterjee:** I want to speak on the Bill

**Mr. Speaker:** You can speak at the third reading of the Bill

*Clauses 1 to 5*

The question that clauses 1 to 5 do stand part of the Bill was then put and agreed to

*Preamble*

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to

**The Hon'ble Sankar Prasad Mitra:** I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশে একটা কথা আছে "মরিয়া না মরে রাম এ কেমন বৈরী।" প্রিমিসেস টেনান্সি এ্যাক্ট নিয়ে এখানেও হয়েছে সেই অবস্থা। টেনান্সি বিলএ এমন ব্যবস্থা হল যার ফলে আগে যেখানে সেলামী ছাড়া বাড়ী পাওয়াই যেত না সেখানে টেনান্টদের সুবিধার জন্য সেলামী লোপ করবার প্রভিসন হল। কিন্তু টেলিফোন কানেকসন নিতে গেলে বাড়ীওয়ালারা আজকাল সেলামী চাচ্ছে—বাড়ীওয়ালারা সেলামী যাতে আদায় না করতে পারে এটা যাতে বন্ধ করা হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা করবার আমি অনুরোধ করছি। টেলিফোন একটা পাবলিক ইউটিলিটির বস্তু—এটা যাতে সেলামী না দিয়ে টেনান্টরা পেতে পারেন তার ব্যবস্থা করা উচিত। ইলেকট্রিসিটি কানেকসন সম্বন্ধে বর্তমান এ্যাক্টএ যেরকম ব্যবস্থা আছে, টেলিফোন কানেকসন সম্বন্ধে সেরকম একটা ব্যবস্থা করুন। উদাহরণ-স্বরূপ বলছি—ধরুন ডাক্তারের কথা। প্র্যাক্টিসিং ডাক্তারদের এবং তাদের রোগীদের দিক থেকে টেলিফোন একটা অত্যাবশ্যক বস্তু। সুতরাং যাতে এই এ্যাক্টএ একটা ক্লজ দ্বারা টেলিফোন কানেকসন পাওয়ার সুষ্ঠু উপায় করা হয় এবং জুলুমি, সেলামী বন্ধ হয়, আশা করি মন্ত্রী-মহাশয় সেদিকে লক্ষ্য রাখবেন।

**The Hon'ble Sankar Prasad Mitra:** So far as electricity is concerned it was included in the Bill as an essential supply. With regard to telephone, representations have been made to the Government and the proposal is under consideration. The legal aspect of it will have to be scrutinized.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-6 p.m. till 3 p.m. on Thursday, the 12th July, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 12th July, 1956, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 196 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[3—3-10 p.m.]

### Rise in price of rice in West Bengal

***21A.** (Short Notice) **Dr. Narayan Chandra Ray:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state if it is a fact that market price of rice in West Bengal has recorded a sharp increase since February, 1956?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the price per maund of coarse, medium and fine varieties of rice in each district of West Bengal during—

(1) June, 1955, and

(2) January, February and June, 1956;

(*ii*) the reasons for such increase in price; and

(*iii*) what steps, if any, have been taken by the Government to check such rising price?

**Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):** (*a*) Yes.

(*b*)(*i*) A statement is laid on the Table.

(*ii*) Reasons mainly are—

(1) Speculative trading.

(2) Decline in import from neighbouring States due to floods and other causes.

(3) Suspected smuggling into Pakistan.

(4) Influx of refugees.

(5) Holding back of stocks of paddy by large producers.

(*iii*) Fair price shops have been started in Calcutta and Industrial Areas around as also in the urban areas in the districts.

Modified rationing has also been introduced in the rural areas, where necessary.

District officers of the bordering districts have already been instructed to stop smuggling into Pakistan.

*Statement referred to in reply to clause (b)(i) of Short Notice starred question No. 21A*

STATEMENT SHOWING WHOLESALE PRICES OF RICE IN THE DISTRICTS OF WEST BENGAL

(Prices per maund.)

| Districts. | Markets | Middle of June, 1955. | | | | | | Middle of January, 1956. | | | | | | Middle of February, 1956. | | | | | | Middle of June, 1956. | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Coarse. | | Medium. | | Fine. | | Coarse. | | Medium. | | Fine. | | Coarse. | | Medium. | | Fine. | | Coarse. | | Medium. | | Fine. | |
| | | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. | Rs. | as. |
| Calcutta .. | .. .. | 15 | 14 | 17 | 2 | 20 | 10 | 15 | 12 | 16 | 0 | 18 | 4 | 16 | 8 | 17 | 0 | 19 | 0 | 19 | 4 | 20 | 12 | 22 | 0 |
| Burdwan .. | Raniganj .. | 15 | 0 | 16 | 0 | 20 | 8 | 14 | 0 | 15 | 4 | 19 | 0 | 15 | 0 | 16 | 8 | 18 | 8 | 17 | 0 | 18 | 12 | 22 | 8 |
| Birbhum .. | Rampurhat .. | 14 | 8 | 15 | 8 | 16 | 0 | 16 | 0 | 17 | 0 | 19 | 0 | 16 | 0 | 17 | 0 | 18 | 8 | 19 | 8 | 20 | 0 | 21 | 0 |
| Bankura .. | Bankura .. | 15 | 8 | 16 | 8 | 20 | 0 | 14 | 8 | 17 | 0 | 19 | 0 | 15 | 8 | 16 | 8 | 20 | 0 | 18 | 4 | 20 | 0 | 21 | 0 |
| Midnapore .. | Town .. | 16 | 0 | 18 | 8 | 20 | 8 | 14 | 12 | 17 | 0 | 19 | 0 | 15 | 4 | 17 | 8 | 20 | 0 | 19 | 0 | 20 | 8 | 23 | 0 |
| West Dinajpur .. | Balurghat .. | 14 | 0 | N. | Q. | N. | Q. | 16 | 4 | N. | Q. | N. | Q. | 17 | 12 | N. | Q. | N. | Q. | 19 | 12 | 20 | 4 | 20 | 12 |
| Malda .. | Englishbazar .. | 13 | 8 | 15 | 0 | N. | Q. | N. | Q | 16 | 0 | N. | Q. | N. | Q. | 17 | 0 | N. | Q. | N. | Q. | 20 | 0 | N. | Q. |
| Cooch Behar .. | Toofanganj .. | N. | Q. | 18 | 0 | 19 | 0 | 15 | 0 | 17 | 0 | 19 | 0 | 16 | 0 | 17 | 0 | 19 | 0 | 19 | 0 | 21 | 0 | 22 | 0 |
| Nadia .. | Sadar .. | 15 | 0 | 16 | 0 | 20 | 0 | 14 | 8 | 16 | 0 | 22 | 0 | 15 | 12 | 17 | 4 | 19 | 0 | 18 | 8 | 19 | 4 | 24 | 0 |
| Hooghly .. | Sheoraphuli .. | 16 | 8 | 17 | 0 | 18 | 8 | 18 | 0 | 19 | 0 | 21 | 0 | 17 | 0 | 19 | 0 | 21 | 0 | 20 | 0 | 22 | 0 | 25 | 0 |
| Howrah .. | Uluberia .. | 15 | 8 | 18 | 8 | 19 | 8 | 14 | 0 | 17 | 0 | 19 | 0 | 15 | 0 | 16 | 8 | 18 | 0 | 21 | 0 | 22 | 0 | 23 | 0 |
| Darjeeling .. | Kurseong .. | 15 | 8 | 17 | 8 | 23 | 0 | 15 | 0 | 18 | 0 | 19 | 4 | 17 | 8 | 18 | 8 | 20 | 0 | 19 | 8 | 22 | 0 | 25 | 0 |
| 24-Parganas .. | Kapaterhat .. | 15 | 8 | 17 | 8 | 18 | 8 | 14 | 0 | 15 | 8 | 16 | 8 | 13 | 8 | 15 | 0 | 16 | 0 | 19 | 12 | 22 | 0 | 23 | 0 |
| Murshidabad .. | Berhampore .. | 15 | 8 | 15 | 12 | 17 | 0 | 15 | 8 | 16 | 0 | 16 | 8 | 16 | 0 | 17 | 0 | 18 | 0 | 19 | 8 | 20 | 0 | 21 | 0 |
| Jalpaiguri .. | Alipurduars .. | 17 | 0 | 17 | 8 | 18 | 4 | 16 | 8 | 17 | 8 | 19 | 0 | 17 | 8 | 18 | 8 | 20 | 0 | 19 | 0 | 20 | 0 | 21 | 0 |

*N. B.*—N. Q. = Not quoted.

**Mr. Speaker:** Dr. Ray, there was a full-fledged debate on food the other day.

**Dr. Narayan Chandra Ray:** My supplementaries were not allowed and the discussions were very unsatisfactory.

My supplementaries with regard to (b)(iii) are—this similar answer was given four months ago—how many cases have been detected by District Officers and brought to the notice of the Government and punished?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I ask for notice, because the smuggling is checked by the Customs and the Police Departments—not my department.

**Dr. Narayan Chandra Ray:** My question is, do you know of any one case?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I have said I ask for notice.

**Dr. Narayan Chandra Ray:** Fair price shop—

সম্বন্ধে কোয়েশ্চেন হচ্ছে—এখানে যে চাউলগুলো ফেয়ার প্রাইসএ বিক্রি করেন, এগুলো কি স্টকিস্টদের কাছ থেকে বিক্রি করেন, না গভর্নমেন্ট স্টোর্স এর?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সমস্ত ইমপোর্টেড রাইস গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার স্টক থেকে।

**Dr. Narayan Chandra Ray:**

Speculative trading, suspected smuggling, holding back of stocks—the very wordings indicate unsocial acts—

এগুলো সব অসাধুতা—এগুলো বন্ধ করবার জন্য গভর্নমেন্ট কি স্টেপ নিচ্ছেন? এতে স্পেকুলেসন কি বন্ধ হবে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

গভর্নমেন্টের স্টক থেকে যদি বেশির ভাগ চাউল ছাড়তে পারি তা হ'লে স্পেকুলেশন চলবে না।

**Mr. Speaker:** That is not the question. The question is what steps have you taken?

**The Hon'ble Prafulla Chandra Sen:** The only step that Government have deemed proper to take is to release stocks from their reserve.

**Dr. Narayan Chandra Ray:**

যারা স্পেকুলেট করছে, লোকের চাল কেড়ে নিচ্ছে তাদের পানিস করার প্রয়োজন বোধ করেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

গভর্নমেন্ট অব্ ইন্ডিয়া মনে করেন যে, যদি তাঁদের স্টক থেকে এ্যাডিকোয়েট কোয়ান্টিটি অফ মাল দিতে পারেন তা হ'লে স্পেকুলেটরদের ক্ষতি হবে, তাদের স্পেকুলেট ক'রে লাভ হবে না।

**Dr. Narayan Chandra Ray:**

বেঙ্গল গভর্নমেন্ট কি মনে করেন, চোরকে ছেড়ে দেওয়া উচিত?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

এতে চোর বলে কেউ নেই; বেঙ্গল গভর্নমেন্ট হ্যাজ নো পাওয়ার, তারা কি মনে করবে?

**Dr. Narayan Chandra Ray:**

আমি ইন্ডিয়া গভর্নমেন্টের নাম নেব না। আমার প্রশ্ন হচ্ছে—স্পেকুলেসন, হোল্ডিং ব্যাক অফ স্টক—এ সম্বন্ধে বেঙ্গল গভর্নমেন্টের কোন কর্তব্য আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বেঙ্গল গভর্নমেন্টের কর্তব্য যা ছিল তা ইন্ডিয়া গভর্নমেন্ট জানেন, এবং ইন্ডিয়া গভর্নমেন্ট জানবার পর সমস্ত ব্যাঙ্ককে জানিয়ে দিচ্ছেন যে, ওদের মারজিন বেশি দিতে হবে, অর্থাৎ আগে ১০০ টাকার মালের জন্য ৭০ টাকা দিত, এখন ১০০ টাকার মালে ৫০ টাকা পাচ্ছে বা ৩০ টাকা পাচ্ছে, এবং গভর্নমেণ্ট অব্ ইন্ডিয়াও তাঁর স্টক থেকে মাল ছেড়ে দিচ্ছেন।

**Dr. Narayan Chandra Ray:**

অঙ্ক ছাড়াও কোন লোক এইরকম প্রতারণা করছে বা অন্যায় করছে—এটা জানলেও বেঙ্গল গভর্নমেন্টের কি কিছু করণীয় নেই?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** My friend has already been told that we have asked for powers. They won't give us the powers. Surely rice is a commodity which is under the category of essential goods and it is under the control of the Government of India. They would not allow us to take any steps. We informed them and the steps they took were, first, to find out whether there were speculators who were borrowing money from the Reserve Bank or from the Scheduled Bank for purposes of hoarding, and after enquiry they have decided that the balance of authority or overdraft will have to be reduced and no more advances are to be given by the Scheduled Bank for purchase of rice. In their view there would be no purpose served by going in for any hoarder because the moment you go to try and find out the hoarder you find the hoarded thing disappear. On the other hand, what would happen is that the smaller people who have kept back 10 mds. or 20 mds. will be persecuted. Therefore, they thought the better plan is if they have hoarded in the hope of more money, if you give the rice at cheaper price, then they will be forced to yield up their stored thing.

**Dr. Narayan Chandra Ray:**

যে প্রিভেন্টিভ ডিটেনশন অ্যাক্টএ হাসপাতাল থেকে রোগী ধরা যায়, লোকের পকেটে একটা রিভলবার থাকলে তিনটা পাড়া সার্চ করা যায়, তাতে চা'লওয়ালা, তেলওয়ালাকে ধরা যায় না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** This is the third time we have said that we have no power. We have asked the Government of India; they won't give us the power.

**Sj. Biren Banerjee:**

এই সাসপেক্টেড স্মাগলিং ইনটু পাকিস্থান—এ সম্বন্ধে কি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের কিছু করণীয় নাই?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের চেয়ে বেশি করণীয় আছে গভর্নমেন্ট অব্ ইন্ডিয়ার।

দুটো বর্ডার যারা পাহারা দেয়—একথা মাননীয় সদস্য জানেন যে, তারা কাস্টমসএর লোক, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার লোক। আমরা সেখানে বর্ডার পুলিশ রেখেছি তাদের সাহায্যের জন্য। সম্প্রতি আমদের যে লোক আছে সেটা ১,২০০ থেকে বাড়িয়ে ১,৮০০ [illegible], এখন আবার সেটা বাড়িয়ে ২,৫০০ করেছি।

**Sj. Biren Banerjee:**

রক্ষীবাহিনী যাঁরা আছেন তাঁরা কি করেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

এঁরা পাহারা দেন; তাঁদের সংখ্যা এখন ১,৮০০ থেকে বাড়িয়ে ২,৫০০ করেছি।

**Sj. Benoy Krishna Chowdhury:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন যে, ফেয়ার প্রাইস শপস্‌ যখন খোলা হয় তার পরে দিন পনর চালের দর দেড় টাকা থেকে দু' টাকা কমে; তার পর আবার প্রত্যেক জায়গায় প্রাইস ঊর্ধ্বমুখী এবং এখনও ঊর্ধ্বমুখী, এজন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তার কারণ এই,—মাননীয় সদস্য মহাশয় জানেন যে, তার পরে কয়েকদিন অনবরত বৃষ্টি এবং ঝড় হয়েছে এবং সেজন্য নরম্যাল মার্কেটএ যে চাউল আসে তা ক'মে গিয়েছে, আর যারা ঢেঁকিতে ধান ভেনে বাজারে এনে বিক্রি করে, তারাও তা করতে পারছে না। সেইজন্য কিছু কিছু আবার দাম বেড়েছে। একথা সত্য যে, আমরা স্টেপ নেবার পর দিন পনর দাম কমে এসেছিল; তারপর ঝড়বৃষ্টির জন্য দাম একটু একটু বাড়বেই। তবে আমরা আরও বেশি বেশি ক'রে ফেয়ার প্রাইস শপ খুলে রেশনএর ব্যবস্থা করছি। আমরা মনে করছি যে, তাতে দাম কমবে। যেমন কাঁথিতে প্রথমে বেড়ে ২৯ টাকা পর্যন্ত দাম হয়েছিল, এখন দাম কমে এসে ২০ টাকা হয়েছে।

**Sj. Benoy Krishna Chowdhury:**

মাননীয় মন্ত্রীমহাশয়ের বোধ হয় স্মরণ আছে যে, দু' মাস আগে যখন তাঁর সাথে আলোচনা হয় তখন আমি বলেছিলাম যে অল্পদিনেই দেখবেন প্রাইস হ্রাস করবে। তখন তিনি বলেছিলেন যে অপেক্ষা করুন।

**Mr. Speaker:**

উনি ত' একথার অনুসার করেছেন।

**Sj. Benoy Krishna Chowdhury:**

আমার এখন কথা হচ্ছে যে, এখন যে মেজার নিয়েছেন এই মেজার যে লোকদের জন্য নেওয়া হয়েছে তারা কেউ এ মেজারএ উপকৃত নয়, এবং এখনও বিভিন্ন জায়গায় স্পেকুলেটিভ বাইইং হচ্ছে। তার সম্বন্ধে কি করছেন?

[3-10—3-20 p.m.]

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের যতদূর খবর তাতে রিজার্ভ ব্যাঙ্ক স্পেকুলেটিভ বাইং বন্ধ করার জন্য স্কীম নিয়েছে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এই যে পাঁচটি কারণ দেখান হয়েছে, এ ছাড়াও আর একটি কারণ আছে। কেন্দ্রীয় মন্ত্রী অরুণ গুহ মহাশয় হোর্ডিং ও প্রফিটিয়ার্স সম্বন্ধে যে পাবলিক স্টেটমেন্ট করেছিলেন, সেটা মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় সদস্য নিশ্চয়ই দেখেছেন যে, এই স্পেকুলেটিভ ট্রেডিংকেই হোর্ডিং বলা হয়েছে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এই স্পেকুলেটিভ ট্রেডিং ছাড়াও যারা হোর্ডিং ক'রে ব'সে থাকে তারা প্রিভেন্টিভ ডিটেনশন এ্যাক্টএ পড়ে কিনা?

**Mr. Speaker:** He has answered that speculative trading and hoarding are the same thing.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

আমি জিজ্ঞাসা করছি যে, এই বর্ডার এরিয়াতে ইন্ডিয়া গভর্নমেন্টএর কাস্টমস আছে এবং এ'দের পুলিশও আছে, কিন্তু ইন্ডিয়া গভর্নমেন্টএর কি কর্তব্য ও এ'দের পুলিশের কি কর্তব্য?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের বর্ডার দিয়ে বহু জিনিসই স্মাগল্ হয়। শুধু চাল নয়, নুন স্মাগল্ হয়। মাননীয় সদস্যরা জানেন পাকিস্থানে নুনের সের হয়েছে চার আনা থেকে এক টাকা পর্যন্ত। নুন, কাপড়, তেল, সবই স্মাগলিং হচ্ছে। এই সমস্ত বর্ডার এরিয়াতে কাস্টমসরা বন্ধ করার চেষ্টা করছে এবং আমাদের পুলিশ তাদের সাহায্য করে। সম্প্রতি আমাদের ১৮ শত পুলিশ ছিল সেটাকে বাড়িয়ে ২৫ শত পুলিশ করা হয়েছে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এই ১৮শত পুলিশকে বাড়িয়ে ২৫শত করা হয়েছে এবং সত্যই আমাদের রাষ্ট্র পুলিশের কর্তব্য আছে। এখানে এই কর্তব্যপরায়ণ পুলিশরা কতগুলি কেস ধরেছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আগেই বলেছি নোটিস চাই।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে, তিনি যে ব্যাখ্যা দিলেন তাতে এমন কি অমৃতবাজার পত্রিকাতেও বলেছে ডিসর‍্যাপয়েন্টিং?

**Mr. Speaker:** That is not a supplementary.

**Dr. Kanailal Bhattacharya:**

এই যে ফেয়ার প্রাইস শপএ চাল দেওয়া হচ্ছে এবং আপনি বলছেন যে, ইমপোর্টেড রাইস দেওয়া হচ্ছে, এটা কি রেঙ্গুন রাইস?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

হ্যাঁ, বার্মার চাল।

**Dr. Kanailal Bhattacharya:**

এই যে মডিফায়েড রেশনিংএর বেলায় বলা হয়েছে হোয়ার নেসেসারি, তাতে কোন্ কোন্ জায়গায় দেওয়া হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

নোটিস চাই। সব জায়গায় প্রায় আছে।

**Dr. Kanailal Bhattacharya:**

হাওড়া, হুগলিতে হয়েছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

হ্যাঁ, অনেক জায়গায় দেওয়া হয়েছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, এই যে Fair price shops industrial area তে দেওয়া হয়েছে, এতে কি সমস্ত মানুষকে চাল দেওয়া হয়?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ও আরবান এরিয়াতে যেসমস্ত ফেয়ার প্রাইস শপস্ আছে তা সমস্ত লোকের জন্য।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এটা ঠিক উত্তর হল না। আপনি তা করেন নি। আপনি ভুল বলছেন। আমি বলছি, এই ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে যেসব ফেয়ার প্রাইস শপস্ করেছেন, তাতে কি সমস্ত মানুষকেই চাল দেবার ব্যবস্থা করেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

হ্যাঁ, সকলের জন্যই।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এটা সত্য নয়। এটা কি জানেন যে, একমাত্র যারা ৬।৪ আনা ট্যাক্স দেয় তাদের ছাড়া আর কাউকেই দেওয়া হয় না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ছাড়াও রুরাল এরিয়া অর্থাৎ গ্রামাঞ্চলে অনেকের ঘরেই চাল আছে। সেইজন্য আমরা প্রথমে বলেছিলাম "এ" ক্যাটিগরির লোক পাবে। কিন্তু এখন আমরা "এ" এ্যান্ড "বি" ক্যাটিগরির লোককে দিচ্ছি।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আপনি বলছেন ইন্ডাস্ট্রিয়াল এরিয়া হাওড়া, হুগলিতে কোন কোন জায়গায় করা হয়েছে। কিন্তু আমি ক্যাটিগরিক্যাল কোয়েশ্চেন পুট করেছি, আপনি ভুল করছেন। আমার প্রশ্ন ছিল ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার প্রত্যেক মানুষকে ফেয়ার প্রাইস শপ থেকে চাল দেবার ব্যবস্থা করেছেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি পুনরায় বলছি ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার সমস্ত লোকের জন্য চাল দেবার ব্যবস্থা হয়েছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

তা দেওয়া হয় নি।

**Dr. Kanailal Bhattacharya:**

ইন্ডাস্ট্রিয়াল এরিয়া বলবেন না, বলুন মিউনিসিপ্যাল এরিয়া।

**The Hon'ble Prafulla Chandra Sen:** I am not going to be guided by you.

**Dr. Kanailal Bhattacharya:** That is untrue.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

উনি বারবার বলছেন যে, আরবান এরিয়া ও ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে ফেয়ার প্রাইস শপস্ থেকে সকলকেই দেওয়া হচ্ছে।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

মাননীয় সদস্যদের প্রশ্ন ছিল, স্পীকার মহাশয়, আপনি নিশ্চয়ই শুনেছেন যে, ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে আমরা সকলের জন্য চাল দিচ্ছি কিনা; আমি বলেছি সকলকেই দিচ্ছি। এর সঙ্গে সঙ্গে আমি একথাও বলেছি যে, রুরাল এরিয়া অর্থাৎ ইউনিয়ন বোর্ড এলাকায় প্রথমে আমরা শুধু এ ক্যাটিগরিকে দিচ্ছিলাম, সেটা এখন এক্সটেন্ড করে বি ক্যাটিগরিকেও দেওয়া হচ্ছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আমরা সেখানেই আপত্তি করছি। আপনি রাগ করলে চলবে কেন? আপনি জানেন না যে, সেখানে প্রত্যেক লোক পাচ্ছে না। এখানে হাওড়ার কথা বলা হয়েছে, কিন্তু উলুবেড়িয়া, বাউড়িয়াতে ফেয়ার প্রাইস শপ একটা ক'রে করা হয়েছে এবং সে জায়গায় ইউনিয়ন বোর্ডএ যেভাবে দেওয়া হয় সেই নিয়মই ধার্য করা হয়েছে—এ ক্যাটিগরি পাচ্ছে, ঠিক সেইভাবেই তাদের বন্দোবস্ত করা হয়েছে। সেইজন্য সেখানকার দোকানদাররা এই দাম নিতে রাজী হয় নি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আপনি এখানে দুইটি জিনিস বলছেন। এক হচ্ছে নাম্বার অফ ফেয়ার প্রাইস শপ যথেষ্ট নয়, আর একটা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার সকলের পাওয়া উচিত।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমরা যাকে ইন্ডাস্ট্রিয়াল এরিয়া বলি, তার মধ্যে বাউড়িয়া আসে না। আমাদের কলিকাতার ইন্ডাস্ট্রিয়াল এরিয়া হচ্ছে—সমস্ত কলিকাতা সহর, হাওড়া মিউনিসিপ্যাল এরিয়া, ওদিকে বজবজ পর্যন্ত এবং অন্যদিকে বাঁশবেড়ে। বাকী সমস্ত এরিয়া হচ্ছে মিউনিসিপ্যাল এরিয়া।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

তা হ'লে এখানে স্বীকার করছেন যে, ঐগুলি মিউনিসিপ্যাল এলাকা, ইন্ডাস্ট্রিয়াল এলাকা নয়?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

এখানে একটা ভুল হচ্ছে। বাউড়িয়া এলাকায় একটা মিল আছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

একটা নয় ১০টি মিল আছে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আচ্ছা ধ'রে নিলাম ১০টি মিল আছে। কিন্তু ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার আমাদের যে ডেফিনিশন আছে তাতে উলুবেড়িয়া আসে না। ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার ডেফিনিশন অনুসারে হাওড়া, বজবজ ইত্যাদি আসে। এখানে ডেফিনিশন নিয়ে প্রশ্ন হচ্ছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

অতএব এইগুলি আসে না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

ডেফিনিশন অনুসারে আসে না। আপনি বেশি ফেয়ার প্রাইস শপ চান। সেইজন্য আগে আমরা এ ক্যাটিগরিকে দিচ্ছিলাম, এখন এ এ্যান্ড বি ক্যাটিগরিকে দিচ্ছি।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

সেইজন্য প্রশ্ন করা হয়েছিল, তাতে তিনি বললেন, হ্যাঁ, ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে করেছি। ইন্ডাস্ট্রিয়াল এরিয়া বলতে বজবজ নিতে পারেন আর নদীর ওধারে বাউড়িয়াকে নিতে পারছেন না। তারা কি সতীনপুত্র হয়ে গেল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি ত' বলছি যে, বি ক্যাটিগরির লোক সব জায়গাতেই পাবে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আপনি বাউড়িয়া, সাঁকরাইল—এইসমস্ত শ্রমিক অঞ্চলে আরও ফেয়ার প্রাইস শপ করবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

অনেক জায়গায় করেছি, দরকার হ'লে আরও খুলব।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

সেখানে সমস্ত লোকে পাবে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সমস্ত নয়। ইউনিয়ন এলাকায় এ এ্যান্ড বি ক্যাটিগরির লোকরা পাবে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

ইন্ডাস্ট্রিয়াল এরিয়াতে সকলেই পাবে।

[3-20—3-30 p.m.]

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আমার পয়েন্টটা ক্লিয়ার হ'ল না। রুরাল এরিয়ায় যেটা করেছেন এখানে বলছেন আনফরচুনেটলি এখন পর্যন্ত তারা সে সুবিধা পায় না। আর একটা কথা হচ্ছে ইন্ডাস্ট্রিয়াল এলাকায় এখনও বেশি ফেয়ার প্রাইস শপ করা দরকার এবং উইদাউট এনি ক্যাটিগরিক্যাল ডিমারকেসন।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ইন্ডাস্ট্রিয়াল নয়, ইউনিয়ন বোর্ডএর কথা বলুন।

**Sj. Benoy Krishna Chowdhury:**

মিউনিসিপ্যাল এরিয়ায় যেমন, ইউনিয়ন বোর্ড এলাকার মধ্যে যেমন এ ক্যাটিগরি যাদের কোন ট্যাক্স থাকে না অথবা আট আনা পর্যন্ত ট্যাক্স আছে তাদের দেওয়ার কথা আছে সেটা এক্সটেন্ড করা হচ্ছে বি ক্যাটিগরি পর্যন্ত। ঠিক সিমিলারলি মিউনিসিপ্যাল এলাকায় ১০০ টাকা পর্যন্ত মান্থলি ইনকাম একটা লিমিটেশন ছিল। গতকাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর সঙ্গে কথা হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে মিউনিসিপ্যাল এলাকা এখন কতটা পর্যন্ত এক্সটেন্ড হবে।

[Noise.]

**The Hon'ble Prafulla Chandra Sen:**

১০০ টাকা পর্যন্ত আছে, ২০০।২৫০ টাকার কথা পরে ভাবব।

**Sj. Benoy Krishna Chowdhury:**

ইউনিয়ন এলাকা এ, বি ক্লাস এক্সটেন্ড করা নেসেসারি। এটা এ্যাব্‌সলিউটলি নেসেসারি হয়েছে সেটা এ্যাডমিট করেছেন—সিমিলারলি মিউনিসিপ্যাল এরিয়া এক্সটেন্ড হবে ইভন্ আপ টু রুপিজ ৩৫০ সেটা ভাবা দরকার।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

জলপাইগুড়ি জেলায় সমস্ত টাউন হলে সবাই এই সুবিধা পাচ্ছে। পরিমাণ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি বলেন তো বাড়িয়ে দেব।

**Sj. Benoy Krishna Chowdhury:**

পয়েন্ট হচ্ছে, ফেয়ার প্রাইস ব'লে যেটা করা হয়েছে তাতে mostly Burma rice—peculiar type of Burma rice, repulsive looking according to the local S.D.O.

এবং যা খাওয়া যায় না এবং যা দেওয়া হচ্ছে

**for adult two seers, for minor one seer**

সেজন্য থিওরি ইজ, সাপ্লিমেন্ট করবে বাই মারকেট রেটএ যা পায় তা দিয়ে কিনে। তাদের যদি মোস্টলি কিনতে হয় এই রাইস দেওয়ার মানে হয় না। ইম্প্রুভ করবেন কিনা কোয়ালিটিটি অফ রাইস?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

অফটেক বেড়ে গিয়েছে সর্বত্র।

**Sj. Sasabindu Bera:**

এই যে ফেয়ার প্রাইস শপ এবং মডিফায়েড রেশনিং শপ এই দুটি দোকানের দাম কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সাত আনা করে সের।

**Sj. Madan Mohon Khan:**

বার্মা-চাল ছাড়া অন্য কোন চাল রেশন শপ মারফৎ বিক্রি করবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বর্তমানে পাচ্ছি না।

**Sj. Madan Mohon Khan:**

যেসমস্ত চাল বিভিন্ন জেলা থেকে আনা হয়েছে সেগুলি কি করছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সেগুলি জেলায় দেওয়া হচ্ছে।

[Noise and uproar.]

**Sj. Madan Mohon Khan:**

চালের বদলে ধান দিতে পারেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Government of West Bengal এর কোন ধান নাই। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার হাতে সামান্য ধান আছে। তা যদি তাঁরা দিতে পারেন তাতেও কুলোবে না।

**Sj. Madan Mohon Khan:**

মেদিনীপুর জেলায় দেবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

শুধু মেদিনীপুরে দিতে হবে, তার কি মানে আছে?

**Sj. Sudhir Chandra Das:**

কাঁথির কথা মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন—মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে, সাড়ে সতের টাকার রেটএ লোক চাল কিনতে পাচ্ছে না দুর্গন্ধ এবং খারাপ বলে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সাড়ে সতের টাকায় না কিনতে পারলে বিক্রি হচ্ছে কি করে?

**Sj. Sudhir Chandra Das:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, এক একটা দোকানে ২।১০ সের চালও বিক্রি হয় না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমার কাছে যে খবর আছে তাতে আমি জানি কাঁথিতে খুব ভাল বিক্রি হচ্ছে।

**Sj. Sudhir Chandra Das:**

সাইক্লোনবিধ্বস্ত মেদিনীপুরে বা ২৪-পরগনায় যাতে লোকের দুর্দশা বেড়ে গিয়েছে সেসব অঞ্চলে বিশেষভাবে রেট কম করে দেবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

কাঁথি এবং অন্যান্য বাত্যাবিধ্বস্ত অঞ্চলে যাদের ক্রয় করবার ক্ষমতা নাই ডোলস্ পাচ্ছে। কাঁথিতে সম্প্রতি আমরা যা করছি, তাতে ৫০ হাজারের উপর লোক আমাদের কাছ থেকে ডোলস্ পাচ্ছে আর যাদের কেনবার ক্ষমতা আছে তাদের সাড়ে সতের টাকা ক'রে চাল দিচ্ছি।

**Sj. Kanai Lal Bhowmick:**

আপনি বলেছেন যে গভর্নমেন্টের হাতে এখন ধানের স্টক নেই, কিন্তু সাইক্লোনের আগে গভর্নমেন্ট যে ঘোষণা করেছিলেন যে, ১০ টাকা মণ ধান "এ" ক্যাটিগরিকে দেবেন বলে........

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ভারত গভর্নমেন্টের হাতে কিছু ধান ছিল, এখন সামান্য ধান আছে এবং আমরা বহু জায়গায় সেই ধান দিয়েছিলাম ১০ টাকা মণ বিক্রি করবার জন্য। এখন যা ধান আছে তা সব জায়গায় দিতে গেলে কুলোবে না।

**Sj. Kanai Lal Bhowmick:**

আপনি বলেছেন যে লোকে বার্মা চাল খুব কিনছে। আপনি কি জানেন যে, এক একটা ইউনিয়নে যেখানে "এ" এবং "বি" ক্যাটিগরির সপ্তাহে ৩ শ' মণ দরকার সেখানে ২০।২২ মণ চা'ল বিক্রি হচ্ছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

নোটিস চাই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

কন্সট্রাক্টিভ ওয়েতে বলুন না, আপনারা কোন্ জায়গায় চান। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বলছেন, আপনারা কত চাল চান, আমরা তা দেব। আমরা প্রথমে চেষ্টা করেছিলাম গোটাকতক দোকানে দিয়ে, তাতে লোকে কেনে কিনা। প্রথম প্রথম লোকে কম কিনছিল, এখন বেশি কিনছে। আপানারা যদি মনে করেন, অমুক জায়গায় দোকান খুললে পরে চাল লোকে নেবে, তা হ'লে আমাদের জানাবেন।

**Sj. Biren Banerjee:**

আসল ব্যাপার হচ্ছে, চাল অত্যন্ত অখাদ্য ব'লে লোকে কিনছে না।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমরা চা'ল টেস্ট ক'রেছিলাম এবং অখাদ্য ব'লে কিছু পাই নি [বিরোধী পক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল]।

**Sj. Jyoti Basu:**

আপনি নিজে খেয়েছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তিনদিন খেয়েছি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

খাদ্য, অখাদ্যের প্রশ্ন নয়, আমাদের নিজেদের কিছু নেই।

**Sj. Jyoti Basu:**

এত ত চাল ছিল—নেই কেন?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আমি বলছি আমাদের চাল যা আছে তা অতি সামান্য। কিন্তু আমাদের যা নূতন পরিস্থিতির উদ্ভব হয়েছে তাতে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার কাছ থেকে আমাদের চাল নিতে হচ্ছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বলছেন যে, তাঁরা রেঙ্গুন ছাড়া অন্য চাল দিতে পারবেন না। তবে ভরসা করা যাচ্ছে নূতন স্টক রেঙ্গুন চাল যেটা আসছে—এই উইকে আসবে, কি নেক্সট উইক-এ আসবে—সেটা গত বছরের চালের চেয়ে ভাল হবে—এই আশা করা যাচ্ছে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

মাথাপিছু চাল কত ক'রে বরাদ্দ করেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সপ্তাহে এডাল্টদের ২ সের চাল এবং ছেলেদের ১ সের চাল।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

ধান কত ক'রে বরাদ্দ করেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ধান তিন সের।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই তিন সের ধান কি ক'রে ভাঙ্গা যেতে পারে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

একটা পরিবারে যদি ৫ জন লোক থাকে তবে ১৫ সের পাবে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এর পরিমাণটা বাড়াবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বিবেচনা করব।

**Sj. Provash Chandra Roy:**

সাইক্লোনের পর মাননীয় মন্ত্রীমহাশয়ের সঙ্গে যখন দেখা করেছিলাম, তখন তিনি বলেছিলেন যে, "ক" শ্রেণীকে চাল দেবার জন্য বন্দোবস্ত করা হচ্ছে এবং নির্দেশ দেওয়া হয়েছে কিন্তু আজ পর্যন্ত ২৪-পরগনা বা অন্যান্য অঞ্চলে—গ্রামাঞ্চলে ক শ্রেণীকে চাল দেবার ব্যবস্থা হয় নি কেন মন্ত্রীমহাশয় জানাবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

খোঁজ ক'রে দেখব। তবে আমাদের এখান থেকে ১৫ দিন পূর্বে অর্ডার চ'লে গেছে।

**Sj. Provash Chandra Roy:**

উনি বলেছেন, ক এবং খ শ্রেণীকে চাল দেবার জন্য নির্দেশ দিয়েছেন। গ শ্রেণীকে চাল দেবার জন্য শীঘ্র ব্যবস্থা করবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

দেখব।

[3-30—3-40 p.m.]

**Sj. Provash Chandra Roy:**

গ শ্রেণীকে চাল দেবার ব্যবস্থা করা প্রয়োজন মনে করেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বললেই দেব।

[Sj. Balailal Das Mahapatra, Sj. Monoranjan Hazra and Sj. Suhrid Kumar Mallick Chowdhury rose.]

**Mr. Speaker:** I have allowed half an hour to supplementary questions already. The next question relating to rise in prices of essential commodities is also important. Be serious. Let Sj. Balailal Das Mahapatra put his question. How can I allow more questions?

**Sj. Balailal Das Mahapatra:**

মন্ত্রীমহাশয় জানেন কি, যাঁরা পাঁচসিকা চৌকিদারী ট্যাক্স দেন, তাঁদের মডিফায়েড রেশনিংএর সুবিধা দেওয়া হয়েছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

ক ও গ শ্রেণীকে দেওয়া হয়েছে।

**Sj. Balailal Das Mahapatra:**

আমার প্রশ্ন হচ্ছে এই ট্যাক্স থাকলে যাতে সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বলা হয়েছে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

হয়ত কোন কোন জায়গায় চাল পাচ্ছে না। আপনাদের যদি কোন জায়গা সম্বন্ধে কমপ্লেন্ট থাকে খবর দেবেন, যথোচিত ব্যবস্থা করা হবে।

**Sj. Saroj Roy:**

আপনারা বলেছেন, রুরাল এরিয়াতে মডিফায়েড রেশনিং দেবেন হোয়্যার নেসেসারি—এই যে হোয়্যার নেসেসারি বলছেন, সেটা কিভাবে ঠিক করবেন? কোথায় কোথায় দেবেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:** District Magistrate যেখানে যেখানে দেওয়া উচিত বলে ঠিক করবেন সেখানেই দেওয়া হবে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I hear from my friends that a lot of questions remain unanswered, but over one question they are taking such a long time putting supplementaries.

**Mr. Speaker:** There should not be more questions on this.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** One question, Sir.
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি শ ওয়ালেস কোম্পানির গুদামে কত হাজার মণ চাল মজুত আছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
সর্বৈব মিথ্যা। এক ছটাক চালও নেই।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** Shaw Wallace Company.
র গুদামে মজুত আছে কিনা জানবার জন্য মাননীয় মন্ত্রীমহাশয় কোন এনকোয়ারি করেছেন কি? যদি থাকে স্টেপ নেবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
পুলিসকে খবর দেবেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**
আমি জিজ্ঞাসা করছি শ' ওয়ালেস কোম্পানিতে এনকোয়ারি করবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি তো বলেছি পুলিশএ খবর দেবেন।

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**
যদি থাকে তবে আপনারা......

**Mr. Speaker:** That is a hypothetical question. Please put your supplementary properly.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**
আপনি কিসের উপর বেসিস ক'রে বলছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি জানি এক ছটাকও চাল নেই।

**Sj. Monoranjan Hazra:**
কিসের উপর বেসিস ক'রে বলছেন, তাই জানতে চাচ্ছি।

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আমি জানি।

**Sj. Dasarathi Tah:**
বিদেশে চাল যাতে না যেতে পারে তার জন্য ভারত সরকারকে অনুরোধ করবেন কি?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**
বিদেশে এখন চাল যাচ্ছে না।

**Sj. Dhananjoy Kar:**
দেশের বর্তমান দুরবস্থায় বিদেশে চাল যাতে না যায়, তার জন্য আপনারা কি ব্যবস্থা করেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**
আগে ত বলা হয়েছে, এখন বিদেশে চাল যাচ্ছে না।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে, যদি কোন জায়গায় দোকান খোলার প্রয়োজন থাকে তা হ'লে জানালে ভারত-সরকারের মারফৎ সেই ব্যবস্থা করা হবে। এখন প্রশ্ন হচ্ছে—কোন কোন এলাকার তালিকা যদি মন্ত্রীমহাশয়ের কাছে পাঠান হয় তা হ'লে তিনি কত দিনে এই ব্যবস্থা করবেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

দোকান খোলা ভারত সরকারের কাজ নয়। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেখানে বলবেন সেখানেই খোলা হবে।

**Sj. Dasarathi Tah:**

মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে, যদি কোথাও অসুবিধা হয় তাঁকে খবর দিতে। কিন্তু খাদ্যমন্ত্রী বলছেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেরকম বিবেচনা করবেন সেইরকম ব্যবস্থাই করা হবে। তা হ'লে কোন্‌টা সত্যি?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

তা হ'লে আমি আর কিছু বলব না।

[লাফটার]

**Sj. Dasarathi Tah:**

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন, যেখানে প্রয়োজন হবে সেখানেই দোকান খোলা হবে। আমার প্রশ্ন হচ্ছে চাল নিয়ে যাবার খরচ দেবে কে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

যেখানেই চাল থাক না কেন, সাত আনা দরে চাল বিক্রি করার জন্য নিয়ম করা হয়েছে।

**Sj. Natendra Nath Das:**

মাননীয় মন্ত্রীমহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন বিবেচনা করবেন, কাঁথি এবং সাইক্লোন বিধ্বস্ত অঞ্চলে সাড়ে সতের টাকার কম করবেন, এবং ডেপুটি মিনিস্টার তখন দশ টাকা ক'রে সাজেস্ট ক'রেছিলেন, বরং আমরাই বলেছিলাম ১৪ টাকার বেশি না হয় সেটা দেখবেন।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি প্রতিশ্রুতি দিই নি, আমি বলেছিলাম বিবেচনা করব। এখন আমরা ঠিক করেছি ১৪ টাকা ক'রে দিতে পারব না।

**Sj. Rakhahari Chatterjee:** In answer to a question from Sj. Suhrid Kumar Mullick Chowdhury the Hon'ble Minister has said that if information is given, Government would be prepared to take action. May we know what action has been taken against the big stockists and hoarders?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Who are the hoarders?

**Sj. Rakhahari Chatterjee:** Take, for instance, Shaw Wallace.

এবং যেসমস্ত
big hoarders and mill-owners
আছে তাঁদের মজুত চাল সিজ করার জন্য প্রস্তুত আছেন কিনা?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

এমন কোন খবর আমাদের কাছে নেই।

**Sj. Rakhahari Chatterjee:** Every rice-mill owner of Bankura district has got 10,000 maunds in stock.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

আমাদের অন সাম বেসিস চলতে হবে। হাইকোর্টের একটি ধারা আছে তাতে সুবিধা করা যাবে না। মুখে বললে হবে না, কাগজে লিখে পাঠাবেন, আমরা চেষ্টা করব।

**Sj. Rakhahari Chatterjee:**

কেন মুখে বললে হবে না?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

মুখে বললে সব সময় হয় না।

**Sj. Rakhahari Chatterjee:** Then about stopping smuggling in the eastern border, does the Government propose to take action under the Security Act?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সিকিউরিটি এ্যাক্টএ এ্যাকশন নেওয়া হচ্ছে। আমরা বর্ডারএ পাঁচ মাইল জোন ক'রে দিয়েছি। চালের স্মাগলিং বন্ধ করা হচ্ছে। আপনারা জানেন আটশত মাইল বর্ডার এবং দুই-একজন যদি ২।৫ সের চাল নিয়ে যায় তা হ'লে আমাদের পক্ষে অনেক সময় ধরা মুস্কিল হয়।

**Dr. Jatish Ghosh:**

হোর্ডারদের চাল সীজ না ক'রে কেন সাবধান ক'রে দেওয়া হয়েছে?

**Mr. Speaker:** That is a matter of opinion.

### Rise in prices of essential commodities in Calcutta

***218.** (Short Notice.) **Sj. Ganesh Ghosh:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state whether increase in the prices of essential commodities has taken place in Calcutta since February, 1956?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) the percentage of increase and the reasons for such increase; and

(*ii*) what steps, if any, have been taken by the Government to check the rise in prices?

**The Hon'ble Prafulla Chandra Sen:** (*a*) Yes.

(*b*) A statement is laid on the Table.

*Statement referred to in reply to clause (b) of Short Notice starred question No. 21*

| Name of commodities. | Percentage of increase. | Reasons for increase. | Steps taken by Government. |
|---|---|---|---|
| Foodstuffs— | | (*i*) Holding back of stocks of paddy by large producers. | Distribution through fair price shops of rice and *atta* at As.7 and As.6 per seer, respectively, and mustard oil at Rs.1-12 per seer. |
| Rice .. | 22·2 | | |
| | | (*ii*) Speculative trading. | |
| Flour .. | 9 | | |
| | | (*iii*) Decline in import from neighbouring States due to floods and other causes. | |
| Dal .. | Between 10 to 15 | | |
| Mustard oil .. | 51 | (*iv*) Suspected smuggling into Pakistan. | |
| | | (*v*) Influx of refugees. | |
| | | (*vi*) About 50 per cent. decrease in production of oil-seeds in Uttar Pradesh and consequently less import into West Bengal. | |
| Consumer goods— | | | |
| Iron and steel .. | 3 to 7 | The increase in the price of iron and steel as also in that of cement is due to pooling of prices of the indigenous and imported stocks and to the effecting of equalised prices at all rail heads in India. | Pool prices are fixed by the Central Government and the State Government have no control over it. |
| Cement .. | 3 to 13 | | |
| Coal and coke .. | 1·8 | The increase in price of coal and coke has been due to increase in railway freight. | |

| Name of commodities. | Percentage of increase. | Reasons for increase. | Steps taken by Government. |
|---|---|---|---|
| Textiles .. | 2 to 10 | (*i*) Rise in price of cotton ..<br>(*ii*) Increased demand against restricted production.<br>(*iii*) Increase in excise duty.<br>(*iv*) Lowering down of the limits for exemption from Bengal Sales Tax applicable in case of low-priced cloth.<br>(*v*) Recent amendment of Bengal Finance (Sales Tax) Act, 1941. | The position has been explained to the Textile Commisner with the request to examine if the rise in price can be justified. |

[3-40—3-50 p.m.]

**Sj. Ganesh Ghosh:** Fair price shop থেকে কোন্ তারিখ থেকে দেওয়া হচ্ছে এই দামে?

**The Hon'ble Prafulla Chandra Sen:** From the 2nd of July.

**Sj. Ganesh Ghosh:**

আপনি কি জানেন, সব দোকান সেকেন্ড অফ জুলাই থেকে দিচ্ছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সব তো বলি নি, প্রথম ২৬টি দোকান থেকে দেওয়া হয়েছে।

**Sj. Biren Banerjee:**

এখন কতগুলি দোকান থেকে দেওয়া হচ্ছে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

এখন ১৬৮টি দোকান থেকে দেওয়া হচ্ছে।

**Sj. Biren Banerjee:** Including হাওড়া এবং কলিকাতা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

হাওড়ায় নেই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

এখানে অনেকগুলি লোক আছে কিনা—seed dealer, miller, retailer এই তিনটি গ্রুপ আছে। এখনও পর্যন্ত এখানে অরগানাইজ না ক'রে হাওড়ায় যাওয়া সম্ভব হচ্ছে না।

**Sj. Biren Banerjee:**

হাওড়ায় কি কোন দোকান নেই এবং তা থেকে কবে দেওয়া হবে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের কলকাতায় প্রায় ৬৭০টি ফেয়ার প্রাইস শপস্ আছে। তার মধ্যে ১৬৮টি থেকে দেওয়া হচ্ছে। হাওড়ায় হয়ত দু-একটা দেওয়া যেতে পারে।

**Sj. Saroj Roy:**

ফেয়ার প্রাইস শপ গ্রামাঞ্চলে এক্সটেন্ড করা হবে কি না?

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Sj. Bibhuti Bhushon Ghose:**

আমাদের কথা হচ্ছে সরষের তেলের দাম সব জায়গাতেই অসম্ভব বেড়েছে, সুতরাং সব জায়গাতেই ওই ব্যবস্থা হবে না কেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের এখানে ৩০ লক্ষ মণ সরষের বীজ আসে, তা থেকে ১০ লক্ষ মণ তেল বের হয়; আর ৮ লক্ষ মণ তেল গোটা পশ্চিম বাংলার বিভিন্ন জায়গায় আসে—বিশেষ করে ইউ-পি থেকে। আমাদের পল্লীগ্রামে দুই লক্ষ মণ তেল তৈরি হয় ঘানিতে। এটা এত কমপ্লিকেটেড জিনিস যে, আমরা কলিকাতায় পরীক্ষামূলকভাবে আরম্ভ করেছি। এখানকার অবস্থা দেখে সব দিক বিবেচনা করা হবে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

পাড়াগাঁয়ের লোক কি তেল খাবে না?

**Mr. Speaker:** That is a matter of opinion.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

হঠাৎ স্প্রেড আউট করার অসুবিধা আছে। অনেকগুলি যদি দেওয়া যায় তা হ'লে কন্ট্রোল না হয়ে বরং ব্ল্যাকমার্কেটিং হবে। অতএব ভেবেচিন্তে করা হচ্ছে। তিনটি পার্টির সঙ্গে আমাদের ডিল করতে হয়। কাজেই যদি গোলমাল হয়ে যায় তা হ'লে এমন হবে যে, সে কিনবে বার আনায় আর বিক্রি করবে এক টাকা চার আনায়। কাজেই কিভাবে সেটা শেপ নেবে সেটা কলকাতায় বুঝে পরে গ্র্যাজুয়্যালি অন্যত্র দেখা হবে।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

পল্লীগ্রামে কবে থেকে করা হবে?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

তা বলতে পারি না।

**Sj. Ganesh Ghosh:**

এই ফেয়ার প্রাইস শপ থেকে যে সরষের তেল আপনারা দিচ্ছেন এটা কোথা থেকে আনছেন এবং কিভাবে পাচ্ছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমাদের কলকাতায় যেসমস্ত মিল আছে তাতে ১০ লক্ষ মণ তেল হয় বছরে, যেটা বাইরে থেকে তেল আসে সেটা শুনেছি ভেজাল, তাই নিচ্ছি না।

**Sj. Ganesh Ghosh:**

বাংলাদেশে যে তেল তৈরি হচ্ছে সেটা আপনাদের সুপারভিসনএ হয় কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সুপারভিসনএ হবার কোন কারণ নেই।

**Sj. Ganesh Ghosh:**

এই তেল এডাল্টারেটেড ব'লে আপনারা কোন খবর রাখেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

না।

**Sj. Ganesh Ghosh:**

তা হ'লে খোঁজ রাখেন যে, এটা পিওর তেল?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি এইটুকু জানি যে, বাংলাদেশের কলে যে তেল হচ্ছে সেটা অপেক্ষাকৃত আন-এডাল্টারেটেড।

**Sj. Ganesh Ghosh:**

কি দামে এই মিল তেল কিনছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমরা এখানে কিনছি ৭৫ টাকা মণ দরে।

**Sj. Ganesh Ghosh:** Railway freight
বেড়েছে বলে কয়লার দাম বেড়েছে, এ খবর কোথা থেকে পেলেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Railway freight
বৃদ্ধি শুধু নয়, নতুন এ্যাওয়ার্ডএ শ্রমিকদের বেতন বেড়েছে সেজন্যে এবং রেলওয়ে ফ্রেটএর জন্যেও।

**Sj. Subodh Banerjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন যে, কোল মাইন্সএর জন্যে যে ট্রাইব্যুনাল বসেছিল শ্রমিকদের মাইনে ইত্যাদি বাড়ানর জন্যে এবং তাঁরা যে মজুরি বৃদ্ধির কথা বলেছেন সেটা এক্সিসটিং প্রফিটস কনসিডার ক'রেই বাড়াতে বলেছেন?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

তাঁরা কি বলেছেন না বলেছেন, সেটা আমার জানবার দরকার নেই। লেবার মিনিস্টারকে জিজ্ঞাসা করুন।

**Mr. Speaker:** How is that question relevant here?

**Sj. Subodh Banerjee:**

এখানে সে প্রশ্ন উঠে। উনি জবাব দিয়েছেন রেলওয়ে ফ্রেট বৃদ্ধির জন্যে কয়লার দাম বেড়েছে। এখনই বললেন, শুধু তাই নয় শ্রমিকদের মাইনে বাড়ানর জন্যেও বেড়েছে। উনি কি এই ঘটনা জানেন যে,
Tribunal existing profits of the coal mines concerned
বিবেচনা করে মাইনে বৃদ্ধির কথা বলেছেন?

**Mr. Speaker:** That is not a supplementary out of this question.

**Sj. Subodh Banerjee:**

মন্ত্রীমহাশয়ের দৃষ্টি কি আকৃষ্ট হয়েছে যে, কোল মাইনসএর মালিকদের যে এ্যাসোসিয়েশন আছে তারা দিনের পর দিন সংবাদপত্র মারফৎ এই প্রচার করছে......

**Mr. Speaker:** That is not a supplementary.

**Sj. Subodh Banerjee:**

আমি জানতে চাইছি তাঁর দৃষ্টি আকৃষ্ট হয়েছে কিনা যে, এরা বলছে শ্রমিকদের মাইনে বাড়ানর জন্যে কয়লার দাম বাড়াতে তাঁরা বাধ্য হয়েছেন।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মন্ত্রীমহাশয় বলেছেন যে, কলকাতাতে পরীক্ষামূলকভাবে দেখা হচ্ছে সাকসেসফুল হলে গ্রামের দিকে নজর দেওয়া যাবে। এই যে নজর দেওয়া হবে সেটা কত দিনের মধ্যে সম্ভবপর হবে?

**Mr. Speaker:**

উনি তো বলেছেন টাইম দিতে পারব না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

তা হ'লে কলকাতায় তেলের দাম যে কন্সিডারেসনএ কমাবার চেষ্টা করেছেন গ্রামাঞ্চলেও সেই কন্সিডারেসন দরকার, কারণ সেখানে তেলের দাম আরও বেশি এবং এজন্যে হার্ডসিপ বেড়েছে এটা মন্ত্রীমহাশয় জানেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

গ্রামাঞ্চলে আমরা আস্তে আস্তে চেষ্টা করব।

**Sj. Hemanta Kumar Ghosal:**

ইতিমধ্যে গ্রামাঞ্চলে কলকাতার চেয়ে দাম ইনক্রিজ করেছে এবং হার্ডসিপ বেড়েছে এটা ফ্যাক্ট কিনা?

**Mr. Speaker:**

উনি তো ফার্স্ট কোয়েশ্চেনএর উত্তরেই সেটা স্বীকার করেছেন।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

আমি প্রথমেই বলেছি সরষের তেল বিক্রি করবার মত অর্গানিজেশন আমরা ধীরে ধীরে করছি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

ফেয়ার প্রাইস শপ চালাবার মত অর্গানিজেশন কি গ্রামে নেই?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

এটা হ্যান্ড্‌ল করবার মত উপযুক্ত অর্গ্যানিজেশন প্রায় নেই।

**Sj. Hemanta Kumar Ghosal:**

আচ্ছা, গ্রামাঞ্চলের জন্য ফেয়ার প্রাইস শপ খুলবেন বলেছেন। সস্তাতে চাল দেবার ব্যবস্থার জন্য উপযুক্ত অর্গানিজেশন যদি থাকে তা হ'লে তেলের ব্যাপারে......

**The Hon'ble Prafulla Chandra Sen:**

চাল হ্যান্ড্‌ল করা যত সোজা তেল হ্যান্ড্‌ল করা তত সোজা নয়।

[3-50—4 p.m.]

**Sj. Nripendra Gopal Mitra:**

যে তেল আপনারা দিচ্ছেন তার ৭৫ টাকা ক'রে দাম দিচ্ছেন। প্রত্যেক মিলের তেলই কি এক রকম?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

এক একটা মিলে চাররকম, পাঁচরকম, ছ'রকম সরষে ব্যবহার করে। কোনটা সাদা, কোনটা কাজলা, কোনটায় তেল বেশি হয়, কোনটা 'কালার' বেশি হয়—আরও কত কী যে হয় জানি না। পাঁচ-ছ'রকম সর্ষে মিশিয়ে তারা কেনে, কোথায় এইরকম সরষে কিনছে, কারা কিনছে তা আমার জানা নাই।

**Sj. Hemanta Kumar Ghosal:**

গ্রামাঞ্চলে যেসমস্ত চালের দোকান আছে সেইসমস্ত দোকানের মারফত সস্তা তেল সরবরাহ করবার ব্যবস্থা করা যায় কিনা,—তা করতে কী কোন অর্গ্যানিজেশন নাই গ্রামে?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বর্তমানে সম্ভবপর নয়, এটা মাননীয় সদস্যের বোঝা উচিত। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার যথেষ্ট চালের স্টক আছে। সেইজন্য চালের বেলায় তাড়াতাড়ি ব্যবস্থা করা সম্ভব হয়, কিন্তু সরষের কোন কন্ট্রোল নাই বা তেলেরও কোন গভর্নমেন্ট স্টক নাই। সেইজন্য এটা এত তাড়াতাড়ি করা চলতে পারে না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

গ্রামাঞ্চলে যে হারে তেলের দাম বাড়ছে সেটা কমানোর জন্য কোন ব্যবস্থা করতে পারেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

না, এখনই পারি না।

**Sj. Ambica Cnakrabarty:**

মন্ত্রীমহাশয় যে বলেছেন তার উত্তরে যে,

"holding back of stocks of paddy by large producers"

তাতে কতটা ধান হোল্ডিং ক'রে রাখা হয়েছে তার কোন তথ্য মন্ত্রীমহাশয়ের আছে কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সরকারের এখন কোন কন্ট্রোল নাই, কর্ডন নাই, প্রোকিওরমেন্ট কন্ট্রোল নাই—কাজেই স্টক সম্বন্ধে কার কাছে কতটা আছে সে তথ্যও নাই।

**Sj. Ambica Chakrabarty:**

ঐ যে হোল্ডিং ক'রে রাখা হয়েছে সেগুলি ন্যায্য মূল্যে কিনে আনবার ব্যবস্থা করেছেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

না।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মন্ত্রীমহাশয় বলেছেন—এখানকার তেল অপেক্ষাকৃত ভাল, সেইজন্য ফেয়ার প্রাইস শপএ বিক্রয় করার ব্যাপারে সেইটাই নিয়েছেন। কিন্তু যারা সাপ্লাই করে তারা ইউ,পি-র অপেক্ষাকৃত খারাপ তেল তাতে দিচ্ছে কিনা তা অনুসন্ধান করেছেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

জানি না।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

আমার প্রশ্নের জবাবে উনি জানি না বললেন, অনুসন্ধান করেছেন কিনা তার উত্তর হ্যাঁ কিংবা না হয়; তার উত্তর "জানি না" হয় না।

[No reply.]

**Dr. Kanailal Bhattacharya:** Textiles এ 2-10 per cent. rise in the price হয়েছে সেজন্য সেলস্ ট্যাক্স একটা কারণ বলেছেন, সেলস্ ট্যাক্সএর লিমিট লোয়ার করেছেন ব'লে কাপড়ের দাম বেড়ে গিয়েছে, সেটা বন্ধ করবার বিষয় গভর্নমেন্ট কনসিডার করবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

কাপড়ের দাম বেড়েছে সংবাদ আছে কোন কোন কাপড়ের দাম ৫ পার্সেন্ট, কোন কোন কাপড়ের দাম দশ পার্সেন্ট বাড়ার আমার খবর আছে, বাইরে আবার তুলার দামও বেড়েছে, বিষয়টা একটু জটিল সেইজন্য চট্ ক'রেই কিছু করা যায় না, তবে আমরা এ সম্বন্ধে চেষ্টা করছি।

**Dr. Kanailal Bhattacharya:**

এর সেলস্ ট্যাক্স তুলে দেবার ব্যবস্থা করবেন কি?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

বর্তমানে আমাদের এ বিষয়ে কোন পরিকল্পনা নাই।

**Sj. Biren Banerjee:**

টেক্সটাইল কমিশনারকে কবে জানানো হয়েছে এবং তাঁর কাছ থেকে উত্তর কবে এক্সপেক্ট করেন?

**The Hon'ble Profulla Chandra Sen:**

আমি নোটিস চাই।

I cannot say now.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

এ সম্বন্ধে আমি এইটুকু বলতে পারি যে, কৃষ্ণমাচারীকে দিন আষ্টেক আগেও আমি বলেছি। তিনি বলেছেন যে, তিনি চেষ্টা করছেন কিছু করা যায় কিনা।

**Dr. Narayan Chandra Ray:**

প্রশ্ন করেছিলাম—কাপড়ের যে দর বেড়েছে তার পারসেন্টেজ অফ ইনক্রিজ এবং রিজনস্ ফর ইনক্রিজ, কিন্তু আপনি এখানে ইনক্রিজটা জাস্টিফাই করে রিজন্‌স ফর ইনক্রিজ পাঁচটা দিয়েছেন। আপনি একই ইনক্রিজ পাঁচ রকম মিলিয়ে টোট্যাল করেছেন, তাতে ইনক্রিজএর পারসেন্টেজ ঠিক হয় নাই।

**The Hon'ble Profulla Chandra Sen:**

আমরা অত সূক্ষ্ম হিসাব দিতে পারব না।

**Dr. Narayan Chandra Ray:**

আমি যা জানতে চাইছি তার জবাব এ নয়—

the position has been explained to the Textile Commissioner with a request to examine if the rise in price could be justified

এই জাস্টিফায়েডএর মানে কি?

The cause of the rise in price and its justification or the real rise in price and its justification?

**The Hon'ble Profulla Chandra Sen:**

আপনার জিজ্ঞাসাটা কি?

**Dr. Narayan Chandra Ray:**

আমার জিজ্ঞাসার মূল বস্তু হচ্ছে যদি এখানে মনে হয় এই যে মূল্য বৃদ্ধি—ইট ইজ নট জাস্টিফায়েড তা হলে বেঙ্গল গভর্নমেন্ট কোন এ্যাকশন কনটেমপ্লেট করেন কিনা?

**Mr. Speaker:** That is a hypothetical question.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

যদি দ্রব্যমূল্য বৃদ্ধি নিরোধ করবার জন্য সরকার অক্ষম হয়ে থাকেন—

**Mr. Speaker:** That is a hypothetical question.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

দর বৃদ্ধি রোধ করতে যখন পারছেন না, অতএব জনসাধারণের অর্থ বাঁচানর জন্য সরকার পদত্যাগ করবেন কি?

**Mr. Speaker:** That is not at all a supplementary.

**Sj. Hemanta Kumar Ghosal:**

মন্ত্রীমহাশয় কি জানাবেন—কলকাতায় ফেয়ার প্রাইস শপএ যেসমস্ত তেল সরবরাহ করা হচ্ছে সেই তেলের কোয়ালিটি খুব খারাপ, সেই তেল ব্যবহার করবার পর লোকের অসুখ করছে—এ সংবাদ তিনি পেয়েছেন কি? এবং পেয়ে থাকলে সে সম্বন্ধে কোন তদন্ত করবেন কি?

**The Hon'ble Profulla Chandra Sen:**

সে সম্বন্ধে একদম কোন সংবাদ নাই।

**Sj. Hemanta Kumar Ghosal:**

এ সম্বন্ধে কি কোন তদন্ত করবেন?

**Mr. Speaker:** That is a request for action.

**Sj. Jyoti Basu:** I would like to know from the Minister whether it is possible for him to give us a list in the Assembly of those traders from whom this mustard oil is bought by the Government.

**The Hon'ble Prafulla Chandra Sen:** There are 193 oil mills in West Bengal. We have not purchased from the traders. We have purchased from the mills.

**Sj. Jyoti Basu:** Can we get a list since very bad oil is being supplied.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** It may be that in a particular shop—not in all—where the oil is really bad I would like to know the address so that we can make a check survey.

**Sj. Gangapada Kuar:**

গ্রামাঞ্চলে সরষের তেলের দোকান আপনারা খুলবেন বলে যে চিন্তা করছেন বলেছেন, কত দিনের মধ্যে সেটা খোলা সম্ভব হবে বলবেন কি?

**The Hon'ble Profulla Chandra Sen:**

এ্যারেঞ্জমেন্ট হলে, আমাদের লোকজন সব ঠিক হলে সেটা সম্ভব হবে। আমি কোন তারিখ দিতে পারব না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

পাড়াগাঁয়ের লোককে তেল দেওয়ার কোন প্রয়োজনীয়তা মন্ত্রীমহাশয় বোধ করেন কি?

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Sj. Kanai Lal Bhowmick:**

মন্ত্রীমহাশয় বলেছেন যে, তিনি বাগমারীতে তিন দিন থেকে ফেয়ার প্রাইস শপএ যে চাল সাপ্লায়েড হচ্ছে তা খেয়েছেন, আমি জিজ্ঞাসা করছি—বর্তমানে যে তেল সস্তা দরে বিক্রয় হচ্ছে তা ব্যবহার করে দেখেছেন কি?

**Mr. Speaker:** That is not a supplementary. Questions over.

## Points of Information

[4—4-10 p.m.]

**Sj. Jyoti Basu:** Mr. Speaker, Sir, before we go on to the next item, I have two important points to mention. One is with regard to the fixing of the date for the discussion on the Five-Year Plan. Now, with regard to that, we do not know the date as yet but my suggestion is that since it is a very important debate, if the Chief Minister places a statement before the House on the Second Five-Year Plan of West Bengal and we are given at least two days' time to study it and then come back ready for discussion, it will help the discussion, otherwise if suddenly in this House on the same day a statement is made and we are asked to debate on it,

then difficulties might be created for us, as you can well understand. That is my first request—date to be fixed so that we can prepare ourselves for that debate which, according to us, is very very important—the debate on the Second Five-Year Plan.

My second point is with regard to the walk-out which we staged the other day when the Minister Shri Prafulla Chandra Sen was speaking. It seems that you have some doubts or you think that it was not a walk-out and that you had adjourned the House before we staged the walk-out in protest. It seems that you called some of the Press representatives and told them about this point. But, Sir, as far as we are concerned, we think, and I think, from the records also it might be seen, that even before the Minister finished, you had stated that if you do not like to hear him then I have the power to stop the debate and adjourn the House. You told us that you have the power but even before the House was adjourned, Shri Sudhir Chandra Ray Chaudhuri got up and he said that under these circumstances we would not like to hear the Minister and we are going out. As we started walking out, you adjourned the House and announced that the House would meet at 3 p.m. on the next day. I think the papers reported it correctly but some of them came to me and asked me what was our view of the matter, whether there was really a walk-out or not because they did not want to report incorrectly about the proceedings of the House. Therefore, as far as we are concerned, it was our impression that we had walked out because as we started walking out—in fact, some of us were outside the gate—you announced that the House was adjourned and it would meet at 3 p.m. on the next day.

**Mr. Speaker:** With regard to the first point, subject to what Dr. Roy might say, I understand that the time for the debate on the Second Five-Year Plan will be fixed on the next non-official day, that is, next Friday—not tomorrow—and I understand that the Second Five-Year Plan has already been circulated to the members.

**Sj. Jyoti Basu:** No, not yet. The sort of reports we have got—one is an earlier draft and the other is full of statistics but we are not told about the Plan and no description is given.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** The report that has been circulated is the actual decision arrived at after discussion by the West Bengal Government with the Planning Commission and the figures are there but if you want a statement to explain the figures, we will give you that.

**Mr. Speaker:** So, Friday next week is allotted for this debate on the Second Five-Year Plan and the Members will get copies.

With regard to the other point which Mr. Basu has raised, I do not know which Press has reported to him on the point which he has raised but the question is that as Speaker it is my duty to see that the Press reporting is correct and the only advice that I gave to the Press is that in future if there is a tumult and uproar in the House, they should, before reporting, consult the official proceedings. That was my advice to them and I think I am entitled to give them the advice. Secondly, as Mr. Basu has raised the question on the floor of the House, I may say that the official records do not support Mr. Basu's contention. I immediately called for the official report and I called for the Press early next morning to show them the official record. The official record states that before Shri Sudhir Chandra Ray Chaudhuri and Mr. Jyoti Basu spoke, I said that if you do not want to listen to the Hon'ble Minister,—enough debate has taken place—I have

the power to close the debate and the Hon'ble Minister was replying only to the points raised and there was no unparliamentary observation made by the Minister. That is on the record. From the speeches of Mr. Sudhir Chandra Ray Chaudhuri and Mr. Jyoti Basu as recorded, I find that there is no reference about walk-out. Mr. Basu said that the Hon'ble Minister can go out and verify and if his previous statement is found to be incorrect, he is prepared to withdraw it. Mr. Sudhir Chandra Ray Chaudhuri's speech also refers to no walk-out. He simply said, we are not prepared to listen to the Hon'ble Minister.

**Sj. Jyoti Basu:** And we are going out.

**Mr. Speaker:** That is not true. Then simultaneously with that statement I adjourned the House till 3 p.m. on the next day and the House dispersed. I consulted the proceedings and I find that there is no reference to walk-out in your speeches. Walk-out is a constitutional parliamentary right of the Opposition for protest and walk-out takes place only when the House is in session—and not between two sessions—when members make a walk-out with the leave of the Speaker in accordance with the right of the Opposition as a mark of constitutional protest, but such thing never happened. Therefore the papers which reported about the walk-out did not give the correct thing. Therefore I gave them the advice—not as complaint against the Press. I said that on future occasions whenever there is tumultuous and uproarious sitting, if they have not followed the proceedings correctly, they should consult the Secretary or the official proceedings. That was the advice that I gave to the Press.

**Sj. Jyoti Basu:** Is it the parliamentary practice that with the permission of the Speaker the Opposition has to walk out?

**Mr. Speaker:** Not with his permission, but the Speaker must be told that they are walking out.

**Sj. Jyoti Basu:** That is what we did. If it is not in the report, then it has to be corrected.

**Mr. Speaker:** I will go by the official record. Simultaneously I said...

**Sj. Jyoti Basu:** How can it be simultaneous?

**Mr. Speaker:** In the two speeches made from your side, there is no reference about walk-out.

**Sj. Jyoti Basu:** How can it be simultaneous? You were correct when you said "I have the power to close the debate". Immediately—before you adjourned the House—Sj. Sudhir Ray Chaudhuri got up and made that observation.

**Mr. Speaker:** Before Sj. Sudhir Ray Chaudhuri, you spoke.

**Sj. Jyoti Basu:** Sj. Sudhir Ray Chaudhuri was the last speaker on our side. He said, under these circumstances we do not want to listen to the Minister—we will walk-out.

**Mr. Speaker:** There is no such statement recorded in the proceedings.

**Sj. Jyoti Basu:** The point is, how can it be simultaneous? After Sj. Sudhir Ray Chaudhuri had spoken, we started walking out and then you said, the House is adjourned. This is not simultaneous—one comes after the other.

**Mr. Speaker:** Whatever it be it is not on the record.

**Sj. Hemanta Kumar Basu:** Speaker, Sir,

সুধীরবাবু ওয়াক-আউট ডিক্লেয়ার করার পর আমরা বলেছিলাম যে আমরা বেরিয়ে যাচ্ছি।

**Mr. Speaker:** I go by the official record. There is not a single word in Mr. Sudhir Ray Chaudhuri's speech saying we are going to stage a walk-out.

**Sj. Jyoti Basu:**

তাহলে ওটা কারেক্ট করতে হবে।

## Disallowance of a resolution

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** Sir, I tabled a resolution to the following effect:

In view of the steep rise in the prices of all essential commodities in recent months and consequent sharp increase in the cost of living for all categories of wage-earners in this State, this Assembly is of opinion that the Government of West Bengal should forthwith.

(a) Take necessary steps to increase the total emoluments for workers and employees working under the Government by 25 per cent;

(b) Recommend to all private employers of this State increment of total emoluments for workers and employees working under them by 25 per cent.

এই রেজলিউশনটা আমি আপনার কাছে পাঠিয়েছিলাম, আপনি তা ডিসএ্যালাউ করেছেন।

**Mr. Speaker:** That is not a matter for discussion here. You come to my chamber and I will explain to you.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি সেটা কোয়েশ্চেন করতে চাই না। আমি শুধু জিজ্ঞাসা করছি যে, আমি আপনার চেম্বারএ যাব কেন?

**Mr. Speaker:** The floor of the House is not the place for discussing that.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি আপনার চেম্বারএ যাব কেন?

**Mr. Speaker:** You have got to go. That is the parliamentary procedure.

**Sj. Ganesh Ghosh:** Sir, you have fixed up Friday after next Friday for debate on the Five-Year Plan. Are we going to get Dr. Roy's statement earlier?

**Mr. Speaker:** Yes, before the debate you will get it.

**Sj. Jyoti Basu:** In view of the fact that tomorrow we are not having the debate on the Five-Year Plan but on Friday after tomorrow, then what about the non-official day?

[4-10—4-20 p.m.]

**Sj. Jyoti Basu:**

কি করে হবে? আপনি বলছেন পরের ক্লাইডে—ফাইভ-ইয়ার প্ল্যান।

**Mr. Speaker:**

দু' ঘণ্টা যে!

**Sj. Jyoti Basu:**

কি করে হবে? সারাদিন লাগবে। ফাইভ-ইয়ার প্ল্যান ব্যালটিং হোক। মাঝে একটা দিন ফিক্স করে দিন।

**Mr. Speaker:** That may be considered later on.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** We want to finish the Panchayat Bill first.

**Sj. Jyoti Basu:**

পঞ্চায়েৎ বিল কদিন হবে জানি না। পঞ্চায়েৎ বিলের পর কি নন-অফিসিয়াল ডে হবে?

**Mr. Speaker:** If there is time we shall see.

**Sj. Jyoti Basu:**

আর একটা ইনফরমেশন আমরা জানতে চাই—এই যেসব গোলমাল হচ্ছে, এইসব গুরুত্বপূর্ণ ব্যাপারে—আচ্ছা, আমাদের টেপ রেকর্ডিং কি এখনও চলে? সেগুলি শুনতে পারি কি—কি হয় না হয়?

**Mr. Speaker:** Let the ballotting be done.

**Sj. Ambica Chakrabarty:** —

মাননীয় স্পীকার মহাশয়, রাজ্যপালের বাড়ীর দক্ষিণ দিকে উড়িষ্যা প্রত্যাগত রেফিউজিদের উপর লাঠি-চার্জ হয়েছিল ও টিয়ার গ্যাস ছোড়া হয়েছিল—সেটা এখানে জিজ্ঞাসা করাতে মুখ্যমন্ত্রীমহাশয় বলেছিলেন তিনি এনকোয়ারি করে সে সম্বন্ধে বলবেন। এ সম্বন্ধে তিনি অনুসন্ধান করেছেন কিনা এবং কি কারণে তাদের উপর লাঠি চার্জ হয়েছে এবং টিয়ার গ্যাস ছোড়া হয়েছে সেটা আমি জানতে চাই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I have received the following information from Mr. Chatterji, Joint Secretary of the Central Ministry of Rehabilitation. About 12 noon yesterday while the Union Minister was holding a conference with his senior officers he was informed that a number of displaced persons who had deserted from Orissa had collected near the gate of the Ministry of Rehabilitation's Office at 8 Theatre Road, Calcutta. After the conference was over the Minister left the office with instructions to his Joint Secretary that he should call for 5 of them and listen to what they had to say. If they liked, he would see 5 of their representatives tomorrow morning or even this afternoon at 4-30 p.m. By the time, however, an officer of this Ministry went to call 5 representatives of the deserters they had already left in a procession towards Auckland House. In fact, the deserters left 8 Theatre Road as soon as they saw the Minister had left the office.

I have got this report from the police. "Before 12 in the morning 200 or 300 refugees went to No. 8 Theatre Road, and tried to break into the premises. The local police and the Wireless Patrol arrived there immediately and prevented the refugees from forcing themselves into the

premises. They squatted there until 1-40 p.m. Meanwhile they wanted to see the Union Rehabilitation Minister and just before the Union Minister left for lunch, he asked his office to tell the refugees that he was prepared to see five representatives in the afternoon or the next morning. By the time this information could be reached to the refugees they formed into a procession and left. On the way on Chowringhee they moved in disorganised manner which obstructed traffic and the police had to move them to one side of the road to restore traffic on Chowringhee. By that time, the procession consisted of 150 to 200 persons. When they approached the prohibited zone near the South Gate of Raj Bhawan at about 2 p.m. they were asked not to enter the prohibited zone, but they paid no heed to such warning and forced themselves into the prohibited zone. They were stopped again at the south-west corner of Raj Bhawan. They started brickbatting the police and assaulted a wireless sergeant. At this stage the police had to disperse them by using 4 shells of tear gas. The refugees dispersed and 6 men and one woman were arrested. The majority of the refugees went into the Eden Gardens when the police talked to them and persuaded them to go back to Babughat. Nobody received any physical injuries. But the uniform of a wireless sergeant who was assaulted by the refugese was torn by them".

This is the report that I have got with regard to this incident. Obviously the question that arises in my mind is whether we should like this procession to take place without police permit. After all 200 persons walking round the streets and without any precautions or without any guidance from the police are naturally likely to cause disturbance in the traffic of this town. So this point will have to be considered whether they will be allowed to go about in procession from one place to another.

**Sj. Haripada Chatterjee:**

উনি যা বললেন স্যার, সেটা সর্বৈব মিথ্যা। আমি নিজে জানি যে, তাদের সঙ্গে পলিটিক্যাল ওয়ার্কারস কেউ ছিল না। নিরন্ন, বস্ত্রহীন লোক—তারা কি অবস্থায় এসেছিল তা সকলেই জানেন। অনর্থক তাদের মারা হয়েছে এবং তাদের উপর লাঠি চার্জ করা হয়েছে।

**Sj. Saroj Roy:** In future shall we have to take permission for procession then?

**Sj. Bankim Mukherji:** Is the Chief Minister aware of newspaper reports that most of the refugees did not know that it was a prohibited area and they were not going in procession? Presumably they were returning to their destination.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** My information is that they were told repeatedly that it was a prohibited area and they were asked not to enter the zone but they insisted upon going there.

**Sj. Bankim Mukherji:** I would request the Chief Minister to read the *Statesman's* report.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** A statement will certainly come out.

**Sj. Provash Chandra Roy:** Let there be a Committee

রিপোর্ট মিথ্যা। আমরা নিজেরা দেখেছি। ঘটনাটা এনকোয়ারি করার জন্য যদি একটা তদন্ত কমিটি করেন, তা হ'লে এর সত্যতা প্রমাণ হবে।

**Sj. Subodh Banerjee:**

আমি একটা কথা ব'লে রাখি—আমি জানি যে, আমি যেটা বলছি তা এ্যাসেম্বলি প্রসিডিওর আইনে বলে না, কারণ এটা করতে গেলে একটা এ্যাডজোর্নমেন্ট মোশান বা সর্ট নোটিস দিতে হবে—এগুলি করা উচিত। কিন্তু তা না করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীমহাশয়কে আমি অনুরোধ করছি যে, নীলরতন সরকার মেডিকেল হাসপাতালে যা ঘটে গেছে, সেটার উপর তিনি কাল যেন একটা বিবৃতি দেন।

**Mr. Speaker:** What is again this you want to raise?

**Sj. Subodh Banerjee:**

উনি এ বিষয়ে কাল যেন একটা স্টেটমেন্ট দেন, তা হ'লে আমাকে আর এ্যাডজোর্নমেন্ট মোশান দিতে হয় না এবং আপনাকেও কষ্ট করে সেটা টার্ন ডাউন করতে হয় না। শুধু তাই নয়, সেখানে যে ব্যাপার ঘটে গেছে তার প্রতি আমি ও'র দৃষ্টি আকর্ষণ করছি।

## GOVERNMENT BILLS

### The West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956.

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, I beg to introduce the West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, I beg to move that the West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956, be taken into consideration.

Sir, this is a very simple Bill. This Bill is going to be introduced in order to regulate the elections to the local bodies under the previous Act of 1952. Since then the Chandernagore Municipal Act has been passed and this present Bill seeks to include the Chandernagore Municipal Act within the purview of this Act. That is the main purpose of this Bill.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, ৬(১) ক্লজে যে জিনিস আছে, তাতে লেখা আছে—

"No person shall on the date or dates on which a poll is taken at any polling station commit any of the following acts within the polling station or in any public or private place within a distance of 100 yards of the polling station."

আমি [illegible] দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, চন্দননগরের মত জায়গাতে যেখানে পোলিং স্টেশন করা হয়, তার ১০০ ইয়ার্ডসএর মধ্যে অন্ততঃ ১২টা প্রাইভেট লোকের বাড়ী আছে। সেই বাড়ীর মধ্যে যদি কোন স্বামী তার স্ত্রীকে ভোটের কথা বলে, তা হ'লে তাকে একশ' গজ বাইরে গিয়ে স্ত্রীকে ভোটের কথা বলতে হবে।

**Mr. Speaker:** This existing Act is applicable.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এর আগে আপনি রুলিং দিয়েছিলেন

"In discussing an amendment the clause itself can be discussed."

[4-20—4-30 p.m.]

আমি যে কথাটা বলছি সেটা অবান্তর নয়, কারণ বাস্তবক্ষেত্রে যা হবে তাই আমি বলছি। ক্লজ ৬(১)এর প্রতি আমি তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের চন্দননগরে যেখানে পোলিং সেন্টার হয়েছিল তার ১০০ গজের মধ্যে ৫০খানা বাড়ী আছে ; সেখানে যদি কোন বাড়ীর মধ্যে প্রাইভেট কথাবার্তা হয়, তা হ'লে কি হবে, সেটা কি জালান সাহেব চিন্তা ক'রে দেখবেন? এবারে না হোক, এই এ্যামেন্ডমেন্টএর পর যেন উনি এটা চিন্তা ক'রে দেখেন। দ্বিতীয় কথা, ক্লজ ৭(১) ; এখানে বলছেন—

"No person shall on the date or dates on which a poll is taken at any polling station (a) use or operate within or at the entrance of the polling station or in any public or private place in the neighbourhood thereof."

এটা বড় সাংঘাতিক কথা। নেবারহুড দেয়ারঅফ—এর কি ডেফিনিশন? যদি কোন লোক ১০০ গজের মধ্যে যায় তা হ'লে এটা এর মধ্যে পড়বে কিনা মন্ত্রীমহাশয়কে চিন্তা করতে বলব। তৃতীয় কথা হচ্ছে, সেখানের নেবারহুডএর প্রাইভেট প্লেসএ যদি কোন

reproducing human voice such as megaphones or loudspeakers

ইত্যাদি অথবা সেই সহরের কোন বাড়ী থেকে রেডিও বাজায় বা সেখানে নবদ্বীপের কীর্তন হয় তা হ'লে এই আইনের মধ্যে পড়বে কি? কীর্তন তো

non-violent radio reproducing human voice, loudspeaker

যা নাকি রিলেটিং টু দি ইলেকশন হয় তা হ'লে কি হবে। সেজন্য এই ব্যাপারগুলো একটু চিন্তা করে দেখবেন। আপনারা ত যে কোন সময়েই চীফ্ হুইপকে দিয়ে অফিসিয়াল এ্যামেন্ডমেন্ট আনেন। এখানেও এ্যামেন্ডমেন্ট এনে এই অসুবিধাগুলো দূর করুন। কিন্তু মুস্কিল হচ্ছে আপনারা মনে করেন

wisdom is the monopoly of the Government. Opposition

এর কোন উইসডম নাই। তারপর ৭(১)বি-তে এই যে আছে

"shout or otherwise act in a disorderly manner within or at the entrance of the polling station or in any public or private place within a distance of 100 yards of the polling station."

এটার এ্যাপ্লিকেশনও ডেঞ্জারাস, কারণ এই জিনিসের অপব্যবহার আমরা চন্দননগরের ইলেকশনএর সময় দেখেছি। পুলিস অফিসাররা সাধারণতঃ একটু বেশি ওভারজেলাস হয়। পোলিং স্টেশনএর ১০০ গজের মধ্যে কোন বাড়িতে যদি স্বামী-স্ত্রী অথবা পিতা-পুত্র কথা-বার্তা বলেন তা হ'লে এমন অত্যুৎসাহী পুলিশ অফিসারও আছেন যাঁরা মনে করলে আইন দেখিয়ে তাদের হাতে দড়ি দিতে পারেন—এবং এটা কগনিজেবল অফেন্স। সুতরাং চীফ হুইপকে দিয়ে একটা অ্যামেন্ডমেন্ট আনিয়ে অনুগ্রহ ক'রে এই বিসদৃশ ব্যাপারগুলো দূর করবেন।

**The Hon'ble Iswar Das Jalan:** The object of this Bill is simply to extend the Act to Chandernagore. This Bill does not proprose to make substantive alteration in the Act itself. At the same time when my friend has raised this question I would like to point out to him that all these sections have been practically taken from the Representation of the Peoples Act and they are applicable to all Assembly elections. Therefore, all canvassing on the day of polling within 100 yards is disallowed even under the Peoples Representation Act We have simply followed that. That is applicable not only to Chandernagore but to other municipalities as well. With regard to clause 7, my friend has overlooked the later clause which says that any using or reproducing the human voice is not an offence unless it causes annoyance to any person visiting a polling station or interferes with the work of the officers or other persons on duty at the polling station. I do not, therefore, think that there is any justification for any such amendment.

I commend my motion for the acceptance of the House.

The motion of the Hon'ble Iswar Das Jalan that **the West Bengal** Local Bodies (Electoral Offences and Miscellaneous Provision) (Amendment) Bill, 1956, be taken into consideration, was then put **and agreed to.**

Clauses 1 to 6

The question that clauses 1 to 6 do stand part of the Bill **was then put** and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill **was then put** and agreed to.

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, I beg to move that the West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

আপনি যা বললেন হাউস অফ পিপল্‌স এ্যাক্টএর কথা লোক্যাল সেল্‌ফ গভর্নমেন্ট ডিপার্টমেন্ট থেকে যা ক'রে দেওয়া হয়েছে, যে লএর প্রভিশনস করেছে—
Is it imperative for them to follow the wording of the House of Peoples Act?
সেটা কি আমাদের ফলো করতে হবে? উই আর নট ইমিটেটরস। আমাদেরও ইন্টেলিজেন্স আছে। আমরা তাই প্র্যাকটিক্যাল কি কি অসুবিধা হয় তাই আপনাকে দেখিয়ে দিচ্ছি। দেশকালপাত্রভেদে আইনের প্রয়োগের মধ্যে তারতম্য ঘটে। আমি পূর্বেই বলেছি এরকম অনেক ওভারজেলাস পুলিশ অফিসার আছেন যাঁরা অনর্থক পিসফুল লোকের উপর হামলা সৃষ্টি করেন। সেইজন্য এটা সংশোধনের জন্য অনুরোধ করেছিলাম। আমরা কেন ইমিটেশন করব? লোক্যাল সেল্‌ফ গভর্নমেন্ট ডিপার্টমেন্টএর মন্ত্রী কেন উইসডম ইনপোর্ট ক'রে আইন তৈরি করবেন? ন্যানসেন্স কথা যদি বলেন দ্যাট ইজ অলসো এ রিলেটিভ টারম। আমি কিছু বললে সেটা আপনাদের কাছে ন্যানসেন্স ও চিৎকার হবে, আর মন্ত্রীমহাশয় যদি কিছু বলেন, সেটা দলীয় লোকের কাছে মিষ্টি লাগবে। সুতরাং এটা একটা রিলেটিভ ব্যাপার। সেজন্যই বলছি আপনারা উইসডম ইম্পোর্ট করেছেন।

**The Hon'ble Iswar Das Jalan:** There is no question of imitation. As a matter of fact these provisions have been found to be salutary and they have been incorporated in the Representation of the Peoples Act. Everywhere this has been put into practice and no objection has been taken. As a matter of fact just by the side of a polling station there may be a private place—I do not think my friend says that canvassing should be allowed in that private place. There cannot always be a public place near a polling station; there may be private houses adjacent to a polling station and canvassing can go on there—I do not think my friend would like such a thing. I do not think that the apprehensions are correct.

The motion of the Hon'ble Iswar Das Jalan that the West Bengal Local Bodies (Electoral Offences and Miscellaneous Provisions) (Amendment) Bill, 1956, as settled in the Assembly be passed, was then put and agreed to.

## The West Bengal Criminal Law Amendment Bill, 1956

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to introduce the West Bengal Criminal Law Amendment Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

[4-30—4-40 p.m.]

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment Bill, 1956, be taken into consideration.

Mr. Speaker, Sir, the Code of Criminal Procedure, 1898, has recently been amended by Parliament by the Code of Criminal Procedure (Amendment) Act, 1955. The Amendment Act of 1955 has added a new sub-section, namely, sub-section 2B to section 337 of the Code which deals with tender of pardon. This sub-section provides that if a person has accepted a tender of pardon in a case where the offence is punishable under sections 161, 165 or 165A of the Indian Penal Code—these sections deal with bribery and offer of bribery—or section 5(2) of the Prevention of Corruption Act, 1947, and has been examined under section 337(2), the case shall be triable by a Special Court appointed under the Criminal Law Amendment Act of 1952. Now under section 4(1) of the West Bengal Criminal Law Amendment (Special Courts) Act, 1949, all offences under the sections I have mentioned, namely, 161, 165 and 165A of the Penal Code and section 5(2) of the Prevention of Corruption Act, 1947, are triable by Special Courts constituted under the local Act. The new sub-section 2B of the Amendment Act of 1955 was originally inserted by section 5 of the Criminal Law Amendment Act, 1952, for a period of only two years. So far as West Bengal is concerned, no Special Court under the Central Act of 1952 was ever set up. As the new sub-section 2B of section 337 has been reintroduced, Special Courts under the local Act of 1949 cease to have jurisdiction to try the cases in accordance with Article 254(2) of the Constitution of India. Hon'ble Members are aware that Criminal Procedure is in the Concurrent List in our Constitution and as such by reason of Article 254(2) Special Courts under the local Act of 1949 cease to have jurisdiction to try these particular types of cases. It is therefore intended to remove this difficulty by making the new sub-section 2B inapplicable to West Bengal.

Then, Sir, section 5(1) of the local Act of 1949 prescribes that in trying a person a Special Court shall follow the procedure for trial of warrant cases under the Criminal Procedure Code, 1898. Section 34 of the Amendment Act of 1955 lays down two different procedures for trial of warrant cases, one for cases instituted on police reports and another for other cases. The procedure of trial under section 251A of the Criminal Procedure Code as introduced by the new Act prescribes a totally new procedure for the trial of warrant cases. It is obviously not desirable to adopt that procedure for trial of cases by Special Courts where serious offences are tried. The Special Court, as you are aware, is considered as a higher tribunal from which an appeal lies directly to the High Court, and in certain cases, say, for instance, charge of bribery against public officers there is provision for enhanced punishment. In view of this the old procedure of examination of prosecution witnesses before framing charge is maintained in the interest of the accused. Then again, it is well known that *de novo* trial at the instance of the accused is a handy method of delaying trial with the change of Magistrates on transfer or otherwise. Section 9(2) of the local Act of 1949 has therefore been amended following the language of section 350 of the Code of Criminal Procedure (Amendment) Act, 1955. This amendment takes away the provision for a fresh trial at the instance of the accused and gives power to the succeeding Magistrate to resummon witnesses if it is necessary in the interest of justice.

Then, clause 3 of the Bill seeks to amend section 9 of the City Sessions Court Act, 1953. This section provides that all trials before the City Sessions Court shall be by a Judge and a Jury. These provisions were

contrary to the original sections 268 and 269 of the Code of Criminal Procedure, 1898, which provided for trial by a Judge and Assessor in addition to trial by a Judge and a Jury. The local Act of 1949 received the assent of the President and prevailed over the said sections 268 and 269. These sections have now been amended by the Code of Criminal Procedure (Amendment) Act, 1955. If the amended sections stand, then all trials before a Court of Sessions shall be either by a Judge and Jury or by the Judge himself, and would be repugnant to section 9 of the City Sessions Court Act, 1953. As the City Sessions Court would take cognisance of cases now triable by the High Court, this Bill provides that they would be triable by a Judge and Jury and not merely by the Judge himself.

These are the purposes, Sir, of the Amending Bill.

**Sj. Bankim Mukherji:**

মিঃ স্পীকার স্যার, এখানে কতকগুলি অসুবিধা হচ্ছে। অবশ্য অবজেক্টস এ্যান্ড রিজনস দেওয়া সত্ত্বেও আমরা আইনজীবী নই ব'লে কিছুটা অসুবিধা হচ্ছে। প্রথমতঃ নামে। একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল ক্রিমিনাল ল এ্যামেন্ডমেন্ট বিল ১৯৫৬—বিলটার নাম করা হচ্ছে অথচ সেটা হচ্ছে গিয়ে একটা

part of the West Bengal Criminal Law Amendment Act, 1949. Whole 1949, Act

কে রিপ্লেস করছেন অথচ শুধু '৪৯ এ্যাক্টএর একটা পার্ট, একটা সেকশনএর কিছুটা চেঞ্জ করতে যাচ্ছেন, কিন্তু নাম হচ্ছে

West Bengal Criminal Law Amendment Bill, 1956.

দুটোর একই নাম, একটা

West Bengal Criminal Law Amendment Bill, 1949,

আর একটা হচ্ছে

West Bengal Criminal Law Amendment Bill, 1956.

অথচ '৫৬ হচ্ছে পার্ট এ্যান্ড পার্সেল অফ ১৯৪৯। যদি রিপ্লেসড হ'ত তা হ'লে বুঝতাম

West Bengal Criminal Law Amendment Bill, 1956,

এর মানেটা কি? কিন্তু এটা '৪৯এর একটা পার্ট অথচ একই নাম

West Bengal Criminal Law Amendment Bill, 1956.

প্রথমতঃ এটার আমার বুঝবার অসুবিধা হচ্ছে।

[4-40—4-50 p.m.]

**Mr. Speaker:** What is it you are discussing? You are to discuss the Amending Bill.

**Sj. Bankim Mukherji:**

স্যার, স্পেশ্যাল এটার লেখা আছে, ওটার নেই—এই তফাৎ। ব্র্যাকেটএ স্পেশ্যাল কোর্ট তুলে দিয়ে সেখানে লেখা হবে

Criminal Law Amendment Act, 1966,

এটা আমি বুঝতে পারি না। একই নাম, অথচ দুটো ইয়ার দেওয়া হল। যদি এমন হ'ত

West Bengal Criminal Act of 1949

তা হলে তার আমেন্ডিং এ্যাক্ট হতে পারে।

Criminal Law Amendment Act of 1956

আইনত এর নাম এ্যামেন্ডমেন্ড এ্যাক্ট। এই নাম থেকে মনে হচ্ছে যদি এটা নূতন বিল হয় তা হ'লে পর এখন প্রয়োজন হবে সমস্ত

West Bengal Criminal Law (Special Courts) 1949

তার একটা সেকসন নয়,

the whole scetion would be open for discussion

এইটাই আমার পয়েন্ট অফ অর্ডার। তা হ'লে

the whole Criminal Law Amendment Act, 1949, is going to be replaced by the West Bengal Criminal Law Amendment Act, 1956.

**The Hon'ble Sankar Prasad Mitra:** I will explain. This is a Bill which is necessary by reason of the amendment of the Criminal Procedure Code by the Parliament. Now, this Bill seeks to make necessary adjustments with regard to two Acts. If you will kindly see the Preamble—to amend the West Bengal Criminal Law Amendment (Special Courts) Act, 1949, and the City Sessions Court Act, 1953—you will find that only certain sections of these two Acts are being reopened for the purpose of adjustment and nothing more. This is a Bill which deals with both the Acts and only so far as the West Bengal Criminal Law Amendment (Special Courts) Act of 1949 is concerned, section 4 has been reopened, sections 5, 9 and 13 have been reopened and with regard to City Sessions Court, section 9 has been reopened.

**Sj. Bankim Mukherji:** What about the nomenclature?

**The Hon'ble Sankar Prasad Mitra:** The nomenclature is all right. This is a consolidated Bill.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I am not a lawyer but I command some amount of common sense. It seems that it cannot be merely an amendment of one of the Acts; it is an amendment of two Acts. Therefore it cannot be said that this Bill is only for amending the Criminal Law Amendment (Special Courts) Act because it is for amendment of two Acts.

**Sj. Bankim Mukherji:**

শুধু নোমেনক্লেচার নিয়ে গোলমাল হ'ল, কিন্তু এটা আলাদা এ্যাক্ট হবে, শুধু নামটা মিলে গেছে। একটা গোলমাল ওঠে—

Statement of Objects and Reasons

থেকে।

**The Hon'ble Sankar Prasad Mitra:** This would be an entirely separate Act.

**Sj. Bankim Mukherji:**

সভাপাল মহাশয়! আমার মনে হয় যে, এই কোর্টটার প্রথমতঃ বিশেষ কোন প্রয়োজন দেখি না। অর্থাৎ এই এ্যাক্ট পাশ না হ'লে পর যেমন স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজনসএ দেখান হয়েছে যে, সাংঘাতিক অবস্থা হয়ে যেত তা মোটেই হ'ত না। কেননা যেটুকু চেঞ্জ আসছে তার একটা হচ্ছে মাত্র এইটুকু যে, যারা পারডন নিচ্ছে তাদের ট্রায়ালএর জন্যই স্পেশ্যাল কোর্ট। এখন সে জায়গায় সেন্ট্রাল এ্যাক্টএ যেটা আছে তাতেও প্রোভাইড করা হয়েছে স্পেশ্যাল কোর্ট, সেন্ট্রাল থেকেই তা ক'রে দেওয়া হবে। সে অবস্থায় সেন্ট্রাল এ্যাক্টে যে প্রভিশন আছে সেইটাই ভাল। সেইটা তুলে দিয়ে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট তাঁদের নিজেদের হাতে এইরকম কেসএ স্পেশ্যাল কোর্টটা নিতে চাইছেন। যদি বুঝতাম সেন্ট্রাল এ্যাক্টএ এরকম প্রভিশন নাই তা হ'লে এটার প্রয়োজন আছে। কিন্তু সেন্ট্রাল এ্যাক্টএ প্রভিশন রয়েছে তা সত্ত্বেও ওয়েস্ট বেঙ্গল এ্যাক্টএ ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট কেন স্পেশ্যাল কোর্ট করছেন? এর মানে হল যে

স্পেশ্যাল কোর্ট উঠে গিয়েছে। যেহেতু কনকারেন্ট সাবজেক্ট সেইহেতু সেন্ট্রাল গভর্নমেন্ট স্পেশ্যাল কোর্ট করতে পারেন না। এইরকম কেসএ স্টেট গভর্নমেন্টএর স্পেশ্যাল কোর্ট না করাই ভাল। কারণ, প্রথমতঃ এটা একটা অফেন্ডিং বিল। একজন কন্সপিরেটর পার্ডন নিলে। নেবার পর যেসমস্ত কো-কন্সপিরেটরকে ইমপ্লিকেটেড করলে তার জন্য যেহেতু তার পার্ডন পাবার জন্য তার খুব আগ্রহ এত বেশি হয় যে, সত্যের চেয়েও একটু বেশি অতিরঞ্জিত ক'রে দেওয়া তার পক্ষে স্বাভাবিক, যাতে কনভিকশন হয়। যেহেতু এ্যাডমিনিস্ট্রেশনএর ঝোঁক আছে, প্রসিকিউটরএরও ঝোঁক আছে যে প্রসিকিউশন সাকসেসফুল হয়—এই দিক থেকে প্রেসার আসার খুব সম্ভাবনা। যিনি পার্ডন নেবেন, রাজসাক্ষী হবেন তাঁর উপর নেচারালি একটা প্রেসার আসবে এবং সেজন্য কো-একিউজডদের বেশিরকম জড়িয়ে ফেলার জন্য তাঁর পক্ষে সেটা করা স্বাভাবিক। সেইরকম জায়গায় যদি এইরকম ক'রে বিচার হয়, যদি স্টেট গভর্নমেন্ট স্পেশ্যাল কোর্ট ক'রে তা করতে চান তা হ'লে জিনিসটা খুব বেশি ইমপার্সিয়াল হবে না এবং শাসন বিভাগের তার প্রতি পক্ষপাতিত্ব নাই একথা বলা যাবে না। কাজেই এইরকম যেসমস্ত কেস, অর্থাৎ যারা এইরকমভাবে ক্ষমা করিয়ে নিচ্ছে স্টেট গভর্নমেন্টের কাছ থেকে সেটা করিয়ে নেবার পর তার সঙ্গে আর যেসমস্ত আসামী ছিল তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিতে হবে। তার পরে এমন সমস্ত অপরাধ আছে যা ক্ষমা করা যায় না। তার জন্য যদি স্পেশ্যাল কোর্ট বসিয়ে দেওয়া হয়—তা হ'লে আলাদা ক'রে বিচার হবে। কাজেই সাধারণভাবে যেসমস্ত কোর্ট আছে তার ভিতর দিয়ে হ'লে পর কিছু বলবার নাই। কিন্তু একজন লোক বিচার ও শাসন বিভাগের প্রভাব থেকে নিজেকে বাঁচাবার জন্য রাজসাক্ষী হচ্ছে বা হওয়ার চেষ্টা করছে ; তার উপর বিচার করবার জন্য যদি শাসন বিভাগ স্পেশ্যাল কোর্ট ক'রে দেন তা হ'লে পর সেখান থেকে সত্যকারের সুবিচার পাওয়ার আশা শক্ত ; অর্থাৎ, এই সাক্ষীর প্রতি এই স্পেশ্যাল কোর্টএর একটু বেশি মায়া হওয়া স্বাভাবিক এবং তার ফলে তার সঙ্গে অন্য যেসমস্ত কো-এ্যাকিউজড তাদের নির্যাতীত হওয়া সম্ভব। কেননা এই লোক এমন সাক্ষ্য দেবে যাতে ওরা জড়িত হয়, কেননা সে এমন সাক্ষ্য দেবে যাতে তার উপর থেকে দোষ স্খালনের এবং পরে ক্ষমা পাওয়ার সম্ভাবনা বেশি হবে। যদি এমন হত, যদি এদের বিচারের জন্য কোন স্পেশ্যাল কোর্টএর প্রভিশন না থাকত তা হ'লে আলাদা কথা ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে ক্রিমিনাল ল প্রসিডিওর তাতে স্পেশ্যাল কোর্টএর প্রভিশন আছে। অতএব এইসব জায়গায় হয় সাধারণ কোর্টে হবে, আর তা না হ'লে কেন্দ্রীয় সরকার থেকে যদি স্পেশ্যাল কোর্ট করা হয় তা হ'লে কোন স্টেট যেমন পশ্চিমবঙ্গ সরকার—তার সম্বন্ধে নিরপেক্ষ হবেন। অতএব সেই নিরপেক্ষ থাকার দরুণ তাঁদের কাছ থেকে একটা সুবিচারের আশা করা সম্ভব ; কারণ তাঁরা এটায় কনেকটেড হচ্ছেন না।

[4-50—5 p.m.]

সেইদিক থেকে আমি বলব—এ্যাডমিনিস্ট্রেশনএর সঙ্গে জড়িত যে ব্যক্তি—তাকে রাজসাক্ষী করবার জন্য—সেই ব্যক্তির জন্য স্পেশ্যাল কোর্ট করলে তার ভিতর দিয়ে সেই ব্যক্তির সুবিধা পাবার সম্ভাবনা আছে। সেইদিক থেকে আমার মনে হয় কেন্দ্রীয় সরকারের যে ক্রিমিন্যাল কোর্টএর প্রভিশন আছে এবং যে কনকারেন্ট লিস্ট আছে তাই যথেষ্ট। সেইজন্য ওদের হাতে আইন করবার ক্ষমতা না দিলেই ভাল হয়। তাই এই সেকসন সম্পর্কে আমার মনে হয় এর প্রয়োজন নেই।

তারপর অন্য সেকসন সম্বন্ধে আমি যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি সে বিষয়ে সংশোধনী প্রস্তাব আলোচনার সময় বলব। সেই সংশোধনী প্রস্তাব যদি স্বীকৃত হয় তা হ'লে এই ক্লজএর প্রয়োজনীয়তা থাকবে না। আমার মনে হয় এই ক্লজএর কোন প্রয়োজন নেই। আমরা স্পেশ্যাল জুরি দিয়ে যে কোর্ট করতে চাই—সেখানে জুরি করতে চাই এইজন্য—যাতে নিজ শ্রেণী দ্বারা বিচার হয়—

by their own equals, by their own compeers—

যাতে বিচার হয়।

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, Mr. Mukherji's point is that section 4 of the local Act need not be amended at all because there are Special Courts under the Central Act. Probably Mr. Mukherji does not know that by section 13 of the local Act which was amended in 1953 by the West Bengal Act XV of 1953, these sections I have referred to have already been made inapplicable so far as West Bengal is concerned and no Special Court under the Central Act has been formed in this State up till now. The only Special Courts that exist in West Bengal are Special Courts constituted under the local Act and they have got to continue. That is why this amendment is necessary. With regard to the evidence of accomplices, my friend knows that Special Courts generally try bribery cases and these bribery cases cannot be proved—we cannot have any conviction without the evidence of accomplices and evidence of accomplices must therefore continue.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal Criminal Law Amendment Bill, 1956, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

**Sj. Bankim Mukherji:** Sir, I beg to move that in clause 3, in the proposed sub-section (1) of section 9 of the City Sessions Court Act, 1953, line 6, for the words "or of its own motion" the words "by accused person or persons" be substituted.

অর্থাৎ এই সেকসনএ আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে—

"or of his own accord"

সেই জায়গায় বলতে হবে—

"by accused person or persons"—accused person or persons

যদি সে এ্যাপ্লিকেশন করে। এই

sub-section (1) of section 9 of the City Sessions Court Act, 1953,

তে বলা হয়েছে—

"if it is satisfied that the interests of justice so require, may, on application made to it or of its own motion, by order direct that any trial before it shall be by jurors summoned from a special jury list".

তার মানে হচ্ছে, এই কোর্টএর কাছে, প্রসিকিউশন যদি এ্যাপ্লাই করে, এ্যাকিউজড যদি এ্যাপ্লাই করে, তা হ'লে হতে পারবে এবং কোর্ট নিজের মোশন থেকেও স্পেশ্যাল জুরি নিযুক্ত করতে পারবে। এই তিনরকম কারণই একমাত্র কারণ যার জন্য স্পেশ্যাল জুরি হতে পারবে। সেখানে আমি বলছি—এ্যাকিউজড যদি মনে করে, স্পেশ্যাল জুরি হওয়া দরকার, তবেই স্পেশ্যাল জুরি হতে পারবে। কারণ জুরিতে—সাধারণতঃ যেরকম জুরি হয়—তাতে বিশিষ্ট শ্রেণী, প্রফেসন থেকে জুরার নেওয়া হয়। যদি কোন এ্যাকিউজড মনে করে, এই জুরি দ্বারা তার উপর সুবিচার হবে না, তা হ'লে স্পেশ্যাল জুরির জন্য সে এ্যাপ্লাই করতে পারবে। স্পেশ্যাল জুরি সাধারণতঃ যা হয় তাতে দেখা যায় হাই কোর্টএ স্পেশ্যাল জুরির যে লিস্ট থাকে, তাতে সাধারণতঃ উচ্চস্তরের লোকের দ্বারা—শিক্ষিত লোক, ব্যবসায়ী বা ঐরকম উচ্চস্তরের লোকের দ্বারা স্পেশ্যাল জুরি হয়। সেইদিক থেকে যখন কোন আসামী অভিযুক্ত হয় সে ভাবতে পারে—হয়ত সেই শ্রেণীর লোকের দ্বারা কোন দোকানদার বা মুদিখানার মুদি প্রভৃতির দ্বারা যদি জুরি গঠিত হয়—তা হ'লে সেখানে তার উপর সুবিচার

হবে না—তখন সে স্পেশ্যাল জুরি চাইতে পারে। আমাদের দেশের লোকের মনে একটা শ্রেণীবোধ আছে—একটা চেতনা আছে। অবজ্ঞাত ও অবহেলিত নীচ শ্রেণী সম্বন্ধে উচ্চ-স্তরের একটা বদ্ধমূল ধারণা আছে। সেই জায়গায় যদি স্পেশ্যাল জুরি করতে হয় এবং সেই স্পেশ্যাল জুরি যদি গভর্নমেন্ট বা কোর্ট থেকে করা হয় তা হ'লে এ্যাকিউজ্‌ডএর পক্ষে ভাল ফল হ'তে পারে না। সুতরাং এ্যাকিউজ্‌ড যদি মনে করে এটা হলেই সঙ্গত হবে। মনে করুন, অনেক কেস আছে—যেমন লেবার ভার্সাস ম্যানেজমেন্ট—তাদের মধ্যে ঝগড়া হল সেই নিয়ে যদি এইভাবে কোন স্পেশ্যাল জুরি হয়—তা হ'লে আসামীরা স্বভাবতঃই অনুভব করবে ঐ স্পেশ্যাল জুরির লোকের মনোভাব সাধারণতঃ শ্রমিকদের উপরে, ফ্যাক্টরি ওয়ার্কার্সদের উপর খুব সহানুভূতি সম্পন্ন হবে না শ্রেণী চেতনার দিক থেকে। তাদের উপর বিরাগ বা বিদ্বেষ আছে তা হয়ত নয় কিন্তু কতকগুলি বদ্ধমূল ধারণা তাদের সংস্কারের মত দাঁড়িয়ে গেছে যে, এইসব লোকগুলি যত সব গোলমাল ও বিশৃঙ্খলা সৃষ্টি করে—কথায় কথায় কার্যবিরতি—এটা করছে, সেটা করছে, ইত্যাদি, ইত্যাদি। নানারকম অদ্ভুত ধারণা—সাধারণ ভদ্রস্থানীয় মানুষের সঙ্গে কথাবার্তা বলে তাদের মধ্যেও এটা দেখতে পাই এবং উচ্চ মধ্যবিত্ত থেকে আরও উচ্চস্তরে যখন যাই, তখনও দেখতে পাই এইসমস্ত ধারণা রয়েছে। সেই জায়গায় যদি কোন এ্যাকিউজ্‌ড চায়, তা হ'লে বুঝতে পারি যে, স্পেশ্যাল জুরি হতে পারে। তা নইলে এ্যাকিউজ্‌ড যদি না চায় বা এ্যাকিউজ্‌ড যদি কোথায়ও বিরোধিতা করে তা হ'লেও যদি স্পেশ্যাল জুরি হয় তা হ'লে সেটা অন্যায় হবে। জুরি সিস্টেমএর আসল উদ্দেশ্য হচ্ছে যে, আসামীকে প্রথমতঃ ধরে নিতে হবে সে নিরপরাধ—যতক্ষণ না অপরাধ প্রমাণিত হচ্ছে অর্থাৎ আসামীকে সর্বপ্রকার সুযোগ দেওয়া এটাই হচ্ছে আজ আধুনিক বিচার ব্যবস্থা। সেইদিক থেকে বলা যেতে পারে, আসামী যদি বিশেষ, স্পেশ্যাল জুরি চান তবেই সেটা হতে পারবে। এমন অনেক দেশ আছে যেমন আমেরিকা—যেখানে জুরি নির্বাচন উপলক্ষে দিনের পর দিন চলে যাচ্ছে। প্রত্যেক জুরির মধ্যে প্রত্যেক ব্যক্তির সম্বন্ধে সেখানে হয়ত অবজেকশন চলতে থাকে—এই ধারণায় তারা এই ব্যবস্থা করছে—বহু সময় তারা নিচ্ছে—একে জুরিতে নেওয়া ঠিক হবে না কারণ এর সঙ্গে হয়ত ইন্টারেস্ট কনেকটেড। তাই জুরি ঠিক করতে কোর্টের বহু সময় যায়। সেখানে এ্যাকিউজ্‌ডদের এতখানি রাইট দেওয়া হয় এবং সেজন্য জুরি বাছাই করতে সময় লাগে। কিন্তু আমাদের এখানে জুরি সিস্টেমএর ততখানি প্রসার নেই। কিন্তু তা হ'লেও প্রত্যেক জুরি সম্বন্ধে মোটামুটি এইরকম আইন থাকা উচিত যাতে আসামী যারা, তারা সর্বপ্রকার সুবিধা পায়—এই রকম জুরি হওয়া উচিত। তাই আমার আপত্তি এবং এইজনাই আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে, স্পেশ্যাল জুরি আসামী চাইলে দিতে হবে। কিন্তু এখানে যে ল্যাংগুয়েজ রয়েছে তাতে অনেকেই এ্যাপ্লাই করতে পারে—ফরিয়াদি যদি এ্যাপ্লাই করে, তা হ'লেও স্পেশ্যাল জুরি দিতে হবে।

কোর্ট যদি মনে করে তা হ'লে স্পেশ্যাল জুরি কোর্ট নিযুক্ত করবে। এখন এই স্পেশ্যাল জুরির যে লিস্ট তাতে যদি কতকগুলি বাছাই করা লোকই এ্যাপয়েন্টেড হয় এবং কেবল তাদেরই যদি নিয়ে আসা হয় তা হ'লে আমি মনে করি বিচারের পক্ষে যথেষ্ট ক্ষতি হবে। একমাত্র আমি যেটা বলি সেই সংশোধনী গ্রহণ করলে পর সুবিচার হবে। আসামী যদি চায় তবে স্পেশ্যাল জুরি হতে পারে নইলে পর অন্য কোন কারণে স্পেশ্যাল জুরি বিচারের পক্ষে অপ্রয়োজনীয়। দ্বিতীয়তঃ এটা বিচারের পক্ষে হানিকর। এরই জন্য আমার সংশোধনী প্রস্তাব গ্রহণ করতে অনুরোধ করছি।

[5—5-30 p.m.]

**The Hon'ble Sankar Prasad Mitra:** Mr. Speaker, Sir, Sj. Mukherji has proposed that the words "or of its own motion" may be substituted by the words "by accused person or persons". The existing clause "or of its own motion" gives a discretion to the Court to order trial by Special Jury in suitable cases and, I think, Sir, this should not be fettered at all. So far as the substituted clause is concerned, the existing provision from that point of view is sufficient. I would explain the position a little further.

Sj. Mukherji has himself stated that in every Court trying criminal cases, there is a list of Special Jurors and a list of ordinary Jurors. Special Jurors are persons who are more qualified, more competent, more educated.

Now, Sir, if I accept Sj. Mukherji's amendment, the result would be that supposing a Judge trying a criminal case feels that the facts are complicated and the law applicable to those facts must be properly appreciated and that the services of a Special Jury would be required, I shall be depriving the Judge of that privilege or discretion if I accept his amendment. That discretion should be given to every Judge trying criminal cases in matters of complexities. He should have the discretion and exercise the discretion in favour of a Special Jury if he so desires. In these circumstances I oppose this amendment of Sj. Bankim Mukherji.

The motion of Sj. Bankim Mukherji that in clause 3, in the proposed sub-section (1) of section 9 of the City Sessions Court Act, 1953, line 6, for the words "or of its own motion" the words "by accused person or persons" be substituted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment Bill, 1956, as settled in the Assembly, be passed.

**Sj. Bankim Mukherji:**

স্যার, মন্ত্রীমহাশয় যা বললেন তাতে আমি অন্ততঃ মনে করতে পার্চ্ছি না যে, সেটা খুব যুক্তিপূর্ণ হয়েছে। অর্থাৎ যদি কোন জটিল আইন থাকে বা যদি কোন মামলা জটিল হয়, তা হ'লে পর সাধারণ লোক সে বিষয়ে তার সহজ বুদ্ধি দিয়ে, সাধারণ বুদ্ধি প্রয়োগ করে তার মীমাংসা করতে পারে না। আমি জানি না কোর্টে যেসমস্ত কেস হয়, অন্ততঃ সেসনস কোর্টে যা হয় তা মোটামুটি জটিল নয়—মানে তথ্যের দিক থেকে হোক, তত্ত্বের দিক থেকে হোক, আইনের দিক থেকে হোক জটিল। মাননীয় মন্ত্রীমহাশয় একথা না ব'লে যদি অন্য কোন ব্যক্তি বলতেন, তা হ'লে এতখানি অভিযোগ হ'ত না কিন্তু জুডিসিয়াল মিনিস্টার যদি একথা বলেন যে, আমাদের দেশের জনসাধারণের জুরী হবার যোগ্যতা নেই, তা হ'লে পর এটা একটা ভয়ঙ্কর রকমের কথা। হয়ত তিনি এই আইনটা পাশ করাবার আগে একথা বলে ফেলেছেন কিন্তু আমার মনে হয় যে জুরী অর্থাৎ অতি সাধারণ মানুষ, যার শুধু হিউম্যান সেন্স আছে, সেইরকম লোককে বসিয়ে দেওয়া হলে, তার সামনে জজের যে জিনিসটা জটিল সেটা খুলে সরল করে বলা দরকার যাতে একটা গেঁয়ো চাষীও বুঝতে পারে যে তার প্রতি ঠিক বিচার করা হচ্ছে—এটা হচ্ছে গিয়ে মূল ব্যাপার। সেটা জজের কাজ, অর্থাৎ এইসব জায়গায় জজ ফাঁকি দিচ্ছেন, জুরীদের তিনি ভাল করে ডাইরেকশন দিতে পারেন না, জুরীদের আইন বুঝাতে পারেন না, জুরীদের ফ্যাক্টসের জটিলতা বুঝাতে পারেন না এবং তার জন্য কতকগুলি শিক্ষিত লোক দরকার অর্থাৎ আমি যেটা মনে করছি, কতকগুলি পেটোয়া লোককে স্পেশ্যাল জুরী করবেন এবং এদিক থেকে আমি মনে করি এটা বিচারের সহায় না হয়ে সেখানে অবিচার হওয়ার সম্ভাবনাটাই বেশি হবে। এরই জন্য আমি সংশোধনী প্রস্তাব এনেছি যে, একমাত্র আসামীর অধিকার থাকা উচিত, আর কারও অধিকার থাকা উচিত নয়। কিন্তু আমার দুর্ভাগ্য, আইন-মন্ত্রী মহাশয় ভেবে দেখলেন যে, জটিল কেস হলে পর, জটিল তথ্য হলে পর, সেটা সাধারণ জুরী বুঝতে পারবে না এবং আমাদের দেশে একটা স্বায়ত্তশাসিত স্বরাজ গভর্নমেন্টের

জ্ডিসিয়াল মিনিস্টারের যদি সাধারণ জুরীর প্রতি এইরকম ধারণা হয় এবং তাদের কোন জটিল কেসে নিযুক্ত করার অনুপযুক্ত মনে করেন, তা হলে এই জজকে তাঁরা প্রশ্রয় দেবেন এবং সেটা আমাদের দেশের এবং সমাজের দুর্ভাগ্য বলে আমি মনে করি।

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I have never said that দেশের লোকের জুরী হবার যোগ্যতা নেই। I have not got the temerity to make such a suggestion. What I did say was that complicated cases do arise where large volumes of evidence would have to be analysed and scrutinised and the Judge may feel the necessity of requisitioning the services of a Special Jury. It is only for that purpose that the system of Special Jurors is maintained in this country in every Court trying criminal cases and it is from that point of view that I wanted to retain the discretion for the Judge.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal Criminal Law Amendment Bill, 1956, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[At this stage the House was adjourned up to 5-30 p.m.]

[*After adjournment.*]

[5-30—5-40 p.m.]

**The West Bengal Cement Control (Amendment) Bill, 1956**

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, I beg to introduce the West Bengal Cement Control (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, I beg to move that the West Bengal Cement Control (Amendment) Bill, 1956, be taken into consideration.

This is a simple Bill and I think there is no scope for any controversy. The Cement Control Act, 1948, was examined by the Law Revision Committee and it was found that some of the sections required amendment. Section 11 of this Act provides that any Magistrate or Bench of Magistrates empowered to try in a summary way the offences specified in sub-section (1) of section 260 of the Code of Criminal Procedure may on application by the prosecution try in a summary way any offence under this Act. The effect of this provision is that whether a person accused of an offence under the Act is to be tried summarily or not will depend upon the prosecution, that is to say on the Government. An accused tried in a summary way suffers disadvantage with regard to his right of appeal. Under section 413 of the Code of Criminal Procedure a person tried in the ordinary way and sentenced by a District Magistrate or a Magistrate of the first class to a fine exceeding Rs. 50 has a right of appeal, whereas if the accused is tried in a summary way he should have no right of appeal under section 414 of the Code of Criminal Procedure unless his sentence of fine exceeds Rs. 200. This is discriminatory and we want to amend this.

Then section 13 also needs amendment. As it stands it ousts the jurisdiction of the Supreme Court and the High Court to interfere by the issue of prerogative writs under Articles 32 and 226 of the Constitution. The section as it stands is void but it can be validated by the insertion of the words "subject to the provisions of the Constitution".

The next thing is also simple. Government under this Act under section 4 can delegate authority to any officer. There is no indication as to the status of the officer. We have indicated in this that he should be the Subdivisional Officer.

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Deputy Speaker, Sir, this Bill wants to remove certain verbal and legal inaccuracies. It is therefore only of academic interest to the ordinary consumer of cement and to the ordinary people. That will not improve the hard lot of the bona fide consumers of cement. The West Bengal Cement Control Act has completely failed in its operation. Sir, this law must have been enacted to exercise some control over the proper distribution of cement, but nowadays it is clear that the only sure market of cement is the black-market. The bona fide consumer of cement finds it very difficult to get permits in the ordinary course from the authorities who are entrusted with the duty of granting permits under the West Bengal Cement Control Act. Therefore, it is high time that the Act that is already existing should be recast; all its loopholes should be plugged; and deterrent punishment should be provided therein for those who try to evade the law and who try to create the black-market in any way. We expected a consolidated Act like that but that has not been done. As I have said, simply some legal inaccuracies and verbal inexactitudes are sought to be eliminated by this Bill.

Sir, you know how difficult it is for the bona fide consumer of cement to have permits of cement. But how is it that the cement is available in the black-market? There must be some loophole. Why is it not plugged? The ordinary modus operandi of the black-marketer is like this. The profiteers, the dalals, somehow or other get themselves ingratiated into the favour of some of the officers; they grease their palm. They do not require the cement for their own purpose but they sell the cement in the black-market. So far as we are concerned, we find it very, very difficult to get cement in the open market because we do not know how to grease the palm of the officers concerned, and our just claims are put off on some pretext or other. We suffer very much and it is high time that the Government made up their mind to bring a consolidated Act and a proper Act so that there may be really effective control on the equitable and proper distribution of cement. Now there is only a technical control but this control, like all other controls in our country, would make the suffering of the bona fide consumer unbearable and it will swell the belly of the profiteers and black-marketeers.

There is another source of supply to the black-market; that is the Public Constructions Department of the Government. Over the canal there are culverts and bridges. The Engineers prescribe 100 or 200 bags to be supplied for a particular culvert, but the person in charge of the construction would in place of the 100 or 200 bags utilise only 40 bags and send the remaining bags into the black-market. In this land of ours black-market is the real market and fair market is an exception.

[5-40—5-50 p.m.]

**Dr. Hirendra Kumar Chatterjee:** Sir, I have got something to say.

আমার শ্রদ্ধেয় বন্ধু তারাপদ বাবু যা বললেন সেটার আমি সূত্র ধরে বলব—উনি বললেন "জানি না আপনাদের এই এক্সপিরিয়েন্স আছে কিনা"। কংগ্রেস বন্ধুদের কি এক্সপিরিয়েন্স, সেটা আমার কাছে আছে। তাই ডকুমেন্টারি কংগ্রেস বন্ধুদের কি এক্সপিরিয়েন্স সেটা আমি জানাব। ১লা নভেম্বর তারিখে চন্দননগরের বাসিন্দাদের কাছ থেকে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, হুগলি, তাঁর কাছে এক পিটিশন করা হয়। এই লেখাটা আমি একটু পড়ে শোনাচ্ছি।

**Mr. Deputy Speaker:**

আপনার এটার সংগে রেলেভ্যান্সি কোথায়?

What is the relevancy of it here?

**Dr. Hirendra Kumar Chatterjee:**

আমি কন্ট্রোল সিমেন্ট সম্বন্ধে বলছি, এর সংগে ক্যাক্ট আছে, সেটা আমি দেখাচ্ছি। একক্ষণে এটা আমার পড়া হয়ে যেত—

"Although the town of Chandernagore (including Govetty) has been allotted a quota of cement this is being supplied to people outside the jurisdiction of Chandernagore to the utter detriment of interest of bona fide residents of Chandernagore. As concrete cases may I cite the following? By permit No. 8/10, dated 3rd October 1955, forty bags were supplied to Shri Narayan Chandra Majhi of Bhabanipur, Dadpur. By permit No. 16/10, dated 3rd October 1955, twenty bags were supplied to Shri Rakhal Chandra Guha of Puinan. By permit No. 13/10, dated 3rd October 1955, forty bags were supplied to Shri Prosad Chandra Das of Dwarbasini. May I respectfully draw your attention that while quite a number of bona fide residents of Chandernagore who have applied for cement prior to October, 1955, have not received any cement, people outside the prescribed zone of distribution of Chandernagore quota of cement are being supplied with impunity."

এর উত্তরে আমি তার রিপ্লাই যা পেয়েছি তা পড়ে দিচ্ছি

"I may say that during August last a representation from the Polba Mandal Congress Committee was received by the office of Subdivisional Controller of Food and Supply, Hooghly-Chandernagore-Serampore. This representation, inter alia, stressed acute scarcity of building materials specially cement in Polba p.s."

আপনারা কন্ট্রোল করলেন, কন্ট্রোল তো হ'ল, ব্ল্যাকমার্কেটিং, প্রফিটিয়ারিংও হ'ল। কন্ট্রোলএর পরে "যাও বা ছিল রয়ে বসে তাও ঘুচল বাঁদা এসে"। যার পাওয়ার কথা ছিল সে চুলোয় গেল। যারা কন্ট্রোলএর সিমেন্টএর জন্যে পিটিশন করেছিল তারা পেল না কেননা সেখানে পোলবা কংগ্রেস কমিটি চাবিকাঠি ঘুরালেন। আপনারা জানেন টিউবারকিউলোসিস হলে পরে কংগ্রেস প্রেসিডেন্ট বা সেক্রেটারির সার্টিফিকেটএর সাপোর্ট না পেলে সে রোগীর আর বাঁচবার উপায় থাকে না। তাই তো জানি রোগ থেকে আরম্ভ করে ভোগ পর্যন্ত সব কিছুই কংগ্রেসের হাতে রাখতে হবে। এই একটা ডকুমেন্ট ধরে তাই দেখালাম। তৃতীয়তঃ খাদ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি—আমার একটা খবর আছে সেটা কতটা সত্য? কন্ট্রোল করেছেন এজন্যে যে যাতে সুষ্ঠুভাবে জিনিসটা চলে সেটা দেখতে হবে। সিমেন্ট অতি প্রয়োজনীয় জিনিস, এর যাতে অপচয় না হয় সেটা অন্ততঃ মন্ত্রীমহাশয়কে দেখতে হবে। কল্যাণীতে কত হাজার ব্যাগ সিমেন্ট নষ্ট হয়েছে

because of bad protective measures

সেটা মন্ত্রীমহাশয় জানাবেন কি? সিমেন্ট কন্ট্রোল করেছেন জনসাধারণের স্বার্থে। তাই গভর্নমেন্টএর অবহেলা ও উদাসীনতার জন্যে কল্যাণীতে কত হাজার ব্যাগ সিমেন্ট নষ্ট হয়েছে তার তালিকা দিলে বিশেষ বাধিত হব।

**Sj. Biren Banerjee:**

মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, সিমেন্ট কন্ট্রোল এ্যাক্ট যেটা হয়েছে, এবং সেই এ্যাক্টএর সংশোধন যেভাবে হচ্ছে, সেখানে এই যৌক্তিকতা আমরা বুঝি যে, যদি এই এ্যাক্টএর মধ্যে কোন ল্যাকুনা থাকে, সেটা দূর করা দরকার। কিন্তু যখন এই এ্যাক্ট আমাদের সামনে আসে, তখন আমাদের কাছে দেশের সর্বসাধারণের যে অভাব-অভিযোগ, সেটা অত্যন্ত পরিস্ফুট হয়ে ওঠে। ডেপুটি স্পীকার মহোদয়, আপনি জানেন কিনা জানি না, আজকাল এই সিমেন্টএর কন্ট্রোল থাকা সত্ত্বেও এই কন্ট্রোলএর আইনটা কিভাবে প্রযোজ্য হচ্ছে, সেটা মন্ত্রিমহোদয়ের গোচরীভূত হওয়া উচিত বলে আমি মনে করি। পূর্বে যখন কন্ট্রোল ছিল, সেই সময় কিছু কিছু জায়গায় অল্প কোয়ান্টিটিতে সিমেন্ট, অর্থাৎ পাঁচ বাদে দশ ব্যাগএর জন্য এ্যাপ্লাই করলে তা

কপ্ ক'রে পাওয়া যেত। কিন্তু এখন তা পাওয়া সম্ভব নয়। কলকাতা বা হাওড়ায়, এমন বহু স্থান আছে, যেখানে দেখা যায় যে ছাত দিয়ে জল পড়ছে, এবং তা বন্ধ করবার উদ্দেশ্যে সিমেন্ট পারমিটএর জন্য দরখাস্ত করলে, প্রায় দেড় বছর ধরে এনকোয়্যারি হবার পর পাওয়া যায়। এইভাবে দেড় বছর পরে যদি সিমেন্ট পাওয়া যায়, তা হ'লে আমাদের কবর বা শ্মশানের একটা স্ল্যাবএর জন্য সেই সিমেন্ট ব্যবহার করা ছাড়া আর কোন উপায় থাকবে না। অর্থাৎ আমাদের ঘর মেরামত বা কনস্ট্রাকশনএর জন্য কোন সিমেন্ট পাওয়া যাবে না। আজকে কলকাতায় ও হাওড়ায় যে অবস্থা হয়েছে—সেখানে এক ব্যাগ সিমেন্টএর জন্য অন্ততঃ এক বছর অপেক্ষা না করলে পাওয়া যায় না। কিন্তু এই সিমেন্ট কন্ট্রোল থাকার সময়েই এর পূর্বে ব্যবস্থা ছিল যে, এক ব্যাগ কেন, দরকারমত ৫।১০ ব্যাগ পর্যন্ত সিমেন্ট সহজেই পাওয়া যেত, কিন্তু আজকাল এক ছটাক সিমেন্টও এভাবে পাওয়ার উপায় নেই। বলা হচ্ছে সিমেন্টের উৎপাদন আমাদের দেশে কম, তারই জন্য পাবলিক পারপাসএ সিমেন্ট কম পাওয়া যায়। কিন্তু সেখানে গভর্নমেন্টের দেখা উচিত—আমাদের যতখানি সিমেন্ট আছে, সেটা থেকে পাবলিক ইউটিলিটির জন্য অর্ডিনারি কনজুমার্সকে কতখানি দেব এবং গভর্নমেন্ট পারপাসএ কতখানি রাখব। তাঁদের এইসমস্ত আগে থেকে ঠিক করে রাখা উচিত এবং সেটা যাতে সুষ্ঠুভাবে বণ্টন হয় তার ব্যবস্থা করা উচিত। আমরা জানি ও দেখছি যে, পাবলিক পারপাসএ সিমেন্ট বণ্টন ঠিকভাবে, সুষ্ঠুভাবে হচ্ছে না। একটা লোকের তার ঘরের ছাদ মেরামতের জন্য দু' ব্যাগ সিমেন্টের প্রয়োজন হলে তাকে ইঞ্জিনিয়ারএর সই নিয়ে দরখাস্ত করতে হয়, তারপর এ সম্বন্ধে এনকোয়ারি ইত্যাদি হয়ে, দেড় বছর বা দু' বছর পরে সে সেই সিমেন্ট পায়। হয়ত এই দেড় বা দু বছরের মধ্যে তার ঘরের ছাদ আরও ফেটে যায়, তার আরও কিছু বেশি সিমেন্টের দরকার হয়, এবং তার জন্য তাকে আবার দু' বছর অপেক্ষা করতে হয়। এই হ'ল আপনাদের সিমেন্ট কন্ট্রোলএর অবস্থা, অথচ ব্ল্যাকমার্কেটএ যান, সিমেন্টএর যারা কারবারী তাদের বলুন, তারা দু-এক ব্যাগ ঠিক দিয়ে দেবে। মন্ত্রীমহাশয় হয়ত বলবেন, আপনারা ব্ল্যাকমার্কেটএ যান কেন? সেখান থেকে লোকে সিমেন্ট কেনে কেন? আমি বলব, তিনি যদি ঐ রকম ঘরে বাস করতেন, তা হ'লে তিনি ব্ল্যাকমার্কেট থেকে সিমেন্ট না কিনে, বসে থাকতে পারতেন না। তার কারণ, আজ বাদে কাল যদি এই সিমেন্ট না পাওয়া যায় তা হ'লে সেই ঘরে আর বাস করা চলবে না; তারই জন্য ব্ল্যাকমার্কেটে সিমেন্ট না কিনে উপায় থাকে না। সেজন্য তাঁদের ব্যবস্থার মাধ্যমেই আজ দেশের লোককে ব্ল্যাকমার্কেটে সিমেন্ট কিনতে বাধ্য করা হচ্ছে।

কালাবাজারে সিমেন্টের দর ক্রমশ বেড়ে ১১ টাকা পার ব্যাগ হয়েছে। এবং দেখা যায় সিমেন্টের দর যত বেশি হয়, তত বেশি গঙ্গামাটি এই সিমেন্টের সঙ্গে মেশে। এইসমস্ত থেকে বাঁচবার জন্য আপনারা সুষ্ঠু পরিকল্পনা করুন। যে সিমেন্ট আছে তার কত পোরসন গভর্নমেন্টের কনস্ট্রাকশনএর কাজে লাগাবেন এবং তার কতখানি পাবলিককে দেবেন সেটা ঠিক করুন; এবং সেটা যাতে সুষ্ঠুভাবে বণ্টন হয় তার ব্যবস্থা করুন। কেউ যদি পাঁচ ব্যাগ সিমেন্ট চায় তার ঘর প্রভৃতি মেরামতের জন্য, তা যেন সে তৎক্ষণাৎ পেয়ে যেতে পারে; তবেই এই কন্ট্রোল রাখার মানে হয়; নইলে আপনারা বিলে যে সেকসন করতে যাচ্ছেন, তার দ্বারা কারও কোন লাভ হবে না।

[5-50—6 p.m.]

**Sj. Ambika Chakrabarty:**

ঘুষ না দিয়ে সিমেন্ট যাতে পায় এবং যাতে সহজে পেতে পারে তার ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু তার উল্লেখ কিছু নাই। কন্ট্রোলের জন্য দুর্নীতি বেড়ে গিয়েছে, লোকের দুর্দশাও বেড়ে গিয়েছে। আমরা চাই এরকমভাবের ব্যবস্থা হউক যাতে লোক সহজে পেতে পারে এবং সিমেন্টে ভেজাল না থাকে, আর যাতে দু' বস্তা সিমেন্ট অন্ততঃ সহজে পেতে পারে তার ব্যবস্থা করা এবং [illegible] সেইরকম নির্দেশ দেওয়া উচিত।

**Mr. Deputy Speaker:**

সেরকম ত করা হয়েছে—

**power of delegation to the Subdivisional Office.**

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, I quite realise the difficulties of the public in getting supply of cement. The production of cement in India before independence was about 25 lakh tons. At the present moment the production has increased to 46 lakh tons but our demand—I mean the demand of the whole of India—at the lowest computation is 1 crore 50 lakh tons. The major quantity of the production is utilised by Government in the big projects that have been undertaken in West Bengal. Our quarterly allotment—although paper allotment—is for 55,000 tons per quarter. We hardly get 48,000—50,000 tons—not even that—and amost 50 per cent. of it is utilised by my friends, the Minister for Works and Buildings, the Minister for Irrigation—and by the District Magistrates for local development works for which they have received a lot of money as local contribution and so, very little quantity is left for distribution to the general public. But the Bill that we are considering now—the three amendments that have been proposed—has nothing to do with this although I quite appreciate the difficulties of the members and if they bring to my notice specific cases I shall certainly look into them. I will now ask the members to take the clauses one by one. I will also request Sj. Jnanendra Kumar Chowdhury to withdraw the amendment that he has proposed because we have no District Controllers now—we have only Subdivisional Controllers.

**Dr. Hirendra Kumar Chatterjee:** On a point of information. I have specifically mentioned the number of permits and dates.

**The Hon'ble Prafulla Chandra Sen:** If Dr. Chatterjee will send me the letter that he read I will certainly enquire.

**Dr. Hirendra Kumar Chatterjee:** My second point is what about the damage that I told you about the Kalyani cement quota?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I know nothing about Kalyani cement. I will find out.

**Sj. Biren Banerjee:**

আমি বলছিলাম যে আগে যে ব্যবস্থা ছিল অর্থাৎ দু'-একটা ব্যাগ সহজে পাবার ব্যবস্থা, সে ব্যবস্থা আবার চালু করবেন কিনা?

**The Hon'ble Prafulla Chandra Sen:** I shall examine this.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I can give you the information. The Central Minister informs me that very soon foreign cement would be coming mostly from Russia and then although the price, as you must have read in the paper, of the foreign cement is a little higher than the present local price he assured me that sufficient quantity would be available within the next three months.

**The Hon'ble Prafulla Chandra Sen:** We are only getting a consignment of 71,000 tons of which my friend Sj. Das Gupta has already ordered for 39,000 tons.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the West Bengal Cement Control (Amendment) Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

**Mr. Speaker:** Mr. Chaudhury, are you moving your amendment?

**Sj. Jnanendra Kumar Chaudhury:** No, Sir, I will not move.

আমি মোটামুটি জিনিস জানতে চাই। এই প্রাইসটা সেটেল করেন কে—
West Bengal Government or Central Government?

**The Hon'ble Prafulla Chandra Sen:** Central Government.

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

এখন কি কোন ইম্পোর্টেড সিমেন্ট আসে না?

**The Hon'ble Prafulla Chandra Sen:**

না। তবে আমার মনে হয় জুলাইএর দিকে সিমেন্ট পৌঁছাবে।

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

আগে যে আসত।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সেটা বন্ধ হয়ে গেছে।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:**

দু'রকম ইম্পোর্টেড সিমেন্ট আছে। একটা পাকিস্তান থেকে আসত, সেটাও ইম্পোর্টেড সিমেন্ট এবং সেটাও অবশ্য করেন। তবে সেটা এখন আসে না।

So far as India is concerned imported cement from Pakistan area is also imported cement. Now arrangements have been made to get cement from Russia and Czechoslovakia and they feel they may be getting 2 million tons which will enable the States to get on.

**Sj. Jnanendra Kumar Chaudhury:**

আর একটা জিনিস জানতে চাই। এই যে প্রাইস সেটল ক'রে দেন—সেই সেটল করার পরও দেখা যায়—এক সাবডিভিশনে একরকম প্রাইস থাকে, আর এক সাবডিভিশনে আর এক রকম।

**The Hon'ble Prafulla Chandra Sen:**

সব এক রকম হবে।

Excepting North Bengal districts where it will be Rs. 6 or Rs. 7 more. That is also the price fixed by the Government of India.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

The question that clause 2 do stand part of the Bill and then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, I beg to move that the West Bengal Cement Control (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

[6—6-10 p.m.]

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

স্পীকার স্যার,

West Bengal Cement Control Bill আনা হয়েছে কিন্তু আমি মনে করি এখন কন্ট্রোল বিল না এনে ডি-কন্ট্রোল বিল আনা উচিত। যুদ্ধের পর সিমেন্ট দুষ্প্রাপ্য হয়েছিল—সেইজন্য এই বিল এনে এ্যাক্ট করা হয়েছে। কিন্তু আজ যুদ্ধ শেষ হয়ে গিয়েছে। বর্তমান অবস্থায় সিমেন্ট কন্ট্রোল করবার কি প্রয়োজন আছে সেটা বুঝতে পারি না। তারপর চিন্তা করে দেখুন কংগ্রেসএর যে নীতি প্রত্যেকক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে—এ ক্ষেত্রেও এই নীতি প্রয়োগ করে এই বিল আনার ব্যবস্থা হয়েছে। তাদের নীতি হচ্ছে—বড়লোকের স্বার্থ দেখা এবং গরীবকে মেরে ফেলা। সেইজন্য আমি বলছি—এই যে সংশোধনী বিল এনেছেন তার কোন প্রয়োজন নেই। কেন, তা আমি বলতে চাই। এর কারণ হচ্ছে যে, তাঁরা মনে করছেন সিমেন্ট কন্ট্রোল করে বড়লোকদের স্বার্থ দেখবেন এবং গরীবদের অবস্থা সঙ্গীন করবেন। সুতরাং এর দরকার নেই। এইজন্য সেটা বলছি—আমরা দেখতে পাচ্ছি কলকাতা সহরের বুকের উপর সিনেমা হলএর সংখ্যা বেড়ে যাচ্ছে; সেইজন্য সিমেন্ট চলে যাচ্ছে। ডিস্ট্রিক্টে সিনেমা এবং কলকারখানা পাচ্ছে; তাদের স্বার্থের জন্য ডেভলপমেন্ট কর্পোরেশনএর মাধ্যমে তাদের হাতে সিমেন্ট দিচ্ছেন—তাদের স্বার্থই দেখছেন। কিন্তু গরীবের বেলায় মিডল ক্লাশ এবং রেফিউজি রিহ্যাবিলিটেশনএর বেলায় দেখতে পাচ্ছি সে সম্পর্কে যেসব ব্যবস্থা করেছেন, কলকাতার ব্যাপারেই দেখতে পাচ্ছি যারা একটা এ্যাপ্লিকেশন পাঠিয়েছে তাদের এ্যাপ্লিকেশন ২।৩ বৎসর পড়ে আছে; যারা এক বৎসরের মধ্যে পাচ্ছে তাদের ভাগ্যবান বলতে হবে। এবং তাদের একটা ডিপার্টমেন্ট আছে যেখানে সিমেন্ট কন্ট্রোল করছেন। তারপর ডিস্ট্রিক্টএর ক্ষেত্রেও দেখতে পাই যে, এক বৎসর ধরে পড়ে রয়েছে বহু এ্যাপ্লিকেশন—সিমেন্ট পারমিট পাবার জন্য।

**Mr. Speaker:** This is absolutely irrelevant.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

আমি এইজন্যই এই কথা বলতে চাচ্ছি যে, ডিস্ট্রিক্টের ক্ষেত্রে আপনারা যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তাতে সাবডিভিশনাল অফিসারকে অথরিটি করছেন তাঁর হাতেই ভার দিতে চাচ্ছেন। কেন করছেন? যেহেতু ব্ল্যাকমার্কেটিং যা হচ্ছে তা রুখবার জন্য। সুতরাং আমার বক্তব্য হচ্ছে সেখানে দেখতে পাওয়া যাবে এইসমস্ত অধস্তন কর্মচারী এই সুযোগ যাতে নিতে পারবেন। এর পিছনে যে সেন্ট্রাল নীতি আছে সেই সেন্ট্রাল নীতি যদি না আপনারা বদলান তা হলে যার হাতেই রাখুন না কেন তাতে কিছুই হবে না। লোকেরা আবেদনের পর আবেদন করবে কিন্তু কিছুই হবে না। তা পড়েই থাকবে। এখানেই আমাদের আপত্তি আছে। এইভাবে লোকদের হয়রান না করে সিমেন্ট কন্ট্রোল তুলে দিন। আপনারা বলছেন রাশিয়া থেকে সিমেন্ট আসছে, আমেরিকা থেকে সিমেন্ট আসছে এবং একথা আমরা যুদ্ধের পর থেকে আজ পর্যন্ত শুনে আসছি কিন্তু আমাদের বাড়ী রিপেয়ার হচ্ছে না; সুতরাং এ বিলের প্রয়োজন নেই।

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় স্পীকার মহাশয়, এই যে সংশোধনী বিল আনা হয়েছে—সেই কন্ট্রোল বিল সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই সংশোধনী বিলে সর্বপ্রথম যে জিনিস আসা উচিত ছিল, সেটা আসে নি। বর্তমান সংশোধনীর ভিতর দিয়ে যেসব কথা বলা হয়েছে সেইসব কথার মধ্যে কিছু কিছু ত্রুটি ও ফাঁক রয়ে গেছে। সিমেন্ট ব্যাপারে কোনরকম গলদ বা অপরাধ করার জন্য এখন যে আইন আছে—সেটাকে সংশোধন করার জন্য এই যে আইন আনা হচ্ছে, সেটা খুব ভাল কথা। কারণ সিমেন্ট খুব জরুরী ও প্রয়োজনীয় জিনিস। সেই সম্পর্কে কোথারও যদি দুর্নীতি এসে থাকে, সেখানে যথাযথ ব্যবস্থা অবলম্বন করা সরকারের নিশ্চিত কর্তব্য। এই বিলের দ্বারা সে জিনিস হলে, সেইসব দুর্নীতি রোধ হলে এই বিল নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। অন্য দিক থেকে যেভাবে এই বিল সংশোধন করা হচ্ছে তাতে ছোটখাট সাধারণ মানুষ যারা

পাবে বেশি। এইজন্য বলছি উপরে যেসমস্ত ব্যাপার চলে, তার ফলে নীচের, সাধারণ লোকেরা সিমেন্ট ২।৪।৫ বস্তা গৃহস্থ লোকেরা তাদের ঘরবাড়ী সারাবার জন্য যদি সংগ্রহ করে এবং ব্যাগএ করে নিয়ে যায় তা হ'লে রাস্তায় তাকে ধরা হয়। এইরকম একটা কেস হয়েছিল—একজন সিমেন্ট ডিলার—তার কাছ থেকে দু' ব্যাগ সিমেন্ট একজন নিয়ে যায় তাকে তখন চণ্ডীতলার দারোগা ধরে এবং তার কাছ থেকে ৪০ টাকা আদায় করে তাকে ছেড়ে দেয়। এইরকম আইনের দুর্নীতির ফলে নীচের সাধারণ মানুষ বিপন্ন হচ্ছে। সেইদিক থেকে এই আইন সংশোধন করা উচিত ছিল। কিন্তু তা এ বিলে হয় নাই। সেইদিক থেকে এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হয়েছে।

দ্বিতীয় কথা হচ্ছে, সিমেন্ট কন্ট্রোল আইন যা করা হচ্ছে তার সুষ্ঠু ব্যবস্থা বিলে থাকা উচিত ছিল। সেটা হচ্ছে—যেসমস্ত বেসরকারী প্রতিষ্ঠান আছে তাদের মাধ্যমে তদন্ত করে প্রয়োজনীয় সিমেন্ট দেওয়ার যদি ব্যবস্থা থাকত তা হ'লে গোলমাল হ'ত না।

তৃতীয়তঃ যেসমস্ত সিমেন্ট ডিলার আছে তাদের অধিকাংশই অসাধু ও দুর্নীতিপরায়ণ। আমার এমন খবর আছে যে সিমেন্টএর সঙ্গে গঙ্গামাটি মিশিয়ে ভেজাল দেওয়া হয় এবং ব্যাগএ দেখা গেছে ১৫ সের কম। এইসব জিনিস যদি এই আইনে সংশোধন করবার চেষ্টা থাকত তাহ'লে আমার মনে হয় ভাল হত। তাই এই বিলের যাঁরা উদ্যোক্তা তাঁদের অনুরোধ করছি এই জিনিসগুলি যাতে পরে সংশোধন করতে পারেন তার চেষ্টা করবেন।

**Sj. Hemanta Kumar Ghosal:**

স্পীকার মহাশয়, আমার কয়েকটা সাজেসন আছে। মাননীয় মন্ত্রীমহাশয় কিছু হিসাব দিলেন এবং সেই হিসাব থেকে মোটামুটি দেখতে পাচ্ছি যে সিমেন্টএর চাহিদা যে পরিমাণে আছে সেই তুলনায় সিমেন্ট অত্যন্ত কম এবং যেসমস্ত সরকারী কাজ হয় সেই কাজের মধ্য দিয়েই সেই সিমেন্টএর বেশি ভাগ ব্যয় হয়। যা অল্প থাকে তাতে লোকের চাহিদা পূরণ হয় না। এই হচ্ছে মূল কথা। বাইরে থেকে সিমেন্ট আমদানি করলে খানিকটা সুবিধা হবে। কিন্তু যেটুকু সিমেন্ট সাধারণ মানুষের ব্যবহারের জন্য দেওয়া হয় তারও সুষ্ঠু বণ্টন হয় না এটা সকলেই জানেন। চোরাবাজারে যেটুকু সিমেন্টএর প্রয়োজন, তা পাওয়া যায়। আমার বক্তব্য হচ্ছে, আপনারা সিমেন্ট কন্ট্রোল করছেন, এই এ্যামেন্ডমেন্ট আনছেন কিন্তু এটা খুব প্রত্যক্ষভাবে ঘটছে। এই সিমেন্টগুলি কোথা থেকে আসে? যেসব সরকারী কাজে সিমেন্ট দিচ্ছেন, বিভিন্ন হেল্‌থ সেন্টারএর কাজে সিমেন্ট দিচ্ছেন, সেই সমস্ত সিমেন্টএর মধ্য থেকে এই সিমেন্ট ব্ল্যাকমার্কেটে আসে কিনা? সাধারণ মানুষ কোথা থেকে সিমেন্ট পায় সেটা দেখা দরকার।

[6-10—6-20 p.m.]

এটা বন্ধ করবার জন্য যদি ব্যবস্থা হয় তা হ'লে যে পরিমাণ আপনারা দিচ্ছেন সাধারণের ব্যবহারের জন্য সেটা সাধারণের কাছে পৌঁছুতে পারে। এটা হচ্ছে আমার এক নম্বর প্রশ্ন। এটা চেক করবার ব্যবস্থা হওয়া উচিত।

**Mr. Speaker:**

বিলের সঙ্গে এর কোন সম্বন্ধ নাই। কেন এসব বলছেন?

You are speaking absolutely irrelevant.

**Sj. Hemanta Kumar Ghosal:**

আপনার অভিজ্ঞতা নাই, কিন্তু আমাদের যে বাস্তব অভিজ্ঞতা তাতে এর সঙ্গে সম্বন্ধ আছে, কারণ সিমেন্ট আমাদের কিনতে হয়। যেহেতু এই বিলের সঙ্গে সম্বন্ধ রেখে এ্যামেন্ডমেন্ট এনেছেন, যে ঘটনাগুলি ঘটছে সেগুলি লক্ষ্য ক'রে ইমিডিয়েটলি স্টেপ নেওয়া প্রয়োজন বলে মনে করছি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, my friend Sj. Bankim Mukherji is perfectly right when he says that the supply of cement is less and the demand is more. If a person wants to build a house and if he is

short of cement—what he gets from control is very small—then he has to buy from the black-market. This is inevitable when the supply is less than the demand. Therefore, we are in correspondence with the Central Government to let us have some factories in Bengal so that we can meet the needs of West Bengal. At the present moment all the cement factories are outside Bengal. Perhaps the honourable members do not know the usual procedure. The cement is controlled by the Central Government. For over three months the Central Government has got a Honorary Cement Controller in Calcutta and the Government of India issues permits to him and he then issues permits to big consumers like the Calcutta Corporation or the Improvement Trust and also for the refugee establishments, and the remainder are supplied to the Supply Department. On the basis of a demand made by the Supply Department they supply to the private consumers on the one hand and to the Government departments on the other.

As regards the remarks regarding Kalyani, they are absolutely nonsense and there is no truth in it. If he gives me facts I shall enquire into them as to what is really the position. The allotment is made by the Cement Controller for 20,000 tons but there is a vast difference between the allotment and actual supply. We have no control over the cement production. The Cement Controller places the allotment to Dalmia or some other firms. When we ask for cement they say the plant is not in order or that wagons are not available or that there are strikes or that contractors are not placing orders and so on and so forth. The real position is that we get a certain amount of cement to disburse amongst our people but that is too little in view of the very heavy demand. Every Tuesday for one hour we have been discussing at meetings how to solve this cement problem and this has been going on for 8 years. The main difficulty is that every day new and heavy projects are coming up and the production has not increased appreciably. In the next Five-Year Plan we are going to increase the production of cement and we hope at any rate to meet the demands of the people to some extent. In the meantime we are importing cement from two countries—Russia and Czechoslovakia and if we get it in full quantity, we may expect to improve the situation. I have told you before and I repeat again that the price of cement will be fixed by the Government of India—it is a pooled price and the price will be the same everywhere only it will be slightly more in North Bengal where the distribution is difficult on account of the transport arrangements that have to be made. So West Bengal Government have very little hand in the so-called control except what is allotted to us by the Honorary Cement Controller. I understand that in future the Government of India will appoint not merely Honorary Adviser of this type but propose to open an office here to control production and import of cement into West Bengal. I hope then we shall be in a better position to supply the needs of the people of West Bengal. I am perfectly aware of the fact as to what is happening and what difficulties are being experienced in getting cement. So long as the demand does not decrease this difficulty will not go.

**The Hon'ble Prafulla Chandra Sen:** Sir, the Hon'ble the Chief Minister has clearly depicted the whole picture as regards the availability of cement. I have nothing more to say but I would only add a few words in reply to Sj. Suhrid Mullick Chowdhury's allegation that cement is being supplied to the cinemas. I may say that we have completely banned the issue of permit of cement to cinemas.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

রেফিউজিদের যে সিমেন্টএর কোটা দেওয়া হচ্ছে সেটা কি অকল্যান্ড হাউসএর থ্রুতে দেওয়া হচ্ছে? আর একটা কথা এই যে, কল্যাণী সম্বন্ধে উনি বললেন যে, ননসেন্স। মাননীয় মন্ত্রীমহাশয় কি এনকোয়ারি করে তারপর ননসেন্স বললেন?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** If my friend has any definite information let me have it and I shall enquire into it.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

কিন্তু আপনি যেমন উত্তেজিত হয়ে বললেন তাতে তো আমার সন্দেহ হচ্ছে যে, কথাটা সত্য।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** As regards refugee rehabilitation, all works in Bengal are done by the department and the Government of India only grant the permits.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that the West Bengal Cement Control (Amendment) Bill, 1956, as settled in the Assembly be passed was then put and agreed to.

## Reference regarding the Walk-out of the Opposition

**Mr. Speaker:** Before we go to the next business, I would say a few words in connection with the other day's proceedings. Sj. Jyoti Basu raised the question of correctly recording the proceedings in the tape. I took advantage of this interval and heard the tape-recording and I found my official records are exactly the same as have been recorded by the tape. Therefore there is no question of suggesting or calling my official records incorrect. I would invite the leaders of the Opposition groups to have an experiment with the tape-recording. I think it is now working very satisfactorily.

**Sj. Bankim Mukherji:** We noticed in the official recording that in some portions there were pencil writing and in some places there were writings in ink.

**Mr. Speaker:** English portions have got to be written out in the Bengali speeches which are written in hand in pencil. You cannot draw any inference or suggestion of mala fides from that.

**Sj. Hemanta Kumar Ghosal:**

আমরা সেদিন সুধীরবাবু যা বললেন, স্পষ্ট করে শুনলাম—সবাই সেটা জানে। হঠাৎ এখানে এটা লেখা হল না আশ্চর্য কথা। তিনি পরিষ্কারভাবে দাঁড়িয়ে বলেছেন—এটা ফ্যাক্ট।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Facts are sometimes stranger than fiction!

**Sj. Bankim Mukherjee:** That is what I was going to say.

এখানে টেপ রেকর্ডিং হয় মাইকএ যখন বলা হয় তখন, নইলে নয়। আমরা সেদিন যাবার পরও মিনিস্টারদের ভিতর এবং কংগ্রেসপক্ষের বহু লোক বলেছিলেন, ও'রা গেলেন গেলেন, আমরা শুনতে চাই, বলুন—সেটাও কি টেপ রেকর্ডিং পাওয়া যায় নি?

[6-20—6-30 p.m.]

**Mr. Speaker:** I have offered that you can see the tape-recording. Sj. Jyoti Basu asked whether the tape-recording can be verified. I have verified it and I invited the members to verify if they liked.

**Dr. Hirendra Kumar Chatterjee:** I want to know whether the mike was on when Sj Sudhir Chandra Ray Chaudhury was speaking.

**Mr. Speaker:** Yes, it was on; the whole speech is recorded there.

**Sj. Kanai Lal Bhowmick:**

অফিসিয়াল রেকর্ড'এও ভুল বের হয়। গত পরশুদিন আপনাকে বলেছিলাম যে, আনরিভাইজ্‌ড্‌ এডিশনএ ভোটের নাম পর্যন্ত উঠে নি—চার-পাঁচটা নাম পর্যন্ত উঠে নি।

**Mr. Speaker:** It is unrevised; it shows that there may be mistakes. Every speech is sent to you for correction.

**Sj. Haripada Chatterjee:**

তা হ'লে একটা সত্য কথা বলি, স্যার। টেপ রেকর্ডিং কারেক্ট হয় না, টেপ রেকর্ডিং একদম ফেলিওর—অ্যাবসলিউটলি ফেলিওর। বরঞ্চ অফিসিয়াল রেকর্ড'এ ভুল কম হয়—এঁরা ভাল লেখেন।

## The West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to introduce the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Sankar Prasad Mitra:** Sir, I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956, be taken into consideration.

Mr. Speaker, Sir, large-scale acquisition of lands is going on in the district of Burdwan under the provisions of the West Bengal (Requisition and Acquisition) Act, 1948, for the Damodar Valley Project. According to the proposals received so far from the Damodar Valley Corporation the total acreage of land which is affected under this Act is 12,449.44 acres. To get quick possession lands are requisitioned under section 3 of the Act to be followed by acquisition under section 4. Most of the areas in the district of Burdwan contain underground mines and minerals. Although the proprietary rights in mines and minerals have vested in the State, under the Estates Acquisition Act, there are lessees and sub-lessees whose rights subsist. "Land" as defined in the West Bengal (Requisition and Acquisition) Act includes mines and minerals. Acquisitions of mines and minerals entail heavy amount of compensation. It is, therefore, proposed in this Bill that the Government may in appropriate cases exclude mines and minerals from acquisition. In other words, Sir, this Bill seeks to introduce in this respect the principles laid down in the Land Acquisition (Mines) Act, being Act XVIII of 1885.

These are the objects of the Bill.

The motion of the Hon'ble Sankar Prasad Mitra that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

*Preamble*

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Sankar Prasad Mitra:** I beg to move that the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Development Corporation (Amendment) Bill, 1956.**

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to introduce the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956.

[Secretary then read the title of the Bill.]

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to move that the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956, be taken into consideration.

The Statement of Objects and Reasons attached to the Bill gives the reason why we have brought this amendment. When clause 5 of the West Bengal Development Corporation Bill, 1954, was being discussed in the Assembly, there were in clause 5 certain disqualifications for membership of the Development Corporation. Many amendments from the Opposition were moved to the list of disqualifications which were not accepted by the House, but there was one amendment which was put before the Chief Government Whip making Members of Parliament and the State Legislature ineligible for membership of the Corporation; this was accepted. When, however, the amendment of the section came up for voting in the House, by some misunderstanding some members on this side voted with the others and the whole motion was lost. It will be recalled that one or two attempts were made by my friends Dr. Narayan Roy and others to reintroduce this section in the same session which was not possible. Therefore we are trying now to correct this particular section. We say that the provision for disqualification for being members of the Development Corporation is very important. We have deliberately excluded Members of Parliament and the State Legislature because we felt that in a Corporation of this type political persons should not be included.

The second reason why this amendment is placed before the House is that in section 22(1) of the West Bengal Development Corporation Act the provision was made that the Corporation may, with the permission of the Local Government, borrow money from the open market or otherwise for the purpose of raising funds for the working of the Corporation; but unfortunately the expression used there was "for raising the working capital". Now "working capital" is an expression which is a technical one, and it will indicate that the Corporation may borrow money only after it has started working and when it has obtained the capital assets and which is not possible for the Corporation to raise unless the money has been provided for the capital work. Therefore the words "working capital" have to be deleted, and I have suggested the words "for carrying out the purposes of this Act".

So these are the two sections—section 5 which contains the conditions under which persons are ineligible for being members of the Corporation; and in section 22(1) the words "for the purpose of raising its working capital" should be replaced by the words "for carrying out the purposes of this Act".

[6-30—6-40 p.m.]

**Sj. Monoranjan Hazra:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 15th September 1956.

মাননীয় স্পীকার মহাশয়, এই সংশোধনীর উত্থাপক ডাঃ রায় আগে এটা কিজন্য নাকচ হয়ে গিয়েছিল এবং কেন হয়েছিল তা বলেছেন। সেদিন যে আবহাওয়ায় আলোচনা হয়েছিল সেটা আমাদের কিছু কিছু মনে আছে। সে সম্পর্কে এমন কি এসেম্বলি প্রসিডিংস এবং রুলস পর্যন্ত বদলানো হয়েছিল এইরকম ঘটনাও ঘটে গিয়েছে। এই বিলটা অত্যন্ত উত্তেজনা সৃষ্টি করেছিল।

সভাপাল মহাশয়, এই বিলটি সেদিন খুব উত্তেজনার সৃষ্টি করেছিল। এই হাউসএর প্রত্যেক মাননীয় সদস্যের মনে আছে সেই উত্তেজনার কারণ কি? সেদিন এ বিষয়ে পুঙ্খানুপুঙ্খরূপে আলোচনা হয়েছিল। বাংলাদেশে মন্ত্রিসভা রয়েছে, সরকার চলছে, তারপরেও ডেভলপমেন্ট কর্পোরেশন করে আমরা সরকারের আড়ালে আর একটি সরকার করবার কোন প্রয়োজন আছে কিনা তা নিয়ে সেদিন এই বিলটি ছিল সর্বসমক্ষে আলোচনার বিষয়বস্তু। একটি সরকার চলছে সেখানে অনুরূপ একটা সংগঠন করবার প্রয়োজন আছে কিনা এটা স্বভাবতই প্রশ্ন উঠে। এখন পরিষ্কারভাবে এই বিলের মধ্যে আমরা দেখাচ্ছি এবং প্রত্যেক সদস্য দেখতে পেয়েছেন ডেভলপমেন্ট কর্পোরেশন নাম হলেও এর একটি ধারায় পরিষ্কারভাবে এই কথাটা আছে যে, বিজনেসলাইক ওয়েতে এই কর্পোরেশন চালাতে হবে। যেখানেতে উন্নয়নমূলক একটা ব্যবস্থা করবার আমরা আভাস পাচ্ছি সেখানেতে একটা ব্যবসাগতভাবে সংগঠন চালাবার কি প্রয়োজনীয়তা থাকতে পারে তা বুঝা দুঃসাধ্য। বিশেষ করে যে সরকার উন্নয়নমূলক কাজ করবে তার কার্যকলাপ এরকম হবে না এই ছিল সেদিনকার উত্তেজনার বিষয়। তৃতীয় উত্তেজনার কারণ যেটা মনে আছে পরিষ্কারভাবে সরকার টাকা দেবেন, সেই টাকা ডেভলপমেন্ট কর্পোরেশন সম্পূর্ণভাবে ব্যয় করবেন এবং সরকারের যে তহবিল থেকে টাকা যাবে সেই টাকার খবরদারী করবার মত অবস্থা তাদের রাখা হয় নি। এইসব ব্যাপার সেদিন যথেষ্ট উত্তেজনার সৃষ্টি করেছিল। সেদিন এই নিয়ে এমন মিসআন্ডারস্টান্ডিংএর সৃষ্টি হয়েছিল অন্তত এই বিল সম্পর্কে যে গোটা সরকার, পশ্চিমবাংলার গোটা মন্ত্রিসভা তার সমস্ত দল সেদিন এমনই উত্তেজিত হয়েছিলেন এবং নার্ভাস হয়েছিলেন—এই বিলের চরিত্র যেভাবে উদ্ঘাটিত হয়েছিল যাতে বিভ্রান্ত হয়ে ডাঃ রায় বিরোধী দলের সঙ্গে ভোট দিতে বাধ্য হয়েছিলেন—যে ডাঃ রায় জীবনে ভুল করেন নি তাঁরই এই অবস্থা হয়েছিল। আমি বলব বিলের চরিত্র এমন পরিষ্কারভাবে উলঙ্গ হয়ে পড়েছিল যে, তার মানসিক প্রতিক্রিয়া তাঁদের এদিকে ঠেলে নিয়ে এসেছিল। এখন কথা হচ্ছে এই বিলের মধ্য দিয়ে ব্যবসাগত সমস্ত জিনিসটা চালাব এই উদ্দেশ্য না থাকাই উচিত ছিল। এইভাবে জনকল্যাণমূলক রাষ্ট্রের কর্তব্য পালন করা সম্ভব হয় না। এখন যখন সংশোধন এনেছেন তখন সেসমস্ত দিকে লক্ষ্য রেখে সংশোধন করলে শোভন হ'ত। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা একদিন এখানে আলোচনা করা হবে তখন সব জিনিস আলোচনা করব। দ্বিতীয় পরিকল্পনায় এই সমস্ত যে ফেলিওর হবে তারই পদধ্বনি শোনা যাচ্ছে এখানেই। এই সব বিলে জনসাধারণের কি করবে? করবে শোষণ। সরকারী সংগঠনের মাধ্যমে কিভাবে দেশকে শোষণ করা হবে তারই নমুনা।

আমি মনে করি এইভাবে চলা তাদের উচিত হচ্ছে না। যদি মনে করেন এটা ঠিক ভাল হচ্ছে না তা হলে অন্ততঃ এই বিষয়টিকে জনমতের কাছে বিচারের জন্য উপস্থাপিত করুন। এই আমার কথা।

**Sj. Tarapada Bandopadhyay:** Sir, we remember that the West Bengal Development Corporation Act was passed in the face of stiff opposition from this side—you will remember that, Sir. Of course, they passed it by their majority. We have not been able to know from Dr. Roy or anybody else how this West Bengal Development Corporation has been acting or

how it has developed the country or whether it has developed itself only or it has developed only its members. Whatever it may be I would think that it would not be proper and it would not be wise to extend the power of the West Bengal Development Corporation to borrow money. Already there is provision as Dr. Roy has stated that the Corporation can borrow money in the open market for raising its working capital. I think, Sir, that is sufficient for the purpose of the West Bengal Development Corporation.

**Mr. Speaker:** If you are not opposing circulation then you can speak all these on clause 3.

**Sj. Tarapada Bandopadhyay:** I shall finish soon, Sir. Now, it is quite clear that the function of this Corporation and the function of other departments of Government in respect of the Five-Year Plan will be overlapping. Therefore, we do not know how this Corporation will Act. Therefore, we cannot allow the Corporation fresh powers to borrow money. Of course in this respect Dr. Roy seems to be a worthy disciple of Charbak. He is very fond of raising loans, borrowing money. He has plunged West Bengal in debts. Nobody knows who would pay the debts. Already we are indebted to the extent of Rs. 120 crores and we will borrow and borrow. We do not know who will repay. Therefore, we ourselves who expect to live for a few more years than Dr. Roy are afraid of borrowing because we have to shoulder the responsibility of repaying the money. Therefore, we will think thrice before giving anybody power for borrowing. It is a very bad thing.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

মাননীয় স্পীকার, স্যার, আমি মনোরঞ্জনবাবু যে সার্কুলেশন মোশন এনেছেন সেটা সাপোর্ট করতে উঠে এই কথা বলব, বিলের যে প্রথম ক্লজ, যাতে বলা হচ্ছে—
"this Act may be . ......"
এই প্রসঙ্গে আমি বলতে চাই, এই যে ডেভলপমেন্ট কর্পোরেশন, সে সম্পর্কে জনসাধারণ জানতে চায় যখন তাঁরা এই বিলটি ইতিপূর্বে এনেছিলেন এবং তারপর এ্যাক্ট করেছিলেন এবং এতদিন ধরে এই এ্যাক্ট হওয়া সত্ত্বেও আজকে এই ডেভলপমেন্ট কর্পোরেশনএর মাধ্যমে জনসাধারণ কি উপকার পেয়েছে। আমরা জানতে চাই, যে সময় এই বিল এসেছিল সেই সময় আমরা বলেছিলাম এর জন্য যে টাকার প্রয়োজন হবে, সেই টাকা সংগ্রহ করা সম্ভবপর হবে না যদি না এই টাকা সম্পর্কে, অর্থাৎ যে টাকাটা তাঁরা সংগ্রহ করছেন, সে সম্বন্ধে এমন একটা ব্যবস্থা না করেন, যে লেজিসলেচারের সামনে এনে, সেই টাকার হিসাব-নিকাশ সম্বন্ধে জানবার যে একটা পদ্ধতি সমস্ত গণতন্ত্রের আছে—এইভাবে ব্যবস্থা না করেন তা হ'লে সেই টাকা পাওয়া মুস্কিল হবে। আমরা দেখতে পাই, সেই জিনিসটা আজও নেই বলে, দেখা যাচ্ছে যে, যদি ঐ টাকা পাওয়া যেত, তা হ'লে আমরা দেখতাম এই ডেভলপমেন্টের কাজ সারা বাংলাদেশে সুরু হয়েছে। কিন্তু টাকা পাওয়া যায় নি বলে আজ সেই কাজ দেখা যাচ্ছে না।

[6-40—6-50 p.m.]

কিন্তু টাকা পাওয়া যাচ্ছে না বলে আজ এসেছেন। কাজেই দেখা যাচ্ছে, এই ডেভলপমেন্ট কর্পোরেশন সম্পর্কে আমরা মনে করি, যে পদ্ধতিতে তাঁরা এটা এনেছেন, প্রথম থেকে সেই পদ্ধতির পরিবর্তন করা হোক। তাঁরা যে নিজেদের হাতে পাওয়ার নিয়ে রেখে দিয়েছেন সেটা ঠিক নয়। এমন কি তাঁদের যে বিভিন্ন বিভাগ আছে, সেই সমস্ত বিভাগের কাজ যে মন্ত্রীরা করছেন এবং সেজন্য যে টাকাটা ব্যয় করা হচ্ছে তা সত্ত্বেও আবার এ্যাডিশানাল কাজের জন্য একটা ডেভলপমেন্ট কর্পোরেশন। তা হ'লে তাঁদের বহিষ্কার করুন, তাঁদের তা হ'লে প্রয়োজন কি? আর সব মন্ত্রীদের অপসারিত করে সরিয়ে দিয়ে, এই ডেভলপমেন্ট কর্পোরেশনএর হাতে
fishery, agriculture, irrigation, small-scale industries

এইসব দিয়ে দিন, দোতরফা খরচের ত প্রয়োজন দেখি না। আর তা না করে যদি স্বতন্ত্র একটা কর্পোরেশন রাখতে হয় তা হ'লে কর্পোরেশনের মধ্যে এমন ব্যবস্থা রাখা উচিত যে এজন্য যে টাকা খরচ হয় সেটা তাদের দিয়ে তুলে নিতে হবে। কিন্তু তা করা হয় নাই, আজ পর্যন্ত তাদের আন্ডারএ কোন কাজ দেখতে পাচ্ছি না। আজ পর্যন্ত

West Bengal Development Corporation

এর নাম ক'রে যে বিল আনা হয়েছে, আমাদের দেশের সামনে এটার আপনারা যে খামখেয়ালী করে আসছেন সেইটে করবার জন্যই একটা এক্সপেরিমেন্ট হিসেবে এটাকে ব্যবহার করা হবে। আননেসেসারিলি দেশের টাকা ব্যয় করা হবে এই মর্টগেজড স্টেটএর টাকা অপব্যয় করা হবে —সেইজন্য আমরা এই ধরনের যে এ্যামেন্ডমেন্ট-এর আসবার কোন প্রয়োজন আছে মনে করি না।

**Sj. Bankim Mukherji:**

আমার শুধু একটা কথা আছে, সেটা হচ্ছে সেকসন ২, যেটা চীফ মিনিস্টার ভুল করে ফেলেছিলেন সেটা এতদিন পরে সংশোধন করলেন। কিন্তু কথাটা হচ্ছে, এই যে ধারা, এই যে সিস্টেম এ নট করেজিং ইটস ওয়ার্কিং ক্যাপিটালএর জন্য না

carrying out for the purpose of the Act.

কিন্তু এতে শেষ পর্যন্ত হতে চলেছে—যা আমরা ক্রমশঃ দেখতে পাব যে, এই ডেভলপমেন্ট কর্পোরেশন বাড়তে বাড়তে এমন একটা অবস্থায় আসবে যে, স্টেটএর ফাংসনএর বেশির ভাগই এই ডেভলপমেন্ট কর্পোরেশন করবে। এবং এটা মাত্র এখানকার ব্যাপারই নয়, সারা পৃথিবীতে আজ এমনি একটা অবস্থা এসে গিয়েছে। ইংলন্ডের পার্লামেন্টের চিন্তার বিষয় হয়ে পড়েছে কতখানি কর্তৃত্ব লেজিসলেচারএর উপর থাকবে। বাজেটিংএ যা কিছু স্যাংসন তারা করবে কেন না তারা হচ্ছে অটোনোমাস কর্পোরেশন। কিন্তু প্রশ্ন উঠছে, সেখানে ট্যাক্সপেয়ারদের টাকা চলে যাচ্ছে এবং ট্যাক্সপেয়ারদের টাকা যাওয়ার মানে ট্যাক্সপেয়ারদের রিপ্রেজেন্টেটিভদের কন্ট্রোল যদি না থাকে তা হ'লে সেটা যাওয়া উচিত নয়। আজ ক্রমশঃ সারা পৃথিবীতে দেখা যাচ্ছে—এইরকম সব কর্পোরেশনএ সোস্যাল ইন্সিওরেন্স প্রভৃতি নানা প্রকারের স্টেটএর বহু ফাংসান এইসব অটোনোমাস কর্পোরেশনএর ভিতর এসে যাচ্ছে। অথচ গভর্নমেন্ট একটা মোটা টাকা তার উপর খরচ করছেন। কিন্তু তাদের বাজেটের উপর কোন কন্ট্রোল নাই। যেমন চীফ মিনিস্টার মহাশয় কদিন আগে বলেছেন দামোদর ভ্যালি কর্পোরেশনের উপর তাঁদের কোন কর্তৃত্ব ত দূরের কথা, কোন সুপারিশ পর্যন্ত চলে না। অথচ এই ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টকে একটা বিরাট টাকা দামোদর ভ্যালি কর্পোরেশনকে দিতে হয় এবং সেখানে বলবার আমাদের কোন অধিকার নাই। তার বাজেটের ব্যাপারে এখানকার সরকারের বিন্দুমাত্রও কর্তৃত্ব নাই।

সেইজন্য আমার যেটা বক্তব্য ছিল, সেটা যদি করতে পারেন ত ভাল। নৈলে এর পরে আবার করতে হবে, এই যেসমস্ত ডেভলপমেন্ট কর্পোরেশন হবে তাদের

budget must be placed before the Assembly.

সে বাজেটের প্রথম পর্যায়েই এখানে এই এ্যাসেমব্লিতে ডিসকাসন হওয়া প্রয়োজন। নইলে ও'রা করবেন কি, আমাদের যে জেনারাল বাজেট ডিসকাসন তার মধ্যে এটাও একটা আইটেম থাকবে এবং অন্যান্য বহু গ্রান্টএর ভিতর এই একটা গ্রান্ট নিয়ে আমরা হাফ এ ডেও ডিসকাসান করতে পারব না। যারা নাকি নিজেদের ওয়েলফেয়ার স্টেট বলেন তাদের এ ব্যবস্থা করা উচিত যে, যারা নাকি

elected representative of the people in the Assembly and Parliament

তাদের একটা কন্ট্রোল ওদের বাজেটের উপর থাকা উচিত। আমি চীফ মিনিস্টার মহাশয়কে বিশেষভাবে বলছি, তাঁর এটা মনে রাখা উচিত। এত বড় একটা কর্পোরেশনএর ব্যাপার জেনারাল বাজেটের সময় বিশেষভাবে আলোচনা হতে পারে না। এর জন্য একটা স্পেশ্যাল প্রভিশন থাকা উচিত। কেননা এই ডেভলপমেন্ট কর্পোরেশনএ বহু বহু টাকা খরচপত্র হবে,

এমনকি একটা গভর্নমেন্টের রাজস্বের চেয়েও বেশি টাকা খরচ হবে সুতরাং সেখানে এই অ্যাসেম্বলির সভ্য যারা রিপ্রেজেন্টেটিভ অফ দি পিপল তাদের একটা অন্ততঃ controlling voice regarding his budget policy থাকা একান্ত দরকার বলে আমি মনে করি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, the amendment to this Bill consists of two motions—motion for circulation and amendments to two clauses of the original Act. Supposing this Bill is circulated, what happens? The original Act continues and, Sir, evidently my friends opposite are not anxious to stop the operation of clause 5, viz., the disability section What they say is about the words "working capital". Probably my friends have forgotten the provisions of the Act. The provisions of the Act say, "The State Government may provide to the Corporation any capital that may be required by it for the purpose of carrying on its undertakings or for purposes connected therewith on such terms and conditions not inconsistent with the provisions of the Act"—the State Government may. Then it says, "The Corporation may supplement its capital by issue of shares." The third section is "The Corporation may with the approval of the State Government borrow money in the market or otherwise for the purpose of raising its working capital."

Sir, the word "working" was put in there inadvertently because the other two classes of raising money refer not to any particular type of the capital but to the whole capital as it is. Therefore, even if it is not accepted the Government can give money as also the Corporation can raise money by issuing shares. Therefore, I do not think it makes much difference.

So far as the objection to the Corporation is concerned my friend Shri Bankim Mukherji generally is well informed, but in this case he has missed the bus. The Act says, "A copy of the budget shall be placed before the State Legislature as soon as may be after the same is prepared". That provision is there and therefore there is no necessity for him to make an appeal that the budget should not be a part of the ordinary budget, it should be a budget for the Corporation. The members of the Corporation have been selected but in making the rules we found this discrepancy, and consequently in making the rules we felt that the time has come when we should find out what disability there is. My friend says, "What have you done?" We are proceeding cautiously. Now the Corporation budget at the present moment has no shape or form where the assets can be transferred to the Corporation but it may be done later on and we are proceeding very cautiously. It is after all public money and the Government have to be very careful as to how the projects that are contemplated by the Corporation are given effect to and whether the boards that have to be formed will be formed after due caution.

One of the projects that I have been thinking of was the question of removing the slums of the city. It is possible that we may have to bring in a legislation for that purpose but before I do so—I have made up my mind—I will ask the leaders of the different Opposition groups to sit down and plan out something of that type. It may be relegated to a Housing Board or the Slum Clearance Housing Board or something of that sort. Therefore, Sir, I do not think there is any object in circulating the Bill as it stands because it serves no purpose which my friend has in view.

[6-50—7-3 p.m.]

The motion of Sj. Monoranjan Hazra that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by 15th September, 1956, was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

### Clause 2

**Sj. Jyotish Joarder:** Sir, I beg to move that in clause 2, in the proposed section 4A, the sub-section (f) be omitted.

মাননীয় স্পীকার মহাশয়, এই

West Bengal Development Corporation

এর যে এ্যামেন্ডমেন্ট এসেছে তার মধ্যে আমার একটা এ্যামেন্ডমেন্ট আছে এবং সেটা হল ঐ দু নম্বর সেকসনএ এফ সাব-সেকসন। সেখানে যে কথাটি আছে যে

If he is a member of Parliament or of any State Legislature

তা হ'লে ডিসকোয়ালিফিকেসনএর কথা আসে, কিন্তু এটা কেন এখনে আইন করে করতে হচ্ছে সেটা আমি ঠিক বুঝতে পারছি না। কারণ এই কর্পোরেশনএর নিয়োগ, বদল এবং বরখাস্ত করা, সুপারসিড করা, এর সমস্ত আইনকানুন প্রভৃতি, সমস্ত কিছু নির্ধারণের ব্যাপার এবং এই কর্পোরেশন গঠন করার ব্যাপারে কাকে নেওয়া হবে, না নেওয়া হবে সমস্ত অখণ্ড ক্ষমতা সরকারের হাতে যেখানে রয়েছে, সেখানে সেইসব সত্ত্বেও যেখনে সাব-সেকসন এ-তে আছে যে, পাগল, বিকৃতমস্তিষ্ক লোককে নেওয়া হবে না, সেখানে আমি বুঝতে পারি না যে, সরকারের এমন অবস্থা কি হয়েছে যে, যার ফলে তারা বিকৃতমস্তিষ্ক লোকের মধ্যে থেকেও ভুল করে রিক্রুট করতে পারেন এই কর্পোরেশনএর ব্যাপারে। কাজেই এটি ঠিকই ঐরকমভাবে যাঁরা এম, এল, এ, বা এম, পি-দের তাঁরা নেবেন না এবং নিলেও তাঁরা কাদের নেবেন তা আমরা জানি। সেই নেওয়াটা যখন তাঁদের কাছে নির্ভর করছে, তখন নেওয়া হবে না ব'লে একটা আইন করে যে বন্ধ করা হচ্ছে তার তাৎপর্যটা কি। এর তাৎপর্য হিসাবে আমার যা মনে হচ্ছে সেটা হচ্ছে এই যে, এর তাৎপর্যটা খুব সহজ নয়। শুধু এম,পি এবং এম,এল,এ-কে যে নেওয়া হবে না তা নয়, বরং এখানে আসল তাৎপর্য রয়েছে যে, ঐ যে বি উপধারা যে আছে তাতেই রয়েছে। যদিও এই সেকসানটির উপাধি হচ্ছে ডিসকোয়ালিফিকেসন ফর মেম্বারশিপ তবুও কার্যতঃ সেখানে নূতন করে একটা বিশেষ পর্যায়ের লোককে কোয়ালিফাই করবার জন্যে এই নামটি দেওয়া হয়েছে। সরকার যা করেন সেটা সব সময়ে উলটো ক'রে করেন, সংশোধন করলে ভুল জায়গায় করেন। এখানে আসল কথাটি হচ্ছে, এই যে ওল্ড এ্যাক্টএতে ১০ নম্বর সেকসনএ আছে

"No person who has, directly or indirectly by himself or his partner or agent, any share or interest in any contract by or on behalf of the Corporation or in any scheme undertaken by the Corporation shall become or remain an officer or servant of the Corporation."

এখানে একটা ডিসকোয়ালিফিকেসনএর কথা দেখা যায়। অর্থাৎ যারা অফিসার এবং সারভান্ট হবেন তাঁদের বেলাতেই এটা দেখা যায়। এটা দেখলে প্রথমতঃ মনে হয় যে, এই জিনিসটাকে সম্প্রসারণ করে আরও বৃহত্তর ক্ষেত্রে প্রয়োগ করলে যদি একটি সত্যি সিলেকটিভ করা থাকত

তা হ'লে কারুর আপত্তি হয়ত হত না। কিন্তু এখন হচ্ছে কিনা শেয়ারহোল্ডার যাঁরা থাকবেন এবং একটা বিশেষ কন্ট্রোল যাদের কাছে দেওয়া হবে, সেইসব কোম্পানির সংগে যাঁদের শেয়ার-হোল্ডিং ব্যবস্থা থাকবে তাদের ডাইরেক্টর মাত্র বাদ পড়বেন এবং ডাইরেক্টর ছাড়া যেসব লোক রয়েছেন তাদের মধ্যে মাল্টি-মিলিয়নারেরা অনায়াসে এই সুযোগে সেখানে প্রবেশের পথ পাবেন অর্থাৎ তাঁরা বাহিরে কন্ট্রাক্ট নিয়ে যাবেন এবং সেই কন্ট্রাক্ট আনবার ব্যাপারে এখানে তাঁদের প্রাধান্য থাকবে ও তাঁদের প্রভাবে একটা পাপচক্র সৃষ্টি হবে। এইভাবে যে উদ্দেশ্যে এই ডিসকোয়ালিফিকেশন কথাটি এনেছেন সেটা বাস্তবে ডিসকোয়ালিফিকেশন নয় বরং একটা বিশেষ পর্যায়ের লোককে সেখানে কোয়ালিফাই করতে চাচ্ছেন। সেই সমস্ত লোক এর মধ্যে এলে পর ব্যবসা করতে গিয়ে কর্পোরেশনকে বিপন্ন করে তাঁদের নিজেদের ব্যক্তিগত স্বার্থের জন্য তাঁরা কন্ট্রাক্ট এবং প্রভাব বিস্তার করবেন। অর্থাৎ তাঁদের আস্কারা দেবার জন্যেই সমস্ত ব্যবস্থা হচ্ছে। অতএব আমি বলছি যে, এর আসল উদ্দেশ্যটা এখানে পরিষ্কার বলে এর সংশোধনে যে কথাটা আমি তুলছি তাতে ঐ প্রশ্নটা আমি পরিষ্কার করে জানতে চাচ্ছি যে, কেন এই জিনিসটা করা হচ্ছে এবং বিশেষ করে এফ্ সাব-ক্লজ যেটা আছে সেটার কোন প্রয়োজনীয়তা আছে কিনা। সরকারের হাতে নিয়োগ, বদল, বাজেয়াপ্ত প্রভৃতি সমস্ত ব্যাপারই যখন রয়েছে তখন বিশেষ করে এম,পি, এম,এল,এ-দের একটা আইন করে বাতিল করার কি প্রয়োজন থাকতে পারে তার তাৎপর্যটা আমি বুঝতে চাই।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I oppose the amendment which my friend has put forward. With regard to all the other disqualifications, they are practically, word by word, the same as were presented in the Bill. As I said before, the Bill would have been accepted then with the amendment of the Chief Whip, viz., that no person who is a Member of Parliament or a Legislature should be in the Corporation. That was accepted by the House although technically it was not put into the Act because the main section was thrown out. At the present moment, what we are doing is that we are reproducing the provisions of the old Bill plus my friend the Chief Whip's amendment, as accepted by the House and, I think, there is no reason why the ordinary politician should be in the Corporation.

The motion of Sj. Jyotish Joarder that in clause 2, in the proposed section 4A, the sub-section (f) be omitted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble.

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to move that the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

**Dr. Hirendra Kumar Chatterjee:**

আমার বক্তব্য হচ্ছে, যেটা ছিল—

if he is not a resident of West Bengal

সেই জিনিসটা তুলে দেবার কি কারণ থাকতে পারে সেটা বুঝতে পারি না। এ জিনিসটার প্রতি আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এর উদ্দেশ্য যদি তিনি প্রমাণ

করেন, তা হ'লে দেখবেন যে, এর উদ্দেশ্য ভাল। তার কারণ হচ্ছে এই ওয়েস্ট বেঙ্গল ডেভলপমেন্ট কর্পোরেশনএর মধ্যে আমরা জানি, যাদের ওয়েস্ট বেঙ্গল সম্বন্ধে কোন স্বার্থ নেই—কোন ইন্ট নাই—যাদের ইন্ট ওয়েস্ট বেঙ্গলএর বাইরে, সেইরকম লোক যদি ডেভলপমেন্ট কর্পোরেশনের মধ্যে থাকে তা হ'লে ওয়েস্ট বেঙ্গলএর ডেভলপমেন্ট না হয়ে ব্যক্তিগত ডেভলপমেন্ট হবে—এই কথাটাই বুঝাতে চাই। সেজন্য প্রবোধবাবু যে জিনিসটা চেয়েছেন সেটা প্রণিধান করে যদি সদস্য নির্বাচন করেন তা হ'লে ভাল হবে এবং ডেভলপমেন্ট ব্যাপারে বাংলাদেশের লোকের স্বার্থ বজায় থাকবে। কারণ বর্তমানে আমাদের দেশের লোকের একটা বিশ্বাস দাঁড়িয়ে গেছে যে, ডেভলপমেন্ট যা হচ্ছে তার মধ্যে ওয়েস্ট বেঙ্গলএর স্থানীয় লোক —দুর্দশাগ্রস্ত যে লোক আছে—তাদের ডেভলপমেন্টএর চেয়ে ওয়েস্ট বেঙ্গলএর বাইরে যাদের স্বার্থ বেশি আছে তাদের স্বার্থের দিকেই বেশি নজর দেওয়া হয় এবং তারাই বেশি লাভ করে। এইদিকে প্রধানমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আমি আকর্ষণ করছি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, the reason why we do not want to accept this idea is that there may be residents in West Bengal who are very undesirable. Let us say a Kabuli money-lender. He is a resident of West Bengal whereas a very desirable man may or may not be resident of West Bengal and yet may be a very great asset. He might be living just outside Bengal. He might be a resident of Jamshedpur or Dhanbad or some other place like that. We should not have restriction of this type. Therefore I oppose that.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Development Corporation (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

**Sj. Jyoti Basu:**

টেপ রেকর্ডিং যে আমরা শুনব, প্রসিডিংস যে আমরা দেখব সাইমালটেনিয়াসলি হয়েছে কিনা ইত্যাদি কথাগুলি কখন সেটা হবে?

**Mr. Speaker:** I will invite party leaders to meet me in my chamber at 2-30 p.m. tomorrow.

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I beg to introduce the Calcutta University (...).

**Dr. Kanailal Bhattacharya:** It is already past 7. Let us disperse.

**Mr. Speaker:** Order, order. There are some speakers. So we may adjourn the House till 3 p.m. tomorrow.

## Adjournment

The House was accordingly adjourned at 7-3 p.m. till 3 p.m. on Friday, the 13th July, 1956, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 13th July, 1956, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 195 Members.

### STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[3—3-10 p.m.]

**Establishment of Health Centres in Jhargram subdivision, Midnapore district**

***22. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister in charge of the Public Health Department be pleased to state—

(ক) ঝাড়গ্রাম মহকুমার Regional Health Committee গোপীবল্লভপুর, নয়াগ্রাম ও সাঁকরাইল থানার প্রত্যেক থানায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোথায় কোথায় উক্ত কমিটি স্বাস্থ্যকেন্দ্রগুলি সংস্থাপনের প্রস্তাব করিয়াছেন,

(২) তাহার মধ্য হইতে কোন্ কোন্‌টি সরকারের অনুমোদন লাভ করিয়াছে, এবং

(৩) অনুমোদিত স্বাস্থ্যকেন্দ্রগুলির কাজ কবে আরম্ভ হইবে?

**Minister for Medical and Public Health (The Hon'ble Dr. Amulyadhan Mukharji):** (ক) হ্যাঁ।

(খ)(১) গোপীবল্লভপুর থানা—নয়াবাসন, ইউনিয়ন নং ৪;

সাঁকরাইল থানা—[illegible], ইউনিয়ন নং ৩;

নয়াগ্রাম থানা—জেলা বোর্ড ডিস্‌পেন্‌সারী সংলগ্ন স্থান।

(২) প্রস্তাবগুলি জেলা কমিটির সহিত পরামর্শক্রমে সরকারের বিবেচনাধীন আছে।

(৩) প্রশ্ন এখন উঠে না।

**Sj. Dhananjoy Kar:**

এই প্রস্তাবগুলি কতদিন আগে গভর্নমেন্টের কাছে এসেছিল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বিভিন্ন সময় এসেছিল, ১৯৫০, ১৯৫৪, ১৯৫৫ সালে।

**Sj. Dhananjoy Kar:**

১৯৫০ সাল থেকে [illegible] এসেছে আজও সেগুলি কি বিবেচনাধীন আছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

জায়গার অসুবিধা ছিল। হেল্থ সেন্টার যেরকম জায়গায় করতে চাই সেরকম জায়গা সর্বত্র মেলে না। ইতিমধ্যে কিছু হেল্থ সেন্টারএর স্থান হয়েছে। আশা করি অল্প সময়ের মধ্যে হয়ে যাবে।

**Sj. Dhananjoy Kar:**

যেখানে অল্প কিছু বেড হয়েছে সে জায়গাগুলির নাম বলতে পারেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেটা বলতে পারব না, স্থানীয় লোকেরা ভাল জমির ব্যবস্থা না করলে কিছু করা সম্ভব নয়। যেখানে পাওয়া গিয়েছে সেখানেই ব্যবস্থা করেছি।

**Sj. Dhananjoy Kar:**

আচ্ছা, গোপীবল্লভপুর থানায় হেল্থ সেন্টারএর জন্য যে জায়গা দিতে চাওয়া হয়েছে সেটা কি সরকার জানেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেরকম তথ্য জানি না, তবে সবগুলি যাতে তাড়াতাড়ি আরম্ভ হয় সেজন্যে চেষ্টা করছি।

## Quota of free beds in Mental Hospitals

***28. Sj. Probodh Dutt:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state -

(*a*) whether any quota of free beds has been fixed for West Bengal in the Mental Hospital at Ranchi and for the district of Bankura in the Mental Hospital at Bhowanipore, Calcutta;

(*b*) if so, what are the respective quotas;

(*c*) whether an order of priority of applications is observed in admission of patients; and

(*d*) if so, the average time that ordinarily elapses from the date of application to the date of admission?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (*a*) and (*b*) There are 607 free beds in the Ranchi Indian Mental Hospital for the patients of West Bengal. Cases recommended free by the Committing Magistrate are accommodated within the allotment of beds for West Bengal.

There is no quota of free beds for the district of Bankura in the Bhowanipore Mental Observation Ward.

(*c*) Yes, but preference is given to cases of recent onset who have a better prospect of recovery.

(*d*) About three months.

**Sj. Probodh Dutt:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কোটার জন্য স্টেট গভর্নমেন্ট থেকে কোনদিন চেষ্টা করা হয়েছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বলেছি তো রাঁচি মেন্টাল হস্পিটালএ আমরা ৬০৭টি বেড মেনটেন করি।

**Sj. Probodh Dutt:**

আপনি বলেছেন কেসেস রেকমেণ্ডেড বাই দি কমিটিং ম্যাজিস্ট্রেট—এটা কোথাকার?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

প্রত্যেক ডিষ্ট্রিক্ট অর সাব-ডিভিসন্যাল কমিটিং ম্যাজিস্ট্রেট।

**Sj. Madan Mohon Khan:**

বাংলাদেশে কি মেণ্টাল হস্পিটাল হওয়ার কোন স্কীম আছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এজন্যে টাকা বরাদ্দ করেছি।

**Sj. Madan Mohon Khan:**

সেটা কোথায় হবে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এখনও পর্যন্ত স্থান ঠিক হয় নি।

**Dr. Narayan Chandra Ray:** What is the procedure for applying for admission of all invalid cases?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** First of all the case has to be determined—that this is a fit case and a mental case. Usually the Civil Surgeon of the district examines these cases on the recommendation of the police. In Calcutta whenever there is a case of mental origin it is sent to the Bhowanipore Mental Observation Ward. The patient is kept there under observation for a month within which time his diagnosis is made. As soon as the diagnosis is made the Ranchi Mental Hospital is contacted for finding accommodation for the patient.

**Dr. Narayan Chandra Ray:** Is there any accommodation for paying cases?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** There are 255 paying beds there.

**Dr. Narayan Chandra Ray:** Has every case to go through a Magistrate or through a doctor?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** The doctor puts up the case. If it is in a district the Subdivisional Officer or the District Magistrate recommends the case for admission. In Calcutta jurisdiction the Commissioner of Police takes charge of those cases and sends them over to the Bhowanipore Mental Observation Ward.

**Dr. Narayan Chandra Ray:** Need one apply to the police for admission in every case?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** If the patient is violent police help is necessary.

**Sj. Hemanta Kumar Basu:**

অনেক সময় প্রেসিডেন্সি জেলএ মেণ্টাল কেসএর রোগী রাখা হয় জানেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

জানি। ভবানীপুর অবজারভেশন ওয়ার্ডএ যে ১৫টি বেড আছে সেখানে স্থান সংকুলান না হলে আমরা ভায়লেন্ট পেসেন্টস যারা সমাজের ক্ষতি করতে পারে তাদের জায়গা দেবার জন্য জেলে রেখে দিই যতদিন রাঁচি মেন্টাল হস্পিট্যালএ জায়গা না পাওয়া যায়।

**Sj. Hemanta Kumar Basu:**

তাদের কি নিয়মে রাঁচিতে ভর্তি করা হয়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তাদের নাম রেজিস্ট্রী করা থাকে, রাঁচিতে জায়গা হলে ভর্তির জন্য পাঠিয়ে দেওয়া হয়।

**Sj. Gangapada Kuar:**

মফঃস্বলের রোগীদের ভর্তি করার কি নিয়ম?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

স্থানীয় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা সাবডিভিসনাল অফিসার এ'দের নোটিসএ আনলে তাঁরা ব্যবস্থা করেন।

**Sj. Biren Banerjee:**

ডিস্ট্রিক্টএর কোন কোটা আছে কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না।

### Maternity and Child Welfare Centres in Midnapore district

***24. Sj. Gangapada Kuar:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state the number of existing Maternity Welfare Centres established by the Government in the district of Midnapore along with their locations?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Three. One Maternity and Child Welfare Centre attached to Chandrakona Thana Health Centre and two Maternity and Child Welfare Centres—one at Bandipur Union, police-station Chandrakona, and the other at Monoharpukur Union, police-station Chandrakona. Besides in the 18 Health Centres functioning in the district with 216 beds, 25 to 50 per cent. of the beds are utilised by maternity cases

**Sj. Gangapada Kuar:**

এই যে আপনি বলেছেন যে তিনটি মেটারনিটি য়্যান্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার চন্দ্রকোণাতে আছে, আমার জিজ্ঞাসা আর কোন থানায় না থাকার কারণ কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এখনও বাংলাদেশের অনেক থানায় মেটারনিটি সেন্টার, থানা হেল্থ সেন্টার হয় নি। যেখানে সুযোগসুবিধা আছে সেখানে করা হয়েছে। এখনও সারা বাংলাদেশে বহু জায়গায় করা বাকি আছে।

**Sj. Gangapada Kuar:**

এই যে ১৮টি হেল্থ সেন্টার যেখানে
25 to 50 per cent. of the beds are utilised by maternity cases.
এগুলি কি ইউনিয়ন হেল্থ সেন্টার না থানা হেল্থ সেন্টার?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Union Health Centre.

**Dr. Jatish Ghosh:**

যে সেন্টারএ একজন করে মাত্র নার্স ও দাই আছে অথচ ৩০-৩৫ খানা গ্রাম তার আওতায় সেইরকম চাইল্ড য়্যান্ড ম্যাটার্নিটি সেন্টারএ কিভাবে কাজ চলছে জানাবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** There is one midwife with an assistant

তাঁর কাজ হল ডোমিসিলিয়ারী মিডওয়াইফারী সার্ভিস দেওয়া—যদি তার সেবা কোন প্রসূতি বা পরিবার চান তিনি তা দিয়ে থাকেন, তিনি গ্রামে গ্রামে ঘুরে গর্ভবতী মায়েদের দেখেন, উপদেশ দেন এবং পরিচর্যা করেন।

**Sj. Kanai Lal Bhowmick:** Union Health Centre.

খুলবার সঙ্গে এই ম্যাটার্নিটি য়্যান্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার খোলবার ব্যবস্থা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

একটু আগে তো বললাম ইউনিয়ন হেল্থ সেন্টারএ ম্যাটার্নিটি বেডসএর জন্যে একজন করে মিডওয়াইফএর ব্যবস্থা আছে। থানা হেল্থ সেন্টারএ আমরা একজন করে লেডী হেল্থ ভিজিটর দিতে পেরেছি। এখনও উপযুক্ত সংখ্যক লেডী হেল্থ ভিজিটর না থাকায় সব জায়গায় দিতে পারি নি।

**Sj. Tarapada Dey:**

যদি কোন ইউনিয়নএ হেল্থ সেন্টার হয় তাহলে মিডওয়াইফ নিশ্চয়ই দেওয়া হবে কি?

**Mr. Speaker:** That is general question.

### Tube-wells in Patashpur police-station, Midnapore district

***25. Sj Sudhir Chandra Das:** Will the Hon'ble Minister in charge of the Public Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর থানায় ১৯৫৪-৫৫ সালে সরকার কর্তৃক নলকূপ বসান হইয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোন্ কোন্ স্থানে কত গভীরতায় বসান হইয়াছে এবং প্রতিটি নলকূপে কত টাকা খরচ হইয়াছে;

(গ) ঐ থানায় ১৯৫২-৫৩ এবং ১৯৫৩-৫৪ সালে সরকার কর্তৃক নলকূপ বসান হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোন্ কোন্ স্থানে কত গভীরতায় বসান হইয়াছে এবং প্রতিটি নলকূপে কত টাকা খরচ হইয়াছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (ক) হ্যাঁ।

(খ) ও (ঘ) বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(গ) ১৯৫২-৫৩ সালে বসান হইয়াছে, ১৯৫৩-৫৪ সালে হয় নাই।

*Statement "ক" referred to in reply to clause (খ) of starred question No. 25*

| থানা। | গ্রাম। | গভীরতা। ফ্ট। | প্রতিটি নলক্পে খরচ। | | |
| --- | --- | --- | --- | --- | --- |
| | | ১৯৫৪-৫৫ সাল | | | |
| | | | টাকা | আনা | পাই |
| পটাশপ্র ... | (১) প্র্লিয়া | ৪৩১ | ১,০১৮ | ৬ | ০ |
| | (২) ফাজলপ্র | ৩২৫ | ১,০৯৬ | ১২ | ০ |
| | (৩) সয়েডপ্র | ৩৪৯ | ১,০৬৬ | ৭ | ০ |
| | (৪) কাণ্ঠানকাহাট | ৩১৪ | ১,০০৩ | ২ | ০ |
| | (৫) র্পাডিগি | ৩৪২ | ১,০৪৯ | ৬ | ০ |
| | (৬) মিরজাপ্র | ৩৯২ | ১,১৮০ | ৩ | ০ |
| | (৭) পটাশপ্র | ৩৩৫ | ১,০২৫ | ১৩ | ০ |
| | (৮) নয়াচক | ৩৫০ | ১,০৬৫ | ৯ | ০ |
| | (৯) গোবর্ধনপ্র | ৩৯২ | ১,১৭৮ | ৭ | ০ |
| | (১০) গোপালসিংপ্র | ৩৬৫ | ১,১২২ | ০ | ০ |
| | (১১) ডাক্তাবঙ্কা | ৩৫৭ | ১,০৮৭ | ৪ | ০ |
| | (১২) হাজিপ্র | ৩২৬ | ১,০০৮ | ১৫ | ০ |
| | (১৩) পশ্চিমখী | ৩৬১ | ১,১০৩ | ১৪ | ০ |
| | (১৪) গোলডাঙ্গা | ৩৮৩ | ১,১৫৯ | ১০ | ০ |
| | (১৫) ভবনেনগালপ্র | ৪৫৯ | ১,৩৯৭ | ৯ | ০ |
| | (১৬) নেক্সানা | ৩৯০ | ১,১৭৫ | ১ | ০ |
| | (১৭) অমরপ্র | ৩৮৩ | ১,২৫০ | ১৩ | ০ |
| | (১৮) পালপাড়া | ৩৮৭ | ১,১৮১ | ১ | ০ |

*Statement "খ," referred to in reply to clause (খ) of starred question No. 25*

| থানা। | গ্রাম। | গভীরতা। ফ্ট। | প্রতিটি নলক্পে খরচ। | | |
| --- | --- | --- | --- | --- | --- |
| | | ১৯৫২-৫৩ সাল | | | |
| | | | টাকা | আনা | পাই |
| পটাশপ্র ... | (১) মারাইবাজার | ২০৬ | ৮১৪ | ৫ | ০ |
| | (২) সান্ডালপ্র | ২৯৫ | ১,১৯৯ | ১৩ | ৬ |
| | (৩) গোড়াইবেরীবাজার | ৩৭৩ | ১,৬০৯ | ১৪ | ৩ |

[3-10—3-20 p.m.]

**Sj. Sudhir Chandra Das:**

এই তালিকায় দেখতে পাই ৩৫০ থেকে ৪৫০ ফ্ট পর্যন্ত গভীরতার নলক্প এই থানায় বসানো হয়েছে, [illegible] জানেন কি ঐ পটাশপ্র থানায় জেলা বোর্ড থেকে যে নলক্প বসানো হয়েছে তাতে ১৫০ থেকে ২০০ ফ্টের মধ্যেই স্তর পাওয়া গেছে।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমি তা জানি না। আমাদের স্বাস্থ্য বিভাগের চীফ ইঞ্জিনিয়ারের এক্সপার্ট অপিনিয়ন অন্যায়ী এগ্লি বসানো হয়েছে, অনেক সময় আমরা দেখেছি স্যালো টিউবওয়েল বসালে তার স্থায়ীত্ব বেশী দিন থাকে না, তা ছাড়া যে ধরনের জল আমরা চাই সে প্রকৃতির জলও তাতে পাওয়া যায় না। সেইজন্য ভাল জল ও স্থায়ীত্বের জন্য নলক্প গভীর করা হয়।

**Sj. Sudhir Chandra Das:**

সেগুলো ফুট গভীর করে যেগুলো বসানো হয়েছে—খবর নিয়ে দেখুন আজও সেগুলি ঠিক আছে।

**Mr. Speaker:** That is not a supplementary.

ডিস্ট্রিক্ট বোর্ডের টিউবওয়েল ইউনিয়ন বোর্ডের টিউবওয়েলএর কথা এখানে উঠতে পারে না
That is not a supplementary.

**Sj. Sudhir Chandra Das:**

আচ্ছা স্যার, আমি এইগুলির সম্বন্ধেই বলছি। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি—যত বেশী গভীর হবে নলকূপ বসানোর দরুন কন্ট্রাক্টারদের তত বেশী লাভ হবে সেইজন্যই কন্ট্রাক্টররা নলকূপ এত বেশী গভীর করে?

**Mr. Speaker:** These are not proper supplementaries.

**Sj. Sudhir Chandra Das:**

জেলা বোর্ড থেকে যে নলকূপ বসানো হয়েছে তাতে ১০০-১৫০ ফুট বসিয়েই তারা ভাল ওয়ার্ক করেছে সেগুলি মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে দেখবেন কি?

**Mr. Speaker:** That is a request for action.

**Sj. Sudhir Chandra Das:**

এইসব নলকূপে বেশী টাকাই চুরি হয়, নৈলে একটা নলকূপের জায়গায় তিনটে হতে পারত।

**Sj. Kanai Lal Bhowmick:**

এই যে টাকা খরচের হিসেব এখানে দিয়েছেন এটা কি পাব্লিককে যে টাকা দিতে হয় সেই টাকার হিসেব না পুরো টাকার হিসেব?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

পুরো টাকার হিসেবই দেয়া হয়েছে।

### Number of hospital beds in Midnapore district

***28. Sj. Madan Mohon Khan:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(ক) ১৯৪৭ সালে মেদিনীপুর জেলায় সরকারের পরিচালনায় মোট কতগুলি indoor hospital বিছানা (indoor hospital beds) ছিল ও ১৯৫৬ সালের ফেব্রুয়ারী পর্যন্ত সরকারের পরিচালনায় কতগুলি বিছানা (indoor hospital beds) আছে; এবং

(খ) ১৯৫৬ সালের ফেব্রুয়ারী মাসে মেদিনীপুর জেলায় কতগুলি স্বাস্থ্যকেন্দ্র চলিতেছে এবং সেগুলি কোথায় কোথায় অবস্থিত?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

(ক) ১৯৪৭ সালে—

সরকারী স্থায়ী হাসপাতালগুলিতে—৪০৪।
সরকারী অস্থায়ী হাসপাতালগুলিতে—১,৬৮০।

১৯৫৬ সালে—

সরকারী স্থায়ী হাসপাতালগুলিতে—১,০৪১।
সরকারী অস্থায়ী হাসপাতালগুলিতে—৪১৫।

(খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clause (খ) of starred question No. 26*

| District. | Subdivision. | Police-station. | Name of the Health Centre with bed-strength. |
|---|---|---|---|
| Midnapore .. | Sadar .. | Kharagpur .. | Hijli (50). |
| | Do. .. | Garbeta .. | Garbeta (50). |
| | Do. .. | Sabong .. | Sabong (20). |
| | Jhargram .. | Jhargram .. | Bamanmara (10). |
| | Do. .. | Jomboni .. | Amrala (10). |
| | Do. .. | Binpur .. | Lalgarh (10). |
| | Do. .. | Sankral .. | Kultikri (10). |
| | Ghatal .. | Ghatal .. | Monswka (10). |
| | Do. .. | Chandrakona .. | Chandrakona (50). |
| | Do. .. | Do. .. | Lakshmipur (4). |
| | Do. .. | Do. .. | Bhagabantapur (4). |
| | Do. .. | Do. .. | Basanchera (4). |
| | Do. .. | Do. .. | Jara (10). |
| | Do. .. | Do. .. | Khirpai (10). |
| | Do. .. | Daspur .. | Daspur (20). |
| | Tamluk .. | Nandigram .. | Mahamedpur (10). |
| | Do. .. | Do. .. | Nandigram at Reapara (20). |
| | Do. .. | Panskura .. | Mysore (10). |
| | Do. .. | Sutahati .. | Debbhag (10). |
| | Contai .. | Egra .. | Egra (50). |
| | Do. .. | Do. .. | Paniparul (4). |
| | Do. .. | Bhagwanpur | Radhapur (10). |
| | | Total .. | 22 Health Centres with 386 beds. |

**Sj. Madan Mohon Khan:**

মন্ত্রীমহাশয় যে হিসেবের তালিকা দিয়েছেন তাতে ১৯৪৭ সালে বেডএর সংখ্যা ছিল ২,০৮৪টা আর ১৯৫৬ সালে দেখছি তার সংখ্যা ১,৫৪৪টা এই কম হবার কারণ কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কারণ হচ্ছে এই: এ. জি. হাসপাতালগুলি তৈরি হয়েছিল ১৯৪২-৪৩ সালে ঘরগুলি তার অত্যন্ত খারাপ ছিল। ১২-১৩ বছরে তার অধিকাংশই ভেঙ্গেচুরে গিয়েছে মেরামত করেও রাখা সম্ভব হয় নাই, বর্তমানে ভালো করে স্থায়ী স্বাস্থ্য কেন্দ্রগুলিকে রক্ষা করার দিকে নজর দিতে হচ্ছে বলে সেগুলি বন্ধ করে দেওয়া হয়েছে।

**Sj. Madan Mohon Khan:**

যতদিন পর্যন্ত পরিকল্পিত স্থায়ী হাসপাতাল না করতে পারছেন ততদিন পর্যন্ত কি অস্থায়ী হাসপাতালগুলিকে চালু রাখা উচিত বলে মনে করেন না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

যেগুলি রাখা সম্ভবপর সেগুলি অবশ্য রাখা হয়েছে, যেগুলি সম্বন্ধে ইঞ্জিনিয়ার বলেছেন যে মেরামত করার সম্ভাবনা নাই সেগুলিকে বন্ধ করা হয়েছে। তা ছাড়া মোবাইল ইউনিট পোস্ট করে রোগীদের যাতে অসুবিধা না হয় তার ব্যবস্থা করা হয়েছে।

**Sj. Madan Mohon Khan:**

মোবাইল ইউনিটের ডাক্তার ইনডোর আউটডোর দুই-ই কি দেখেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

মোবাইল ইউনিটের ডাক্তার ইনডোর দেখেন না—আউটডোর রোগী দেখেন।

**Sj. Madan Mohon Khan:**

তাহলে রোগীদের চিকিৎসার ব্যবস্থা করেছেন কি করে একথা বলছেন?

**Mr. Speaker:** That is not a proper supplementary.

**Sj. Madan Mohon Khan:**

যেখানে হাসপাতালগুলি তুলে দিয়েছেন সেখানে নতুন হাসপাতাল না করা পর্যন্ত ক্যাম্প হাসপাতাল করবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না আমরা সে ব্যবস্থা করি না। তবে কোথাও খুব খারাপ অবস্থা হলে, যেমন রিসেন্ট সাইক্লোন মেদিনীপুরে হয়েছে সেখানে টেন্ট দিয়ে অস্থায়ী হাসপাতাল করা হয়েছে।

**Sj. Madan Mohon Khan:**

কেশপুর থেকে হাসপাতাল তুলে দিয়েছেন সেখানে কি টেন্ট দিয়ে হাসপাতাল করবেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

যেসব জায়গায় স্থায়ী স্বাস্থ্যকেন্দ্র করবার পরিকল্পনা নেওয়া হয়েছে সেইসব জায়গার মধ্যে পড়লে দেখতে পারি করা চলবে কিনা?

**Sj. Dhananjoy Kar:**

যেসব থানায় স্বাস্থ্যকেন্দ্র চালু হয় নাই সেসব জায়গায় মোবাইল ইউনিট রাখবার ব্যবস্থা করবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

২১১টা মোবাইল ইউনিট রয়েছে এবং পশ্চিমবঙ্গের থানায় থানায় কাজ করছে। যেখানে রোগের চিকিৎসার কোন ব্যবস্থা নাই সেখানেই ওরা কাজ করছে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

যেখানে অস্থায়ীগুলিকে তুলে দেওয়া হয়েছে স্থায়ী হাসপাতাল করবার বেলায় সেগুলিকে প্রাইওরিটি দেবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

নিশ্চয়ই।

**Establishment of a Thana Health Centre at Ketugram, Burdwan district**

*27. **Sj. Tarapada Bandopadhyay:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(a) if it is a fact that the Government have finalised the scheme for establishing of a Thana Health Centre in Ketugram village, police-station Ketugram (district Burdwan); and

(b) if so, when the Ketugram Thana Health Centre will be completed?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (a) Not yet.

(b) Does not arise.

**Sj. Tarapada Bandopadhyay:** What remains to be done for the finalization of the scheme?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেখানে যতটা জমি গ্রামের লোকেরা দেবে বলে বলেছিলেন তা দিয়ে উঠতে পারেন নি। থানা হেল্থ সেন্টারে যে এলিমেন্টস তাতে ২০ বিঘার কমে করা যায় না আমাদের সেই জমি পেতে ডিস্ট্রিক্ট অফিসারদের যদি স্থানীয় লোকেরা সাহায্য করেন আমরা উপকৃত হব।

**Sj. Tarapada Bandopadhyay:**

আমি যতদূর জানি যে জমি চেয়েছিলেন সমস্তই দেওয়া হয়ে গিয়েছে। রেজেস্টারী পর্যন্ত হয়েছে।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এখনো ২·৫ বিঘা জমির অভাব আছে—(শ্রীযুত তারাপদ বন্দ্যোপাধ্যায়: এ আপনার কবেকার খবর?) এবং আমার এই খবর ২৬শে জুনের।

**Sj. Tarapada Bandopadhyay:**

এই স্কীম কতদিন থেকে পেন্ডিং রয়েছে এবং গভর্নমেন্টএর কন্সিডারেশনএ আছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

১৯৪৯ সাল থেকে পত্র বিনিময়ের কাজ চলছে।

**Sj. Tarapada Bandopadhyay:**

সরকার থেকে জমি র‍্যাকোয়ার করার ব্যবস্থা কি হতে পারে না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমরা সচরাচর র‍্যাকোয়ার করি না। যদি গ্রামের লোক একেবারেই না দেয় তবেই জমি কেনবার প্রশ্ন ওঠে। এই সম্পর্কে আমার আরো বক্তব্য হচ্ছে এই যে জমি কিনে আরো খরচ বাড়ানো, সরকারের উদ্দেশ্য নয়। এম্নিতেই এক একটা বিল্ডিংএ ১ লক্ষ ৩০ হাজার টাকা খরচ তারপর যে জেলায় কতকগুলি স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে জমি কিনতে অসুবিধাও আছে। আর যেসব জায়গায় জমি অম্নি পাওয়া যায় তার সংখ্যা এত বেশী যে তাদের অগ্রাধিকার দিতে হয়।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

থানা হেল্থ সেন্টার যেখানে হয় সেখানে দু বিঘা জমির কত দাম পড়ে—যে এক লক্ষ ত্রিশ হাজার টাকা বিল্ডিং করতে লাগে?

**Mr. Speaker:** That is not a supplementary. That is a general question.

**Construction of wells for removing water scarcity in Midnapore**

***28. Sj. Dhananjoy Kar:** Will the Hon'ble Minister in charge of the Public Health Department be pleased to state—

(ক) মেদিনীপুর জেলার অধিবাসীগণের পানীয় জলকষ্ট নিবারণের জন্য সরকারী খরচে পাতকুয়া নির্মাণ ও টিউব-ওয়েল সংস্থাপন করা হইয়াছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কোন্ মহকুমায় কতগুলি পাতকুয়া নির্মাণ ও টিউব-ওয়েল সংস্থাপন করা হইয়াছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (ক) হাঁ।

(খ) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clause (খ) of starred question No. 28*

| মহকুমা। | নলকূপ। | রিং ওয়েল। | পাকা ইন্দারা। |
|---|---|---|---|
| সদর (নর্থ) | ২৪১ | ৩৪ | ৯ |
| সদর (সাউথ) | ২৭১ | ২০ | ২২ |
| কাঁথি | ২৭৭ | ১ | — |
| তমলুক | ৩১৮ | — | — |
| ঘাটাল | ২৯১ | ১০ | ৪ |
| ঝাড়গ্রাম | ১ | ৩৮ | ৩৮ |
| | ১,০৯৯ | ১০৯ | ৭৩ |

**Sj. Dhananjoy Kar:**

এই যে বিবরণী দেওয়া হয়েছে এটা কি এক সালের না একাধিক সালের?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

যত সময়ের জন্য চেয়েছেন তাই দেওয়া হয়েছে।

**Sj. Kanai Lal Bhowmick:**

এ কোন বছরের হিসাব?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এ হচ্ছে আপটুডেট হিসাব ঐসব এরিয়ার।

**Sj. Kanai Lal Bhowmick:**

এটা কোন সালের হিসাব?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বলেছি ত এখন পর্যন্ত দেওয়া হয়েছে।

**Mr. Speaker:** Next question.

**Sj. Kanai Lal Bhowmick:**

স্যার, আমার আর একটা প্রশ্ন রয়েছে,—মন্ত্রীমহাশয় বলবেন কি এই হিসাবটা ১৯৪৭ সাল থেকে না তার আগে থেকে? না পরে থেকে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেটা দেখে বলতে হবে।

[3-20—3-30 p.m.]

**Sj. Dhananjoy Kar:**

এই যে একটা সাবডিভিসনএ আজ পর্যন্ত একটি নলকূপ করেছেন, এটা কোন জায়গায় হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কোন জায়গায় তা বলতে পারি না। কিন্তু এ ছাড়াও সেখানে কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্টএ আরো ১১৯টি করেছে। এই খবর প্রশ্ন ছাপাবার পর আমার কাছে আসে।

**Sj. Dhananjoy Kar:**

এই ১১৯টি কোন কোন জায়গায় হয়েছে বলতে পারেন?

**Mr. Speaker:** That is not possible.

**Sj. Dhananjoy Kar:**

এই যে পাতকুয়া ও পাকা ইন্দারার হিসাব দিয়েছেন, এটা কত বৎসরের?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বলতে পারি না।

**Sj. Dhananjoy Kar:**

আপনি যে হিসাব দিয়েছেন তাতে ঝাড়গ্রামের ৬টি থানায় ৩৮টি পাতকুয়া, ৩৮টি পাকা ইন্দারা ও একটি নলকূপ করেছেন। এতে কি বলতে চান যে সেখানে পানীয় জলের অভাব নেই?

**Mr. Speaker:** That is a matter of opinion. That is not a supplementary on fact.

**Sj. Dhananjoy Kar:**

কিসের জন্য জানতে পারি না?

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Sj. Dhananjoy Kar:**

এত কম পানীয় জলের ব্যবস্থা হয়েছে তার কারণ জানতে পারি না?

**Mr. Speaker:** This is a general question. This is not a supplementary

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** I think, I can satisfy him আমাদের পশ্চিমবঙ্গে এখনও ১৬ হাজার গ্রামে শোধিত পানীয় জলের ব্যবস্থা করা যায় নি। যখন জনসাধারণের হাতে ক্ষমতা এসেছে তারপর এত অল্প সময়ের মধ্যে আমরা যা করতে পেরেছি তাতে ৩৫ হাজার গ্রামের মধ্যে এখনও ১৬ হাজার গ্রাম বাকী আছে। দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় পানীয় জল সরবরাহের জন্য তিন কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, আশা করি—এইগুলি যদি কার্যকরী করতে পারা যায় ও এই টাকা ব্যয় করতে পারা যায় তাহলে বাংলাদেশের এমন কোন গ্রাম থাকবে না যেখানে শোধিত পানীয় জলের ব্যবস্থা থাকবে না।

**Sj. Dhananjoy Kar:**

এই একটি সাবডিভিসনএর মধ্যে একটি মাত্র নলকূপের ব্যবস্থা করেছেন। এই রকম অবহেলা করার কারণ কি?

**Mr. Speaker:**

এর জবাব উনি দিয়েছেন।

**Sj. Balai Lal Das Mahapatra:**

এই যে পাকা ইন্দারা ও রিংওয়েল করেছেন, এটা কনট্রাক্টরএর মারফৎ করেছেন, না সরকার নিজে করেছেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কনট্র্যাক্টরএর মারফৎ করা হয়েছে, সরকার নিজে করেন নি।

**Sj. Balai Lal Das Mahapatra:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, এই যে টাকা খরচ করেছেন, এই কাজ সরাসরি গভর্ণমেন্টএর মারফৎ করলে এর চেয়ে কমে হ'ত?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এগুলেও নির্বংশ পেছুলেও নির্বংশ। তখন বলতেন সরকার সব টাকা ভাগাভাগী করে মেরে দিয়েছে।

**Dr. Jatish Ghosh:**

এই যে টিউবওয়েলএর হিসাব দেওয়া হয়েছে, এর মধ্যে জনস্বাস্থ্য বিভাগ থেকে অর্থাৎ পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট থেকে কতগুলি দেওয়া হয়েছে আর ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে কতগুলি হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট থেকে হলেও তার এক্সিকিউসন হয় through the Chief Engineer, Public Health (Engineering)

**Dr. Jatish Ghosh:**

এর মধ্যে কতগুলি পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট থেকে করা হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

প্রশ্ন করলে সংগ্রহ করে জানাতে পারি।

## Closure of the A. C. Hospital at Bagnan, Howrah district

***29. Sj. Biren Banerjee:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that Government by a recent notification decided to abolish the A. G. Hospital at Bagnan, Howrah district?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) when the said A. G. Hospital was set up;

(*ii*) how many beds were there when it was first set up;

(*iii*) how many beds are there at present;

(*iv*) the reasons for the proposed abolition of the hospital; and

(*v*) how many employees of the said hospital have been affected by the decision of Government?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (*a*) Yes; but not by any notification.

(*b*) (*i*) On 1st November, 1943.

(*ii*) 60 beds—50 general beds and 10 infectious beds.

(*iii*) 20 beds.

(*iv*) Establishment of a Health Centre at the place.

(*v*) None at present.

**Sj. Biren Banerjee:**

(বি)(২)র উত্তরে যা বলেছেন তাতে প্রথমে ৬০টি বেড ছিল। এটা কমিয়ে ২০টি বেড করা হল কেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

রোগীর সংখ্যা কমে যাচ্ছে। প্রত্যেক বৎসরে আমরা হিসাব নিই সেখানে আগের বৎসরে কত রোগী ইন্ডোরএ এসেছে এবং সেই অনুসারে কোন জায়গায় বাড়িয়েছি কোন জায়গায় কমিয়েছি।

**Sj. Biren Banerjee:**

এই ২০টি বেডএর মধ্যে কয়টি জেনেরল বেড এবং কয়টি ইন্‌ফেকসাস বেড?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সব কয়টিই জেনারেল বেড। ইনফেকসাস ট্রীটমেন্টএর ব্যারেঞ্জমেন্ট ছিল না। এখন ইনফেকসাস কেস এলে পরে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এই ২০টি বেডএর মধ্যে ইনফেকসাস বেড নেই।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এই যে রোগী কমে গিয়েছে যার জন্য ৬০টি থেকে ২০টি বেড করা হয়েছে, এর কারণ নির্ধারিত হয়েছে কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কারণ দেশের জনস্বাস্থ্য ভাল হয়েছে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মন্ত্রীমহাশয় এখানে বললেন যে জনস্বাস্থ্য ভাল হয়েছে বলে রোগীর সংখ্যা কমে গিয়েছে। জনস্বাস্থ্য ভাল হয়েছে বলেই কি প্রতিদিন কলিকাতা হাসপাতালগুলিতে ভীড় বাড়ছে?

**Mr. Speaker:** It is not a supplementary arising out of this.

**Sj. Biren Banerjee:**

এ, জি, হাসপাতাল যখন ছিল তখন বেডএর সংখ্যা কত ছিল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বলেছি ত ৬০টি ছিল।

**Sj. Biren Banerjee:**

যখন ষ্টার্ট করেছিলেন তখন কত ছিল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

৬০টি নিয়েই আরম্ভ হয়েছিল।

**Sj. Biren Banerjee:**

এই যে এখন ২০টি বেড আছে, মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি বহু রোগী ভাল চিকিৎসা পায় না বলে কলিকাতার হাসপাতালে হাওড়ার লোক এসে ভীড় করে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তা হয়ত আসে। কারণ কলিকাতার চিকিৎসকদের খ্যাতি আছে, যারজন্য শুধু হাওড়া কেন সারা দেশ থেকে লোক টেনে আনে।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় কিছু দিন আগে স্টেটমেন্ট দিয়েছিলেন যে কলিকাতায় যাতে রোগীর ভীড় না হয় সেইজন্য ব্যবস্থা করা দরকার, কিন্তু এখন বললেন যে ভাল ভাল চিকিৎসক থাকার জন্য কলিকাতায় রোগীর ভীড় বেশী হচ্ছে, এর মধ্যে কোন জিনিসটি ঠিক?

**Mr. Speaker:** It is not a supplementary at all. A supplementary does not arise out of a previous statement.

**Dr. Hirendra Kumar Chatterjee:** This arises out of the answer.

**Mr. Speaker:** You cannot put a supplementary on this question. It is a specific question. It is not a question of medical policy.

**Dr. Hirendra Kumar Chatterjee:** There is no policy at all.

**Mr. Speaker:** That is a matter of argument.

**Sj. Biren Banerjee:**

এটা কি সত্য যে বহু ইনফেকসাস রোগীর চিকিৎসা এখানে হয় না বলেই অন্য হাসপাতালে চলে যায়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না; এরকম তথ্য আমার কাছে নেই।

**Dr. Kanailal Bhattacharya:**

আপনি বলেছেন যে এর দ্বারা এমপ্লয়িজরা ম্যাফেক্টেড হয় নি। তাহলে এই সমস্ত এ. জে. হস্পিটালএর এমপ্লয়িজরা সকলেই কি ইউনিয়ন হেল্থ সেন্টারএ চাকরী পেয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সকলকেই ইউনিয়ন হেল্থ সেন্টারএ য়্যাবর্স্ব করা হয় নি। অন্যান্য জায়গায় চাকরী পেয়েছে। তবে কারো চাকরী যায় নি।

**Supply of protected water in Municipal towns of West Bengal**

*30. **Dr. Saurendra Nath Saha:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(a) what is the amount of protected water-supply in each Municipal town and city of West Bengal, year by year, from 1951 up to 31st July, 1954;

(b) total number of tube-wells in West Bengal at present; and

(c) how many of these tube-wells are in order and how many are out of order?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (a) A statement is laid on the Table. (The quantity of protected water-supply cannot be ascertained in rest of the Municipalities as they have no pipe-water system.)

(b) 32,027 as on 1st April, 1955.

(c) 28,439 (in order) and 3,588 (choked up) as on 1st April, 1955.

*Statement referred to in reply to clause (a) of starred question No. 30*

| Name of municipality. | Average daily supply in gallons. | | | |
|---|---|---|---|---|
| | 1951. | 1952. | 1953. | 1954 (up to July). |
| Burdwan .. | 446,498 | 446,498 | 446,498 | 446,498 |
| Howrah .. | 4,137,095 | 4,137,095 | 4,137,095 | 4,377,095 |
| Berhampore .. | 375,802 | 376,370 | 376,370 | 376,370 |
| South Suburban | 54,651·3 | 54,651 3 | 54,750 | 54,750 |
| Garulia .. | 175,090 | 175,090 | 175,090 . | 175,090 |
| Titagarh .. | 1,907,320 | 1,907,320 | 1,907,320 | 1,907,320 |
| Tollygunge .. | 235,652 | 235,652 | 235,652 | 235,652 |
| Champdany .. | 436,366 | 436,366 | 436,366 | 436,366 |
| Darjeeling .. | 562,137 | 562,137 | 587,380 | 587,380 |
| Kurseong .. | 150,000 | 150,000 | 150,000 | 150,000 |
| Hooghly-Chinsurah | 660,813 | 910,000 | 910,000 | 910,000 |
| Bankura .. | 181,858 ·8 | 181,858 ·8 | 185,385 | 185,385 |
| Uttarpara .. | 132,547 | 132,547 | 132,547 | 132,547 |
| Kalimpong .. | 272,600 | 272,600 | 272,600 | 272,600 |
| Krishnagar .. | 500,000 | 500,000 | 500,000 | 500,000 |
| Bhadreswar | 471,863 | 471,863 | 471,863 | 471,863 |
| Midnapore .. | 455,582 ·2 | 455,582 ·2 | 455,582 ·2 | 450,582 ·2 |
| Ranigunj .. | 211,082 | 211,082 | 200,500 | 200,500 |
| Suri .. | 99,958 | 99,958 | 99,180 | 99,100 |
| Naihati .. | 248,767 | 248,767 | 248,767 | 248,767 |
| Asansol .. | 408,000 | 408,000 | 408,000 | 408,000 |
| Nabadwip .. | 248,000 | 440,000 | 440,000 | 440,000 |
| Bansberia .. | 230,000 | 230,000 | 230,195 | 230,195 |
| English Bazar .. | 83,196 ·98 | 83,196 ·98 | 83,290 | 83,290 |
| Bhatpara .. | 1,094,737 | 1,094,737 | 1,095,150 | 1,095,150 |
| Jalpaiguri .. | 156,627 | 156,627 | 155,995 | 155,995 |
| Kalna .. | 60,000 | 60,000 | 60,000 | 60,000 |
| Serampore .. | 802,500 | 802,500 | 798,370 | 810,000 |
| Baranagar-Kamarhaty. | 1,197,921 | 1,197,921 | 1,198,320 | 1,199,875 |
| Garden Reach .. | 510,000 | 510,000 | 511,375 | 512,275 |
| Kanchrapara .. | 40,000 | 40,000 | 80,000 | 160,000 |
| Corporation of Calcutta. | 81,400,000 | 82,200,000 | 82,200,000 | 82,200,000 |

**Dr. Saurendra Nath Saha:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে, ক্যালকাটা কর্পোরেশন ১৯৫২-৫৩ সালে ৮২ কোটি ২০ লক্ষ গ্যালন সরবরাহ করেছে, এখনও কি সেই পরিমাণে জল দেওয়া হচ্ছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

প্রশ্ন যে সময় করেছিলেন তার তথ্য দিয়েছি। বর্তমানের কথা বলতে পারি না।

**Dr. Saurendra Nath Saha:**

১৯৫৪ জুলাই মাস পর্যন্ত ৮২ কোটি ২০ লক্ষ গ্যালন জল সরবরাহ করেছেন। এই জল সহরবাসীর প্রয়োজনের তুলনায় যথেষ্ট ছিল কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

হয়ত ছিল না। কিন্তু যেটা জানতে চেয়েছেন সেটা এখানে বলা হয়েছে।

**Dr. Saurendra Nath Saha:**

মন্ত্রীমহাশয় জানেন কি এই অপ্রচুর জল সরবরাহ করার জন্য শহরবাসীরা বাধ্য হয়ে গঙ্গাজল ব্যবহার করেছিল?

**Mr. Speaker:** That is not a supplementary That is a matter of opinion.

**Sj. Ganesh Ghosh:** In answer to (c)
বলেছেন ১লা এপ্রিল ১৯৫৫ পর্যন্ত ৩,৫৮৮টি আউট অফ অর্ডার ছিল। আজকে পর্যন্ত কয়টি আউট অফ অর্ডার আছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তা অফহ্যান্ড বলতে পারি না। যে প্রশ্ন করেছিলেন তার উত্তর দিয়েছি।

**Sj. Ganesh Ghosh:**

এখানে স্ন্যাট প্রেজেন্ট বলে কোয়েশ্চেনটা দেওয়া আছে।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সেই সময়ের কথাই বলেছি।

**Dr. Kanailal Bhattacharya:**

এই যে ২৮,৪০১টি টিউবওয়েল ইন অর্ডার বলেছেন এটা কি ওয়েস্ট বেঙ্গলএর রুর‍্যাল এ্যান্ড মিউনিসিপ্যাল মিলিয়ে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Only rural.

**Sj. Balai Lal Das Mahapatra:**

এই যে বলেছেন ২৮,৪০১টি টিউবওয়েল আছে, এরমধ্যে সরকার কতগুলি করেছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তা বলতে পারি না।

[3-30—3-40 p.m.]

**Sj. Balai Lal Das Mahapatra:**

অন্যান্য প্রতিষ্ঠান কত করেছে, ডিসট্রিক্ট বোর্ড, লোক্যাল বোর্ড কত করছে আর সরকার কত করেছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বলতে পারি না।

**Sj. Hemanta Kumar Ghosal:**

৩,৫৫৮টি, এগুলি মেরামত করবার কি ব্যবস্থা হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Repairing squad আছে, প্রত্যেক থানায় একজন মিস্ত্রী একজন খালাসী ২ জন হেলপার নিযুক্ত হয়েছে। যে রিপেয়ার তাদের সাধ্যের মধ্যে সেগুলি তারা করে আর যেগুলি সাধ্যের বাইরে যেমন—রিসিংকিং প্রভৃতি তা তারা করে না তার জন্য আলাদা লোক আছে।

**Sj. Hemanta Kumar Ghosal:**

প্রত্যেক থানায় যে সমস্ত লোকজন যাচ্ছে রিপেয়ারএর জন্য তাতে আপ টু ডেট কতগুলি রিপেয়ার হয়েছে বলতে পারেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

নোটিস দিলে নিশ্চয়ই জেনে বলে দিতে পারি।

**Dr. Kanailal Bhattacharya:**

১লা এপ্রিল ১৯৫৫এর যে হিসাব দিলেন সেটা ঠিক তো? নাকি এপ্রিল ফুলএর কোন ব্যাপার ট্যাপার আছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

ঠিক বলেই তো জানি।

**Sj. Provash Chandra Roy:**

যেগুলি রিপেয়ারিং করার অযোগ্য—সেই চোকড আপ টিউবওয়েলএর জায়গায় পুনরায় টিউবওয়েল বসাবার বন্দোবস্ত করবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, ডিস্ট্রিক্ট কমিটির সুপারিশানুযায়ী যতদূর সম্ভব প্রত্যেক বছর কিছু কিছু করা হচ্ছে।

**Sj. Biren Banerjee:**

একটা কনফিউসন হচ্ছে সেজন্য জিজ্ঞাসা করছি—মিউনিসিপাল টাউন্সএ টিউবওয়েল যেগুলি করে সেগুলি মিউনিসিপ্যালিটি করে না পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট থেকে ডাইরেক্টলি করা হয়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কোন কোন জায়গায় করা হচ্ছে, ডিটেলস দিতে পারবো নোটিস দিলে। ছোট মিউনিসিপ্যালিটি যাদের রিসোর্স নাই সেগুলিতে গভর্নমেন্ট থেকে করা হচ্ছে।

**Sj. Biren Banerjee:**

সেগুলি পাবলিক হেল্থ ডিপার্টমেন্ট থেকে মেনটেন করে, না কি মিউনিসিপ্যালিটিই করে? কোন্ জায়গায় করে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

মিউনিসিপ্যালিটির যেখানে রিসোর্সেস থাকে সেখানে মিউনিসিপ্যালিটি করে কিন্তু রিসোর্সএ না কুলোলে গভর্নমেন্ট থেকে করে থাকে।

**Sj. Kanai Lal Bhowmick:**

ফার্স্ট-ফাইভ ইয়ার প্ল্যানএ বিভিন্ন বছরে এই যে লিস্ট দিয়েছেন প্রত্যেক বছরে টিউব-ওয়েলেএর সংখ্যা কমে কমে আসছে তার কারণ কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না কমে আসছে না। প্রত্যেক বছর রুরাল ওয়াটার সাপ্লাইএর জন্য একটা টাকা বরাদ্দ করা হয় ২০ লক্ষ টাকা- সেটা ডিপেন্ড করে জিনিসপত্রের দাম মোটারেলসএর দামের কম বেশীর উপর তারপর কোন জায়গায় হয়ত বেশী ডেপ্‌থের টিউবওয়েল করা হয় টাকার অঙ্ক ঠিকই আছে তবে ফিগার্স ফ্লাকচুয়েট করে।

**Sj. Hemanta Kumar Basu:** Tube-well কিছুদিন পর পর কেন খারাপ হয় তার অনুসন্ধান করা হয় কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এটা এক্সপার্টএর কোয়েশ্চেন এখানে দাঁড়িয়ে বলা শক্ত।

**Sj. Provash Chandra Roy:**

এই যে বলেছেন ৩,৫৪৮ টিউবওয়েল চোকড আপ হয়ে আছে তার মধ্যে কতগুলি রিপেয়ার করা হয়েছে এবং কতগুলি রিপেয়ারএর অযোগ্য বলবেন কি?

**Mr. Speaker:** The same question has been put.

### Tube-wells in the State

***31. Dr. Saurendra Nath Saha:** Will the Hon'ble Minister in charge of the Medical and Public Health Department be pleased to state—

(*a*) total number of tube-wells sunk by the Government in West Bengal each year from 1950 to September, 1953;

(*b*) total number of tube-wells sunk district by district each year from 1950 to September, 1953;

(*c*) total number of tube-wells out of order at present district by district; and

(*d*) what steps, if any, have been taken by the Government to repair the tube-wells that are out of order?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** (*a*) to (*c*) Statements are laid on the Table.

(d) A repairing squad has been appointed in each thana to repair the tube-wells which require minor repairs. Choked-up tube-wells are resunk according to the programme decided on by the local officers in consultation with District Health Committees.

*Statement referred to in reply to clauses (a) and (b) of starred question No. 31*

| Name of district. | 1950-51. | 1951-52. | 1952-53. | 1953-54. |
|---|---|---|---|---|
| Birbhum .. .. | 61 | 31 | 26 | 81 |
| Bankura .. .. | 30 | 87 | 46 | 50 |
| West Dinajpur .. .. | 73 | 77 | 39 | 44 |
| Midnapore .. .. | 253 | 104 | 103 | 17 |
| Murshidabad .. | 151 | 78 | 66 | 69 |
| Cooch Behar .. .. | .. | .. | 20 | 23 |
| Burdwan .. .. | 149 | 34 | 69 | 167 |
| 24-Parganas .. .. | 404 | 444 | 223 | 351 |
| Hooghly .. .. | 107 | 93 | 106 | 523 |
| Howrah .. .. | 65 | 140 | 87 | 123 |
| Malda .. .. | 17 | 51 | 21 | 161 |
| Nadia .. .. | 645 | 205 | 77 | 162 |
| Jalpaiguri .. .. | 37 | 30 | 17 | 9 |
| | 1,992 | 1,374 | 900 | 1,780 |

Records are maintained on financial year basis.

*Statement referred to in reply to clause (c) of starred question No. 31*

LIST OF CHOKED-UP TUBE-WELLS AS ON 1ST APRIL, 1955

| | |
|---|---|
| Howrah ... ... | 339 |
| Hooghly ... . ... | 385 |
| Burdwan .. . ... | 656 |
| Birbhum .. ... | 301 |
| Bankura . . ... | 48 |
| Midnapore ... .. ... | 443 |
| 24-Parganas .. .. ... | 899 |
| Nadia ... ... ... | 255 |
| Murshidabad ... .. ... | 205 |
| Malda ... .. ... | 16 |
| West Dinajpur ... ... ... | 41 |
| Jalpaiguri ... .. ... | ... |
| Darjeeling .. . ... | ... |
| Cooch Behar ... . ... | ... |
| | 3,588 |

**Sj. Cangapada Kuar:**

এটা কি সত্য যে এই যে রিপেয়ার স্কোয়াড যারা চোকড আপ টিউবওয়েল রিপেয়ার করে তাদের কাছে অধিকাংশ সময় নেসেসারী মেটিরিয়েলস না থাকার জন্য মেরামতি কাজ করতে প্যারে না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আপনি ভুল বল্লেন রিপেয়ারিং স্কোয়াড রিসিংকিং করতে পারে না। রিসিংকিং করার জন্য অন্য ব্যবস্থা আছে। তারা যে মাইনর রিপেয়ার করে তার ইকুয়িপমেন্ট তাদের কাছে আছে।

**Sj. Cangapada Kuar:**

মাইনর যে সমস্ত ইকুয়িপমেন্ট দরকার তা তাদের কাছে থাকে না এটা কি সত্য?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমার কাছে এমন খবর নাই। এরকম ঘটনা হয়ে থাকলে জানালে অনুসন্ধান করবো এবং যাতে প্রতিকার হয় তার চেষ্টা করবো।

**Sj. Cangapada Kuar:**

এই যে সংখ্যা দিয়েছেন চোকড আপ টিউবওয়েলএর ৩,৫৪৮ এর রিপেয়ার রেগুলার কোর্সএ কতদিনের মধ্যে হতে পারে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এটা ডিপেন্ড করে ডিস্ট্রিক্ট কমিটি ও ডিস্ট্রিক্ট অফিসারদের উপর। গত বছরের তুলনায় এবার দ্বিগুণ টাকা বরাদ্দ করা হয়েছে আশা করি এ বছরের যে সংখ্যা আমরা পাব তা অনেক বেশী হবে।

**Sj. Cangapada Kuar:**

টিউবওয়েলগুলি প্রতি বছর বসানোর পর ওয়াশিং করার কোন ব্যবস্থা করলে এগুলি দীর্ঘস্থায়ী হয় কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এটা হল এক্সপার্টের ব্যাপার। ওয়াশিং করলে কি হয়, না হয় তা আমি ঠিক বলতে পারি না। চীফ ইঞ্জিনিয়ার, পাবলিক হেলথ তাঁর নির্দেশানুযায়ী এইসব হয়। হি ইজ এ্যান এক্সপার্ট।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এর পূর্বে হেমন্তবাবু যে কথা বলেছেন, সেই কথা আমি বলছি, যদি কোন টিউবওয়েল খুব শীঘ্র শীঘ্র নষ্ট হয়ে যায়, তবে সে সম্বন্ধে অনুসন্ধান করবার কোন ব্যবস্থা আছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

'যদি'র উপর কোন জবাব দেওয়া যায় না।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

তাড়াতাড়ি টিউবওয়েলগুলি খারাপ হয়ে গেলে সে সম্বন্ধে অনুসন্ধান করবার কোন ব্যবস্থা আছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

নিশ্চয়ই আছে।

**Sj. Hemanta Kumar Ghosal:**

আপনি জেলা বাই জেলা বলেছেন তার মধ্যে চব্বিশ পরগনায় বলেছেন ৮১১টা চোকড আপ হয়ে আছে—এগুলি কবে হয়েছে জানাবেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কবে হয়েছে তার তথ্য নেই, নোটিস দিলে সংগ্রহ করে বলবো।

**Sj. Hemanta Kumar Ghosal:**

যেগুলি চোকড আপ হয়ে আছে, সেগুলি সম্বন্ধে বিশেষ করে একটা তদন্ত করবার ব্যবস্থা করবেন কি?

**Mr. Speaker:**

উনি ত বলেই দিয়েছেন চোকড আপ হয়ে আছে।

**Sj. Balai Lal Das Mahapatra:**

যে নলকূপগুলি চোকড আপ হয়ে আছে, সেগুলি সরকারী ব্যয়ে রিসিংকিংএর ব্যবস্থা করা হবে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

সরকারী ব্যয়ে সবগুলি হচ্ছে এগুলিও হবে।

**Sj. Balai Lal Das Mahapatra:**

এটা ঠিক নয়, রিসিংকিংএর জন্য টাকা চাওয়া হয়।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

রিসিংকিংএর জন্য কোন টাকা চাওয়া হয় বলে আমার জানা নেই।

**Sj. Jagannath Majumder:**

এগুলি কোন্ ক্যাটিগরীর টিউবওয়েল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

কি বল্লেন?

**Sj. Jagannath Majumder:**

এগুলি কোন ক্যাটিগরীর টিউবওয়েল, যেমন আর. ডবলিউ. এস. ডেভেলপমেন্ট কোন ক্যাটিগরীর টিউবওয়েল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এর পূর্বেই আমি বলেছি যে এইরকম বিশ্লেষণ করা নেই, টোটাল ফিগার আছে। যদি কোন প্রশ্নকর্তা প্রশ্ন করেন, নোটিস দিলে বলবো।

**Sj. Hemanta Kumar Ghosal:**

মন্ত্রীমহাশয় বল্লেন যে রিসিংকিংএর জন্য কোন টাকা চাওয়া হয় না ........

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমি যতদূর সম্ভব জানি বলেই বলেছি।

**Sj. Hemanta Kumar Ghosal:**

আপনি কি এটা জানেন যে এক মাস আগে বসিরহাট মহকুমা থেকে রিসিংকিংএর জন্য হেল্থ কমিটির তরফ থেকে টাকা চাওয়া হয়েছিল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমি জানি না, খবর নেবো।

**Sj. Kanai Lal Bhowmick:**

ফাইভ-ইয়ার প্ল্যানে আমরা দেখতে পাচ্ছি যে প্রতি বছর নতুন নতুন টিউবওয়েল কমে কমে আসছে—ফাইভ-ইয়ার প্ল্যানে এইরকম কমে আসার কারণ কি - ১,৯৯২, ১,৩৭৪?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এর উত্তর ত একটু আগেই দিয়েছি।

**Sj. Provash Chandra Roy:**

মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে

"Chocked up tube-wells are resunk according to the programme decided on by the local officers in consultation with District Health Committees.

ডিস্ট্রিক্ট হেল্থ কমিটির সংগে পরামর্শ করে চোকড আপ টিউবওয়েল রিসিংকিং করা হয় এই কথা বলেছেন। এই কমিটিগুলি বসে কি বসে না, সে বিষয়ে মন্ত্রীমহাশয় খোঁজ নিয়েছেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

বসে বলেই ত জানি।

**Sj. Provash Chandra Roy:**

এই কমিটিগুলি যাতে নিয়মিতভাবে বসে, তার ব্যবস্থা করবেন কি?

**Mr. Speaker:** That is a request for action.

**Sj. Biren Banerjee:**

আপনার কি জানা আছে প্রত্যেকটা রিসিংকিং একটা নিউ টিউবওয়েল বলে পরিগণিত হয়?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আপনার প্রশ্নটা বুঝতে পারলাম না।

**Sj. Biren Banerjee:**

যে টিউবওয়েল চোকড আপ হয়ে গেছে, সেটা রিসিংকিং করতে গেলে হেল্থ কমিটিতে আলোচনা হয়, এবং সেটা একটা নতুন টিউবওয়েলের খরচ লাগে, এটা জানেন কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

খরচের কথা বলতে পারি না, রিসিংকিংএ পুরানো পাইপও ইউটিলাইজ করা হয় কিন্তু পাইপ না পাওয়া গেলে নতুন করে করতে হবে।

**Sj. Biren Banerjee:**

প্রত্যেকটা রিসিংকিং একটা নতুন টিওবওয়েল বলে পরিগণিত হয় কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তারপরে ধুতি, লুঙ্গি, শাড়ী ইত্যাদি যেসব এসেনসিয়াল কমোডিটি সেগুলোর উপর ট্যাক্স বসাচ্ছেন। প্রেসিডেন্টএর পারমিশান ছাড়া এসেনসিয়াল কমোডিটির উপর সেলস ট্যাক্স বসান যায় না বলে বাংলাদেশের উপকারের জন্য তিনি অনেক আবেদন নিবেদন করে এগুলোর উপরে কর বসিয়ে পরম উপকার করছেন। বাংলাদেশের যেখানে অর্ধনগ্নলোক আমরা চারদিকে দেখতে পাই সেখানে তিনি এটা করতে যাচ্ছেন—অবশ্য আপনাকে এসব দেখবার জন্য বেশী দূর যেতে হবে না, এসেম্বিলির পাশে বাবুঘাটের বাস্তুহারাদের দেখলেই হবে। এই বাস্তুহারারা যে কিভাবে আছে সেটা বেশী দূর না গিয়ে ওখানে গিয়ে দয়া করে দেখলেই দেখা যাবে। পত্রিকায় এই সম্বন্ধে যে বর্ণনা বেরিয়েছে সেটা একেবারে বর্ণে বর্ণে সত্যি এবং কোন মানুষ যার হৃদয় আছে সে সেইসব দেখলেই বুঝতে পারবেন বাংলাদেশের কি অবস্থা হয়েছে। কোথায় ওদের কাপড় পরতে দেবেন, তা না যে মোটা কাপড় ওরা পরে সেই কাপড়ের উপরেই উনি কর চাপিয়ে দিচ্ছেন টাকা আদায় করবার জন্যে। আপনারা যে দরিদ্র জনসাধারণকে পীড়ন করার জন্য আরও কত কি কাণ্ড করছেন সেটা আলোচ্য বিষয় নয় বলে বলতে চাই না। কন্সটি-টিউশনএ বিধিবন্ধ আছে যে এসেনসিয়াল কমোডিটির উপরে ট্যাক্স বসাতে গেলে প্রেসিডেন্টএর পারমিশান না হলে হবে না বলে প্রেসিডেন্টের পারমিশান নেবেন -এখন দেখা যাচ্ছে এটা অর্থাৎ প্রেসিডেন্টের অনুমতি দেবার ক্ষমতাটা আমাদের শাসনতন্ত্রে না থাকলেই ভাল হত। মোদ্দা কথা হচ্ছে, যে প্রেসিডেন্টএর পারমিশান নিয়ে তিনি গরীব মানুষের উপর সেলস ট্যাক্স বসাতে যাচ্ছেন। অথচ আপনাকে বারবার বলা হচ্ছে যে আপনি ট্যাক্সটা সোর্সএ ধরুন—সিগারেট, সাবান, বনস্পাতির বেলায় করাতে আপনার কত ইনকাম বেড়ে গেছে। যেখানে রাঘববোয়াল, মনুবাহাপ্পারেরা ফাঁকি দিচ্ছে, সেখানে তিনি কিছুতেই যাবেন না। আমার বক্তব্য হচ্ছে যে, তিনি যেখানে গরীব মানুষের মোটা কাপড়ের উপর ট্যাক্স বসাবার জন্য প্রেসিডেন্টএর পারমিশান নিয়ে আসতে পারেন, অথচ বার বার তাঁকে দেখিয়ে দিলেও তিনি কাপড়ের বেলায় কখনও ম্যানুফ্যাকচারিং পয়েন্টএ ট্যাক্স ধরতে যাবেন না। সোর্সএ তিন পয়সার জায়গায় দুই পয়সা ট্যাক্স ধরাতেও সিগারেটের উপর আদায়ী সেলস ট্যাক্স বাবদ আয় যেমন বেড়ে গেছে, তেমনি ঐরকম অন্য জিনিসের বেলায়ও সোর্সএ সেলস ট্যাক্স ধরলে বহু কোটি টাকা আপনার ঘরে আসবে। আমার আগের বক্তৃতায় ট্যাক্স কিভাবে ফাঁকি দেয় সেইসব একেবারে কনক্রীট এক্সাম্পল দিয়ে বলেছিলাম বলে তার আর পুনরোল্লেখ করব না। এবং এইরকম ঘটনা অহরহ ঘটেছে। এ্যাসিসট্যান্ট কমিসনার, এনফোর্সমেন্ট পুলিসকে পাঠান যে এই লোকটি ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাকে ধর। এইসবের নামও আমার কাছে আছে, দরকার হলে দিতে পারি। কিন্তু সেখানে হল কিনা এনফোর্সমেন্ট ব্রাঞ্চের পুলিস পুরোপুর ৫০০ টাকার ঘুস ও সন্দেশ খেয়ে তাকে ছেড়ে দিলেন। এবং বলল যে [illegible] কারবারতে রেজিস্টার ডীলার, যার কাছে মাল বিক্রি করা হয়েছে তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। দিস ইজ হোয়াট ইজ হ্যাপেনিং এবং কত যে এইরকম ঘটছে তার ঠিক নেই। অথচ তিনি অফিসার বাড়াচ্ছেন। তিন তিনটে কমার্সিয়াল অফিসার

যার সবকটা বিষয়ে ডিপার্টমেন্টাল এক্সামিনেশনএ ফেল করেছে তাদের উচ্চপদে প্রোমোশন দেওয়া হয়েছে। আমি এগুলোর নাম করে বলে দিতে পারি যে একজন অমুকের শ্যালক, বা ব্রাদার-ইন-ল, আর একজন অমুকের সান-ইন-ল এবং আর একজন এক প্রসিদ্ধ ব্যক্তির সঙ্গে রিলেটেড ঐ তিন জনের মধ্যে একজন কমিশনারের পি, এ. নিযুক্ত হয়েছেন এবং আর বাকি দুজন এ্যাসিস্টেন্ট কমিশনার নিযুক্ত হয়েছেন। খুঁটির জোর আছে। এরপর এ্যাসিস্টেন্ট কমিশনাররা আ.পিল য়্যান্ড রিভিসন কেস কতগুলো করেন তার তিনি খোঁজ নিলেই জানতে পারবেন যে যেখানে ১৫০ করা দরকার সেখানে ২০টার বেশী কেউ করেন না। অথচ তিনি অফিসারের পর অফিসার নিয়োগ করে যাচ্ছেন। কমিশনার একটা কেসও করেন না। যে দুটি য়্যাডিশন্যাল কমিশনার ১,৬০০ টাকা মাসিক বেতনে ও বহু সংখ্যক য়্যাসিস্ট্যান্ট কমিশনারকে নিযুক্ত করেছেন তাদের বিশেষ কাজ নেই। অর্থাৎ আশ্রিত পোষণ করা হচ্ছে। ও'র কাছে এসে ধরাধরি করলেই সব হয়ে যায়। দৃষ্টিকটু এড়াবার জন্য একজন য়্যাসিস্ট্যান্ট কমিশনারএর অফিস আসানসোলে সরিয়ে নেওয়া হচ্ছে বাঁকুড়া, বীরভূম, বর্ধমানের ব্যবসাদারদের যেতে হবে আসানসোলে, কোলকাতায় সবাই ব্যবসাবাণিজ্য করতে আসে, কিন্তু অফিস সেখানে নিয়ে যাওয়া হচ্ছে। এর কারণ হচ্ছে যে এত কমিশনারদের কাজ দেখাতে হবে ও তাই একটি অফিস এখান থেকে ওখানে চলে গেল। এ ছাড়া আর একটি অফিস জলপাইগুড়িতে নিয়ে যাওয়া হচ্ছে। ব্যবসাদারদের হয়রানী হওয়াটা তিনি দেখবেন না এবং বহু অবসরপ্রাপ্ত বৃদ্ধ লোককে তিনি কাজে লাগিয়েছেন। একজন এ্যাসিস্ট্যান্ট কমিশনার যাকে রিএমপ্লয়মেন্ট দেওয়া হয়েছে তিনি আগে আলিপুরের পুলিস ম্যাজিস্ট্রেট ছিলেন। তাঁর কোন সুনাম ছিল না। অথচ দেশে বহু ইয়াং মেন যারা কোয়ালিফাইড তারা কাজ পাচ্ছে না। ঐসব বুড়ো লোকেরা ঘুমোয়, ঝিমোয়, কোন কাজ করে না। অর্থাৎ ওনার ৭৬ বয়স বলে উনি মনে করেন যে ৭৬ বছরের সব লোককেই এমপ্লয়মেন্ট দিতে হবে। সভাপাল মহাশয়, আমি খুব দুঃখের সঙ্গে মূল বিলের বিরোধীতা করছি। কারণ এই ৫ নম্বর ক্লজটা বাংলাদেশের ব্যবসাদারদের শেষ করবে এবং বাঙ্গালী ছোটখাট ব্যবসাদারদের উপর অকথ্য অত্যাচার এটার দ্বারা হবে।

**Dr. Kanailal Bhattacharya:**

মাননীয় সভাপাল মহাশয়, বেঙ্গল ফাইনান্স সেলস ট্যাক্স আইনটি সম্বন্ধে প্রত্যেক সেসনএ দেখতে পাচ্ছি এর সংশোধন করা হচ্ছে এবং সংশোধন করার ব্যাপারে সরকার পক্ষ থেকে সাধারণতঃ দুইটি যুক্তি দেখান হয় একটি হচ্ছে সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে সুতরাং আইনের ফাঁকগুলি বুজাবার জন্য এবং অন্য আরও অনেক জিনিসের উপর সেলস ট্যাক্স বসানোর জন্য এই য়্যামেন্ডমেন্ট আনা হচ্ছে। যদিও এর মধ্যে দুইটি উদ্দেশ্য নিহিত আছে তথাপিও শেষের উদ্দেশ্যটি ভালভাবে বলা নেই অর্থাৎ আজকে কথার মারপ্যাচে একটা দিক ঢেকে রাখার চেষ্টা হচ্ছে।

[5-50—6 p.m.]

সভাপাল মহাশয়, এই য়্যামেন্ডেড বিলের ভিতর দিয়ে এটা সুস্পষ্ট হয়ে উঠেছে—ধুতি, লুঙ্গি, ও সাড়ির উপর ও'রা বিক্রয় কর ধার্য করেছেন। এটা সুস্পষ্টভাবে না রেখে বলা হয়েছে ধুতি, লুঙ্গি ও সাড়ি যারা বিক্রয় করে তারা সেলস ট্যাক্স ফাঁকি দেয়, সেইজন্য তাদেরই জন্য এই আইনটাকে এমেন্ড করা হল। কিন্তু যদি একটু তলিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে অত্যন্ত প্রয়োজনীয় এই যে দ্রব্যগুলি, ঐ গুলির উপর সেলস ট্যাক্স বসানো হচ্ছে। সেইজন্য এটাতে আমাদের বিশেষ আপত্তি আছে। আজ আমরা আবার দেখতে পাচ্ছি—এইসমস্ত প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়ে গেছে এবং এ নিয়ে এই এসেমব্লিতে আলোচনা হয়েছে। এবং প্রশ্নোত্তর নিয়েও প্রায় এক ঘণ্টাকাল আলোচনা হয়ে গেছে গতকাল। আমার প্রশ্নের জবাবে মাননীয় প্রফুল্লবাবুকে যখন আমি পয়েন্ট আউট করেছিলাম—এইসব টেকসটাইলের দাম বেড়েছে কেন? তিনি বলেছিলেন সেলস ট্যাক্স ধার্য করার জন্যই এইসব জিনিসের দাম বেড়েছে। এখানে ধুতি লুঙ্গি ও সাড়ি ছাড়াও অন্যান্য সুতিদ্রব্যের দামও বেড়ে যাচ্ছে। আজ যদি এই সেলস ট্যাক্স ধুতি, লুঙ্গি, ও সাড়ির উপর ধার্য করা হয় তাহলে সাধারণ মানুষের সুতি

কাপড়ের যতগুলি নিত্য ব্যবহার্য দ্রব্য ধীরে ধীরে তার সবগুলিরই দাম যে বেড়ে যাবে এটা আমাদের অভিজ্ঞতা থেকেই জানি। আমরা দেখেছি, তিন পয়সা হয়ত সেলস ট্যাক্স বাড়ল, প্রতি টাকায় কিন্তু সেই অনুপাতে জিনিসের দাম দুই আনা তিন আনা বেড়ে যায়। যদি সোর্সএ ধার্য করা হত তাহলেও যেহেতু সোর্সে ধার্য হয়েছে সেইজন্য অন্ততঃ টাকাপ্রতি এক আনা ছ পয়সা করে ধুতি, লুংগি, ও সাড়ির মূল্য বাড়ানো হত। আমাদের এ অভিজ্ঞতা আছে যে ও'রা অসাধু ব্যবসায়ীদের ট্যাকল করতে পারেন না। এবং আজকে তার ফলেই আমাদের দেশের জনসাধারণকে যে জিনিসের যে মূল্য দেওয়া উচিত ছিল তারচেয়ে ঢের বেশী মূল্য দিতে হচ্ছে, যারজন্য আজ আমাদের দেশের আর্থনীতিক অবস্থা খারাপ হচ্ছে।

আমি সর্বশেষে মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব বাংলাদেশের বর্তমান অর্থনীতিক শোচনীয় অবস্থায় ধুতি, লুংগি, ও সাড়ির আর কর ধার্য করা স্থগিত রাখুন।

**Sj. Provash Chandra Roy:**

স্যার, এই সংশোধনী বিলে সেলস ট্যাক্সের একটা সংশোধন এনে মন্ত্রীমহাশয় আমাদের কাছে বলতে চাইছেন যে ব্যবসায়ীরা সেলস ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের ধরবার জন্য এই ব্যবস্থা তাঁরা করতে যাচ্ছেন। আমার কথা হচ্ছে এটা আসল উদ্দেশ্য নয়, আসল উদ্দেশ্য খুলে বল্লে জনসাধারণের কাছে কংগ্রেস সরকার ধরা পড়ে যায়। সেইজন্য জনসাধারণের ঘাড়ে কৌশলে তাঁরা নতুন কর চাপাবার ব্যবস্থা করছেন। যদি তাঁর কথা ধরা যায় তাহলে দেখা যায় মন্ত্রী-মহাশয় রাম করল অপরাধ সেজন্য রামকে শাস্তি না দিয়ে শ্যামকে দিচ্ছেন শাস্তি। এই ধরনের বিচারপদ্ধতি তাঁর পক্ষেই সম্ভব। যদি সত্যই এটা জনকল্যাণরাষ্ট্র হত তাহলে এই ধরণের বিল তিনি আনয়ন করতেন না এখানে। বর্তমানে যে আইন আছে তাতে সাড়ে সাত টাকা ধুতির জোড়া ও সাড়ে চার টাকা যদি লুংগির জোড়া হয় তাহলে তার উপর সেলস ট্যাক্স চাপানো চলতে পারে না, কম হলে ত নয়ই, এর বেশী যদি হয় তাহলেই সেলস ট্যাক্স তার উপর চাপানো চলবে। সরকার যে আইন করতে যাচ্ছেন এই আইনের মারফত সমস্ত রকম বস্ত্রের উপরই নতুন করে ট্যাক্স চাপবে। তার ফলে পশ্চিমবঙ্গের আড়াই কোটি মানুষের উপর ডাঃ বিধানচন্দ্র রায় নতুন ট্যাক্সের বোঝা চাপিয়ে দিচ্ছেন। এতে যে জিনিসের দাম বাড়বে সে কথা আমরা নিশ্চিত জানি এবং পরশুদিন আলোচনার ক্ষেত্রে সরকার নিজেরাই সে কথা স্বীকার করেছেন যে শর্ষের তেলের উপর মণ করা আড়াই টাকা করে কর ধার্য হল আর তার ফলে জনসাধারণকে দেড় টাকার জায়গায় সোয়া দুই টাকা করে শর্ষের তেল কিনতে হচ্ছে। আমরা জানি যেখানে সরকার এক আনা করে ট্যাক্স পাচ্ছেন সেখানে জনসাধারণকে বার আনা করে অতিরিক্ত দিয়ে কিনতে হচ্ছে। সুতরাং বিধানবাবু যা করছেন তার ফলে টাকাপ্রতি তিন পয়সা-এক আনা করে ট্যাক্স বসাবেন আর সেইজন্য জনসাধারণকে বার আনা করে বেশী দিয়ে কাপড়চোপড় কিনতে হবে। আমরা জানি গত ছ মাসের মধ্যে জিনিসপত্র ও কাপড়চোপড়ের দাম দেড় টাকা হইতে দুই টাকা পর্যন্ত বেড়েছে, তারমধ্যে ফাইন কাপড়ের দাম খুব বেশী বেড়েছে। যেখানে ব্যবসায়ীর উপর অল্প কিছু ট্যাক্স সরকার চাপিয়েছেন সেখানে সে ক্রেতাদের কাছ থেকে ১০-১২ গুণ অতিরিক্ত আদায় করবার চেষ্টা করে। সেক্ষেত্রে এই ধরনের বিল আনাকে আমরা অন্যায় বলেই মনে করি।

যদি তাঁদের টাকার প্রয়োজন হয়ে থাকে, এবং কয়েক মাসের মধ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার জন্য টাকার প্রয়োজন হবে। সেজন্য বিশেষজ্ঞ যিনি এসেছিলেন তিনি বলেছেন ১০০-৩০০ কোটি টাকা ভারতবর্ষের বড় বড় ধনীরা সরকারকে ট্যাক্স ফাঁকি দিচ্ছে, এটা কংগ্রেস গভর্নমেন্টেরই রিপোর্টের কথা। সুতরাং যেখানে বড় বড় ধনীরা একশো কোটি, দুশো কোটি তিনশো কোটি টাকা ফাঁকি দিয়ে বসে আছে তাদের না ধরে সরকার আড়াই কোটি মানুষের উপর নতুন ট্যাক্স চাপিয়ে তাদের নতুন সংকটের মুখে ফেলে দিচ্ছেন। দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা সম্পর্কে সরকার বলেছেন যে তা দ্বারা সরকার জনসাধারণের সুখ শান্তির ব্যবস্থা করাবেন, কিন্তু আমরা দেখতে পাচ্ছি তাঁদের নিত্য নতুন ট্যাক্স ধার্যের ফলে সুখের ব্যবস্থা ত দূরের কথা জনসাধারণের অ-সুখের মাত্রাই বৃদ্ধি হচ্ছে। আজ প্রতিটি নিত্য ব্যবহার্য দ্রব্যের মূল্য বৃদ্ধির দরুন জনসাধারণের দুঃখের অবধি নাই। এইভাবে কংগ্রেস সরকার যদি জনসাধারণের

জীবনযাত্রার মান না বাড়ান যা নাকি তাঁদের মূল উদ্দেশ্য বলে ঘোষণা করে এসেছেন কিন্তু যা নাকি কাজে করছেন ঠিক উল্টো—তাহলে দেশকে তাঁরা সঙ্কটের মধ্যেই টেনে নেবেন।

সেইজন্য, স্যার, আপনার মারফত মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি এই সংশোধনী বিলটা এখানে পাশ না করিয়ে জনমত সংগ্রহের জন্য প্রচার করুন। যদি জনসাধারণ এটা চায় তাহলে আমরা তাদের মতানুযায়ী এটাকে সমর্থন করব, এবং আমাদের কথা যদি সত্য হয় তাহলে জনসাধারণ এর বিরুদ্ধেই দাঁড়াবে। এই বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, ট্যাক্স ধার্যের ফলে আজ মানুষের জীবন দুর্বহ হয়ে উঠেছে। তা ছাড়া ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় এই বাংলাদেশে ট্যাক্সের হার বেশী ধরা সত্বেও, এখানে প্রতি বৎসর, প্রতি সেসনে এই সেলস ট্যাক্স আইন সংশোধনের ফলে বাংলার রাজকোষে আগেকার চেয়ে বেশী টাকা আসতে পারে, কিন্তু সেলস ট্যাক্স ও অন্যান্য ট্যাক্সের ভারে জনসাধারণের দুঃখ দুর্দশা বেড়ে চলেছে। মাননীয় মুখ্যমন্ত্রী ও অর্থমন্ত্রীমহাশয় প্রথমে যে কথা বলেছেন যে কতকগুলি ব্যবসায়ী দশ হাজার টাকার কম লিখিয়ে ট্যাক্স ফাঁকি দেয়, যেহেতু ধুতি সাড়ি ও লুঙ্গির উপর একটা লিমিট পর্যন্ত ট্যাক্স এক্সেমটেড আছে, সেইজন্য তারা ফাঁকি দেয়—একথাটা যে মোটেই সত্য নয়, সেটা তাঁকে চিন্তা করতে বলি। তিনি নিশ্চয়ই জানেন যে আজো ভারতবর্ষে এসেনসিয়াল সাপ্লাই এ্যাক্ট এবং টেক্সটাইল ইয়ার্ন কন্ট্রোল এ্যাক্ট বলবৎ আছে। যার ফলে প্রত্যেক টেক্সটাইল ডীলারকে লাইসেন্স নিতে হয় এবং তার 'এ' গ্রুপ, 'বি' গ্রুপ প্রভৃতি আছে। বিনা লাইসেন্সে কেউ কোন টেক্সটাইলের ব্যবসা করতে পারে না। যার লাইসেন্স রয়েছে, সে যেখান থেকে যে প্রকারের কাপড় কিনুক না কেন, তার জন্য তার ষ্টক রেজিস্টার মেনটেন করতে হয়, এবং প্রত্যেক পার্চেজারকে রিসিট দিতে হয়, ক্যাস মেমো দিতে হয়, তা দ্বারা প্রমাণ হবে কোন কাপড়ের দাম কত এবং কততে বিক্রয় করা হচ্ছে, ভুল হবার কোন কারণ নাই, আর ওর যে সেলস ট্যাক্স ডিপার্টমেন্ট রয়েছে তাদের খাতায় ষ্টক রেজিস্টার সেলস রেজিস্টার ক্যাশ মেমোর ডুপ্লিকেট রাখা হয় এইটে থেকেই বুঝতে পারা যাচ্ছে যে এক শ্রেণীর ব্যবসায়ী যে বেশী দামের কাপড় কম দাম দেখিয়ে ফাঁকি দেয় তা যুক্তিসঙ্গত নয়।

[6-6-10 p.m.]

তার হিসাবনিকাশ রয়েছে,

stock register, sales register, cash memo.

ইত্যাদির সমস্ত ওরিজিন্যাল রাখতে হয়। অতএব তাঁরা যে অজুহাত দেখাচ্ছেন যে ব্যবসাদাররা সেলস ট্যাক্স ফাঁকি দেয় সেটা খুব যুক্তিসঙ্গত নয়। আমরা বরং মনে করি যে যেখানে ওঁরা বলছেন যে ভীতির কোন কারণ নেই যদি এই ক্লজ ৫এ আমরা এটা এক্সেম্পশন করে দিচ্ছি বলে কোন ট্যাক্স হবে না, কিন্তু সেখানে যে কি করে বাদ দিচ্ছেন তাত বুঝতে পারলাম না। সার্চার্জ বাদ দেবেন, সেলস ট্যাক্স যদি না হবে তাহলে এটাকে ত পুরোপুরি এক্সেম্পশনএর জন্য সেডিউল লিস্টএর মধ্যে রাখা উচিত ছিল—তাত রাখেন নি। তা ছাড়া কি উপায় অবলম্বন করলে সেলস ট্যাক্স প্রকৃতপক্ষে আদায় হবে সে সম্বন্ধে অনেক সদস্যই সাজেশন দিয়েছিলেন, কিন্তু দুঃখের কথা যে আমাদের অর্থমন্ত্রী সে কথা শোনেন নি। যেসব অঞ্চল বরাবর ডিসট্রিক্ট হেডকোয়ার্টার্স আজকে আমরা বলছি না গত মার্চ মাসে বাজেট সেসানের সময় বলেছিলাম যে বাঁকুড়ার ব্যবসাদারদের মেদিনীপুরে গিয়ে সেলস ট্যাক্সএর খাতা দেখাতে হয় বলে ছোট ব্যবসাদারদের প্রতি মাসে ৩-৪ বার করে টাকা খরচা করে সেখানে আসতে যেতে হয়। এই যে অহেতুক তাদের খরচ হয় তার থেকে রেহাই পাবার কোন ব্যবস্থা এই সরকার আজও করেন নি। গতবারে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন যে বাঁকুড়াতে সেলস ট্যাক্সএর একটা আফিস খোলা হচ্ছে। কিন্তু আজও পর্যন্ত দেখতে পেলাম না যে সেখানে খোলার কোন ব্যবস্থা হচ্ছে। সুতরাং সেলস ট্যাক্স আদায় করবার জন্য কোথাও আফিস করুন না কেন এবং বস্তুতপক্ষে প্রত্যেক সাবডিভিসনাল টাউনএ যদি একটা [illegible] ফর্ম অফ অফিস থাকে তাহলে তার ফল খুব বেশী

হয় এবং ব্যবসাদারদের একটা ভয় থাকে। কারণ তাহলে তারা সাডেন ভিজিট দিতে পারে, খাতা চেক করতে পারে, যেকোন সময়ে দোকানে ঢুকে সমস্ত ট্যাক্স ফাঁকি দেবার লুপহোল জানতে পারে। কিন্তু তা না করে যদি একটা জলপাইগুড়ি, কোলকাতা বা মেদিনীপুর হয় তাহলে যতই আইন করুন না কেন সেই ফাঁকা খাতা দেখা যাবে, লুপহোল দেখা যাবে। মানুষমাত্রই চায় যে কি করে ফাঁকি দিয়ে সে চালাতে পারে। অতএব ট্যাক্স যখন আদায় করতেই হবে তখন এমনভাবে ব্যবস্থা করা উচিত যাতে করে জনসাধারণ ট্যাক্স দিতে বাধ্য হবে, তারা সেলস ট্যাক্স দিয়ে যাবে, অথচ সেটা আদায় হবে না বা জমা পড়বে না—এইরকম কাজ যাতে না হয় সে বিষয়ে আমরা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। সেজন্য প্রত্যেক সাবডিভিসন্যাল টাউনএ যেখানে বড় বড় বিজনেস সেন্টার রয়েছে সেখানে একটা অফিস করলে মেনলী সেলস ট্যাক্স বহু আদায় হবে বলে আমি মনে করি। অতএব এই যে ক্লজ ৫ আনা হয়েছে এতে আমরা আপত্তি করি এবং এটা হওয়া উচিত নয় বলে আমরা মনে করি।

**Sj. Subodh Banerjee:** Mr. Speaker, Sir,

আলোচ্য বিলটা অর্থনৈতিক ও সামাজিক নীতির দিক থেকে পরিত্যাজ্য। কারণ এতদিন কংগ্রেসী রাজের মত রাজস্বের যে জিনিসগুলিকে করমুক্ত রাখা হয়েছিল, সেইগুলির উপর এই বিলের দ্বারা নতুন করে কর চাপান হচ্ছে। মন্ত্রীরা কল্যাণ রাষ্ট্রের কথা বলেন। কল্যাণ রাষ্ট্রের কর-নির্ধারণের রীতি নীতি তাঁরা মানেন না। উদাহরণস্বরূপ, বিক্রয় করের ক্ষেত্রে বিলাস দ্রব্য এবং নিত্য প্রয়োজনীয় দ্রব্যের উপর করের হার তাঁরা একই ধার্য করে রেখেছেন। কোন কল্যাণ রাষ্ট্রের এই নীতি হতে পারে না। কল্যাণ রাষ্ট্রে বিলাস দ্রব্যের উপর করের হার বেশী থাকবে এবং নিত্য প্রয়োজনীয় জিনিসগুলিকে করমুক্ত রাখা হয়। আমাদের এখানে সেই নীতি সরকার গ্রহণ না করে সব জিনিসের উপর সমপরিমাণ একই হারে কর চাপিয়ে রেখেছেন। এই বিল আনার আগে যে জাতীয় মোটা কাপড়, গরীব মানুষরা ব্যবহার করত সেইগুলিকে বিক্রয় করের আওতা থেকে বাদ দেওয়া হয়েছিল। ডাক্তার বিধান রায়মহাশয় বর্তমান আইনের দ্বারা সেই কাপড়গুলিকে নতুন করে করের আওতায় এনে গরীব মানুষের উপর আর এক দফা করের বোঝা চাপানর চেষ্টা করছেন। আপনি জানেন বাংলাদেশের করের হার কিভাবে বেড়েছে। ইন্ডাইরেক্ট ট্যাক্সএর কথা ছেড়ে দিন, ডাইরেক্ট ট্যাক্সএর কথাই বলছি। সারা ভারতবর্ষের মধ্যে জনপ্রতি করের বোঝা বাংলাদেশে সবচাইতে বেশী। গতবছর বোম্বেতে বেশী ছিল এখন বাংলাদেশে জনপ্রতি করের বোঝা সর্বোচ্চ। করের পরিমাণ কত দেখুন। একজন লোক যানবাহন, লেখাপড়া, চিকিৎসা আমোদপ্রমোদ ও স্বাস্থ্য বাবদে যে টাকা খরচ করে তারচেয়ে বেশী এই ডাইরেক্ট ট্যাক্সএর পরিমাণ। এটা আমার কথা নয়। ট্যাক্সেশন এনকোয়ারী কমিশন একথা মেনে নিয়েছেন। শুধু তাই নয়। বিধানবাবু দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমালোচনা প্রসঙ্গে বলেছিলেন যে, বাংলাদেশ স্যাচুরেশন পয়েন্টএ এসে গেছে—এখানে আর ফার্দার ট্যাক্সেসনএর স্থান নেই। বাংলার সাধারণ মানুষের উপর আরও কর চাপালে তার সহ্য শক্তির সীমা ছাড়িয়ে চলে যাবে এবং তাতে বাংলার আর্থনীতিক কাঠামো ভেঙ্গে যাবে। সুতরাং এই বিল এনে বিধানবাবু তার নিজের কথারই বিরুদ্ধতা করছেন। শুধু তা নয়। কর ধার্য করার বিষয়ে আর একটা নীতি বিচার করে দেখা দরকার। সমাজতান্ত্রিক বা কল্যাণ রাষ্ট্রের নীতির কথা বাদ দিচ্ছি। অত্যন্ত জঘন্য পুঁজিবাদী রাষ্ট্রের কথাই বলছি। ট্যাক্স এমন জায়গায় বসাতে হবে যাতে ট্যাক্স কলেকশনএর খরচ বেশী না হয়। কম আয়ের উপর কর ধার্য করলে তা আদায় করতে বেশী খরচ পড়ে। সেখানে কর আদায় খরচ কর আদায়ের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে না, that won't be commensurate with the actual income derived from the collection of tax turnover.

আগে সরকার দশ হাজারের উপর যাদের আয় ছিল তার উপর ট্যাক্স বসাতেন—আজ সেটা দশ হাজারের নীচে এনে ফেলেছেন। আমি শুনেছি ভুল কথা হলে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সেটা বলে দেবেন—হকার্স কর্নারএ যেসব দোকান আছে—তাদের উপরও বিক্রয় কর দেবার নোটিস পড়ে গেছে—তাদেরও সেলস ট্যাক্স দিতে হবে। এতে তাদের সর্বনাশ হবে। তাদের নামমাত্র টার্ণ-ওভারএর উপর যদি বিক্রয়কর দিতে হয় তাহলে তারজন্য যে খাতাপত্র, যে পা[illegible] তাদের রক্ষা করতে হবে, সেসব করা তাদের মত সাধারণ লোকের পক্ষে অসম্ভব। তার জন্য

যদি চার্টার্ড য়্যাকাউন্টেন্টএর পরামর্শ নিতে হয় বা অতিরিক্ত বিশেষজ্ঞ লোক নিয়োগ করতে হয়—তাহলে এইসব হকার্স কর্নার এর দোকানগুলিকে লালবাতি জ্বালাতে হবে। এইভাবে কর আদায়ও হবে না। মাঝখান থেকে এইসব সাধারণ মানুষকে দুর্দশাগ্রস্ত করা হবে। এতে সরকারের কোন লাভ হবে না—অথচ কিছু লোক জীবনধারনের উপায় হারিয়ে বেকারের সংখ্যা বাড়িয়ে তুলবে। সেইজন্যই এই বিল পশ্চিমবঙ্গের বিধানসভার সদস্যদের সমর্থন করা উচিত নয়।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I say at once as I have said in my introductory speech that there may be some cases—at the present moment *sarees* and *dhoties* on which no sales tax is imposed are those which are sold at less than Rs. 4 per pair. I realise that there may be some people who will have difficulty in paying six pies extra for *dhoti* of Rs. 2. I have said that I realise that difficulty. On the other hand, it is only a question of approach. I am thinking of a very large number of tax-evaders that take advantage of the figure, sell the cloth at Rs. 7, Rs. 6 whatever that figure is and show in the voucher just Rs. 2-4 or Rs. 2 which is below the figure which is there. Sir, it will be interesting to see that in Andhra, Bihar, Bombay, Madras, Orissa and the Punjab, there is no exemption on mill-made cloth. Last time during the Budget Session the Opposition members taunted this Government saying that although our realization from sales tax is only Rs. 7 or 8 crores, in Bombay it is Rs. 20 crores every year. I made enquiries and I found that in Bombay so far as textiles are concerned, they imposed sales tax on three occasions.

[6-10—6-20 p.m.]

They impose sales tax at three points. First of all when the mill sells it to wholesale dealer they charge sales tax; when the wholesale dealer sells it to a retail dealer they charge another sales tax; when the retail dealer sells it to the consumers they charge another sales tax; so that on the same piece of cloth the tax is three times put. The only advantage they have which the consumers of Bengal have not is we have to pay not merely the price of the cost of production of that cloth but the transport charges, godown charges, etc., as also sales tax, whereas in Bombay they do not pay transport charges, but, Sir, the position is as to how you look at it. If you feel, as we know it is so, that there are a large number of tax-evaders who taking advantage of the figure try to get round the sales tax assessment and show a figure below the figure that is put down in our notification and avoid sales tax, that is a wrong thing.

Sir, I yield to none in our anxiety for the poorer people and I have approached the Central Government that particularly in this season when the Puja is coming on it may be necessary as in the case of other commodities, if the prices are on the mounting side we shall have to sell coarser cloth, the ordinary cloth, at a subsidised price to relieve the poorer people. But that is one aspect of the question. What we are now considering is how to prevent sophisticated fellow or the black-market fellow from trying to evade sales tax. This is the object we have in view. As I said before, I say again, it may be if we do not put this on now we may have a period of one year before the surcharge is put by the Central Government on the excise when surcharge will affect all types of cloth.

Sir, we have the power under the Sales Tax Act, under section 5, to exempt sale of any type of cloth from such tax. What we will have to do later on may be that we will invoke the provision of that section to exempt a particular type of cloth from taxation, or we may have to, as I have said before, subsidise the ordinary cloth for one season. The only way in which we can get over the difficulty of supplying cloth to the poorer people at a lower price than they get in the present market is, as I said before and

I repeat again,—and we hope we will be able to get it implemented within the course of a year—by putting in power looms as well as several spinning mills so that we might be self-sufficient so far as textiles are concerned. That will incidentally also give employment to a very large number of people. My own calculations are that if we can put in 12 spinning mills and have the handloom weavers—it may be with power loom also—from the unemployed people we might be able to employ about a lakh of people, so that it is a combined effort of producing cloth of cheaper variety and avoiding the transport charges so that the poorer people may get the cloth at a lower price even by paying the sales tax that may be provided.

Therefore, I cannot accept the motion for circulation.

The motion of Sj. Provash Chandra Roy that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1956, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st October, 1956, was then put and lost.

**Mr. Speaker:** The rest of the amendments fall through.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1956, be taken into consideration was then put and agreed to.

*Clause* 1.

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

*Clause* 2.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

*Clause* 3.

**Dr. Narayan Chandra Ray:** Sir, I beg to move that in clause 3, the following proviso be added to the proposed sub-section (4A), namely:—

"Provided that interest charged for arrear of demand shall be calculated on the reduced demand from the date of requisition."

ক্লজ থ্রিতে আমি এটা বলতে চাইছি ফর এ্যাডমিনিসট্রেটিভ রিজন্স যেমন একটা জিনিস ক্যারি ওভার করেছেন, এর সঙ্গে জুড়ে দিন রিডিউসড রেট অফ ইন্টারেস্ট।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I will give the answer. Sir, the amount of liability from a certificate debtor shall be determined by the Certificate Officer under section 10 of the Public Demands Recovery Act and where the demand is reduced, interest will in the normal course be calculated by him on the reduced demand. That is absolutely clear in the Act. The amendment is unnecessary.

The motion of Dr. Narayan Chandra Ray that in clause 3, the following proviso be added to the proposed sub-section (4A), namely:—

"Provided that interest charged for arrear of demand shall be calculated on the reduced demand from the date of requisition".

was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 4.*

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

*Clause 5.*

**Mr. Speaker:** Both the amendments are out of order.

[6-20—6-27 p.m.]

The question that clause 5 do stand part of the Bill was then put and a division taken with the following result:—

**AYES—122.**

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdullah, Janab S. M.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, Dr. Jatindra Nath
Basu, Sj. Satindra Nath
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, Dr. Maitreyee
Brahmamandal, Sj. Debendra
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindaban
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Kanailal (Ausgram)
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Dutta Gupta, Sjkta. Mira
Gahatraj, Sj. Dalbahadur Singh
Gayen, Sj Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Golam Hamidur Rahman, Janab
Goswamy, Sj. Bijoy Gopal
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hansda, Sj. Jagatpati
Hansdah, Sj. Bhusan
Hasda, Sj. Lose
Hazra, Sj. Amrita Lal
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Pashu Pati
Kar, Sj. Sasadhar
Kazim Ali Meerza, Janab
Lahiri, Sj. Jitendra Nath
Let, Sj. Panchanon
Lutfal Hoque, Janab
Mahammad Ishaque, Janab
Mahata, Sj. Mahendra Nath
Maiti, Sjkta. Abha
Maiti, Sj. Subodh Chandra
Mal, Sj. Basanta Kumar
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Annada Prasad
Massey, Mr. Reginald Arthur
Maziruddin Ahmed, Janab
Misra, Sj. Sowrindra Mohan
Mitra, Sj. Sankar Prasad
Modak, Sj. Niranjan
Mohammad Hossain, Dr.
Mohammed Israil, Janab
Mondal, Sj. Baidyanath
Mondal, Sj. Rajkrishna
Mondal, Sj. Sishuram
Mondal, Sj. Sudhir
Moni, Sj. Dintaran
Mukharji, The Hon'ble Dr. Amulyadhan
Mukherjee, Sj. Ananda Gopal
Mukherji, The Hon'ble Ajoy Kumar
Mukherji, Sj. Pijush Kanti
Mukhopadhyay, Sjkta. Purabi
Munda, Sj. Antoni Topno
Murmu, Sj. Jadu Nath
Naskar, The Hon'ble Hemchandra
Pal, Dr. Radhakrishna
Panigrahi, Sj. Basanta Kumar
Panja, The Hon'ble Jadabendra Nath
Paul, Sj. Suresh Chandra
Platel, Mr. R. E.
Pramanik, Sj. Mrityunjoy
Pramanik, Sj. Rajani Kanta
Pramanik, Sj. Sarada Prasad
Rai, Sj. Shiva Kumar
Raikut, Sj. Sarojendra Deb
Ray, Sj. Jajneswar
Ray, Sj. Jyotish Chandra (Haroa)
Ray, The Hon'ble Renuka
Roy, Sj. Bhakta Chandra
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Nepal Chandra
Roy, Sj. Prafulla Chandra
Roy, The Hon'ble Radhagobinda
Roy, Sj. Ramhari
Roy, Sj. Surendra Nath
Saha, Dr. Sisir Kumar
Santal, Sj. Baidya Nath
Saren, Sj. Mangal Chandra

Sen, Sj. Bijesh Chandra
Sen, Sj. Narendra Nath
Sen Gupta, Sj. Gopika Bilas
Sharma, Sj. Joynarayan
Shaw, Sj. Mahitosh
Singh, Sj. Ram Lagan
Singha Sarker, Sj. Jatindra Nath
Sinha, Sj. Durgapada
Tafazzal Hossain, Janab
Tarkatirtha, Sj. Bimalananda
Tripathi, Sj. Hrishikesh
Trivedi, Sj. Goalbadan
Yeakub Hossain, Janab Md.
Zainal Abedin, Janab Kazi
Ziaul Haque, Janab M.

**NOES—51.**

Baguli, Sj. Haripada
Bandyopadhyay, Sj. Tarapada
Banerjee, Sj. Biren
Banerjee, Sj. Subodh
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Basu, Sj. Jyoti
Bera, Sj. Sasabindu
Bhattacharjya, Sj. Mrigendra
Bhattacharya, Dr. Kanailal
Bhowmick, Sj. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, Sj. Ambica
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Jnanendra Kumar
Choudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dal, Sj. Amulya Charan
Dalui, Sj. Nagendra
Das, Sj. Lalbehari
Das, Sj. Natendra Nath
Dey, Sj. Tarapada
Ghosal, Sj. Hemanta Kumar
Ghose, Sj. Bibhuti Bhushon
Ghosh, Sj. Ganesh
Ghosh, Dr. Jatish (Ghatal)
Ghosh, Sj. Narendra Nath
Haldar, Sj. Nalini Kanta
Joarder, Sj. Jyotish
Kar, Sj. Dhananjoy
Khan, Sj. Madan Mohon
Kuar, Sj. Gangapada
Mahapatra, Sj. Balailal Das
Mondal, Sj. Bijoy Bhuson
Mukherji, Sj. Bankim
Mullick Chowdhury, Sj. Suhrid Kumar
Naskar, Sj. Gangadhar
Pramanik, Sj. Surendra Nath
Roy, Dr. Narayan Chandra
Roy, Sj. Provash Chandra
Roy, Sj. Saroj
Saha, Sj. Madan Mohon
Saha, Dr. Saurendra Nath
Sarkar, Sj. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Sen, Sjkta. Mani Kuntala
Sen, Dr. Ranendra Nath
Sinha, Sj. Lalit Kumar
Tah, Sj. Dasarathi

The Ayes being 122 and the Noes 51, the motion was carried.

*Preamble.*

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**The Hon'ble Dr. Bidhan Chondra Roy:** Sir, I beg to move that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed.

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:**

মাননীয় স্পীকার, স্যার, সেলস ট্যাক্স ফাঁকি সম্বন্ধে অনেক গবেষণা হয়েছে। মন্ত্রীমহাশয় থেকে আরম্ভ করে ডিপার্টমেন্টের মোটা মোটা মাইনেওয়ালা লোক এ বিষয়ে অনেক গবেষণা করেছেন এবং ভারত সরকারের বড় মাথাওয়ালা লোকও এই বিষয়ে অনেক আলোচনা করেছেন। কিন্তু সেলস ট্যাক্স ফাঁকি তাঁরা বন্ধ করতে পারেন নি। আমি এখানে একটা ছোট্ট সাজেশন আপনাকে দিতে চাই, সেটা হচ্ছে, যেমন আপনারা সার্টিফিকেট ইস্যু করেন সেলস ট্যাক্স আদায় সম্পর্কে সেরকম ব্যবসায়ীরা অনেক খাতাপত্র তৈরী করে, অনেক লোক নিয়োগ করে, এবং যেভাবে পয়সা খরচ করে এই সেলস ট্যাক্স ফাঁকি দেবার জন্য তারা এই ফাঁকি দিতে পারে না যদি আপনারা ক্যাশ মেমো ছাপিয়ে রেজিস্ট্রেশন নাম্বার করে রেখে দেন, এবং তারা সেই নাম্বার অনুসারে বিক্রী করবে এবং প্রত্যেক বায়ার সেই নাম্বার হিসাবে গভর্নমেন্টএর কাগজ দেখে সেলস ট্যাক্স দেবে এবং সেলস ট্যাক্স আলাদা থাকবে না এবং তা কাউন্ট করা হবে এবং জিনিসের দাম আলাদাভাবে নেওয়া হবে। তাহলে আমি মনে করি সেলস ট্যাক্স ফাঁকি দেবার

সমস্ত পথ বন্ধ হবে। এতে আপনাদেরও বেশী খরচ হবে না এবং গরীবদের উপর সেলস ট্যাক্স ধার্য করতে হবে না এবং আপনারাও অনেক বেশী লাভ করতে পারবেন। এই ছোট্ট সাজেসনটা মুখ্যমন্ত্রী মহাশয়কে দিচ্ছি।

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** I will be very happy—I will bless you—if you can show me any way of preventing the evasion of taxes. Please send me a scheme and I shall discuss with you after the session is over.

**Dr. Hirendra Kumar Chatterjee:** Mr Speaker, Sir,

আমি একটা সেন্টেন্স এখানে বলতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয় সেলস ট্যাক্স সম্পর্কে যে কথা বলেছেন তাকে আমি সেই সম্পর্কে একটা কথা বলতে চাই। দুপাঁচ টাকায় যারা ব্যবসা করে তারা সেলস ট্যাক্স ফাঁকি দেয় না, এত ছোট সেলস ট্যাক্স ফাঁকি হয় না। লক্ষ টাকার কমে সেলস ট্যাক্স ফাঁকি দেয় না। কিন্তু এইসব বড় কেস ধরতে গেলে এন. সি. রায়এর কেসএর মত অবস্থা হবে। হাই কোর্টএর জাজমেন্টটা যদি একটা পড়ে দেখেন তাহলে বুঝতে পারবেন। ইমমর‍্যাল ডাইরেকশন ফ্রম হাই অফিসিয়াল থাকে বলে বড় বড় কেস এক্সামিনেশনই হয় না। এই হচ্ছে অবস্থা. দুপাঁচ টাকার কেসএ সেলস ট্যাক্স ফাঁকি খুব কমই হয়।

The motion of the Hon'ble Dr Bidhan Chandra Roy that the Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1956, as settled in the Assembly, be passed was then put and agreed to.

**Mr. Speaker:** The House stands adjourned till 9 a.m. tomorrow. There will be no questions.

## Adjournment.

The House was accordingly adjourned at 6-27 p.m. till 9 a.m. on Saturday, the 14th July, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 14th July, 1956, at 9 a.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 185 Members.

## GOVERNMENT BILL

### The West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee

[9—9-10 a.m.]

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, I beg to move that the West Bengal Panchayat Bill, 1955, as reported by the Joint Select Committee, be taken into consideration The report of the Select Committee is before the House The Select Committee had about 13 or 14 sittings. It went through clause by clause and then submitted its report to this House. So far as the changes made in the Select Committee are concerned, they are changes not of fundamental nature and there have been enough of discussions on this Bill last time when it was referred to the Select Committee. I do not think that it is necessary for me to traverse the same ground again. I will, therefore, like to hear what my friends in the Opposition have to say and to save time, I will give my reply to the same.

So far as the principles of the Bill are concerned, they were accepted by this House and I think by this time the Members of the House are familiar with the remaining provisions thereof. I therefore move this motion for the acceptance of the House and shall give my views after I hear the views of my friends.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Sir, I move that the Bill be recommitted to the Select Committee to make particular provisions in the Bill as regards placing of actual and effective powers (e.g., redistributing of nationalised surplus lands, collection of land revenue, organisation of co-operative farming, etc.).

I move that the Bill be recommitted to the Select Committee without limitation.

**Sj. Kanailal Bhowmick:** Sir, I move that the Bill be recommitted to the Joint Select Committee.

**Sj. Sasabindu Bera:** Sir, I move that the Bill be recommitted.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** Mr. Speaker, Sir, I want that this Bill be recommitted to Select Committee without any limitation for some drawbacks which I am going to point out to you one by one. Under Article 40 of the Constitution the State shall take steps to organise Village *Panchayats* and endow them with such powers and authority as may be necessary to enable them to function as units of self-Government. Now we are to see whether the *Panchayat* Bill as is now before us can be said that the *Panchayats* will function as units of self-Government. This is to be examined from various standpoints.

Now, Sir, as regards the *Gram Sabha* all persons who are electors to the West Bengal Legislative Assembly are members. But as interests of villagers and villages are concerned, all adult persons who ordinarily reside in the village and all adult persons who have a house in the village or land assessed to revenue in the village should be members, because you will see, Sir, that there are provisions in this Bill in order to compel a man to fill up a pool or some insanitary pools and *dobas* and all that and to clear jungle. So, a man should be a member of the Village *Gram Sabha* though he may not be an elector of the Legislative Assembly because he does not reside but he has lands there. There is such a provision in the Bombay *Panchayat* Act and I shall ask the Hon'ble Minister to make this very clear. Otherwise a man will be hurt in his absence and you may require him to do some acts to clear some of his lands Under Article 36 (1) (a), (b) and (c) *Gram Panchayat* is given powers for improvement and sanitation, filling up of pools and clearing of shrubs, jungle, etc.

**Mr. Speaker:** You may go into the details during the consideration of the clauses.

**Sj. Jnanendra Kumar Chaudhury:** There is a provision, Sir, that the prescribed authority shall from time to time maintain a list. Some villagers ought to be excluded from membership—if he is of unsound mind, it he is suffering from leprosy, if he is an undischarged insolvent, if he is a servant of the State or of a local authority, if he is convicted of election offences, if he has been convicted of offences involving moral turpitude or ordered to give security under section 110 of the Cr. P. C. These are the provisions which you will find in the U P. and Bihar Acts. There are restrictions as regards members of the *Gram Panchayats* and they ought to be in this Act also. Why not a register containing a list of the members be prepared and revised at least once a year? (The Hon'ble ISWAR DAS JALAN: Electoral roll is revised every year.) As regards the quorum in *Gram Sabha* meetings, it is fixed as low as one-tenth. Why not one-fifth as in U. P. or one-fourth in Bihar? Election of *Gram Panchayat* and *Anchal Panchayat* should be done in the manner prescribed. Why *Anchal Panchayat* is to be elected by the *Gram Panchayat* and not by the *Gram Sabha*? This should be done by ballot because that is the most important thing. Otherwise there will be no force in giving self-Government to them. Now, Sir, the Hon'ble Minister has said that the District Boards' fate is in the balance. There is chance of abolition after Village *Panchayats* are set up. Why not then they should be elected by ballot? Why not the removal of *Adhyaksha* or *Upadhyaksha* be by a majority of votes but by two-thirds? Why leave it to prescribed authority even if half the members vote for removal? The majority should be rather respected and I should say if you are going to give self-Government, you must respect the majority and not two-thirds. I find in Bihar the majority will do. There they have

enacted that the majority will vote for the removal of *Adhyakshya* and *Upadhyaksha*. Why ten or fifteen persons only of the *Gram Panchayat* will elect the *Anchal Panchayat*, and not the *Gram Sabha*. All the *Gram Sabha* members should elect the *Gram Panchayat* and *Anchal Panchayat* as was done in the case of Local Board members and as is done by the Legislative Assembly and also for Members of the Parliament.

[9-10—9-20 a.m.]

The electors and the voters elect the members of the Legislative Assembly as well as the Members of the Parliament. Why should they not be given the power to elect the *Gram Panchayet* members and Anchal Panchayet members?

There is a reservation—if a *Gram Panchayat* is elected to be a member of the *Anchal Panchayat* he shall cease to be a member of an *Anchal Panchayat*. Why this reservation? A village's (*gram's*) needs could be very well put before an *Anchal Panchayat* if a *Gram Panchayat* becomes a member of an *Anchal Panchayat*. Now Local Board members were members of the District Board. There they had not to resign Local Board membership in order to be members of the District Board.

There is no need of setting up these *Anchal Panchayats*. Under Article 40 there is the direction about Village *Panchayats* and not about *Anchal Panchayat*. Why should you create that *Anchal Panchayat* member? Only Village *Panchayat* will do. I do not find there are *Anchal Panchayats* in Bihar or in U. P.

Then about powers and duties of *Gram Panchayats*—too many obligatory duties have been thrust upon them. You will see clause 32. The Planning Commission's recommendation was that such duties should be given as they can perform with the funds at their disposal. But that has been overlooked. Too many duties have been given to them.

The power of managing and maintaining cattle pounds or ferry ghats has not been given to them to bring money to their coffers. This should be given to them.

Maintaining common grazing ground is absolutely necessary in the village and that should be given to the *Gram Sabha*. In Bomay, U. P. and Bihar there is that power given to the *Gram Sabha*.

Then the power of controlling fairs, *bazars*, *hats* and markets would have brought money. It should not have been made optional as in clause 34(e) but it should be made obligatory.

Then relief of the destitute and the sick: This should be given to them.

One of the most important powers that should be given to them in order to check corruption would be subject to by-laws made by the State or the District Board to supervise the work within its jurisdiction. Bombay *Panchayat* Act has given that power. This Bombay *Panchayat* Act was passed in 1933 and there were so many amendments after that.

[At this stage the red light was lit.]

Sir, I want four minutes more.

They should organise village voluntary force for general watch and ward of the village and for meeting cases of emergency like fire, breaking of bund or embankment, outbreak of epidemics and occurrence of burglary or dacoity. That has been given by the Bombay, U. P. and Bihar Acts.

One of the very important things is establishing and maintaining primary schools for boys and girls—that should be entrusted to them. Under Article 45 of the Constitution the State shall endeavour to provide free and compulsory education within ten years; now seven years have gone and nothing has been done.

Management by the School Board from the headquarters of a district is unsatisfactory. It was just like an absentee landlord when the zemindary system was in vogue. All the moneys spent by the Government are not utilised to the full or even to one half. Many teachers shirk their responsibilities; they do not discharge their duties; their main aim is somehow to get their salary. They say they are not servants of the village people. If the *Gram Panchayat* is given the control of the primary school money given by the Government will be usefully spent. U. P. has done it. Men on the spot will control the teachers.

Another important provision involving no cost is this—on receipt of a complaint from any person residing within the village about any misconduct in the discharge of their official duties by any process-server, vaccinator, constable or any officer of the Police Department or of any Government servant, such *Panchayat* shall, if there be *prima facie* evidence, forward the same to the proper authorities with its report. That ought to be put in in that Bill. That has been done in Bombay, U. P. and other places. It is a very salutary provision which will check corruption.

Next, the Secretary of the *Anchal Panchayat* should be appointed by the *Anchal Panchayat* and not by the State. His salary and allowance should not be a burden on the meagre *Anchal Panchayat* fund. One-fourth ought to be paid from the *Anchal Panchayat* fund and three-fourths by the State—as has been done in Bombay. Two or more neighbouring *Anchal Panchayats* should have one Secretary.

The year in this Bill has been described as the 1st of April—an All Fools Day—it begins from the 1st April; that ought to be the 1st of *Baisakh* and not the 1st of April. Land Reforms Act, Estates Acquisition Act and other Acts begin the year as from 1st *Baisakh*.

Offences triable by a *Nyaya Panchayat* should have been added. Then there are offences under the Prevention of Adulteration Act and sale and manufacture of food not of the proper nature.

I request the Hon'ble Minister to look to all these provisions which I have just suggested because they have been enacted in other States and they are all salutary provisions that will help Government

**Sj. Benoy Krishna Chowdhury:**

মাননীয় স্পীকার মহোদয়! পঞ্চায়েত বিল সিলেক্ট কমিটির স্তর অতিক্রম করে এখানে বিবেচনার জন্য উপস্থিত হয়েছে। যখন এই পঞ্চায়েত বিল সিলেক্ট কমিটিতে পাঠান হয় তখন আমরা বিরোধী পক্ষ থেকে এই বিলের কতকগুলি মূল ত্রুটির কথা উল্লেখ করি। কিন্তু দেখা যাচ্ছে যে, সিলেক্ট কমিটিতেও সেই মূল ত্রুটিগুলি দূর করার চেষ্টা হয় নি। যা অল্পবিস্তর এখানে সংশোধন করা হয়েছে তা নিতান্ত মামুলী ধরনের, এবং তাতে মূল যে ত্রুটি তা থেকে গিয়েছে। এখানে এই ধরনের একটা বিল আনা কেন প্রয়োজন সেটা প্রথমেই বোঝা দরকার; তাহলে পর পঞ্চায়েত বিলের কি কি ব্যবস্থা হওয়া প্রয়োজন তা বোঝা যাবে। একটা জিনিস বিভিন্ন দেশের মনীষীরা স্বীকার করেন যে আমাদের দেশে পশ্চিমী রাষ্ট্রগুলির অনুকরণে যে ধরনের রাষ্ট্রীয় কাঠামো অনুমোদন করা হয়েছে সে ধরণটা হ'ল রোমান এবং টিউটোনিক রাষ্ট্রীয় ব্যবস্থা। সেই ব্যবস্থার মূল সুর হচ্ছে অত্যন্ত কেন্দ্রাভিমুখীন, অর্থাৎ ওভারসেন্ট্রা-লাইজেশনএর দিকেই তার ঝোঁক বেশী। এইভাবের কেন্দ্রাভিমুখিতা থাকার দরুণ অধিকাংশ সাধারণ লোক আজকে এই রাষ্ট্রকে তাদের নিজেদের রাষ্ট্র বলে অনুভব করতে পারেন না। এই কেন্দ্রাভিমুখিতার দরুণ তার পরিণতি হিসাবে আজ কি অনুভূত হচ্ছে? যাঁরা গ্রামাঞ্চলের সঙ্গে নিবিড়ভাবে জড়িত, তাঁরা জানেন যে গ্রামাঞ্চলে আজ একটা কথা খুব প্রচলিত হয়েছে যে 'যে যায় লঙ্কায় সেই হয় রাবণ'। তার মানে তাঁরা অনুভব করেন যে তাঁদের দুঃখ দূর করা, তাঁদের স্বার্থরক্ষা করা প্রভৃতি যে সমস্ত প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, যাঁরা আজ রাষ্ট্র ব্যবস্থা চালান তাঁরা সেই প্রতিশ্রুতি ভঙ্গ করে এমনভাবে রাষ্ট্র ব্যবস্থা চালান যাতে সাধারণ মানুষ এই রাষ্ট্র ব্যবস্থাকে তাঁদের নিজেদের রাষ্ট্র ব্যবস্থা বলে অনুভব করতে পারেন না।

[9-20—9-30 a.m.]

গণতন্ত্রের মূল কথা হচ্ছে,

Government of the people, for the people, by the people.

কিন্তু তার ভেতরে মূল জিনিস যদি হয় বাই দি পিপল তাহলে এখন দেখা যাচ্ছে যে ফর দি পিপল, অফ দি পিপলটা অনেকে প্রফেস করেন, ঘোষণা করেন এবং বাস্তবে সেটা ফর দি পিপল, অফ দি পিপল হবে না যদি না সেটা বাই দি পিপল হয়। সেজন্য এই ধরনের বিল আনার উদ্দেশ্য হচ্ছে যে কেমন করে উত্তরোত্তরভাবে আরও বেশী সংখ্যক মানুষকে রাষ্ট্রীয় ব্যবস্থায় তার শাসন পরিচালনায়, তার বিভিন্ন কাজকর্ম পরিচালনায় তাদের সক্রিয়ভাবে অংশ গ্রহণ করার ব্যবস্থা করা যায় তার জন্যেই এই বিল। কিন্তু এই ধরনের বিলের উদ্দেশ্য ব্যর্থ হবে যদি অকুণ্ঠভাবে যাদের জন্য রাষ্ট্র, তাদের স্বার্থে যদি তাদের হাতে রাষ্ট্র পরিচালনার সমস্ত ক্ষমতা দেওয়া না হয়। সেজন্য আমাদের সংবিধানের আর্টিকেল ৪০তে যে উদ্দেশ্যের কথা বর্ণনা করা হয়েছে তার যদি সত্যিকারের কোন অর্থ থাকে তাহলে সেই অর্থ হচ্ছে এখানে। আজ পর্যন্ত অনেক পশ্চিমী রাষ্ট্রের যে অবস্থা তা দেখে পশ্চিমী রাষ্ট্রবিজ্ঞানের মনীষী যাঁরা আছেন তাঁরাও পর্যন্ত অনুভব করেছেন যে এই ওভারসেন্ট্রালাইজেশন রাষ্ট্রকে কার্যকরী করার দিক থেকে অত্যন্ত ক্ষতিকর। আমি এখানে সে সম্বন্ধে বেশী উল্লেখ করে সময় নষ্ট করব না, শুধু একজন রিপ্রেজেনটেটিভ ক্যারাকটার লোকের কথাই এখানে উল্লেখ করব। প্রফেসার জি, ডি, এইচ, কোল এই প্রসঙ্গে বলেছেন,

"Democracy is hostile to centralisation for it is spirit which wants freedom to manifest itself immediately and on the spot, wherever the need for the expression of a collective will arises."

এই সম্পর্কে আমি একটা কথা বলতে চাচ্ছি যে এরা বারবার সমস্ত বিষয়েই গান্ধীজির কথা উল্লেখ করেন সেখানে ওদের জানা উচিত ছিল যে গ্রামের জনসাধারণের হাতে শাসনভার দেবার

সম্পর্কে তাঁর একটা মতামত ছিল, সেই মতামতটা আমার মনে হয় যে এখানে উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না। গান্ধীজীর মত ছিল যে—

India's Independence must begin at the bottom. Thus every village will be republic or a *Panchayat* having full powers.

ফ্ল পাওয়ারের দিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি—তা ছাড়া,

In this structure composed of innumerable villages, there will be ever widening, never ascending circles. Life will not be a pyramid with the apex sustained by the bottom. But it will be an oceanic circle whose centre will be the individual always ready to perish for the village.

অর্থাৎ নেভার অ্যাসেন্ডিং এখানে যেমন হয়েছে তেমনি এখানে লক্ষ্য করবেন যে গ্রামসভা থেকে আরম্ভ করে সমস্ত ক্ষমতা একটা উর্ধের স্বার্থে চলেছে এবং সেই স্বার্থকে সংরক্ষণ করবার প্রচেষ্টা নিয়ে যেভাবে এই বিল গঠিত করা হচ্ছে সেটাতে এই ধরনের লোকের হাতে ক্ষমতা দেবার যে নীতি সেই নীতি এটার সম্পূর্ণ পরিপন্থী। এখানে মনে রাখতে হবে জনসাধারণের তরফ থেকে এই ধরনের একটা উদ্দেশ্য এবং আর একটা উদ্দেশ্য যাকে রিপ্লেস করে এই ধরনের ইউনিয়ন বোর্ড আইন আনছেন সেই ইউনিয়ন বোর্ডও একদা বিদেশী শাসক আমাদের দেশে চালু করেছিলেন সম্পূর্ণভাবে অন্য উদ্দেশ্যে। সেই উদ্দেশ্য ছিল কেমন করে বিদেশী শাসক আমাদের দেশে তাদের শাসন ব্যবস্থাকে গ্রাম অঞ্চলে সুপ্রতিষ্ঠিত রাখতে পারেন এবং তারই জন্যে তাঁরা স্টেবল ইন্সটিটিউশন ইন রুর‍্যাল সাইড তৈরী করতে চেয়েছিলেন। ঠিক তেমান-ভাবে তাদের পদাঙ্ক অনুসরণ করে তাদেরই যারা আজকে স্থলাভিষিক্ত হয়েছেন তাঁরা তেমনিভাবে নিজেদের ক্ষমতাকে প্রতিষ্ঠিত রাখবার জন্য গ্রাম অঞ্চলে বর্তমান সময়োপযোগী যদি একটা স্টেবল ইন্সটিটিউশন তৈরি করতে চান তাহলে সে উদ্দেশ্য এবং তার মতলবও স্বতন্ত্র এবং তারজন্যে যে ব্যবস্থা সেটাকে এখানে প্রতিষ্ঠা করবার যথেষ্ট চেষ্টাও আপনারা করছেন ঠিক সেই আগেকার মতন নানান রক্ষা কবচের মারফতে। কিন্তু যদি সেই উদ্দেশ্য না হয়ে সত্যিকারের উদ্দেশ্য হয় জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া তাহলে সম্পূর্ণ অন্য মনোভাব নিয়ে জনসাধারণের হাতে তাদের শাসনব্যবস্থা দিতে হবে। কিন্তু প্রতিটি ব্যাপারে সেখানে

Prescribed authority, State Government, Secretary

প্রভৃতির মারফত যে ক্ষমতা প্রকাশ্যে তাদের হাতে দেবার প্রস্তাব হচ্ছে বলে বড়াই করা হবে সেই ক্ষমতাই কার্যতঃ নানা রকমভাবে তাদের হাতে দেওয়া হবে। সেজন্য আমি এখানে কয়েকটা বিষয় আপনাকে উল্লেখ করতে চাচ্ছি যে প্রথমেই গ্রামসভার ব্যাপারে একটা জিনিষ ওখানে লক্ষ্যণীয় আছে। প্রথমেই আপনারা করেছেন যে গ্রামসভা কি এলাকা নিয়ে গঠিত হবে এই ক্ষমতা স্টেট গভর্নমেন্টএর হাতে রেখেছেন এবং সেখানে বলছেন যে ইন্ কনসালটেশন উইদ দি লোক্যাল পিপল কিন্তু সেই কনসালটেশনএর অর্থ কি এবং সেখানে কতখানি বাইন্ডিং আছে। আপনারা জানেন যে বর্ধমান জেলায় এক্সপেরিমেনট্যাল হিসাবে বিভিন্ন জায়গায় পঞ্চায়েত গঠন করা হয়েছে এক্সিকিউটিভ অর্ডারএর মারফত। আমি সেখানে নানা জায়গায় খবর নিয়ে দেখেছি যে এই ধরনের কাজ করতে গিয়ে সেখানে কি কি বাস্তব অসুবিধার সৃষ্টি হচ্ছে। প্রথমেই মনে রাখতে হবে যে আমাদের দেশের গ্রামগুলির অবস্থান যেভাবে আছে তাতে সেই গ্রামগুলি একটা একটা অর্গানিক হোল। অতএব এই জিনিষটা না ভেবে এবং না মনে রেখে যদি আমরা গ্রামগুলিকে নিতান্ত আর্বিট্রারিলী ভেঙ্গে শাসনতন্ত্রের সুবিধে অনুযায়ী ব্যবস্থা করতে যাই তাহলে সেখানে নানারকম অসুবিধার সৃষ্টি হবে। সেখানে কোন একটা নির্দিষ্ট জনসংখ্যা তার মূল ক্রাইটেরিয়ান হওয়া উচিত নয়; বরং সেখানে মূল জিনিষ হওয়া উচিত যে সাধারণভাবে সেই গ্রাম অঞ্চলের এলাকার সেখানকার যাতায়াতের সুবিধের দিক থেকে, বহু দিনের এক সাথে বসবাসের ভেতর দিয়ে তাদের যে অর্থনৈতিক জীবন একটা গ্রামকে কেন্দ্র করে গড়ে উঠেছে তার সেই সামগ্রিকতাকে, সর্বাঙ্গীণতাকে বজায় রেখে, তাদের যে অবস্থা সেটাকে বজায় রেখে সেখানে আপনাদের শাসনতান্ত্রিক ভিত্তি রচনা করতে হবে। তা না হলে আমি জানি উত্তরার মতন একটি গ্রামে ৫-৬ হাজারের মতন লোককে ভাগ করবার

একটা প্রচেষ্টা হচ্ছে তাতে একদিকে সমস্ত বাজার এলাকা পড়ে যাচ্ছে, যেটা আয়ের এলাকা এবং অপর দিকে পড়ে যাচ্ছে গরীব এলাকা। অতএব এজন্য সেখানে নানা জটিলতের সৃষ্টি হচ্ছে। এইরকমভাবে এক্সিকিউটিভ অর্ডারএ যেখানে আরবিট্রারিলী গ্রামকে ভাগ করা যায় না, সেখানে কোন এক নির্দিষ্ট জনসংখ্যা সেটা এক-দেড় হাজারই হোক বা যাই হোক সেই নির্দিষ্ট সংখ্যার উপরে জোর না দিয়ে বরং সেখানে বাস্তব অবস্থার উপর লক্ষ্য রেখে সেখানে যে একটা ইউনিট সেই ইউনিটকে বিচার করে তার ভিত্তিতেই সমস্ত হওয়া উচিত। এবং সেই ব্যাপারে সেখানকার জনসাধারণের সুপ্রিম কন্ট্রোলটাই হওয়া উচিত, স্টেট গভর্নমেন্টএর হওয়া উচিত নয়। কারণ আমি জানি এইগুলিকে অনেক সময় এই ব্যবস্থা থাকলেই সেখানে সেই ব্যবস্থা মিসিয়ুজ হবার সম্ভাবনা আছে। এর কারণ হচ্ছে আমরা দেখেছি যে যখনই শাসক সম্প্রদায় অনুভব করেন যে একটি গ্রামে বিশিষ্ট কয়েক এলাকা হয়ত এরকম ধরনের মতবাদ পুষ্ট বা সেখানে তাঁদের ক্ষমতা হয়ত তেমনভাবে চলবে না তখনই তাঁরা সেই গ্রামে অন্য খানিকটা এলাকা এনে এবং সেই ধরনের এলাকাকে বিচ্ছিন্ন করে তারা তাদের ক্ষমতাকে বজায় রাখবার জন্য প্রচেষ্টা করতে পারেন। সেজন্য আমার মনে হয় যে এই ধরনের ক্ষমতা থাকা উচিত নয়।

দ্বিতীয়তঃ আমার মনে হয় গ্রাম সভা থেকে সেখানকার যে পঞ্চায়েত সেই পঞ্চায়েত নির্বাচন করবার জন্য যে ব্যবস্থা রাখা হয়েছে সেই ব্যবস্থায় অত্যন্ত কুখ্যাত যে জিনিষ সেই নমিনেশনকে আবার আনা হচ্ছে। ইউনিয়ন বোর্ডএর আমলেও ইংরেজের শেষদিকে তাঁরা নমিনেশনকে উঠিয়ে দিয়েছিলেন। কিন্তু সেই নমিনেশানকে ১৯৫৩ সালে গণতান্ত্রিক কারণের জন্য যে বিল আনা হয়েছে, গ্রামের হাতে যেখানে অকুণ্ঠ ক্ষমতা দেবার চেষ্টা হচ্ছে সেখানে কোন যুক্তিতে আবার নমিনেশানকে তাঁরা নিয়ে আসছেন এটা আমার বুদ্ধির অগম্য। সেজন্য আমার মনে হয় যে এই জিনিষটি কোন মতেই এখানে থাকা উচিত নয়। আগে ত বলেছি এবং ফের বলছি যে যদি এই নমিনেশান প্রথা থাকে তাহলে আপনারা কোন মতেই গ্রামবাসীকে বোঝাতে পারবেন না যে এই নমিনেশানটাকে একটা সৎউদ্দেশ্যের জন্য রেখেছেন। বরং নমিনেশানটাকে তারা এইভাবে নেবে যে যেখানে যেসমস্ত ব্যক্তিগুলিকে আপনারা চান সেখানে সেই ব্যক্তিগুলিকে আপনারা পেলেন না বলে তাদের অন্যভাবে সেখানে প্রতিষ্ঠিত করবার জন্য এই ব্যবস্থা রেখেছেন। ভোটের অধিকার নেই বা তাঁরা উপ-প্রধান হতে পারবেন না বলে এটা সেখানে বড় কথা নয়, কারণ সেখানে প্রধান জিনিষ হচ্ছে যে আমরা জানি গ্রাম অঞ্চলে এখনও পর্যন্ত যতই সেখানে ল্যান্ড রিফর্মস বা অন্য যেসমস্ত বিল হোক না কেন আর্থিক অবস্থার অসমতা আছে এবং এই অসমতাজনিত লোকের উপর আর্থিক অবস্থায় সম্পত্তিসম্পন্ন ব্যক্তিরা যথেষ্ট প্রভাব আজও রাখেন। অতএব সেইসমস্ত ব্যক্তি যদি সেখানে উপস্থিত থাকেন তাহলে তাদের উপস্থিতিতেই বহু লোক সেখানে মুখ খুলতে পারবে না, প্রাণের কথা বলতে পারবে না, তারা যেটাকে ন্যায় এবং যুক্তিসঙ্গত বলে মনে করেন সেটাকে তারা সেখানে প্রকাশ করতে পারবেন না। সেজন্য কোন কারণেই এই ধরনের জিনিষ সেখানে থাকা উচিত নয়। এই প্রসঙ্গে আমি আরও একটা জিনিষের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই সম্পর্কে সিমলায় লোকাল সেলফ গভর্নমেন্টএর মিনিস্টারদের যে আলোচনা হয়েছে এবং এই সম্পর্কে ঊর্ধ্বতন কংগ্রেস কর্তৃপক্ষের যে মনোভাব তা লক্ষ্য করে আমি উদ্বিগ্ন হই।

[9-30—9-40 a.m.]

তাঁরা গ্রামাঞ্চলে এই ধরনের নির্বাচন বা ইলেকশনকে উড়িয়ে দেবার ব্যবস্থা করছেন এবং সেখানে তাঁরা নতুন ইউটোপিয়েন থিওরীর আবিষ্কার করছেন। তাঁরা বলছেন যে পশ্চিমী কায়দায় যে নির্বাচন, যে ইলেকশন ম্যাথেমাটিক্স, সেই ইলেকশন ম্যাথেমাটিক্স এবং বিভিন্ন রাজনৈতিক দলের মনের যে মাপকাঠি এবং একজন আর একজনকে বোঝাবার জন্য মনোভাব-সম্পন্ন নয় বলেই এই ধরনের বিভিন্ন রাজনৈতিক দল গ্রামের এই সমস্ত নির্বাচনে অংশ গ্রহণ করার ফলে গ্রামগুলি ডিভাইডেড হয়ে যায়। অতএব সেখানে কমিউনিটি লাইফএর ইউনিটি রক্ষা করার জন্য তাঁরা একটা অলীক স্বপ্ন দেখছেন, একটা আশার কুহেলিকা সেখানে সৃষ্টি করছেন। সেদিক থেকে তাঁরা বলছেন যে গ্রামে এমন মানুষ আছেন যাঁরা গ্রামের সমস্ত বোঝেন এবং গ্রামের কি দরকার তা তাঁরা বোঝেন বলেই সেই সমস্ত মানুষকে তাঁরা সেখানে আনবার

চেষ্টা করবেন। অথচ সেই মানুষকে যে কি পদ্ধতিতে আনবেন সে বিষয়ে তাঁরা খুব সুস্পষ্ট নন, কিন্তু এটা তাঁরা বুঝেছেন যে ইলেকশন হলে সেখানে কিছু হবে না এবং সেটা একটা অত্যান্ত মারাত্মক জিনিষ হবে। এই প্রসঙ্গে কংগ্রেস প্রেসিডেন্ট শ্রী ইউ, এন, ধেবর কি বলেছেন সেটা আমি একটু উল্লেখ করতে চাই। তিনি বলেছেন—

"The vote should not be allowed to divide the people. Political parties with their rigid mental inhibitions cannot operate without bypassing this basic need for social integration in the background and injuring the process of community existence at any rate in the present state of things. I would, therefore, unhesitatingly say that elections on party basis would be the worst service that we can render to the people in the villages. I would go to the extent of asking for a constitutional prohibition of such elections. I would, therefore, plead for an original approach to this question of ascertaining the wishes of the people. If we emphasise the maintenance of unity in the village, we can still find in every village a few individuals to whom the village community is prepared to repose its confidence. What is needed is a personnel which understands the minds of the people in the village and the prevailing currents and not merely satisfy the mechanical mathematics of election laws."

এটা একটা ভীষণ কুজ্ঝটিকা এবং প্রহেলিকা সমাচ্ছন্ন। কারণ একটা জিনিষ মনে রাখতে হবে যে এর ভেতর দিয়ে তাঁরা বুঝেছেন যে গ্রাম অঞ্চলে নির্বাচনে কি বিভীষিকা আসছে। এসেম্বলীর ইলেকশনএর মতন পার্লামেন্টারী ইলেকশনএর মতন বিভিন্ন রাজনৈতিক দল গ্রামে যাবে। সেজন্য যেখানে ভিলেজ পঞ্চায়েত তৈরী হবে, সেখানে রাজনৈতিক দলের প্রবেশ নিষিদ্ধ করবার জন্যে তাঁরা একটা নতুন প্রক্রিয়া করবেন এবং সেই প্রক্রিয়ার জন্যে তারা যে পদ্ধতির কথা বলছেন সেটা অনেকটা ফিলোজফার্স স্টোনএর অনুসন্ধানের জন্যে মানুষ যেমন চেষ্টা করেছিল ঠিক তেমনি ভাবে তাঁরা সেই প্লেটোজ রিপাবলিকএ কথিত ফ্রেন্ড, ফিলোসোফার য়্যান্ড গাইডকে গ্রামে খুঁজছেন। সুতরাং মনে রাখতে হবে যে কোন রকম রাষ্ট্রীয় ইন্সটিটিউশন রাতারাতি গড়ে উঠে না বা কোন আইডিয়েলএ একদিনে পেঁছান যায় না—তারজন্যে আমাদের উপযুক্ত পরিবেশ সৃষ্টি করতে হবে। গ্রামে বর্তমানে যে পরিবেশ রয়েছে, যে পরিবেশের জন্য গ্রাম এইরকমভাবে নানা মতে বিভক্ত হয়ে আছে এবং গ্রামে নানারকম দলাদলির সৃষ্টি হয় সেই পরিবেশ যদি আমরা নতুন অর্থনৈতিক এবং সামাজিক ভিত্তিতে সৃষ্টি করতে পারি তাহলে সেই পরিবেশের মধ্যেই গ্রামে একটা নতুন ঐক্যবোধ জাগবে। কিন্তু সেই পরিবেশ সৃষ্টি করার উপর জোর না দিয়ে পার্টির নির্বাচনকে ভয় খেয়ে গ্রামকে যদি আরও ডীপ ডাউন যেতে দিই, জনসাধারণের নিবিড় সংযোগের ব্যাপারে নির্বাচনকে ভয় করে যদি আমরা কতকগুলো বড় বড় কথা আড়ালে সেই নির্বাচন থেকে বেরিয়ে অন্য পথে গ্রামের গ্রামীণ জীবনকে গড়বার স্বপ্ন দেখি তাহলে সেই স্বপ্ন একটু ভুল স্বপ্নই দেখা হবে; এবং এটাতে সত্যিকারের কোন কাজই হবে না। সেজন্যই আমার মনে হয় গ্রামসভা এবং অন্যান্য সমস্ত জায়গায় নির্বাচনের ব্যাপারটা একটু ঘোলাটে করে রাখা হয়েছে। প্রেসক্রাইবড অথরিটি কোন জায়গায় খোলাখুলিভাবে বলা হয় নি যে এই নির্বাচনটি সম্পূর্ণভাবে য়্যাডাল্ট ফ্র্যানচাইজএর উপর ভিত্তি করে করা হবে। বরং সেখানে বলা হচ্ছে কিনা এসেম্বলীর যারা ভোটার তারা নিশ্চয় য়্যাডাল্ট ফ্র্যানচাইজএর ভিত্তিতে হয়েছে। কিন্তু আপনারা এটা ভাল করেই জানেন যে এসেম্বলীর ভোটার হতে গেলে যেখানে সেই ভোটার লিস্ট তৈরী হয় এবং সেই ভোটার লিস্টএ যদি নাম না থাকে তাহলে সেই নামকে সংযোজিত করবার জন্যে ফর্ম নং ৪এ দরখাস্ত করবার যে ঝঞ্ঝাট সেটা গ্রামের সাধারণ লোকের পক্ষে সম্ভব কিনা তা মনে রাখা দরকার। সেজন্য একটা উর্ধ্বতন নির্বাচনের ভোটার লিস্টে নির্ভর করে নিম্নতম ইউনিটএর নির্বাচন না করে সেখানে গ্রামের ভোটার লিস্ট গ্রামেই য়্যাডাল্ট ফ্র্যানচাইজএর ভিত্তিতে কেন তৈরী করা হল না? এবং সেই ভোটার লিস্টকে যদি গ্রামের কয়েকটা ভাল জায়গায় টাঙ্গিয়ে দেওয়া হত তাহলে গ্রামের লোক সাধারণভাবে সেটাকে সহজে দেখতে পেত সেখানে কার নাম আছে, কার নাম নেই। গ্রামে যদি এ ধরনের ব্যবস্থা থাকত তাহলে এটা কার্যকরী হত কিন্তু এরকম ঘুরিয়ে নাক দেখাবার কোন প্রয়োজন ছিল না। সেদিক থেকে আমার কথা হচ্ছে—গ্রামেই ভোটার লিস্ট তৈরী করবার, য়্যাডাল্ট ফ্র্যানচাইজএ তৈরী করবার

ভিত্তি করা উচিত ছিল। য়্যাসেমব্লীর ভোটার লিস্টএর উপর নির্ভরশীল করা উচিত নয়। এতে যে জিনিষ বলা হচ্ছে গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে মেম্বার ৯ থেকে ১৫ জন এর এক-তৃতীয়াংশ ৩ থেকে ৫ জন লোকের যে নমিনেশনএর ব্যবস্থা রাখছেন এটা আদৌ যুক্তিযুক্ত নয়।

**The Hon'ble Iswardas Jalan:** It is not nomination. They have got the right to vote.

**Sj. Benoy Krishna Chowdhury:**

ভোটিং রাইটএ কেন আপনারা তাদের য়্যাসোসিয়েট করতে চাইছেন? আগেই আমি বলেছি তাদের উপস্থিতিতে গ্রামের বহু লোকের ব্যক্তিগত মতামত প্রকাশ করার দিকে অসুবিধা হবে।

তারপরে যেটা প্রধানতঃ অঞ্চল পঞ্চায়েত। সেখানে মনে রাখতে হবে গ্রাম পঞ্চায়েতের হাতে ক্ষমতা প্রধান নয়। প্রধানতঃ বলা যেতে পারে ক্ষমতা যা অল্পস্বল্প আছে, তা অঞ্চল পঞ্চায়েতেরই আছে। এবং প্রধানত বলা যেতে পারে যে অঞ্চল পঞ্চায়েত যা কাজকর্ম করবেন, তার রিপোর্টটুকু শোনার মালিক হচ্ছেন গ্রামসভা এবং তার নির্দেশে, তার ইচ্ছায় খানিকটা কাজ অল্পসল্প যা দেওয়া হবে, সেটুকুমাত্র গ্রামপঞ্চায়েত করবে। তারপর অঞ্চল পঞ্চায়েতে যে নির্বাচন রেখেছেন, সেখানে আবার নমিনেশন হবে। এই যে ইনডাইরেক্ট ইলেকসন, এই যে পরোক্ষ নির্বাচনের ভিত্তি এক্ষেত্রে করা হচ্ছে, এটা অত্যন্ত অযৌক্তিক। আমি বুঝতে পারি না যদি উর্দ্ধতন লোক-সভায়, সেখানে সাক্ষাৎভাবে নির্বাচনের পদ্ধতি হতে পারে, তাহলে যে জিনিষ গ্রামের সাথে ঘনিষ্ঠভাবে সংযুক্ত, গ্রামের প্রতিটি মানুষের দৈনন্দিন জীবনের ব্যবস্থা করবার জন্য অধিকার রয়েছে যে বডির, সেই বডি কেন এইরকম পরোক্ষভাবে নির্বাচিত হবে? আমার মনে হয় তাঁরা হয়ত বুঝেছেন যে অঞ্চল পঞ্চায়েতে যদি সাক্ষাৎভাবে নির্বাচন করা হয়, তাহলে সেই অঞ্চল পঞ্চায়েতের হয়ত যারা শাসনসম্প্রদায়, তাদের ক্ষমতা গ্রামাঞ্চলে রাখার দিক থেকে অসুবিধাজনক হবে এবং সেইজন্য তাদের সুবিধা সৃষ্টি করার জন্য, তাদের বিশেষ নিরাপদ করার জন্য সেখানে পরোক্ষ নির্বাচন ব্যবস্থার সৃষ্টি করেছেন এবং পরোক্ষ নির্বাচনের দিক দিয়ে যে কমিটি তৈরী হবে সেটা সত্যসত্যই সাধারণ গ্রামবাসীর নিজস্ব প্রতিষ্ঠান হিসাবে তাদের আস্থাভাজন হতে পারেন না। সেইজন্য এক্ষেত্রে পরোক্ষ নির্বাচনের ব্যবস্থা তুলে দেওয়া উচিত। তা ছাড়া আর একটা জিনিস আমরা এই বিলের মধ্যে দেখতে পাই সেটা হচ্ছে সেক্রেটারীর উপর সর্বময় কর্তৃত্ব। আমি জানি বিভিন্ন ধরনের যেসমস্ত এ্যাডভাইসরী কাউন্সিল ইত্যাদি হচ্ছে, সেই সমস্ত জায়গায় গিয়ে, সেখানে কাজ করে এবং তাদের সঙ্গে যুক্ত থেকে আমি নিজে এটা অনুভব করেছি যে এই সমস্ত প্রতিষ্ঠানকে বলা যেতে পারে যে এটা একটা গ্লোরিফায়েড পাবলিক রিলেসন্স কমিটির মত। ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কাউন্সিলের বহু মিটিংএ আমি উপস্থিত ছিলাম এবং সেখানে আমি দেখেছি যে সেখানে যা কিছু করা হয়, তা জেলা ম্যাজিস্ট্রেট, এস, ডি, ও, প্রভৃতি করেন, কয়েকজনকে ডেকে কথা বলে তা করেন। কাজেই এটার পাবলিক রিলেসন্স কমিটি ছাড়া আর বিশেষ কিছু স্ট্যাটাস নেই। ঠিক যেমনিভাবে আমরা লক্ষ্য করেছি বর্তমান শাসন ব্যবস্থায় সার্কেল অফিসার পর্যন্ত এসেই কর্মচারী শেষ হল। সেখানে ঐ সার্কেল অফিসারের নীচে প্রত্যেকটি অঞ্চলে একজন করে অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারী হবেন। এই সেক্রেটারী হবে লোয়েস্ট র‍্যাং অফ দি য়্যাডমিনিস্ট্রেটিভ মেসিনারী—এইভাবে সেখানে তৈরী করা হবে। আমি জানি শক্তিগড়ে আপনারা একটা শিক্ষা ব্যবস্থা করেছেন এবং সেখানে যারা আসবেন তাঁরা জনসাধারণের দ্বারা নির্বাচিত নন, জনসাধারণের আস্থাভাজন নন, তাদের নিজস্ব লোক নন, তাঁরা হচ্ছেন ক্যাডার অব দি য়্যাডমিনিস্ট্রেসন, এবং এই য়্যাডমিনিস্ট্রেসন য়্যাডমিনিস্ট্রেটিভ নেসেসিটি অনুযায়ী, তাঁদের স্বার্থে, তাঁদের নিজেদের সুবিধা অনুযায়ী, তাঁরা সেখানে ক্যাডার নির্বাচন করবেন। এই ক্যাডার শিক্ষা দেবে নিজেদের স্বার্থ সংরক্ষিত করার জন্য এবং এই ক্যাডার সার্কেল অফিসারের নীচে প্রতিটি অঞ্চলে অঞ্চলে ছড়িয়ে থাকবেন। আপনারা গ্রামের সাধারণ লোকের মনোভাব জানেন, তাদের শিক্ষার দৌড় জানেন, তাদের মনের অবস্থার কথাও জানেন এবং সেই জায়গায় সরকারী তকমার, সরকারী ক্ষমতার অধিষ্ঠিত এবং সরকারের দ্বারা সৃষ্ট এইরকম যদি কর্মচারী থাকেন, তাহলে তাঁদের সামনে দাঁড়িয়ে, তাঁদের উপেক্ষা করে সেখানে তাদের কোন কাজ করা সম্ভব নয়, এ আমরা জানি।

বর্তমানে ডিস্ট্রিক্ট বোর্ডে পর্যন্ত আপনাদের ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার কত ক্ষেত্রে আপনাদের নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এমনকি ডিস্ট্রিক্ট বোর্ডকে অস্বীকার করে কাজ করতে পারেন এবং তিনি যদি বিগড়ান, তাহলে তাঁকে নিয়ে বেকায়দায় পড়তে হয় সমস্ত নির্বাচিত ডিস্ট্রিক্ট বোর্ডকে তা আমি বারে বারে অনুভব করেছি। সেজন্য সেক্রেটারীর ঐ ক্ষমতা অত্যন্ত মারাত্মক জিনিষ। তা ছাড়া আর একটা মূল প্রশ্ন......

**Mr. Speaker:**

তাড়াতাড়ি ফিনিস করুন।

[9-40—9-50 a.m.]

**Sj. Benoy Krishna Chowdhury:**

আর কিছু সময় লাগবে, স্যার। আমি কিছু অবান্তর বলছি না। একটা প্রধান জিনিষ ছিল - লোকাল ফাইনান্সএর ব্যাপার এবং সেদিক দিয়ে একটা মূল জিনিষ হচ্ছে এই যে প্রত্যেকটা ক্ষেত্রে সরকার যখন কোন একটা নতুন জিনিষ করেন, তখন তাঁরা ভুলে যান অতীতে কোন খাজনা, কোন ট্যাক্স বা এইরকম ধরনের কোন জিনিষ জনসাধারণ দিয়েছে কিনা।

তাঁরা যেন প্রত্যেকটি জিনিষের জন্য এই মনোভাব নিয়ে আসেন যে, আবার তোমরা ফেল কড়ি মাখ তেল। এ'রা যেন রাষ্ট্রে কোন ট্যাক্স দেন না, এবং সেই ট্যাক্সের যেন অংশীদার গ্রামবাসী নয় বা সেই অঞ্চলের অধিবাসী নয়। এবং সেজন্যই সেই অঞ্চলের জন্য যদি কোন রাস্তা কিম্বা কোনকিছু করতে হয় তাহলে আবার নতুন করে সেখানে ট্যাক্সের ব্যবস্থা করতে হয়, তাহলে পাক সত্যি আজকে একটা মারাত্মক অবস্থার সৃষ্টি হয়েছে। স্যার, আপনারা অনেকেই জানেন এবং বহু আলোচনার ভিতর দিয়ে সেটা আপনাদের গোচরে আনার চেষ্টা করা হয়েছে যে আজকে যা ট্যাক্সের ব্যবস্থা তা একবারে পয়েন্ট অফ স্যাচুরেশনএ গিয়ে হাজির হয়েছে। এবং এইরকম অবস্থায় যদি আবার সেখানকার স্থানীয় ফাইন্যান্সএর উপরই প্রধানতঃ নির্ভর করতে হয়, চৌকিদারের মাইনের জন্য বা বিভিন্ন কাজের জন্য যেখানে সরকার থেকে টাকা দেবার কথা বলা হয়েছে তা এতই অস্পষ্ট, এতই ভেগ যে তার সম্বন্ধে নির্ভর করে কোন অঞ্চল পঞ্চায়েত বা এই পঞ্চায়েতগুলি কতখানি কাজ করতে পারবে সে বিষয়ে সন্দেহ আছে। সেজন্য এদের যদি অর্থসংগতির ব্যবস্থা না করেন তাহলে বর্তমান ইউনিয়ন বোর্ডএ তার যেমন সমস্ত অর্থ চৌকিদারের মাইনে দিতেই চলে যায় তেমনি এখানেও অঞ্চল পঞ্চায়েতের যেসমস্ত চার্জ আছে অর্থাৎ যেখানে চৌকিদার দফাদারদের মাইনে বাদ দিয়েও তারপর বিচারক যে নির্বাচিত হবেন ন্যায় পঞ্চায়েতের এবং ও'দের যে য়্যাডমিনিস্ট্রেটিভ সেক্রেটারী তাঁকেও মাইনে দিতে হবে। এবং বর্তমানে ইউনিয়ন বোর্ডএর সেক্রেটারীর মত নয়, তাঁর মাইনে নিশ্চয়ই সরকারী কর্মচারী হিসাবে ১০০-১৫০ টাকার উপরে হবে এবং সেই মাইনে যদি ঐ ফান্ড থেকে দেওয়া হয় তাহলে তাঁদের হাতে কয়টা টাকা থাকবে যা দিয়ে তাঁরা স্থানীয় কাজকর্ম করতে পারবেন? সেজন্য এটা একটা বিচার্য বিষয়। সেদিক থেকে ভালভাবে চিন্তা করে যাতে জেনেরল ফান্ড থেকে, বাজেট থেকে—যাতে এই সমস্ত স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানগুলিতে, পঞ্চায়েতগুলিতে কাজকর্ম করবার জন্য যথেষ্ট পরিমাণে টাকা দেওয়া হয় তার একটা ব্যবস্থা রাখতে হবে। এবং সেটাকে একেবারে স্ট্যাটুটরী প্রভিসন হিসাবে রাখতে হবে যে এত পার্সেন্ট অফ দি এক্সপেন্ডিচার তারা পাবে। এইরকম ধরনের একটা নির্দিষ্ট করে দেওয়া উচিত যেমন ইংল্যান্ড ও ফ্রান্সএ আছে। আর আমি বলতে চাই ন্যায় পঞ্চায়েতের যে ব্যবস্থা করেছেন সেখানেও বিচারকবৃন্দ নির্বাচিত বিচারক হওয়া উচিত, কারণ বিচারের একটা উদ্দেশ্যই থাকবে না যদি আমরা দেখি বর্তমান কোর্টগুলিতে বিচারের যা পদ্ধতি —যে বিচার মেলা না মেলা আলাদা কথা, কিন্তু তার চেয়েও সবচেয়ে বড় কথা বিচারের পদ্ধতির ভিতরে একবার প্রবেশ করলে সে বিচারের মূল্য দিতে দিতে গ্রামবাসী সর্বস্বান্ত হয়। সেজন্য বিচারের লাভ লোকসান কি হল, ন্যায় বিচার, কি অন্যায় বিচার হোল তারচেয়ে বড় কথা বিচারে তারা সর্বস্বান্ত হলো, সেজনাই এখানে ন্যায় পঞ্চায়েতের প্রধান জিনিষ হওয়া উচিত এবং আমি দেখেছি আপনাদের রিপোর্ট পড়ে যেটা বিহার ও যুক্তপ্রদেশ প্রত্যেক জায়গায় চেষ্টা হচ্ছে যে এই [illegible] প্রধানতঃ মিটমাট ও আপোষ করে দেওয়ার চেষ্টা করবে। এবং যতটা পরিমাণ বিচার হবে স্থানীয়ভাবে, এবং বিচার করবেন সেখানকার স্থানীয় লোক যাঁরা তাঁরা—তাঁদের

প্রত্যেকটি লোককে তাঁরা চিনেন নানাদিক থেকে, তাঁদের সঙ্গে স্বার্থযুক্ত এবং যাঁদের অনারকম আর্থিক মুনাফার দিক চাইতেও সত্যিসত্যি তাঁদের গ্রামবাসী হিসাবে, তাদের আপনজন হিসাবে তাদের অন্তরঙ্গ বন্ধু হিসাবে, তাদেরই প্রতিবেশী হিসাবে, তাদের বিপদে সাহায্য করার মনোভাব নিয়ে তাদের যেসমস্ত বিবাদ বিসম্বাদ হয় সেগুলিকে মিটিয়ে দিয়ে গ্রামে সত্যিকারের শান্তি ও সহযোগিতা প্রতিষ্ঠা করবার মনোভাব নিয়ে কাজ করবে এবং সেইরকম মনোভাব নিয়ে কাজ করার মানুষ কখনো হতে পারে না যদি তাঁদের ভিতর থেকে তাদের আস্থাভাজন ব্যক্তি নিয়ে বিচারকার্যে নিয়োগ করা না হয়। এবং সেইজন্য সেখানে একমাত্র নির্বাচিত প্রতিনিধি দিয়ে বিচারের ব্যবস্থা হওয়া উচিত। এখানে যেভাবে নিয়োগের কথা বলা হয়েছে এটা হবে কি নিজেদেরই দণ্ডবিধানের ব্যবস্থা করা হবে। যাদের আপনারা চান না, যাদের আপনারা চান তাদের সেই ক্ষমতা অর্পণ করে ক্ষমতার ভিতর দিয়ে যারা আপনাদের আস্থাভাজন নয় বা আপনাদের মনোমত নয় তাদের উপর নানারকম অন্যায় করার সুযোগ সৃষ্টি করা হবে। এইটুকু বলেই আমার বক্তব্য শেষ করছি।

[9-50—10 a.m.]

**Sj. Dasarathi Tah:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহাত্মা গান্ধীর স্বপ্নের যে গ্রাম পঞ্চায়েত ছিল তা এই ঈশ্বরের হাতে পড়ে এইরকম অবস্থায় যে পৌঁছবে তা আমরা ধারণা করি নি। আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী, শ্রীঈশ্বরদাস জালানের কাছ থেকে আমরা আশা করেছিলাম এবং সিলেক্ট কমিটিতে যাবার আগে তাঁকে আমরা পরামর্শ দিয়ে অনুরোধ জানিয়েছিলাম যে তিনি যেন এটা ভালভাবে রচনা করবার ব্যবস্থা করেন। কিন্তু দেখা যাচ্ছে যে দশচক্রে পড়ে যেমন ভগবান ভূত হন তেমনি আমাদের বিধানসভার ঈশ্বরও সেরূপ অবস্থায় এসে পরিণত হয়েছেন।

যাই হোক, পল্লী অঞ্চলের স্বরাজের জন্য মহাত্মা গান্ধী সংগ্রামের যে কর্মপদ্ধতি দেশকে দিয়েছিলেন এবং তৎকালীন কংগ্রেসও সেটা গ্রহণ করেছিলেন তাতে আমরা আশা করেছিলাম বিশেষ করে যে পল্লী অঞ্চলের লোকেরা সত্যিকারের স্বরাজের আস্বাদ এখনও পর্যন্ত পেল না তারা এবার এই গ্রাম পঞ্চায়েত হলে সেই আস্বাদ পাবে। তাই গতবারে বলেছিলাম যে পর্বত মূষিক প্রসব করেছে, অর্থাৎ শ্রীজালান বহু আকাঙ্ক্ষিত যে পুত্র প্রসব করেছেন সেটা বহু রক্ষাকবচ, মাদুলী, টিকি, চৈতন ইত্যাদিতে এতই ভারাক্রান্ত যে তার অপমৃত্যুই স্বাভাবিক। তার পরেও আমরা আশা করেছিলাম যে এটা যখন সিলেক্ট কমিটিতে গেল তখন নিশ্চয় কিছুটা বিবেচনা করা হবে- অর্থাৎ মঠের চূড়াকরণ ও উপনয়নের পরে কিছুটা সংশোধিত হয়ে এসে আমাদের কাছে সেটা গ্রহণযোগ্য হবে। কিন্তু যা দেখছি তাতে দেখছি যে পরিবর্তনের মধ্যে পরিবর্তন কিনা যেখানে দু বছরের জন্য নমিনেশন দেওয়া হবে সেখানে সেই জায়গায় সরাসরি নির্বাচন না করে এক বছর করা হয়েছে। অর্থাৎ ১০০ হাত জলে ডুবে মরার পরিবর্তে ৫০ হাত জলে ডোবার ব্যবস্থা করা হয়েছে। লম্বা টিকি আধখানা কাটা হয়েছে। সেজন্য আমরা বারবার এই কথাই বলছি যে কি সর্বনাশ আপনারা করছেন, বরং বর্তমান অবস্থায় ইউনিয়ন বোর্ড ভালই আছে এবং সেখানে শোষণও খানিকটা পরিমাণে সীমাবদ্ধ। কিন্তু আপনি স্বায়ত্তশাসনের বিভাগের মন্ত্রী হয়ে যেভাবে এই বিলটি আনছেন বিলটি যদি মেজরিটি ভোটএ গ্রাহ্য হবে—তাতে পল্লীকে খুব ভালভাবে শায়েস্তা এবং শোষণ করতে পারবেন। ইংরেজ রাজত্বে আমরা বারবার বলতাম যে মনোনয়ন প্রথা তুলে দেওয়া হোক, কারণ ইউনিয়ন বোর্ডএ একের তিন নমিনেশন ছিল, কিন্তু এখানে গ্রাম পঞ্চায়েতের মধ্যে সেই তিনিষই করতে যাচ্ছেন। সেখানে নাম দিয়েছেন একটু তফাত যে তাঁরা ভোট দিতে পারবেন না, ভোটের কোন অধিকার তাদের নেই। কিন্তু সেখানে যাঁরা বসে থাকবেন তাঁদের চোখের সামনে কার ঘাড়ে কটা মাথা আছে যে সত্যিকারের আসল কথা এবং নিজেদের জনস্বার্থের কথা সেখানে বলতে পারবেন। অতএব এই যে ঘুরিয়ে ফিরিয়ে নমিনেশনএর এক-তৃতীয়াংশের ব্যবস্থা আপনারা করতে যাচ্ছেন তাতে কিছুই ভাল হবে না। এ ছাড়া সেখানে কারা আসবেন, না শুধু যে সেই এলাকার লোক তা নয়, দরকার হলে বাহিরের লোকও আসতে পারে। এইসব গুণ্ডের লোকেরা আপনাদের নির্বাচিত

যা পছন্দ ও প্রেসক্রাইবড অথরিটি কিম্বা জেলা ম্যাজিস্ট্রেট বললে বলতে পারা যায় যে জেলার শাসক যাঁরা হয়ে বসে আছেন সেই কংগ্রেস কমিটি, যাঁদের নাম আপনারা করলেন তাঁরাই সেখানে গিয়ে উপস্থিত হবেন। অতএব নরক সেখানে গুলজার হবে। আপনারা যেটাকে অঞ্চল পঞ্চায়েত করছেন আমরা এইটাকেই গ্রাম পঞ্চায়েত করতে চেয়েছিলাম। পঞ্চায়েত মানে ৫ জন, অর্থাৎ জনসাধারণের লোক নিয়ে একটা কমিটি, কিন্তু আপনাদের গ্রাম পঞ্চায়েতের পরে যে অঞ্চল পঞ্চায়েত হবে এবং তার যে সেরেস্তা করছেন তাতে ঢাকের দায়ে মনসা বিদায় হবার মতনই ব্যবস্থা করলেন। এখন যে ইউনিয়ন বোর্ড আছে তাতে প্রতি ইউনিয়ন বোর্ডএর যে এলাকা আছে সেই এলাকা যদি অঞ্চল পঞ্চায়েতের হয় তাহলে সেখানকার যিনি প্রেসিডেন্ট কিম্বা যারা মেম্বার তাঁরা ডাইরেক্ট নির্বাচনে আসতেন, জনসাধারণ যারা ভোটার তারা সরাসরি তাদের নির্বাচন করতে পারত। কিন্তু এবার আপনারা এমন করলেন যে যারা বাঁটে মুখ দিয়ে খেতে পারবেন তাঁরাই খাঁটি দুধ খাবেন, ফিল্টার্ড দুধ খাবেন, সেখানে আমি বলি যে সরাসরি খাঁটি দুধ বাছুর ছাড়া আর কেউ খেতে পায় না। অথচ যেমনি সেই দুধটা বাহিরে চলে যায় অমনি সেটা জল মিশ্রিত হয়ে যায় আপনারাও ঠিক সেই ব্যবস্থা এখানে করছেন। অর্থাৎ গণতন্ত্রের চরম সমাধি এই জায়গায় সৃষ্টি করছেন - আগে পল্লী পঞ্চায়েত পরে অঞ্চল পঞ্চায়েত এবং তার উপর দিয়ে আবার ন্যায় পঞ্চায়েত করেছেন। এটা একেবারে সোনায় সোহাগা হবে।

তারপর ইউনিয়ন বোর্ডএর সেক্রেটারী ছিল স্থানীয় লোক এবং সেখানকার অবস্থা অনুযায়ী তাকে বেতন দেওয়া হত, কিন্তু এখানে আপনার এই বিলের মধ্যে তার বেতনের কোন কথাই বলছেন না। সেখানে এই সম্বন্ধে বলতে গেলে আপনারা রুলস দেখিয়ে দেবেন অর্থাৎ বার হাত কাঁকুড়ের তের হাত বিচি, ছেলের চেয়ে তার - ভারী। অতএব আপনারা সরাসরি যখন পল্লী পঞ্চায়েত করছেন, তখন পরিষ্কারভাবে ওর রুলসটাও এখানে পাশ করান এবং ওসব চালাকী না করে পরিষ্কার করে সমস্ত জিনিসটাই বলুন। আপনাদের প্রত্যেকটি আইনে দেখি যে এ্যাক্ট হয় একরকম এবং তার রুলসটা অন্য রকম। অতএব রুলসটাও আমরা সঙ্গে সঙ্গে চাই, ডিউ পার্টএর দরকার আমাদের নেই। পল্লী পঞ্চায়েতকে যদি আপনি স্বাধীনতা দিতে চান তাহলে তার রুলসটার এ্যাক্টএর সঙ্গে আইনসভার মধ্য দিয়ে পাশ করিয়ে নেন এটাই আমি বিশেষকরে আপনাকে বলতে চাই।

এরপরে অনেক সংশোধনের কথাই বলা হয়েছে, কিন্তু নির্বাচনের ব্যাপারে উনি বললেন যে গোপন প্রথায় নির্বাচন হবে কিনা সেটা এখনও ঠিক নেই সেটা রুলসএ ঠিক হবে। কিন্তু আমাদের ওটাই হচ্ছে আসল জিনিস এবং ওটাকে আপনি পরিষ্কার করে বলুন যে ভোটগ্রহণটা সামনে হবে না গোপনে হবে। আমরা চাই যে ভোট গ্রহণটা গোপনে হওয়াই উচিত। এর সঙ্গে সঙ্গে গ্রামগুলিকে ভাঙ্গবার যে ব্যবস্থা করছেন তা আমরা আমাদের এক্সপেরিমেন্ট থেকে দেখছি যে বিভিন্ন জায়গায় এটা ইতিমধ্যেই আরম্ভ হয়ে গেছে। অর্থাৎ রাম জন্মাবার আগেই রামায়ণ তৈরী হয়ে গেছে। বর্ধমান জেলার বিভিন্ন গ্রামে দলাদলিকে এমনভাবে সৃষ্টি করা হয়েছে যে উত্তরাঞ্চলে বা পশ্চিমাঞ্চলে কোন বিশিষ্ট গ্রাম দেখলেই তাকে ভাঙ্গবার জন্য আপনারা অস্থির। অতএব এর দ্বারা ঐক্য কিছুতেই হতে পারে না, এবং আপনাদের ডিভাইড য়্যান্ড রুল পলিশি সেই জায়গায় হতে যাচ্ছে। সেজন্য আপনাদের বলব যে ভাল যদি না করতে পারেন তাহলে মন্দ করবেন না। এবং এই বিষয়ে আমি আপনাকে সচেতন করছি। বরং ইউনিয়ন বোর্ডএর যেসব ওয়ার্ড আছে সেগুলিকেই একটু রদ বদল করে ছোট গ্রামগুলিকে যদি আপনারা একটু বড় করেন তাহলে তাতে কোন অসুবিধা হবে না। এখন ব্যাপার হচ্ছে যে মনোনয়নই বলুন আর য়্যাসোসিয়েট মেম্বরই বলুন—এটা সুজী নয়, হালুয়া এবং আপনার কথার মারপ্যাঁচ আমরা শুনব না। অতএব আপনি এখনও পরিষ্কারভাবে তার সংশোধন করুন কারণ আপনি যদি সত্যি ইতিহাসে নাম করে যেতে চান যে আমাদের শ্রীঈশ্বরদাস জালান নামে একজন স্বায়ত্ত-শাসন মন্ত্রী এইরকম একটা পঞ্চায়েত করে গেছেন। তা না হলে আপনার বদনাম এখনই হবে এবং আপনার অনুপস্থিতিতেও হবে। যেভাবে এর কন্সটিটিউশন করতে যাচ্ছেন তাতে দেখতে পাচ্ছি যে তাতে অনেক ফর্দের ব্যবস্থা আছে, কিন্তু তার খরচ কে জোগাবে তার কথা কিছুই,

বলেন নি—কে সেই দক্ষিণা দেবে, তার বেলায় একদম নীরব। আপনারা আগে যে সার্কুলার ডিসট্রিক্ট বোর্ডএর কাছে পাঠিয়েছিলেন তাতে আছে যে পঞ্চায়েতের সেক্রেটারী যিনি হবেন, তিনি অন্ততঃ গ্র্যাজুয়েট হবেন, বি,এল, হলে ভালই হয়, তার বেতন কমপক্ষে ১৫০ টাকা এবং তার কোয়ার্টার ইত্যাদি তৈরী করবার জন্যে হাজার পাচেক টাকা খরচ হবে। অথচ কোথা থেকে যে এইসব টাকাগুলো আসবে তা কিছুই বলা হয় নি। ইতিমধ্যে আমি শান্তিগড়ে দেখেছি যে সেখানে কীর্তনের ব্যবস্থা চলছে, সব কিছুর একটা এক্সপেরিমেন্ট করাও হচ্ছে। এ ছাড়া সাতঘরে গিয়ে আমরা দেখেছি যে সেখানে অন্য জায়গা থেকে উটকো লোক নিয়ে এসে সব ব্যবস্থা করছেন এবং সেই জায়গায় তাদের গায়ের জোরে বসিয়ে দেবার চেষ্টাও চলছে। কিন্তু এইসব চলবে না কারণ আমাদের দাবী হচ্ছে যে পঞ্চায়েত এলাকায় সেক্রেটারী সেই এলাকারই অধিবাসী হবে এবং তাকেও নির্বাচিত হতে হবে। তা না হলে কি গণতন্ত্র, কি প্রজাতন্ত্র সত্যিকারের স্বায়ত্তশাসনই হবে না। তার কোয়ালিফিকেশনটাও বিবেচনা করবার দরকার আছে। এইসব না বলে কোর্টের যত বকেয়া উকিল, যাদের অচল অধম অবস্থা এবং সম্প্রতি কংগ্রেসের যাঁরা গুণধর কোয়ালিফাইড মেম্বার হয়ে গেছেন তাঁরাই সমস্ত গিয়ে গ্রামে বসবেন এবং সেখানে এক একটি মামলার সৃষ্টি করবেন। সেজন্য আমরা চাই যে সেই অঞ্চলের লোকের সঙ্গে জানাশুনা আছে এবং ভাল লোক বলে কাউকে ঠকাতে পারবে না, অন্ততঃ যদি এইটুকু ভরসা থাকে তাহলে এমন লোককেই সেই জায়গায় পঞ্চায়েতের সেক্রেটারী করতে হবে।

তারপর গ্রাম পঞ্চায়েতের বেলায় পল্লীসেবার যা ব্যবস্থা করেছেন তাতে গ্রামসেবক এবং গ্রামসেবিকার যা লিস্ট তার চেয়ে বেশী হচ্ছে যে তোমরা রাস্তা কর, গোচারণের ব্যবস্থা কর, গরু তাড়াও, রাস্তায় বাঁধ দাও, জঙ্গল পরিষ্কার কর। কিন্তু এর বাজেট করবেন অঞ্চল পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতই কর নির্ধারণ করে দেবেন। আপনারা কর নির্ধারণটা সরাসরি করুন না কেন? পল্লীগ্রামের প্রতি যখন এত দরদ তখন গরুর গাড়ীর উপর ট্যাক্স ইত্যাদি নিশ্চয় করবেন। আপনি এখানে গরুর গাড়ীর উপর ট্যাক্স করবার জন্যে চেয়েছিলেন, কিন্তু সেটাকে কোন কারণে আবার তুলে নিলেন। সুতরাং দেখছি যে গরুকে দিয়ে গরুর চামড়া বওয়াবেন। এইরকমভাবে যাদের ট্যাক্স বসাবেন তাদের উপর আবার যদি প্রতিনিধি বসিয়ে ছড়াছড়ি দেন তাহলে সেই জায়গায় জনসাধারণ গরুর গাড়ীর পাচন দেখিয়ে অন্ততঃপক্ষে লোকগুলিকে শায়েস্তা করতে পারে। আবার সেই জায়গায় ডাইরেক্ট নির্বাচন করছেন না, অথচ কর বসাবার ব্যাপারে তাদের অবাধ স্বাধীনতাও দিচ্ছেন। এরা সাইকেলে, ঘুড়িতে ঝাঁটাতে কর বসাবেন কারণ দড়ি দড়া যেসব কিছু ছিল তাও এরমধ্যে ঢুকে গেল। অতএব আর কিসের উপর ট্যাক্স বসাবেন। তাহলে একটা কথা আছে যে মাছের তেলে মাছ ভাজা, কিন্তু আপনারা তা না করে মাছের তেলটাকে বার করে নিয়ে ঘরে রেখে দেবার ব্যবস্থা করছেন।

[10—10-10 a.m.]

তাই আমরা জমিদারী প্রথা বিলোপ চেয়ে বলেছিলাম যে করভারকে কমাতে হবে, কারণ গভর্নমেন্ট যেটুকুন নেয় তার উপর জমিদাররা অসম্ভব লাভ করে বলে সেই টাকাটা জনসাধারণের উপর থেকে আমরা কমাব। কিন্তু সেই টাকা হতে রেহাই চাষীদের যদি আপনারা না দেন তাহলে তারা মারা যাবে। অর্থাৎ যে টাকাটা পূর্বে গভর্নমেন্ট জমিদারদের কাছ থেকে রেভিনু হিসাবে পেতেন আপাততঃ আরম্ভ করবার সময়ে আপনারা সেইটুকুন নিয়েই সন্তুষ্ট থাকুন এবং বাকি বাড়তি জমিদারীর জন্য আপনাদের যত টাকা আয় হত সেই সমস্ত টাকাটাই পঞ্চায়েতের হাতে দিন। এটা হলেই জানা যাবে যে সেখানে একটা কিছু ব্যবস্থা হচ্ছে, তা না হলে স্বর্গের বেলায় আপনারা শুধু বললেন যে চৌকীদার, দফাদার প্রভৃতিদের আংশিক বেতন দেব। কিন্তু তার আংশিক বেতন যে কত হবে তা আপনারা বলেন নি। যদি আপনাদের ডিস্ট্রিক্ট বোর্ডএর সার্কুলারএর কথা ধরতে হয় তাহলে সেক্রেটারীর বেতন কমপক্ষে ১৫০ টাকা এখন সেই সেক্রেটারীর বেতন ৩০ টাকা হলে পাঁচগুণ বেশী হচ্ছে এবং চৌকীদারের বেতন যদি এখন ১০ টাকা হয় তাহলে পাঁচগুণ সেই অনুপাতে বাড়লে তার মাইনে ৫০ টাকা হবে। কাজেই সেই

আংশিক হিসাবের কথাটা না বলাতে বোঝা যায় যে পঞ্চায়েতকে যদি জনসাধারণের উপর ট্যাক্স নির্ধারণ করে সমস্ত ব্যবস্থা করতে হয় তাহলে সেখানে সর্বনাশ হয়ে যাবে এবং এটাই সবচেয়ে বড় কথা।

আর একটা কথা আমি আপনাকে অনুরোধ করছি যে এখনও সময় আছে এবং এই সময়ের মধ্যে আপনি এখনও বুঝুন এবং বুঝে পরিষ্কার কোরে সব কিছু আমাদের জানিয়ে দেন। ঈশ্বরের ইচ্ছা থাকলেও বিধানের হাত না থাকলে হবে না বলে বিধানটাই সবচেয়ে বড়, অতএব রুলসটা আপনি পরিষ্কার করে এর সঙ্গে জড়িয়ে না দেন এবং ঐরকম একটা ভেগ বা ধুম্রজাল যেন সৃষ্টি করবেন না। আপনার আইনে এলাকা বলে কিছু নেই, গরু চরে যাবার মতন মাঠ ময়দান এলাকা সুতরাং ঠিক কতটুকু জায়গা নিয়ে গ্রাম পঞ্চায়েত কতটুকু নিয়ে অঞ্চল পঞ্চায়েত হবে তা কোথাও লিপিবদ্ধ নেই। অথচ পরে রুলসএ হয়ত আমরা দেখব যে একটা ইউনিয়নএর মধ্যে দুটো অঞ্চল পঞ্চায়েত করে দিলেন। তাহলে এখন একটা ইউনিয়ন বোর্ডএর আয় যেখানে দু হাজার থেকে আড়াই হাজার হত এবং সেখানে যদি আমরা দুটো অঞ্চল পঞ্চায়েত ধরি তাহলে যে ফিরিস্তি করেছেন তাতে চৌকীদারদের পাকড়ী, উর্দি ও সেক্রেটারীর বেতন দিয়ে ৩৭এর 'খ' ধারা অনুযায়ী পল্লী সংস্কারের জন্য যেমন কিছু পাওয়া যায় না তেমনি যেভাবে এখন এটাকে গঠন করতে যাচ্ছেন সেখানে দু হাজারের জায়গায় অন্ততঃ দশ হাজার পর্যন্ত এর খরচা হতে পারে বলে আমরা আন্দাজ করছি। পরিষ্কার করে তা বলেন নি দু হাজার টাকার ট্যাক্স আদায় করতে ত ঘটিবাটি বিক্রি এবং ক্রোক ইত্যাদি যেখানে আছে সেখানে এর পাঁচ গুণ যদি বর্দ্ধিত হয় তাহলে সবচেয়ে বড় কথা হচ্ছে যে এই বর্দ্ধিত টাকাটা কে দেবে। সেজন্য যাতে খরচা কম হয়, আয় একটা সীমাবদ্ধ থাকে, জমিদারীর আয়ের যে টাকাটা সমস্ত পল্লী পঞ্চায়েতে আসে এবং খাজনা আদায়ের ভারটাও ঐ পল্লী পঞ্চায়েতের উপর দিয়ে তাদের একটা কমিশনের মতন দিয়ে তাদের আয়কে নির্ধারিত করে সেই অনুযায়ী যাতে খরচ হয় তার ব্যবস্থা করুন। এই জন্যেই আমরা বলছি যে পাঁচিশ রকম ধাপ না করে ডাইরেক্ট ইলেকশন করুন এবং সেখানে অঞ্চল পঞ্চায়েতই বলুন, আর গ্রাম পঞ্চায়েতই বলুন আমরা চাই যে সেটাও গ্রাম পঞ্চায়েত নামে হোক এবং একটা গ্রামকে ভেঙ্গে ছোটখাট গ্রাম পঞ্চায়েতের যে কথা বলছেন সেটা ঠিক নয়। কারণ যদি বুঝতে পারতাম যে যত বড়ই গ্রাম হোক না কেন তাকে না ভেঙ্গে যেমন ওয়ার্ড ওয়ার্ড আছে সেইভাবে গ্রাম পঞ্চায়েত হবে তাহলেও হত, কিন্তু এখানে দেখা যাচ্ছে যে অবস্থা আরম্ভ করেছেন তাতে সর্বনাশ হবে।

এরপর আর একটা কথা হচ্ছে যে এই অপদেবতা মনিবটি কে হবেন, কারণ প্রেসক্রাইবড অর্থারিটিটা একেবারে ধুয়া। এখন বুঝতে পারি যে ইউনিয়ন বোর্ডএর কর্তা বা ইউনিয়ন বোর্ডএর প্রেসিডেন্ট হচ্ছেন সার্কেল অফিসার বাহাদুর, কিন্তু এখানকার বাহাদুর কে হবে? এটা দেখা যায় যে কোথাও কোথাও সার্কেল অফিসার বা কো অপারেটিভ রেজিস্টার ডিস্ট্রিক্ট অফিসার বাহাদুর তাহলে ডিস্ট্রিক্ট বোর্ডকে কি আবার রাখবার কোন মতলব আছে না কি? ডিস্ট্রিক্ট বোর্ডকে ত একেবারে ছন্নছাড়া স্কন্দকাটা করে দিয়েছেন, কারণ তার জলসরবরাহ, ওষুধ, টীকে দেওয়া, এম. ই. স্কুলে যে বেতন দিত তাও শেষ হয়ে গেছে বলে এখন স্কন্ধকাটা হয়ে বসে আছে, কাজ নেই। ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়াররের এখন আর কোন কাজ নেই। তাহলে এটাকে জীবনন্ত করে কি প্রেসক্রাইবড অর্থারিটি করবেন? তাহলে আরও বেশী মারাত্মক। যদি বুঝতাম স্কুল বোর্ডএ যে ভাঁওতা ও অগণতান্ত্রিক ব্যবস্থা চলছে সেগুলোকেও এই ডিস্ট্রিক্ট বোর্ডএর মধ্যে দিয়ে সমস্ত পল্লী পঞ্চায়েতের একটা হেড অফিস হবে এবং সেখান থেকে সমস্ত পরিচালনা করা হবে তাহলেও বুঝতে পারতাম যে একটা জিনিষ হচ্ছে। কিন্তু কোনটা থাকবে না থাকবে তার কোন ব্যবস্থাই নেই, কারণ যেখানে ইউনিয়ন বোর্ড রয়েছে সেখানেই আবার এক্সপেরিমেন্টাল হিসাবে পঞ্চায়েত করতে যাচ্ছেন এবং সেই পঞ্চায়েত করে ইলেকশন আসছে বলে তাদের সরাসরি নমিনেশন দিয়ে এনে এখানে বসিয়ে দেবেন। সেজন্য বলি যে কোন প্রকার রাজনৈতিক ব্যাপার যেন সেখানে না থাকে। কোন রাজনৈতিক দল থাকবে না, অথচ সেখানে বেনামাতে কাজ চলবে এই কথাই বলা হচ্ছে। তাই বলছি যে যখন এটাকে আনতে দেরী করলেন তখন এখানে দুর্গা

বলে এটাকে পাস করে দিন এবং ইলেকশনটাকে পাস করে দিয়ে তখন আপনি থাকুন আর ভগবানই থাকুন যার হাতে পড়বে তার হাতেই হবে। অতএব এখন এটাকে আপনারা স্থগিত করে রেখে দিন। এবং উপস্থিত সময়ে বর্তমান যে ইউনিয়ন আছে তাকে বেশী করে সাহায্য দিয়ে, তাকে আর একটু গণতান্ত্রিক করে কাজ চালান এবং ইলেকশনএর পরে এর ব্যবস্থা করুন। কারণ এটা হলে ইলেকশনএর সুবিধের জন্য নমিনেশন দিয়ে যে ইলেকশন এজেন্ট তৈরী করে দেবেন তা চলবে না। সেজন্য আমরা এর তীব্র প্রতিবাদ করি।

**Sj. Hemanta Kumar Basu:**

স্পীকার মহোদয়, আমরা যখন এই বিলটাকে সিলেক্ট কমিটিতে দিয়েছিলাম, সেই দেবার সময় সময় আমরা যেসমস্ত কথা বলেছিলাম তাতে আমরা মনে করেছিলাম যে সিলেক্ট কমিটি আমাদের বক্তব্য বিষয় ভাল করে বিবেচনা করবেন, এবং বিবেচনা করে যে রিপোর্ট দেবেন সেই রিপোর্ট আমরা সর্বসম্মতভাবে গ্রহণ করব। কিন্তু দুঃখের বিষয় সিলেক্ট কমিটি থেকে বিলটা যেভাবে এসেছে তাতে বিলের এমন কোন পরিবর্তন হয় নি যাতে কোরে আমরা সকলে মিলে একইভাবে এই বিলকে আইনে পরিণত করতে পারব। এই বিলের দ্বারা গ্রাম্য জনসাধারণের হাতে তাদের গ্রামের শাসনব্যবস্থা, গ্রামের রাস্তা পরিস্কার, শিক্ষা প্রভৃতি নানা দিক থেকে উন্নতিমূলক কার্য করান হবে। কিন্তু দুঃখের বিষয় তাদের হাতে এমন ক্ষমতা দেওয়া হয় নি যে তারা স্বাধীনভাবে ন্যায়সঙ্গতভাবে সেই সমস্ত কাজের ব্যবস্থা করতে পারেন। যেকোন কাজ তাঁরা করতে যাবেন সেই কাজের পিছনে সরকারী কর্তৃত্ব প্রেসক্রাইবড অথরিটি হিসাবেই থাক বা সেক্রেটারী হিসাবেই থাক সকল দিক থেকেই একটা কর্তৃত্ব তাঁদের পিছনে সব সময় দাঁড়িয়ে থাকবে। তাতে তাঁরা সব সময় স্বাধীনভাবে কার্য পরিচালনা করবার সুযোগসুবিধা পাবেন না। সেইদিক থেকে এই বিলটাকে আবার রিকমিটালএর জন্য আমাদের এখানে প্রস্তাব এসেছে। এই আইন যেভাবে বিধিবদ্ধ করা হচ্ছে তাতে ভিলেজ সেল্ফ-গভর্নমেন্টএর যে আইন ছিল, অর্থাৎ যে ইউনিয়ন বোর্ড আইন ছিল তারচেয়ে এ কোন রকমে উন্নততর হয় নি, বরং তারচেয়ে ঢের বেশী নিকৃষ্টতর হয়েছে। জনসাধারণকে এই আইনের দ্বারা আষ্টেপৃষ্ঠে বাঁধবার ব্যবস্থা হয়েছে।

[10-10—10-20 a.m.]

যেসমস্ত গ্রাম বহুদিন ধরে তাদের শিক্ষা, তাদের সভ্যতা, তাদের সংস্কৃতি নিয়ে গড়ে উঠেছে, সেই সমস্ত জনসাধারণকে তাদের স্বাভাবিক অধিকার এবং শিক্ষা ও সংস্কৃতির উপর দৃষ্টি রেখে যদি এই আইন বিধিবদ্ধ করা হত, তাহলে নিশ্চয়ই পঞ্চায়েত বিলের সার্থকতা ছিল কিন্তু সে দিকে দৃষ্টি দেওয়া হয় নি। নির্বাচনের যে নিয়ম যেভাবে হয়, এখানেও নির্বাচনের সেই নিয়ম সেইভাবেই ব্যবস্থা করা হয়েছে। গ্রামসভার মধ্য দিয়ে গ্রাম পঞ্চায়েত, এবং প্রথম পঞ্চায়েতের মধ্য দিয়ে অঞ্চল পঞ্চায়েত। বাস্তবিক আমরা বুঝতে পারি না গ্রামসভার উপরেই যখন গ্রামের সম্পূর্ণ কর্তৃত্ব রয়েছে তখন সেখানে আবার গ্রাম পঞ্চায়েত সৃষ্টি করছেন এবং কতকগুলি গ্রাম পঞ্চায়েত নিয়ে অঞ্চল পঞ্চায়েত হবে। এর কি আবশ্যকতা আছে? গ্রাম পঞ্চায়েত যা করবে, অঞ্চল পঞ্চায়েত যা করবে, যেসমস্ত প্রস্তাব পাশ করবে, ইচ্ছা করলে প্রেসক্রাইবড অথরিটি সেটা তিনি নাকচ করতে পারেন সেটা তিনি সংশোধন করতে পারেন। বাজেটের দিক দিয়ে গ্রামসভাই হোক, অঞ্চল পঞ্চায়েতই হোক—যে বাজেট তারা ব্যবস্থা করবেন —যা বহুলোক মিলে করবেন—বহুলোক নির্বাচন করে যে গণতান্ত্রিক কমিটি করবেন—সেই গ্রামসভাই হোক, পঞ্চায়েতই হোক বা অঞ্চল কমিটিই হোক—সেই বহুলোকের আলাপ, আলোচনায় যে প্রস্তাব ও বাজেট হোক না কেন—তার উপর একজন লোক থাকবে প্রেসক্রাইবড অথরিটি—তার ইচ্ছামত গ্রামের এবং অঞ্চলের কাজ পরিচালিত হবে। কাজেই সেই দিক থেকে এই গ্রাম পঞ্চায়েত বিলটা সম্পূর্ণ অগণতান্ত্রিক সেটা বিশেষভাবে প্রমাণিত হচ্ছে। এটা ঠিক যে গ্রামেই হোক, বা অঞ্চলে হোক যদি কেহ অন্যায় বা দুর্নীতিপরায়ণ কাজ করে তার জন্য হয়ত কোন হিসাবপত্রের দিক থেকে পরীক্ষা বা পরিদর্শন করা দরকার—সে দিক থেকে হয়ত কিছুটা ক্ষমতা দিতে পারেন। তারপর সেক্রেটারি তিনি নিযুক্ত হবেন সরকারের ইচ্ছায়, যার

ফলে তিনি সব কাজেই সরকারের মুখাপেক্ষী হয়ে থাকেন। তিনি গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতের দিকে নজর রাখবেন যার ফলে গণতান্ত্রিকভাবে সংগঠিত যে গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত তাদের উপর সেরকম দায়িত্ব থাকবে না। কাজেই সে দিক থেকে যে উদ্দেশ্যে এই পঞ্চায়েত বিল আনা হয়েছে এই পঞ্চায়েত বিলে সেই উদ্দেশ্য সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে। এ ছাড়া আবার গভর্নমেন্ট রুল মেকিং করবেন। যে রুল তৈরি করবেন সেই রুলএর রূপ কি হবে? আইনের মধ্যে যেসমস্ত কড়াকড়ি নিয়ম রয়েছে, সে কড়াকড়ি নিয়মকে আরও কড়াকড়ি করবার জন্য নিশ্চয়ই গভর্নমেন্ট সেইরকম রুলই তৈরি করবেন সে বিষয়ে সন্দেহ নেই। গ্রাম পঞ্চায়েতের সদস্যদের উপর কাজের অনেক ভার ও দায়িত্ব দেওয়া হয়েছে কিন্তু তাদের উপর অর্থের কোন ভার বা দায়িত্ব দেওয়া হয় নি। সেটা অঞ্চল পঞ্চায়েতের উপর আছে। বর্তমান শাসন ব্যবস্থায় জনসাধারণের কাছ থেকে যে কর আদায় করে, সেই করগুলি গ্রাম থেকে, অঞ্চল থেকে, জেলা থেকে, শহর থেকে গভর্নমেন্ট আদায় করে। এখন সেই অর্থের দ্বারা গ্রামের সমস্ত উন্নতিমূলক কাজ হবে এটাই জনসাধারণ আশা করে। আজকে নতুন নতুন ট্যাক্স বা কর, তাদের উপর চাপান সম্পূর্ণ অসংগত হবে এবং সেটা পীড়নমূলক হবে। গ্রামের জনসাধারণের যে অবস্থা, যে দুরবস্থা তার কথা আপনারা সকলেই জানেন। কাজেই সেই দিক থেকে সরকারের কর্তব্য হবে যে জেলার, যে গ্রামে যে অর্থ গভর্নমেন্ট কর বা ট্যাক্স হিসাবে পায়—সেই টাকা সেই সমস্ত গ্রামের এবং সেই সমস্ত জেলার অনেকখানি স্বাস্থ্য, শিক্ষা, ও রাস্তাঘাট প্রভৃতির উন্নতির জন্য খরচ করা উচিত। এবং যেসমস্ত জায়গায় যারা অপেক্ষাকৃত পিছিয়ে পড়ে আছে —যারা অনুন্নত, সেই সমস্ত গ্রামে সেই অর্থ সরকারের নিয়োজিত করা উচিত। গ্রামের জনসাধারণের উপর খাজনা বা ট্যাক্স যদি আরও চাপান হয়, তাহলে জনসাধারণ সেটা সহ্য করতে পারবে না। জনসাধারণকে তাদের গ্রাম পঞ্চায়েত গঠন করবার জন্য যে অধিকার দিয়েছে এই বিলের মধ্যে তাতে মনে হয়, এই সরকারের জনসাধারণের উপর বিশেষ বিশ্বাস বা আস্থা নেই। এই যে নানারকম রাজনীতিক দল বা মতবাদ, সেই মতবাদ যাতে জনসাধারণের মধ্যে প্রবেশ না করে, সেইজন্য আষ্টেপৃষ্ঠে এই আইনের মধ্য দিয়ে জনসাধারণকে বাঁধবার চেষ্টা করা হয়েছে। আমরা বিশ্বাস করি যে জনসাধারণকে যদি সম্পূর্ণ ক্ষমতা দিতে চান, তার উপর সম্পূর্ণ আস্থা ও বিশ্বাস রাখতে চান তাহলে পর জনসাধারণও সেই বিশ্বাস ও আস্থা রক্ষা করতে পারবে। আমরা যারা য়্যাসেমব্লীতে এসেছি তারা এবং গভর্নমেন্ট যেসব প্রজেক্ট করেছেন তার মধ্যে আমরা অনেকেই ভুল করে থাকি। আজকে যে প্রজেক্ট করছি কালকে সেই প্রজেক্ট বদলে দিচ্ছি। আজকে যে টাকা বরাদ্দ করছি কাল সেই টাকার উপর বহু বেশী টাকা বরাদ্দ করছি। নানান দিক থেকে, নানা রকম ভুলত্রুটি আমরা করে থাকি, গভর্নমেন্টও করে থাকেন। কাজেই যে সেল্ফ-গভর্নমেন্টএর কথা বলছেন সেই সেল্ফ-গভর্নমেন্টএর মারফত যদি জনসাধারণের হাতে ক্ষমতা দেন তাহলে নিশ্চয় তারা শৃংখলার সংগে গ্রামের শাসনব্যবস্থা পরিচালনা করতে পারবে। ইংরেজরা বলত যে ভারতবাসীরা তারা নিজেদের শাসনব্যবস্থা নিজেরা পরিচালনা করতে পারে না। তাদের সেই অবিশ্বাস ও অনাস্থা এখনও তারা প্রচার করেছেন। ইংরেজ চলে গিয়েছে, শাসন ব্যবস্থা যেভাবে পরিচালনা করা দরকার - তাতে জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া উচিত কিন্তু সেটা দেওয়া হয় নি। ইংরেজরা যখন আমাদের দেশ থেকে চলে গিয়েছে তখন গ্রামের জনসাধারণ তাদের হাতে এই ক্ষমতা ও অধিকার কেন দিতে পারবেন না। কাজেই এইসব দিক থেকে বিবেচনা করে এই আইন বিশেষ পরিবর্তন করতে হবে। এবং যেসমস্ত য়্যামেন্ডমেন্ট এসেছে সেই সমস্ত য়্যামেন্ডমেন্ট গ্রহণ করতে হবে।

[At this stage the red light was lit.]

আমি আর একটু বলবো। অধ্যক্ষকে যে ক্ষমতা দেওয়া হয়েছে সে ক্ষমতা প্রত্যাহার করলে পর সেটা প্রেসক্রাইবড অথরিটিকে জানাতে হবে। যদি গ্রাম সভার অধ্যক্ষকে, তার সেক্রেটারীকে ক্ষমতা দেন তাহলে পর সেটা তুলে নিলে সেটাও প্রেসক্রাইবড অথরিটিকে জানাতে হবে। তারপর ক্লজ ৬২, সাব-ক্লজ (১১)।

**Mr. Speaker:**

এখন [illegible]এর সময় বলবেন।

[10-20—10-30 a.m.]

**Sj. Hemanta Kumar Basu:**

আচ্ছা। যাই হোক এই সমস্ত ঘটনা বিবেচনা করে আমি মনে করি আপনারা যত কড়াকড়ি করবেন যে বাঁধনের মধ্যে জনসাধারণকে আনবেন ততই তারাই আপনাদের হাত থেকে বেশী বেরিয়ে যাবে। বাঁধন যত শক্ত হবে ততই বাঁধন টুটবে—রবীন্দ্রনাথের কথা—সেরকমই এক্ষেত্রেও ঘটবে। সেদিক দিয়ে আমি মনে করি পঞ্চায়েত বিল বাস্তবিক গণতন্ত্রের উপর প্রতিষ্ঠার জন্য এই অ্যামেন্ডমেন্টগুলি সুবিবেচনা করে গ্রহণ করবেন, যাতে এই বিল গণতান্ত্রিকরূপ নেয় তার ব্যবস্থা করবেন।

**Sj. Haripada Chatterjee:**

সভাপাল মহাশয়, যদিও আমি সিলেক্ট কমিটির মেম্বার ছিলাম না, তবুও এই বিলটাকে খুব যত্নসহকারে আমি পড়েছি। এই বিলটা খুব গুরুত্বপূর্ণ বিল। কাজেই আমার বক্তৃতা একটু দীর্ঘ হয়ে গেলেও আমাকে দয়া করে বাধা দেবেন না। (হাস্য) আমার মতে যে আকারে বর্তমান বিলটি এই হাউসের সামনে উপস্থিত করা হয়েছে তাতে এ দ্বারা কোন প্রকার জনহিতকর কার্য সম্পাদন করা যাবে না। পঞ্চায়েত বিলে একটি সর্বশক্তিমান পরমপুরুষের অস্তিত্ব দেখতে পাই। তিনি হচ্ছেন প্রেসক্রাইবড অথরিটি। গ্রাম সভার ভোটার লিস্ট প্রস্তুত করতে ও এই প্রেসক্রাইবড অথরিটি (সেক্সন ৭) গ্রাম পঞ্চায়েতের রিকুইজিশন মিটিং কল করতে ও এই প্রেসক্রাইবড অথরিটি (সেক্সন ৭) গ্রাম সভা কর্তৃক কয়জন সদস্য নিয়ে গ্রাম পঞ্চায়েত গঠিত হবে তাহাও নির্ধারণ করতে এই প্রেসক্রাইবড অথরিটি (সেক্সন ১২) গ্রাম পঞ্চায়েতের সদস্য গঠনের সময় সংখ্যা বৃদ্ধি করতে ও এই প্রেসক্রাইবড অথরিটি (সেক্সন ১৩) প্রথম গ্রাম পঞ্চায়েতের সদস্য নিয়োগ করতে ও এই প্রেসক্রাইবড অথরিটি (সেক্সন ১৫) চাই। কি শয়নে স্বপনে জাগরণে সর্ব অবস্থাতেই এই প্রেসক্রাইবড অথরিটির অদৃশ্য অস্তিত্ব আমরা সারা বিলটির মধ্যে অনুভব করি। যে ধারাগুলির কথা বললাম সেগুলি ছাড়াও

sections 16, 19, 21, 23, 25, 36, 38, 39, 41, 45, 48, 48A, 54, 57, 58, 62, 63, 64, 65, 66, 107

এবং ১১৮ এই সব গুলিতেও এঁকে দেখতে পাই। ইনি বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টএর ডাইরেক্টর অব লোকাল বডিজএর উপর দিয়ে যাবেন। একজন হেঁ হেঁ স্যার বা ইয়েস মেনএর সাহায্যে মন্ত্রীগণ পঞ্চায়েতগুলিতে নিজেদের চরম স্বেচ্ছাচার আশ্রিত তোষণ ও দুর্নীতিপরায়ণ নীতি চালাতে পরিপূর্ণ সুযোগ পাবেন। স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানে সরকার নিজেদের আশ্রিত জনের দুর্নীতির কতখানি প্রশ্রয় দিতে পারেন তাহা চব্বিশপরগনার জেলা বোর্ডের চেয়ারম্যানের ও ভাইস-চেয়ারম্যানের মিথ্যা ট্রাভেলিং অ্যালাউন্স ড্র করার ব্যাপারেই আমরা দেখেছি। অ্যান্টি-করাপশনএর হেড মিঃ ত্রিবেদী এবং ডিভিসনএর কমিশনার এদের ফৌজদারী সোপর্দ করার কথা বললেও তা করা হয় নি। প্রেসক্রাইবড অথরিটিকে অসীম ক্ষমতা দেওয়া হয়েছে এবং তার ডেফিনিশনটি ইচ্ছা করে ভেগ রাখা হয়েছে। সেক্সন ২ ক্লজ (এক্স) পড়লেই বোঝা যাবে—

"Prescribed authority means an authority appointed by notification, for all or any of the purposes of this Act, by the State Government either generally or for a particular purpose;"

বিলটির কোন প্রিয়াম্বল নেই। ধরে নেওয়া গেল সংবিধানের ৪০ ধারা অনুযায়ী গ্রাম্য পঞ্চায়েত সংগঠনের উদ্দেশ্যে বিলটি রচিত হয়েছে। কিন্তু এই উদ্দেশ্য শুধু গ্রাম পঞ্চায়েতগুলি সংগঠন করলেই সিদ্ধ হবে না সেগুলিকে যথোপযুক্ত ক্ষমতা এবং সম্পত্তি দিতে হবে। তা আদৌ করা হয় নি। প্রথমতঃ ক্ষমতা ও দায়িত্বের কথাই ধরা যাক। বিলের ৩২ ধারায় গ্রাম্য পঞ্চায়েতগুলির কতকগুলি অবশ্যকরণীয় এবং ৩৩ ধারায় রাজ্যসরকারের অনুমতি সাপেক্ষে করণীয় এবং ৩৪ ধারায় নির্দেশক্রমে করণীয় কার্যের উল্লেখ আছে। যদি সতাই গ্রাম্য পঞ্চায়েতগুলির এই ৪৮টী ক্লজএ বর্ণিত কার্য করবার উপযুক্ত সম্পত্তির বিধান এই বিলে থাকত তা হলে আমরা বুঝতে

পারতাম গভর্নমেন্ট পঞ্চায়েতগুলিকে রিয়েল ইউনিটস অফ সেল্ফ-গভর্নমেন্ট করতে চান না। কিন্তু তাদের সম্পত্তির যে ব্যবস্থা ৫৪ ধারায় করা হয়েছে, তা দেখলেই বোঝা যাবে ঠিক যে কারণে বঙ্গীয় স্বায়ত্তশাসন আইনের (বেঙ্গল লোকাল সেলফ-গভর্নমেন্ট য়্যাক্ট থ্রি অফ ১৮৮৫) ইউনিয়ন কমিটিগুলি আশানুরূপ কার্যকরী হয় নি। যে কারণে বেঙ্গল ভিলেজ সেলফ-গভর্নমেন্ট এ্যাক্ট ফাইভ অফ ১৯১৯এর প্রতিষ্ঠিত ইউনিয়ন বোর্ডগুলি চৌকিদার, দফাদারদের বেতন ও পোষাকের খরচ দেওয়া ছাড়া উল্লেখযোগ্য জনহিতকর কোন কার্য করতে পারে নি ঠিক সেই একই কারণে প্রস্তাবিত গ্রাম্য পঞ্চায়েতগুলি ও গ্রাম্য স্বায়ত্তশাসনের বাহক ও ধারক হতে পারবে না।

অদ্য ৫৫ ধারায় অঞ্চল পঞ্চায়েতগুলোকে কয়েকটি ট্যাক্স, ফি, ও রেট ধার্য করবার ক্ষমতা দেওয়া হয়েছে, এর অধিকাংশই বর্তমানে ইউনিয়ন বোর্ডগুলি ধার্য করেন। কিন্তু প্রশ্ন হচ্ছে এই যে দেশের জনসাধারণের পক্ষে বর্তমানের অতি উচ্চ ট্যাক্স এবং অত্যাবশ্যকীয় দ্রব্যগুলির উচ্চ বর্ধিত মূল্য দেবার পরও পঞ্চায়েতগুলিকে সক্রীয় রাখার উপযুক্ত ট্যাক্স, রেট, ফি বা এনডাউমেন্ট দেবার সামর্থ থাকবে কিনা। এ সম্বন্ধে ট্যাক্সেশন এনকোয়ারী কমিশনএর সুচিন্তিত অভিমত এই যে

"The *Panchayat* should not be asked to tax themselves during the first few years of their establishment" (page 36, paragraph 26).

এই কমিশন তাঁদের রিপোর্টের ৩৫৭ পৃষ্ঠায় বলেছেন

"one of the important factors responsible for the unsatisfactory working of the district local boards and the inutility and abolition of taluk boards has been unwieldy or inability of the State Government to provide inadequate finance for those organisations."

আমাদের রাজ্যসরকারের এই বিষয়ে কৃতিত্ব অসাধারণ। তাঁরা ১৯৩২ সালে বেঙ্গল মোটর ভেহিকেলস ট্যাক্স বিলএর ১১ ধারায় বল্লেন যে ঐ ট্যাক্সএর একটি বিশেষ অংশ লোকাল বডিজ-গুলিকে দেবেন কিন্তু ১৯৫৩-৫৪ সালে এই বাবত এক কোটি ৮ লক্ষ ৪৮ হাজার টাকা আদায় করে ডিস্ট্রিক্ট বোর্ডগুলিকে ত কিছুই দেন নি এমনকি মিউনিসিপ্যালিটিগুলিকে যা দিয়েছেন তা না দেবারই মত। এরূপ অবস্থায় বিলের ৩৪এ ধারা বা ৩৫ ধারায় প্রোভাইসোতে গ্রাম পঞ্চায়েতগুলিকে যে অর্থ সাহায্য করবার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে তা যদি নিরর্থক বা নিছক কথার কথা হয় তাহলে বিস্মিত হবার কিছুই থাকবে না। অন্ততঃ ইউনিয়ন বোর্ডগুলির বেলায় এইরূপই হয়েছে। বেঙ্গল ভিলেজ সেল্ফ গভর্নমেন্ট য়্যাক্টএর ৩৩ ধারায় এইরূপ ক্ষেত্রে গ্র্যান্ট দেওয়ার বিধান আছে। কিন্তু গ্র্যান্টও দেওয়া হয় না আর ট্রান্সফার্ড রোডগুলি ইউনিয়ন বোর্ড মেরামতও করে না। এমন কি অগমেন্টেশন গ্র্যান্টএর একটি বিশিষ্ট অংশ ইউনিয়ন বোর্ডগুলিকে দেওয়ার যে নির্দেশ গভর্নমেন্ট নিজেই ২০শে জুলাই ১৯৩১ তারিখের ৩৯৬৭-৭১ এল. এস. জি, সারকুলার দিয়েছেন তাও প্রতিপালিত হয় না। ফলে ইউনিয়ন বোর্ডগুলি অর্থাভাবে কোন উল্লেখযোগ্য কার্য করতে পারেন না। গ্রাম পঞ্চায়েতগুলিরও সেই অবস্থাই হবে। বর্তমান বিলের স্বরূপ এই হবে তার অবশ্যম্ভাবী পরিণাম।

তারপর এদের ক্ষমতা সম্বন্ধে কয়েকটি কথা বলব। পূর্বেই বলেছি বিলের ৩২, ৩৩ ও ৩৪ ধারায় গ্রাম পঞ্চায়েতগুলিকে ঢালাও ক্ষমতা দেওয়া হয়েছে। একেত অর্থাভাবের জন্য এর অধিকাংশ ক্ষমতাই নিরর্থক তারপর অঢেল ক্ষমতার অপব্যবহার করেও মন্ত্রী আশ্রিত গ্রাম্য-দেবতারা দিব্যি বহাল তবিয়তে থাকেন। এর জাজ্বল্যমান দৃষ্টান্ত দেখেছি ২৪-পরগণার জেলা বোর্ডের বেলায়। সেখানে জেলা বোর্ডের চেয়ারম্যান তাঁর ভগ্নীপতিকে ডিস্ট্রিক্ট হেলথ অফিসার করবার জন্য পূর্বতন হেলথ অফিসারকে চাকরীতে এক্সটেনশন দিলেন কেন না তাহলে ইতিমধ্যে তাঁর ভগ্নীপতি ডি, পি, এইচ, পাশ করবার সুযোগ পান। গভর্নমেন্ট এই এক্সটেনশন মঞ্জুর

করলেন না এবং তাঁদের দেয় টাকা বন্ধ করে দিলেন। কিন্তু এতে চেয়ারম্যানের কোন লোকসান হল না। ক্ষতি হল দরিদ্র করদাতাদের। গ্রাম্য দেবতারা কতদূর যেতে পারেন তার প্রমাণ এই চেয়ারম্যান বাহাদুরের কার্যকলাপ। তিনি পেটোয়া লোককে ৩১০ টাকার জমি মাত্র ২ টাকায় বন্দোবস্ত দিয়েছেন। এক আশ্রিত কর্মচারীর সার্ভিস বুকএ এজএর এন্টিতে বেআইনি-ভাবে ৮ বৎসর কমিয়ে দিয়েছেন। তিনি ও তার ভাইস চেয়ারম্যান কত যে অন্যায় করেছেন তার সীমা নেই কিন্তু কিছুতেই তাঁদের গায়ে আঁচ লাগে নি ; কেননা বিশিষ্ট মন্ত্রী তাঁদের রক্ষাকর্তা। ১৯৫৪ সালে নভেম্বর মাসে, প্রেসিডেন্সি বিভাগের কমিশনারের কাছে তাঁদের বিরুদ্ধে ৪৮ দফা অভিযোগ আনা হল। তখনকার লোকাল সেল্ফ গভর্নমেন্ট সেক্রেটারী ৩রা মার্চ ১৯৫৫ তারিখে এক ডি, ও, চিঠি দিয়ে এনকোয়ারী বন্ধ করলেন। অভিযোগকারীগণ ডাক্তার রায়ের নিকট আবেদন করলেন, ১৯৫৫ সালের ডিসেম্বর মাসে এনকোয়ারী হল, ঐ পর্যন্ত। সেই এনকোয়ারী রিপোর্টও ডাঃ রায়ের কাছে পৌঁছল না। চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান বহাল তবিয়তে ও খোস মেজাজে করদাতাদের টাকা উড়িয়ে চললেন, এক্সামিনার অফ লোকাল অ্যাকাউন্টসএর ইন্সপেকশন রিপোর্ট, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর তীব্র মন্তব্য সবই অগ্রাহ্য হল। শুধু তাই নয় তাদের অপকর্মের জন্য পুরস্কারও পেলেন, বর্তমান বোর্ডের কার্যকাল বৃদ্ধি হয়ে গেল। এই রকম মেদিনীপুরের জেলা বোর্ডেও ৮ বৎসরের বেশী চলছে। আইনে ৫ বৎসর অন্তর নির্বাচনের ব্যবস্থা থাকলেও এই দুই বোর্ডের ক্ষেত্রে তার ব্যতিক্রম করা হয়েছে কেন না সদস্যদের অধিকাংশই কংগ্রেসী এবং মন্ত্রীদের নিজেদের লোক।

বর্তমান বিলের ১৩ ধারায় এইরূপ উপযুক্ত ক্ষেত্রে অর্থাৎ স্থানীয় লোকের স্বার্থে গ্রাম্য পঞ্চায়েতের কার্যকাল বৃদ্ধি করায় ক্ষমতা প্রেসক্রাইবড অথরিটিকে দেওয়া হয়েছে। মন্ত্রিগণ এর কিরূপ সুযোগ গ্রহণ করবেন তা বোঝাই যাচ্ছে।

অথচ গত বিশ্বযুদ্ধের সময়ও আমেরিকার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন পেছিয়ে দেওয়া হয় নি। আর আমাদের ওয়েলফেয়ার ডেমোক্র্যাটিক স্টেটএর প্রভুরা একবার ক্ষমতায় প্রতিষ্ঠিত হতে পারলে, ক্ষমতা হাতে রাখার জন্য এমন দুর্নীতি নেই, এমন অগণতান্ত্রিক কাজ নেই যা না করতে পারেন ইলেকশন পেছিয়ে দিতে তাঁদের এতটুকু বাধে না।

তারপর গ্রাম পঞ্চায়েতগুলোকে অর্থ ও সংগতি না দিয়ে এরকম ব্যাপক দায়িত্ব দেওয়া যুক্তি-সম্মত হবে না। এই ট্যাক্সেশন এনকোয়ারী কমিটি তাঁদের রিপোর্টের ভলিয়ুম থ্রীএর ৩৫৩ পাতায় বলেছেন,

"Instead of the multitarious functions, which now figure in the enactments, a few well-chosen and clearly defined duties should be assigned to the *Panchayats* and they should be co-ordinated with similar functions assigned to district local boards or other rural boards."

এই সুযোগ না থাকায় বিলের ৩২ হতে ৩৭ ধারায় বিধিবদ্ধ দায়িত্বগুলি পালন করার ক্ষমতা গ্রাম পঞ্চায়েতের থাকবে না।

তারপর, এই বিলের একটি বিশেষ বিধান হল 'ন্যায় পঞ্চায়েত।' বিলের ২য় খণ্ডের একাদশ অধ্যায়টিতে কেবল এই 'ন্যায় পঞ্চায়েতের' কথাই আছে। এখানের সর্বাপেক্ষা উল্লেখযোগ্য বিধান এই যে, ১০১ ধারামতে কোনও আইন ব্যবসায়ী ন্যায় পঞ্চায়েতে উপস্থিত হতে পারবেন না। যেক্ষেত্রে আইন ব্যবসায়ী এবং অপরপক্ষে আইনে সম্পূর্ণ অনভিজ্ঞ ব্যক্তি হবেন সেক্ষেত্রে এইরূপ বিধানের পরিণাম কি হবে তা সহজেই অনুমেয়। অবশ্য আইন ব্যবসায়ী ১০০ ধারার অন্তর্গত ২য় উপধারার বিধান অনুযায়ী এজেন্টরূপে উপস্থিত হতে পারবেন কিনা তার সম্পর্কে কোন সুস্পষ্ট নির্দেশ নাই। এই অধ্যায়ের ৭৪ ধারার বিধান হচ্ছে যে, ন্যায় পঞ্চায়েতের রায়ের বিরুদ্ধে কোন আপীল নেই। এ এক বিস্ময়কর বিধান, বহুক্ষেত্রে এর অপব্যবহার হবার সম্ভাবনা আছে। গ্রাম্য রাজনীতি সাধারণতঃ নীচ দলাদলি ছাড়া আর কিছুই নয়। সেই রাজনীতি গ্রামে

গ্রামে পঞ্চায়েতের মধ্যে তো ওতপ্রোতভাবে থাকবেই, ন্যায় পঞ্চায়েতের মধ্যেও এর প্রবেশ ঘটবে ; অতএব ন্যায় পঞ্চায়েত ন্যায়াধীকরণ না হয়ে অনেক সময় উৎপীড়নের যন্ত্ররূপে ব্যবহৃত হবে। এইরূপ অবস্থায় ন্যায় পঞ্চায়েতের রায়ের বিরুদ্ধে আপীলের ব্যবস্থা না রাখা আমার মতে খুবই বিপজ্জনক। প্রস্তাবিত বিলের ১৪ ধারামতে

Civil Procedure Code, Criminal Procedure Code and Indian Evidence Act

এর স্থান ন্যায় পঞ্চায়েতে নেই বলে ঘোষণা করা হয়েছে। লজ ডিলে ম্যাভরেড করতে হবে বলে ন্যায়বিচারের মূলে কুঠারাঘাত করতে হবে এ যুক্তি বিচারসহ হয় না।

In the law courts not only justice should be done, but it should appear that this has been done

এই যে নীতি একে আনুষ্ঠানিকভাবে ত্যাগ করলে ফল ভাল হবে না। বিলের ৯৬ ধারায় জেলা-শাসক, মহকুমাশাসক ও জেলাজজকে যে ন্যায় পঞ্চায়েতের উপর হস্তক্ষেপের অধিকার দেওয়া হয়েছে তা মন্দের ভালো বলতে হবে। ন্যায় পঞ্চায়েতের ভাবী বিচারকগণের শিক্ষা চরিত্রবল, আদর্শের মান ইত্যাদির কথা মনে রাখতে হবে। দেখতে হবে বিচারের নামে অত্যাচার ও উৎপীড়নের আমদানী না হয়। মাত্রাজ্ঞান হারিয়ে কাজ করলে চলবে না।

তারপর কনস্টিটিউশনকে বজায় রাখতে সরকার এ বিলটি আনতে বাধ্য হচ্ছেন বটে, কিন্তু এ ব্যাপারে তাঁরা আদৌ সিরিয়াস নন। যা করছেন তা কেবল আগামী নির্বাচনের দিকে তাকিয়ে। তাঁরা ভোটারদের ধোঁকা দিতে চান। পঞ্চায়েত বিল আনার কেরামতি দেখাতে চান। এ না হলে কেন তাঁরা গ্রাম পঞ্চায়েতের স্কন্ধে বহু দায়িত্ব চাপাচ্ছেন অথচ সেই দায়িত্ব পালন করবার জন্য উপযুক্ত অর্থের ব্যবস্থা করছেন না। গ্রাম্য পুলিস শিক্ষা, স্বাস্থ্য, পথঘাট নির্মাণ ন্যায়বিচারের ভার, এক কথায় সিভিল, ক্রিমিন্যাল, পাবলিক ওয়ার্কস সবকিছু দায়িত্ব তাঁদের স্কন্ধে দেওয়া হচ্ছে, কিন্তু অর্থের কোন ব্যবস্থাই করা হয় নি। লোকাল ফাইন্যান্স এনকোয়ারী কমিটি (১৯৫১) সালে যে ন্যূনতম সুপারিশগুলি করেছেন তা পালন করার কোন লক্ষণই দেখা যাচ্ছে না। কমিটি তাঁদের রিপোর্টের ৭৩২ অনুচ্ছেদে বলেছেন

"salaries and allowances of *Panchayat* officers should be borne by the State Government, either generally or for a particular purpose"

এ ছাড়া পঞ্চায়েতগুলিকে তাদের স্ব স্ব এলাকায় আদায়ীকৃত ভূমি রাজস্বের শতকরা ১৫ ভাগ দেবার যে সুপারিশ লোকাল ফাইন্যান্স এনকোয়ারী কমিটি তাঁদের রিপোর্টের ৭৩০ সংখ্যক অনুচ্ছেদে করেছেন তাও দিতে হবে ; পঞ্চায়েত শাসনব্যবস্থার এগুলি ভিত্তিস্বরূপ। রুধিরের সংস্থান না করলে গ্রাম স্বায়ত্তশাসনকে সক্রিয় ও প্রাণবন্ত করা যাবে না। সরকার এ সবের কোন ব্যবস্থাই করেন নি, কেবল সাধু ইচ্ছা শুনিয়েছেন। তাই এই বিল কেবল স্ট্যাটিউট বুকএরই শোভা বর্ধন করবে। ইউনিয়ন কমিটি, ইউনিয়ন বোর্ড, জেলা বোর্ড প্রভৃতির যে গতি হয়েছে, গ্রাম পঞ্চায়েতগুলিরও সেই দুর্গতি হবে।

[10-30—10-40 a.m.]

**Sj. Jogesh Chandra Gupta:** Mr. Speaker, Sir, I would have expected that my friends on the Opposition benches will charge the Government for not enacting the *Panchayat* Bill earlier. *Panchayat* system has been provided in the Constitution, other States have gone ahead with it, but we are yet lagging behind. I would have expected them to tell the Government that neither the provisions of the Land Reforms Act nor the Five-Year Plan can be effectively tackled without entrusting responsibilities to the people and for that reason the establishment of village *panchayats* was absolutely necessary.

Sir, I was also surprised at the contradictory statements made by some speakers. Sj. Hemanta Kumar Basu very rightly pointed out that the British Government did not like to invest the people with power and responsibilities because according to them they were not ready to shoulder them, but I find that Sj. Benoy Krishna Chowdhury was pleading that people will have to be educated before these powers are transferred. I find that my friend Sj. Haripada Chatterjee waxed eloquent over the incapacity of people in charge of Local Self-Government here and there. Sir, it is necessary that we should trust and give responsibilities to the people without any delay. I know mistakes may be made, will be made but those will be corrected in time. Haripada Babu pointed out to you very rightly that prescribed authority occurs in so many sections. That again is justified by Haripada Babu's criticism about the failures of people in charge of Local Self-Government as also Sj. Benoy Krishna Chowdhury's apprehensions. It is necessary in the beginning to have such an authority who will be a friend, philosopher and guide to these people and who will have to interfere only when the people, due to their inexperience, due to their want of education, due to their want of sense of responsibility, fail to discharge all the duties transferred to them. If you look at Chapter V, Sir, you will be surprised at the items—responsible duties that have been proposed to be entrusted to them and for that purpose at least many village units require help.

A criticism has been made that well, you are providing for nomination of people and why should that be so. You know, Sir, that those people will be there to help as experts—the village units have not got the proper personnel amongst them—but they will have no power to vote. Therefore, Sir, if you look at it from the point of view of efficient discharge of duties, from the point of view of developing the village *panchayat* system steadily, then no objection would be found with regard to these provisions. After all, we shall have to work, we shall have to find out how these people work and then make further provisions.

Sir, it appears to me that my friends opposite are against the passing of this Bill immediately because they think that this Bill will help the Congress Party in the election. But, Sir, the reply has been provided by them. They have said that powers have been given but Government has not provided funds for them. If that is so, if the Government fails to provide the funds, they themselves will stand to benefit, they will get those people who have been given responsibility but no funds to go against the Government and vote for them. Therefore, even from the point of view of the election, the criticism of the Opposition that this Bill is designed with a view to the Congress Party getting an advantage in the election is demolished by their argument that this Bill fails to provide the necessary funds in order to enable them to discharge their responsibilities.

Sir, I will beseech the Opposition—let them pass this Bill as early as possible. Sir, we have made a record by passing the Howrah Improvement Bill of more than 100 sections in a day. So, Sir, this House can do the same thing in this case also.

Sir, I know there is one point on which they are naturally not at ease—that is, the provisions in the rules. We all know that the Self-Governing Act only provides the system according to which Self-Government will have to be put into action, but most of the things which they want to know—the area, the number and all other things—are provided for in the rules. I join with them in the demand which they make to the Minister of Local

Self-Government that at the time of framing the rules, they should have an opportunity to discuss those rules. Certainly those rules are very important.

Now, Sir, there is another objection which I also share with them. They want direct election everywhere—direct election to the *Anchal Panchayat* instead of indirect election. But let them consider, when some of them are doubting the capacity of these men to exercise their votes properly, to do their duties properly, whether it would not be possible to have a *via media* in the beginning so that the chances of absolutely swamping by any political party or by a particular section of the village by this sort of indirect election may be minimised by providing that there should be, say, not more than two members from one village area or other place. With regard to the rules I am suggesting these things. Let them have a discussion. Tomorrow is Sunday and the Bill will come again next week. If we decide that this Bill is necessary for the purpose of giving effect to the land reforms, how else can you think that the distribution of lands which may be available to the poorer and deserving people can be made without the agency of the people? However well-minded an officer may be, he cannot possibly know the difficulties, he cannot possibly know the desirability of proper distribution in a village so well as the men of the village would do.

[10-40—10-50 a.m.]

Therefore I want them to help us in the passing of the Village *Panchayat* Bill immediately.

Then again there is the provision for establishment of chain of co-operative societies—co-operative housing societies, co-operative marketing societies, etc. It is intended that each family member in the village should be a member of one or the other of the co-operative societies. This cannot be done by some people at the top. This must begin from the bottom. For this purpose also the Village *Panchayats* should be established with the responsibilities that have been given in Chapter V and the rules which will provide for many of the things about which criticisms have been made. I am sure the Hon'ble Minister will be glad to discuss with the members of the Opposition the rules and devise the proper rules. I know there is difficulty about funds. But, Sir, these things can be discussed later on. It is not a question of a day. Moreover, my friends in the Opposition hope to come in a majority and they may put right things if they find there are defects in the Act. But I appeal to my friends, considering the absolute necessity of the all-out efforts of the people in the implementation of the provisions of land reforms, in the implementation of the Second Five-Year Plan, not to delay the passing of the Bill. I know that in some areas the people are not competent and they ought to be educated. These are our responsibilities. Let us help the people to shoulder the responsibility. In this way we can remove corruption, etc., which is inherent in the present state of administration. Until you start these societies and educate the people you cannot improve the present state of things. Some of us think that these *panchayats* would give a handle to Sj. Jyoti Basu or the Communist Party. But I think the party who will do the right thing will get the support of the people—of the village *panchayats*. The argument that funds have not been provided but only the responsibility has been given—if that argument stands then my friends in the Opposition will only thank Sj. Jalan for helping them in the next election.

Therefore, before I resume my seat, I appeal to my friends to put together our heads, let us consider and try to make village *panchayats* an effective body. Let us try to remove any defects that there may be. Let us not, while considering the Bill, think that this Bill will give advantage to the Congress Party. I say if the Congress Party acts rightly they can put things right. If my friends in the Opposition say that there are mistakes, I hope Sj. Jalan would put them right.

**Mr. Speaker:** Now comes the second group of speakers. Sj. Ajit Basu, you will please keep to your time-limit.

**Sj. Ajit Kumar Basu:** Sir, I shall take some more time.

**Mr. Speaker:** The leaders have spoken at great length and if you want to speak for longer time there are bound to be repetitions.

**Sj. Ajit Kumar Basu:**

আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে—এই বিলে প্রচুর ত্রুটিবিচ্যুতি রয়েছে এবং সেইসব ত্রুটিবিচ্যুতি শুদ্ধ এ বিল গ্রহণ করা ঠিক হবে না। আমাদের দেশের মধ্যে কতকটা স্বায়ত্তশাসন প্রচলিত হয়েছে। ইংরেজ আমলে রেসট্রিক্টেড ফ্র্যানচাইজএর ভিত্তিতে গ্রামে কতকটা স্বায়ত্ত-শাসনের অধিকার দিয়ে কয়েকটি করে গ্রাম মিলিয়ে একটা করে ইউনিয়ন বোর্ড তৈরী করা হয়। সেই বোর্ডের হাতে সেখানকার স্বাস্থ্য রক্ষা, সেখানকার রাস্তাঘাট, জল নিকাশী ড্রেন, ফেরী প্রভৃতি মেরামত করা ও চালু রাখা, জলসরবরাহের কনসারভ্যান্সি ও রাস্তায় আলো প্রভৃতির ব্যবস্থা করা, গ্রাম্য পুলিশের উপর আংশিকভাবে কর্তৃত্ব করা ও গ্রামে শান্তি রাখার ব্যবস্থা করা। ছোট ছোট ফৌজদারী ও দেওয়ানী মোকদ্দমার বিচার করা ও দণ্ড দেওয়া প্রভৃতি বিষয়ে সীমাবদ্ধ ক্ষমতা দেওয়া হয়। এই বোর্ডগুলির সামগ্রিক প্রভাব গ্রাম্য জীবনের উপর পড়লেও, অনেক স্থলেই গ্রাম্যজনতা এই বোর্ডগুলির সম্বন্ধে বিরূপ মনোভাব পোষণ করে। এই বোর্ড-গুলির হাতে স্ট্যাটিউটরি ক্ষমতা থাকা সত্ত্বেও এবং গ্রামাঞ্চলে এদের বিশেষ প্রভাব প্রতিষ্ঠিত হলেও পঞ্চায়েতী প্রথা গ্রাম থেকে অবলুপ্ত হয় নি, বরং গ্রাম্য জীবনে অপরিহার্য হিসেবে টিকে আছে। আজ আবার সেইজন্য গ্রামের লোককে মিউনিসিপ্যাল কাজ ও সরকারী উন্নয়ন-মূলক কাজের প্রতি অধিকতর উৎসাহিত করার জন্য সরকার যে গ্রাম্য সংগঠন তৈরী করবার কথা তার নাম দিচ্ছেন গ্রাম পঞ্চায়েত।

এখন আমাদের কথা এই যে সরকারী গ্রাম্য স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির প্রতি লোকের যে বিরূপ মনোভাব ও উৎসাহহীনতা রয়েছে তা দূর করে গ্রামের লোকের মনে প্রকৃত উৎসাহ সৃষ্টি করতে হবে। লোকে যাতে ভাবতে পারে যে পঞ্চায়েত প্রতিষ্ঠান তাদের ঘাড়ের উপর থেকে জোর করে চাপানো জিনিষ নয়, এ হচ্ছে তাদের জীবন বিকাশের পথে প্রকৃত সহায়ক—এইটে যাতে তারা প্রথমাবধিই মনে করতে পারে গোড়াতেই তার ব্যবস্থা করতে হবে। এজন্য প্রয়োজন (১) পঞ্চায়েত প্রতিষ্ঠায় পূর্ণমাত্রায় গণতান্ত্রিক নির্বাচন প্রথার প্রবর্তন, (২) পঞ্চায়েতগুলিকে পরিপূর্ণ [illegible] অধীনে আনা (৩) জনকল্যাণের কাজগুলিকে প্রথম প্রায়োরিটি দেওয়া (৪) এবং উপযুক্ত সরকারী সাহায্যের ব্যবস্থা করা ও লোকের আর্থিক অবস্থার সহিত সঙ্গতি রেখে ট্যাক্স ধার্য করার নীতি গ্রহণ করা।

এখন যেসমস্ত ত্রুটিবিচ্যুতি এই বিলের মধ্যে রয়েছে তার মধ্যে প্রথম যে ত্রুটিবিচ্যুতি যার কথা অনেকেই বলে গেছেন—সেটা হচ্ছে এই যে প্রথমেই যা করা দরকার তা হচ্ছে নির্বাচনের ব্যবস্থা করা। নির্বাচন ব্যবস্থার সম্বন্ধে অঞ্চল পঞ্চায়েতের প্রথমে বলতে হবে। আজ দেখা যাচ্ছে যে ভোটদানের বেলায় অনেক লোক ঠিকমতন ভোট দিতে পারে না, তারা যাতে গোপনে ভোট দিতে পারে এবং নিজের মনমতন প্রতিনিধি প্রেরণ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। গোড়াতে আর যা এক্সপেরিমেন্ট আপনারা করুন না কেন, এবিষয়ে লোককে প্রাপ্তবয়স্কের অবাধ গণতান্ত্রিক ভোটাধিকার দিতে হবে। অঞ্চল পঞ্চায়েত দ্বারা লোকের মনে যে উৎসাহ সঞ্চার করার কথা হয়েছে, সে উৎসাহ সৃষ্টি করা যাবে না, আমার এতে কর্তৃত্ব আছে, আমি এটা তৈরী করেছি এই ভাব যদি লোকের মনে না আসে।

[10-50—11 a.m.]

দ্বিতীয়তঃ সাধারণ মানুষের ভূমিকা যা এই বিলে রয়েছে তা খুব অকিঞ্চিৎকর। গ্রামের সাধারণ মানুষ বছরে একবার মিলে গ্রাম পঞ্চায়েতের কি হবে না হবে তা তাঁরা ঠিক করে দিয়ে চলে গেলেন, কিন্তু সেইটুকুন ঠিক করে দেবার পর তাদের আর কোন ভূমিকাই নাই। হয়ত ষাণ্মাসিক সাধারণ সভায় তাঁরা বসে একটু আধটু প্রশ্ন করতে পারবেন, কি হয়েছে না হয়েছে তার একটু তদারক করতে পারবেন, কিন্তু দৈনন্দিন কাজে সাধারণ মানুষের যে একটা ভূমিকা থাকা দরকার তারজন্যে এ সাধারণ সভা যে আরও বেশী হওয়া দরকার অন্ততঃপক্ষে প্রত্যেক তিন মাসে এক একবার করে হওয়া দরকার, সেজন্য মন্ত্রীমহাশয়কে এটা একবার ভেবে দেখতে বলি।

দ্বিতীয় আর একটা কথা তাঁকে আমি মনে করিয়ে দেব। আজকে ইউনিয়ন বোর্ডএর আইনেও এই জিনিষটা আছে যে ইউনিয়ন বোর্ডএর খাতাপত্র, হিসাবনিকাশ গ্রামের যেকোন লোক প্রয়োজন মনে করলে ইউনিয়ন বোর্ড অফিসে গিয়ে দেখতে পারেন। কিন্তু আপনারা এই বিলে গ্রামের সাধারণ মানুষকে গ্রাম পঞ্চায়েতের হিসাবপত্র পরীক্ষা করা বা তার কি কাজ হচ্ছে না হচ্ছে তার তদারক করার কোন অধিকার দেন নি। সাধারণ মানুষ শুধু একটা ষাণ্মাসিক সভায় কি হচ্ছে না হচ্ছে প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবে, কিন্তু তার খাতাপত্র পরীক্ষা করতে পারবে না। কাজেই আপনারা গণতন্ত্রের আরও সম্প্রসারণ করুন এবং সাধারণ মানুষ যাতে সক্রিয়ভাবে এতে ভূমিকা নিতে পারে তার ব্যবস্থাও করুন—তাহলেই সাধারণ মানুষের মাঝখানে যে উদ্দেশ্য নিয়ে আপনারা এই জিনিষটা করতে যাচ্ছেন সেটা সফল হবে।

এর পরের কথা যেটা আছে সেটা হচ্ছে ট্যাক্সেশন পলিসি সম্বন্ধে অর্থাৎ জনসাধারণের আর্থিক অবস্থার সঙ্গে সংগতি রেখে ট্যাক্সটা ধার্য করা দরকার। এই জিনিষটা জনসাধারণও বলছে এবং আপনারাও নিশ্চিত যে এই নিয়মটাকে অসঙ্গত নিয়ম বলে মনে করবেন না। কারণ আজকে গ্রাম স্বায়ত্তশাসন ব্যাপারে ট্যাক্সেশনএর যে প্রথা আছে তা হচ্ছে এই যে কোন অকুপায়ার বা ওনার অফ দি হাউজ তাঁর সাংসারিক অবস্থা অনুযায়ী একটা নিয়মবদ্ধ রেটএ ট্যাক্স দেবেন, কিন্তু আপনারা এখন যেটা রাখছেন তাতে বিচার থাকুক আর নাই থাকুক কোন একটা অঞ্চল পঞ্চায়েতে যদি তার জমি থাকে তাহলে তাকে ট্যাক্স দিতে হবে এবং তার ফ্যামিলী সার্কামস্ট্যানসেস যা ধরেছেন সেই অনুযায়ী তাঁকে ট্যাক্স দিতে হবে। এ ছাড়াও তার ভ্যালু অফ দি প্রপার্টি অর্থাৎ জমি, বাড়ী, বাগান, পুকুর ইত্যাদির যা দাম হবে তার উপর ট্যাক্স ধার্য করবেন। অর্থাৎ একবার মিউনিসিপ্যাল কায়দায় এবং আর একবার ভ্যালু অফ দি প্রপার্টি বলে আলাদা ট্যাক্স আদায় করবার ব্যবস্থা করে দিয়েছেন। আজকের দিনে গ্রাম্য স্বায়ত্তশাসন আইনে কথা আছে যে তার সাংসারিক অবস্থা অনুযায়ী ট্যাক্স ধার্য করতে পারবেন। অতএব এই দুটো জিনিষকে পাশাপাশি রাখার ফলে এ জিনিষটা এই হয়ে যাবে যে আজকে গ্রাম্য স্বায়ত্তশাসন আইনে যে ট্যাক্স আছে তাত থাকবেই বরং আবার মিউনিসিপ্যাল এলাকার কায়দায় ভ্যালু অফ দি প্রপার্টির উপর যদি ট্যাক্স ধার্য করা হয় তাহলে এটা আমরা সুস্পষ্টভাবে বুঝতে পারি যে আজ গ্রাম্য স্বায়ত্তশাসন আইনে যে ট্যাক্স আছে সেটার চেয়ে ট্যাক্সটা অন্ততঃপক্ষে আরও ৪-৫ গুণ বেড়ে যাবে। কাজেই এই ডুয়েল ট্যাক্সেশন পলিসির ব্যবস্থাকে বাদ দিতে হবে এবং আমি মনে করি যে আজকে ইউনিয়ন বোর্ডএ যে আইনটি চালু আছে সেটাকে আপনারা রেখে দিয়ে এর বেশী আর কিছু করতে যাবেন না। ট্যাক্সেশন ব্যাপারে আর একটি কথা হচ্ছে যে আপনারা একে ত সাংসারিক অবস্থার উপর ট্যাক্স বসাচ্ছেন, ভ্যালু অফ দি প্রপার্টির উপর ট্যাক্স বসাচ্ছেন, তার উপর আবার বৃত্তি, ব্যবসা, কলিংস প্রোফেসেন্স ইত্যাদির উপরও ট্যাক্স বসাচ্ছেন—কিন্তু এটা কি করে সম্ভব হয়? কারণ মানুষের সাংসারিক অবস্থা তার প্রপার্টি, বৃত্তি প্রফেসন্স কলিংস ইত্যাদিকে বাদ দিয়ে হয় না। তাহলে দেখা যাচ্ছে যে আপনারা এই যে সাংসারিক অবস্থার উপর প্রপার্টির উপর, বৃত্তি বা কলিংএর উপর যে ট্যাক্স বসাচ্ছেন তাতে আপনাদের এই দ্বিমুখী ট্যাক্সেশন নীতিটা মোটামুটিভাবে গ্রাম্য জীবনকে বিড়ম্বিত করবে এবং আপনার বিলের উদ্দেশ্যকে ব্যর্থ করে তুলবে। এ ছাড়াও আরও ক্ষুদ্র ক্ষুদ্র অনেক জিনিষ আছে যার

উপর ইচ্ছা করলে অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স ধার্য করতে পারবে, যেমন সাইকেল, গরুর গাড়ী ইত্যাদি। কিন্তু আমার মনে হয় যে এই যেসমস্ত জিনিষ করছেন তাতে শেষ পর্যন্ত এই বিলটা যে, শ্যালএ গিয়ে পরিণত হবে। কারণ আমরা দেখি যে আজকের দিনে এস. ডি. ও. সারকেল অফিসাররা এইরকমভাবে "মে"গুলোকে ইউনিয়ন বোর্ডকে দিয়ে "শ্যাল" করান। কাজেই লোকাল ভেইকলসএর উপর ট্যাক্স বসিয়ে যে বললেই আপনি ইচ্ছা করলে সেখানে ট্যাক্স ধার্য করতে পারেন, আবার নাও করতে পারেন। কিন্তু প্রেসক্রাইবড অথরিটি অঞ্চল পঞ্চায়তের উপর এইগুলোকে শ্যালএ পরিণত করাবেন। অতএব এই রকমের ট্যাক্স বসিয়ে গ্রামজীবনকে আর বিড়ম্বিত করবেন না, আর যদি করেন তাহলে আপনার এই বিলের কোন সার্থকতাই থাকবে না। সেজন্য এই ক্ষেত্রে যে কথাটা আমি বলতে চাই সেটা হচ্ছে যে আজকে যে ট্যাক্স ধার্য আছে সেটাই ধার্য থাকুক এবং সেটাকে আপনি একটা উচ্চসীমা হিসাবেই না হয় ধার্য করুন।

এরপরে যে কথা আসে সেটা হচ্ছে কন্ট্রোলএর ব্যবস্থা। কন্ট্রোল সম্বন্ধে আমি এর আগেই বলেছি যে এটার সম্বন্ধে আপনারা যে দিক থেকে ভাবছেন সেখানে আমরা অন্য দিক থেকে ভাবছি। আপনারা ভেবেছেন যে এটাকে একটা এক্সপেরিমেন্ট করছেন এবং গোড়ার দিকে কি হবে না হবে তা ঠিক বলতে পারছেন না বলেই সরকারী কর্মচারীদের হাতে কন্ট্রোলএর ক্ষমতা বেশী করে থাকুক। সেজন্যেই বোধ হয় প্রেসক্রাইবড অথরিটিকে মোটামুটিভাবে অল ইন অল করছেন। প্রথমে নির্বাচন হবে না এবং প্রয়োজন মনে করলে প্রেসক্রাইবড অথরিটি পঞ্চায়েত বোর্ড, অঞ্চল পঞ্চায়েত ইত্যাদি সমস্ত বোর্ডেই মনোনয়ন করবেন। এটা কিরকম পঞ্চায়েত প্রথা যে হলো তা জানি না। কারণ গ্রামে পঞ্চায়েত প্রথা নতুন নয় গ্রামের মানুষ নিজেরাই নিজেদের পঞ্চায়েতের মধ্যে দিয়ে গ্রামের সমস্ত কাজকর্ম চালাচ্ছেন, এমন কি অনেক গুরুতর আইন আদালত সংক্রান্ত ব্যাপারেও তাঁরা এই পঞ্চায়েতের দ্বারাই চালাচ্ছেন। যেখানে ইউনিয়ন বোর্ডও গ্রামে রয়েছে, সেখানে কোন জিনিষই গ্রামের মানুষের কাছে নতুন নয় এবং এই সম্বন্ধে তাদের অভিজ্ঞতাও আছে। কাজেই কোথাও যদি গভর্নমেন্ট মনে করেন যে আজও সেখানে এই পঞ্চায়েত বিল অনুযায়ী নির্বাচিত পঞ্চায়েত বোর্ড বা অঞ্চল পঞ্চায়েত তৈরী করার মতন উপযুক্ত সময় হয় নি, তাহলে আমি বলব যে অন্ততঃপক্ষে আজকে ইউনিয়ন বোর্ডের মতন যেটুকুন সীমাবদ্ধ গণতান্ত্রিক প্রতিষ্ঠান রয়েছে সেগুলোকে কাজ করতে দিন। অর্থাৎ যেখানে পঞ্চায়েত বোর্ড তৈরী করার মতন অবস্থা হয় নি বলে মনে করছেন সেখানে ইউনিয়ন বোর্ডগুলিই কাজ করবে এবং কোন ক্রমেই সেখানে মনোনীত পঞ্চায়েত বোর্ড বা অঞ্চল পঞ্চায়েত বোর্ড বা ন্যায় পঞ্চায়েত হবে না। আর যে প্রেসক্রাইবড অথরিটির হাতে কন্ট্রোলের প্রায় সমস্ত কিছুই রয়েছে তাকে গোড়া থেকে রিল্যাক্স করুন।

[At this stage the blue light was lit.]

I want ten minutes more.

**Mr. Speaker:** That is an unusual request Besides, you are repeating what your leader has said.

**Sj. Ajit Kumar Basu:**

আমি একটুও রিপিট করি নি। প্রেসক্রাইবড অথরিটির হাতে যে ক্ষমতা রেখেছেন তাতে তিনি ইচ্ছা করলে গ্রাম পঞ্চায়েতের যেকোন প্রস্তাব বা যেকোন অর্ডার তা যদি কোন লোক বা জনসাধারণ মনে করে যে তাদের পক্ষে ক্ষতিকর হচ্ছে, তাহলে প্রেসক্রাইবড অথরিটি পঞ্চায়েতের যেকোন রেজোলিউসান বা যেকোন অর্ডারকে নাকচ করে দিতে পারবেন—এইরকম ক্ষমতা প্রেসক্রাইবড অথরিটিকে দেওয়া আপনাদের অনুচিত হবে।

দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে যে, যখনই কোন ভ্যাকুয়েল ভেক্যান্সি পঞ্চায়েত বোর্ডে বা অঞ্চল বোর্ডে হবে তখনই কোন ইলেকশন না করে প্রেসক্রাইবড অথরিটি নমিনেশন করে দিতে পারবেন। কিন্তু এই সমস্ত ক্ষমতা রাখলে এই বিলের মধ্যে অনেকাংশে ত্রুটি থেকে যায়। এখানে আপনারা আরও একটা কথা রেখেছেন যে যেখানে বোর্ড ভালভাবে কাজ করতে পারবে না

সেখানে বোর্ডকে সুপারসেসন করবার ক্ষমতাও প্রেসক্রাইবড অথরিটির হাতে রেখেছেন অর্থাৎ প্রেসক্রাইবড অথরিটির মারফত গভর্নমেন্টের হাতে রেখেছেন। কিন্তু এটাকে আমরা খুব সঙ্গত হবে বলে মনে করি না, পরন্তু আমরা এই কথাটা মনে করি যে আজকের দিনে যে নিয়মটা আছে তাতেই আছে যে যদি কোন ইউনিয়ন বোর্ড ভাল কাজ করছে না বলে মনে করা যায় তাহলে একমাত্র ডিস্ট্রিক্ট বোর্ড, যে ডিস্ট্রিক্ট বোর্ডই হচ্ছে জনসাধারণের নির্বাচিত প্রতিষ্ঠান, সেই ইউনিয়ন বোর্ডকে সুপারসিড করতে পারে। কিন্তু আপনারা এখানে প্রেসক্রাইবড অথরিটিকে সুপারসিড করার যে ক্ষমতা দিচ্ছেন তাতে মোটামুটি এর ভেতর দিয়েই গ্রাম অঞ্চলের পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলির গণতন্ত্রের সমাধি হতে চলেছে। এই কথাগুলো বেশ ভালভাবেই বোঝা যায়।

**Mr. Speaker:** On that point Sj. Haripada Chatterjee and Sj. Benoy Krishna Choudhury have spoken. That is a repetition. They have spoken on the prescribed authority.

[11—11-10 a.m.]

**Sj. Ajit Kumar Basu:**

স্যার, আপনি মিলিয়ে দেখতে পারেন। কাজেই প্রেসক্রাইবড অথরিটির হাতে এই ডিভাইন ক্ষমতা না রেখে মোটামুটিভাবে আজকে যে বহু স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানে যেসব ত্রুটিবিচ্যুতি আছে সেগুলি দূর করুন। এবং এই ত্রুটিবিচ্যুতি থাকার কারণ হচ্ছে যে সেখানে রেস্ট্রিক্টেড ফ্রাঞ্চাইজ আছে। অতএব জনসাধারণকে আরও বেশী ক্ষমতা দিয়ে সেখানে গণতান্ত্রিক পদ্ধতি নিয়ে আসুন, তাহলেই এইগুলি ত্রুটিমুক্ত হবে। সেজন্য গোড়ার দিক দিয়ে পরিপূর্ণভাবে ত্রুটিমুক্ত হলেই সেগুলোও আস্তে আস্তে ত্রুটিমুক্ত অবস্থার দিকে যাবে বলে আমি মনে করি।

শেষ কথা, আমি বলতে চাচ্ছি যে মাননীয় জে, সি, গুপ্ত মহাশয় যে কথাগুলি বললেন সেগুলি অত্যন্ত ক্ষতিকর বলে আমি মনে করছি। কারণ গ্রামে অনেক বিরোধ আছে বলেই যে গ্রামের লোকের হাতে কখনও কি কর্তৃত্ব আসবে না বা আমরা এই কথাই কখনও বলি না যে সরকারের কতকগুলি লোক তদারক করুক, তারা সব জিনিষে নাক গলাক এবং তারা যা করবে তাই হোক। অর্থাৎ একথা আমরা কখনও বলি না যে আমরা জনসাধারণের চেয়ে সরকারী কর্মচারীদের বেশী বিশ্বাস করি। অতএব জনসাধারণের মাঝখানে কন্ট্রাডিকশন রয়েছে বলেই বর্তমানে সরকারী কর্মচারীদের সুপারভিসনটা বেশী থাকাই দরকার বলে তাঁরা এটাকে বোঝাতে চেয়েছেন। কিন্তু আমরা মনে করি যে সরকারী কর্মচারীরা পদে পদে ভুল করেন, অন্যায় করেন, সেজন্য এই অন্যায়কে যদি দূর করতে হয় তাহলে গ্রামাঞ্চলে প্রোপোরশন্যাল রিপ্রেজেনটেশনএর ব্যবস্থা করুন এবং এই ব্যবস্থা আপনি পঞ্চায়েত ইলেকশনএর মাঝখানেও রাখেন নি। কিন্তু আপনি কি ব্যবস্থা রেখেছেন না সকল লোক একটা জায়গায় এসে হাত তুলে একসঙ্গে সব মেম্বার ইলেক্ট করে দিল—অথচ এর ভেতর দিয়ে জনসাধারণের একাংশ নিশ্চয় বাদ পড়ে যাবে। এই ত্রুটিটা দেখাতে গিয়ে বিনয়বাবু বিশেষ কিছু খারাপ কথা বলেন নি। কিন্তু যে কথা উনি বলেন নি সেটা হচ্ছে যে এই নির্বাচনের পেছনে যদি প্রপোরশন্যাল রিপ্রেজেন্টেশন-এর ব্যবস্থা করেন তাহলে জনসাধারণের প্রতিটি অংশ সেখানে প্রতিনিধি পাঠাতে পারবেন, প্রতিনিধি পাঠিয়ে নিজেদের মতামত জানিয়ে দিতে পারবেন এবং মতামত দিয়ে কোন কাজকে সহযোগিতা ও সমর্থনও করতে পারবেন। সুতরাং এর দ্বারাই একে ত্রুটিমুক্ত করা যাবে। তা না হলে একদল সরকারী কর্মচারী উপর থেকে পাঠিয়ে দিয়ে পঞ্চায়েতের কাজে বা ভূমিসংস্কারের কাজে তাদের মধ্যে কোন উৎসাহ সৃষ্টি করা যাবে না। বরং [illegible] সেটা একটা গভর্নমেন্ট মেসিনারী হবে এবং সেটাকে লোকে নিজেদের প্রতিষ্ঠান বলেও মনে করবে না। এরপর ন্যায় পঞ্চায়েতের সম্বন্ধে অনেক অনেক জিনিষ বলবার রয়েছে। সেখানে প্রথম কথা হচ্ছে ইন্ডাইরেক্ট ইলেকশন। আজকের দিনে যেসমস্ত ইউনিয়ন বেঞ্চ কোর্ট আছে সেই ইউনিয়ন বেঞ্চ কোর্টগুলি নির্বাচিত প্রতিনিধিদের হাতে আছে। অথচ আপনি ন্যায় পঞ্চায়েতগুলিকে পরোক্ষ মনোনয়নের ভিতর দিয়ে করছেন। কিন্তু এগুলির হাতে প্রচুর ক্ষমতা থাকছে। একদল লোক যারা জনসাধারণ

থেকে বহু দূরে থাকে বা জনসাধারণের প্রতি প্রত্যক্ষভাবে দায়িত্বশীল নন, তাঁরাই আজ জনসাধারণের জীবনকে নিয়ন্ত্রিত করছেন এবং বিড়ম্বিতও করছেন। কাজেই আমি মনে করি যে জনসাধারণের ভোটে নির্বাচিত ন্যায় পঞ্চায়েত হওয়া প্রয়োজন। এই ব্যাপারে দ্বিতীয় কথা যেটা সেটা হচ্ছে যে সেখানে তাদের রাইট অফ আপিল থাকা দরকার। কারণ রাইট অফ আপিল না থাকলে যদি কোন একটা বিচার মনোমত না হয় তার বিরুদ্ধে কিছু করবার উপায় থাকে না। অতএব অন্য কোথাও আপিল করার ব্যাপারে গণতান্ত্রিক দেশের লোকের যে অধিকার আছে সেই রাইট অফ আপিল অধিকারটা থাকা দরকার। আপনি রাইট অফ রিভিসন দিয়েছেন, কিন্তু সেই রাইট অফ রিভিসন ও রাইট অফ আপিল এক জিনিষ নয়। কাজেই রাইট অফ আপিলএর ব্যবস্থা আপনি করুন। এই প্রসঙ্গে আমি আর একটু বলতে চাই যে বোর্ডগুলিকে যদি কার্যকরী করতে হয়, যেটা আজকে মোটেই কার্যকরী নয়, যেখানে বেশী পয়সা খরচ করে লোকেরা ম্যাজিস্ট্রেটএর কোর্টএ যায় বা নিজেরা গ্রাম্যপঞ্চায়েতের মধ্যে দিয়ে মীমাংসা করে নেয়, তাহলে এই বোর্ডগুলিকে কার্যকরী করার দিক থেকে বিনয়বাবু যে পদ্ধতির কথা বলেছেন যে, অর্থাৎ যাতে ওরা খুব বেশী পরিমাণে আপোষে মীমাংসা করে নেয়, সেটাই চালু করা দরকার। তাঁরা বিচার করবেন, বিচারের সমস্ত ব্যবস্থা করবেন এবং সাক্ষীসাবুদ লিপিবদ্ধ করে সাজা দিবেন, অর্থাৎ এর ভেতর দিয়ে সাধারণ কোর্টের চালু ব্যবস্থা এখানে এসে পড়বে। অতএব সাধারণ কোর্টের চালু ব্যবস্থা যদি এখানে থাকে এবং এর হাতে আপনি যদি কনকারেন্ট পাওয়ার না দিয়ে য়্যাবসোলিউট পাওয়ার দেন তাহলে লোকে বেঞ্চ কোর্টগুলির কাছে যাবে না। এইজন্যে কনকারেন্ট পাওয়ার ছেড়ে দিয়ে য়্যাবসোলিউট পাওয়ার করলে লোকের উপর খুব বেশী ভরসা আসবে বলে মনে হয় না। কাজেই আমি বলছি যে আপনি বোর্ডগুলির হাতে য়্যাবসোলিউট পাওয়ার না দিয়ে কনকারেন্ট পাওয়ার দিন।

**Sj. Rakhahari Chatterjee:**

মাননীয় স্পীকার মহাশয়, কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য শ্রী জে. সি. গুপ্ত মহাশয় বিলের পঞ্চমুখী প্রশংসাও করেছেন এবং অতি ত্বরান্বিত বিনা বাধায় এটা যাতে পাশ করাতে পারা যায় এজন্যে আমাদের প্রতি আবেদনও জানিয়েছেন। আমাদের পক্ষ থেকে এই বিল পাশ করবার সম্বন্ধে কারুর কোন আপত্তি নেই, কিন্তু মাত্র কয়েকটি বিধান সম্বন্ধে আপত্তি উঠেছে বলে এই আবেদন না করলেও তিনি পারতেন। তা ছাড়া ভিলেজ পঞ্চায়েতে যেসমস্ত প্রভিসান করা হয়েছে তা যে একটা খুব নতুন বিরাট জিনিষ তাও নয়, বরং ভিলেজ সেল্ফ-গভর্নমেন্ট য়্যাক্টএ যেসমস্ত প্রভিসান ছিল সেগুলোকেই কিছু কিছু পরিবর্তন এবং পরিবর্ধন করে নতুন নামে মাত্র এটা আমাদের সামনে এসেছে বলে এতে আনন্দিত হবার কিছুই নেই। অতীতকালে ভিলেজ সেল্ফ-গভর্নমেন্টএর কাজ ইউনিয়ন বোর্ডএর মারফতে যে কারণে সুষ্ঠুভাবে পরিচালিত হয় নি তার প্রধান কারণ হচ্ছে অর্থাভাব। এই সম্বন্ধে অনেক সদস্যই বলেছেন এবং সেই সমস্যা আজও, আরও ব্যাপকভাবেই রয়েছে। অতএব তার প্রতিকার যদি গভর্নমেন্ট পক্ষ থেকে সুষ্ঠুভাবে না করা হয় তাহলে আইনটা মাত্র কাগজেকলমেই থাকবে, আসলে কিছুই হবে না।

যাই হোক, আমি অন্য বিষয়ে কিছু বলতে চাই না কিন্তু যে বিষয়ে আমি আমার নোট অফ ডিসেন্ট দিয়েছিলাম সেটা সম্বন্ধেই আমার মত বক্তব্য আমি আপনার মাধ্যমে বিবেচনার জন্য মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে রাখতে চাই। একটা গণতান্ত্রিক দেশে বিচার জিনিসটা হচ্ছে সবচেয়ে বড় জিনিষ। অপরাধ যতই লঘু হোক না কেন তার বিচার পদ্ধতিকে যদি লঘুভাবে দেখা যায় তাহলে দেশের পক্ষে সেটা ক্ষতিকর বলে আমি মনে করি। ভিলেজ সেল্ফ-গভর্নমেন্ট য়্যাক্টএ যা প্রভিসন ছিল তাতে মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের কথার উত্তরে বলতে পারেন যে, যেসমস্ত প্রভিসনগুলি, অর্থাৎ যেসমস্ত অপরাধের বিচার করবার অধিকার ইউনিয়ন কোর্ট বা বেঞ্চকে দেওয়া হয়েছিল, প্রায় সেগুলি যখন রেখেছি তখন এতে আপত্তি করবার কি কারণ থাকতে পারে। কিন্তু তাতে বিধান ছিল কনকারেন্ট জুরিসডিকশন, অর্থাৎ আদালত ইচ্ছা করলে করতে পারত এবং যে জায়গায় কোর্ট বেঞ্চ কন্সটিটিউটেড হত সেখানেও সেগুলো করতে পারত। কিন্তু এবার যে বিধান করা হয়েছে তাতে এক্সক্লুসিভ জুরিসডিকশন ন্যায় পঞ্চায়েতের উপর অর্পিত হচ্ছে। এর ফল যে কি হবে তা অন্ততঃ অতীত অভিজ্ঞতা থেকেও

আমাদের কিছু কিছু জ্ঞান আছে এবং মন্ত্রীমহাশয়ও কিছু অবহিত আছেন বলে আমি মনে করি। কিছুদিন পূর্বেও আমাদের দেশে ডেট সেটেলমেন্ট বোর্ড হয়েছিল এবং যে অঞ্চলে ইউনিয়ন কোর্ট বেঞ্চ আজও প্রচলিত আছে যেখানে বিচার যে কি প্রকারের হয় সে সম্বন্ধে নিশ্চয় কিছু জানা দরকার। অনেকে বলতে পারেন যে সেখানে সত্বর বিচার হয়ে যায় এবং খরচের কোন প্রশ্নই আসে না। কিন্তু আমি অনুরোধ করব যে যেসব অঞ্চলে কোর্ট বেঞ্চ আছে সেখানে যে সত্বর বিচার হয় না তা অনুসন্ধান করতে। কারণ তিন বৎসর হয়ে গেছে আজও সেইসব মামলার কোনরকম নিষ্পত্তি হয় নি, বিচার হয় নি—প্র্যাকটিক্যালি ডিনায়েল অফ জাসটিস চলছে। তা ছাড়া গ্রামের দলাদলিতে যে পরিমাণ শিক্ষা প্রসারের দরকার তা আজও হয় নি। আইন জিনিষটা এমনি যে যারা আইন জানে না তাদের উপর হঠাৎ যদি একটা বিচারের ভার দেওয়া যায় তাহলে বিচার বিভ্রাট হওয়াটাই খুব স্বাভাবিক। ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি যে প্রথম যারা ডেপুটি ম্যাজিস্ট্রেট কর্মাপট করে বসছেন তাঁদের মধ্যেও আইনের জ্ঞান পরিপূর্ণ হয় নি এবং বহুদিন ধরে চেষ্টা করবার পর ও ট্রেনিং পিরিয়ড ইত্যাদি উত্তীর্ণ হবার পরেও বৃদ্ধ বয়সে ঊর্ধ্ব আদালতে তাঁদের বুদ্ধি যে পরিপক্ক হয় নি তা প্রমাণিত হয় এবং বহু জাজমেন্ট রদ হয়ে যাচ্ছে। অতএব শুধু বললেই হবে না ৩৫১, ৩৫২ ইত্যাদি মাত্র কয়েকটা ধারা দিচ্ছি বলে এতে আর কি যায় আসে, কিন্তু প্র্যাকটিক্যালী ৫০ টাকা পর্যন্ত ফাইন করবার অধিকার এবং থার্ড ক্লাস ম্যাজিস্ট্রেটএর যেসমস্ত পাওয়ার তাকে দেওয়া হয়েছে তাতে কোন অপশন থাকবে না। তা ছাড়া য়্যাপিলএর প্রভিসনও রাখা হয় নি। ইউনিয়ন কোর্ট বেঞ্চ সম্বন্ধে বলতে পারেন যে ভিলেজ সেল্ফ-গভর্নমেন্ট য়্যাক্টএ বিধান ছিল যে সেখানে কোন য়্যাগ্রিভড পার্টি ইচ্ছা করলে এস, ডি, ওএর কোর্টে মুভ করতে পারবার জন্য একটা রিভিসনাল প্রভিসন ছিল, কিন্তু আমি আগেই বলেছি যে ভিলেজ সেল্ফ-গভর্নমেন্ট য়্যাক্টএ যা প্রভিসন ছিল তা এক্সক্লুসিভ জুরিসডিভশন ছিল না, বরং কনকারেন্ট ছিল। অর্থাৎ যেখানে য়্যাবসোলিউটলী এক্সক্লুসিভ করা হচ্ছে সেখানে সেই কারণেই আপিলএর প্রভিসন থাকা উচিত। মানুষ ভুল করতে পারে, হাই কোর্টেরও ভুল হচ্ছে বলে দেখতে পারছেন, সুপ্রীম কোর্টএ তার সংশোধন হয়ে যাচ্ছে। অতএব পাঁচজন মিলে বিচার করলেই যে ভুল হবে না তা মনে করবার কোন কারণ নেই। পঞ্চাশ টাকা ফাইনটা খুব কম নয়, য়্যামাউন্ট অফ ফাইনটা খুব বড় কথা নয়।

[11-10 11-20 a.m.]

যেখানে জমি জায়গার ব্যাপার নিয়ে মকদ্দমা হতে পারে ৪৪৭ ধারায় যে বিধান রয়েছে তাতে জমি জায়গা সংশ্লিষ্ট থাকলে, সেখানে রাইট য়্যান্ড টাইটেলএর ব্যাপারে প্রশ্ন থাকবে, সেখানে ডোকিউমেন্টএর কথা ইত্যাদি থাকবে। অতএব এইসমস্ত ব্যাপারে যদি তাদের হাতেই একমাত্র বিচারের ভার থাকে এবং তার য়্যাপিলএর যদি কিছু প্রভিসন না হয় তাহলে আমার মনে হয় যে বিচারের দিক দিয়ে এটাতে খুব ভাল হবে না ও জনসাধারণের মধ্যেও বিচারের প্রতি আস্থা থাকবে না। সেই কারণে আমি বলছি যে এখনও সময় রয়েছে যে এই জিনিষটাকে

concurrent jurisdiction at least for some period

করুন। কারণ সবই যখন এক্সপেরিমেন্ট ব্যাপার হিসাবেই করছেন তখন এটাকে করুন। এ ছাড়া ভিলেজ পঞ্চায়েতের আসল উদ্দেশ্য যেখানে হচ্ছে বিকেন্দ্রীকরণ সেখানে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্য দিয়ে যেসমস্ত উন্নয়নমূলক পরিকল্পনা বিভিন্ন গ্রামে হবে তাতে তাঁরা যাতে যোগ দিয়ে গ্রামকে পরিষ্কার পরিচ্ছন্ন করে রাখা, পানীয় জলের সরবরাহ ব্যবস্থা, স্যানিটেশন ব্যবস্থা করা উচিত এবং এগুলির উপরে সবচেয়ে বেশী জোর দেওয়া উচিত। কিন্তু তা না করে যদি একটা মাল্টিফেরিয়াস ডিউটিজ তাদের উপরে চাপিয়ে দেন তাহলে কোন কাজটাই ভালভাবে হবে না এবং অদূর ভবিষ্যতে দেখতে পাবেন যে যেমন কোরে ইউনিয়ন বেঞ্চ ও ইউনিয়ন বোর্ড ব্যর্থ হয়ে গেছে তেমনি করে এর পরিণতিও তাই হবে। তবে আমি একথা বলছি না যে চিরকালই এক অবস্থা থাকবে কিন্তু মানুষকে এজন্যে তৈরী করতে হবে, তাদের ট্রেনিং দিতে হবে। সেজন্য আমার কথা হচ্ছে যে যে পর্যন্ত সেই ট্রেনিং পিরিয়ড শেষ না হচ্ছে এবং উপযুক্ত মানুষ না পাওয়া যায় সে পর্যন্ত অন্ততঃপক্ষে ৫-১০ বৎসর কাল অবধি কন্‌কারেন্ট জুরিসডিকশন

রাখা হোক এবং র‍্যাপিলএর প্রভিসনও থাকা উচিত। কিন্তু এইসব যদি না হয় তাহলে জনসাধারণের মধ্যে সত্যই একটা সন্দেহের ভাব জাগবে। এ ছাড়া দেখতে পাবেন যে প্রত্যেক গ্রামেই ভীষণ দলাদলির সৃষ্টি হচ্ছে, এ পাড়ার দল, এবং ওপাড়ার দল এবং যে পক্ষের লোকসংখ্যা বেশী, অবস্থাপন্ন লোক যে দলে বেশী থাকে কিম্বা যদি লেখাপড়া জানা লোক গ্রামে থাকে তাহলে তারাই একটা দলকে কন্ট্রোল করে। অতএব এইসবের জন্য সেখানে মানুষের জীবন দুর্বিষহ হয়ে ওঠে, প্রতি কথায় কথায় মামলা মোকদ্দমা হয়। বর্তমানে ১০-১২ মাইল দূরে কোর্টে গিয়ে মামলা করতে হয়, কিন্তু সেখানে ঐ গ্রামের মধ্যে মোকদ্দমার সুযোগ পাওয়ার ফলে দেখতে পাওয়া যাবে, সেখানে মামলার হার বেড়ে গেছে। এটাও বিশেষ করে দেখতে পাবেন যে ইউনিয়ানে কোর্ট বেঞ্চ হওয়াতে মোকদ্দমা যত পরিমাণে বৃদ্ধি পেয়েছে যেখানে নেই সেখানে মোকদ্দমার পরিমাণ তার চেয়ে ঢের কম হয়েছে। সুতরাং এই সমস্ত বিবেচনা করে আজ আমি অনুরোধ করব যে, এটাকে ৫-১০ বছরের জন্য যদি মডিফাই করা হয়, তাহলে ভবিষ্যতে হয়ত ভাল হতে পারে।

**Sj. Balailal Das Mahapatra:**

মাননীয় স্পীকার মহাশয় এই বিলটি বহু আকাঙ্খিত জমিদারী দখল আইন বা ভূমিসংস্কার আইনের ন্যায় প্রতিক্রিয়াশীল এবং প্রগতিবিরোধী। বিশেষ করে এটা আমলাতান্ত্রিক শাসনযন্ত্রের একটা নগ্নরূপ। কংগ্রেস সরকার জমিদারী দখল আইন বা ভূমিসংস্কার আইনকে যুগান্তকারী নীরব বিপ্লব বলে মনে করেন। কিন্তু পশ্চিমবাংলার যে লক্ষ লক্ষ ভূমিহীন দরিদ্র কৃষকের অবস্থা উন্নয়নের জন্য এই আইনের প্রয়োজন হয়েছিল তারা যে তিমিরে সেই তিমিরেই রয়েছে। কংগ্রেস শাসনে তাদের অবস্থার কোন উন্নতির আশা আছে বলে মনে হয় না। মন্ত্রীমহাশয় যেভাবে বিলটি এনেছেন তা স্বাধীন ভারতের আদর্শবিরোধী। পঞ্চায়তী রাজ প্রতিষ্ঠা হবে এই ছিল জাতির জনক গান্ধীজীর ঐকান্তিক ইচ্ছা, এবং রাষ্ট্র গঠনের মূল পরিকল্পনায় কংগ্রেসও সেই নীতি মেনে নিয়েছিল। রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে বিকেন্দ্রীকরণই ছিল গান্ধীজীর মূল লক্ষ্য। সাম্রাজ্যবাদী বৃটিশের ২০০ শত বৎসরের শাসন ও শোষণে পল্লীর সামাজিক ও অর্থনৈতিক ব্যবস্থা কেবল দুর্বলই হয় নাই ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছে। তার পুনর্গঠনের কাজ স্বাধীন ভারতের প্রধান কাজ। পল্লী পঞ্চায়েতের মুখ্য উদ্দেশ্য হবে পল্লী-স্বরাজের প্রতিষ্ঠা। যত সুদৃঢ় ভিত্তির উপর পল্লীস্বরাজ প্রতিষ্ঠিত হবে স্বাধীন সার্বভৌম ভারতরাষ্ট্র ততই শক্তিশালী হবে। ভারতের পাঁচ লক্ষ পল্লীর কথা বাদ দিয়ে কেউ ভারতের মংগলের কথা ভাবতে পারে না। এই পাঁচ লক্ষ পল্লীতে ভারতের শতকরা ৮০ ভাগ দরিদ্র কৃষক ও শ্রমিক ও মধ্যবিত্ত বাস করে। তাই গান্ধীজী বলতেন, "গরীবের রাজই আমার স্বপ্নের স্বরাজ, রাজা ও ধনিকেরা জীবনের যে প্রয়োজনীয় দ্রব্য উপভোগ করে গরীবেরাও সমানভাবে তা উপভোগের সুযোগ পাবে। গরীবেরা সমস্ত জিনিষের সমান সুযোগ না পাওয়া পর্যন্ত স্বরাজ পূর্ণ স্বরাজ হবে না।" তিনি আরো বলতেন, মুষ্টিমেয় ব্যক্তির হাতে ক্ষমতা এলেই তা স্বরাজ হবে না। কর্তৃপক্ষ ক্ষমতার অপব্যবহার করলে যখন তা প্রতিরোধ করবার শক্তি অর্জিত হবে তখনই হবে সত্যিকারের স্বরাজ।

[11-20—11-30 a.m.]

অন্য কথায় বলা যায়, রাষ্ট্রের কর্তৃপক্ষকে আয়ত্বে ও নিয়ন্ত্রণে রাখবার শক্তি সম্বন্ধে জনসাধারণকে শিক্ষিত করে তোলার পক্ষেই স্বরাজ অর্জন সম্ভব।

মহাত্মাজী স্পষ্ট ভাষায় ঘোষণা করেছেন 'শুধুমাত্র বৃটিশের চলে যাওয়ার অর্থ স্বাধীনতা নয়। [illegible] অর্থ গ্রামের জনসাধারণের মধ্যে এই কথাটির সচেতনতা সৃষ্টি করা যে তারাই নিজেদের ভাগ্য-স্রষ্টা। তারাই তাদের প্রতিনিধির মাধ্যমে নিজেদের বিধান রচনা করে। স্বাধীন ভারতের প্রথম আইনে সাম্যের অবস্থা সৃষ্টির জন্য এদের মুক্তভাবে অধিকার দান করা উচিত।"

গ্রাম পঞ্চায়েত যদি পল্লী স্বরাজের ভিত্তি হয় তাহলে সেই দৃষ্টি থেকে এই বিলটি সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে।

কংগ্রেসের নীতির পরিপ্রেক্ষিতে ভারতীয় সংবিধানে রাজ্য সরকারগুলিকে যে নির্দেশ দেওয়া হইয়াছে, বিলের মুখ্য ধারাগুলির প্রতি লক্ষ্য করলে দেখা যায় উহা সংবিধান বিরোধী। সংবিধানে আছে যে বিভিন্ন রাজ্যসরকার পল্লী অঞ্চলে স্বায়ত্তশাসন প্রবর্তিত করবেন এবং পল্লী অঞ্চলে তাদের স্বায়ত্তশাসনের অঙ্গ হিসাবে কার্য পরিচালনা করার জন্য আবশ্যকীয় ক্ষমতা ও কর্তৃত্ব অর্পণ করবেন।

কিন্তু প্রকৃত প্রস্তাবে বিলের ধারায় আমরা দেখতে পাই পঞ্চায়েতের ক্ষমতাকে সংকুচিত করার জন্য এমন কি এটাকে গণতন্ত্রবিরোধী একটা জঘন্য আমলাতান্ত্রিক কাঠামোতে পর্যবসিত করার জন্য সর্বপ্রকার চেষ্টা করা হয়েছে। এর দ্বারা কংগ্রেস সরকারের কেবল চরম দুর্বলতা প্রকাশ পায় নাই তাদের বিঘোষিত আদর্শের সমাধি রচনায় স্বৈরাচারী মনোবৃত্তিই পরিস্ফুট হয়ে উঠেছে। কংগ্রেস সরকার আজ কথায় কথায় পঞ্চবার্ষিক পরিকল্পনার ঢাক ঢোল বাজাচ্ছেন। কিন্তু এই পরিকল্পনার সাফল্য গ্রামবাসীদের পূর্ণ সহযোগিতা এবং গ্রাম পঞ্চায়েতের সক্রিয় প্রচেষ্টার উপর যে নির্ভর করে এটা তারা কল্পনাও করতে পারছেন না এবং বিলে তাই এত খবরদারীর ব্যবস্থা রাখা হয়েছে। অথচ গ্রাম সংগঠনে পঞ্চায়েতী ব্যবস্থার প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করে পরিকল্পনা কমিশন স্পষ্টভাষায় বলেছেন "পরিকল্পনার কৃষি সংক্রান্ত অংশে, কৃষি উৎপাদকের লক্ষ্য নির্দেশে, সাফল্যমণ্ডিত করার পন্থা, দায়িত্ব পালনের উপযোগী সংস্থা গঠন ও পরিচালন এবং উন্নতির ধারা মাঝে মাঝে পর্যালোচনার ব্যাপারে পল্লীবাসীদের ঘনিষ্ঠভাবে যুক্ত করা দরকার বলে আমরা মনে করি। পল্লী অঞ্চলে পঞ্চায়েতের প্রয়োজনীয়তা তাই অপরিহার্য। সর্বশ্রেণীর লোকের স্বার্থের খবরদারী করার জন্য এর চেয়ে উপযোগী আর কোন প্রতিষ্ঠান হতে পারে না।" কমিশন একথাও বলেছেন পল্লীর কোন প্রতিষ্ঠান যদি পল্লী সম্পদের প্রসারের দায়িত্ব না নেয় তাহলে পল্লীর [illegible] বিশেষ কোনও উন্নতি পরিলক্ষিত হওয়া সম্ভব নয়। কাজেই এমন কোন সংস্থা থাকা দরকার যা সমস্ত লোকের জন্য একটা সামগ্রিক কার্যসূচি প্রবর্তন করে সরকারের সাহায্যে উহা কার্যকরী করবে। পঞ্চায়েতের দায়িত্ব ও কর্তৃত্ব গ্রামের সকলের সম্পর্কে ভূমিহীন ও ভূমিজ, শিল্পজীবী ও শ্রমজীবী কেহই তাহার আওতার বাহিরে নয়। এই সকল দৃষ্টিভঙ্গী হতে যদি বিলটি বিবেচনা করা যায় তাহলে আমরা দেখতে পাই পল্লীর সামাজিক, অর্থনৈতিক এমন কি রাষ্ট্রিক কোন ক্ষেত্রেই পুনর্গঠনের পথে সাহায্য করবে না। বরং ভারতের প্রগতির পথে অন্তরায় সৃষ্টি করবে। আমাদের পার্টির তরফ থেকে শ্রীসুধীর দাস মহাশয় যে নোট অফ ডিসেন্ট দিয়েছেন সেই ডিসেন্ট এবং অন্য বিভিন্ন সংশোধনী প্রস্তাবের মাধ্যমে আমাদের মনোভাব প্রকাশ করতে হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই সুবিধাবাদী নীতি পরিত্যাগ করেন। এমন ব্যবস্থা তিনি রেখেছেন যাতে যখন যে ব্যাপারেই হোক তার সরকার যা কিছু মনে করবেন তাই করতে পারবেন—এরকম সুবিধাবাদী নীতির আমি তীব্র বিরোধিতা করি। আমার মনে হয় তাঁরা গ্রামের লোকদের অত্যন্ত নাবালক মনে করেন, তাদের দ্বারা কোন কাজ চলতে পারে না এই তারা ভেবেছেন। বৃটিশ সাম্রাজ্যবাদীরা আমাদের শ্রদ্ধেয় নেতাদের পণ্ডিত নেহেরু, অথবা ডাঃ রায় প্রভৃতি এঁদেরও—বলত নাবালক। কিন্তু এই জনসাধারণ তাঁদের সম্মান দেখিয়ে আজ উচ্চাসনে বসিয়েছেন, ক্ষমতার অধিষ্ঠিত করেছেন। তাই বলি আজ এই মনোনয়ন প্রথার দ্বারা জনসাধারণের প্রতি চরম অবজ্ঞা প্রদর্শন করা হয়েছে। এটাকে একেবারে উঠিয়ে নেওয়া দরকার। ভূমিসংস্কার আইনের বেলাতে যেমন বলেছিলাম রেভিনিউ অফিসার সর্বশক্তিমানরূপে আবির্ভূত হয়েছেন এখানেও তেমনি বলব এইভাবে রাষ্ট্রের হাতেই যদি সব ক্ষমতা থেকে যায়—বাজেট করবার, বাজেট বাতিল করবার অধিকার থাকে তাহলে সেখানে জনসাধারণের আত্মবিকাশের পথ রুদ্ধ হয়ে যাবে। সেক্ষেত্রে পঞ্চায়েত হবে একটা সরকারী তাঁবেদার প্রতিষ্ঠান। গ্রাম পঞ্চায়েতকে বহু কাজের দায়িত্ব দেওয়া হয়েছে, কিন্তু সেই হিসাবে টাকা দেওয়ার কোন ব্যবস্থা নেই। যা দেখছি তাতে মনে হয় ট্যাক্সের বোঝা লোকের উপর আরও বেশী করে চাপবে। কাজ কিছুই হবে না; কংগ্রেস সরকারের নীতি তো দেখছি—সব তাতেই টাকা দাও; টাকা দাও তবে জল খাও, টাকা দাও স্কুল করে দিচ্ছি ইত্যাদি। মন্ত্রীমহাশয় জানেন ভারতবর্ষের যেখানে যেখানে পঞ্চায়েত প্রথা চালু হয়েছে, সেখানেই একটা রাজস্বের ভাগ সেই পঞ্চায়েতের জন্য নির্দিষ্ট আছে; এখানে সেরকম কোন ব্যবস্থা দেখছি না। এখানে পরিষ্কারভাবে বলা দরকার রাজস্বের কত ভাগ

তিনি দিতে চান। আমি শুধু নীতি সম্পর্কে আলোচনা করলাম, যদি কংগ্রেস সরকার মনে করেন বাংলাকে এবং ভারতকে শক্তিশালী রাষ্ট্রে পরিণত করবেন তাহলে এই বিল প্রত্যাহার করে নতুন আকারে নতুনভাবে বিল এনে জনসাধারণের [illegible] শক্তিকে জাগ্রত করবার চেষ্টা করুন।

[11-30—11-40 a.m].

**Sj. Bibhuti Bhushon Ghose:**
মাননীয় স্পীকার মহাশয়, আমরা বিরোধী পক্ষ এই পঞ্চায়েত বিলের, এই গ্রাম পঞ্চায়েত সৃষ্টির মূলনীতির বিরোধিতা কেউ করি না। কারণ, আমরা বিকেন্দ্রীকরণের পক্ষে। গণতন্ত্রের প্রথম কথা হল গ্রাম্য ইউনিট থেকে সুরু কোরে সর্বোচ্চ ক্ষমতা নির্ধারণ সমান্তরালভাবে আমরা চাই ; তাই আমরা মূল নীতির বিরোধিতা করি না। কিন্তু আজকে যেভাবে জালান সাহেব এই পঞ্চায়েত বিল আমাদের সামনে রেখেছেন তার বিরোধিতা করি একটা বিশেষ কারণের জন্য। প্রথম কারণ হচ্ছে আমরা দেখছি যে পুরাতন মদ নতুন বোতলে ঢালাই হয়েছে। নতুন বোতলটা আমাদের সামনে রাখা হয়েছে কিন্তু তাতে সেই পুরাতন মদই রয়ে গেছে। আমরা দেখছি লোকাল সেল্ফ-গভর্নমেন্টএর যে আইন ইংরাজ তৈরি করেছিল, তার দ্বারাই ইউনিয়ন বোর্ড পরিচালিত হচ্ছে। ঠিক সেইভাবে জালান সাহেব এবং তাঁর পারিষদবর্গ সেই পুরাতন দিনের একেবারে হুবহু নকল করেছেন, এই বিলের মধ্যে। আমরা মনে করি যে সত্যিকারের মানুষকে সচেতন করে তার গ্রাম্য জীবনকে সচেতন করে তার সর্বাঙ্গীণ মঙ্গলসাধনের যে মূলনীতি, যেটা এই আইনের মাধ্যমে তাঁরা জনসাধারণের কাছে পৌঁছে দেবেন বলে ভেবেছিলেন সেই মূল নীতির ব্যর্থতা চূড়ান্তভাবে এসেছে। তাঁরা হুবহু ইংরাজ আমলের সেই আইন কানুন-গুলো যথাযথভাবে এর ভিতর রেখে দিয়েছেন।

দ্বিতীয় কারণ হচ্ছে- মাননীয় কংগ্রেস সদস্য জে, সি, গুপ্ত মহাশয় আমাদের কাছে অনেক কোরে আবেদন কোরে গেছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করি মাননীয় সদস্য বিনয় চৌধুরীই বলুন বা হরিপদ চট্টোপাধ্যায় বলুন বা বিরোধী দলের অন্য সমস্ত সদস্যকে কি রেসপন্সিবিলিটি দিতে চান? আমরা কেবল সমালোচনা করি, দায়িত্ব কেন নিই না? আমরা কি দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা করি? আমাদের মাননীয় সদস্য বিনয় চৌধুরী নাকি তাঁর বক্তৃতায় বলেছেন যে আজকে সরকার গ্রামজীবনকে শিক্ষিত ও সচেতন করে তুলতে পারেন নি, এবং সেইজন্য এই ধরনের পঞ্চায়েত বিল আজকে আমাদের কাছে এসে পৌঁছেছে এবং এতে সত্যিকারের কোন কার্যকরী ফল হবে না। বিনয়বাবু যখন বলছিলেন তখন জে, সি, গুপ্ত মহাশয় আমাদের উপর কটাক্ষ করেছিলেন (শ্রীযুক্ত জে, সি, গুপ্তঃ হেমন্তবাবুই বলেছেন, আমি কটাক্ষ করি নি) আমি তাঁকে অতি বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি তাহলে মন্ত্রীমহাশয় যে গ্রাম পঞ্চায়েত, তারপরে অঞ্চল পঞ্চায়েত এবং তারপরে ন্যায় পঞ্চায়েত দিয়েছেন, কিন্তু ন্যায় পঞ্চায়েত কিজন্য করেছেন? যেহেতু গ্রাম্য পঞ্চায়েত সচেতন হতে পারে নি, যেহেতু গ্রামপঞ্চায়েত ঠিক ঠিকভাবে কার্য-পরিচালনা করতে পারবে না, সেইজন্য মনোনীত করেছেন ন্যায় পঞ্চায়েতকে। আবার সেই মনোনীত করেও নিশ্চিন্ত হতে পারছেন না, কেননা তাঁর উপরেও সর্বময় কর্তৃত্ব দেওয়া সম্ভব নয় ; তাই একটি সরকারী অফিসারকে রেখে দিয়েছেন যাঁকে তিনি বলেছেন প্রেসক্রাইবড অথরিটি যদি ধরা যায় জে, সি, গুপ্ত মহাশয়ের কথায় যে তাঁরা আজকে নাকি মানুষকে মর্যাদা দিচ্ছেন, মানুষকে অনেক দূর এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছেন, তাহলে আমি বলতে পারি যে তিনি বড় ব্যারিষ্টার হলেও তাঁর যুক্তি ব্যর্থ হচ্ছে। সেই জায়গায় দেখা যাচ্ছে, ব্যাপারটা দাঁড়াচ্ছে যে চাবিকাঠি আমার হাতে রেখে দিচ্ছি, আর বাক্স তোমরা রক্ষা করছ, এই ভাব। আজ দেখতে পাচ্ছি প্রেসক্রাইবড অথরিটিকে এতখানি ক্ষমতা দেওয়া হচ্ছে যে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির দ্বারা যে বোর্ড তৈরী হচ্ছে তাকে দরকার হলে তিনি খুশিখেয়ালমত এক কলমের খোঁচায় ভেঙ্গে চুরমার করে দিতে পারেন। আমি বুঝতে পারি না জে, সি, গুপ্ত মহাশয়ের কথা শুনে যে গ্রামের মানুষের উপর কিভাবে শ্রদ্ধা দেখান হচ্ছে।

তৃতীয় কারণ আমরা মনে করি যে যেভাবে অঞ্চল কমিটি গঠনের প্রয়াস হচ্ছে বা যেভাবে ন্যায় পঞ্চায়েতের উপর বা প্রেসক্রাইবড অথরিটি উপর ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে কেয়ে সকলেই স্বীকার করেন যে গ্রামে এখনও পর্যন্ত সরকারের দয়ায় কোন শিক্ষা পেঁছাতে পারে নি; এ কথায় নিশ্চয়ই সরকার একমত হবেন আমাদের সঙ্গে। পাছে শিক্ষিত জনসাধারণ আপনাদের ন্যায্য অধিকার বা ন্যায্য দাবী বুঝতে পারে। সেইজন্য ইংরাজ যেভাবে সাধারণ মানুষকে অশিক্ষিত করে রেখেছিল সেইরকম আজকেও এই সরকার মানুষকে সচেতন করবার দায়িত্ব গ্রহণ করতে পারেন নি। সেখানে কংগ্রেসে দলাদলি, ঝগড়া, মুখ বেঁকাবেঁকি আছে। যেভাবে ন্যায় পঞ্চায়েত ও অঞ্চল কমিটিগুলি গঠন করবার প্রয়াস পাচ্ছেন, যেভাবে সরকারী কর্মচারীদের ঐ প্রতিষ্ঠানে সর্বময় কর্তৃত্ব দিচ্ছেন তাতে আমরা নিশ্চয়ই একথা বুঝতে পারি, আমাদের এই ৭-৮ বছরের অভিজ্ঞতায় যে এতে তাঁদের খানিকটা সুবিধা হবে। তাঁরা যেখানে জনসাধারণের কাছে যেতে পারবেন না সেখানে ঐ প্রেসক্রাইবড অথরিটি দিয়ে জনসাধারণের মধ্যে বিরোধীদের কায়দা করতে পারবেন বা ন্যায় পঞ্চায়েত দিয়ে ঝগড়াঝাঁটি বাধিয়ে দিতে পারবেন; তারাই একটা বিরাট প্রচেষ্টা হবে। এটা আমরা দুষ্টু লোক ঐভাবেই ভাবি এবং মনে করি ঐটাই ঠিক। শুধু তাই নয়। আজকে হরিপদবাবু যেসমস্ত কথা বলেছেন এবং যেভাব দেখিয়েছেন তাতে আমরা বুঝতে পারি যে গ্রামে কংগ্রেসের সংগঠন ত আছেই; তা ছাড়া আমরা দেখেছি যে দারোগাবাবু সেখানে একটা খুদে লাট হয়ে আছেন। দারোগাবাবু তদন্ত করতে গেলে বা চোর ধরতে গেলে আগে গোপনে পরামর্শ করেন শিল কোটা সর্দার বা চোরের সর্দারের সঙ্গে। যেহেতু তারা গ্রাম পঞ্চায়েত বা কংগ্রেসের নেতা অতএব তাদের সঙ্গে গোপন সলাপরামর্শ করতে হবে। এটা বাস্তব সত্য। এটা আপনারা স্বীকার করুন বা না করুন এটা জনসাধারণ তাদের তিক্ত অভিজ্ঞতা থেকেই বোঝে। আর সেটা তারা বোঝে বলেই আপনাদের বিরুদ্ধে আরও বেশী বিক্ষোভ রয়ে গেছে।

[At this stage the blue light was lit.]

আমাকে আরও ৫-৬ মিনিট সময় দিতে হবে।

**Mr. Speaker:**

বিলের সম্বন্ধে বলুন।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

বিলের সম্বন্ধেই বলছি। অবান্তর হলে বন্ধ করে দেবেন।

**Mr. Speaker:**

অবান্তরই ত বলছেন।

**Sj. Bibhuti Bhushon Ghose:**

এখন যত 'হোরে নোরে' বা ঐ রকম সব মনোনীত হচ্ছেন। এখন ঐ ইউনিয়ন বোর্ডের বেঞ্চে বা অনারারী ম্যাজিস্ট্রেট যেসমস্ত বিচার করছেন সেই সমস্ত বিচারের ভার এখন তাদের দেবেন। আপীল করবার ক্ষমতা থাকবে না। নথিপত্র থাকবে না, সাক্ষীর যা বক্তব্য তা লিপিবদ্ধ হবে না যথাযথভাবে; তার মনে একেবারে তরবারি হাতে নিয়ে বেঞ্চের মিটিংএ নিয়ে এসে তাকে যতটুকু সাজা দেবার ক্ষমতা দিয়েছেন সেই সাজা দিয়ে দেবেন। সেইজন্য আমরা সব আতঙ্কিত হয়ে পড়ছি। সিলেক্ট কমিটিতে এটা নিয়ে ঝগড়া করেছি যে তাদের আপীল করবার ক্ষমতা দেন নি। যাই হোক প্রেসক্রাইবড অথরিটির কথা বিরোধী পক্ষীয় সদস্যেরা খুব বেশী জোরে বলে গেছেন। আর সে নিয়ে বেশী বলব না।

সবার চেয়ে বড় জিনিস দুটো—একটা ন্যায় পঞ্চায়েতে পরোক্ষ নির্বাচন, আর একটা হচ্ছে যখন এই বিল আপনারা নিয়ে আসবেন বা হাউস থেকে পাশ করবেন তখন দু বছর নির্বাচন হবে না, আপনাদের মনোনয়নের দ্বারা সেই পঞ্চায়েত সৃষ্টি হবে। আজ আমরা একথা সাধারণভাবে ভাবতে পারি যে আগামী সাধারণ নির্বাচন সাফল্যমণ্ডিত করবার জন্য এইভাবে করছেন। একথা আমরা যদি ভাবি তাহলে আমাদের ভাবনাটা অন্যায় বা খারাপ হবে বলে মনে করি না।

[11-40—11-50 a.m.]

কারণ আপনারা এত ঢাকঢোল বাজিয়ে জাহির করছেন যে মানুষের সর্ববিধ কল্যাণ করবেন, বিকেন্দ্রীকরণ করবেন শাসন ক্ষমতা। মানুষের হাতে উন্নয়নের সর্বময় ক্ষমতা দেবেন, আগামী পঞ্চবার্ষিকী পরিকল্পনা সার্থক করে তুলবার জন্য বড় বড় কথা বলেন, লম্বা চওড়া ফিরিস্তি দেন কিন্তু সেখানেও দেখছি—তারা বলছেন, সকল শেষ করতে আরও দুই বৎসর অপেক্ষা করতে হবে। এখানেও হয়ত তারা বলবেন দুই বৎসর পরে গ্রাম পঞ্চায়েতকে সর্বময় কর্তৃত্ব দেবেন। এখানে গুপ্ত মহাশয় এর কারণ দেখালেন যে আগামী প্রথম পঞ্চায়েত যা সৃষ্টি হবে সেখানে নির্বাচন না হয়ে মনোনয়ন করা হবে এর স্বপক্ষে কোন যুক্তি দেখাতে পারেন নি। অবশ্য তিনি জানেন যে এর আসল উদ্দেশ্য কি। তিনি যতই আবেদন নিবেদন করুন এবং যতই বড় বড় কথা, সুন্দর সুন্দর কথা বলে এই হাউজকে কনভিন্স করতে চেষ্টা করুন না কেন, তিনি ম্যানিফেস্টলি ফেল করেছেন এই আমি মনে করি। আমরাও পঞ্চায়েত চাই, এটা পরিষ্কার করে বলছি কিন্তু সেই পঞ্চায়েত হবে সত্যিকার গণতন্ত্রের প্রকাশ। প্রত্যেকটি গণতান্ত্রিক দেশে, সে দেশের রাষ্ট্রের কাঠামো হচ্ছে গণতন্ত্র এবং গণতন্ত্রের যে মর্যাদা সেটা এই পঞ্চায়েতের মধ্যে দিয়ে দেওয়া উচিত বলে আমরা মনে করি। সেইজন্য আমরা মনে করি এই সমস্ত ধারাগুলি যা সন্নিবেশিত করা হয়েছে তাতে মূল নীতিই তারা বর্জন করেছেন। ইংরাজ আমলে যেসব পচা আইনকানুন ছিল সেইটাই এরা নিয়ে আসছেন। এবং সেই পচা মদই তারা নতুন বোতলে নিয়ে আসছেন। তাই আমরা মনে করি এর দ্বারা বিকেন্দ্রীকরণ হবে না আর পঞ্চায়েতের যে মূল উদ্দেশ্য সেই পার্পাস সার্ভ করবে না, ব্যর্থ হবে বলে মনে করি।

**Mr. Speaker:** Now each member will get 8 minutes

**Sj. Dhananjay Kar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রাম পঞ্চায়েত গঠন করবার এই যে দাবী তার পিছনে উদ্দেশ্য ছিল কেন্দ্রীভূত শাসন ব্যবস্থাকে বিকেন্দ্রীকরণ করা, পল্লীবাসীর হাতে শাসন ক্ষমতার কিছু অংশ তুলে দেওয়া এবং পল্লীবাসীকে তাদের নিজেদের অবস্থার উন্নতি করবার সুযোগসুবিধা দেওয়া। কিন্তু বর্তমান বিলে যেসমস্ত ধারা সন্নিবিষ্ট করা হচ্ছে তাতে এই উদ্দেশ্যগুলির কোনটাই সার্থক হবে না সেটা বিরোধী পক্ষের বন্ধুরা পরিষ্কারভাবে দেখিয়েছেন। পল্লীবাসীর হাতে শাসন ক্ষমতা তুলে দেবার কথা যা বলা হয়েছে তার কিছুই দেওয়া হচ্ছে না। এখানে বলা হচ্ছে বিকেন্দ্রীভূত করা হচ্ছে কেন্দ্রীভূত শাসন ব্যবস্থাকে। কিন্তু এই প্রেসক্রাইবড অর্থারিটির হাতে যেসমস্ত ক্ষমতা দেওয়া হচ্ছে তার মাধ্যমে কেন্দ্রীভূত শাসন ব্যবস্থাকেই বজায় রাখা হচ্ছে, ইহা দ্বারা পল্লীবাসীর হাতে কোন ক্ষমতাই যাবে না। গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত যেসমস্ত বাজেট প্রস্তুত করবেন, যেসমস্ত ব্যবস্থা তারা সর্বসম্মতিক্রমে গ্রহণ করবেন সেই সমস্তই যদি প্রেসক্রাইবড অর্থারিটি বদল করে দিতে পারেন তাহলে সেই গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতকে কি ক্ষমতা দেওয়া হচ্ছে তা আমরা বুঝতে পারছি না। এখানে আমরা দেখছি কি: মনোনয়ন ব্যবস্থা করে গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা সংকোচ করা হচ্ছে। গ্রাম পঞ্চায়েতের এক-তৃতীয়াংশ সভ্যকে সরকার মনোনয়ন করতে পারবেন। অবশ্য কোন ভোট দেবার ক্ষমতা তাদের হাতে থাকবে না। তাহলেও আমার মনে হয়, যেসমস্ত গ্রাম পঞ্চায়েতে সরকারী বন্ধুরা নির্বাচিত হতে পারবে না সেইসব পঞ্চায়েতের কাজ বানচাল করবার জন্য এই এক-তৃতীয়াংশ সরকার মনোনীত লোক যাতে যেতে পারে সেই ব্যবস্থাই করা হচ্ছে এর দ্বারা। এ ছাড়া আর কিছুই হতে পারে না। এই গ্রাম পঞ্চায়েতগুলি কেন প্রথমে মনোনীত করতে হবে, নির্বাচিত হতে পারবে না তার কারণ আমরা বুঝতে পারছি না। এইভাবে কেন গ্রাম সভার ক্ষমতা সঙ্কুচিত করা হচ্ছে তা আমাদের বোধগম্য হচ্ছে না। কেন এই প্রেসক্রাইবড অর্থারিটির হাতে অধ্যক্ষ মনোনয়নের ক্ষমতা তুলে দেওয়া হচ্ছে? তার কারণ কি কোন গ্রাম পঞ্চায়েত যদি সরকারের কোন প্রিয় পাত্রকে অধ্যক্ষ পদে নিযুক্ত না করে, তাহলে সেই ব্যক্তিকে যাতে প্রেসক্রাইবড অর্থারিটির মাধ্যমে নিতে পারা যায়, তাই এই ব্যবস্থা করছেন। এ ছাড়া আর কি উদ্দেশ্য থাকতে পারে, যার জন্য গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষকে গ্রাম পঞ্চায়েত নির্বাচন করতে পারবে না, প্রেসক্রাইবড অর্থারিটি মনোনীত করবে এই ব্যবস্থা করছেন? এর দ্বারা আমাদের মনে হয় সরকারের হাতে ক্ষমতা কেন্দ্রীভূত করার জন্যই

প্রেসক্রাইবড অথরিটির অবতারণা করা হচ্ছে। তা ছাড়া, অধ্যক্ষ মহাশয়, আমরা সব সময়েই এই দাবী করছি যে ব্যালট প্রথায় ভোট নিতে হবে কিন্তু তাও এখানে বাদ দেওয়া হচ্ছে। গোপন ভোটের দ্বারা পঞ্চায়েত নির্বাচন না করার কারণ কি? আমরা দেখেছি যে গ্রামে যারা ক্ষমতাশালী ব্যক্তি তাদের ইচ্ছার বিরুদ্ধে সাধারণ লোক যেতে পারে না এবং তারা স্বেচ্ছায় কাজ করবার সুযোগ পায় না। প্রভাবশালী ব্যক্তির মুখের দিকে তাকিয়ে যদি তাদের কাজ করতে হয় তাহলে তাদের কোন স্বাধীন ইচ্ছা থাকবে না। তাই আমরা দাবী করছি যে ব্যালট প্রথা এই বিলের মধ্যে থাক। তারপর, গ্রাম পঞ্চায়েতরাই অঞ্চল পঞ্চায়েতের সভা নির্বাচন করবেন। এইভাবে ইন্ডাইরেক্ট ইলেকশন করার ব্যবস্থা করেছেন। সেটা কেন করেছেন—ডাইরেক্ট ইলেকশন না করে? এই যে অঞ্চল পঞ্চায়েত তাদের হাতেই সমস্ত ক্ষমতা থাকবে। এই অঞ্চল পঞ্চায়েতের উপর যদি গ্রাম পঞ্চায়েতকে সব সময় নির্ভর করতে হয় তাহলে সেখানে ইন্ডাইরেক্ট ইলেকশন করার ব্যবস্থা না করে, ব্যালট ভোটে সোজাসুজি গ্রাম সভার দ্বারা অঞ্চল পঞ্চায়েত নির্বাচন করার ব্যবস্থা করা উচিত।

তারপর এখানে বলা হয়েছে যে বিধান সভার যে ভোটার লিস্ট আছে তা দিয়েই নির্বাচন হবে। কিন্তু আমরা দেখতে পাই যে বিধান সভার ভোটার লিস্টএ অনেক ভোটারকে বাদ দেওয়া হয়ে থাকে। আমার বন্ধুরাও বলেছেন আমিও বলছি গ্রাম পঞ্চায়েতের ভোটার লিস্ট যেন বিধান সভার ভোটার লিস্ট দিয়ে না হয়। তাতে বহু অসুবিধা হবে।

[11-50 - 12 noon.]

গ্রাম্য পঞ্চায়েতের যে ভোটার লিস্ট হবে সেই ভোটার লিস্ট গ্রামে টাঙ্গিয়ে দেওয়া হবে যাতে গ্রামের লোক সবাই তা দেখতে পারে এবং যারা বাদ গিয়েছে তাদের নাম যাতে এনলিস্টেড হতে পারে এইরকম ব্যবস্থা যেন এর মধ্যে থাকে। আর একটা জিনিষ দেখছি প্রেসক্রাইবড অথরিটির ক্ষমতা। অধ্যক্ষ বা প্রধানকে যদি গ্রাম বা অঞ্চল পঞ্চায়েত সরিয়ে দিতে চায় কোন কারণে বা তার অপকর্মের জন্য, তাহলে পঞ্চায়েতের সে ক্ষমতা নেই এই বিলে, তার জন্য আবার প্রেসক্রাইবড অথরিটির কাছে দৌড়াতে হবে এবং তাঁর যদি অনুগ্রহ হয়, তিনি যদি মত দেন, তাহলে তাকে সরিয়ে দিতে পারেন। পঞ্চায়েত নির্বাচন করবে তার অধ্যক্ষ বা প্রধানকে কিন্তু সেই পঞ্চায়েতের কোন ক্ষমতা থাকবে না তাঁকে অপসারিত করার এ কি রকম গণতন্ত্র এবং এ কি রকম ক্ষমতা পঞ্চায়েতকে দেওয়া হচ্ছে তা বুঝতে পারে না। সেজন্য আমি মনে করি যে অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান বা উপপ্রধানকে সরিয়ে দেওয়া প্রয়োজন যদি পঞ্চায়েত মনে করেন, তাহলে অধিকসংখ্যক ভোটে তাকে সরিয়ে দেওয়ার ক্ষমতা পঞ্চায়েতের থাকা উচিত, সেখানে প্রেসক্রাইবড অথরিটির অনুমতির অপেক্ষা করার কোন প্রয়োজন থাকবে না, এই রকম ব্যবস্থা এই বিলের মধ্যে থাকা দরকার।

এখানে আর একটা জিনিষ স্যার দেখা যাচ্ছে যে চৌকিদার, দফাদার, এদের পঞ্চায়েত পোষন করবে, এদের বেতন দেবে পঞ্চায়েত কিন্তু পঞ্চায়েতের কোন ক্ষমতা নেই তাদের কার্যকলাপ তদারক করার।

[At this stage the blue light was lit.]

দু' মিনিট সময় দিন স্যার, না হলে হবে কি করে? পঞ্চায়েতের পুরাপুরি তাদের সরিয়ে দেবার ক্ষমতা যদি না থাকে, তাহলে তারা পঞ্চায়েতের ইচ্ছামত, তার নির্দেশমত কোন কাজ করবে না। এখন আমরা কি দেখি চৌকিদার, দফাদারেরা নাকে সরিষার তেল দিয়ে ঘুমোয়, গ্রামে যেসমস্ত চুরি ডাকাতি হয়, সেদিকে তাদের নজর থাকে না। এদের বেতন খাবে অথচ এদের নির্দেশমত কাজ করবে না, এই অবস্থা হবে যদি পঞ্চায়েতের হাতে তাদের সরিয়ে দেবার ক্ষমতা না দেওয়া হয়। সেজন্য আমি মনে করি পঞ্চায়েত এদের নিযুক্ত করবে এবং পঞ্চায়েতই এদের সরিয়ে দিতে পারবে এই ব্যবস্থা থাকা উচিত। তা না হলে সরকার তাদের বেতন দিন, তাঁদের ইচ্ছামত এদের চালান—পঞ্চায়েত এদের বেতন দেবে না।

তারপরে সেক্রেটারি নিযুক্ত ব্যাপারে কি কারবার চলছে। সেক্রেটারি এ'দের দ্বারা নিযুক্ত হবেন, ও'দের ইচ্ছায় চলবেন, অথচ বেতন গ্রহণ করবেন অঞ্চল পঞ্চায়েতের, এ কেমন হবে? সেখানে সেক্রেটারি সব কন্ট্রোল করবেন, আর ঐ সেক্রেটারিগুলিকে দিয়ে সরকার পঞ্চায়েতগুলি হাতে রাখবেন এই ব্যবস্থাই করা হয়েছে, এ ছাড়া আর কিছুই নয়।

[At this stage the red light was lit.]

আপনি স্যার, যখন একবার লালবাতি জ্বালাচ্ছেন, তখন আমাকে বসতেই হবে, আপনার হুকুম মানতে হবে কিন্তু আমি বলছি, এর সমস্ত উদ্দেশ্য হচ্ছে নিজেদের হাতে ক্ষমতা রাখা, জনসাধারণের হাতে ক্ষমতা না দেওয়া এবং বিশেষ করে পরবর্তী নির্বাচনী বৈতরণী পার হওয়ারই ব্যবস্থা এখানে করা হয়েছে এ ছাড়া আর কিছুই নয়।

**Sj. Tarapada Dey:**

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশে ইউনিয়ন বোর্ড প্রচলিত আছে, ইউনিয়ন বোর্ডে এডাল্ট ফ্রানচাইজ নেই। সেগুলি চৌকিদার, সার্কেল অফিসার, দারোগা দ্বারা পরিচালিত সেগুলির বিরুদ্ধে সাধারণ মানুষের বহু অভিযোগ আছে। স্বভাবতঃ তারই জন্য সাধারণ মানুষ একটা পঞ্চায়েত বিল আসুক, একটা পঞ্চায়েত গঠিত হোক, এটা চেয়েছিল। বেশীর ভাগ সংখ্যক লোক এই সমস্ত সরকারী কাজে, দেশ শাসন কাজে অংশ গ্রহণ করবে, এটাই পঞ্চায়েতের উদ্দেশ্য হওয়া উচিত। সেজন্য সবচেয়ে বেশী প্রয়োজন যেটা হবে, সেটা হচ্ছে পঞ্চায়েতকে সরকারের আঞ্চলিক শাসনকেন্দ্র হিসাবে গঠন করা। কাজেই পঞ্চায়েতের কাজের উপর যথাসম্ভব কম সরকারী হস্তক্ষেপ করা, পঞ্চায়েতকে সরকার কর্তৃক পর্যন্ত তহবিল সরবরাহ করা, এবং পঞ্চায়েত মারফত দেশের সাধারণ মানুষ দেশ শাসন কার্যে এবং দেশ গঠনের কার্যে যাতে অংশ গ্রহণ করতে পারে, তারই ব্যবস্থা পঞ্চায়েত বিলে করা দরকার। সিলেক্ট কমিটির ভেতর দিয়ে এই পঞ্চায়েত বিলটা এলো, কাজেই আমরা আশা করেছিলাম এটা ভালভাবেই আসবে। কিন্তু সেদিক থেকে এই বিলটা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। বহু কথা এর পূর্বে বলা হয়েছে। প্রথম গ্রামসভা গঠনের কাজে আমরা যেটা সাধারণভাবে মেনে নিই দেশের লোকের মত, সেটাকে অস্বীকার করা হয়েছে। এমন কি বঙ্গ বিহার প্রশ্নে জনসাধারণের মতের কথা বলেছেন -সেখানে এক অঞ্চলকে অন্য অঞ্চলের সঙ্গে সংযুক্ত করতে হবে, কি একসঙ্গে করে নিতে হবে, সেখানে সেই অঞ্চলের লোকের মত নেওয়া প্রয়োজন, কিন্তু তা না করে সরকার নিজেদের খেয়ালখুসী অনুযায়ী এক একটা অঞ্চলকে গঠন করবার ব্যবস্থা করছেন।

তারপর ভোটের কথা বহু সদস্যই বলে গেছেন—আমি আর একবার বলি যে ভোটার গ্রাম থেকে হওয়া উচিত। কারণ আইনসভার যে ভোটার লিস্ট আছে, তাতে অনেক দোষত্রুটি আছে। গ্রামের মধ্যেই লিস্ট থাকবে গ্রামসভার ১৮ বছরের উর্ধ্ব বয়স্ক প্রত্যেক লোক ভোটার হবে বাধ্যতামূলকভাবে এবং তা থেকেই হবে আইনসভার ভোটার কিন্তু তা না করে আপনারা করলেন উল্টো যেটা একটা অগণতান্ত্রিক পদ্ধতি। তারপর গ্রামসভার কাজের মধ্যে আপনারা সমালোচনা করবার অধিকার দেন নি। সেখানে তাঁরা বাজেট আলোচনা করবেন, অন্যান্য জিনিষ আলোচনা করবেন। আজকে আপনারাই বলেন যে বিভিন্ন জায়গায় দুর্নীতি প্রবেশ করেছে, গ্রামে সবাই দুর্নীতিপরায়ণ হয়ে গেছে কিন্তু গ্রামসভাকে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সমালোচনা করার অধিকার আপনারা দেন নি। তারপর গ্রাম পঞ্চায়েত গঠনে গোপন ব্যালটের কথা আপনারা বলেন নি। দ্বিতীয়তঃ আপনারা প্রপোরসনাল রিপ্রেজেনটেসন আনুপাতিক প্রতিনিধিত্ব—যা নিয়ে বহুবার কংগ্রেসের থেকে আন্দোলন হয়েছে এবং বহুবার একথা বলা হয়েছে—সেই আনুপাতিক প্রতিনিধিত্বের যে নীতি, সেই নীতিকে আপনারা একেবারে বিসর্জন দিয়েছেন, আপনারা এটাকে একবারে গ্রহণ করেন নি। অপরপক্ষে ইউনিয়ন বোর্ডে বহুদিন ধরে যে নমিনেসনের পদ্ধতি রয়েছে, সেটা আপনারা বজায় রাখবার চেষ্টা করেছেন। আরো কয়েকটা মারাত্মক জিনিষ এই আইনের মধ্যে ঢুকিয়েছেন যাতে আপনারা যথাসম্ভব বিরোধীপক্ষকে বাইরে রাখবার ব্যবস্থা করেছেন। কোন লোকের যদি ৬ মাস জেল হয়, তাহলে তাকে পাঁচ বছরের মত অঞ্চল পঞ্চায়েতে ঢুকতে দেবেন না। এটা যদি আপনারা যোগ্যতা নির্ধারিত করেন, তাহলে আমাদের আপত্তি

নেই কিন্তু আজকালকার দিনে যখন তখন যেকোন বিষয়ে আপনারা লোককে ধরে নিয়ে যান এবং ৫-৬ মাস কারাদণ্ড অনেকেরই হয় এবং সেদিক থেকে রাজনৈতিক দলের বিশেষ বিশেষ কর্মীকে আপনারা এই সমস্ত কাজের মধ্য থেকে বাইরে রাখবেন। এদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

তারপর অঞ্চল পঞ্চায়েতের কোন লোক যদি মারা যায়—আপনারা এই জায়গায় ত অনেক নমিনেশনের ব্যবস্থা করেছেন—তারপরেও যদি কোন ইলেকটেড লোক মারা যায়, সেই জায়গায় আর নির্বাচন নয়, সেই জায়গায় আপনারা মনোনয়ন করবেন।

আমি কতকগুলি সংশোধনী প্রস্তাব আপনার সামনে রাখছি, আশা করি সেকেন্ড রিডিংএ সেগুলি গ্রহণ করে নেবেন। প্রথম কথা হচ্ছে প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার—সেই অধিকারে প্রাপ্তবয়স্ক প্রত্যেককে ভোটার করা হবে। গ্রাম্য সে সভা, গ্রামসভায় যেটা হবে সেই লিস্টের উপর আইনসভার ভোটার হবে। দ্বিতীয়তঃ আপনারা আইন মারফত আনুপাতিক প্রতিনিধিত্ব, এই নীতি স্বীকার করে নিয়ে নতুন আইনের মধ্যে সংযোজিত করুন। (শ্রীযুত হেমন্ত কুমার ঘোষাল সভাপালের প্রতি লক্ষ্য করিয়াঃ স্যার, জালানসাহেব সাজেসনগুলি শুনেছেন না) সাজেসনগুলি শুনুন—অঞ্চল এবং গ্রাম পঞ্চায়েতগুলিতে গ্রাম সভার সভ্যদের ভোট দেবার ব্যবস্থা করুন। আপনারা যে পরোক্ষ ভোটের ব্যবস্থা রেখেছেন, তা প্রত্যাহার করে যাতে প্রত্যক্ষ ভোটে অঞ্চল এবং ন্যায় পঞ্চায়েত গঠিত হয়, তার ব্যবস্থা করুন। তারপর পঞ্চায়েতের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, তাদের কোন সভ্যকে যে সরিয়ে দেবার অধিকার রেখেছেন, সেই অধিকার আপনারা তুলে নিন, এবং পঞ্চায়েতের সভ্য ছাড়া, পঞ্চায়েত নিজে ছাড়া সরকারের কোন অধিকার থাকবে না পঞ্চায়েতের অধ্যক্ষ, উপাধ্যক্ষ সরিয়ে দেবার। সম্পাদকের হাতে প্রচুর ক্ষমতা দিয়েছেন, অঞ্চল পঞ্চায়েতের সম্পাদক, তার হাতে প্রচুর ক্ষমতা দিয়েছেন। তাকে আপনারা নিযুক্ত করছেন, এটা বন্ধ করুন। যদি দরকার হয়, সেই অঞ্চল পঞ্চায়েতই নিযুক্ত করবে সেই সম্পাদককে—তা যদি করেন তাহলে অন্ততঃপক্ষে মন্দের ভাল হবে। আপনারা তাঁদের নিয়োগ না করে বরং যে জায়গায় তাঁরা কাজ করবেন, তাঁরাই তাঁদের নিয়োগ করবেন। এটা অনায়াসে আপনারা করতে পারেন। তারপর গ্রাম উন্নয়নের বেশীর ভাগ অর্থ সরকার দেবেন কিনা বা কতটুকু দেবেন, একথা আপনারা বলেন নি একথাটা বলা দরকার। বিশেষ বিশেষ তহবিল, সরকারী তহবিল থেকে সেগুলি দেবেন, এগুলি বলা উচিত। নৈতিক অপরাধ ছাড়া কোন লোককে পঞ্চায়েতের নির্বাচনপ্রার্থী হবার অধিকার থেকে দূরে রাখা, এটা বন্ধ করুন এবং সেই জায়গায় মরাল টার্পিচুড ছাড়া অন্য কোন অপরাধে যদি কারো জেল হয়, তাহলে তাকে নির্বাচনপ্রার্থী হবার অধিকার থেকে বা অধ্যক্ষ কিম্বা উপাধ্যক্ষ হবার অধিকার থেকে বঞ্চিত করবেন না—এই ব্যবস্থা করুন।

গ্রাম উন্নয়নের বেশীর ভাগ কাজ পঞ্চায়েত মারফত করা দরকার। তারপর নির্বাচিত ব্যক্তি সম্বন্ধে একটা জিনিস আপনারা রাখেন নি সেটা হচ্ছে একজনকে নির্বাচিত করে পাঠিয়ে দিলেন তারপর তিনি খেয়ালমত যাই করুন তাঁকে বলবার কিছু নেই—এই রাইট অফ রিকল কোন জায়গায় আপনারা রাখেন নি। এই আইনে এটা সন্নিবেশিত করা উচিত। পঞ্চায়েতের বিভিন্ন কাজ পঞ্চায়েতের মত ছাড়া করবার যে অধিকার রেখেছেন সেটা বন্ধ ক'রে দিয়ে তার মত ছাড়া করা হবে না এই ব্যবস্থা করুন। তারপর, ট্যাক্স করা—যেভাবে বিভিন্ন কাজের ভার পঞ্চায়েতের উপর দিচ্ছেন যেমন ইরিগেশন শিক্ষা, রাস্তা ইত্যাদি কোন কাজই দিতে বাকী রাখেন নি—এইসব কাজ করতে গেলে ট্যাক্স করবার অধিকার দিয়েছেন। এই সম্বন্ধে একটা বৈজ্ঞানিক সুষ্ঠু নীতি ঠিক করুন। ট্যাক্স যখন তখন করা যেতে পারে এটা উচিত নয়। আরেকটা দাবি হচ্ছে নমিনেশন প্রথা বাতিল করে দিন। এই দাবিগুলি গণতান্ত্রিক, প্রগতিশীল ও ন্যায়সঙ্গত, এবং গঠনমূলক। সেদিক থেকেই আমরা আমাদের অ্যামেন্ডমেন্টগুলি দিয়েছি, যদি আপনারা প্রকৃতই পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক প্রতিষ্ঠা করতে চান এবং অগণতান্ত্রিক পদ্ধতিতে দলীয় ক্ষমতা বজায় রাখতে না চান তাহলে আমরা যেসমস্ত সংশোধনী দিয়েছি সেগুলি গ্রহণ করে আজকে জন-সাধারণের সহযোগিতায় বাংলাদেশে গণতান্ত্রিক পদ্ধতিতে শাসনব্যবস্থার সূচনায় করবেন এটাই

আশা করি। তা নইলে জে, সি, গুপ্তমহাশয় যেকথা বলেছেন সে শুধু হাওয়ার কথা এবং স্তোকবাক্য, তা কেউ শুনবে না। এবং এটা যদি আপনারা জনসাধারণের উপর জোর করে চাপিয়ে দেন তাহলে আপনাদের চাপিয়ে দেওয়া জিনিষ তারা মানবে না।

**Sj. Jyotish Joarder:**

স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান হিসাবে পঞ্চায়েতের প্রতিষ্ঠা সম্বন্ধে এ সভা গৃহে কোন দ্বিমত নেই, কিন্তু কেবলমাত্র এই নামের জোরে বিলের উদ্দেশ্য এবং রূপ নিয়ে যদি কথা ওঠে তখনই সমস্ত সমস্যা দেখা যায়। গণতন্ত্রের ভিত্তিতে পঞ্চায়েতের প্রতিষ্ঠা হবে, এটাই ভারতবর্ষের মানুষ আশা করে এবং এতদিন ধরে তা করেও আসছে। কিন্তু যখন এই বিল আমাদের সামনে উপস্থিত করা হল এবং সিলেক্ট কমিটি একে যখন সংশোধন করল, তখন এটা কোন মতেই আমাদের মনে আশার সঞ্চার করতে পারল না। কারণ, এ বিলের মধ্যে যদি আমরা গণতন্ত্র খুঁজি তাহলে সেখানে গণতন্ত্রের কণ্ঠরোধ ছাড়া আর কিছুই দেখতে পাই না। প্রথম কথা হিসাবে এখানে একটা বিষয় আমার দৃষ্টিতে বিশেষ করে ঠেকছে যে ন্যায় পঞ্চায়েত যখন কর্তৃপক্ষ গঠন করতে বলবেন তখন তার মধ্যে দেখি যে অঞ্চল পঞ্চায়েতে যে সর্বশ্রেষ্ঠ এক্সি-কিউটিভ তিনি সেই ন্যায় পঞ্চায়েতের সেক্রেটারী হবেন। এটা কেমন কথা? এক্সিকিউটিভ এবং জুডিসিয়ারিকে একাধারে চালিয়ে যে দুর্ঘটনা হামেশা রাজ্যের আইন শৃংখলার ক্ষেত্রে ঘটে আসছে সেই রকমটি আর পঞ্চায়েতের মধ্যে কেউ আশা করে না। যিনি অঞ্চল পঞ্চায়েতের হাইয়েস্ট এক্সিকিউটিভ তিনি হবেন ন্যায় পঞ্চায়েতেরও সেক্রেটারী এবং শুধু অঞ্চল পঞ্চায়েতের সেক্রেটারীসিপ করে তিনি স্থির থাকবেন না নিশ্চয়ই।

তারপর আমরা দেখতে পাই যে যখন অঞ্চল পঞ্চায়েত গঠিত হবে তখন তার যে সেক্রেটারী হবেন তাঁকে কে নিয়োগ করবেন—না তাকে সরকার নিযুক্ত করবেন। অর্থাৎ সেখানকার সেই অঞ্চলের কারুর কথাই চলবে না। এ ব্যাপারে সরকারী কথাই প্রথম ও শেষ কথা। তা ছাড়া অঞ্চল পঞ্চায়েতের গণ্ডী ও ক্ষমতা প্রভৃতি সমস্ত কিছু নির্ধারণ করে দিয়ে প্রেসক্রাইবড অথরিটি সেখানে তৃপ্ত হচ্ছেন না। অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন ও ইন্ডাইরেক্ট ইলেকশনের পথে হবে। ডাইরেক্ট ইলেকশন সেখানে হবে না। সেই সেক্রেটারীই সেখানে সর্বময়কর্তা হবেন এবং সে ব্যাপারে কারুর কোন রেফারেন্স বা মতামত না নিয়ে একমাত্র সরকারই তার যোগ্যতা নির্ধারণ করে তাঁকে সেখানে বহাল করবেন। এরপরে চৌকিদার, দফাদারদের কথা যদি বলতে যাই তাহলে সেখানেও দেখতে পান যে কোন এলাকায় চৌকিদার দফাদার ক'জন লাগছে না লাগছে তা গ্রামের লোক কিছুই বিবেচনা করতে পারবে না। কারণ এইসব সরকারই স্বয়ং নির্ধারণ করবেন। তবে তাদের খরচপত্র যোগাবার দায়টি গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতের উপর অবশ্যই পড়বে।

[12—12-10 p.m.]

মন্ত্রীমহোদয়, গ্রাম পঞ্চায়েতের বেলায় যখন একটি সেক্রেটারী নিয়োগ করতে পারছেন না তা দেখে আপাতত মনে হয় যেন গ্রাম পঞ্চায়েতকে একটুখানি রেহাই দেওয়া হল। তাও হবার নয়। কারণ সেখানে আবার য়্যাসোসিয়েট সভ্যও রয়েছে। সেই য়্যাসোসিয়েট সভ্য সংশ্লিষ্ট জায়গার বাসিন্দা না হলেও চলবে; তাদের যোগ্যতা নির্ধারণের ব্যাপারে স্থানীয় মানুষের কোন রেফারেন্স লাগবে না। অর্থাৎ তাহা সরকারের এজেন্ট হিসাবেই কাজ করে যাবেন। এবং তাদের ভয়েই সমস্ত গ্রাম তটস্থ থাকবে। যেখানে গ্রাম পঞ্চায়েত গঠন করা হবে সেখানে গ্রাম কোথায় দাঁড়াবে তাও প্রশ্নের বিষয়। ওখানে একটা সমস্যা উঠেছে যে সেই গ্রাম পঞ্চায়েতের মধ্যে গ্রামের কি অবস্থা হবে, সেই গ্রামের সংজ্ঞা বা গণ্ডী কি থাকবে এবং তার অস্তিত্ব থাকবে কি থাকবে না। কারণ গ্রামসভার ব্যাপারে গ্রামের গণ্ডী ভাঙ্গা-গড়ার যাবতীয় ক্ষমতা সরকারের হাতে থাকছে। অর্থাৎ সরকার কর্তৃক নিযুক্ত যে একজন প্রেসক্রাইবড অথরিটি হবেন তিনি এই সমস্ত ক্ষমতা নিয়ে বর্তমান থাকবেন, এমনকি গ্রাম ভাঙ্গা-গড়া মিলন-বিয়োগ প্রভৃতি সব কিছু ব্যাপারেই তাঁর হাতে অখণ্ড ক্ষমতা থাকায় তিনিই সর্বময় হিসাবে সমস্ত নির্ধারণ করবেন। তাই আমি এখানে বিশেষ করে বলব যে বাংলায় গ্রামগুলিকে খণ্ড করা চলবে না। তার বদলে

গ্রামগুলিকে এ্যাসেট ধরে নিয়ে এক একটা গ্রামসভার চিন্তা করা হবে। অন্ততঃ এই কথাটা যদি এ বিলে গ্যারান্টি দেওয়া থাকত, আশ্বাস দেওয়া থাকত, তাহলেও বুঝতাম যে একটা জায়গায় কর্তৃপক্ষ থেমেছেন। তা না; গ্রামকে খুশীমতন তারা অদলবদল করে কোন থানাকে কোন সংস্থায় ফেলবেন, কোন কোন পাড়াতে কোন কোন গ্রামাংশকে টেনে আনবেন ইত্যাদি সমস্ত কিছুই তাদের হাতে রয়ে যাচ্ছে। অথচ এর নাম দেয়া হচ্ছে গণতন্ত্র, পঞ্চায়েত ইত্যাদি। নামের বেলায় সেটা গ্রাম পঞ্চায়েত হোক বা অঞ্চল পঞ্চায়েত হোক তার সংগঠন নিয়ন্ত্রণ সবাই থাকবে সরকারী হাতে। সুতরাং এক কথায় একে বলা যায় লং আর্ম অফ অথরিটি অর্থাৎ একটা অথরিটেরিয়ান স্টেট গড়ে তুলবার জন্যে সেই অথরিটিটাকে গ্রামের শেষ সীমা পর্যন্ত বিস্তার করা হচ্ছে। যা দেখে স্বয়ং হিটলারও লজ্জা পেতে পারেন সেইরকম একটা ক্ষমতা যাতে হাতে নেওয়া যায় সেজন্য সরকারপক্ষ আপ্রাণ চেষ্টা করছেন। অঞ্চলকে ভরসা দিয়ে তাদের মুখে মুখে বহু কাজের দায়িত্ব দিচ্ছেন এবং গোড়াতেই বলে রাখা হচ্ছে যে তারা যদি টাকা যোগাড় করতে পারে তাহলে সেসব কাজ হবে, তা না হলে হবে না। কাজেই টাকা যোগাড় হবে কি হবে-না সেই নিয়ে দুশ্চিন্তা করবারও প্রয়োজন সরকারের নেই। তাদের প্রয়োজন অথরিটিকে এস্ট্যাবলিস করা এবং সমস্ত মানুষকে টুটি টিপে সাইলেন্ট করান।

[At this stage the blue light was lit.]

আমাকে আর দু মিনিট দিতে হবে। এখানে মাননীয় সদস্য যোগেশবাবু কিছুক্ষণ আগেই বলে গেছেন যে যেখানে বৃটিশের একটা ভয়ের কথা ছিল সেখানে এদের ভয়ের কিছু কারণ নেই। তিনি বিরোধী পক্ষকে দেখাচ্ছেন যে তাদেরই নাকি ভয় বেশী হচ্ছে এবং অপর দিকে জালান সাহেবকে আশ্বাস দিচ্ছেন যে তিনি এমন একটা ভাল কাজ করাতে সমস্ত মানুষ খুশী হয়ে এতে ছুটে আসবে। এবং এ ছাড়া গলদ যদি কিছু থাকে তাহলে বিরোধীপক্ষ এই নিয়ে একটা বিশৃংখলা সৃষ্টি করতে পারে বলে বিরোধী পক্ষকেও আবার আশ্বাস দিয়েছেন। আমার কথা হচ্ছে যে তিনি সম্প্রতি পার্কসার্কাসে একটা ভিজিল্যান্ট পার্টি বা ভিজিল্যান্ট কমিটির অধিনায়ক হয়েছেন। সেজন্য বোধ হয় তাঁর মনটা সর্বদাই মিলিটারিজেশন বা রেজিমেনটেশন প্রভৃতি লাইনের দিকে মত্ত হয়ে আছে। ডিমোক্র্যাসিকে উনি মনে করেন রেজিমেনটেশনএরই নামান্তর। তাই রেজিমেনটেশন যত বৃদ্ধি হয় ততই ভাল। এতে দুর্বলের কণ্ঠরোধ দুর্দিনের জন্য সম্ভব হলেও ন্যায়ের চেয়ে অন্যায়ই আশা করা যায় বেশি। পার্কসার্কাস ভিজিল্যান্ট পার্টিএর ক্রিয়া কলাপ তার প্রমাণ। এবং এইসব কারণেই বোধ হয় ওখানে হামেশা দুর্ঘটনা ঘটছে।

তাই বলছি যে মন্ত্রীমহোদয় এখন যে অথরিটি এস্ট্যাবলিস করতে চাচ্ছেন তার আশ্রয়ে গণতন্ত্রের কণ্ঠরোধ না করে বা গণতন্ত্রের নাম নিয়ে একটা প্রহসন না সৃষ্টি করে তাঁর উচিত বাংলাদেশের বা ভারতবর্ষের গ্রাম্যজীবনের ধারা ধরে যে সভ্যতা এখনও দাঁড়িয়ে আছে তার প্রতি আর একটু শ্রদ্ধা প্রদর্শন করা। ভারতীয় ঐতিহ্যের ধারক হিসেবে একটা মাত্র খুটি বা ভিত হচ্ছে সেই গ্রাম্যজীবন, তাকেই প্রতিষ্ঠা করা হোক। এই গ্রাম্যজীবনের মূলে স্বায়ত্তশাসনের যে একটা মনোভাব এবং তার যে রক্ষাকবচ এবং ভারতবর্ষের এত অদলবদলের মধ্যে যারা আজও ভারতবর্ষকে ভারতবর্ষ বলে পরিচিত করে রেখেছে তারা হচ্ছে গ্রামের সাধারণ মানুষগুলি। যান্ত্রিকযুগে তাদের উন্নয়নের জন্য উপযুক্ত এক্সপার্টএর সাহায্য গ্রহণ করা দরকার। কিন্তু তাদের যে স্বায়ত্তশাসনের দবিটুকু আছে সেইটুকুকে লুপ্ত করে দিয়ে একটা নিষ্ঠুর ক্রিয়া অনুষ্ঠান করা উচিত নয়। গ্রামের জীবনে একটা সর্বাত্মক রেজিমেনটেশন আনা উচিত নয় এবং অথরিটারিয়ানিজমএর একটা সম্প্রসারিত হস্ত গণসিদ্ধান্তের নামে চালিয়ে দেওয়া উচিত নয়। এটাতে আজ যারা শাসনভারে আছেন বা থাকতে চান তাদেরই শুধু ক্ষতি তা নয়, ক্ষতি হবে সমস্ত দেশের। প্রতি ব্যাপারে জনসাধারণের যদি শ্বাসরোধ হয়, কেন্দ্র থেকে গ্রাম পর্যন্ত একটা ক্ষমতা যদি কেবলমাত্র রেজিমেনটেশনএর উপর নির্ভর করতে চায় তার ফলে 'জো হুকুম' ছাড়া আর কোন জিনিষ প্রতিষ্ঠিত হবে না। তার মানে পঞ্চায়েতের নামে গণতন্ত্রের একটা সর্বনাশই হবে রচিত। এই জন্যেই আমি বলছি যে এইদিকে লক্ষ্য করে মন্ত্রীমহোদয় এখনও ভালভাবে এটাকে সংশোধন করে নিয়ে পঞ্চায়েতের নামে একটা ভাল বিল সভাগৃহে আনুন।

**Sj. Tarapada Bandopadhyay:** Mr. Speaker, Sir, from the trend of the discussion in this House it is clear that this Bill is a contentious and also a controversial one. Therefore, I think, Sir, that this Bill should not be pressed and passed during this tag end of the present life of this Assembly specially when we have the prospect of having here the newest choice of the people very soon who will be better apprised of the aims, current thoughts and desires of the people, who will be in a better position to give this Bill a lasting and proper shape. I think this Bill is nothing but a reduplication, a revised and enlarged edition of the existing Village Self-Government Act but I cannot say that it is also an improved edition of that Village Self-Government Act. Well, Sir, the proposed *Anchal Panchayat* is a counterpart of the union board but to that has been added the *Gram Panchayat* and *Gram Sabha* as well. I think the existence side by side both of the *Gram Panchayat* and the *Anchal Panchayat* will not serve the best interest of the country. These two institutions will clash with each other, they will contradict each other. Their jurisdiction will overlap. Therefore, I think for the present it would be sufficient for all practical purposes if we have *Anchal Panchayat*. If this *Anchal Panchayat* is constituted of members elected by and from the constituent *grams*, each *gram* electing at least one member. Now, Sir, these *panchayats* have been given all sorts of powers and responsibilities from the sewing of the shoe to the chanting of the *Chandi*. But I would beg to submit that these powers and responsibilities have at the same time been hedged in by so many interferences from the prescribed authority. The prescribed authority is there. He will appoint the Secretary, he will appoint some associate members, he will do and undo, in season and out of season, many of the deliberations of the *Anchal Panchayat* and *Gram Panchayat*. I should say that from this Bill all the interferences by the prescribed authority should be eliminated. These *panchayats* should be allowed to grow both through failures and through successes according to their own genius and by so doing they can achieve the standard.

Again, Sir, I am against all sorts of nominations and all sorts of indirect elections. Therefore, it is my definite desires to submit to this august House that indirect election should be eliminated and *Anchal Panchayat* should be elected directly on adult suffrage and also by secret ballot voting. This point should be made clear here in this legislation. It has been kept vague; it should not be left to the rules. Here and now it should be made clear within the provisions of this Bill that all elections should be made on adult franchise and by the process of secret ballot voting. I would also think, Sir, that when so many things have been entrusted to the care of these *Anchal Panchayats* and *Gram Panchayats* there is every possibility of their imposing new and fresh taxes on the already rack-rented and overtaxed people. Therefore, it should be made clear here and now that the *Anchal Panchayat* or for the matter of that the *Gram Panchayat* should not be allowed to tax the villagers in any way which would be more than the taxes that they have now got to pay to the union boards.

[11-10—12-20 p.m.]

Again, I fully associate myself with what has been said by Rakshahari Babu in the matter of *Naya Panchayat*. Of course, dispensation of pure justice and strict justice is the very core and essence of democracy. Democracy can grow and can develop only where there is provision for dealing out of strict justice, irrespective of any party, irrespective of any caste or creed. This *Naya Panchayat* is going to have absolute jurisdiction, exclusive jurisdiction—I should say—in the matter of deciding certain criminal cases as also certain civil cases. But I should say, Sir, that they should be given only

concurrent jurisdiction—they would be only counterparts of the union benches and union courts. Sir, we have not a very happy experience of the actions and traditions of these union benches and the union courts. They have not been able to build up a good tradition for themselves. Therefore, it cannot be expected that by the passing of this Bill there would be sudden metamorphosis and the *Naya Panchayat* will all on a sudden achieve a very high standard. So, Sir, we should advise some caution in this matter. They should be given concurrent jurisdiction and the right of appeal should also be there. This will ensure justice and this will save the village people from many malpractices and many injustices.

**Sj. Lalbehari Das:**

সভাপাল মহাশয়, গ্রাম প্রধান আমাদের দেশের গ্রাম্য অর্থনীতি তথা সমাজ আজ একটা বিপর্যয়ের সম্মুখীন হয়েছে, দীর্ঘ ২০০ বছরের অগণতান্ত্রিক, হৃদয়হীন আমলাতন্ত্রের অধীনে থেকে সমাজ ধ্বংসে হয়ে গেছে, গ্রামগুলি শ্মশানে পরিণত হয়েছে। সেই গ্রামকে এবং গ্রামের সমাজকে এবং গ্রামের অর্থনীতিকে পুনর্জীবিত করার জন্য বহুকাল যাবত গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠার দাবি করা হয়েছিল যে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামবাসীরা তাদের প্রাথমিক চাহিদা যাতে পেতে পারে, তাদের প্রাথমিক প্রয়োজন যাতে মেটাতে পারে, সেই জন্যই পঞ্চায়েতের দাবি করা হয়েছিল। এবং যাতে এই পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের শান্তি রক্ষা ও বিচার ছাড়াও খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, পথঘাট, কৃষি ও কুটিরশিল্পের উন্নতির জন্য চেষ্টা করতে পারে এবং আকস্মিক বিপদে ও জরুরী অবস্থায় সাহায্যের জন্য সহানুভূতিহীন আমলাতন্ত্রের মুখাপেক্ষী না হয়ে নিজেদের ব্যবস্থা নিজেরাই করতে পারে, তা ছাড়া দেশের যাবতীয় উন্নতিমূলক কাজের দায়িত্বও কিছুটা বহন করতে পারবে যার ফলে রাষ্ট্র পরিচালনার ব্যাপারে গ্রামবাসীরা প্রত্যক্ষভাবে অংশীদার হওয়ার সুযোগ পাওয়ায় উৎসাহিত হয়ে উঠতে পারবে এবং বুঝতে পারবে—যে দেশের শাসন ব্যাপারে, ও শাসন ব্যবস্থায় আমরা রয়েছি, সেইজন্য গ্রামের লোকের হাতে ক্ষমতা দেওয়া হবে এইরকম পঞ্চায়েতেরই দাবি করা হয়েছিল। এবং সেই রকমের পঞ্চায়েত প্রতিষ্ঠিত হলেই দেশের শিরায় শিরায় নতুন একটা প্রাণের উৎসাহ ও উদ্যম আসবে—যে উৎসাহ আমলাতন্ত্রের মাধ্যমে কোটি কোটি টাকা খরচ করেও সরকার দেশের সর্বত্র সঞ্চারিত করতে পারছেন না। ফলে তাঁদের সমস্ত প্রচেষ্টা পণ্ডশ্রমে পর্যবসিত হচ্ছে। আমরা আশা করেছিলাম পশ্চিম বাংলা সরকার যে বিল আনবেন তা দ্বারা এমন পঞ্চায়েত গঠন হবে যার মাধ্যমে এই বিরাট জনশক্তিকে জাগরিত করে নবীন কর্মের উদ্যমে উৎসাহিত করবেন, এই জনশক্তিকে নিজেদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করবেন, এমন একটা মনোভাবের সৃষ্টি করতে সক্ষম হবেন যে জনসাধারণ ও রাষ্ট্র বা সরকার পৃথক নয়, একই সত্তা, এই অনুভূতি জনসাধারণের মনেপ্রাণে উপলব্ধ হওয়ার ফলে সংঘর্ষের অবকাশ অবলুপ্ত হয়ে সহযোগিতার ভাব জনসাধারণের মধ্যে সঞ্চারিত হবে। কিন্তু এই বিলটি দেখে আমরা হতাশ হয়েছি। যেভাবে বিলটি আনা হয়েছে তাতে গ্রাম পঞ্চায়েতের দায়িত্বকে, ক্ষমতাকে নানাভাবে বিঘ্নিত করা হয়েছে। গ্রাম পঞ্চায়েতের মাথার উপর প্রায় প্রতিটি ক্ষেত্রে প্রেসক্রাইবড অথরিটির খাঁড়া ঝুলিয়ে রাখা হয়েছে। প্রথমত পঞ্চায়েত গঠনের ক্ষমতা সরকার নিজের হাতে রেখেছেন। প্রতিটি ক্ষেত্রেই প্রেসক্রাইবড অথরিটির মাধ্যমে সরকারের কর্তব্য করবার ব্যবস্থা রয়েছে। তারপর প্রথম পঞ্চায়েত সরকার মনোনীত করবেন, এইরকম একটা অগণতান্ত্রিক ব্যবস্থা অবলম্বনের কারণ কি? এই গণতান্ত্রিক বিরোধী ব্যবস্থা এই পঞ্চায়েতের মাধ্যমে চালু করবার উদ্দেশ্য কি? আমার বন্ধুবর বলেছেন আগামী নির্বাচনে কংগ্রেস যাতে সুবিধা করতে পারে—নির্বাচন বৈতরণী যাতে পেরিয়ে যেতে পারে, সেইজন্য প্রথম যে পঞ্চায়েত হবে সেই পঞ্চায়েতকে সরকারের কর্তৃত্বাধীনে রাখবার জন্য এই প্রচেষ্টা, নমিনেসানের ব্যবস্থা করে কতকগুলি লোককে নিজেদের অধীনে রেখে দেবেন। গ্রাম পঞ্চায়েতের মধ্যে এই যে সরকারের দালাল বসাবার ব্যবস্থা করছেন এর উদ্দেশ্য তাঁরা খুলে না বল্লেও আমরা পরিষ্কার বুঝতে পারি।

তারপর গ্রাম পঞ্চায়তের উপর আবার অঞ্চল পঞ্চায়েত কেন? গ্রাম পঞ্চায়েতের এলেকা. কতটুকু হবে? আর অঞ্চল পঞ্চায়েতই বা কতটা এলেকার উপর থাকবে? বিলে তা কিছু

পরিষ্কার হয় নি। আমাদের দাবি ছিল অনধিক ১০ হাজার লোকের উপর একটিই পঞ্চায়েত হবে। কিন্তু এ বিলে সে দাবি পূরণ করা হয় নাই। তারপর পঞ্চায়েতের কর্তব্য তালিকায় অনেক কিছুর উল্লেখ আছে, কিন্তু সেগুলি সম্পন্ন করবার মত সংগতি ও ক্ষমতা গ্রাম পঞ্চায়েতকে দেওয়ার ব্যবস্থা বিলে নাই। এই বিলে গ্রাম পঞ্চায়েতকে কতকগুলি কাজ নির্দিষ্ট করে দিয়ে তার জন্য যথানির্দিষ্ট পর্যাপ্ত অর্থ সাহায্যের ব্যবস্থা রাখা উচিত ছিল। বর্তমান অবস্থায় প্রত্যক্ষভাবে কর আদায়ের দায়িত্ব পঞ্চায়েতকে দেওয়া উচিত নয়, বলে মনে করি। তার কারণ হচ্ছে এই যে যেখানে বর্তমানে করধার্যের ব্যাপারে গ্রামের লোকের মধ্যে অসন্তোষ রয়েছে, সেখানে আবার পঞ্চায়েতকে আরো বেশী কর ধার্য করে উন্নয়নমূলক কাজ করতে যদি হয় তাহলে এমন একটা বিক্ষোভ ও সংঘর্ষের সৃষ্টি হবে যে তাতে অনর্থক শক্তি সামর্থ্যের অপচয় ঘটানো ছাড়া আর কিছুই হবে না। একেই গ্রামগুলি দলাদলি ও কায়েমী স্বার্থের শোষণের চাপে নিষ্পেষিত হয়ে আছে তার উপর কর ধার্যের ব্যাপারে সেটা আরো বাড়বে, ও লোকের ক্লেশের কারণ ঘটবে। সরকার যেভাবে ট্যাক্স ধার্য করছেন তার উপরে পঞ্চায়েতের দ্বারা অপর ট্যাক্স আদায়ের অবকাশ আছে বলে আমি মনে করি না। এবং সেটা করতে হলে লোকের আয় বাড়াতে হবে, তাদের জীবনযাত্রার মান আরো উন্নততর করতে হবে।

যেভাবে বিল আনা হয়েছে তাতে পল্লীবাসীরা এটা গ্রহণ করতে উৎসাহিত হয়ে এগিয়ে আসবে বলে আমি মনে করি না। সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি জালান সাহেবকে বলতে চাই তিনি এমন একটা বিল নিয়ে আসুন যাতে করে পল্লীবাসীদের প্রকৃত গণতান্ত্রিক অধিকার দিতে পারেন। এই বিলের প্রতিটি ধারায় তিনি প্রতিক্রিয়াশীলতাকেই প্রশ্রয় দিয়েছেন এবং সরকারের কর্তৃত্ব বজায় রাখবার চেষ্টা করেছেন এবং এই অপপ্রয়াসের ফলে বিলের উদ্দেশ্যই ব্যর্থ হবে।

উপসংহারে আমি তাঁকে এই আবেদন জানাতে চাই—তিনি গ্রামবাসীদের গণতন্ত্রের আস্বাদ পাওয়ার জন্য প্রকৃত সুযোগ যেন দেন ; এবং এই অগণতান্ত্রিক বিলের পরিবর্তে আরো গ্রহণ-যোগ্য করে, অনর্থক জটিলতা পরিহার করে ধারা উপধারার মারপ্যাচ যতদূর সম্ভব কম করে, আরো এটাকে সরল করে পল্লী অঞ্চলে ফেডারেল ব্যবস্থার অনুকরণের প্রয়াসের পরিহার করে গ্রামের সরল ও সহজ বুদ্ধির লোকদের গণতন্ত্রের প্রকৃত স্বাদ পাওয়ার সুযোগ যাতে দেওয়া যায় এইরকম বিল নিয়ে আসুন।

[12-20—12-32 p.m.]

**Sj. Sasabindu Bera:**

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি সিলেক্ট কমিটি থেকে ফিরে এসেছে, কিন্তু এর কোন মৌলিক পরিবর্তন হয় নি। সিলেক্ট কমিটিতে পাঠাবার পূর্বে আমরা এই বিল সম্বন্ধে বহু আলোচনা করেছিলাম, তথাপি ঠিক সেই আলোচনার ভিত্তিতে এর মধ্যে কোনই পরিবর্তন হয় নি। তার কারণ অত্যান্ত স্পষ্ট। পঞ্চায়েতের যে স্পিরিট সেই স্পিরিট বোধ হয় যাঁরা এই বিল আনয়ন করেছেন তাঁদের বোধগম্য নয়। শহরের আওতায় যারা মানুষ, শহরের সঙ্গে যাদের যোগাযোগ, গ্রামীন জীবনের সঙ্গে যাদের ঘনিষ্ঠ এবং নিবিড় যোগাযোগ নেই তাদের পক্ষে পঞ্চায়েতের ব্যাপারটা ঠিক উপলব্ধি করা সম্ভব নয় বলেই আমার মনে হয় এবং সেজন্যই বোধ হয় পঞ্চায়েত বিল এইরকমভাবে আমাদের সামনে উপস্থিত হয়েছে। পঞ্চায়েত সম্বন্ধে ধারণা গান্ধীজীর থাকা সম্ভব, জালান সাহেবের সেরূপ থাকা সম্ভব নয় বলেই আমার মনে হয়। সেজন্যেই এই বিলটির এইরকম আকার হয়েছে এবং সেই জন্যেই এই বিলটির দ্বারা সত্যিকার পঞ্চায়েত ব্যবস্থার পুনঃপ্রবর্তন করা সম্ভব যে নয় সেটা বিলটি আলোচনা করলেই সহজে বুঝতে পারি।

প্রথমেই আমরা এই বিলে দেখেছি যে গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের যে এরিয়া হবে তার সম্বন্ধে কোন সুনির্দিষ্ট নির্দেশ এর মধ্যে নেই। পঞ্চায়েত যখন করতেই হবে, তখন গ্রামের যেসমস্ত মানুষের মধ্যে নিবিড় সংযোগ রয়েছে, যারা বরাবর একাত্মভাবে বসবাস করে আসছে, যারা নিজেদের গ্রামের সর্বকিছু ভাল মন্দকে নিজেদের বলে মনে করছে, এক পরিবারের মতন যারা চিরকাল বসবাস করে আসছে তাদের কোন রকমেই বিচ্ছিন্ন করা চলবে না এবং তাদের

সঙ্গে অন্য কোন এলাকাকে জোর করে জুড়ে দেওয়া চলবে না—এই মূল নীতিটা এলাকা নির্ধারণের ক্ষেত্রে স্পষ্ট থাকাই উচিত, কিন্তু এই বিল যাঁরা এনেছেন তাঁদের মধ্যে এই ধারণা প্রবেশ করে নি। যদি এই ধারনা তাঁদের থাকত তাহলে আজকে এই যে বিল এসেছে এই বিলের মধ্যে পঞ্চায়েতগুলির এলাকা কি হবে সেটার নির্দেশ দেওয়া থাকত। শুধু তাই নয় সেকশন ৫-এর মধ্যে আমরা দেখেছি যে এলাকাগুলোকে পরিবর্তন করবারও ব্যবস্থা রয়েছে। অর্থাৎ সেখানে আমরা দেখছি যে একটা গ্রাম পঞ্চায়েত এলাকাকে ইচ্ছামত খণ্ডবিখণ্ড করা যাবে এবং একটা গ্রাম পঞ্চায়েত এলাকাকে অন্য একটা গ্রাম পঞ্চায়েত এলাকার সঙ্গে সংযুক্ত করা যাবে। গ্রামীণ জীবনের সঙ্গে যাদের যোগাযোগ আছে, যারা গ্রামের লোকেদের দ্বারাই তাদের নিজেদের সবকিছু ব্যাপার—বিচার ব্যাপারই হোক, বা উন্নয়নমূলক কাজের কথাই হোক ইত্যাদি সবকিছু করান হবে—এই কথা যারা চিন্তা করেন তাঁরা এইরূপ ব্যবস্থার কথা কল্পনা করতে পারেন না। কিন্তু এইরকম ব্যবস্থাই এখানে রয়েছে। তাঁরা যদি গ্রামীণ জীবনের মূল কথাগুলি বুঝতেন তাহলে তাঁরা এই নমিনেশনএর কোন ব্যবস্থাই করতেন না। গ্রাম পঞ্চায়েত ব্যাপারে লোকে বহুদিন থেকে আশা করে এসেছে যে ইউনিয়ন বোর্ডের পরিবর্তে গ্রাম পঞ্চায়েত আমাদের মধ্যে আসবে এবং সেটা সম্পূর্ণভাবে ভারতীয় হবে, আমাদের নিজেদের সংস্কৃতি, রীতিনীতি ও শিক্ষাদীক্ষার সঙ্গে খাপ খাইয়ে প্রস্তুত করা হবে। কিন্তু এই যে পঞ্চায়েত আসছে সেটা ইউনিয়ন বোর্ডেরই একটা সংস্করণ থেকে যাবে, কারণ সেই সরকারী অফিসার, সেই নমিনেশান ইত্যাদি সবই এতে আছে। মাননীয় স্পীকার মহাশয়, যখন পঞ্চায়েতের প্রথম সংস্করণ গ্রামদেশে যাবে তখন গ্রামের লোক দেখবে যে সেখানে তাদের নিজেদের মনের মতন লোক কেউ নেই—সম্পূর্ণভাবে সরকার কর্তৃক মনোনীত প্রার্থী, সে এক বছরের জন্যেই হোক বা দু বছরের জন্যই হোক। প্রথমেই পঞ্চায়েতকে যদি এইভাবে জনসাধারণের সামনে ফেলা হয় তাহলে সেটা যে কি প্রতিক্রিয়ার সৃষ্টি করবে, সেটার সম্বন্ধে আমার মনে হয় যে যাঁরা এই বিল এনেছেন তাঁরা সেটা ভেবে দেখেন নি। বাস্তবিক এই পঞ্চায়েতকে গ্রামীণ জীবনের সঙ্গে এক করে দিয়ে গ্রামীণ উন্নতির কথা যদি তাঁরা চিন্তা করতেন তাহলে এইরকম ব্যবস্থা এর মধ্যে আসত না। গ্রামীণ জীবনের সঙ্গে যাদের সংযোগ আছে তাঁরা জানেন যে গ্রামীণ জীবনের মধ্যে, গ্রামীণ সমাজের মধ্যে তাদের একটা সেন্টিমেন্ট আছে এবং সেই সেন্টিমেন্টকে যতক্ষণ পর্যন্ত না আপনারা মর্যাদা দিচ্ছেন ততক্ষণ তাদের দ্বারা কোনরকম কাজ করান সম্ভবপর নয়। আমরা কোন গ্রামে যখন যাই তখন প্রথমেই তাদের এই কথাই বলতে হয় যে আপনাদের গ্রামের ব্যাপার আপনারা নিজেরাই ঠিক করুন। পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে সরকারেরও এই কথাই বলা উচিত ছিল। তা না করে সরকার প্রথমেই নমিনেশনএর ব্যবস্থা করছেন। অঞ্চল পঞ্চায়েতের ব্যাপারে দেখছি যে সেক্রেটারী হিসেবে সেখানেও সেই বাহিরের লোকই আসছে। ইউনিয়ন বোর্ডএ নির্বাচিত জনসাধারণের প্রতিনিধিদের হাতেই সমস্ত ক্ষমতা ছিল, তাদেরই এক্সিকিউটিভ অথরিটি ছিল, কিন্তু এখানে দেখছি যে সেই জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির উপরে এক্সিকিউটিভ অথরিটি হিসাবে থাকবেন গভর্নমেন্টের নিয়োজিত ব্যক্তি। কাজেই এইসব ক্ষেত্রে এই বিলের দ্বারা গ্রামের মানুষকে পঞ্চায়েত মনোভাবাপন্ন করে তোলা অসম্ভব হবে।

যাই হোক, আমি এই বিলের ভেতরে আর গেলাম না, কারণ বহু সদস্য এই বিষয়ে আলোচনা করেছেন আমি বিশেষ করে একটা দিকেই আমার আলোচনা নিবদ্ধ রাখলাম। পঞ্চায়েতের যে স্পিরিট, সেই স্পিরিটএর ভিত্তিতে যতক্ষণ পর্যন্ত না এই বিলটিকে নতুন করে গড়ে তোলা যায়, ততক্ষণ পর্যন্ত পঞ্চায়েতের যে উদ্দেশ্য সেটা শূন্যেই মিলিয়ে যাবে। সেইজন্য আমি বলব যে এটাকে পুনরায় সিলেক্ট কমিটিতে প্রেরণ করুন এবং নতুন আলোকে আবার নতুন করে তৈরী করে বিল নিয়ে আসুন।

**Dr. Krishna Chandra Satpathi:**

মাননীয় স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে যে এই পঞ্চায়েত বিলটা যেভাবে রচিত হবে আশা করেছিলাম, তাতে সিলেক্ট কমিটি থেকে ফিরে আসবার পরও আমরা দেখছি যে গ্রামগুলিকে স্বয়ং সম্পূর্ণ করবার দিক থেকে যে যে ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল তা সম্পূর্ণভাবে উপেক্ষিত হয়েছে। আজকে মনে হয় যে ইংরাজ শাসন ব্যবস্থায় জনসাধারণ নিজেদের

অধিকার অর্জন করবার জন্য বহু আন্দোলন করবার পর যেটুকু কৃপাকণা শাসকবর্গ দিয়াছিল বা দিতে বাধ্য হয়েছিল, ঠিক সেইরকমে এই বিলের মধ্যে দিয়ে আমাদের বর্তমান শাসকবর্গের মনোভাবই ফুটে উঠেছে। কারণ পঞ্চায়েত বিলের মধ্যে দিয়ে গ্রামের লোকেদের ব্যক্তি স্বাধীনতা, যাতে তারা স্বাধীনভাবে কাজ করতে পারে তার কোন ব্যবস্থাই এর মধ্যে দিয়ে প্রকাশিত হয় নি। বরং দেখা যায় অসংখ্য বাধা নিষেধের মধ্যে দিয়ে যেটুকু সুযোগ সুবিধা বা নিজস্ব ক্ষমতা উপভোগ করছিল—সেই সমস্ত ক্ষমতা আরো সংকুচিত করা হচ্ছে। এর দ্বারা বুঝতে পারা যায় যে আমাদের শাসকবর্গ আমাদের দেশের লোককে মোটেই বিশ্বাস করতে পারে না। যার ফলে ক্ষমতা দেওয়ার নামে যেভাবে ক্ষমতাচ্যুত করে দিতে চাচ্ছেন তার দ্বারা গ্রামের কোনই উন্নতি হবে না। বিশেষ করে গ্রামের ক্রমবর্ধমান দুর্নীতির দিকে লক্ষ্য করে এই কথা বলা যায় যে এই পঞ্চায়েত বিলে তার প্রতীকার সম্বন্ধে বিন্দুমাত্রও একটি কথা বলা হয় নি।

এখানে আরো অনেক সদস্য মনোনীত সদস্য নিয়োগের বিরুদ্ধে বহু কথা বলেছেন, আমি জালান সাহেবকে শুধু একটি কথা বলতে চাই যে, সরকার যে মনোনীত সদস্যের ব্যবস্থা গ্রাম পঞ্চায়েত বিলে রেখেছেন সেটার দ্বারা কোন কাজ হবে না। কারণ মন্ত্রীমহাশয়ের অভিজ্ঞতা আছে নিশ্চয় যে খড়্গপুর মিউনিসিপ্যালিটিতে প্রথম গঠনে ঘোষণা দ্বারা নমিনেশন ব্যবস্থা করা হয়েছে। যার ফলে সেখানে বাঞ্ছিত ফল লাভ ত হয় নি, সরকারী বহু টাকা বরবাদ হয়েছে, তাঁরও দুর্ভোগ কম ভুগতে হচ্ছে না এই দুবৎসর ধরে ; সরকারেরও দুর্নাম হচ্ছে। সেটা উপলব্ধি করা দরকার। সেইজন্য আমি অন্যান্য সদস্যদের সঙ্গে একমত হয়ে বলতে চাই যে এই মনোনয়ন প্রথা সম্পূর্ণরূপে রহিত করা দরকার। স্বাধীনভাবে কাজ করতে হলে সরকারী নিয়োগের বদলে তাদের নিজেদের নির্বাচনের উপর সম্পূর্ণ করা দরকার। কাজের মধ্যে ভুলত্রুটি যদিই বা হয় নিজেরাই সংশোধন করে নিতে পারবে। আমরা এখানে দেখতে পাচ্ছি যে সেক্রেটারী থেকে আরম্ভ করে চৌকিদার, দফাদার সমস্তই নিয়োগ করবার ক্ষমতা পঞ্চায়েতের হাতে থাকবে না সরকারী মর্জির উপর নির্ভর করবে—এ কি রকম স্বায়ত্তশাসন গ্রামে চালু হবে জানি না।

আর একটা কথা, আমরা দেখছি যে, 'গ্রামসভার' যে ব্যবস্থা এই বিলের মধ্যে আছে এবং এটা মনে হয় শুধু এই বিলের কেবলমাত্র শোভাবর্ধন করার জনাই আছে। কারণ গ্রামসভার কি কাজ, কি কর্তব্য তা এই বিলের মধ্যে কোথাও নেই। এই নিয়ে অন্যান্য সদস্যরা আলোচনা করে গিয়েছেন। আমি আর এ নিয়ে আলোচনা করবো না।

গ্রাম পঞ্চায়েতকে অঞ্চল পঞ্চায়েতের অধীনে রাখা হয়েছে। তার উপর আবার সরকারী কর্তৃত্ব প্রতিষ্ঠা হবে। কাজেই স্বায়ত্তশাসনের দায়ীত্ব দেওয়ার নামে গ্রামের লোককে নিতান্ত অবহেলা ও বিদ্রুপ করা হচ্ছে। তারপর অন্যান্য ব্যাপারের মধ্যে দেখা যাচ্ছে পঞ্চায়েতের উপর বহু প্রভু খাড়া করা হয়েছে। এস. ডি. ও. ডি. এম. রয়েছেন, রাজ্যসরকার রয়েছেন, কেন্দ্রীয় সরকার রয়েছেন, অধিকন্তু আবার ডিস্ট্রিক্ট বোর্ডকেও চাপান হয়েছে। এতগুলি ত প্রভু। কিন্তু তাদের উদ্দেশ্য কার্যে পরিণত করবার জন্য যে অর্থের দরকার সে অর্থের সংস্থান করবার ব্যবস্থা এর মধ্যে দেখা যায় না বা কোন প্রভুই বিশেষ কোন দায়ীত্ব স্বীকার করেন নি এই ব্যাপারে। কাজেই দেখা যাচ্ছে এই অর্থ সংস্থানের জন্য তাদের দরকারমত টাকার জন্য যদি আবার ফিসজ ধার্য করতে যায় তাহলে গ্রামের আর্থিক ব্যবস্থা যা বিপর্যস্ত হয়ে রয়েছে তাতে পঞ্চায়েত কমিটি যদি আবার নতুন কর ধার্য করাতে যান তাহলে গ্রামের তো কোন উপকার হবেই না বরং গ্রামীণ অর্থনীতি যা বিপর্যস্ত হয়ে আছে তাকে আরও বিপর্যয়ের মুখে ঠেলে দেওয়া হবে। গ্রামাঞ্চলে যেখানে শতকরা ৭০-৮০ জন লোক বাস করে তাদের উন্নতির দিক দিয়ে কোন চেষ্টা তো করা হবেই না বরং তাদের আরও অধীনতা পাশে আবদ্ধ করবার জন্য এই পঞ্চায়েত বিল উপস্থিত করা হয়েছে। এর ভিতর দিয়ে গ্রামের অবস্থা অধিকতর শোচনীয় হওয়া ছাড়া ভাল হবে না বলে মনে করি।

**Mr. Speaker:** Sj. Bankim Mukherji is the last speaker. Let him begin on Monday.

## Adjournment

The House was then adjourned at 12-32 p.m. till 3 p.m. on Monday, the 16th July, 1956, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 16th July, 1956, at 3 p.m.

**Present:**

Mr. Speaker (The Hon'ble SAILA KUMAR MUKHERJEE) in the Chair, 16 Hon'ble Ministers, 9 Deputy Ministers and 196 Members.

## UNSTARRED QUESTIONS

**(answers to which were laid on the table)**

[3—3-10 p.m.]

[Left over unstarred question No. 16 was called.]

**Sj. Saroj Roy:**

স্পীকার মহাশয়, ১৫ নম্বর প্রশ্নের উপর আমার সাপ্লিমেন্টারি আছে।

**Mr. Speaker:**

১৫ নম্বর প্রশ্ন সেদিন হয়ে গিয়েছে।

**Sj. Saroj Roy:**

সেদিন ১৫ নম্বর প্রশ্নটা শুধু ডাকা হয়েছিল ; তার উপর একটাও সাপ্লিমেন্টারি হয় নি।

**Sj. Jyoti Basu:** The other day No. 15 was called. No supplementaries were possible because it was 4 o'clock.

**Mr. Speaker:** Most of the supplementaries were over.

**Sj. Hemanta Kumar Basu:** No. 15 was called but they could not put supplementary questions.

**Mr. Speaker:** Large number of supplementaries were put.

**Sj. Bankim Mukherji:**

আপনি বলেছিলেন ৪টা বেজে গিয়েছে, সুতরাং সাপ্লিমেন্টারি আর হবে না ; এবং একথাও বলেছিলেন যে, এটা হেল্ড ওভার থাকবে।

**Mr. Speaker:** Then I will allow.

[*Supplementaries to unstarred question No. 15.*]

**Sj. Saroj Roy:**

উত্তরে আপনি বলেছেন, সরকার অবগত নয়। আমার এই প্রশ্ন দেওয়ার পরে ডিস্ট্রিক্ট সিভিল সার্জেনএর মারফৎ সেখানে লোক্যাল মেডিক্যাল এ্যাসোসিয়েশনএর প্রেসিডেন্টএর কাছে এ বিষয় কোন তথ্য চাওয়া হয়েছিল কি?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না এইরকম কোন তথ্য আমার কাছে আসে নি, বা চাওয়া হয় নি।

**Sj. Saroj Roy:**

(৩) নম্বরেতে বলেছেন ইহা সত্য নহে। ঐ অঞ্চলে বিজ্ঞানসম্মত উপায়ে সরকারী রোগ নির্ণয় ব্যবস্থা আছে কি না?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

রোগের সেন্সাস করা হয় নি। ভাইটাল স্ট্যাটিসটিক্স নেওয়া হয়, এবং ইনফেকশাস ডিজিজ রিপোর্ট আছে। কিন্তু টিউবারকুলোসিস কত লোকের মধ্যে আছে সেরকম কোন সেন্সাস করা হয় নি।

**Sj. Saroj Roy:**

আমার প্রশ্ন ছিল সময়মত রোগনির্ণয়ের জন্য বিজ্ঞানসম্মত ব্যবস্থা ঐ অঞ্চলে নেই। তাতে আপনি বলেছেন, ইহা সত্য নহে। এখন আমার প্রশ্ন হচ্ছে, সরকারের এমন কি কি ব্যবস্থা রয়েছে যাতে আপনি বললেন ইহা সত্য নহে।

**The Honble Dr. Amulyadhan Mukharji:** Midnapore Sadar হস্পিট্যালএ for the diagnosis and treatment of the tuberculosis কেসেসএর ব্যবস্থা আছে এবং এর জন্য ২০টা শয্যা আছে ও একটা চেস্ট ক্লিনিক আছে; এবং তা ছাড়া সেখানে সন্দেহযুক্ত লোক গেলে তার এক্স-রে, স্পুটাম ও ব্লাড এক্সামিনেশনএর ব্যবস্থা আছে।

**Sj. Saroj Roy:**

আমার প্রশ্ন ছিল ঐ অঞ্চলের, যে অঞ্চলের বিবরণ দেওয়া আছে, গড়বেতা, শালবনী, কেশপুর থানার গ্রামাঞ্চলে; তার ভিত্তিতে আমার প্রশ্ন ছিল, আর আপনি জবাব দিচ্ছেন মেদিনীপুর থানা সম্পর্কে। আমার প্রশ্ন হচ্ছে এখানকার গ্রাম অঞ্চলের কাছাকাছি কোন জায়গায় রোগ নিরাময়ের জন্য কোন ব্যবস্থা আছে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

জেলা সদরে বা মহকুমায় বা থানায় সমস্ত স্বাস্থ্য পরিকল্পনা অনুযায়ী চিকিৎসাকেন্দ্র আছে এবং সেখানে, সেই জেলার সব লোকের আসবার সুযোগ আছে। তাই প্রত্যেক থানায় চেস্ট ক্লিনিক খোলার ব্যবস্থা হয়েছে; থানা ও ইউনিয়নএতে এখনও চেস্ট ক্লিনিক করতে পারা যায় নি। তবে আমাদের পরিকল্পনা আছে প্রত্যেক জেলা ও মহকুমায় যেখানে যেখানে ইলেক্ট্রিক ইউনিট এ্যাভেলেবেল সেখানে চেস্ট ক্লিনিক করা হবে।

**Sj. Bankim Mukherji:**

মাননীয় মন্ত্রীমহাশয় কি বুঝতে পেরেছেন যে, আপনার জবাবটা সত্য নহে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

না; যা হয়, তা ধরে নিতে পারেন।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি, যাকে ডিগ্রীর প্যাথোলজিস্ট হিসাবে সেখানে পাঠান হয়েছে, তিনি ছিলেন সার্জারির হাউস সার্জেন, তারপর ফিজিওলজির ডিমনস্ট্রেটর এবং তারপরে তাকে ফ্র্যাকচার ক্লিনিকএ এ্যাটাচ করা হয়েছিল; এবং এখন তাকে প্যাথোলজিতে পাঠান হচ্ছে। তিনি পূর্বে কখনও মাইক্রোস্কোপ নিয়ে প্যাথোলজিস্ট হিসাবে কাজ করেন নি।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এ প্রশ্নের উত্তর ওঠে না। তবে আপনি যে প্রশ্ন করলেন তার তদন্ত করব।

**Dr. Hirendra Kumar Chatterjee:**

এই তথ্যের সংশ্লিষ্টভাবে প্রশ্ন ওঠে: তার কারণ আপনি বললেন, এখানেতে এক্সামিন করবার, অ্যারক করবার লোক আছে।

**Sj. Saroj Roy:**

(খ)(১)এর প্রশ্নের উত্তরে আপনি বলেছেন—এইরূপ প্র...এখনও বিশেষ কারণ ঘটে নাই। এখন আমার প্রশ্ন হচ্ছে—ইহা কি সত্য, ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে কিছুকাল আগে ঝাড়গ্রাম টি বি স্যানিটোরিয়ামএ ৫ টাকা ফীতে আউট-ডোরএ এক্স-রে করার নির্দেশ দেওয়া হয়েছিল, এবং কয়েকজন লোককে ৫ টাকা ফীতে এক্স-রে করার পর, মিদনাপুর ডিস্ট্রিক্ট সিভিল সার্জেনএর অর্ডার অনুযায়ী সেই কাজ বন্ধ ক'রে দেওয়া হয়েছে।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

যেখানে এই স্যানিটোরিয়াম সিচুয়েটেড, সেটা খুব ঘনবসতি অঞ্চল নয়, কাজেই সেখানে আউটডোরএ চিকিৎসাব্যবস্থা বজায় রাখলে খুব বেশিসংখ্যক লোক উপকৃত হবে না বলে, সেখানে আউটডোর রাখবার কোন পরিকল্পনা গভর্নমেন্টের নেই।

**Sj. Saroj Roy:**

এই আউটডোর সম্পর্কে আমার সাপ্লিমেন্টারি হচ্ছে...

**Mr. Speaker:**

আনস্টার্ড কোয়েশ্চেনএর উপর এত সাপ্লিমেন্টারিজ হয় না।

You cannot have unlimited supplementaries, I have to stop somewhere.

**Sj. Saroj Roy:** This is not at all unlimited.

আমার প্রশ্ন হ'ল পাবলিক হেল্‌থ ডিপার্টমেন্ট থেকে এখানে ৫ টাকা ফীতে এক্স-রে করার জন্য একটা নির্দেশ দেওয়া হয়েছিল, সেই নির্দেশ ডিস্ট্রিক্ট সিভিল সার্জনএর অর্ডার অনুযায়ী কেন বন্ধ ক'রে দেওয়া হল?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এইরকম তথ্য আমার জানা নেই। তবে সংবাদ নেব।

**Sj. Saroj Roy:**

আপনি এই যে একটু আগে বললেন, কিছু কিছু খবর পাওয়া গিয়েছে। সেই কিছু কিছু খবরের উপর নির্ভর না করে, সরকারীভাবে সম্পূর্ণ তথ্য নেবার ব্যবস্থা করা হবে কিনা?

**Mr. Speaker:** That is a conditional; that is a hypothetical question.

**Sj. Saroj Roy:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, সরকারী ব্যবস্থায় সম্পূর্ণ তথ্য নেবার ব্যবস্থা হবে কিনা?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

এখন সম্ভবপর নয়।

**Sj. Saroj Roy:**

কতদিনে সম্ভবপর হবে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তা বলতে পারি না, কতদিনে সম্ভবপর হবে।

**Upgrading of Asansol L.M. Hospital**

16. **Dr. Atindra Nath Bose:** Will the Hon'ble Minister-in-charge of the Medical Department be pleased to state—

(*a*) whether Government have any scheme for the improvement of the Asansol L.M. Hospital; and

(*b*) if so, what is the scheme, and when it will be implemented?

**Minister for Medical and Public Health (The Hon'ble Dr. Amulyadhan Mukharji):** (*a*) Yes.

(*b*) To upgrade the Hospital.

**Sound nuisance created by the Boiler Factory, Agarpara, 24-Parganas**

17. **Sjkta. Mani Kuntala Sen:** (*a*) Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact—

(*i*) that Government received complaints some time in December, 1953, regarding sound nuisance issuing from the Boiler Factory near Agarpara Railway Station within Panihati Municipality; and

(*ii*) that Shri P. Ghosal, Deputy Magistrate of Barrackpore, made an inspection of the area affected by alleged sound nuisance some time in February, 1954, and submitted his report thereon?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state what are the findings of his report and what steps the Government have taken in the matter?

**Minister for Medical and Public Health (The Hon'ble Dr. Amulyadhan Mukharji):** (*a*) (*i*) Yes.

(*ii*) Shri P. Ghosal made a preliminary enquiry and submitted an incomplete report; whereupon the Subdivisional Officer, Barrackpore, and the District Magistrate, 24-Parganas, made personal inspection and enquiry and submitted full report.

(*b*) As the report of Shri Ghosal was incomplete the question of findings of the report does not arise.

Some criminal cases have been filed in the Court of Subdivisional Officer, Barrackpore, in this matter. Pending Court's order the question of Government taking action does not arise.

**Sj. Jyoti Basu:** Is it a fact that this enquiry by Shri P. Ghosal, Deputy Magistrate of Barrackpore, was made in the first instance as a result of complaints made to Prime Minister Nehru in December, 1953, with regard to sound nuisance?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Yes, he held an enquiry but that enquiry being an incomplete one the Subdivisional Officer, Barrackpore, held an enquiry and also subsequently an enquiry was held by the District Magistrict, 24-Parganas.

**Sj. Jyoti Basu:** Is it a fact that Shri Ghosal's report went against the Texmaco—the alleged incomplete report went against the Texmaco and as such the report was suppressed?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** No, it was not so. The District Magistrate was asked to hold an enquiry. This officer held an enquiry but the report did not reach the Government. The District Magistrate deputed the S. D. O., Barrackpore, to hold the enquiry; on his report the District Magistrate held the enquiry. Therefore, the report of Mr. Ghosal is not known to the Government.

**Sj. Jyoti Basu:** Who came to the conclusion that this report of Mr. Ghosal was incomplete?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** The District Magistrate, 24-Parganas.

**Sj. Jyoti Basu:** Did not they think it wise to call for that report and find out whether it was incomplete or not?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** The report submitted by the District Magistrate was accepted as the basis of the conclusion arrived at by the Government

[3-10—3-20 p.m.]

**Sj. Jyoti Basu:** Will the Hon'ble Minister please call for this report of Mr. Ghosal and place it before the Assembly so that we may see whether it was an incomplete report or not?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** Government did not ask any particular officer to hold an enquiry. The enquiry was asked to be conducted by the District Magistrate. If the District Magistrate deputed any officer, the District Magistrate did not send any report to the Government because he thought that the report was incomplete and he asked the S. D. O. to hold a comprehensive enquiry and he himself also held an enquiry and submitted a report This report is before us. After that we did not call for the incomplete report because that won't be helpful to the administration or anybody else

**Sj. Jyoti Basu:** Is it known to the Hon'ble Minister that in view of the fact that Mr. P. Ghosal's report—Mr. P. Ghosal was a Deputy Magistrate of Barrackpore—did not see the light of the day, there is a strong suspicion that in collusion with the Birlas this report has been suppressed.

**Mr. Speaker:** That is a matter of opinion.

**Dr. Narayan Chandra Ray:** Are you aware that Mr. P. Ghosal is no longer a Deputy Magistrate at Barrackpore?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:** I don't know.

**Sj. Monoranjan Hazra:**

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে ঠিক সেই সময়েই কি মিউনিসিপ্যালিটি সুপারসিডেড হয়েছিল?

**Mr. Speaker:** That supplementary does not arise out of this question.

**Pre-partition dues of tube-well contractors of Midnapore district**

**18. Sj. Janardan Sahu:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Public Health Department be pleased to state if it is a fact that the

dues of tube-well contractors of pre-partition period of Midnapore district are to be finally recommended by the Chief Engineer, Public Health Department, for payment?

(*b*) If the answer to (*a*) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(*i*) how many such cases of Midnapore district are now pending with the Chief Engineer, Public Health Department;

(*ii*) how many such cases have been disposed of;

(*iii*) what are the reasons of delay, if any, in disposing of such applications by the said Chief Engineer; and

(*iv*) whether Government consider the desirability of expediting the disposal of those applications?

**The Minister for Medical and Public Health (The Hon'ble Dr. Amulyadhan Mukharji):** (*a*) Yes.

(*b*)(*i*) Six cases of the same contractor.

(*ii*) Nil.

(*iii*) and (*iv*) The original bills were lost in transit and it took time to obtain duplicate bills and other particulars. The cases are now under final scrutiny of the Finance (Application Committee) Department.

**Sj. Janardan Sahu:**

একথা কি সত্য যে, এ্যাপ্রোপ্রিয়েশন কমিটি পাশ করে দিয়েছেন, টাকা দেওয়া হউক, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পুনঃ পুনঃ লিখছেন টাকা দেওয়া হউক। তা সত্ত্বেও এটা এক বছর চেপে রাখা হয়েছে, টাকা দেওয়া হচ্ছে না। যেখানেও দিয়েছেন ৫ টাকার বেশি দেওয়া হচ্ছে না। অফিস দিচ্ছে না বলেই এই গোলমাল, একথা কি মন্ত্রীমহাশয় অবগত আছেন?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

আমার কাছে যে রিপোর্ট আছে তাতে—

Shri Abinash Chandra Ganguly was given the contract for resinking of tube-wells in the district of Midnapore during the pre-partition period, viz., 1946-47 After the completion of the work, the said contractor submitted six bills amounting to Rs. 3,127-6 which were unfortunately lost in transit. Duplicate bills along with vouchers, completion certificates, etc., and the relevant particulars as asked for by the Application Committee were obtained by the Chief Engineer, Public Health Engineering, from the District Magistrate, Midnpore. The bills are now under final scrutiny of the Application Committee. No other case of dues of tube-well contractors of pre-partition period of the Midnapore district is pending.

**Sj. Janardan Sahu:**

আপনি বলেছেন ৫টা কেসএর ডিসিসন হয় নি।

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

হাঁ, ৫টা কেস।

**Sj. Janardan Sahu:**

কতগুলি তা হ'লে পেমেন্ট হয়েছে?

**The Hon'ble Dr. Amulyadhan Mukharji:**

তা বলতে পারি না, এ্যাপ্লিকেশন কমিটির উপর আমাদের হাত নাই। এ্যাপ্লিকেশন কমিটি পাশ করলেই তাঁরা পাবেন।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Hooghly Imambara

***33. Sj. Biren Banerjee:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(*a*) what was the annual income of Hooghly Imambara in the year 1945-46 and what was it in 1953-54;

(*b*) if it is a fact that due to the financial stringency charitable institutions, such as, Charitable Unani Dispensary, free hostels for Madrasah students attached to Imambara have been closed down;

(*c*) if so, does the Government propose to take any steps for keeping those institutions running;

(*d*) if it is a fact that employees attached to those different charitable institutions have not been paid their dues since partition; and

(*e*) if so, whether Government propose to clear up their dues at an early date?

**Chief Minister and Minister for Education (The Hon'ble Dr. Bidhan Chandra Roy):** (*a*) 1945-46 Rs. 54,523 (gross income). 1953-54—This is not available as the Imambara Committee did not submit any accounts for that year.

(*b*) Yes. These institutions used to be run out of money received from the Mohsin Endowment Fund. That Fund derives bulk of its income from the Syedpur Estate, which is under the management of the Collector of Khulna, now in East Pakistan. The said Collector used to remit Rs.5,000 per month to the Collector and Local Agent, Hooghly. The Collector of Khulna stopped remittance on the eve of partition and has not resumed it yet in spite of our best efforts. As a result, charitable purposes of the Trust cannot be performed.

(*c*) The matter is already under correspondence with the Government of East Pakistan. It is not, however, possible to restore the normal working of the Mohsin Endowment Fund unless a satisfactory arrangement in regard to the operation of the Fund is reached between the Governments of East and West Bengal.

(*d*) The employees attached to the Charitable Unani Dispensary have not been paid their arrear dues for want of funds, but the employees attached to the free hostel were paid their dues in full.

(*e*) Not possible for reasons stated under (*c*) and (*d*).

**Sj. Biren Banerjee:**

ইমামবারা কমিটির কি এখনও একজিসটেন্স আছে?

**The Hon'ble Dr. Bidhan Chandra Roy:** Sir, I will give you the whole history of the Mohsin Fund.

Haji Md. Mohsin executed a deed on 20th April, 1806, conveying certain properties to two Mutwallis named Rajab Ali Khan and Shakur Ali Khan, in trust, for the performance of certain religious and other benevolent work. The properties thus conveyed were (*a*) certain zamindary properties called the Syedpur Estate having properties in Jessore and

Khulna, (b) an Imambara at Hooghly and certain other properties. The purposes of the trust were to expend the proceeds from the Syedpur Estate in the following manner:—

(1) three-ninths on religious ceremonies and the upkeep of the Imambara;

(2) two-ninths on emoluments for the Mutwallis;

(3) four-ninths in maintaining the clerical establishment and in paying certain pensions.

জিনিসটা ছিল খুবই প্রতিক্রিয়াশীল—পঞ্চায়েত প্রথা যেটা প্রচলিত ছিল সেটা ছিল সমস্ত কিছু পরিবর্তনের বিরোধী। সেই যে পঞ্চায়েত প্রথা—যার উপর প্রতিষ্ঠিত ছিল গ্রাম্য পঞ্চায়েতগুলি—সেগুলি জাতির প্রতিনিধির দ্বারা গঠিত হলেও, ভারতবর্ষের যে জাতীয়তা ভাব, ভারতবর্ষের সমাজের যা কিছু সংস্কার তারই পুনরাবৃত্তি করা এবং তার থেকে এক বিন্দু যাতে বিচ্যুতি না হয় সেই ছিল সেইসব পঞ্চায়েতের কার্য। সেইরকম পঞ্চায়েত বর্তমান যুগে যেখানে পরিবর্তনের প্রয়োজন সেখানে সেটা কতখানি প্রযুক্ত হতে পারে, সেটাই হল আমার প্রশ্ন। এই সংবিধানে বিশেষ করে গ্রাম পঞ্চায়েত বলা হয়েছে কেন? এটাকে গ্রাম স্বায়ত্ত-শাসন বা ভিলেজ-সেলফ গভর্নমেন্ট বলা হল না কেন? তার কারণ আমার মনে হয়, যেহেতু পঞ্চায়েত কথাটার ভিতর একটু জনপ্রিয়তা আছে, ভারতবর্ষের গ্রামসমাজের এই পঞ্চায়েতের উপর আজ পর্যন্ত কিছুটা মোহ ও মায়া থাকার জনাই হয়ত -যারা সংবিধান প্রণয়ন করেছেন সে ভারত সরকার তাঁরা মনে করেছিলেন যে, পঞ্চায়েত নাম দিলে লোককে খানিকটা মুগ্ধ করতে পারা যাবে। এর মধ্যে পুরান পঞ্চায়েত প্রথার কোন কিছু হদিস বা নিদর্শন আমরা পাচ্ছি না। এটা পরিষ্কার পুরান বোতলে নূতন মদ ঢেলে চালু করা হচ্ছে। কিন্তু সেই নূতন মদ উৎকৃষ্ট নয়—অত্যন্ত নিকৃষ্ট। পুরান পঞ্চায়েত-প্রথা পাশ্চাত্য দেশের আধুনিক যে গণতন্ত্র -তার চেয়ে তার অনেক কিছু পার্থক্য আছে গঠনের দিকে পার্থক্য, কার্যকলাপ, ফাংশনএর মধ্যে পার্থক্য আছে। পাশ্চাত্য গণতান্ত্রিক পদ্ধতির একটা জিনিস হচ্ছে—সংখ্যা-গরিষ্ঠরাই শাসক এবং সংখ্যালঘুরা চিরকালই অবনত হয়ে থাকে। কিন্তু পঞ্চায়েত প্রথায় তার স্থান ছিল না। পঞ্চায়েত প্রথা হচ্ছে ইউন্যানিমাস, সকলে মিলে সকল লোকের সামনে একটা সিদ্ধান্তে আসবার ব্যবস্থা ছিল এবং এই ব্যবস্থাটা তারা ধারাবাহিকভাবে করত যদিও সেই জিনিসগুলি ছিল প্রতিক্রিয়াশীল। এই পঞ্চায়েত বিলে এইসব মায়ামমতার উপর ভিত্তি না করে সোজাসুজি বলা হচ্ছে গ্রামকে স্বায়ত্তশাসন দেওয়া হচ্ছে -তারা তাদের উন্নতি করবে, সংস্কার করবে কিন্তু দুঃখের বিষয়, গ্রামের যে স্বায়ত্তশাসনের কথা বলছেন অর্থাৎ পাশ্চাত্য গণতন্ত্রে যদি আমরা চাই তা হলে দেখা যাবে যে, এই পঞ্চায়েত বিল তার ধার কাছ দিয়েও যায় নি। এই পঞ্চায়েত বিলে ইউরোপে এবং অন্যান্য আধুনিক গণতান্ত্রিক দেশে যেসমস্ত কাউন্টি কাউন্সিল আছে যাদের উপর গ্রামের স্বায়ত্তশাসনের অধিকার দেওয়া হয়েছে তার কিছুমাত্র এতে দেওয়া হয় নি। এই পঞ্চায়েত বিলের সঙ্গে গণতন্ত্রের কোন সম্পর্ক নেই। এই বিলের উদ্দেশ্য হচ্ছে গণতন্ত্রের একটা আচ্ছাদন, একটা মুখোস দিয়ে তার ভিতর দিয়ে তাঁরা সরাসরি শাসন করবেন ইচ্ছামত দেশকে পরিচালিত করবেন। শুধু তার জন্য এই আইনে একটা মোহ বিস্তার করতে বলা হচ্ছে যে গ্রাম-সভা ও গ্রাম-পঞ্চায়েত সব কাজ করবে। এর মধ্যে সবচেয়ে বড় জিনিস দেখতে পাচ্ছি, এর মধ্যে গণতান্ত্রিক পদ্ধতির কিছুই নেই। এবং কিভাবে এই গ্রাম-পঞ্চায়েতগুলি গঠিত হবে তার থেকে আরম্ভ করে, তার উপর স্টেটএর কি কর্তব্য হবে, সেটা দেখলেই উপলব্ধি হবে যে একে কতটুকু ক্ষমতা দেওয়া হচ্ছে। আমাদের গ্রামে যেসমস্ত ইউনিয়ন বোর্ড আছে তার চেয়ে এখানে অ্যাডাল্ট ফ্র্যানচাইজ বা প্রাপ্ত বয়স্ক লোকদের ভোটাধিকার দেওয়া হয়েছে কিন্তু সেটা দেবার সঙ্গে সঙ্গে গভর্নমেন্ট অত্যন্ত আতঙ্কগ্রস্ত হয়েছেন। যদিও বিলের মারফত গ্রাম-সভাতে প্রাপ্তবয়স্ক লোকদের ভোটাধিকার দেওয়া হল—এতে তাঁরা ভাবলেন সর্বনাশ হবে এবং সেইজন্য প্রথম থেকে চেষ্টা হচ্ছে কোন ক্ষমতার অধিকার যাতে গ্রাম-সভার না থাকে। গ্রাম-সভার কাজ হবে স্বৈরাচারমূলক হুকুম পালন করে চলা। এখানে যে সিসটেমএ ইলেকশন হবে সেটা ইনডাইরেক্ট ইলেকশন। তার ফলে তাদের কাছেই ক্ষমতা কেন্দ্রীভূত হবে। এই গ্রাম-সভার হাতে কোন ক্ষমতা থাকবে না—ক্ষমতা যাবে অঞ্চল-পঞ্চায়েতের হাতে এবং এই ইনডাইরেক্ট সিসটেম অফ ইলেকশনএর ফলে তাদের হাতেই ক্ষমতা কেন্দ্রীভূত হবে। সেদিন ভারতবর্ষের প্রধানমন্ত্রী তিনিও এক জায়গায় বলেছিলেন যে আমাদের ভেবে দেখতে হবে এর পর থেকে বেসিস বা ফাউন্ডেশন অর্থাৎ তলায় থেকে যাবে গণতান্ত্রিক নির্বাচন সাধারণ নির্বাচন- তার উপরে থেকে যাবে ইনডাইরেক্ট ইলেকশন।

[4-10—4-20 p.m.]

তা দ্বারা স্পষ্ট বলতে চাচ্ছি, তা যদিও পরিষ্কার নয় কিন্তু এটুকু মনে হচ্ছে যতক্ষণ কংগ্রেস শাসন বিরোধিতা যত প্রকট, যত প্রসারিত হচ্ছে, যত ব্যাপক হচ্ছে—ততই আতঙ্কিত হয়ে

পড়ছে জনসাধারণ সম্বন্ধে, গণতন্ত্র সম্বন্ধে যতক্ষণ পর্যন্ত ভারতবর্ষের বহু পক্ষ গণতন্ত্র ছেড়ে অন্য পদ্ধতির কথা ভাবতেন ততক্ষণ পর্যন্ত কংগ্রেসের কর্ণধারগণ এই বলতেন। আজ যখন ভারতবর্ষের সমস্ত বিরোধীপক্ষ বাস্তবে গণতান্ত্রিক বিধিসম্মত উপায় গ্রহণ করছেন, আজ দেখতে পাচ্ছি কংগ্রেসপক্ষ ক্রমেই আতঙ্কিত হচ্ছে গণতান্ত্রিকতা সম্বন্ধে এবং গণতান্ত্রিকতাকে এতখানি তাঁরা ভয় পাচ্ছেন এবং প্রতি ব্যাপারেই নানা বিধিনিষেধের ভিতর দিয়ে সেটাকে তাঁরা কণ্টকিত করতে চেষ্টা করছেন, নইলে পর আজ অবাক হয়ে যেতে হয় মাননীয় মন্ত্রীমহাশয় যাঁর হাত দিয়ে কলকাতা কর্পোরেশন বিল নিয়ে এসেছেন তিনিই এই বিল নিয়ে আসছেন—তিনি আজও মনে করেন না কলকাতার নাগরিকের প্রত্যেকের ভোটাধিকার। একথা মনে করেন না যিনি, তাঁর স্বায়ত্তশাসন মন্ত্রিত্বে আসা উচিত নয়। কলকাতার প্রত্যেকটি নাগরিকদের রাস্তা পেরুতে কি চতুরতা বুদ্ধি-বিবেচনার পরিচয় দিতে হয় যা গ্রামের শিক্ষিত লোকের পক্ষেও তা সম্ভব নয়। এই কলকাতার মুটে-মজুররা পর্যন্ত যারা পৃথিবীর নানা বিষয়ে আজকে কিছু কিছু জ্ঞান লাভ ক'রে থাকে সেই কলকাতারই নাগরিকদের প্রত্যেকের ভোটাধিকার স্বীকৃত হল না এই স্বরাজ গভর্নমেন্ট দ্বারা। তারা এ্যাসেম্বলিতে নির্বাচন করে, পার্লামেন্টএ নির্বাচন করে কিন্তু কর্পোরেশনএর নির্বাচনে তাদের অধিকার নাই। যে মন্ত্রী এ জিনিসটা আজ পর্যন্ত করতে পারল না, তারই হাত দিয়ে আসছে এই গ্রাম-পঞ্চায়েত বিল। এবং প্রত্যেক জায়গায় দেখতে পাচ্ছি আইনের প্রতি পদক্ষেপে তারা সন্ত্রস্ত, পাছে গ্রামের লোকদের ক্ষমতা দেওয়া হয়, পাছে সেই ক্ষমতা অপব্যবহার করে, পাছে অন্য কিছু করে যায় তা হ'লে কি করে সেটা আমরা সামলাব। তিনি ভেবে নিয়েছেন বাংলাদেশের সমস্ত গ্রামের অধিবাসী নাবালক আর একমাত্র বুদ্ধিমান অভিভাবক তিনি এবং তাঁর মন্ত্রণাদাতারা। এঁরা ভেবে নিয়েছেন—সমস্ত দেশের গ্রাম-পঞ্চায়েতের কোন বুদ্ধিশুদ্ধি নাই, প্রতি পদে তারা অন্যায় করবে, প্রতি পদে হোঁচট খাবে, আইন বহির্ভূত কাজ করবে, প্রতি পদেই ডিসঅনেস্ট এবং অসৎ কাজ করবে এবং সেগুলি সামলাবেন এঁরা -এর নাম গণতন্ত্র। সভাপাল মহাশয়, এই কথা বলবার প্রয়োজন যে, গণতন্ত্রের মানে হচ্ছে সেখানে বার বার ভুল করবার অধিকার এবং যে ভুল উপর থেকে হুকুম দিয়ে কোন সংশোধন নয়, সে ভুল নিজেদের দায়িত্বে নিজেদের বুদ্ধি দ্বারা নিজেদের গণতান্ত্রিক গণচেতনা দিয়ে সে ভুলের সংস্কারের নাম গণতান্ত্রিকতা। সে গণতান্ত্রিকতা পঞ্চায়েত বিলের কোথাও নাই। অর্থাৎ সে গণতান্ত্রিকতায় পরিষ্কার কতকগুলি ক্ষমতা, অধিকার, ডিউটি, কর্তব্য, কোন সংস্থানের উপর দিয়ে দেওয়া সম্পূর্ণ দায়িত্ব, স্বাধীনতা। সে গণ্ডীর ভিতর দিয়ে সাঁতরাচ্ছে ; ডুবুক, ভাসুক এবং তাদ্বারা সাঁতার শিখুক এই হ'ল গণতান্ত্রিক পদ্ধতি। আমরা চেয়েছিলাম বহু শতাব্দীর লাঞ্ছনার পর ভারতবর্ষের গ্রামে গ্রামে এই গণতান্ত্রিক চেতনার উদ্বোধন হোক। ভারতবর্ষের প্রতি গ্রামে গ্রামে নাগরিক অধিকারবোধ জেগে উঠুক, এর জন্য এই পঞ্চায়েত বিল আনা হয়েছে। কিন্তু এই পঞ্চায়েত বিলে আমরা কি পাচ্ছি? প্রথমে পাচ্ছি এই যে, গ্রামে গ্রামসভা চলেছে তারা গ্রাম-পঞ্চায়েত নিযুক্ত করবে কিন্তু গ্রাম-পঞ্চায়েত থেকে অঞ্চল-পঞ্চায়েত নিযুক্ত হবে। আমি প্রয়োজন বোধ করি অঞ্চল পঞ্চায়েতের এমন কতকগুলি ব্যক্তি আছে যা গ্রাম-পঞ্চায়েতের সাধ্য নাই। তার যে অত্যন্ত সামান্য রকম আয় সে আয় দিয়ে কোনরকমেই গ্রামে বড় সংস্কার করা গ্রাম-পঞ্চায়েতের সাধ্য নয়। উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশে গ্রাম-পঞ্চায়েত করতে গিয়ে দেখা গেল তাদের গ্রাম-পঞ্চায়েতের যে ফান্ড তাতে কুলিয়ে উঠে না কোন উন্নতিসাধন। তার জন্য কতকগুলি গ্রাম-পঞ্চায়েতের কতকগুলি ক্ষমতা একত্রিত করে শক্তি একত্রিত করে কিছু করবার প্রয়োজন হয়েছে।

সেদিক থেকে অঞ্চল-পঞ্চায়েতের যে চিন্তা এই বিলের ভেতর রয়েছে, সেটা খুব ভাল। সমস্ত গ্রামের লোক যারা গ্রাম-পঞ্চায়েতকে নির্বাচিত করবে, তাঁরা যদি অঞ্চল-পঞ্চায়েতকে নির্বাচিত করেন তা হ'লে পর মন্ত্রীমহাশয়ের এই ধারণা যে, সেখানে অঞ্চল-পঞ্চায়েতের কর্তৃত্ব গ্রাম পঞ্চায়েতের উপর থাকে না। তাঁর ধারণা, সেই অঞ্চল-পঞ্চায়েতকে অর্থাৎ যেখানে সাধারণ প্রভু জনসাধারণ, তাঁরা যে একটা গ্রামের অধিবাসী, তাঁরা গ্রাম-পঞ্চায়েত নির্বাচিত করলেন, কিন্তু সেই গ্রামের এবং তার আশেপাশে গ্রামের সেই অঞ্চলের যারা জনসাধারণ, তাঁরা নির্বাচিত করলেন অঞ্চল-পঞ্চায়েত। অঞ্চল-পঞ্চায়েতের কর্তৃত্ব হল আরও একটু আঞ্চলিক, আরও সম্প্রসারিত। গ্রাম-পঞ্চায়েত তার কাছে কেন আনুগত্য স্বীকার করবেন না এবং গ্রাম-পঞ্চায়েতে যে ৯ জন, ১০ জন বা ১৫ জন যাঁরা নির্বাচিত হবেন, তাঁরা যদি নিজেদের ভেতর থেকে

মতাধিক্যে ২।১ জনকে নির্বাচিত করেন, তা হ'লে সেই অঞ্চল-পঞ্চায়েতের আনুগত্য স্বীকার করবেন গ্রাম-পঞ্চায়েত, এই যে যুক্তি, এই যুক্তি গণতন্ত্রের যে সিম্ধান্ত গণতন্ত্রের যে আদর্শ, তার মূলে কুঠারাঘাত করছে।

তারপর এখানে একটা চ্যাপটার রয়েছে, তার নাম হচ্ছে কন্ট্রোল—এই কন্ট্রোল চ্যাপটার দিয়ে যেকথা আমি গোড়ায় বলেছিলাম যে, তাদের মাত্র ভোটাধিকার দেওয়া হয়েছে সত্য কিন্তু সেই ভোটাধিকার দিয়ে এ'রা একটু আশঙ্কিত হয়েছে যে, একটা চ্যাপটার নিয়ে এসেছেন, আর্টিকেল ৬২ থেকে আরম্ভ করে বরাবর চলেছে, সেই কন্ট্রোল থাকবে কিরকম? কতকগুলি জিনিস আছে ইন্সপেকসন প্রভৃতি, তা বুঝতে পারি, কিন্তু তার চেয়ে ভয়ঙ্কর হয়েছে কি, না গ্রাম-পঞ্চায়েতের কোন রেজলিউশন, তাকে সাসপেন্ড করা, ক্যানসেল করা বা রেজলিউশন পাশ হয়েছে, কোন লাইসেন্স হয়ত ইস্যু হয়েছে—সেইসমস্ত জিনিসগুলি সাসপেন্ড করবার অধিকার আছে কার, না একজন ব্যক্তির—প্রেসক্রাইব্ড অথরিটি অর্থাৎ গভর্নমেন্টের একজন মাইনে করা চাকরের—তার অধিকার হচ্ছে, গ্রাম-পঞ্চায়েতের রেজলিউশনকে, গ্রাম-পঞ্চায়েতের পাশ করা কোন আইনকে, গ্রাম-পঞ্চায়েতের সমস্ত জিনিসগুলিকে তিনি ক্যানসেল করে দিতে পারেন। তার মানে এইসমস্ত মন্ত্রী যাঁরা বসে আছেন, এ'রা হচ্ছেন ব্যুরোক্র্যাটিক মনোভাবসম্পন্ন, সামান্য ব্যুরোক্র্যাসিতেই এ'রা প্রসন্ন। এই ব্যুরোক্র্যাটিক শাসনবিভাগে কোন একটা মাইনে করা চাকর, তার অধিকার থাকবে গ্রামসভায় নির্বাচিত যে গ্রামের প্রতিনিধি, সেখানকার যে গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত, তাদের সম্বন্ধে মন্তব্য করা, তাদের নির্দেশ অমান্য করা। আমাদের দেশে গ্রামে যেসমস্ত লোক আছেন, তাঁরা হয়ত বেশি শিক্ষিত নন, তাঁদের হয়ত শিক্ষার অভাব আছে এবং সেইজন্য তাঁরা কোথাও কিছু কিছু আইনতঃ বা টেকনিক্যাল মিস্টেক, ভুল করতে পারেন—সেই জিনিসগুলি নিশ্চয়ই গভর্নমেন্টের কাজ হবে, তাদের নিযুক্ত যে লোক তাদের কাজ হবে, সেই জিনিসগুলি দেখিয়ে দেওয়া। আমি জিজ্ঞাসা করি, আমাদের মন্ত্রীরা তাঁদের নিজ নিজ বিভাগ সম্বন্ধে কতখানি এক্সপার্ট? মনে করুন, যদি একটা এক্সপার্ট কমিটি পার্লামেন্ট থেকে আসেন তিনি হয়ত একজন এডুকেশনাল এক্সপার্ট, তাঁকে যদি আমাদের মন্ত্রীর কোন সিদ্ধান্তকে নাকচ করবার অধিকার পার্লামেন্ট থেকে দেওয়া হয়, তবে আমরা বলব যে, এ্যাসেম্বলি তুলে দেওয়া হোক অর্থাৎ এইটুকু সত্য যে মন্ত্রীরা অনেকেই এক্সপার্ট নন। নিজের নিজের বিষয়ে কিন্তু মন্ত্রীদের উপর সারা দেশের আস্থা এসে পড়েছে এই ভোটের ভেতর দিয়ে এবং সেই আস্থার মূল্য এত বেশি যে, এক্সপার্টের কাজ হচ্ছে, তাঁর কাছে এসে নিবেদন করা, হুকুম করা নয়। কিন্তু এখানে কন্ট্রোলের মধ্যে দেখতে পাচ্ছি কি, না এইসমস্ত সাসপেন্ড, ক্যানসেল প্রভৃতি করবেন যদি

in his opinion such resolution or order or license or permission or act has not been lawfully passed, issued, etc......... is in excess of the powers conferred by this Act

এও বুঝতে পারলাম, তারপর হচ্ছে কি, তাঁর দ্বারা যদি মনে হয়—

It is likely to lead to a breach of the peace.

[4-20—4-30 p.m.]

তিনি মনে করছেন শান্তি ভঙ্গ হবে। একজন প্রেসক্রাইবড অথরিটি, তিনি মনে করেছেন শান্তিভঙ্গ হবে। এবং সেই গ্রামের নির্বাচিত পঞ্চায়েত যাঁরা, তাঁরা মূর্খ, তাঁরা জানেন না যে গ্রামের শান্তিভঙ্গ হবে। তিনি একজন বাইরের লোক, তিনি এসে উপদেশ দিচ্ছেন যে, তোমাদের এই কাজের দ্বারা শান্তিভঙ্গ হবে, অতএব তিনি অর্ডার ক্যানসেল করলেন। অতএব গ্রাম-পঞ্চায়েত এবং অঞ্চল-পঞ্চায়েতের উপর যদি রাইটার্স বিল্ডিংস থাকে তা হ'লে সে গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত না হওয়াই উচিত। কারণ যদি তাঁরা প্রতি পদে মনে করেন কন্ট্রোল, এই কন্ট্রোলএর অধীনে কোন ভদ্রলোকেরই উচিত হবে না ঐ সব পঞ্চায়েতে পঞ্চ হওয়া। এবং সেই পঞ্চায়েতের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষ হওয়া কোন ভদ্রলোকের কাজ হবে না। এর কারণ হচ্ছে কি, যদি এইরকম একজন অফিসার তাদের উপর হুকুম চালায়, তা হ'লে কেউ সেখানে যাবে না। এই কন্ট্রোলএর চ্যাপটার পড়লে সমস্ত গা জ্বলে যায় এবং তাঁরা

যে গণতন্ত্রের দাবী করেন সেটার কি এই নমুনা? যদি শুধু একটা কন্ট্রোল চ্যাপটার পৃথিবীর সামনে তুলে ধরা যায় তা হ'লে কংগ্রেসের কলঙ্কের মুখ পৃথিবীতে আর দেখান যায় না যে তাঁরা চাইছেন ডেমোক্র্যাসী। আজকে পৃথিবীর অন্যান্য দেশের এমন কি যার সম্বন্ধে তাঁরা খুব আকুল সেই রাশিয়া এবং চীনে যে গণতন্ত্রের প্রসার হচ্ছে সেই ভারতবর্ষেই আজ গণতন্ত্রের সঙ্কোচন করা হচ্ছে। অর্থাৎ যেটুকু এ্যাডাল্ট ফ্রানচাইজ দেওয়া হচ্ছে সেইটুকু ব্যুরোক্র্যাসী, অটোক্র্যাসী, ব্যুরোক্র্যাসীর অথরিটি ব্যুরোক্র্যাটিক নির্দেশ ইত্যাদির দ্বারা সেইগুলিকে বন্ধ করা হচ্ছে। প্রেসক্রাবইড অথরিটি সম্বন্ধে আমি পরে বলব এবং দেখাব যে, সেখানেও গণতন্ত্রকে কতখানি সঙ্কুচিত করা হয়েছে। সভামুখ্য মহাশয়, সময় নেই তা হ'লে ৬৪, ৬৫ প্রভৃতি তুলে দেখিয়ে দিতাম যে, সেখানেও কতখানি কন্ট্রোল চালান হয়েছে। সেখানে তাঁরা উপাধ্যক্ষ এবং অধ্যক্ষকেও সরিয়ে দিতে পারেন। এইরকম দৃষ্টান্ত পৃথিবীর আর কোন গণতান্ত্রিক দেশে আছে যে, এ্যাসেম্বি রইল, রাজ্যপাল বা প্রেসিডেন্ট অফ স্টেট তিনি মন্ত্রীদের সরিয়ে দিলেন কিন্তু সংবিধান রইল। দুর্ভাগ্য আমাদের ভারতবর্ষের যে, ত্রিবাঙ্কুর, কোচিন, মহীশুর প্রভৃতি কয়েকটা স্টেটে এইরকম হয়েছে। অতএব এখানে উচিত হচ্ছে যে, এগুলি অবলোপ হবে সেই মুহূর্তে সাসপেনসনএর অর্ডার দিয়ে আরেকটা নির্বাচনের অধিকার দেওয়া উচিত। অর্থাৎ দেড়মাস বা দুই মাসের ভিতর সেই জায়গায় অঞ্চল-পঞ্চায়েত বা গ্রাম-পঞ্চায়েতের জন্য নতুন নির্বাচন হয়ে যাওয়া উচিত। কিন্তু কোথাও দেখিনি যে, পার্লামেন্ট ডিসল্ভ হয়ে গেল। ফ্রান্স এবং ইংলান্ডএ পার্লামেন্ট ডিসল্ভ হয়ে যাবার পর সেখানে গভর্নমেন্ট চলতে লাগল। বরং যখন ডিসল্ভ হয়ে গেল তারপরে নেক্সট ইলেকশনএর যে একটা প্রেসক্রাইবড পিরিয়ড আছে তার ভিতরেই নেক্সট ইলেকশন করতে হবে। এবং সেই সময় হয়ত গভর্নমেন্টকে কেউ ক্যারি ওভার করতে পারতে পারেন। এটাই হল গণতন্ত্রের ফান্ডামেন্টাল নীতি এবং এটা ইন্ডিসপেন্সিবল, কিন্তু এইসমস্ত নীতিকে অস্বীকার করে এ'রা গ্রামের মধ্যে গণতন্ত্র আনছেন অর্থাৎ সেখানে যদি কোথাও দেখা যায় যে, গ্রাম-পঞ্চায়েত বা অঞ্চল-পঞ্চায়েত ভুল করছে তা হ'লে সেই ভুল নির্দেশ করে তাদের দেখিয়ে দেওয়া হউক যে, গ্রাম-পঞ্চায়েত অঞ্চল-পঞ্চায়েত এই ভুল করছে ব'লে আগামী নির্বাচনে তোমরা অন্য লোককে নির্বাচন কর যারা ভুল করবে না। কিন্তু এই মন্ত্রীরা এবং ব্যুরোক্র্যাসী পরিবেষ্টিত রাইটার্স বিল্ডিংসএ যেখানে গণতন্ত্রের মর্যাদা প্রবেশ করতে পারে না সেখান থেকে যে বিল তৈরি করে আনেন সেই বিল কন্ট্রোলের দ্বারা কণ্টকিত। এবং যে বিলে প্রতিটি ছত্রে রয়েছে লোকের প্রতি অবিশ্বাস ও সন্দেহ। ভারতবর্ষের এবং বাংলাদেশের জনতার বিদ্যাবুদ্ধির সম্বন্ধে সন্দেহ থাকতে পারে কিন্তু তাদের সততার প্রতি সন্দেহ এই বিলের প্রতিটি ছত্রে ফুটে উঠেছে। সেইজন্য আমি মনে করি এই বিল নিয়ে আসবার যাঁরা সাহস পান তাঁদের বাংলাদেশে মুখ দেখাতে লজ্জা পাওয়া উচিত। যাই হউক, সেখানে বলা হয়েছে কি, সাসপেন্ড করার পর কোন একজন প্রেসক্রাইবড অথরিটি তার কাজ চালাবেন। অতএব দেখুন কি অদ্ভূত গণতন্ত্র, কি অদ্ভুত গ্রাম-পঞ্চায়েত। এটাই হ'ল তাদের কন্ট্রোলএর ব্যাপার, তারপর একটা জিনিস আমি মন্ত্রীদের কিছুতেই বোঝাতে পারলাম না, যে একটা নমিনেটেড অর্থাৎ প্রথম বর্ষে কতকগুলি লোককে দিয়ে গ্রাম-পঞ্চায়েত কেন চালু করছেন। যেটা আমার মাথায় ঢুকল সেটা আমি তাঁদের মাথায় কিছুতেই ঢোকাতে পারলাম না। অর্থাৎ তাঁরা চাইছেন যে, প্রথমে যে গ্রাম-সভাগুলি হবে এবং তার যে পঞ্চগুলি হবে প্রথমে চেয়েছিলেন দু' বৎসরের জন্য, সেটা কমিয়ে এক বছর হয়েছে।

যদি ছয় মাস বা এক বছর দেরি হয় গ্রাম-পঞ্চায়েত করতে তাতে কি মহাভারত অশুদ্ধ হয়ে যাবে? বাংলাদেশ কি সমুদ্রের অতল জলে তলিয়ে যাবে? কি এমন মহৎ কাজ এই সরকার করতে চলেছেন যে, এই গ্রাম-পঞ্চায়েত বিল তাড়াতাড়ি পাস না করলে বাংলাদেশের [illegible] হচ্ছে না? কেনমতে তাঁর পছন্দমত কতকগুলি লোক বসিয়ে দিয়ে বাংলাদেশে পঞ্চায়েত চালু করলে কি হবে তা অন্ততঃ আমি বুঝি না। আজ আমাদের কোথায় আটকাচ্ছে? বুঝলাম গ্রামের জনসাধারণের সহযোগিতা পেতে হবে, কিন্তু তা পেতে গেলে গ্রামের জনসাধারণের হৃদয়কে উচ্ছ্বসিত করে দিয়ে তাদের হৃদয়ে সেই বিশ্বাস এবং প্রেরণা এনে দিতে হবে যে, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে সমস্ত বাংলাদেশের, সমস্ত ভারতবর্ষের

উন্নতি হবে। কিন্তু প্রথমেই সে পথে কুঠারাঘাত করেছেন। মনোনীত লোক দিয়ে যদি প্রথম থেকেই এদের মনে একটা বিতৃষ্ণা এনে দেওয়া হয়, তাহলে গ্রাম-পঞ্চায়েতের ভাল যা কিছু, তা কার্যকরী হবে না। সেজন্যে বার বার আমি বলেছি একটুখানি ধৈর্য ধারণ করুন, নির্বাচন হতে দিন, গ্রাম-পঞ্চায়েত না হয় পরেই করবেন। সমস্ত বাংলাদেশে করতে যদি এক বছর লাগে—এক একটা অঞ্চল নিয়ে আরম্ভ করুন, একটা একটা ডিভিসন শেষ করুন তিন মাসে, এমনি করে চারটে ডিভিসন এক বছরে সেরে ফেলুন; কিন্তু মনোনীত লোক দিয়ে আপনাদের এই চেষ্টা এর চেয়ে সাংঘাতিক আর কিছু হতে পারে না। এই ট্র্যানসিটরি পিরিয়ডএর জন্যে এবং তার সাসপেনসনএর পরেও এই যে মনোনীত লোক থাকবে এটা মারাত্মক রকমের গণতন্ত্রবিরোধী।

তারপর আর একটি জিনিস এই বিলে আছে তা হ'ল ন্যায়-পঞ্চায়েত। ভারতবর্ষের যে প্রাচীন পঞ্চায়েত—তার আসল কাজ ছিল আমাদের সমাজে যেসমস্ত সামাজিক রীতিনীতি ছিল তা থেকে কোনদিকে বিচ্যুতি হচ্ছে কিনা—বিশেষ করে জাতি, বর্ণ সম্বন্ধে কারও বিচ্যুতি হচ্ছে কিনা তাই দেখা। তাতে ক'রে এই পঞ্চায়েতগুলি ভারতবর্ষকে চিরকালের অচলায়তন করার ব্যাপারে মস্ত হাতিয়ার হিসাবে কাজ করেছে। তবুও পঞ্চের বিচারের উপর লোকের শ্রদ্ধা ছিল এইজন্য যে, তা পার্সিয়্যালিটি একদেশদর্শিতাদুষ্ট ছিল না। আজ সেখানে যে পঞ্চায়েত করা হচ্ছে, তার সঙ্গে পঞ্চায়েতের কোন সম্পর্ক নেই। পঞ্চায়েতের যে ন্যায়পঞ্চ তার সঙ্গে কোর্টএর তফাৎ আছে। তারা গ্রাম হ'তে নির্বাচিত, তারা গ্রামের সাধারণ লোক—কমপেট্রিয়টস এ্যান্ড পেট্রিয়টস—তাদের সমান সমান মর্যাদা—নাই হোক সেটা খুব একটা বড় মর্যাদা। অবশ্য তার দোষ ছিল সত্য, কিন্তু নির্বাচনটাই সবচেয়ে বড় জিনিস। আজ যে ন্যায়-পঞ্চায়েত করা হচ্ছে তা কে নির্বাচিত করবে? না, যে গ্রাম-পঞ্চায়েত জনসাধারণ নির্বাচিত করেছে তার দ্বারা নির্বাচিত যে অঞ্চল-পঞ্চায়েত সেই অঞ্চল-পঞ্চায়েত নির্বাচিত করবে ন্যায়-পঞ্চায়েত।

[4-30—4-40 p.m.]

সেখানে যদি গভর্নমেন্ট এই করতেন যে, ন্যায়-পঞ্চায়েত জনসাধারণ নির্বাচিত করবে তা হ'লে খানিকটা অর্থ হ'ত। সেখানে বলতে পারতেন যে, তাদের শিক্ষা নেই, আইনগত জ্ঞান নেই, বিচারগত শিক্ষা নেই, তাদের শিক্ষা দেবার জন্য সরকারের তরফ থেকে ব্যবস্থা থাকুক, কিন্তু তারা গ্রামের লোক দ্বারা নির্বাচিত হোক, গ্রামের লোকের যার উপর আস্থা আছে যে, এই লোকটা ন্যায্যভাবে আমাদের বিচার করবে সেই আসুক। এইটেই মন্ত্রীমহাশয়ের করা উচিত ছিল। তা এঁরা স্বীকার করলেন না। এর ভিতরে যে অগণতান্ত্রিক মনোভাব আছে তা বরাবর রয়ে গেল। তারপর, যাঁরা হচ্ছেন গিয়ে এইসমস্ত গ্রাম বা অঞ্চল-পঞ্চায়েতের এক্সিকিউটিভ অফিসার—প্রথম তাদের বিলে রাখা হয়েছিল এক্সিকিউটিভ অথরিটি বলে, অর্থাৎ বিলের যাঁরা প্রণেতা। মন্ত্রীমহাশয়দের কপালটার পিছনে যে মস্তিষ্ক সেখানে যে ভাবনা আছে সেটা ওরিজিন্যাল পাওয়া যায়। এই যেসমস্ত ব্যক্তি নিযুক্ত হবে, মাইনে করা লোক, তাঁরাই হবেন এক্সিকিউটিভ অথরিটি গ্রাম-পঞ্চায়েতের। তা হ'লে আর বাকি যাঁরা তাঁরা কি ঘোড়ার ঘাস কাটতে আসবেন? এই অথরিটি থাকে বহু চেষ্টায় শেষ পর্যন্ত সিলেক্ট কমিটিতে অফিসারের পরিবর্তন করা হলেও তাঁরাই কার্যতঃ হবেন সত্যিকারের অথরিটি। ভেবে দেখুন অবস্থাটা। আমার বাড়ীতে জাপান সাহেব গিয়ে যদি বলেন, বঙ্কিমবাবু আপনার বাড়ীতে যতসব লোকজন নিযুক্ত করা দরকার, তা আমি করব, তা হ'লে কেমন অবস্থা হয়? আর সভাপাল মহাশয়, আপনাকে যদি বলা হয়—যেখানে এ্যাসেমব্লির যা কিছু তার উপর আপনার কর্তৃত্ব, সেখানে যদি চাপরাশী থেকে সবকিছু এ্যাপয়েন্ট করবেন হোম মিনিস্টার তা হ'লে কি হয়? আপনি কিছু কিছু অনুভব করেন, আপনি এ জিনিসটা বোধ করেন। এর উপর যত কর্তৃত্ব করবেন লেজিসলেটিভ ডিপার্টমেন্ট এবং হোম ডিপার্টমেন্ট আর আপনি সেই হস্তপদবিহীন ঠুঁটো জগন্নাথের মত যদি থাকেন আমি মনে করি সেটা আপনার মর্যাদার পক্ষে হানিকর। এখানে যা কিছু লোকজনের এ্যাপয়েন্টমেন্টএর ব্যাপারে স্পীকারই সিলেক্ট করবেন, হয়ত কোন এ্যাসেমব্লি কমিটি তাঁর সঙ্গে সহযোগিতা করবার জন্য থাকতে পারে, কিন্তু হওয়া উচিত স্পীকারএর সম্পূর্ণ অথরিটি।

যেহেতু এই বাড়ীটার উপরে বাংলা গভর্নমেন্টের রাজত্ব চলে না—এই বাড়ীটার উপরে স্টেট অথরিটি, স্টেট ল ততক্ষণ চলে না, যতক্ষণ না স্পীকার সেখানে অনুমতি না দেন। তাঁরা যদি এই অধিকার না দেন যে অবস্থা হয় ঠিক সেই জিনিস তাঁরা গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েতে করতে যাচ্ছেন। যিনি এক্সিকিউটিভ অফিসার, তাঁর মাইনে কি হবে, গ্রেড কি হবে, প্রভিডেন্ট ফান্ড ইত্যাদি সবকিছু ঠিক করবেন সরকার। তাঁর বেতন দেবেন গ্রাম-পঞ্চায়েত আর অঞ্চল-পঞ্চায়েত, আবার জুতা খাবেন তাঁরাই। আর তিনি লিখবেন প্রেসক্রাইব্ড অথরিটির সঙ্গে। একই বিষয়, প্রায় সহোদর ভাই, না হ'লে পর অন্ততঃ মাসতুতো ভাই ত আছেন প্রেসক্রাইব্ড অথরিটি—মাহিনা করা চাকর। আর তারই মারফৎ এইসমস্ত এক্সিকিউটিভ অফিসার—অঞ্চল-পঞ্চায়েত এবং গ্রাম-পঞ্চায়েতদের টুঁটি টিপে ধরবে। এই অবস্থা হবে। কাজেই যে লোক মাহিনা দেবে তার অধিকার থাকা চাই যে, তারাই নিয়োগ করে। যদি বলা হয় যে, উপযুক্ত লোক নিয়োগ করবেন না, তা হ'লে কতকগুলি স্ট্যানডার্ড ক'রে দিন। আজ যদি কোন মিউনিসিপ্যালিটকে হেল্থ অফিসার বা স্যানিটারী ইন্সপেক্টর নিযুক্ত করতে হয়, তা হ'লে কি করেন? একটা মিনিমাম কোয়ালিফিকেশন ঠিক ক'রে দেন। এবং একটা প্যানেল ক'রে দেন। সারা বাংলাদেশে সেক্রেটারী হওয়ার উপযুক্ত ৫ হাজার লোক আছে। তার ভিতর থেকে বেছে নেন। কিছু বেছে নিয়ে রাখায় যদি কর্তৃত্ব করতে হয়, তা হ'লে সেই লোকদের এ্যাপয়েন্ট করার, ডিসমিস করার অধিকার তাদেরই থাকা উচিত। কিছুতেই মাননীয় মন্ত্রীমহাশয়ের গণতান্ত্রিক মস্তিষ্কের ভিতর একথা প্রবেশ করবে না। অর্থাৎ এতখানি স্বেচ্ছাচারিতা যে করা হচ্ছে, এতখানি স্বৈরাচার দীর্ঘদিন গণতন্ত্র সহ্য করবে না। এইসমস্ত প্রেসক্রাইব্ড অথরিটি যে আছে তার চেয়েও সাংঘাতিক কথা দফাদার এবং চৌকীদার। মাননীয় সভাপাল মহাশয়, আপনি ভেবে দেখুন যে, ব্রিটিশ সাম্রাজ্যবাদী কবে ইউনিয়ন বোর্ড নিয়ে এসেছিল। যতদিন পর্যন্ত ভারতবর্ষের জনসাধারণের অভ্যুত্থান গান্ধীজীর নেতৃত্বে না হয়েছিল ১৯২১ সাল পর্যন্ত, ততদিন তারা ভেবেছিল যে, তাদের পোষা জমিদার দিয়ে এদের সায়েস্তা রাখতে পারবে। তারা এইভাবে শহর, মহকুমা এবং এমনকি থানা পর্যন্ত তাদের শাসন চালিয়েছে। খুব জোর ব্রিটিশ রাজত্বের পূর্বে ১০।২০খানা গ্রামের ভিতর যে পোস্টম্যান ছিল তাদের দিয়েই কাজ হত। কিন্তু ব্রিটিশ রাজত্ব গ্রাম পর্যন্ত যায় নি। তারা ভাবত গ্রাম ঠিক রাখতে সেখানে যে রায়বাহাদুর, নবাববাহাদুর, খাঁবাহাদুর—তাদের দিয়েই তারা সায়েস্তা হবে। গান্ধীজীর নেতৃত্বে প্রথমে যখন জনঅভ্যুত্থান হয় এবং তা গ্রামে গ্রামে প্রবেশ করে তখন ব্রিটিশ সাম্রাজ্যবাদী চিন্তিত হয়ে উঠেছিল এবং তখনই ইউনিয়ন বোর্ড এনেছিল। সেই ইউনিয়ন বোর্ডের কাজ ছিল স্পাই, ইনফরমারএর ঘৃণিত যেসমস্ত কাজ ছিল সেইসমস্ত ইউনিয়ন বোর্ডের চৌকিদার, দফাদার অসহযোগ আন্দোলনে যেসমস্ত কর্মী যেত তাদের সম্বন্ধে থানায় রিপোর্ট করাই তাদের কাজ ছিল। আর কাজ ছিল তাদের বিরুদ্ধে গ্রামবাসীকে প্ররোচিত করা। আমি নিজের জীবনের অভিজ্ঞতায় জানি যে, গ্রামের ভিতর যাতে এরা স্থান না পায় তার জন্য চেষ্টা করাও তাদের কাজ ছিল। অর্থাৎ এইসমস্ত চৌকিদার, দফাদার ইংরাজের পোষা লোক ছিল। আমি ইংরাজের কথা বুঝতে পারি, তারা এ দেশকে শাসন করতে চেয়েছিল, এবং তাদের এ করা দরকার ছিল। কিন্তু আজ স্বরাজ ভারতবর্ষে এখানকার মন্ত্রীরা, তাঁরাও চাইছেন সেই দফাদার, সেই চৌকিদার, অর্থাৎ ইংরাজের পরিত্যক্ত সেই ঘৃণিত যে জুতা সেই জুতা পরে তাঁদেরও মাথা হয়েছে ইংরাজদের মতন গ্রামের বিরুদ্ধে। তাই তারা দেখছে সেই ঘৃণিত সাম্রাজ্যবাদের জুতা পরেছেন—ইন দেয়ার লেফ্ট সুজ দে স্ট্যান্ড। তার ফলে হয়েছে যে, দফাদার ও চৌকিদারদের মাহিনা দেবে ইউনিয়ন বোর্ড, আর হুকুম করবে পুলিশের দারোগা। তাদের কাজ হবে পুলিশের দারোগার কাছে গিয়ে রোজ রিপোর্ট করা এবং তাকে বলা হচ্ছে যে, তার কাজ পুলিশের কাজ নয়। এই কাজ হবে চৌকিদার-দফাদারের। যদি সিডিউল টু-এর লিস্টটা দেখি তা হ'লে বোঝা যাবে এরা কত বড় বিজ্ঞ ব্যক্তি, এই দফাদার এবং চৌকিদার। তাদের রিপোর্ট করতে হবে

murder, culpable homicide, rape (when the offender is not the husband of the woman raped), dacoity, robbery, theft, mischief by fire, house-breaking, counterfeiting currency notes, coins or stamps, possessing instruments or materials for the purposes of such counterfeiting, causing grievous hurt, riot, administering stupefying drugs, kidnapping, personating public

**servants, manufacturing, selling or possessing arms without a license and going armed without a license, and all attempts, preparations and conspiracies to commit, and abetments of, the said offences.**

**তার মানে ক্রিমিনাল প্রসেডিওর কোড এবং ইন্ডিয়ান পেনাল কোড সম্বন্ধে একটা পাকাপাকি জ্ঞান এদের থাকা উচিত এবং থাকবে—এইসমস্ত দফাদার এবং চৌকিদারদের।**

[4-40—4-50 p.m.]

যদি সত্যই মার্ডার কেস ধরতে হয় তা হলে কালপেবল হোমিসাইড নট এ্যামাউন্টিং টু মার্ডারএর জ্ঞান থাকা চাই। এত কাজ যার, সেই দফাদার এবং চৌকিদারের ১১ টাকা বেতন, এবং তাও আবার গভর্নমেন্ট দেবেন না, দেবেন এইসমস্ত গ্রাম-পঞ্চায়েত, অঞ্চল-পঞ্চায়েত। অথচ আমরা দেখতে পাই গ্রাম-পঞ্চায়েত এবং অঞ্চল-পঞ্চায়েতের এই যে ব্যবস্থা, তারা যে ট্যাক্স তোলে তার ¾এর বেশি অর্থাৎ ৷৷৶০ আনা চলে যায় এই চৌকিদার পুষতে। বাকী পাঁচ আনার ভিতর দু আনা চলে যায় ইউনিয়ন বোর্ডের অফিস মেনটেন করতে; কাজেই বাকী দু' আনায় কি গ্রামের উন্নতি হবে? আমার ধারণা, তাদের মিউনিসিপ্যাল পুলিশ করে দিন। তার সঙ্গে সম্পর্ক থাকবে না থানার, আর যদি সম্পর্ক রাখতে হয় তা হলে সেখানকার প্রধান উপ প্রধান গ্রাম-পঞ্চায়েতের মারফং। নইলে চৌকিদার যাবে প্রধানকে ডিঙিয়ে থানা অফিসারের কাছে। প্রধান খবরই পেলেন না, অথচ তাঁর অধীনস্থ চৌকিদার সে থানায় যাবে। আর এরই নাম গণতন্ত্র, এ'রা চান গণতন্ত্র, আর আমরা এটা সহজে পাশ করিয়ে দেব? এতবড় মর্মান্তিক ব্যাপার যেসমস্ত বাংলার গ্রামগুলোকে আষ্টেপৃষ্ঠে নাগপাশে বাঁধতে যাচ্ছেন! আর আমরা এতে আপত্তি করব না যখন আমাদের হাত-পা বেঁধে দেবেন! আমি এটা আশা করি যে, এই চৌকিদার-দফাদারকে রাখার বিরুদ্ধে যেরকম প্রচেষ্টা স্বর্গগত শাসমল মহাশয়ের নেতৃত্বে কাঁথিতে হয়েছিল, তার বিরুদ্ধে সেখানে বিদ্রোহ হয়েছিল, যার জন্য কাঁথি বাংলার বার্দৌলী নামে পরিচিত হয়েছিল। সেই ইউনিয়ন বোর্ডের কুখ্যাত চৌকিদারি ট্যাক্স তারা দেয় নি। তাদের কাজের জন্য গভর্নমেন্ট সমস্ত চৌকিদার-দফাদারকে নেয় নি। ভবিষ্যতেই আর কোন লোককে ঐ পুলিশের জন্য ট্যাক্স দিতে হয় নি। কলিকাতা সহরের লোককে দিতে হবে, তারা দিতে পারে কিন্তু গ্রামের লোককে আলাদা পয়সা দিতে হবে কেন? যে লোক সেলস ট্যাক্স, একসাইজ ট্যাক্স প্রভৃতি সমস্ত ট্যাক্স দেয়—তাদের সেই ট্যাক্স থেকে আয় দেখা যায়, তারা ১ কোটি টাকা দফাদার, চৌকিদারদের মাহিনা কেন দেবে না? তা ছাড়া এই স্বায়ত্ত শাসনের মধ্যে এদের লিমিট অফ ফান্ডস কত অল্প কিছুই নয় বললেই হয়; আর তা এই দফাদার, চৌকিদারদের দিতেই প্রায় সব শেষ হয়ে যাবে। আজ দফাদার, চৌকিদারদের যদি পুলিশের সঙ্গে সংযোগ থাকে এবং অধ্যক্ষ মারফত না হয়, তাহলে দফাদার, চৌকিদারদের সমস্ত মাহিনা গভর্নমেন্টই দেবে। ইউনিয়ন বোর্ড বা গ্রাম-পঞ্চায়েতের সঙ্গে তার কোন সম্পর্ক থাকবে না। এর ভিতর আপোষ বনে না। তা ছাড়া এদের পিছনে কোন ফান্ডই নাই। বিলাতে কাউন্টি [illegible] ত' পার্লামেন্ট থেকে জানিয়ে দেওয়া হয় যে ৫০।৫৫।৬০ ভাগ গভর্নমেন্ট দেবে; সেটা আগে থেকে জানে বলেই সেই হিসাবে তারা বাজেট তৈরি করে। তাদের নিজেদের যদি দু'হাজার তোলবার ক্ষমতা থাকে ত' তারা জানে যে সরকার থেকে আরও দু'হাজার আড়াই হাজার পাবে। কিন্তু এই বিলে যদি তার কিছু লেখা না থাকে, তা হ'লে এ বিল দয়া ক'রে এনেছেন কেন? জালান সাহেবের মাথায় এল আর কতকগুলি হিজিবিজি কাটলেই কি বাংলাদেশের গ্রামে গণতন্ত্র এসে গেল? গ্রামের গণতন্ত্র কি একটা কিছু কলমের আঁচড় দিলেই হ'ল? গ্রামের গণতন্ত্র আজ কি আছে চৌকিদারী প্রথার জন্য? এই সমস্ত ট্যাক্স নিয়ে নিলে গ্রামের রাস্তাঘাটের উন্নতির জন্য কোথায় পয়সা পাবে? গ্রামের লোককে ক্ষমতা দেওয়া হউক, তখন গ্রাম-পঞ্চায়েত উন্নতি করবে, কাজেই ট্যাক্সেশন এবং ফান্ড এই সমস্তই বড় কথা।

আমার লাস্ট পয়েন্ট হচ্ছে যে, এইসমস্ত সত্ত্বেও এই জিনিসগুলো যদি আপনি পড়ে দেখেন তা হ'লে দেখবেন যে, সেখানে আসল কথাটাই এড়িয়ে যাওয়া হচ্ছে।

**By prescribed authority, by rules to be framed**

ইত্যাদি যেসমস্ত রুলস তৈরি হবে সেটা দেখেই বোঝা যাবে যে, গ্রাম-পঞ্চায়েৎ এবং অঞ্চল-পঞ্চায়েৎটা কিরকম হবে। এমন কি এর নির্বাচন পদ্ধতিটাও লক্ষণীয়। তা না হ'লে বিলাতের কাউন্টি কাউন্সিল এবং এই অঞ্চল-পঞ্চায়েতের তফাৎ আমাদের হাউসের সামনে বুঝিয়ে দেবার জন্য আমি জালান সাহেবকে চ্যালেঞ্জ করছি। অর্থাৎ বিলাতের কাউন্টি কাউন্সিল এবং আমাদের এখানকার এই অঞ্চল-পঞ্চায়েতএর সঙ্গে কোন ফান্ডামেন্টাল পার্থক্য আছে কিনা। এবং যদি থাকে তা হ'লে সেটা কি? সেটা হচ্ছে এই যে, তাঁর অঞ্চল-পঞ্চায়েতের কন্ট্রোলের দ্বারা গণতন্ত্রের গলা টিপে দেওয়া হয়েছে। অর্থাৎ একটা অথারিটেরিয়ান পদ্ধতির দিকে তারা চলছে। যাই হোক আমরা জানতে চাচ্ছি যে, সভ্য যাঁরা সেখানে নির্বাচিত হবেন তাঁদের সেই নির্বাচনের পদ্ধতিটা কি হবে—ব্যালট হবে, না সিংগেল মেজরিটি হবে, না কিউমুলেটিভ ভোটিং হবে, না প্রোপার্শন্যাল হবে। যাই হোক, কি যে হবে আমরা কিছুই জানতে পারলাম না, কারণ সেইসব রুলসএর ভেতর দিয়েই হবে। সভামুখ্য মহাশয়, আপনি গোড়া থেকে শেষ পর্যন্ত পড়ে দেখবেন যেসমস্ত জায়গায় খালি রুলস আছে এবং যখন ধারার আলোচনা হবে সেই সময় আমি আপনাকে দেখাব যে কত জায়গায় রুলস আছে এবং সে সম্বন্ধে একটা লিস্টও আমি করে দেব যে কত সেকসানএ কত জায়গায় রুলস আছে। শুধু তাই নয়, রুলসএর মতন প্রেসক্রাইব্‌ড অথরিটিও বহু জায়গায় আছে। সেজন্য সেই জায়গায় আমাদের একটিমাত্র অনুরোধ ছিল যে, যদি কিছু এখনও পর্যন্ত চিন্তা করে না করে থাকতে পারেন এবং এখনও পর্যন্ত যেখানে রুলস তৈরি হয় নি সেখানে এত তাড়াতাড়ি নমিনেটেড গ্রাম-পঞ্চায়েত করবার জন্য ব্যগ্র কেন? অথচ নমিনেটেড গ্রাম-পঞ্চায়েতএর জন্য তৈরি অ্যাক্ট আছে, কিন্তু রুলস নেই। এর দ্বারা আমার মনে হচ্ছে যে, আমাদের ফাঁকি দিয়ে আইন করবার সাহস আমাদের গভর্নমেন্টের দিনের পর দিন বেড়েই চলেছে। একটা ব্রুট মেজরিটির জোরে তাঁরা রাইটার্স বিল্ডিংসএ বসে আইন তৈরি ক'রে নিচ্ছেন। এইজন্যে আমরা চাচ্ছি যে, প্রত্যেকটি রুলস, আইন, এ্যাক্ট হবার আগে সমস্ত বাংলাদেশের জনসাধারণের নির্বাচিত সদস্যদের স্যাংশন না পেলে কোন রুলস হবে না। আমাদের ভারতবর্ষের গণতন্ত্রের ভিত্তি যেটা কন্সটিটিউশনএ রয়েছে সেই ভিত্তিটা হচ্ছে গ্রাম-পঞ্চায়েত। সেজন্য তাকে শিথিল করা বা দুর্বল করা চলবে না এবং তার জন্যে যা কিছু আইন-কানুন বা রুলস তৈরি হবে তা এই বিধানসভার সম্মতি ছাড়া হতে পারে না। অতএব সেজন্য যদি কোন কিছু করতে এক বছর বা ১০০ বছর লাগে তা লাগুক। সভামুখ্য মহাশয়, সেটা আপনার দেখবার কথা যে কি সময়ের ভেতরে এটাকে পাশ করিয়ে নেওয়া যায়। কিন্তু রুলস যা হবে সেইসমস্ত রুলস এখান থেকে পাশ করিয়ে নিয়ে রাইটার্স বিল্ডিংস থেকে তার আইন করা চলতে পারে এবং সেইসমস্ত রুলস যদি আমাদের হাউসের সামনে থেকে যদি পাশ করান না হয় তা হ'লে সেগুলো আইন হবে না।

সর্বশেষে আমি বলছি যে, আমি অনেকবার তাঁদের কাছে অনুরোধ উপরোধ করেছি এবং শেষ পর্যন্ত বলতে হচ্ছে যে, এটা একটা চ্যালেঞ্জ। তা সত্ত্বেও বাংলাদেশের গ্রামে এইরকমের বৃটিশের দ্বারা অগণতান্ত্রিক আইনকে জোর করে ব্রুট মেজরিটির দ্বারা পাশ করাবার চেষ্টা করেন তা হ'লে নির্বাচনে তার প্রতিদান পাবেন। কিন্তু তার পূর্বে যদি চালু করবার চেষ্টা করেন তা হ'লে সমস্ত বাংলাদেশের গ্রামে এই পঞ্চায়েত বিলের বিরুদ্ধে তীব্র আন্দোলন, প্রতিবাদ এবং প্রয়োজন হলে ট্যাক্স বন্ধ করবার জন্য যদি আমাদের যাবার দরকার হয় তাহ'লে আমরা চ্যালেঞ্জ দিয়ে যাব। অতএব এখনও বুঝে নিয়ে কম্প্রোমাইজ করে অপোজিশনএর সঙ্গে সম্মতভাবে আইন তৈরি করুন, কারণ আমরা প্রত্যেকেই চাই যে, গ্রাম-পঞ্চায়েত বা অঞ্চল-পঞ্চায়েত গণতান্ত্রিক ভিত্তিতে হোক। আর এটা যদি না হয় তা হ'লে বুঝব যে গভর্নমেন্টের স্বৈরাচারী নীতি এত প্রবল যে বিরোধীপক্ষের কোন ন্যায়নীতি এবং যুক্তিকেই তাঁরা গ্রাহ্য করতে চান না।

[4-50—5 p.m.]

**The Hon'ble Iswar Das Jalan:** Sir, I do not wish to imitate my friends of the Opposition, specially Shri Bankim Mukherji, because so far as the Opposition members are concerned it is their privilege to abuse the

Ministry rightly or wrongly. It has become their business in this House and outside the House and to issue threats on the floor of the House. Now I am surprised that though we had two hours discussion with Sj. Bankim Mukherji yesterday evening and arrived at compromise on many points but my friend proceeded as if nothing has happened. So far as the West Bengal *Panchayat* Bill is concerned we have heard 18 speakers from the other side. There has been only one speaker from this side. We have heard with rapt attention all the speakers who have spoken on the subject I think in fairness and justice they should listen to the replies that I have to give on all the points raised by them I am entitled to it and you must concede the right—at least to the Minister—to give replies to the 18 impassioned speeches that have been delivered by the members of the Opposition Bankim Babu said as if nothing has happened. There were 14 sittings of the Select Committee consisting of 30 members representing all the sections of the House. Every section was discussed threadbare. If you see the amendments moved, if you see the note of dissent given you will find that there is no need of such impassioned speeches—nothing deserving that. Now, it is not possible for me to go into each and every section at this stage because we are going to discuss and consider every clause of the Bill and we shall have to discuss every clause not with any emotion not with passion but with cool deliberation. We cannot absolutely forget our past At the same time we cannot imitate the past. We have got to find out the way by which we can proceed in the modern world If you want to have any conception of the old *panchayat*, that is not possible in the modern world. Also we cannot imitate the Britishers or any foreign nation We cannot do so. Therefore, we have to adjust the present with the past. Nobody can divorce himself from the past. Even our ancestors never thought of that. When we have brought this *Panchayat* Bill in this House we have followed the precedents which have been laid before us by our own State and by the laws which have been passed in other States We have tried to evolve a system in which it may be possible for the State Government to vest the *panchayat* with power and to see that the power is exercised with discretion and with success. We cannot imitate every thing either from the West or from the East. If you look at the ancient India you will find that there was a kingdom in every district such as Mithila, Magadha, etc. You cannot imitate that. You have got a centralised Government ruling from the Delhi Centre the whole of the country and you cannot for one moment suggest that the Government of this country is not the people's Government. There is difference between a British bureaucracy ruling this country and vesting a local body with autonomous powers in order to satisfy the aspirations of the Indians for self-government. Now that is not the principle with which we are to be guided. We have got to find out as to what is best for the country, what is most efficient for the country. So far as the People's Government is concerned, the entire Government of this country is people's Government from top to bottom. It is a question of bifurcation of the duties as to which duty should be assigned to the Centre, which duty should be assigned to the State and which duty should be assigned to the local bodies. It is a question of division of power, division of finances and division of responsibilities. It is not a question as to whether the State is a foreign State and the Village *Panchayats* are antagonistic to the State. If you take up this view, there cannot be a Village *Panchayat* which can function sufficiently well. There must be co-operation between the State and the Village *Panchayat*. There must be fullest co-operation between the officials appointed by your Government and the Village *Panchayats* themselves. The moment you think in terms of antagonism, the moment you think that the State Government and the Central Government are something foreign to the Village *Panchayat*, you cannot solve

this problem. But so far as these Governments are concerned, they are not alien to the people. They are responsible to the Legislature. It is a people's Government. It is controlling for the time being the country's destiny and, therefore, it is entitled to view the Village *Panchayat* as one unit of the entire body politic. Therefore, we have got to think about the Village *Panchayat* in terms of not antagonism of the State but in terms of co-operation with the State. Take, for instance, finance. After all, finance will come from the people of the country. Finance cannot come from outside the country. It is a question whether a particular form of taxation is to be levied by the Centre, whether a particular form of taxation is to be levied by the State and whether a particular form of taxation is to be levied by local body. It all depends upon the solution of the question as to whether the local people should bear the burden of this thing or whether the province should bear the burden. It is the people who have to bear—whether they be local people, whether they be the State Government, whether they be the Central Government, it is the people who have to pay. Therefore, there is no question that the State Government is something not different from the *panchayats* which we are going to form. We should not think as if the *panchayats* will be unduly burdened and the State Government should not come to their rescue. Certainly, the State Government will come to the rescue—meaning thereby the entire people of Bengal will come to the rescue of a particular locality. That is the meaning of the State Government's contribution. I do not say that the State Government should not contribute. If it is setting up a local body in the shape of *panchayat*, it has to see that it successfully works; it has to see that the necessary finances are forthcoming; it has to see that necessary works take place. Therefore, it is the responsibility of the Government and the people themselves. Certainly, they are answerable to the people and they will have to discharge their duties efficiently. Therefore, I say that so far as the question of *panchayat* is concerned, as I said in my earlier speech and even now that is not a question of politics As a matter of fact, the Local Self-Government Ministers' Conference decided that so far as the Village *Panchayats* are concerned, no political party need be elected in these Village *Panchayats* on a political basis We view these Village *Panchayats* from this point of view that they are the primary units which we have to make workable and which we have to invest with certain powers which are necessary for its proper functioning. We have *anchal panchayat*. My friend has said the elections should take place by the people themselves. What has been provided here is this. The *gram panchayat* elected by the adult people--they should have their representative in the *anchal panchayat*. It is not undemocratic. What I say is this.

[5—5-10 p.m.]

We have divided the *gram panchayat* and the *anchal panchayat* into two parts because there are some functions which can be well performed by a smaller unit and there are other functions which can be better performed by a bigger unit. Take, for instance, if you wish that an *anchal panchayat* area consisting of about 9,000 people, all the people should assemble at a particular place twice a year, it is not possible; it is an impossibility. At the same time if you wish that the cost of personnel of every *gram panchayat* should be borne by even a smaller unit the cost becomes prohibitive; you cannot work. Therefore, we had to divide the functions which are to be performed on a village level into two parts. The residuary functions are given to the *gram panchayat*. Only two or three or four functions have been given to the *anchal panchayat*. Therefore it was thought necessary that in order to have co-operation between the *gram*

*panchayat* and the representatives of the *anchal panchayat* it would be better that the *gram panchayat* which is the executive body and which will be elected by the *gram* people themselves should send a representative to the *anchal panchayat*. I say it is not a question of politics. We have considered it. There is no fundamental objection to the entire people electing a man for the *anchal panchayat*. It is for you to calmly consider as to what will lead to a harmonious relationship between the *gram Panchayat*, that is, the executive of the *gram* and its representative in the *anchal panchayat*. Suppose a man is elected by the *gram sabha* and he is at loggerheads with the *gram panchayat*, then naturally there would not be any harmonious relationship. That was the consideration for which we had provided that the *gram panchayat* may elect its representative on the *anchal panchayat*. It was a sort of Joint Committee in order to discharge certain functions and duties which could be discharged not by one *gram panchayat* in a small area but which could be discharged in a wider range consisting of seven or eight or nine *gram panchayats*. (Sj. HEMANTA KUMAR GHOSAL: Why not direct election?) I have already stated that so far as this question of direct election by the *gram panchayat* is concerned there is no fundamental objection to it. I wish to dispel the doubts from the minds of my friends in the Opposition that politics has entered into the question. If there be a single constituency returning all the members of the *gram panchayat*, naturally there is no harm in electing by the entire adult population one representative for the *anchal panchayat* but the harm comes if there are four villages, and they are constituted into four units or constituencies, so that each village may have a representative in the *gram panchayat*, then I do not know how the thing will work. It may be that the representative of the *anchal panchayat* does not see eye to eye with the *gram panchayat* itself because our conception is that it will be a single unit constituency so far as *gram panchayat* is concerned. I have already stated that there is no fundamental objection to the question that the *anchal panchayat* representative may be elected from the *gram sabha* itself. You may have it, but I say that there is no politics in it.

Now, as regards Secretary. The Opposition criticised this Secretary. They should remember if they wish to vest these *gram panchayats* with wider powers, if they wish that these *gram panchayats* should be the instrument for carrying out the entire work of a village area which is now being done by 10 bodies—there is Development Council, there is School Board, there are so many bodies which are working—some are on nominated basis, some are on elected basis—if you want that these *panchayats* should really develop themselves into an instrument of power and position, if you really want that these *panchayats* should be able to discharge their duties and functions properly there must be at least one officer who may be trained for the purpose, whose emoluments may be sanctioned on a permanent scale, whose future may be assured, who may be given the necessary training in order to discharge the heavy duties and responsibilities of a *gram panchayat*. Now, if an *anchal panchayat* appoints one officer today and dismisses him tomorrow, he is finished. There is no cadre, there is no certainty of procedure. What is happening in our municipalities? Every municipality appoints its men and the efficiency deteriorates. As a matter of fact, the Local Self-Government Ministers' Conference itself decided that the major posts should be appointed on a wider basis. I do not say that the Government will appoint the Secretary. There may be a properly constituted body to recruit this class of persons but certainly that class of persons must be assured an emolument and securiy of service in order to carry out these duties. What have we provided so far as the Secretary is concerned? He is only an officer subject

to the control entirely of the *anchal panchayat*. We are going to provide some other safeguards so that if the members of the *anchal panchayat* do not wish that a particular Secretary should be there, we may transfer him to some other *panchayat*, to some other place, but the fundamental question is that the Secretary must be one who has security of tenure, who has got definite emoluments, who has got definite responsibilities to discharge, if you really wish the *anchal panchayats* to be vested with the powers which are necessary in order to develop them into self-governing units. How can you do it unless the State appoints him and the State dismisses him? I do not say he should not be a man of the locality. It may be that the rules of procedure will prescribe that a man when he is recruited should have such and such qualifications and he may be a man of the locality or near about possessing certain qualifications. We are going to vest these *panchayats* not only with muncipal powers or civic powers but we wish that these *panchayats* should be the instruments of carrying out the policy of the Government in all its spheres in the village level including agriculture, including industry, including co-operation, including many other things, and if you really wish that these *panchayats* should really be instruments of effective work, then you will have to give at least one officer whose future is linked up with the success of the *panchayats*, who is properly trained for that purpose. But I should say that save and except the appointment and the dismissal, he is subject to the control completely of the *anchal panchayat*, and in order to do away with whatever suspicions there may be, we are going to propose that if there be a certain percentage of members not desiring a particular Secretary he will be transferred to another place. I think the idea of a Secretary is not for the Government to have a man at the village level of their own. Today this Government is here; tomorrow another Government may be here. We cannot view the thing from the point of view of party. One party may be here today; another party may be there tomorrow. I may be at an advantage today; I may be at a disadvantage tomorrow. Therefore that is not the question from which we have to view it. We have to do it for this reason: in order to make *anchal panchayat* successful we must have at least one person who is well trained in the art. If you want that he should collect revenue, if you want that he should do the work of the Registrar in the *Naya Panchayat*, if you want that the expenditure should be less, if you want that the man should receive special training in order to carry out the work of the *anchal panchayat*, you have got to develop a cadre on Statewise basis and that has been done in every State.

[5-10—5-20 p.m.]

In every State, the State appoints him—nobody else does it. Therefore, if you do not want to vest these *panchayats* with real powers, we shall certainly satisfy you by doing whatever you like because we have got to do anything to satisfy you. But if you really wish that these *panchayats* should have real powers, that they should form one unit, then you have got to provide for at least one officer of ability with security of service for the entire work of the unit—although some villages may do one class of work. That is the reason why we insisted upon a Secretary. There is no reason why the Secretary may not be appointed by a *Panchayat* Service Commission. He may be appointed by a Board consisting of such and such persons. There may be one hundred methods of recruitment. But this much is certain that, so far as the Secretary is concerned, he must be a man with a future and he must have security of service if you really wish that these *panchayats* should function.

Now, with regard to finance, I admit that finance is the primary consideration. Without finance we cannot work. So far as the dafadars and

chowkidars are concerned, we realise that the major portion of the income of the present union boards is spent for dafadars and chowkidars. But I may assure my friends of the Opposition that if any Government wants to set up an institution of the type of the *panchayat*, we have to provide for the taxation which that *panchayat* is going to levy.

So far as grants are concerned, they are made by executive orders. There are many ways in which grants may be given. One of the ways is that a portion of the land revenue may be given, but then we have to consider the other aspect of the question also, viz., whether there may be any revenue left, after payment of compensation and other things, for giving a portion of the revenue to them. It may be that if district boards are abolished, cess may be allotted to *panchayats*. This may be done, but we do not know yet. These are matters which have to be considered. Now, if the Government pays the grant, it is immaterial in what shape or form it pays it. So far as the State is concerned, it may pay in the shape of salary of the Secretary or the salary of dafadars or the salary of chowkidars or as a development grant. When the money that is necessary is forthcoming, it is immaterial in what shape or form it is given. Therefore, I say that I am with the Opposition on the question of finance. I am sure these *panchayats* can never flourish unless they are provided in one shape or other with the necessary funds and no Government is worth its salt if that Government does not provide them with sufficient sinews of war. Therefore, so far as funds are concerned I may tell my friends that whatever fund is necessary and whatever fund it is possible for us to provide will have to be provided if we really wish these *panchayats* to succeed.

